

्रेनी (हिन्ना) हमय







শ্রীটেতন্যদেব

'শ্রীকৈতভের প্রেম,' 'গোড়ীফ-লাহিতা,' 'গোড়ীফ-সোরব,' 'বৈক্রবাচাই শ্রমধ্য',
'গোধামী শ্রীরঘুনাথ লাস,' 'রাদশ আল্বর,' 'সরস্বতী-ফর্মী,' 'সরস্বতীসংলাপ', 'শ্রিভুবনেথর,' 'শ্রিধাম-মায়াপুর-নবদ্বীপ,' 'বৈশ্বন-দাহিতো
বিরহ-তত্ত্ব','ঠাকুর ভক্তিবিনোল', পরমন্তক শ্রীগোরকিশোর, 'গাঁতিলাহিতো শ্রীভক্তিবিনোল', হাত্রদের শ্রীভক্তিবিনোল', 'শ্রীভক্তিবিনোল বাণীবৈত্ত্ব', 'শ্রীরজমণ্ডক-পরিক্রমা,' উপাম্যানে
ভপদেশ', শ্রীল ভক্তিম্বাকর,' 'অবভারী ও অবভার,'
'সাম্প্রদায়িকতা ও সমন্বয়, 'শ্রীজ্বে,' 'শ্রচিন্তাভেলাভেন্বান, 'গোড়ীয় বৈশ্বর-শারে ভক্তবর্থ,
'মহামন্ত্র' প্রভৃতি গ্রন্থ-প্রশেতা এবং 'গোড়ীয়'প্রের প্রবাণ সম্পাদক

মহামহোপদেশক শ্রীস্থান বিন্তাবিনোদ-বিরচিত প্রকাশক—দেক্রেটারী, গৌড়ীয় মিশন (রেজিন্টার্ড) বাগবাজার, কলিকাতা-৩

> শক্ষম সংস্করণ ৩১ মে, ১৯৫০ ধুষ্টাক

शून गूजन

জীলীগোর করস্তা, ২০ গোবিল ৪৮৭ শ্রীগোরাক, ৪টেত্র ১৩৭৯ বজাক ১৮ মার্চ ১৯৭৩ স্ত্রীক

প্রাপ্তিস্থান---

- ১। এিগোড়ীয় মঠ, পো: বাগবান্ধার, কলিকাতা-ত
- ই। **শ্রীপুরুমোন্তম-মঠ,** চটক-পর্বন্ত, পৌরবার্টসাহী, পোঃ পুরী, উড়িগ্রা।
- ७। बीमहाकि-मिकाल-मत्रश्रेठी त्राष्ट्रीय मर्ठ, सक्तनग्रहा ।
- 8। बीक्रंश-त्र्रांड़ीस मर्ठ, अनाश्चाम।
- बीटगीड़ी स मर्ठ, हद रहमान् त्रांड, निर्ड मिली।
- ७। बीदगोड़ीय मर्ठ, प्रिनगत नक्त्री।

बिबीश्वकागीवाको सम्रजः

প্রথম সংস্করণে গ্রন্থকারের নিবেদন

থাহার কুপার বর্তমান যুগে পৃথিবীয় দর্বত প্রীচৈতকানেবের কথা প্রচারিত হইতেছে, তাঁহারই কুপানীর্বাদে প্রীচৈতকার জন্মধারা-দিবদে 'প্রীচৈতকানেব'-গ্রন্থ প্রকাশিত হইল। 'প্রীচৈতকারিতামতে'র সংগ্রাহ-পারাম্বনের কাম প্রীচৈতকার নিজ-জনের কুপা সধল করিয়া সাত দিনের মধ্যে এই গ্রন্থের রচনা ও মূল্রণকার্য সমাপ্ত করিতে হইলাছে। সাধারণ ব্যক্তিগণ ও বাহাতে এই গ্রন্থ পাঠ করিয়া প্রীচৈতকানেবের অতিমত্তী চিত্রিত ও শিক্ষার দিগ্রশন পাইতে পারেন, সে বিষয়ে যথাসাধ্য দৃষ্টি রাথিয়া গ্রন্থ-রচনার চেষ্টা করা হইয়াছে।

'প্রীচৈতন্তভাগবত,' 'প্রীচৈতন্তচিবিভাগত', প্রীম্বাবি গুণ্ডের সংস্কৃত কড়চা, প্রীলোচনদাস ঠাকুরেব 'প্রীচৈতন্তমঞ্চল', 'প্রীচৈতন্তচন্তাদ্ম-নাটক', প্রীল রূপ ও প্রীল রঘুনাথের 'শুবমালা' ও 'শুবাবলী', প্রীমন্তক্তিবিনোদ ঠাকুরের 'প্রীগোরাঙ্গলীলা-শ্বরণমঙ্গল-স্বোত্র' ও অলাল গ্রন্থ, বিশেষভাবে মদীয় আচার্যদেব ও বিষ্ণুপাদ প্রীল ভক্তিসিন্ধান্ত-সরস্বতী গোস্থামী ঠাকুরের 'গোড়ীয় ভাষ্য', 'অক্সভান্য', 'বিষ্ণুব-মন্ত্র্য', 'সজ্জনভোষণী', 'গৌড়ীয়ে' প্রকাশিত তথ্যসমূহ ও প্রবন্ধাবলী এবং তাঁহার প্রীপাদপদ্ম হইতে প্রস্কৃতিবাণী 'প্রীচৈতন্তদেব'-গ্রন্থ-রচনার মূল উপকরণ।

সাধারণতঃ তিন শ্রেণীর ব্যক্তি শ্রীচৈতক্সচরিত্র-জালোচনায় প্রবৃত্ত হন। প্রথম শ্রেণী ঐতিহাসিক ও সাহিত্যিক কৌতৃহল চরিতার্থ করিবার জন্ত ; দ্বিতীয় শ্রেণী শ্রীচৈতক্সের চরিত্রকে তাঁহাদের দথেচ্ছ চিন্তা ও ভারধারার ছাচে ঢালিয়া গড়িবার (?) জন্ত বা প্রতিকূল সমালোচনার জন্ত এবং তৃতীয় শ্রেণী আত্মস্কল ও আত্মদিকভাবে পর- মঙ্গলের জন্ম শ্রীকৈতন্মচরিত্র আলোচনা করিয়া, থাকেন। আমরা শ্রীকৈতন্মদেবের কথা যে মহাপুক্ষের শ্রীপাদপদ্ম হইতে প্রবংগর সৌভাগ্য
পাইন্নাছি, তাঁহার আদর্শ আমাদিগকে ইহাই শিক্ষা দিরাছে যে, অকৈতন্ম
চিন্তাম্রোতে ও আচার-প্রচারে নিযুক্ত থাকিয়া শ্রীকৈতন্ম দেবের চরিত্র
আলোচনা করা যায় না। তাঁহার আদর্শ আমাদিগকে আরও
জানাইয়াছে—শ্রীকৈতন্মের চরিত্র আলোচনা করিয়া প্রকৃত লাভবান্
হইতে হইলে বা শ্রীকৈতন্মকে ব্রিতে হইলে শেষোক্ত প্রেণীর মধ্যে
পরিগণিত হওয়া উচিত।

কৃষ্ণনীলা, গৌরলীলা সে ক'রে বর্গন।
গৌরপাদপদ্ম যাঁ'র হয় প্রাণধন।।
চৈতত্ত্বের ভক্তগণের নিত্য ক'র সঙ্গ।
তবে জানিবা দিল্লান্ত-সমৃদ্র-তরঙ্গ।।

আধুনিক কালে অনেক দেশীয় ও বিদেশীর মনীয়া তাঁহাদের নিজনিজ স্বাধান-চিন্তার দ্বারা শ্রীচৈতক্তদেবের চরিত্রের (?) পরিমাপ করিবার
চেন্তা করিয়াছেন। 'কামারের দোকানে দধি পাওয়া যায় না।'—এ কথা
প্রবাদের মধ্যে প্রচারিত থাকিলেও আমরা অনেক সময়ই জাগতিক
মনীয়া ও প্রতিভাব মনোহারী দোকানে পারমার্থিক সন্দেশ ক্রয় করিতে
ধাবিত হই। সহজ ও স্ব্যুপাঠ্য ভাষা, ভাবোচ্ছাদের স্কন্ধন্দ প্রবাহ,
ইন্দ্রিয়গম্য ঐতিহাসিকতা বা প্রত্নতত্ব এবং মনোমুদ্ধকর কিংবদন্তী-সমূহ
মেকি হইলেও আমাদের অনেকের হলয়ের উপরে যাছ বিস্তার করে।
শ্রীধাম-নবন্ধাণ, শ্রীগোরজন্ম-তিথি
শ্রীপ্রাঞ্জনগোড়ীয়সেবা-সংবত৩০ গোবিন্দ, ৪৯৯ শ্রীগোরান্ধ

२८ का**र्ज**न, २०८२ वकास ৮ मार्ज, २৯०६ वहास

শ্রীস্থন্দরানন্দ বিভাবিনোদ

গ্রীপ্রীপ্রকগৌরাকৌ করতঃ

দিতীয় সংস্করণে গ্রন্থকারের নিবেদন

বর্তমান সংস্করণে গ্রন্থটি পরিবর্ধিত, পরিবর্তিত ও গ্রন্থের বহু স্থান প্নার্লিগিত হইয়াছে। এই গ্রন্থের আয়তনও প্রথম সংস্করণ অপেক্ষা আনেক বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছে। এতয়াতীত গ্রন্থে পর্ক্ষান্ত (৬৫টি) সংখাক আলেখ্য সংযোজিত হইয়াছে। এই সকল আলেখ্যের অধিকাংশই জ্প্রাপ্য ও প্রতাকটি প্রীটেতল্যদেবের শ্বতি ও শিক্ষার সহিত বিজ্ঞিত। গ্রন্থকার গুরুক্ত বিজ্ঞবর্গণের আয়গতো শ্রীটেতল্যদেবের পদানিত বিভিন্ন স্থানে গমন করিয়া যে সকল আলোকচিত্র গ্রহণ ও আলেখা সংগ্রহ করিয়াছেন, তাহা এই গ্রন্থে মৃত্রিত হইল।

এই গ্রন্থটি শ্রীধাম-মায়াপুর-ঠাত্র ভক্তিবিনোদ ইন্প্টিউটের কর্ত্পক উক্ত বিজ্ঞায়তনের পাঠা-পুতকরণে নির্ধারণ করিয়াছেন। শিক্ষিত-সমান্ধে এই গ্রন্থটি বিশেষ সমাদৃত হইয়াছে।

গ্ৰন্থে কোন ক্ৰটি-বিচাতি লকিত হইলে পাৰমাৰ্থিক পাঠকগণ জাহা নিজগুণে ক্ষমা ও সংশোধন কৰিয়া গ্ৰন্থের সাব গ্ৰহণ কৰিলে বিশেষ ৰাধিত হইব।

জীধাম-নারাপুর জীভব্তিবিনোদ-বিরহতিথি ১৫ বামন, ৪৫৩ জীগোরাক ২ আঘাচ, ১০৪৬ বলাক ১৭ জুন, ১৯৬৯ ধুষ্টাক

শ্রীশ্রীবৈষ্ণবরুপাকণাপ্রাথী শ্রীস্থন্দরানন্দ বিভাবিনোদ

ত্রীত্রীওকগৌরাকৌ জয়তঃ

তৃতীয় সংস্করণে গ্রন্থকারের নিবেদন

শ্রীচৈতভাদের অহৈতুকী রূপা বিস্তার করিয়া এই বঙ্গদেশে অবতীর্গ ইইয়াছিলেন। বঙ্গের আদিম দাহিত্য তাঁহারই শ্রীচরণার্চন করিয়া প্রকাশিত হইয়াছে; কিন্তু তৃংথের বিষয়, এথনও বঙ্গদেশের বহু শিক্ষিত ব্যক্তি শ্রীচৈতভাদেবের চরিত ও শিক্ষা-দম্বন্ধে অনেক করিত, ভ্রান্ত ও বিরুত মত পোষণ করেন, কেহ কেহ বা তৎসম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ বা উদাদীন। বঙ্গদেশের কয়েকজন প্রথিতনামা দাহিত্যিক কতকগুলি মপ্রামাণিক করিত পূথির প্রমাণ ও কর্মনাবলে শ্রীচৈতভাদেবকে যেরূপ চিত্রে চিত্রিত করিবার চেন্তা করিয়াছেন, তাহাতে ঐতিহাদিক সভাও বিল্পু হইয়াছে। শ্রীচৈতভাদেবের প্রচারিত ভক্তিদির্না র-সম্বন্ধে আলোচনা উপস্থিত হইলেই তর্ম-কথা-দাহিত্যের পাঠক-সম্প্রদায়ের শিরংপীড়া উদিত হয়; কাজেই একদিকে যেরূপ ঐতিহাদিক সত্যের অপনাপ, অপর দিকে তাঁহার প্রকৃত শিক্ষা ও দিরান্তের বিষয়েও সম্পূর্ণ উদাদীনত। আমাদিগকে প্রগতির নামে মধোগতি অর্থাৎ অচৈতভারাজ্যেই প্রবেশ করাইতেছে।

জড়-প্রগতি ও প্রভূষ-কামনার অনিবার্থ-কলরপে বিশ্ব-সংঘর্ষ ও নানাপ্রকার জগজ্ঞধাল উপস্থিত হইতেছে। জড়কামের প্রগতি কথনও ব্যক্তিগত শান্তিও আনম্বন করিতে পারে না, বিশ্ব-শান্তি ত' দূরের কথা। আবার হৈতভাদেবের দোহাই দিয়া যাহারা প্রেমের নামে কামের উপাসক, তাহার। অধিকতর জগদ্বঞ্চক। তর্ক্যুগের এই বিপদের সময়ে প্রীচৈতভারে নিজ্জনগণ এই পৃথিবীতে প্রীচৈতভাশিক্ষা-মৃতধারা বর্ষণ করিয়া আসিতেছেন। 'উপনিষং' ও 'ব্রহ্মন্তরে' যে গভীর ভব আবিষ্ণত হুইয়াছে, খ্রীটেডলাদেবের শিক্ষার ভাষার পরিপূর্ণ সাব-ভাগ পাৰরা যায়। অভাদশ পুরাণ, বিংশতি ধর্মার, রামারণ, মহা-ভারত, ষ্ড দর্শন ৪ তর্-শালে যে-সকল কল্যাণকর স্তুপদেশ আছে, खाना मग्रुको ए।विकक्ष्ण श्रीहेहएस्मार क्षिकाव प्रका श्रीवृत्तवे उग्र । বিদেশীয় ধর্মশিক্ষায় ও ভাদেশীয় প্রচলিত ধর্মমতে হে-কিছ সভাস আছে, সদেশীয়, বিদেশীয়-কোন শাসেই যাতা পাওয়া যায় না, ভাতাও প্রীতৈতনাদেবের পরিপূর্ণ শিক্ষায় পাওয়া যার। শ্রীতৈতনাদেবের শিক্ষা একধারে সরল ও গভীর। সরক,—হেছেড় নিরক্ষর মানবের পক্ষেও যে ধর্ম স্বাভাবিক, ভাষা ইয়াতে আছে: গড়ীর,—হেছেড ভুক্বিচার ও শাস্তভানে পার্কত পর্ম পভিত্মিগেবও যাহাতে প্রমোপকার হয়, এরপ প্রমধর্ম আছে। গুরুত্ব ও বৈরাগী, বালক-বৃদ্ধ-যুবা, স্থী-পুরুষ, জ্বাতি-বর্ণ-ধর্ম-নির্বিশেষে সকলেই শ্রীটেডনাদেবের আচরণ ও শিক্ষা হুটতে সংখ্রেট মঙ্গল বরণ করিতে পারেন। যে কোন বাঞ্চি নিংপেক ও সরল হইতে পারিলে জীচৈত্মাদেবের প্রচারিত ধর্মকে নিতা দার-ছনীন চিংসম্ব্যুবিধানকারী প্রমধ্মরূপে উপলব্ধি করিতে পারেন। শ্রীটেডনাচরিতামুভকার শ্রীল কবিবান্ধ গোহামী প্রভূ বলিয়াছেন.—

> নীকৃষ্টেডেক্স-দ্য়া করত বিচার। বিচার করিলে চিত্তে পাবে চমৎকার।

--- औरेठः ठः खाः bise

এই গ্রন্থে খ্রীচৈতন্যদেবের শিক্ষা ও দিছান্ত ভাঁহার প্রত্যেক লীলা ও চবিত্তের মধ্য দিয়া ঘণাসাধা সাধারণের উপযোগী কবিয়া বর্ণিত হুইগাছে। ভর্ক ও বিশ্বব্যাপী সংঘর্ষের যুগে প্রকৃত পরা শান্তির পিপাস্থ ব্যক্তিগণ খ্রীচৈতন্যদেবের বিমল প্রেমধর্মের আলোচনা কবিয়া কুতকৃতার্থ হুউন,—ইুহাই আমানের সবিনয় নিবেদন। খ্রীচৈতন্যদেবের শিক্ষাপ্তের গ্রথিত হইলে প্রকৃত বিশ্বপ্রেমের বিস্তার হইবে— অতি আরুষ্পিকরূপেই সংঘদ ও দ্বন্দের অমানিশার অবসান হইবে—একত জগন্মগলের মাবিতার হইবে।

'শ্রীচৈতন্যদেব'-এদ্বের দ্বিতীয় সংস্করণ মৃত্রিত হইবার ছয়মাস পরেই
নিংশেষিত হয় এবং তাহার প্রাপ্তির জনা বহু লোকের আদি উপস্থিত
হয়, কিন্তু এই বায়সাধ্য গ্রন্থ প্রকাশ করিতে কিছু সময় অতিবাহিত
হইলেও সভ্যাত্মসন্দিৎস্থ পাঠকগণের উৎকণ্ডা বিলুপ্থ ২য় নাই। এই
এইটি বালক ও হৃদ্ধ, শিক্ষাধী ও শিক্ষক—উভয় সমাজেই সমাগৃত
হইয়াছে। ঠাকুর ভিভিবিনোদ ইন্ষ্টিটিউটের কর্তৃপক্ষ কুপাপূর্বক এই
গ্রন্থটিক তাহাদের বিভায়তনের পাঠ্য পুত্তকরূপে নির্ধারিত করিয়াছেন।
বন্ধদেশের বহু বিভায়তনের পাঠাগারেও এই গ্রন্থটি বিশেষ আদৃত
হইয়াছে। কয়েকটি সংবাদপত্রেও এই গ্রন্থের প্রশন্তি প্রকাশিত হইয়াছে।

বর্ত্তমান সংস্করণে গ্রন্থের অনেক স্থান পরিবর্ধিত ও পরিবর্ধিত হইয়াছে; বিশেষতঃ প্রীকৈতল্পদেবের দার্শনিক 'অচিন্তাভেদাভেদ-সিদ্ধান্ত' ও তাহার 'প্রেমধর্ম' সম্বন্ধে সংক্ষিপ্ত পরিচয় ছুইটা পূথকু পরিছেদে প্রদক্ত হইয়াছে। এতখাতীত বন্ধদেশের ছুইটা প্রাচীনতম সানচিত্র—যাহা গোট্যায় মিশনের কর্তৃপিক 'লগুন' হুইতে সংগ্রহ করিয়াছেন, উহার আলোকচিত্র উক্ত সম্প্রদায়ের পরিচালক-সমিতির সৌজত্তে আম্বা প্রাক্ত হুইটা রুক করাইয়। এই প্রন্থে মৃদ্ধিত করিতে পারিয়াছি। এজনা উক্ত পরিচালক-সমিতিকে আন্তরিক ধনাবাদ জ্ঞাপন করিতেছি।

জীবাম-মামাপুর, শ্রীভৈমী-একাদশী

२७ माध्य, १८४ शिलोकान

২৬ মাব, ১৩৪৭ বঙ্গাৰ

৮ ফেব্ৰুয়াকী, ১৯৪১ খ্ৰীষ্টাব্দ

শ্রীশ্রীন্তকবৈষ্ণবঙ্গণাবিন্দু প্রার্থী শ্রীশ্রন্দরানন্দদাস বিভাবিনোর্দ

अञ्चिखकरगोवाको क्षत्राः

পৃথ্যম সংগ্ধরণে গ্রন্থকারের নিবেদন

প্রীপ্রি গুরুগোরাছের অশেষ রূপায় 'প্রীচৈতনাদেব'-প্রথের পঞ্চয় সংখ্যুব প্রকাশিত হইল। ইহাকে ষষ্ঠ সংস্বরণও বলা হাইতে পারে: কারণ ততীয় সংস্করণটি দুইবার মৃদ্রিত হয়। বর্তমান সংস্করণটি স্বতোভাবে পরিবৃত্তি ও পরিবর্ধিত হটয়াছে এবং তাহাতে গ্রেছর কলেবরও অনেক পরিপুট হইয়াছে। প্রথম দংখরণ দাধারণলোক-পাঠারণে বুচিত হয় : কিন্তু ক্রম-পরিণতিতে তাহা অন্যরপ ধারণ করিতেছে। 'প্রীরায়রামানল-সংবাদে'র বিহুত আলোচনা, বেদান্তের অরুনিমভান্ত-প্রীমুদ্রাগবত-প্রকটিত 'অচিস্থাভেদাভেদবাদে'র সহিত অন্যান্য প্রসিদ্ধ আচার্ঘবনের প্রপঞ্জি দার্শনিক মতবাদের সংক্ষিপ্ন ডুলনামুলক আলোচনা এবং তৎপ্রসঙ্গে 'অচিন্তাভেদাভেদবাদে'র মৌলিকতা ও मार्वतमिक मन्पूर्गेला दवः श्रीरेहरमारम्यव निकात मार्वदिक्ला, मार्व-দ্দিকতা ও দাইভৌমিকতা-প্রভৃতি অনেক তব ও তথা বর্তমান সংস্করণের অদীভৃত হইরাচে। এন্ত্রীরপশ্কি ও এত্রীসনাতনশিকার বিবৃতি-মধ্যেও 'শ্ৰীজীভন্তিরসামৃত্দিয়ু', 'শ্ৰীদংক্ষেপভাগ্রতামৃত', 'শ্ৰীভন্তি-দন্দর্ভ', 'ই প্রীতিগন্দর্ভ' এবং প্রীপ্রীবৃহদ্ভাগবভামৃত', প্রীপ্রীবৃহদ্বৈঞ্ব-ভোষণী', 'দিগ্দশিনী' প্রভৃতি মৌলিক গ্রন্থ চইতে ছক্তিসিদ্ধান্তসাবসমূহ সংগৃহীত হইয়াছে।


সহাদয় সজ্জনবৃদ্ধ কুপা করিয়া ভ্রম-গ্রুমাদাদি-দোবগুরেণ স্থস্ত জীবের জাট-বিচ্যুতি কুপাপূর্বক স্থাপন করিলে প্রবর্তী সংস্করণে বধাসাধ্য সংশোধিত হইতে পারিবে। এই গ্রন্থের পাণ্ড্লিপি-প্রস্তুতি-কার্যে শ্রীকানীধামবাদী পণ্ডিত শ্রীযুক্ত শিবেন্দ্রনাথ দাশগুণ্ড বিভারত বি-এ মহোদয় এবং প্রফু-সংশোধনে পণ্ডিত শ্রীবাধাগোবিন্দদাস কাব্য-পুরাণ-রাগতীর্থ মহাশয় যথেষ্ট সহায়তা ও পরিশ্রম স্বীকার করিয়াছেন। তজ্জনা তাহাদের নিকট চিত্রকুত্ত থাকিলাম।

এই গ্রন্থের একটি হিন্দি ভাষায় সমুবাদও আরন্ধ হটয়াছে! ভগবদিচ্চ। হইলে তাহ। গ্রন্থাকাবে প্রকাশিত হইবে। বর্তমান সংস্করণের লভাংশ শ্রীশ্রীভগবন্ধামপ্রচারের আনুকুলো বায়িত হইবে।

শ্রীপুরুষোত্তম-ধাম শ্রীরাররামানন্দ-বিরহর্তিগি ৪ ত্রিবিক্রম, ৪৬৪ শ্রীগৌ**রাস্থ** ২৩ বৈশাধ, ১৩৭৭ বঙ্গান্ধ ৬ মে, ১৯৫৭ খ্*টান্*

ন্দ্রীগুরুবৈঞ্বরূপাবিন্দুপ্রাথী শ্রীস্থনদরানন্দদাস বিভাবিনোদ "মহাপ্রভুর উপকার সকল দেশে—সকল পাত্রে—সকল কালে সর্বশ্রেষ্ঠ উপকার। এ' উপকার কোন দেশ-বিশেষের উপকার, অন্তদেশের অপকার নহে: এ' উপকার সমগ্র বিশ্ব-ব্রহ্মাণ্ডের উপকার। স্তরাং সংশ্বীর্ণ, সাম্প্রদায়িক, নশ্বর উপকারের প্রস্তাব মহাপ্রভু ও মহাপ্রভুর ভক্তগণ কখনও করেন না। মহাপ্রভুর উপকার কোনদিন কাহারও 'মন্দ' প্রস্ব করে না। তাই মহাপ্রভুর দয়া 'অমন্দোদয়া দয়া'—তাই মহাপ্রভু মহাবদান্ত—তাই মহাপ্রভুর ভক্তগণ 'মহা-মহা-বদান্ত'। এ-সকল গল্পের কথা নয়, কাব্য-সাহিত্যের কথা নয়,—সব-চেম্বে

— খ্রীন ভজিদিভারসরস্থতী গোলামিগ্রভুণার



বিষয়-সূচী

ারিচে	দ বিষয়	পত্ৰাক
51	সমসাময়িক রাজনৈতিক অবস্থা	59
રા	বঙ্গের অর্থ নৈতিক অবস্থা	۵
۱ و	বিষ্ণা ও দাহিত্য চৰ্চা	>>0
8	সামাজিক অবস্থা	>⊙— ₹∘
۱۵	ধর্মজগতের অবস্থা	22-06
৬ j	স্ম্পাম্যিক পৃথিবী	•8
9 1	न्ददीश (श्रीभाषाश्व)	8544
b	আবির্ভাব	66-6.
۱۵	নিমাইয়ের বাল্য-লীলা	@>@x
201	নিমাইর বিস্থারস্ত ও চাঞ্চল্য	<i>७</i> ৯१२
1 66	শ্রীঅহৈত-সভা ও শ্রীবিশ্বরপের সন্মাস	707€
150	উপনয়ন ও জীগঙ্গাদাস পণ্ডিতের টোলে অধ্যয়ন	18-52
301	শ্রীনিমাইর প্রথম বিবাহ	₽ २ ₽8
186	আত্ম-প্রকাশের ভবিক্সদ্বাণী	bebe
261	नवद्योश औन्ने र्यं उ-পूरी शाम	b35*
१ ७८	শ্রীনিমাইর নগর-ভ্রমণ	۵۰۵۴
511	দিখিজয়ি-জয়	20-700
اعد	শ্রীনিমাইর পূর্ববঙ্গ-বিজয় ও শ্রীলন্ধীদেবীর অন্তর্ধান	>0-0>01
١٤٤	স্বাচার-শিক্ষাদান	>-1>>>
₹∘	জ্বনিমাইর বিতীয়বার বিবাহ	225220
२५ ।	শ্ৰিপয়া-যাত্ৰা	220250

পরিচ্ছেদ বিষয়	পত্ৰাক
২২। অদৃত ভাবাদুর	>50->0>
२०। देवक्षवरमवा-भिकालान	>><>>
২৪। শ্রীমুরারি-গুপ্তের গুড়ে	\$00cm
২৫। সাকুর জীংরিদাস	28°—>89
২৬। শ্রীনিত্যানন্দের সহিত মিলন ও শ্রীব্যাসপূজা	\$89>85
২৭। শ্রীঅদৈতাচার্যের নিকট আত্ম-প্রকাশ	> @ = - > @ >
২৮। শ্রীপুণ্ডরাক বিভানিধি	>৫২>৫৬
২১। শ্রীশ্রীবাস-মন্দিরে সংকীর্তন-রাস	১৫৭—১৬১
৩০। ধ্যাত-প্রহরিয়া ভাব' বা 'মহাপ্রকাশ'	>%>>%8
৩১। "খড়-জাঠিয়া বেটা"	১৬৫—১৬১
०२। জগाই-माधाই-উদ্ধার	۶ ۹۰>۹ ۶
৩৩। শ্রীরোক্ষের বিভিন্ন-লীলা	>98>৮>
৩৪। আন্ত্র-মহোৎসব	242246
৩৫। শ্রীবৃদ্ধিমন্ত খান্	>59>5b
৩৬) জীচন্দ্রশেধর-ভবনে নাট্যাভিনয়	24525c
৩१। नावि-मञ्जानीत शृह्	>>6>>
৩৮। শীমুরাবিওপ্ত ও শীগোরহবি	>>>―そのそ
৩৯। দেবানন্দ পণ্ডিত	٧٠٤ ٢٠٥
৪০। শ্রীশচীমাতা ও বৈক্ষবাপরাধ	く・1 — く>・
8>। इधनात्री बच्चानती	२५०२५२
इर। हीम काकी	₹>0₹>&
৪০। শ্রীমন্মহাপ্রভুর বিশ্বরপ-প্রদর্শন	२ >१—२२०
৪৪ ৷ 'হংথী' না 'স্থী' ?	<i>+</i> ۲٥22٥

পরিচেছদ বিষয়	পত্ৰাস্ত
৪৫। এ প্রিকাস-পুতের পরলোক-প্রাপ্তি	२२७—२२५
৪৬। শ্রীমন্মহাপ্রভুর সন্ন্যাদের স্কুচনা	552-693
৪৭। শ্রীনিমাইর সল্লাস	;09 <u></u> 205
৪৮। পরিবাজক-রপে শ্রীর্গোরহরি	₹७१—₹8३
8>। 'প्রो'त পথে ও শ্রীজগলাথ-মন্দিরে	₹85—₹85
৫০। শ্রীকৃষ্টেচতন্ত ও শ্রীদার্শভৌম ভট্টাচর্ম	२८३—-२७२
৫১। ঢাক্ষিণাত্যাভিম্থে	280-186
৫২। শ্রীরায়রামানন্দ-মিলন	२३७—२७३
৫৩। দাক্ষিণাতোর বিভিন্ন তীর্থে	२७৯
৫৪। শ্রীচৈতগ্যদেব ও ভট্টথারি	ર૧8—-ર૧∉
৫৫। 'ব্ৰহ্মসংহিতাধাার'-পুঁথি	२१७
৫৬। ইড্পী'তে শ্রীকৃষ্টেসভর	२१४२४२
৫৭। 'পুরী'তে প্রত্যাবর্তন ও ভক্তস্কে অবয়'ন	₹ ∀⊅—-₹∀ 8
৫৮। জীমন্হাপ্রত্ ও জীগ্রতাপকূদ	₹ ४ ९—₹ ४ ९
৫৯। শ্রী ওতিচা-মন্দির-মার্জন	₹₽₽ ₹₽₽
৬০। শ্রীরথযাত্রা—শ্রীপ্রতাপরুত্রের প্রতি হৃপা	\$\$,\$\$?
৬১। গোড়ীয় ভক্তগৰ	÷30—230
৬২। 'ক্লীনগ্রাম'-বাদিগণের পরিপ্রস্থ	२३8—-२३३
৬০। 'অমোব'-উদ্ধার	₹ >> -••
৬৪। গোড়ীয়-ভক্তগণের পুনবার নীলাচলে আগমন	20>>00
৬৫ ৷ শ্রীমন্মধাপ্রভুর শ্রীরুক্বাবন-গমনে স্কল	3.83.5
৬৬। 'কানাই-নাটশালা'	3,60;3
৬१। জীল বঘুনাথ দাস	0,000

[,]	ि वीरावकारात
পরিচ্ছেদ বিষয়	পত্ৰাম্ব
৬৮। শ্রীবৃন্দাবনাভিমুখে— ঝারিখণ্ড'-পথে	٥١٥٥١٤
৬৯। প্রথমবার 'কাশী'তে ও প্রয়াগে'	৩১৬—৩১৭
१०। श्रीमथ्राय ७ श्रीवृत्मावतन	৩১৭—৩২৬
१>। 'शाठीन देवछव'	७२१७२४
৭২। পুনরায় 'প্রয়াগে' জীরপ-শিক্ষা'	৩২৮৩৩৬
૧ ৩। 'শ্ৰীকাশী'তে—'শ্ৰীসনাতন-শিক্ষা'	৩৩৬—৩৪২
18। শ্রীপ্রকাশানন্দ-উদ্ধার	080—08 6
१८। শীস্ব্দিরায়	৩৪१—৩৪৮
१७। পুনরায় জীনীলাচলে	৩৪৮৩৫১
গা। ছোট হরিদাস	७०२—७०७
१৮। শ্রীনীলাচলে বিবিধ-শিক্ষা-প্রচার	৩৫৭—৩৬৪
৭৯। পুরী'তে শ্রীবন্ধত ভট্ট	৩৬৪—৩৬৬
৮০। রামচন্দ্র পুরী	. ৩৬१—৩৬৮
৮১৷ শ্রীগোশীনাথ পট্টনায়ক	965913
৮২। 'ভীরাঘবের ঝালি'	৩१৩৩१৪
৮০। 'শ্রীনরেন্দ্র-সরোবরে শ্রীচন্দন-যাত্তা'	৩৭৫৩৭৮
৮৪। সংকীর্তন-ব্লাস-নৃত্য	۱۶۰۰-۱۶ مراد داد-۱۶۰
৮৫। 'দেবা দে নিয়ম'	৩৮৽—৩৮২
৮৬। ঐতিচতন্তদাশের নিমন্ত্রণ	০৮২—০৮০
৮৭। ঠাকুর শীহরিদাসের নির্বাণ	958 <u>-</u> 955
৮৮। শ্রীপ্রীদাস ও পরমেশ্বর মোদক	৽রত—রেখত
৮১। পণ্ডিত শ্রীজগদানন্দ	৩৯৽—৩৯২
১-। দেৰদাশীর 'শ্রীগীতগোবিন্দ' গান	৩৯২—-৩৯৩

পরিয়ে	ছদ বিষয় '	পত্ৰাঙ্গ
221	এ রবুনাথ ভট	8لاهــــــــــــــــــــــــــــــــــــ
156	उ ९कनवानिनी	02t92t
৯৩	मिट्या निया म	88••
à8 I	শ্ৰীকালিদাস ও শ্ৰীঝড়ুঠাকুর	8 - + 8 - 2
501	শ্রীদাসের কবিষ-ক্র্তি	8.08.8
৯৬।	অপ্রাক্বত ভাবাবেশে কুর্মাক্বতি	8 • 8 8 • 8
೩ ૧	ममूज-वरक	8 - 4 8 > •
३५।	লীলা-সক্ষোপনের ইঙ্গিত	870878
221	অপ্রকট-লীলা	854-851
2001	শ্রীচৈতন্যদেবের রচিত গ্রন্থ	85184+
۱ د ه د	শ্রীচৈতন্যদেবের প্রচার ও সিদ্ধাস্ত	857-802
>०२।	বেদান্তভান্ত ও সম্প্রদার	802807
) ०० <i>८</i>	'অচিস্তাভেদাভেদবাদ'	895886
2 . 8 1	'র্বোড়ীয় দর্শনে'ব মোলিকতা ও সার্বভৌমিকত।	886-842
5 · ¢ }	প্রমপুরুষার্থ বা প্রয়োজন-তত্ত্	865869
1000	প্রীচৈতন্যের শিক্ষা ও সার্বভৌম ধর্ম	86818
1 6 • <	কলিষ্গপাবনাবভারী শ্রীকৃষ্ণচৈতন্য	814876
ا ۵۰ د	<u>बिरिज्ञारम्द्वत्र शार्षमञ्</u>	820-6.5

পরিশিষ্ট

শ্রীশক্ষাষ্টকম্ শ্রীপন্থাবলী

45---454

626---628

वाल्था-जूही

আলেখ্য	পূজ্যস
১ ৷ শ্রীধাম-মারাপুরে শ্রীশ্রীগোরজন্মস্থানে	
শ্রীমন্দির	2
২। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর	8 °
ত। বল্লালসেনের প্রাসাদের ভগ্নসূপ	83
৪। মেলানা সিরাজুলিন্ চাঁদকাজীর সমাধি,	
বামনপ, কুর (শ্রীমায়াপ, র)	89
ে৷ মেথুজ্ভেন্ডেন্জক-কৃত বঙ্গের প্রাচানতম	
शनिहिटलेब किब्रम्थ्य (১৬৫৮-১৬৬৪ %)	89
৬। জন্থৰ্টন্কৰ্ক প্ৰকাশিত বঙ্গের	
স্প্ৰাচীন মান্চিত্ৰ (১৬৭৫ খৃঃ)	Sign
า। জীধাম-নবদ্বীপের মানচিত্র	ه ی
৮। জীনবদ্বীপ-মণ্ডলের মানচিত্র-নিদর্শন	(4
১৷ 'অধোক্ষজ' শ্রীবিষ্মৃতি—শ্রীজগন্নাথ	
মিশ্রের গৃহদেবতা	<i>የ</i> ዓ
১০। জীমন্বারে শ্রীমধুস্বদনের শ্রীমন্বি	220
১১। শ্রীরপাদান্ধিত শ্রীমন্দারপর্বত ও উপত্যকা	220
১২। শ্রীল পুত্রীক বিভানিধির ভজন-কৃটার	
(মেথলাগ্রাম, চট্টগ্রাম)	200
১৩। শ্রীভূবনেশ্বরের শ্রীমন্দির	.85
১৪। শ্রীদাক্ষিগোপাল-স্থান	২৪৩
১৫ ৷ ভ্ৰনেশ্বরে জীবিন্দুসরোববের তীবে	
শ্রী অন হবাস্থদেবের শ্রীমন্দির	₹88

আলেখ্য-স্চা]	[9]
---------------	-----	---

	অালেখ্য	পত্ৰাহ্ব
১৬ ৷	প্রার শ্রীমন্দরের সিংহদার ও তংসম্প্র	
	অকৃণ্ডস্থ	₹8¢
59	পুরীতে জীজগন্নাথদেবের শ্রীমন্দির	२,5७
201	সিংগচল পর্বত ও জ্রীজিয়ড়-নুসিংকদেবের	
	জীমন্দির	२००
186	জীযাজপুরে জীকৈতরপাদপীঠ	230
२०।	মঞ্চলবিরিতে জ্বীকৈতন্তপাদপীর্ফ	. ₹9+
२५ ।	মন্ত্ৰগিৱিতে 'শ্ৰীপানানুবিংহ'-মন্দিব	293
२२ ।	জীবঙ্গক্ষেত্তে জীবঙ্গনাথের জীমন্দির	290
२०।	শ্ৰীনৰ্তক-গোপাল	२१५
₹8	ইজ্পীর শ্রীমন্মধ্বাচার্য	२४५
₹¢	শ্রীজগন্নাথদেবের স্থান্যাত্রা	479
२७।	শ্রীআলালনাথের শ্রীমন্দির	₹ ∀ \$
२१।	শ্রী হুণ্ডিচা-মন্দির	२४३
२৮।	শ্রীপ্রুষোত্তমে শ্রীজ্গরাথদেবের শ্রীরপ্রযাতা	455
167	'কানাই-নাটশালা'য় ঐচৈতনপাদপীঠ ও	
	শ্রীকানাইর শ্রীমন্দির	र्व०७
මා	জীরাধাকৃত্তে জীল রঘুনাথ দাসগোলামিপাদের	
	স্মাধি	ر ر د د
160	শ্রিক্তক্ষের জন্মস্থানে প্রাচীন ধ্বংসাবশেষ	৩১৮
७२ ।	শ্রীরাধাকুণ্ডে শ্রীচৈতভদেবের পাদপীঠ	৩১৯
৩৩।	'শ্রীশামকৃত্ত' ও 'শ্রীরাধাকুত্তে'র মিলন-স্থান	७२०
98.1	শ্রীগিরিরাজ শ্রীগোবর্ধন	૭ ૨૪

[७] [बीरेहज्जरम्व, जारलशास्त्रहो]

অলেখ্য	পত্ৰাক
৩৫। শ্রীবর্গনে শ্রীহরিদেবের শ্রীমন্দির	७२२
৩৬। শ্রীমানসী-গঙ্গা	७२७
৩৭। শ্রীনন্দ্রাম	૭૨8
৩৮। শ্রীবর্ধাণে শ্রীরাধারাণীর শ্রীমন্দির	७३०
৩১। শ্রীবাংশ (বঙ্গে)	७२०
৪০। শ্রীকাম্যবন (ব্রজ্মগুলে)	৩২৬
85। श्रीक्षार्वा श्री विविध्याम् विविध्यान	
वहिष्पंत्र	৩৩১
৪২় শ্রীপ্রয়াগে 'শ্রীরপ-শিক্ষাস্থলী'	೨೨೨
৪০। কাশীতে 'শ্ৰীসনাতন-শিক্ষাস্থলী'	७७४
৪৪ শ্রীক্ষালালনাথের শ্রীমন্দির	
(শ্রীচৈতন্মপাদাঙ্ক-সংযুক্ত)	ot8
৪৫ ৷ শ্রীইন্দ্রভায়-সরোবর (পুরী)	৩৭৬
৪৬ ৷ শ্রীনরেল্র-সর্বোবর (পুরী)	৩৭৭
৪৭ ৷ পুরীতে 'শ্রীগন্তীরা'-গৃহের দার	८४०
৪৮। 🗐 🖹 ল হরিদাস ঠাকুরের ভক্তনস্থলী	
'সিদ্ধ-বকুল' (পুরী)	৩ ৮৫
৪৯। শ্রীশ্রন হরিদাস ঠাকুরের সমাধি (পুরী)	৩৮1
৫০ ৷ 'কণারকে' ভগ্ন সূর্যমন্দির	8 = 1

গ্ৰন্থাদি-তালিকা

['জি'চণ্ডস্থানব'- গ্রন্থ-সংলনকালে জন্মভাবে প্রস্থোপকরণজ্ঞান গৃহ্যান্ত এবং বাভিরেকভাবে অলোচিত গ্রন্থ ও পুস্তকাদির অসম্পূর্ণ-তাদিকা]

অণু ভালাম্ - (জীমলাধ্বাচার্য-বিরচিত, জীমংপুরী দাস-গোসামি-সম্পাদিত): २ । অণুভালুম্—(জীবলভাচার্ঘবিরচিত : কাশী বিস্থাবিলাস-(গ্রেস্, ১৯০৭); গ। আহতসিদিঃ—(রাজেন্দ্রনাথ ঘোষ সংস্করণ); ৪। অষ্ট্রেডরশতোপনিষং—(নির্বলাগ্র প্রেস্) : ৫। আয়ায়সূত্র— (জ্ঞীল-গাকুর ভজ্জিবিনোদ-স্বত); ৬। ইউ ইণ্ডিয়া--(ভেলেন্টিন্-ক্ত, ১৭২৬ १:; Valentyn's "East India," 1726); १। উপদেশামুত-্শ্রিল-রূপগোস্বামীপাদক্ত, জ্রীগোড়ীয়সম্প্রদায় কর্তৃক প্রকাশিত); ৮। এনালস্অব্ভাভার কর ওরিএন্ট্রাল্ রিসাচ্ইন্টিটিটট্ ("Annals of Bhandarkar Oriental Research Institute," 1933); 5:4 হিছবি অব্ ইতিয়ান্ফিলছফি [৩য় ও ৪র্থণ] ("A History of Indian Philosophy," Vol. III & IV)—ভক্টৰ্ সংবস্ত্ৰ নাথ দাশ-ংপুকৃত ; ১০: কল্যাণকলতক—(জ্ঞীল ঠাকুর ভক্তিবিনোদ) ; কারস্থ-কৌস্কভ---(রাজা রাজেন্দ্রনাথ মিত্র, ১২৫২ বঙ্গাব্দ); ১২। (এ) কৃত্ৰণাক্তম্—(জীমন্তজিবিনোদ সাক্র সম্পাদিত); ১০। (জী) ক্ল-ভজনামৃতম্---(জ্ঞীল-নরহরি-সরকার-ঠাকুবকৃত, জ্রীমংপুরীদাস-গোসামি-সম্পাদিত); ১৪। (জীত্রী) ক্রফসন্দর্ভ—(শ্রীশ্রামলাল গোলামী সং ও প্রাণগোপাল গোসামী সং): ১৫ ৷ কাল্কটা রিভিট, ১৮৪৬ খঃ ('Calcutta Review,"1846); ১৬। (জী)গোবিন্দভায়াম্_জীবলদেব বিভাভ্ষণকৃত, জ্রীভাষলাল গোসামা সং); ১৭। রেড্রিয়—(সাথাহিক পত্র ১ম-২৪শ বর্ষ, গ্রন্থকার-সম্পাদিত); ১৮। (এীঞ্রী) গৌড়ীয়বৈঞ্ব-সাহিত্য—(শ্রীমদ্হরিদাস দাস-ক্বত); ১৯। (শ্রী) গৌরক্ষোদয়ঃ—(শ্রীমদ্-গোবিন্দদেব-কৃত, শ্রীশীল-ভক্তিসিদ্ধান্ত-সরস্থতীঠাকুর-সম্পাদিত); ২০। (এজী) গোরগণোদ্দেশদীপিকা (বহরমপুর সং); ২১;।(জী) চৈতগ্যদেব এও দি মধাচার্য সেকট ("Sri Chaitanyadeva and the Madhvacharya Sect") প্রবন্ধ - রায় বাহাত্ব অমরনাথ রায়-লিথিত ; ২২। চৈত্যু এণ্ড্ শ্রীমধ্ব [প্রবন্ধ]—("Chaitanya and Sri Madhva" by Roy Bahadur Amarnath Roy B. A. in the Journal of the Assam Research Society,' April, 1935); ২০। (জী) চৈতল-চন্দ্রামৃত্য—(ত্রীগোড়ীয়ম্ঠ সং); ২৪। (ত্রী) চৈতন্সচল্রোদয়-নাটকম্— (নির্ণয়সাগর প্রেস্ সং); २०। (শীশী) চৈতক্তচরিতামৃত-শীল ঠাকুর ভক্তিবিনোদ, শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতীগোম্বামিপাদ, শ্রীমাথনলাল দাস ভাগৰভভূষণ (সন ১০১৫) ও জীরাধাগোবিন্দ নাথ ৩য় সং; ২৬। (শ্রীশ্রী) চৈতগ্রচরিতামৃতম্—(শ্রীমুরাবিওপ্তের কড়চা, অমৃত-বাজার সং); ২৭। (শ্রী) চৈতক্সচরিতের উপাদান—(কলিকাতা বিশ্ববিভালয়); ২৮। এটিচত লচরিত-মহাকাবাম্—(বহরমপুর সং); ২১। (এ) চৈতন্তভাগৰত—(জ্রিগোড়ীয়মঠ সং ও অতুলক্কঞ গোসামী সং); ৩০। (এ) চৈতন্তমঙ্গল—(এলোচনদাস ঠাকুর-ক্বত, বঙ্গবাসী সং ও জ্রীগোড়ীয়মঠ সং); ৩১। চৈতন্য-মুভ্মেন্ট —("Chaitanya Movement"—Kennedy, 1925); ৩২ ৷ 🗐 চৈত্যশিকামুত— (প্রিল ঠাকুর ভক্তিবিনোদ); ৩০। (জ্রীজ্ঞী) জগরাথবল্লভ-নাটকম্---(এমৎপুরীদাস-মহাশয়-সম্পাদিত); ৩৪। জৈবধর্ম—(প্রীল ঠাকুর ভক্তিবিনোদ; ৩৫। (এএ) তত্ত্বসন্দর্ভঃ—(এ) মংপুরী দাস-মহাশয়-সম্পাদিত); ৩৬। তত্বার্ষদীপ-নিবদ্ধঃ—(শ্রীপুরুষোত্তমন্ত্রীর টীকা-সহ,

ভক্তিবিনোদ); ০৮। দি পোই মধ্ব পিরিয়ড [প্রবন্ধ]—("The Post Madhva Period" by Prof. B. N. Krishnamurti Sharma in 'Annalas of the Bhandarkar Oriental Research Institute.' Vol. XIX, Part IV, 1939); ৩১। নদীয়া গেছেটীয়ার ("Nadia Gazetteer"); s । (জ্রীজ্ঞী) নবদীপধাম-মাহাত্ম্য—(জ্রীল ঠাকুর ভক্তি-विताम); ४२। निषार्क-मर्गन--(एक्टेन् त्रमा होत्रा, कलिकाला); ৪২। শীন্বসিংহপূর্বতাপনী—(Asiatic Society of Bengal); ৪০। সার-পরিচয়—(ম: ম: ফণীভূষণ ভর্কবাগীশ); ৪৪। (এই) পদ্ধাবলী— (জ্রীল-রপগোসামিপাদ-কৃতা, জ্রীমংপুরীদাস-মহাশয় সং); ৪৫। (জ্রীজ্রী) পরমাত্মন্দর্ভ:--(জ্রীশ্রামলাল গোস্বামী সং); ১৬। পূর্বপ্রজন্দনম্ (কুম্তকোণম্-সং); ৪০। প্রমেয়রত্বাবলী—(জ্রীল-বলদেব-কুডা, জ্রী-গেড়ীয়মঠ সং); ৪৮। প্রমেয়গ্রহার্ণব:—(জ্বীবালক্বয়-ভট্ট-বিরচিত; চৌথাম্বা, কাশী; জানুয়ার্কা, ১৯০৬); ৪৯। প্রার্থনা ও প্রেমভক্তিচন্দ্রিকা —(পুঁথি; রাজসাহী বরেন্দ্র-অন্তসদ্ধান-সমিতি); ৫০, (এখী) প্রীতি-সন্দর্ভ:—(ক্রিভামলাল গোষামী সং ও প্রাণগোল গোষামী সং); ৫১। ব্রহ্মসংহিতা—(শ্রীমন্তজিবিনোদ-ঠাকুর-সম্পাদিতা); ৫২। (এ) ভক্তিরতাকর—(শ্রীরোড়ীয়মঠ সং): ৫০। (শ্রী) ভক্তিরতাবদী— (শ্রীবিষ্ণুপুরাত্ততা, বঙ্গবাসী সং); es। (শ্রীশ্রী) ভ**ভিবসাসত-**সিদ্ধ:--(জ্রীজাবপাদ, জ্রীমুকুল্দাস ও জ্রীচক্রবতা চাকা-সহ--শ্রীহরিদাস দাস-কত সং৷; ৫৫। (শ্রীশ্রী) ভক্তিসন্দর্ভ:—(শ্রীগোড়ীয়-মঠ সং); ৫৬। (এএ) ভরবংসন্দর্ভ:—(এমংপুরাদাস-মহাশয়-সম্পাদিত); ৫१। (এ, মদ) ভগবদগীতা—(এ, এ) বিক্রবর্তী, এবলদেব টীকা-সহ_প্রাড়ীয়মঠ সং) ৫৮। (এমদ্) ভাগবভম্

—(বন্ধবাদী সংস্করণ, জীমংপুরীদাস-মহাশন্ত্র-সম্পাদিত পরেট্ সং স্ফাসহ ও বহরমপুর সং); ৫১। (জী) ভাগবত-ভাৎপর্য-নির্বয়ঃ---(শ্রীমধ্বাচার্যকৃত, কুণ্ডঘোণম সং) ; ৬০। ভাবার্থ-দীপিকা—(শ্রীশ্রীধর-স্বামিকতা, শ্রীমংপুরীদাস-মহাশয় সং); ৬১। ভারতবর্ষ (মাসিক পত্র) ্ ১৩৩২ বঙ্গাব্দ, ভাদ্র ও ১৩৪৭ বঙ্গাব্দ, বৈশাথ]; ৬২। ভাষ্যপ্রকাশঃ —(শ্রীপুরুষোত্তমঙ্গী-বিরচিত, সটীক . চৌথান্বা, কাশী); ৬৩। ভাঙ্গর-ভাষ্য — (বিষ্ণাবিলাস প্রেস, কাশী); ৬৪। মধ্ব-ইন্ফূ এন্স্ অন্ বেদল বৈষ্ণবিজয় প্ৰবন্ধ]—("Madhva Influence on Bengal Vaishnavism" by Prof. B. N. Krishnamurti Sharma in 'Indian Culture,' Vol. IV, No. I.), ৬৫। মধ্বাচার্য এণ্ড হিছ মেসেজ টু দি ওয়াৰল্ড — ("Madhvacharya and His Message to the world" by M. R. Gopalachary); ৬৬। (ঐ মন্) মহাপ্রভুর শিক্ষা--(ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ-বিরচিতা); ৬1: মাধ্যকাদস্বিনী-- (শ্রীল-বিশ্বনাথকৃতা ; শ্রীশ্রামলাল গোস্বামা সং) ; ৬৮। মায়াবাদ---(মঃমঃ প্রমথনাথ তর্কভূষণ্-লিথিত; বিশ্বভারতী শং); ৬৯। যতীল্র-মত-দাপিকা—(এরামারুজীয় এনিবাসাচার্যকৃতা; तिक्षतिषव (अम्); १०। लाहेक् এ । कि विश्न वन वी मध्वा वार्य—("Life and Teachings of Sri Madhvacharya" by C. M. Padmanavachari); গা বঙ্গভাষা ও সাহিত্য [ষষ্ঠ সং]--(দীনেশচন্দ্র সেন); १२। বঙ্গীয় মহাকোষ—অমূল্যচরণ বিভাভুষণ); ৭৩। বঙ্গীয় শব্দকোষ—(হবিচরণ বন্দ্যোপাখ্যায়; ৭৪। (শ্রী) বল্লভ-দিখিজয়:—(শ্রীযহনাথজী-কৃত; নির্বয়সাগর প্রেস্) १৫। বাঙ্গালার हे जिहान [२ ग्र जार]—(वायाल मान वत्माराभाषात्र); १७। वाश्माव देवस्व-ধর্ম-- (কলিকাতা বিশ্ববিষ্ঠালয়, অধর মুখার্জি বক্ততা : ম: ম: প্রমথনাথ

তৰ্কভূষণ); ৭৭। বাদালা দাহিত্যের ইতিহাস , ২ন্ন সং!—, ড : সু নাব (সন); १৮। বিংশোত্তর-শভোপনিষং—(নির্বিধার্থর প্রেস্ ।; ১৯। (এলি) বিদ্যমাধ্ব-নাটক্ম—(এমংপুরাদ্যে-নহাশর সং); ৮০। (এ)। বিষ্ণুবাণ্য- (শুশুধর-বামিকত মায়প্রকাশ' দীকা-সহিত ; বছৰাসা সং); ৮১। (জী) विकृ-यामिन এও বল্লভাচার্য প্রবন্ধ]—("Vishnuswamin and Vallabhachary" by G. H. Bhatt M.A. in the 'Proceedings and Transactions of the seventh All India Oriental Conference', Baroda, 1935); ४२। वृङ्क्रक - पृत्तेव দানেশচল দেন); ৮০। (এই) বুংদ্ভাগৰতামূত্য—(ই)গ্ৰামলাল গোসামী সং ও শ্রীমংপুরীদাস-মহাশয় সং); ৮৪। (শ্রীশ্রী) বৃহদ্বৈক্ষর-তোষণী—(শ্রীমংপুরীদাস-মহাশয়-সম্পাদিতা); ৮৫। বেদান্ত-দর্শন [अरेष्ठवाम]—(फक्केंब्र आखराठाय माखी। ; ৮७ . (४२ छ- मर्मेस [रिय-ভারতা সং]-(छक्टेब् अमा क्रीपूर्वा); ७१। विमाय-नर्मानव इंडिश्म | ১ম-৩য় থও }-(প্রজ্ঞানন সরস্থা); ৮৮। বেলান্ত-পরিজাগ্র-সৌরভম্—(শ্রীনিম্বার্ক-ভাষ্ঠা, জ্রীতারাকিশোর-চোর্রা সং: ৮৯। বেদাতভামন্তকঃ---(জ্রীল বন্দেব তুত; জ্রীপ্রামনাল গোদামা সং); ao: देवलव (कहेंच वर्ष मृह्यमहें - "Vaishnav-faith and movemnt"—Dr. S. K. De.); ३३ - देवक्व-मञ्जूषा-म्याभिक ---(শ্রীশ্রীল-ভজিদিরান্ত-সরবতী-গোস্থামিপ্রভূস্দি-সম্প্রদিতা); ১১। (এ) বাাসযোগি-চরিত্য—("The life of Sri Vyasaraya" by poet Somarnath with a Historical Introduction English by B. Venkata Rao B. A.); 501 শঙ্করাচার্যের গ্রন্থ মালা—(বস্ত্রমতী সং ও রাজেজনাথ ঘোষ সং); ১৪। শক্তর্জুমঃ—(রাজা রাধাকান্ত দেব); ১৫। শারীরক-ভাল্য-(ত্রীশঙ্করাচার্য-কৃত, কালীবর বেনান্তবাগীশ সং); ১৬। ওকাবৈত-

মার্ততঃ—(গোমামি-শ্রীগিরিধরজা-বিরচিত ও শ্রীরামক্রফভট্ট-বিরচিত-'প্रकान'-आथा नाथााममनिक ; ट्रीथाचा, कांनी, जानुसाती, ১৯०७); ৯१। শ্রীক্ষেত্র বিয় সং]--গ্রন্থকার-সম্পাদিত; ৯৮। শ্রীভাষ্য্য ---(শীরামারজাচার্যকৃত, বলীয়-দাহিতাপরিষৎ সং); ১১। (শ্রী । শ্রুতিরত্বমালা—(শ্রীল-নারায়ণদাস-ভক্তিস্থাকর-কৃতা) ; ১০০। (শ্রীশ্রী) সংক্ষেপ-ভাগবতামৃত্য — (অতুলক্ক গোসামী সং ও শ্রীমংপুরীদাস-মহাশয় সং); ১০১। (শ্রীশ্রা সজনতোষণী। পত্রিকা।—(শ্রীমন্ততি-বিনোদ ঠাকুর); ১০২। সদীক হিন্দী ভক্তমাল—(নাভাদাসক্ত नवलिकरभात (क्षेत्र, लाक्क्री, ১৯১৩): ১०७। मर्वनर्भन-मःखहः-(নির্ণয়সাগর প্রেস্ সং) ; ১০৪। সর্বমূলম্—(শ্রীমধ্বাচার্যক্ত ; ক্স্ত-(बार्ग मर) २०६। भर्वभवानिनी—(खीखीमब्जीवरतायामिशानकृषा ; বঙ্গীয়-সাহিত্যপরিষং সং); ১০৬। সারার্থদর্শিনী—(শ্রীবিশ্বনাথক্বতা, শ্রীগোড়ীয়মঠ সং); ১০१। সিদ্ধান্তরত্বম্—(শ্রীবলদেব-ক্বত, শ্রীগ্রামলাল গোসামী সং); ১০৮। (শ্রীশ্রী) স্তবামুতলহরী—(শ্রীবিশ্বনাথ চক্রবর্তি-কৃতা; দেবকীনন্দ্ন প্রেস, জীরন্দাবন); ১০১। (জীলী) স্তবাবলী---(শ্রীল-রঘুনাথদাসগোমার্কডা; শ্রীমংপুরীদাস-মহাশর সং); ১১০ : (আঁআ) হরিনামামুভ-ব্যাকরণম্—(আমৎপুরীদাস-মহাশয় সং); ১১১। (জীর্ত্রা) হরিভক্তিবিলাসঃ—(জৌমংপুরীদাস-মহাশয় সং); ১১২। হাতীরস্ ষ্টেটিষ্টিকেল্ একাউন্ই অব্বেক্সল প্রথম খণ্ড]—("Hunter's Statistical Account of Bengal", Vol. I); ১১০ ; হিষ্টার তাব ইংলড় —("History of England" by Ramsay Muir); ১১৪। বিইবি অৰ্ ইণ্ডিয়া—("Oxford History of India" by V. A. Smith) ইত্যাদি ইত্যাদি।

সাঙ্গেতিকচিন্দের পরিচয

অ: -- অন্তালীলা ; অন্তাথণ্ড ; অন্ধ ; অধ্যার

' আ: প্র: ভা: = (এজিটিচত ক্রচরিতামূতের) অমৃত প্রবাধ্ছার

অনু = অনুচ্ছেদ

আঃ= আদিলালা ; আদিৰণ

ক্তঃ বিঃ = শ্রীকৃষ্ণবিজ্যু

ক: শ: -- এএ কুক্দ্ৰভ:

কৈ: লী: = কেশোর-লীলা গী: = ত্রীমন্তর্বদ্গীতা

গোঃ গোঃ গ্রঃ সং = গোড়ার-গোব-গ্রন্ত ওটিকা-সংস্করণ

গে: ভা: = (শ্রীঞ্জী চৈতন ভাগবতের) গোড়ীয়ভার

ৈচ: চ: = শ্রীশ্রীচৈতসচরিতামূত

টৈ: চ: না: - এত্রীটিত সচন্দ্রে দত্-নাট কম

চৈঃ ভাঃ — শ্রীশ্রীটেতন্মভাগবত ৈচঃ মঃ — শ্রীশ্রীটৈ চন্মৰঞ্জ

देठः हः मश्काता = बीबीटेहजनहितन-मश्काताम्

তঃ দঃ - এ জীতব্দদ্ভঃ দঃ - দাক্-বিভাগঃ

ণঃ = পরিচেছদ; শ্রীপজাবলী পাঃ টীঃ = পাদটীকা

প: = পূর্ব-বিভাগঃ

বঃ সুঃ = জী বৃদ্ধসূত্ৰৰ

ভ: ব: - খ্রীশ্রীভজিবজাকর

ভ: র: সি:= শ্রীশ্রীভজিরদামুত্রসিদ্ধ:

ভঃ সঃ = শ্রীশ্রী ভক্তিসম্পর্ভ ভগঃ সঃ = শ্রীশ্রী ভগবং-সম্পূর্ভ

ভাঃ = শীমভাগৰতম্ মঃ - মধালীলা ; মধাৰ ও

विः माः नाः = अञीविनभ्रमाधव-नार्वेकश

मः = मन्यापक

হঃ ভঃ বিঃ = এতি হবিভক্তিবিলাস:



গ্রাধাম-মায়াপুরে ত্রীশ্রীগোরজন্মস্থানে শ্রীমন্দির

শ্ৰীপ্ৰসংগারাকো জয়তঃ



প্রথম পরিচ্ছেদ

সমসাময়িক রাজনৈতিক অবস্থা

শ্রীচৈতগুদেব ১৪৮৬ খৃষ্টাব্দে আবির্ভূত হন। তখন পাঠান-লোদীবংশের প্রবল প্রভাপ। ১৪৫০ খৃষ্টাব্দে বহু সোল লোদী দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়া ভারতবর্ধ প্রথম পাঠান রাজ-বংশের প্রতিষ্ঠা করিয়াছিলেন। ১৪৮৯ খৃষ্টাব্দে বহু লোলের পর তাঁহার পুত্র সিকন্দর্ লোদী রাজ-সিংহাসনে আরোহণ করেন। সিকন্দরের রাজ্বকালেই শ্রীচৈতগুদেব নবদ্বীপে তাঁহার বাসালীলা, অধ্যাপন-লালা ও পরে কাটোয়ার সন্ধ্যাস-লালা প্রকাশ করিয়া পুরী গমন করিয়াছিলেন। শ্রীচৈতগ্রের আবির্ভাবের তিন বংসর পর সিকন্দর্শাহ্ দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়া

১৫১৭ খুন্টাব্দ পর্যন্ত আটাশ বংসরকাল রাজ্ব করেন। তাহার পর সিকন্দরের পুত্র ইত্রাহিন্ লোদী রাজ-সিংহাসন লাভ করেন। ইতঃপূর্বেই শ্রীমথুরার রম্য দেবমন্দিরসমূহ বিধর্মি-রাজগণের ধর্মোন্মন্ততার তাওব-মৃত্যে বিধ্বস্ত (?) হইরাছিল। তথন শ্রীচৈতক্ত কথনও পুরীতে অবস্থান এবং কথনও বা দাক্ষিণাত্য, বঙ্গ ও শ্রীব্রজমণ্ডলের নানাস্থানে পরিব্রাজকরূপে নাম-প্রেম প্রচার করিতেছিলেন। শ্রীচৈতক্তদেবের পুরীতে অবস্থানকালের শেষ-ভাগে পাণিপথের প্রথম যুদ্ধ হর (১৫২৬ খৃষ্টান্দের ২১ শে এপ্রিল)। মোগল-সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা বাবর দিল্লীর সিংহাসন অধিকার করিবার জন্য যে সমরানল প্রজ্বলিত করিয়াছিলেন, উহার শিখা ভারতের সমস্ত রাজনৈতিক গগনে পরিব্যাপ্ত ইইয়াছিল।

শ্রীচৈতনাদেবের সময় বাঙ্গালার স্থলতান ছিলেন—জলাল্-উদ্দীন্ ফতেশাহ (খৃফ্টাব্দ ১৪৮২—৮৬), ফিরোজশাহ (১৪৮৬— ৮৯), তৎপরে নাসির্উদ্দীন্ মহ মৃদ্শাহ (১৪৮৯—৯০), তৎপরে মজঃফর্শাহ (১৪৯০—৯০), তৎপরে আলাউদ্দীন্ হোসেন্ শাহ (১৪৯০—১৫১৯), তৎপরে নস্বৎ শাহ (১৫১৯—০২), তৎপরে আলাউদ্দীন ফিরোজ্ শাহ (১৫৩২), তৎপরে (গিয়াস্ উদ্দীন্) মহ মৃদ্ শাহ (১৫৩২—০৮), তৎপরে হুমায়ুন।

উড়িয়ায় তখন সূর্যবংশীয় রাজগণ রাজত করিতেন। ১৪৬৯ স্থানীক হইতে ১৪৯৭ খৃফীক পর্যন্ত শ্রীপুরুষোত্মদেব * উড়িয়ার

এই শ্রীপুরুষোত্তমদেবই সাক্ষি-গোপাল-শ্রীবিগ্রহকে 'বিদ্যানগর' হইতে 'কটকে'
 জ্মানিয়া খাপন করেন। — তৈ: চ: «ম: প: ১১৯—১৩৩ সংখ্যা।

রাজ-সিংহাদনে অধিষ্ঠিত ছিলেন। তংপরে এপ্রতাপরুদ্রদেব ১৪৯৭—১৫৪০ খুষ্টাব্দ পর্যস্ক উডিলা শাধন করেন। এই সময় বাঙ্গালার স্থলতান হোসেন্ শাথের প্রবল্প প্রতাপ। এটিচতনা-দেবের আবিভাবের প্রায় এগার বংসর পরে এপ্রতাপরুদ্র উড়িল্লার রাজ-সিংহাদনে আরোহণ করেন এবং এটিচতনোর অপ্রকটের পরও প্রায় ছয় বংসর ইড়িল্লার রাজ-সিংহাদনে অধিষ্ঠিত ছিলেন।

শ্রীচৈতন্যের আবিভাবের পূর্ব হুইভেই বদলেশ অরাজকতার রপ্রসূমিতে পরিণত হইয়াছিল। খুষ্টীয় পঞ্চশ শতাকীর প্রথম-ভাগে (১৪১৪) রাজা গাণেশ ইলিয়াস শাহের বংশধরগণকে <mark>বিতাড়িত করিয়া বঙ্গের রাজ-সিংহাসন অধিকার করেন। রাজা</mark> গণেশের পুত্র যত্ পিতৃসিংহাসনে বসিবার পর ম্সলমান-ধর গ্রহণ করেন এবং জলালউদ্দীন মহমূদ শাহ নামে প্রিচিত হন। রাজ্যের ওম্রাহ্গণ তখন যত্র পুজ আহম্মদ্ শাহকে হতা। করিয়া ইলিয়াস্ শাহের এক বংশধরকে বঙ্গের সিংহাসনে স্থাপন করেন। ইহার পর অর্থাৎ খৃষ্টীয় পঞ্জনশ শতাক্ষার শেষভাগে হাব্শী-ক্রীতদাদগণ বঙ্গদেশে অভাস্ত ক্ষমতাশালী হইয়া উঠিয়াছিল। সুলতান ককন্টদীন্ বার্বক্ শাধ্ আফ্রিকা হই:ত হাব্মী থো জাগণকে আনয়ন করিয়াছিলেন। খ্রীতৈতন্তের আবিভাবের পৃব-পর্যন্ত অর্থাৎ ১৪৮৬ খুষ্টারু পর্যন্ত ইলিয়াস্ শাহের বংশধরণণ নানা প্রকার বিজোহ ও নরহত্যার তাওব-নূতোর মধ্যে পুনরায় বঙ্গাদেশে রাজত্ব করেন ৷ মুসলমান-নরপতিগণ অবরোধ

রক্ষার জন্ম হাব্ শী ক্লীব ক্রীতদাসদিগকে নিয়োগ করিয়াছিলেন।
সময় সময় ক্রীতদাসগণ রাজার পরম বিশ্বাসভাজন হইয়া, পরে
বিশ্বাসহস্তা ও প্রভূহত্তা হইয়া পড়িত। বঙ্গদেশে তখন কাপটা,
বড়যন্ত্র, বাভিচার, নরহত্যা, নরপতিহত্যা, ধর্মবিদ্রেষ ওঅরাজকতা
যে ভীষণ ক্রম্মতি ধারণ করিয়াছিল, তাহা বর্ণনাতীত।
অরাজকতায় অস্থির হইয়া বঙ্গদেশের হিন্দু সামাজিকগণ ও
মুসলমান আমারগণ অবশেষে আলাউদ্দীন্ হোসেন্ শাহকে
বাদশাহ বলিয়া নির্বাচন করিয়াছিলেন। ক্রীটেতত্তাদেবের সহিত
উক্ত হোসেন্ শাহের সাক্ষাংকার হইয়াছিল।

বাদ্শাহ্ হোসেন্শাহ্ তদানীস্তন যশোহরের অন্তর্গত কতেরাবাদের অধিবাদী ভরদ্বাজ-গোত্রীয় ব্রান্দাণের কুলে আবির্ভূ ত
শ্রীসনাতনকে তাঁহার প্রধান মন্ত্রীর *পদে গ্রহণ করিয়া তাঁহাকে
'সাকর্মল্লিক' (সাকর্—গঞ্জীরার্থ-বাক্যের রচয়িতা ; মল্লিক্
জ্ঞানবৃদ্ধ অথবা কূটনৈতিকশ্রেষ্ঠ, চতুর-শিরোমণি) ও তাঁহার কনিঠ
ভাতা শ্রীরূপকে 'দবির্ধাদ্'ণ(প্রাইভেট্ সেক্রেটারা) উপাধিতে
ভূষিত করিয়াছিলেন । শ্রীসনাতনের ভগ্নীপতি শ্রীকান্ত হাজীপুরে
(পাটনার অপর পারে) গ্রুবাদ্শাহের জন্ত ঘোটক ক্রেয়্ন করিবার
কার্যে নিযুক্ত ছিলেন । শ্রীসনাতন ও শ্রীরূপের কনিষ্ঠ ল্রাতা
শ্রীবল্লভ (প্রীচৈতক্তদেবের প্রদন্ত নাম শ্রীঅনুপম—শ্রীল শ্রীজীবগোস্বামিপ্রভূর পিতৃদেব) গোড়ের টাকশালের অধ্যক্ষ ছিলেন ।

^{*} टेह: ह: म: २०१० —२० ; † टेह: खा: खा: २१२१२ छ टेह: ह: म: ३१२१६

[‡] देह: हा: या: २०१७४ ।

বাদ্শাহ্ হোসেন্ শাহের উড়িয়া ও কামরূপ অভিযানের অমান্তবিক অত্যাচার দেখিয়া দ্বিরখাস ও দাকর মল্লিক বিশেব ব্যথিত হন। হোসেন শাহ উড়িক্সা আক্রমণ করিয়া উড়িক্সার দেবমন্দিরসমূহ নই করিয়াছিলেন। । কপিত হয়, এই হোসেন শাহের শিক্ষক (१) মৌলানা সিরাজ্ঞিন বা চাদকাজী তথ্য ন্বদ্বীপের শাসনকর্তা নিযুক্ত হুইয়াছিলেন। 🕩 তিনি প্রথমে নিমাইর প্রবৃতিত সংকীর্তনের বিরুদ্ধাচরণ করেন এবং আঞ্জীবাস পণ্ডিতের গুহের নিকটবতী জনৈক নাগরিকের কার্তনের খোল ভালিয়া দেন। কাজীর এলাকায় বাস করিয়া যদি কেই হরি-কীর্তন করেন, তবে তাহাকে দণ্ডিত ও জাতিভ্রুট করা ১০ইবে, —কাজী এই হুকুম জারি করেন। 🛭 তখন প্রতাপরুদ্রের রাজা উডিয়া হইতে বজাদেশে বা বজাদেশ হইতে উড়িয়ায় গমনাগমন বিপজ্জনক ছিল। পিছলুদা ১ প্যস্থ ম্সলমান রাজার তাহিকার

भ देशि छोड मह कार्य ।

^{† &}quot;To Bawa belongs the little town of Mayapur (near the Burdwan boundary) where I am told the tomb exits of one Maulana Sirajuddin, who is said to have been the teacher of Hussain Shu, king of Beugal," (Hunter's Statistical Account of Bengal, Vol. 1, P. 367)

[‡] रेहः हः आः ३वा३वम ।

[্] পিছব্দা--ব্ভমান তললুক সহরের লক্ষণে ১৪ মাইল পুরে নগ্রাট। ঐ হানে ক্ষোবাতী নদীর শেষাংশ 'হবুকী' নাম লইছা পুরিদ্ধে অবাহিত। উটা পার হ**ইয়া** 'হুই মাইল দক্ষণে 'পিছব্দা' নামক কুও আন। পুবে জপনাবারণ ও কং**নাবতীর** মোহানা গলার 'শতম্বী' নামক বিশ্বত সাধ্যগ্রামী ছল্ডাশির সহিত এক**ল নিলিত** থাকার পুর্বপার্যহিত ছত্রভাগে হইতে ভল্যানে পার ইইডা মেহিনীপুর জেলা**স্তর্গত**

ছিল। যাহাতে এক রাজার প্রজা বা এক রাজ্যের লোক আর এক রাজ্যে প্রবেশ করিতে না পারে,—এজন্ম স্থানে স্থান শূল পাতিয়া রাখা হইয়াছিল।

হোসেন্ খান্ স্থ্রিরায়ের সাহায়ে গোড়ের সিংহাসন লাভ করিয়া 'শাহ' উপাধি প্রাপ্ত হ'ন। হোসেন্ পূর্বে স্থ্রিজ-রায়ের অধীনে কর্মচারী ছিলেন এবং কোন কারণে স্থ্রিরায়ের দ্বারা দণ্ডিত হইয়াছিলেন। গোড়ের সিংহাসন লাভ করিবার পর বেগমের প্ররোচনায় স্থৃদিরায়কে জাতিভ্রষ্ট করেন। ও স্থৃদ্বিরার পরে আটিতভাগুদ্বের কুপার ধ্যাতিধন্য হইয়াছিলেন।

শ্রীতৈভাগেবের পুরীতে সবস্থান-কালে ও তাঁহার অপ্রকটের প্রায় পনর বৎসর পূর্বি ১৫১৯ খৃন্টাকে হোসেন্ শাহ্মৃত্যাবে পতিত হন। ক

শ্রীটেতত্তের আবির্ভাবের পূর্বে বাহ্মনি রাজ্যের অত্যক্ত তুর্দশা উপস্থিত হইরাছিল। বিজ্ঞাপুর বিজয়নগরের সহিত বিবাদে রত ছিল। ঐতিহাসিকগণ বলেন,—'এই যুগের বিবরণে পাওয়া যায়,
—কেবল হত্যা, লুঠন ও অত্যাচারের বীভৎস ইতিহাস।

তাংকালিক যবনাধিকারের নীমা পিছন্দায় আনা যাইত। বত্নানে ৪০০ বংসর-মধ্যে নদীর মুখগুলি লোকাগাস ও কুষিযোগ্য হওয়ায় ঐ মোহানা উক্ত গ্রাম ইইছে আয় ৮০০ নাইল দুরবঙী ইইয়াছে। একংগ ভুমলুক সহব হঠুতে মোটরযোগে ইল্দীর পারে ১০ মাইল গেলেই ঐ গ্রামে যাওয়া যায়। ঐ ভূমের গ্রাচীন শ্রীমলাহাঞ্জী শ্রীমৃতি এখনও পাথবঙী কাসিমপুর গ্রামে পুজিত ইইভেছেন।

^{*} চৈ: চ: ম: २४।১৮০---৮৬ ; † রাধ্যান্তন্য বন্দ্যোগ্যধ্যকের 'বাক্সাল্যব ইতিহার্য' । ১৯ জাল), ২৬৪-৬৫ পু:।

মেবারের রাজপুত-রাজ্য—বাহা হিন্দুর শৌর্য, বার্য, আভিজাত্য ও স্বাধীনতার উদয়গিরি বলিয়। ইতিহাসে প্রসিদ্ধ রহিয়াছে, তথায়ও অশান্তির ঘোর অন্ধকার প্রবেশ করিয়াছিল: ১৪৩৩ হইতে ১৪৬৮ খন্টাক পর্যন্ত অর্থাৎ ক্রীটে তক্তের আবিভাবের প্রায় বিশ বৎসর পূর্বে মেবারের বিখাতি মতারাণা কুন্ত মুসলমান স্বতানদিগকে পুনঃপুনঃ যুদ্ধে পরাজিত করিয়া অবংশবে নিজের পুত্রের হস্তেই প্রাণ হারাইয়াছিলেন। কুন্তের পৌত্র 'সমরশত-বিজয়ী' রাণা সংগ্রামসিতে (১৫০৮—১৫২৭ খঃ) ভারতবর্ষকে অহিন্দুগণের অধীনতা-পাশ হইতে মুক্ত করিয়া হিন্দুরাজ্য প্রতিষ্ঠার আশা পোষণ করিতেছিলেন। পালিপাথের প্রথম যুক্তে যথন বাবরের দার৷ ইবাহিম লোদী প্রাজিত হুইসেন, তখন রাণা ভাবিয়াছিলেন যে, ঐ নবাগত মোগলের বিক্লে সমস্ত রাজপুত-প্রধানকে সম্মিলিত করিয়া তাঁহার পরিকল্পনা সফল করিবেন: কিন্তু তিনি ১৫২৭ খুন্টাবেদ ফতেপুরসিকরীর নিকট খারুয়ার যুদ্দে ব্ঝিতে পারিয়াছিলেন,—পাথিব স্বাধীনভার স্বপ্ন চপলার আয় চকল। তখন শ্রীচৈত্যাদেব পরিব্রাজক-দীলার অভিনয় করিয়া নীলাচলে, দাক্ষিণাতো, কখনও বা বঙ্গে, কখনও বুন্দাবনে পরা শাস্তির উৎস ত্রীকৃঞ্চ-নাম-প্রেমের বক্সা প্রবাহিত করিতেছিলেন।

দিতীয় পরিচ্ছেদ

বঙ্গের অর্থ নৈতিক অবস্থা

অনেকের ধারণা, অর্থ থাকিলেই সব হয়—সুখ, শান্তি, ধর্ম, সকলের মূলই অর্থ। কিন্তু শ্রীচৈতন্মদেবের আবিষ্ঠাবের পূর্ব, পর ও সমসাময়িক বঙ্গের অর্থ নৈতিক অবস্থা এই ধারণাকে সমর্থন করিতে পারে নাই। শ্রীচৈতন্মের প্রকটের পূর্বে বঙ্গ-দেশের অধিকাংশ লোকের অবস্থা সচ্চল ছিল।

আফ্রিকার পরিব্রাদ্ধক ইবন্ বতুতা, মহ্মুদ্ তোগ্লকের আমলে (১৩২৫ খুফাব্রে) বঙ্গদেশের জবামূল্যের একটি তালিকা রাখিয়া নিয়াছেন। তখন বহুমান কালের প্রতিমণ ধান্য ছই আনায়, ঘৃত প্রতিমণ এক টাকা সাত আনায়, চিনি প্রতিমণ এক টাকা সাত আনায়, চিনি প্রতিমণ এক টাকা সাত আনায়, তিল-তৈল প্রতিমণ সাড়ে এগার আনায়, পানর গজ উত্তম কাপড় ছই টাকায় ও একটি ছগ্ধবতী গাভী তিন টাকায় পাওয়া যাইছ। মহা প্রভুর আবির্ভাবের অনেক পরে নবাব শায়েস্তা খার যুগেও এক টাকায় আট মণ চাউল বিক্রয় হইবার কথা আময়া প্রবাদের ছায় এখনও উল্লেখ করিয়া থাকি। সেইরূপ বা তদপেক্ষা অধিকতর স্থলভ যুগ শ্রীচৈতহদেবের আবির্ভাবের পূর্বে ও সমসাময়িক যুগে স্বপ্লের কথা ছিল না, তথাপি সেই সময়ের আধিক উল্লভাবস্থা নানাপ্রকারে বিপৎসঙ্কল ছিল।

লক্ষ্মীর বরপুত্রগণ নম্ভ ও প্রতিলেগিতামলে পুতুলের বিবাহ, পালিত কুকুর-বিড়ালের বিবাহ, পুত্রকভার বিবাহ বা মনসা-পূজা প্রভৃতিতে প্রচুর অর্থ বায় করিতেন। * বাবগারিকতা ও লৌকিক তাতেই ভাঁচাদের অর্থ নিমৃক্ত এইত। লক্ষ্মীর ওডদৃষ্টির মধ্যে বাস করিয়াও তাহারা সবদাই হয়, গ্রশান্থি ও উদ্বেশের মধ্যে থাকিতেন।

কেই কেই তখন মৃত্তিকার হাভাষ্ট্র হার্থবাশি প্রোধিত <mark>করিয়া রাখিতেন। তথাপি একদিকে রাজা, আর একদিকে</mark> দস্তা-তক্ষ্ণের স্তীপ্ন দৃষ্টি চটাত ক্ষা পাওয়া একরূপ অসম্ভব <mark>ছিল। অথ দূৰে থাকুক, তখন পতিৱতার সতীয়, মানীর</mark> আভিজাত্য ও মান লইয়া নিৱাপদে বাস কথাও কৃঠিন হইয়াছিল। স্বেচ্ছাচারী রাজার যথেচ্ছাচারিতার যুপকারে ঐ স্কল ধন, রতু, স্ত্রী, সম্মান বে-কোন সমার বলি নিবার জন্ম সকলকৈ প্রস্তুত হুইয়া থাকিতে হুইত। ইতিহাসের বহু বহু ঘটনা এবিষয়ে প্রতাক সাক্ষা দিবার জন্ম প্রস্তুত বহিয়াছে :

^{*} বমা-দৃষ্টলাতে স্বলোক সূথে বসে: eng করি' বিষহার পান্তে কোন জন . ধন নয় কৰে পুত্ৰ-কন্মাৰ বিভাগ।

रार्थ काल साह माहि र'वहात-इटम ह পথলি কংয়ে কেছো দিয়া বহু ধন। এটা মত কল্যান্ত বাৰ্ম কলে যায় ব

⁻⁻⁻ हिं सा सा शबर कर, ७०

তৃতীয় পরিচ্ছেদ

বিকা ও সাহিত্য-চর্চা

শ্রীচৈতক্ষের আবির্ভাবের পূর্বে ও তৎকালে বিচ্চা ও সাহিত্য-**চর্চার বিশেষ সমাদর ছিল। তখন বঙ্গদেশ, বিশেষতঃ নবছীপ** বিছা ও সাহিত্য-সাধনার প্রধান পীঠস্থান হইয়া উঠিয়াছিল। নবদ্বীপের ঘরে ঘরে পণ্ডিত ও 'পড়ারা' (ছাত্র) বাস করিতেন। বালকও ভট্টচার্য-পণ্ডিতের সহিত বিচার-যদ্ধে প্রতিযোগী হইত। ঘট-পটের বিচার লইয়া কালপেক্ষ করাই মহা-গৌরবের কার্য বলিয়া বিবেচিত হইত। নবদ্বীপে ক্যায়শাস্ত্র পড়িবার জন্ম নানাদেশ হঠতে লোক আসিতেন। নবদ্বীপের বিশ্ববিভালয়ে পাঠ সমাপ্ত না করিলে কেহই সর্বশ্রেষ্ঠ বিদ্বান বলিয়া প্রতিষ্ঠা পাইতেন না। নবদ্বীপে গ্রীগঙ্গালাস পণ্ডিতের স্থায় প্রবীণ বৈয়াকরণ, শ্রীগদাধর পণ্ডিত ও শ্রীমুরারিগুপ্তের তায় নৈয়ায়িক ও কবি, শ্রীসার্ব,ভাম ভট্টাচার্যের ন্থায় বৈদান্তিক এবং তৎপূর্বে লক্ষণদেনের সভা-বিভূষণ শ্রীজয়দেবের ন্যায় সর্বশ্রেষ্ট মহাক্বি আবিভূতি ইইয়াছিলেন। জ্ঞীল বন্দাবনদাস ঠাকুর এই সময়ের নবন্বীপের এইরূপ একটি চিত্র অন্ধন করিয়াছেন,---

> ত্রিবিধ-বন্ধসে একজাতি লক্ষ-লক্ষ। সরস্বতী-প্রসাদে সবেই মহা-দক্ষ॥ সবে মহা-অধ্যাপক করি' গর্ব ধরে। বালকেও ভট্টাচার্য-সনে কক্ষা করে॥

নানা-দেশ হৈতে লোক নবদাঁপে যার।
নবদাঁপে পড়িলে সে 'বিস্তারদা পার।
অত্তরে পড়ুরার নাঠি সমূক্তর
লাক-কোটি অধ্যাপক,—নাঠিক নিশ্চর
শাস্ত পড়াইর। সবে এই কম কবে
শ্রেতির সঠিত যম-পাশে ভূবি' মরে।

-- ট্রা ভা: আ: ২(০৮.৬১, ৬৮

শীরৈতন্তের সমসাময়িক লেখক শ্রীক্বিকর্ণপূরও এই সময়ের সামাজিক ইতিহাস এইরূপ বর্ণন করিয়াছেন,—

অভ্যাসান্য উপাধি-জাতাগুমিতি-বাংগুণিলি-শাধিবলৈ জন্মারভা স্তদ্র-দ্রভগবদাতাপ্রসন্স মনী যে যতাধিক-কল্পনাকুশলিনায় তব বিদ্রমাঃ স্বীয়ং ক্লেন্দ্রে শাস্ত্রমিতি হে জানামায়ে তাকিক্টে :

— ট্রাচডভারত্রেদের-মাটক ২ছ জঃ, এর্থ সংখ্যা

তাকিকগণ অভ্যাসবলে জন্মকাল হইতে কেবল 'ছাতি', 'অনুমিতি', 'উপাধি', 'বাাপ্তি' প্রভৃতি শব্দের আলাপ করিতেছেন; ভগবৎ-কথা-প্রসঙ্গ ইহাদের নিকট হইতে অতি বৃরে পলায়ন করিয়াছে। যিনি যত অধিক কর্মা-নিপুণ, তিনি ওত শ্রেষ্ঠ পণ্ডিত বলিয়া বিবেচিত। ইহারং নিজ-নিজ ক্র্মাকেই শাস্ত্র মনে করিয়া থাকেন।

তদানীস্তন সাহিতা-ভাওারের বারোক্যাটন করিলে যোগি-পাল-ভোগিপাল-মহীপালের গীত, মনসার গান, শীতলামঙ্গল, মঙ্গল্ টী-বিষহরির পাঁচালী, শিবের ছড়া, ডাকপুরুষ ও বনার:

বচন প্রভৃতি গ্রামা ও লৌকিক সাহিত্য-সম্ভারই অধিকভাবে দৃষ্টিপথে পতিত হয়। মহাভারত ও রামায়ণের সাহিত্যকেও নানাপ্রকার কল্পনা, ভত্তবিরোধ ও রসাভাস-দোবের ভূলিকার সংযোগে মূল রামায়ণ ও মহাভারতের বর্ণনা হইতে পুথক্ করিয়া লৌকিক-সাহিত্যের তায়ই আমোদ-প্রমোদের উপযোগী করা হইয়াছিল। সুসাহিত্যের এইরূপ ছভিক্লের দিনে ন্ব-বসস্তের প্রফুল্ল প্রভাতের প্রাকালে পিক-পক্ষীর অস্পষ্ট কাকলীর স্থায় :মধুর-কোমলকান্ত-পদাবলীর ঝন্ধারে খ্রীজরদেব, খ্রীগুণরাজ খান প্রভৃতি সতিমর্তা সাহিত্যিকগণ শ্রীগোরচন্দ্রের আগমনী-গীতি গান করিবার জন্ম বঙ্গের সাহিত্য-রঙ্গমঞ্চে অবতীর্ণ হইলেন। কুলীনগ্রামবাদী শ্রীমালাধর বন্থ ১৪৭৩—৭৪ খুক্টাব্দে অর্থাৎ শ্রীটেতক্তের আবির্ভাবের প্রায় তের বৎসর পূর্বে শ্রীমদ্বাগবতের দশম ও একাদশ স্কংরর বাঙ্গালা পভারুবাদ—'শ্রীকৃঞ-বিজয়' প্রত আরম্ভ করিয়া ১৪৮০—৮১ খুন্টাবেদ অর্থাৎ শ্রীচৈত্যক্তর আবির্ভাবের প্রায় ছয় বংসর পূর্বে সমাপ্ত করেন * এবং গৌড়াধিপতিদ্বারা 'গুণরাজ খান' টপাধিতে ভূষিত হ'ন। ব প্রসিদ্ধ গৌড়েশ্বর 'হোসেনশাহ্' গৌড়ের সিংহাসন অলঙ্গত করিবার

পূর্বেই 'ব্রীকৃষ্ণবিজয়' গ্রন্থ-রচনা সমাপ্ত হয় । স্কুতরাং উক্ত গ্রন্থের ভণিতায় বাবহাত গৌড়েশ্বর-প্রদত্ত 'গুলরাজ খান্' উপাধি অক্ত কোনও পূর্ববর্তী গৌড়েশ্বর প্রদত্ত হইবে। কেই কেই বলেন,—ঐ সময় গৌড়ের সিংহাসনে শমন্ট্দীন ইটসক্ শাহ্ (১৪৭৪—৮২) বিরাজিত ছিলেন। তিনিই ব্রীমালাধর বস্থুকে 'গুণরাজ খান্' উপাধি প্রদান করেন। ভাষার কাহারও মাত ঐ গৌড়েশ্বর—স্বলতান ক্র্নুদ্দীন্ বাব্বক্ শাহ্ (১৪৫৯—১৪৭৪)। ক

শ্রীতৈত্তাদের ধখন গৌড়ে রামাকলিতে গমন করেন, তখন তাহার ঐথর্থে মুগ্ধ হইয়া হোদেন্ শাহ্ শ্রীতৈত্তাকে 'সাক্ষাৎ' ভগবান্' বলিয়া খীকার করিয়াছিলেন

- marie traver

চতুর্থ পরিচ্ছেদ সামাজিক অবস্থা

শ্রীটেতরোর আবিভাবের পূর্বে ও ভাঁহার সমসাময়িক যুগে সমাজের মেরুলও বর্ণাশ্রামের অবস্থা নানাভাবে পক্ষাঘাতগ্রস্ত হুইয়াছিল। শ্রীকবিকর্ণপূর, ঠাকুর শ্রীরন্দাবন ও শ্রীকবিরাজ গোস্থামি-প্রভু এই সময়ের যে সামাজিক চিত্র সঞ্চন করিয়াছেন,-

শ ডাঃ মহম্মদ্ শহীদুলাহ . † ভাঃ সুবুমার দেন-প্রণীত 'বাংলা-সাহিত্যের'
ইতিহাস', ২র সং, ১০৭ পৃঃ।

তাহা হইতে জানা যায় যে, সমাজের মধ্যে তখন কলির 'ভবিষ্যু আচার প্রবেশ' করিয়াছিল। সামাজিক ব্রাহ্মণগণ স্ত্রমাত্র-চিহ্ন ধারণ করিয়া কেবল দান-প্রহণ-কার্যে ব্যস্ত ছিলেন, ক্ষত্রিয়গণ প্রজা-রক্ষায় অসমর্থ হইয়া কেবল 'রাজা' উপাধি-মাত্র সম্বল করিয়াছিলেন, বৈশ্যগণ বৌদ্ধ বা নাস্তিক হইয়া পড়িয়াছিলেন, শুদ্রগণও ব্রহ্মবৃত্তির বিক্তান্ধ দণ্ডায়মান হইয়াছিলেন।

চারিবর্ণের স্থায় চারি আশ্রামেরও অবস্থা শোচনীয় হইয়া পডিয়াছিল। বিবাহে অক্ষম হইয়াই লোকে 'ব্ৰহ্মচারী' অভিমান করিতেছিল, গৃহস্থগণ অন্তান্ত আশ্রমীর প্রতি যথোচিত কর্তব্য-পালনে বিমুখ হইয়া নানাপ্রকার অধর্মের সহিত স্ত্রী-প্রাদির উদর-ভরণে ব্যস্ত ছিল। 'বানপ্রস্থ' শব্দটি কেবল নামে-মাত্র শুনা যাইতেছিল। "পঞ্চাশার্দ্ধং বনং ব্রজেৎ"--- অর্থাৎ পঞ্চাশ বৎসরের পরে বনে গমন করিবে,—এই কথা কেবল পুঁথিগত হইয়া রহিয়াছিল, সন্ন্যাসীর অভিমান করিয়া কতকগুলি লোক সন্ন্যাসের পবিত্র বেবের অপব্যবহার করিতেছিল, উহাকে জীবিকার্জনের যন্ত্র করিয়া তুলিয়াছিল। কেবল পরস্পরের মধ্যে বিদ্যাকুলের অহন্ধার,বিষয়-সুখভোগের প্রতিযোগিতা,মগ্র-মাংস-দ্বারা অবৈদিক দেবতাগণের পূজাদি-আজ্মর প্রদর্শন করিরা লোকসমূহ আত্মগোরব অমুভব করিতেছিল। হরিনদী-গ্রামের 'হুর্জন ব্রাহ্মণ' (চৈ: ভা: গা: ১৬/২৬৭), 'পাষণ্ডি-প্রধান' গোপাল চাপাল (চৈ: চ: আঃ ১৭৩৭), 'আরিন্দা ব্রাহ্মণ' * গোপাল চক্রবর্তী

অবিন্দা —পত্র ও বালক র বাহক-পেরাদা।

(চৈঃ চঃ অঃ ৩৷১৮৮), ব্রহ্মবন্ধু রামচন্দ্র খান্ (চৈঃ চঃ অঃ ৩৷১০১)
প্রভৃতি তদানীস্তন কয়েকটি সমাজ-নায়কেব চিত্র অন্ধন করিয়া
ঠাকুর ব্রীরন্দাবন ও ব্রীকবিবাজ গোপামী প্রভৃ তদানীস্তন
বহিমুখি বর্ণাশ্রম ও সমাজের অবস্থা দেখাইয়াছেন ৷ ব্রীক্রীবাস
পণ্ডিত নবদ্বীপে নিজের হারে বলিয়া উচ্চৈংকরে হরিনাম কীর্তন
করিতেন, তাহা তদানীস্তন তথাকথিত হিন্দু-সামাজিকগণের
অসহনীয় হইয়াছিল,—

'কেন বা ক্রাঞ্বে নৃত্য, কেন বা কীর্ত্রন ? कांद्र दा देरकृद दलि, किस्ता मुस्की ईन। কিছু নাহি জানে লোক ধন-পুল্ল-আশে। সকল পাষ্ডী মেলি' বৈঞ্চবেরে হাসে। চারি ভাই শ্রীবাস মিলিয়া নিজ-ঘরে। নিশা হৈলে হরিনাম গায় উচ্চৈঃস্বরে । क्षित्रा भाव औ रतन,- "इहेन अयान ! ত বান্ধণ করিবেক গ্রামের উৎসাদ। মহা-তীত্র নরপতি যবন ইহার। এ আখ্যান ভনিবে প্রমান ননীয়ার॥" কেহ বলে,—"এ প্রাহ্মণে এই গ্রাম হৈতে। ঘর ভাঙ্গি যুচাইখ্য ফেল্টেম্ প্রোতে।। এ বামনে ঘুচাইলে গ্রামের মঞ্চল। অন্তথা যুবনে গ্রাম করিবে কবল ॥"

ভদানীস্তন হিন্দু-সমাজ উচ্চ কীর্তনের বিরোধী ছিল। হরি-কীর্তনকারী পারমাথিক বৈষ্ণবর্গণ সর্বক্ষণ কর্মী স্মার্ত-সমাজের উপহাস ও নির্যাতনের পাত্র হইরা পড়িয়াভিলেন—

সর্বদিকে বিষ্ণুভজ্তি-শৃন্ত সর্বজন।
উদ্দেশ্যে না জানে কেং কেমন কার্তন।
কোপাও নাহিক বিষ্ণুভজ্তির প্রকাশ।
কৈঞ্চনের সবেই করয়ে পরিহাস।
আপনা-আপনি সব সাধৃগণ মেলি'।
গারেন শ্রীক্লজনাম দিয়া করতালি।।
তাহাতেও তুইগণ মহা-ক্রোধ করে'।
পাযতী পাবতী মেলি' বলগিয়াই মরে॥

--- हें: जा: जा: ५७।२४२-२४४

সমাজ তখন উচ্চ হরিকীর্তনকারী বিশ্ব-বন্ধুগণকে বিশ্ববিরী মনে করিয়া তাঁহাদের প্রতি নানাপ্রকার কটুবাক্য প্রয়োগ করিত। কোন কোন সামাজিক ব্যক্তি ভক্তগণের উচ্চ কীর্তনের কলে দেশে ছভিক্ষের প্রকোপ আশক্ষা পর্যন্ত করিতেন।—

> "এ বামনগুলা রাজ্য করিবেক নাশ! ইহা স্বা' হৈতে হ'বে তুভিক্ষ-প্রকাশ॥ এ বামুনগুলা সব মাগিয়া খাইতে। ভাবুক-কীর্তন করি' নানা ছল পাতে'॥ গোসাঞির শহন বরিষা চারি মাস। ইহাতে কি যুয়ায় ডাঞ্চিতে বহু ডাক?

নিদ্রা-ভঙ্গ হইলে কুদ্ধ হইবে গোদাঞি।
ছডিফ করিবে দেশে,—ইথে দিখা নাই এ"
কেহ বলে,—"যদি ধান্ত কিছু মূলা চড়ে।
তবে এ-গুলারে ধরি' কিলাইমু ঘাড়ে।"
— চৈ: ভা: আ: ১৮৭২৪১-২১০

বহিম্প সমাজের নিকট হরিকীর্তন সার্বকালিক কুত্য বলিয়া পণ্য হইত না। কোন বিশেষ দিনে ব্যবহারিক গতামুগতিক-রীতি অনুসারে কোন কোন স্থানে প্রাণহীন হরিকীর্তন অ্ঞাক্ত কাম্যকর্মের অনুষ্ঠানের স্থায়ই অনুষ্ঠিত হইত,—

> কেহ বলে,—"একাদনী-নিশি-জাগরণে। করিবে গোবিন্দ-নাম করি' উচ্চারণে। প্রতিদিন উচ্চারণ করিয়া কি কাজ ?" এইরূপে বলে যত মধ্যস্থ সমাজ।

> > —हिंद खाँ: अवारका-२०३

হিন্দু-সামাজিকগণ শুদ্ধভক্তের উচ্চকীর্তন ও রভ্যকে অশাস্ত্রীয় বলিয়া অভিমত প্রকাশ করিতেও দ্বিধা বোধ করিতেন না; জ্ঞানযোগ পরিত্যাগ করিয়া উদ্ধতের (?) তায় হরি-কীর্তনে রত্য ও অকুত্রিম ভাবোদয়কে 'ভণ্ডামি' মনে করিতেন,—

গুনিলেই কীর্তন, কররে পরিহাস।
কেহ বলে,—"সব পেট পুষিবার আশ ॥"
কেহ বলে,—"জ্ঞান-যোগ এড়িয়া বিচার।
উদ্ধতের প্রার-নৃত্য,—এ কোন্ ব্যভার ?"
কেহ বলে,—"কত বা পড়িলুঁ ভাগবত।
নাচিব, কাঁদিব,—হেন না দেবিলুঁ প্র

প্রাবাস-পণ্ডিত চারি ভাইর লাগিয়া।
নিদ্রা নাহি যাই, ভাই! ভোজন করিয়া॥
ধীরে-ধীরে 'কৃষ্ণ' বলিলে কি পুণ্য নহে?
নাচিলে, গাইলে, ডাক ছাড়িলে কি হয়ে ?"

—হৈ: ভা: আ: ১১/৫৩-৫৭

নদীয়ার লোক অনেক সময় উচ্চকীর্তনের বিরুদ্ধে প্রতিবাদ করিয়া বলিতেন.—

"আমি—'ব্রন্ধ', আমাতেই বৈসে নিরঞ্জন।
দাস-প্রভু-ভেদ বা করয়ে কি কারণ ?"
সংসারি-সকল বলে,—"মাগিয়া খাইতে।
ডাকিয়া বলগ্রে 'হরি' লোক জানাইতে॥"
"এ-গুলার ঘর-দার ফেলাই ভাঞ্মিয়া।"
—এই যুক্তি করে সব-নদীয়া মিলিয়া॥

—চৈ: ভা: জা: ১৬।১১-১৩

সমাজ তখন ধন-পুত্র-বিভারদে ও নানা-জড়বিলাদে মত ছিল ৷ পারমাথিক বৈঞ্চব দেখিলেই সামাজিকগণ নানাপ্রকার বিদ্রূপাত্মক ছড়া আর্ত্তি করিত এবং অধিকাংশ ব্যক্তিই মনে করিত,—'তুনিয়ার লোকের ন্থায় যতি, তপস্থীও তুইদিন পরে মরিয়া যাইবে; অতএব ভোগ করিয়া যাওয়াই বৃদ্ধিমানের কার্য! যাঁহারা সংসারে দোলা ও গাড়ী-ঘোড়ায় চড়িতে পারেন, বাঁহাদের অগ্রপশ্চাৎ দশ-বিশ জন লোক গমন করে, তাঁহারাই মহা-পুণ্যবান্ ও ধার্মিক! যে ধর্মের আচরণে নিজের দারিজ্ঞা-তুঃধ ও দেশের তুভিক্ষ বিদ্রিত না হয়, দেশের ও দশের স্থ-স্বিধা না হয়, তাহা ধর্মের মধ্যেই গণ্য নহে! উচ্চকীর্তনের দ্বারা ভগবানের শান্তিভঙ্গ হয়, স্তত্যাং তিনি ক্রেন্ধ হইয়া জগতে তুর্ভিক্ ও নানাপ্রকার অস্ত্রিধা প্রেরণ করেন!

.

জগৎ প্রমন্ত—ধন-পুত্র-বিফা-রদে।

বৈশ্বর দেখিলে মাত্র সবে উপহাসে।

আর্থা-তর্জা পঢ়ে সবে বৈক্ষর দেখিলা।

"যতি, সতা, তপস্বীও ঘাইবে মরিয়া॥

তা রে বলি—'সুকৃতি' যে দোলা-ঘোড়া চড়ে।

দশ-বিশ জন যার আগে পাছে রড়ে॥

এত বে, গোসাঞি, ভাবে করহ ক্রন্দন।

তব্ ত দারিদ্রা-ত্রধ না হয় বঙ্ক !

ঘন-ঘন 'হরি হরি' বলি' ছাড় ডাক।

ক্রেম্ব হয় গোসাঞি গুনিলে বড় ডাক॥

_—হৈ: ভা: আ: ৭।১৭ ২১

শ্রীচৈতন্তের আবির্ভাবের পরেও নবদ্বীপের তথাকথিত হিন্দুগণ অহিন্দু কাজীর নিকট নিমাইর উচ্চকীর্জনের বিরুদ্ধে অভিযোগ করিতে উপস্থিত হইয়াছিলেন। "নিমাই গয়৷ হইতে ফিরিয়া অভিনব উচ্চকীর্জন প্রচার করিয়৷ 'হিন্দুর ধর্ম' নফ্ট করিয়৷ দিতেছেন, নাগরিকগণকে 'পাগল' করিয়৷ তুলিতেছেন, হরিকীর্তনের ঘারা রাজিতে নিদ্রার ব্যাঘাত জন্মাইতেছেন এবং নানাভাবে শান্তিজঙ্গ করিতেছেন।"—ইহ৷ কাজীর নিকট জানাইয়৷ নিমাইকে নবদ্বীপ হইতে বহিদ্ধুত করিবার যুক্তি দিয়াছিলেন,—

হেনকালে পাষণ্ডী হিন্দু পাঁচ-সাত আইল ॥ षाति' करह,—" दिन्तृत धर्म छोजिल निर्माधि । ্ব-কীর্তন প্রবর্তাইল, কতু শুর্নি নাই॥ মঙ্গলচণ্ডী, বিষহরি করি' জাগরণ। ত।'তে ৰুত্য, গী, গ, বান্ধ—যে ন্য আচরণ॥ পূর্বে ভাল ছিল এই নিমাই পণ্ডিত। গয়া হৈতে আসিয়া চালায় বিপরীত॥ উচ্চ করি' গায় গীত, দেয় করত, ল। মদক-করতাল-শব্দে কর্ণে লাগে তালি॥ না জানি, কি খাঞা মত্ত হঞা নাচে, গায়। হাসে, কান্দে, পড়ে, উঠে, গভাগভি যায়॥ নগরিয়া পাগল কৈল সদা সংকীর্তন। রাত্রে নিদ্রা নাহি যাই, করি জাগরণ॥ 'নিমাঞি' নাম ছাড়ি' এবে বেলায় 'গৌরহরি'। हिन्पूत धर्म नष्टे किल भाषा जी मकाति'॥ क्रस्थत कीर्जन करत' मोठ वांफ्-वांफ्। এই পাপে নবদীপ হইবে উজাড়॥ হিন্দুশান্তে 'ঈশ্বর'-নাম-মহামত্ত জানি। সর্বলোক তুনিলে মন্ত্রের বীর্য হয় হানি॥ প্রামের ঠাকুর তুমি, সব তোমার জন। নিমাই বোলাইয়া তা'রে করহ বর্জন।"

-- कि: हः जा: ३११२०७-२३७

পঞ্চম পরিচ্ছেদ

ু ধর্মজগতের অবস্থা

শ্রীচৈতগুদেবের আবিভাবের পূর্বে পারমাথিক-ধর্মজগতের অবস্থা নানাপ্রকার কাল্লনিক-ধর্ম ও কাপটোর আবরণে আবৃত হুইয়া পড়িয়াছিল। ব্যবহারই পরমার্থের স্থান অধিকার করিয়াছিল। তথন ভারতের অন্তান্ত স্থানে যে-কিছু পারমার্থিক ধর্মের আলোচনা হিল, তাহাও প্রবল অসদ্ধ্রের মতবাদ-সমূহের সহিত সংগ্রামে কত-বিক্তত হইয়া শুদ্ধতা-সংব্লণে অসমর্থ ও কীণজীবী হটয়া পডিয়াছিল! দাক্ষিণাতো শ্ৰীষামুনাচাৰ্য ও জ্রীরামানুজাচার্য যে ধর্ম প্রচার করিয়াছিলেন, তাহা পরে রামানন্দি-শাখায় প্রবাহিত হইলে তাহাতে অলক্ষিতভাবে 'মায়া-বাদ' প্রবেশ করিয়াছিল; এমন কি, পরবতিকালের জ্রীরামানুক্ত-সম্প্রদায়ের আচার-প্রচারের মধ্যেও স্মার্ড-মাচারের নাুনাধিক আদর ও পারমাথিকগণের প্রতি জাতিবৃদ্ধি-প্রভৃতির বিচার লক্ষিত হইয়াছিল। শ্রীরামানুঞ্জের পূর্ববর্তী আচার্য **'গুদ্ধাবৈতবাদ'**-প্রচারক দেবত মু প্রাবিষ্ণুস্বামী যে ধর্মতত্ত্ব প্রচার করিয়াছিলেন, তাহাও লিঙ্গায়েৎ-সম্প্রদায়ের সহিত সজ্বর্ষের ফলে কতকটা বিদ্ধাবৈতবাদের দ্বারা আক্রান্ত হইয়াছিল। আচার্য শ্রীবিঞ্চু-স্বামীর শুদ্ধাবৈতবাদ-প্রচাবের জয়তন্ত-স্বরূপ 'সর্বজ্ঞ-সূক্ত'-নামক বেদাস্তভায়াও কালক্রেমে কেবলাবৈতবাদের ভাষ্যগ্রাম্থ

পর্যবসিত হইরা পডিয়াছিল। এমন কি, শুদ্ধভক্ত্যেকরক্ষক শ্রীশ্রীধরস্বামিপাদকে 'মায়াবাদী' বলিয়া প্রচারেরও যথেষ্ট চেষ্টা হইয়াছিল। শ্রীমন্মধ্বাচার্য যে 'দ্বৈতবাদ' প্রচার করিয়াছিলেন, তাহাও তত্ত্বাদি-শাখায় কিঞিৎ অন্তর্মপু ধারণ করিয়াছিল।

শ্রীকবিকর্ণপূর তাঁহার 'শ্রীচৈতক্সচন্দ্রোদয়-নাটকে' শ্রীচৈতক্স-দেবের আবির্ভাবের পূর্বে ধর্মজগতের অবস্থা বিস্তারিতভাবে বর্ণন করিয়া, তৎকালে পারমার্থিক-ধর্মের পরিবর্তে ধর্মধ্বজিতা ও কপট-বৈরাগ্য কিরূপ নাট্য-পোষাক গ্রহণ করিয়াছিল, তাহা প্রদর্শন করিয়াছেন,—

জিহ্বাত্তেপ নলাট-চন্দ্ৰজ-স্থাসন্দাধ্বরোধে মহদাক্ষ্যং বাঞ্জাতো নিমীলা নহনে বদ্ধাসনং ধ্যায়তঃ।
তাত্যোপাত্তনদীতটক্য কিমন্নং ভক্ষঃ সমাধ্যেরভূৎ
পানীয়াহরণপ্রবৃত্ততক্ণী-শঙ্খক্ষনাকর্ণনৈঃ॥
ৢতদিদদ্দরভরণায় কেবলং নাটামেতক্য।

—टेंड: ठ: नां: २ ग्र का:, ७ के मरशा

এই বাজি নদীতটে যোগাসনে বসিয়া নেত্রদ্বয় মুদ্রিত করিয়া ধাানপরায়ণ ছিলেন এবং আজ্ঞাচক্রেস্ত চক্রজাত সুধাক্ষরণেব পথ জিহ্বাগ্রদ্বারা অবরোধ করিতে মহাদক্ষতা দেখাইতেছিলেন: হঠাৎ জলগ্রহণে আগতা কোন যুবতীর শল্প-বলয়ের ঝনৎকারে কি উহার সমাধি-ভঙ্গ হঠল!

অতএব ঐ ব্যক্তির যোগক্রিয়ার এইরূপ প্রদর্শনী কেবল উদরভরণের অভিনয়!

তখন পুণাকামী লোকের তীর্থবাত্রার প্রতি আদর ছিল। কিন্তু ইহা অনেক সময়ই প্রীহরিকথার ক্রচি-উৎপাদন ও সাধ্সঙ্গ-লাভের উদ্দেশ্যে না হইয়া দেশভ্রমণরূপ কাম-কৌত্হল চরিতার্থ করিবার জন্মই অমুষ্ঠিত হইত। কে কতবার আকুমারিকা-হিমাচল ভ্রমণ করিয়াছেন, কে কয়বার বজীনারায়ণ গমন করিয়াছেন, কে কত তীর্থে স্নান-দান করিয়াছেন, ইহা লইয়াই পুণাকামিগণ রুখা পর্ব করিবেতন।

> গঙ্গা-ছার-গ্যা-প্রাগ-মধ্রা-ক্রিণ্নী-পুদ্র-শ্রীরঙ্গোত্তরকোশনা-বদরিক'-সেতু-প্রভাসাদিকাম I অকেटेनर পরিক্রমৈস্তিচতুরৈ স্থীর্থাবলীং পর্যট-ন্নকানাং কতি বা শতানি গমিতালুমানুশানেতু কঃ॥

--- रेहर हर मार २व जर, १व मरथा -

আমি গলা, হবিদার, গয়া, প্রয়াগ, মথ্রা, কানী, পুরুর, শ্রীরঙ্গম্, অযোধ্যা, বদরিকা, দেতৃবন্ধ ও প্রভাসাদি ভীর্থসমূহ প্রতিবংসর তিন-চাথিবার করিয়া পর্যটন করিতে করিতে এ-পর্যন্ত কত শত বৎসর কাটাইলাম, আমাদের স্থায় মহা-পুরুষকে কে চিনিতে পারে?

খৃষ্টীয় চতুর্দশ শতাব্দীতে শ্রীবামানন্দ তাঁহার ধর্ম প্রচার করিয়াছিলেন। 🛎 তিনি শ্রীশ্রীসীতা-রামের উপাসনা প্রচার এবং 'জমায়েৎ বা 'রামায়েৎ' সম্প্রদায় করেন। তাঁহার মত শ্রীরামানুজ-

নাভাদােশর হিন্দী ভিক্রমানে'র টাকাকাব 'বাতিকপ্রকাশে'র রচয়িতা ১৬০০ খৃষ্টাকের মাঘমাদের কৃঞা দপ্তমীতে গ্রয়াগে শ্রীবামানলের আবির্তাবের কথা বলিহাছেন। তাঁহার মতে,- ঐরামানন ১৪৮ বংসর জীবিত ছিলেন। ফকুইর

পিক্তম-

সম্প্রদায়ের মত হইতে কতকটা স্বতন্ত্র হইয়া পড়িয়াছিল। বৈফব-সিদ্ধান্ত-অনুসারে তিনি ভগবৎপ্রসাদে ও ভগবানের সেবকের মধ্যে স্পর্শদোষ-বিচার ও জাতিবৃদ্ধি করিতেন না বটে. কিন্ত তাঁহার প্রচারের মধ্যে চরমে ভগবানে লীন হইয়া যাইবার नानाधिक विष्ठांतरे प्रविद्ध शांखशा शांश i* वखां , शक्तरेवक्षव-ধর্মে ভগবানে লীন অর্থাৎ তাঁহার নিত্য-দেবা হইতে বঞ্চিত হইবার কোন কথা বিন্দুমাত্রও স্থান পায় নাই।

শ্রীরামানন্দের বারজন প্রধান শিয়্যের মধ্যে কবীর একজন। ইনি বস্ত্রবয়নকারী কোন মুসলমানের পুত্র ছিলেন। তিনিও চরমে নিবিশেষ-মতই স্থাপন করিয়া গিয়াছেন। ণ তাৎকালিক রাজনৈতিক অবস্থা দেখিয়া তিনি হিন্দু ও মুসলমানের মধ্যে সন্তাবস্থাপনের জন্ম 'হিন্দু ও মুসলমানের একই ঈশ্বর'—এই মত প্রচার করেন।

কেহ কেহ বলেন,—কবীরের মতবাদের উপরই নানক পঞ্চদশ শতাকীতে 'শিখ্'-সম্প্রদায় ‡ প্রতিষ্ঠা করেন। তিনি হিন্দু ও মুসলমান উভয় ধর্মত হইতে কিছু কিছু নৈতিক উপদেশ নাহেবের মতে,--রামানন্দ ১৪২৫ অথবা ১৪৩০ খুষ্টাব্দের নিকটবর্তী সমরে ধর্ম প্রচার করিয়াছিলেন।

^{*} অনেকে শ্রীগ্রামানলকে বিশিষ্টাবৈতবাদী বলিবার পরিবর্তে প্রচল্প অবৈতবাদী বনিবারই পক্ষপাতী। ফ্রুহর সাহেব প্রভৃতি পাশ্চান্তা পণ্ডিভগণেরও এই মত।

[†] আধুনিক রামানলিগণ চুইতন কবীরের কথা বলেন। তাঁহাদের মতে নির্বিশেষ-বাদী কবীর, কবীরপদ্বিদলের প্রবর্তক এবং পূর্ববর্তী মূল-কবীর বা রাম-কবীরই শীরামানন্দের শিবা।

^{🕹 &#}x27;শিথ'-শব্দের অর্থ--শিষ্য। নানক লাহোরের নিকটবর্তী 'ভালবন্দী' গ্রামে (বর্তমান 'নানাকানা'তে) জন্মগ্রহণ করেন।

সংগ্রহ করিয়া উভয়ের সংমিশ্রণে একটা রাজনৈতিক ধর্ম সৃষ্টি করিয়াছিলেন। ভারতের তদানীন্তন রাজনৈতিক সম্বর্ষ ও বিদ্বেষের দিনে নানকের আবির্ভাবের প্রয়োজন হইয়াছিল। ঐতিচতগুদেবের আবির্ভাবের কিছুকাল পূর্বেই নানকের অভাদয়-কাল।

রামানন্দ ও কবীর প্রধানতঃ উত্তর ভারতে এবং নানক পাঞ্জাবে তাঁহাদের ধর্মত প্রচার করেন। ষেই সময় সনাতন-ধর্ম-ক্ষেত্র ভারতবর্ষ হাজ্নৈতিক সমরানলে ধূমায়িত হইয়া উঠিয়াছিল, দেই সময় হিন্দু ও মুসলমানের বিশ্বেষভাবকে সাময়িক-ভাবে প্রশমিত করিবার লৌকিক উদ্দেশ্যে তদমুষায়ী ধর্ম-মতবাদ প্রচারিত হইয়াছিল বটে; কিন্তু রামানন্দ, কবীর বা নানকের আপাত উদার-ধর্মের যাতু মস্ত্রের প্রভাবেও হিন্দু-মুসলমানের মধ্যে প্রীতি-স্থাপনের চেষ্টা চিরস্থায়ী হয় নাই। শিখ্-সম্প্রদায়ের পঞ্ম গুরু অজুন প্রাণদণ্ডে দণ্ডিত হইলে তাঁহাদের প্রচন্ত্র রাজনৈতিক ধর্মকে তাঁহারা আর তখন গুপ্ত রাখিতে চাহিলেন না। অজুনের পুত্র হরগোবিন্দ শিখ্দিগকে রীতিমত যুদ্ধবিভা শিকা দিয়াছিলেন। নবম গুরু তেগ্বাহা**ত্র** ু স্বধর্মের জন্ম শির দিয়াছিলেন। তাঁহার পুত্র গুরুগোবিন্দ সিংহের শিক্ষায় শিখেরা তুর্ধর্য সামরিক জাতিতে পরিণত হইয়াছিল। ১৭০৮ খুফীকে শিখ্দিগের শেষ গুরু গুরুগোবিন্দ আতভায়ীর হস্তে নিহত হ'ন।

যখন ভারতের অঞান্য স্থান রাজনৈতিক-ধৃমে আচ্ছন্ন হইয়া পড়িয়াছিল, তখন বঙ্গদেশেও উহার প্রভাব বিস্তৃত হইরাছিল।

তখকার ধর্মের অবস্থার চিত্র ঠাকুর প্রী.বৃন্দাবনের তৃলিকায় এইরূপ অঙ্কিত দেখিতে পাই.—

ধর্ম-কর্ম লোক সবে এই মাত্র জানে।
মঙ্গলচণ্ডীর গীতে করে জাগরণে।
যেবা ভট্টাচার্য, চক্রবর্তী, মিশ্র সব।
তাঁহারাও না জানে সব গ্রন্থ-অন্তভব।

শান্ত্র পড়াইয় সবে এই কর্ম করে'।
শ্রোতার সহিত ষম-পাশে ডুবি' মরে॥
না বাথানে 'যুগধর্ম' ক্লফের কীর্তন।
দোষ বিনা গুল কা'রো না করে' কথন॥

যেবা সব—বিরক্ত-তপস্বি-অভিমানী। তাঁ'-সবার মুধেহ নাহিক হরিধ্বনি॥ অতিবড় স্কৃততি সে স্নানের সময়। 'গোবিন্দ', 'পুওরীকাক্য'-নাম উচ্চারয়॥

গীতা-ভাগবত থে-যে জনেতে পড়ায়। ভক্তির ব্যাখ্যান নাহি তার জিহুবায়।। বলিলেও কেহ নাহি লয় কৃষ্ণ-নাম। নিরবধি বিভাকুল করেন ব্যাখ্যান।।

সকল সংসার মন্ত ব্যবহার-রসে।
ক্বঞ্পুজা, কৃষ্ণভক্তি কারো নাহি বাসে।
বাশুলী পুজয়ে কেহ নানা উপহারে।
মত্ত-মাংস দিয়া কেহ যক্ষ পুজা করে'।

নিরবধি নৃত্য-গীত-বাস্ত-কোলংহল -না শুনে ক্ষেত্র নাম প্রম-মঙ্গন !!

—হৈ: ভাঃ আঃ ২া৬৪, ৬৭-৭২, ৭৫, ৮৬-৮৮

শ্রীমন্নিত্যানন্দপ্রভ্ ও শ্রীচৈত্য-পার্যদর্শনর শ্রীমুখে শ্রবণ করিয়া * শ্রীনিত্যানন্দ-শিষ্য শ্রীল বন্দাবনদাস ঠাকুর এবং শ্রীগোরপার্যদ শ্রীশিবানন্দ-দেনের শ্রীমুখে শ্রবণ, শ্রীচৈত্যাদেবকে সাক্ষাদ্ভাবে দর্শন ও ভাঁহার বাণী শ্রাবণ করিয়া 'শ্রীচৈত্যা-চন্দ্রোদয়-নাটক'-রচ্মিতা শ্রীল কবিকর্ণপুর গোস্বামী সমসাময়িক

অন্তর্বামী নিত্যানন্থ বলিলা কৌডুকে :
 চৈত্তর-চরিত্র কিচ লিখিতে পশুকে :

—হৈ: ভা: আ: ১/৮০, ১৭/১৪৪

জন্তুর্বামি রূপে বলরাম ভগবান। আজা কৈলা চৈতাক্যর গাইতে আখান।

—हि: खा: **म: २**१७८२

বেদন্তঃ চৈতক্ত-চরিত্র কেবা কানে ? তাই লিখি, বাহা গুনিয়াছি ভক্ত-খানে ঃ

— চৈ: ভা: আ: ১৮৪

অংশতের শ্রীমুখের এ-দকল কথা।
ইহাতে সন্দেহ কিছু না কর' সর্বথা ।
অংশতের জীমুখের এ-দকল কথা।
সূত্রা সূত্রা সূত্রা, ইথে নাহিক অছথা।

—हेड: हो: या ३०१३७०, व्या २७५०

নিতানিল-প্রভূ-মূখে দৈককে তথা। কিছু কিছু গুনিলাম দ্বাব মাহারা ।

- S: BI: A: 2-1:00

ষেরপ কৃষ্ণের প্রিছপাত্ত বিদ্যানিধি গ্রামধর-জীমুখের কথা কিছু নিধি ঃ

—চে: ভা: ত্র: ১-١৮৪-

ভারতের ও বঙ্গের এই-সকল প্রামাণিক ইতিহাস নিরপেক্ষ-ভাবে বর্ণন করিয়াছেন। কিন্তু, এই-সকল নিরপেক্ষ সত্য কথা তাৎকালিক এক সম্প্রদায়ের উপর কালিমা আরোপ করে মনে করিয়া তাঁহাদের আধুনিক বংশধরণণ নানাপ্রকার ক্ষরপোল-করিত মত ও যুক্তির দ্বারা প্রকৃত ইতিহাসকে বিপর্যয় করিতে চাহেন। তাঁহারা নিঃস্বার্থ ও নির্মৎসর বৈষ্ণব ঐতিহাসিকগণের নিরপেক্ষ-মত-বর্ণনার প্রতি লোকের শ্রাদ্ধাকে শ্লথ করিবার জন্ত নানাভাবে চেন্টা করিতেছেন। তাঁহারা বঙ্গেন,—"বাঙ্গালীর কৃষ্ণভক্তি স্বাভাবিক। বাঙ্গালী ব্রাহ্মণ-পণ্ডিতগণের মধ্যে বিষ্ণুনামোচ্চারণপূর্বক আচমন, বিষ্ণুপূজা, বিষ্ণুধ্যান, শালগ্রামতুলসী-সেবা, গীতা-ভাগবত-ব্যাখ্যা প্রভৃতি সদাচার আবহুমান কাল হইতে প্রচলিত। ইহার কোন দিনই ব্যাঘাত হয় নাই।"

পঞ্চোপাসক বা কর্মজড় স্মার্তগণের এরপ গতারুতিক-সদাচার, বিষ্ণুপৃজা, বিষ্ণুখ্যান-প্রভৃতিকে গুদ্ধভক্তিসিদ্ধান্ত-বিষয়ে অজ্ঞ জনসাধারণ 'ভক্তি' বলিয়া মনে করিতে পারেন ; কিন্তু, স্থপ্রাচীন আলোয়ারগণ, প্রীরামান্তুজাচার্যাদি আচার্যগণ, স্বয়ং ভগবান্ প্রীচৈতক্তদেব ও শ্রীসনাতন-শ্রীরূপাদি গোস্বামিগণ কেইই ঐরপ আচারকে 'শুদ্ধভক্তি' বলেন নাই। কেবল যে অনির্বচনীয় 'প্রেমভক্তি' চিরকালই স্বৃত্লভ্.—এই বিচারেই পঞ্চোপাসক কর্মজড় বা মায়াবাদিগণের ভক্তির অভিনয়কে ভাগবতগণ 'ছলভক্তি', 'বিদ্ধা ভক্তি', 'প্রান্তর্গানান্তিকতা', 'কাপট্য' বলিয়া নিরাস করিয়াছেন, তাহা নহে : পরস্ত তাহাদের ঐরপ

ভক্তিতে (!) চরম প্রাপ্য বা উপেয়রূপে নিবিশেষ-মৃক্তি লক্ষিত্ত হওয়ায়, তাঁহাদের ভক্তির অভিনয়কে 'অভক্তি'ই বলিয়াছেন।

তা'র মধ্যে মোকবাঞ্চা কৈতব-প্রধান। ২,হা হৈতে ক্লকভক্তি হল অন্তর্গান।।

—ेठः हः चाः ऽ;≥३

কর্মজড়গণের সন্ধাবন্দনাদি, শালপ্রাম-পূজা, তুনসীতে জন্দ প্রদান, গীতা-ভাগবত-পাঠ, 'গোবিন্দ'-'পুওরীকাক্ষ'-নামোচ্চারণ, 'তারকব্রন্ধ' নাম-জ্বপ, নববিধ-ভক্তি-যাজনের অভিনয়, পরিক্রমা, স্তবপাঠ, বিষ্ণুতীর্থ-ভ্রমণাদি—সকলই মুক্তিবাঞ্ছা বা নিবিশেষ-গতি-সাভের ইচ্ছামূলে, কিংবা দেবাস্তরে স্বতম্ভেশ্বর-বৃদ্ধিমূলে অনুষ্ঠিত। গৌড়ীয়-বৈঞ্বাচার্য বলিয়াছেন,—

> ভক্তির স্বরূপ, আর 'বিষয়', 'আশ্রয়'। মায়াবাদী অনিত্য বলিয়া সূব কয়। ধিক্ তা'র হয়ংসেবা শ্রবপ-কীর্তন। হয়ঃ-অঞ্চে বন্ধ হানে তাহার স্তবন।।

শ্ৰীমন্তাগৰত বলিয়াছেন,—

মৌন-ব্রত-শ্রুত-তপোহধারনং স্বর্ধন-বাবিনা-রহোজপ সমাধর আপবর্গাঃ। প্রায়: পরং পুরুষ তে দ্বজিতেন্দ্রিরাণাং বার্তা ভবস্তাত ন বাত্র তু দান্তিকানাম্।।

- खाँ: नामाक

হে মহাপুরুষ ! মুক্তির সাধন মৌন, ত্রত, শাস্ত্রজ্ঞান, তপস্থা, বেদপাঠ, স্বধর্মপালন, শাস্ত্রব্যাখা, নির্জনবাস, হুগ ও সমাধি এই দশবিধ উপায় অজিতেন্দ্রিগণনের জীবিকার্জনের সহায় হইতে পারে; কিন্তু দন্তের ফল অনিশ্চিত বলিয়া দান্তিকগণের পক্ষে উহারা জীবিকার্জনের সহায়ক হইবে কিনা, এ-বিষয়ে সন্দেহ আছে।

'শ্রীভক্তিরসায়তসিন্ধু' নিবিশেষবাদী, হৈতুক ও মীমাংসক অর্থাৎ কর্মজড় স্মার্তকগণকে ভক্তিবহির্মুখ বলিয়াছেন এবং থেরূপ চৌরের নিকট হইতে মহা-নিধিকে রক্ষা করিতে হয়, সেইরূপ ইহাদের নিকট হইতেও কৃষ্ণভক্তি-মহানিধিকে গোপনে রক্ষা করিবার উপদেশ দিয়াছেন।*

"বাঙ্গালীর কৃষ্ণভাক্তি স্বাভাবিক, স্কুতরাং বঙ্গদেশে কোন-কালে 'কৃষ্ণনাম-ভক্তিশৃত্য সকল সংসার'—এইরূপ অবস্থা ছিল না।"—এইরূপ বাঁহাদের যুক্তি, তাঁহারা ভাবপ্রবণতাকেই 'ভক্তি' বলিয়া কল্পনা করিয়াছেন।

দল্পবৈরাগানিদ পা: গুলজানাক হৈতৃকা:।

নীমাংদকা বিশেবেণ ভক্তাাঝাদ-বহিম্বা: ।

ইত্যেষ ভক্তিরদিকৈশ্চৌরাদিব মহানিধি:।

জরমীমাংদকাজকা: কুঞ্ভক্তিরদ: দদা ।

[—] छ: तः तिः नः ४म लह्बी, ১२२-১००

হস্ত্রবিরাগ্যে যাহাদের চিত্ত দেয় হইয়াছে, যাহারা ওছজানী, যাহারা কেবল তার নিহাবান, বাহারা কর্মমীমাংসক এবং যাহারা বৈত্যাতা-নিথাবাদী, জানমীমাংসক, তাহারা বিশেষভাবে ভক্তির আযাদনে পরায়ুপ। ভক্তিরসিক মহাজন চোর হইতে মহারপ্র গোপনের স্থায় ইহাদের নিকট হইতে কৃষভক্তিরস রক্ষা করিবেন, বিশেষভঃ জর্মামাংসক হইতে সর্বদাসকোপন করিবেন।

ভগবদ্ভক্তি বাঙ্গালী, হিন্দুস্থানী, উৎকলবাসী বা ভারতবাসী, ইংরেজ, জার্মান-প্রভৃতি কোন জাতি-বিশেষের স্বাভাবিক সম্পত্তি নহে। ভক্তি—শ্রীকৃষ্ণের স্বরূপশক্তির বৃত্তিবিশেষ। ভক্তি—ভিগবৎ-প্রেমবিলাসরূপা'। এ-জন্ম জ্বাদিনীর দৃত মহতের কুপা ও সন্দ বাতীত অন্ম কোনও উপারে ভক্তির উদয় হয় না। পরা ভক্তিতে স্বস্থখ-বাসনা না থাকিলেও সর্বদা স্থখ বর্তমান থাকে। এই স্থখ কেবল প্রিয়পাত্রের স্থান্নভব হইতে জাত। ভক্তি ভগবৎপ্রেমের 'বিলাসরূপা' বলিয়া সিদ্ধাণও শ্রাবণকীর্তনাদি সাধনরূপা ভক্তির অনুশীলন ত্যাগ করেন না বা করিতে পারেন না।

ভাবপ্রবণতা বাঙ্গালীর স্বাভাবিক, রক্ষোভাব পাশ্চান্ত্য-দেশবাসীর স্বাভাবিক,—ইহা বলা যাইতে পারে; কিন্তু 'ভক্তি' কোনও জাতি বা বংশবিশেষের স্বাভাবিক ধর্ম, ইহা বলা যাইতে পারে মা।

'বাঙ্গালীর কৃষ্ণভক্তি স্বাভাবিক।' বদি ইহা ঐতিহাসিক সত্য হয়, তবে এখনই বা সেই স্বভাবের ব্যক্তিক্রম হয় কেন ? এখন কৃষ্ণভক্তির পরিবর্তে ভক্তি-উৎসাদনের (?) চেষ্টা, ভক্তি-সদাচারের পরিবর্তে ফ্রেড্যাচারিতা কি সর্বত্ত দৃষ্ট হইতেছে না?

আর যদি 'বাঙ্গাসীর কৃষ্ণভক্তি স্বাভাবিক' বলিয়াই শ্রীটেতক্সদেব বাঙ্গালীর দেশে নবদ্বীপে অবতীর্ণ হইয়া থাকেন, তবে গীতার "যদা যদা হি ধর্মস্ত গ্লানির্ভবতি" শ্লোক নির্থক হয়। প্রত্যেক বাঙ্গাণী, বা অধিকাংশ বাঙ্গালীই তথন স্বভাবতঃ কুফাভক্ত ছিলেন, বা ভক্তিতে কুচিবিশিষ্ট ছিলেন, বাহ্মণ-পণ্ডিতগণও নিতা বিষ্ণুপূজাদি করিতেন; খ্রীচৈতস্থদেব কেবল ইহাদের সহিত লীলা-বিলাস করিতে আসিয়াছিলেন ! এই জন্মই ব্ঝি, তাঁহাকে পড়ুয়া-পাষ্ডিগণের অত্যাচারে নবদ্বীপ হইতে সন্মান লইয়া বালালা-দেশ ছাড়িয়া অহাত বিচরণ ও অবস্থান করিতে হইয়াছিল! আর, বাঙ্গালী হিন্দুগণ কাজীর নিকট অভিযোগ করিয়া নিমাইকে নদীয়া হইতে বহিদ্বুত করাইবার চেক্টা করাইয়াছিলেন। তাঁহার সঞ্চীর্তনের মৃদঙ্গ বিধর্মিদ্বারা ভাঙ্গাইয়াছিলেন ! শ্রীঞীবাসাদি পণ্ডিতের ঘর-দার গঙ্গায় ফেলিয়া দিবার চেষ্টা হইয়াছিল! আর, শ্রীঅদৈভাচার্য, শ্রীঞ্রীবাস-পণ্ডিত প্রভৃতি আচার্যপণ মনের কথা বলিবার বা কৃষ্ণভক্তি-কথা কীর্তন করিবার একজন লোকও প্রাপ্ত হ'ন নাই, বলিয়া আক্ষেপ করিয়াছিলেন ?

ব্যবসায়ী কথক, পাঠক যে ভাগবত-পাঠের অভিনয় করেন, যে বিফুমন্ত্র দান বা ভক্তি বাল্যা করিবার চেক্টা করিয়া থাকেন, উহাকেও গ্রীমন্তাগবত 'ভক্তি' বলেন নাই; উহা ভক্তির চরণে অপরাধ! 'শালগ্রাম দিয়া বাদাম ভাগিয়া খাইবার' জন্ম শালগ্রামের পূজার অভিনয়—অর্থ, প্রতিষ্ঠা বা পাখিব শাস্তি-লাভের আশায় ভাগবত-পাঠ বা ভক্তি-ব্যাখ্যার অভিনয়—ভক্তি-ব্যাখ্যা নহে।

শ্রীচৈতক্ষদেবের সময়ও দেবানন্দ পণ্ডিত নবধীপে ভাগবত ব্যাখ্যা করিতেন এবং তিনি পরম জানবান, তপস্বী, আক্স উদাসীন ও ভাগবেতের মহ: অধ্যাপক' বলিয়া বিখাত ছিলেন ;
তথাপি শ্রীমন্মহাপ্রভু দেবানন্দের ভাগবত-ব্যাখ্যার অভিনয়ের
প্রতি অত্যন্ত ক্রোধ প্রকাশ করিয়াছিলেন : কেন-না, দেবানন্দ মোক্ষাভিলাবী ও শিদ্যগণের বৈঞ্চবাপরাধের (শ্রীশ্রীবাস-পণ্ডিতের
প্রতি অপরাধের) গৌণ-সমর্থক ছিলেন।

রামদাস বিশ্বাস পরন রামভক্ত, সর্বশাস্ত্রে প্রবীণ ও মহাপ্রভুর পার্বদ পট্টনারক-গোষ্ঠাদিগের 'কাবাপ্রকাশে'র অধ্যাপক
ছিলেন। বৈষ্ণবের সেবার প্রতিও তাঁহার বিশেষ চেষ্টা ছিল:
তথাপি রামদাসের অস্তরে মুক্লা থাকার মহাপ্রভু রামদাসের
বিদ্ধা ভক্তিকে কিছুতেই 'ছক্তি' বলেন নাই। বঙ্গদেশীয় বিপ্রকবি প্রীচৈততাদেবকে ভগবান বলিয়া স্বীকার করিয়াছিলেন এবং
প্রীমশ্বহাপ্রভু ও প্রীজগন্নাথদেবের প্রশংসা (?) করিয়াই তাঁহার
নাটকের 'নান্দী'-শ্লোক লিখিয়াছিলেন কিন্তু প্রীস্থরপদামাদর
গোস্বামিপ্রভু উহাকে 'ভক্তি' বলিয়া স্বীকার করেন নাই।

কেই কেই বলেন,—''শ্রীমন্মহাপ্রান্তর আবির্ভাবের পূর্বেও মহামাজ শ্রীল শ্রীধরস্বামিপাদের দীকার্ম্যারে নবদ্বীপের বছ পণ্ডিত শ্রীমন্তাগবতের ব্যাখা করিতেন এবং শ্রীজ্যদেবের 'গীত-গোবিন্দে'র পদাবলীও গান করিতেন। অনেক টোলে 'গীত-গোবিন্দে'র পঠন-পাঠন হইত।''

টোলে বা সাধারণ শিক্ষ'-প্রতিষ্ঠানে, বা জনসভার 'শ্রীগীত-গোবিন্দের ন্যায় অপ্রাকৃত ভজন-গ্রন্থের পঠন-পাঠন 'ভক্তি'-পদবাচা হওয়া দূরে থাকুক্, ভক্তির চরণে অমার্জনীয় অপরাধ : কেন-না, টোলে ঐ-সকল গ্রন্থ প্রাকৃতকাব্য-লিক্ষাদান বা সাধারণ সভাসমিতিতে প্রাকৃত কাব্যরস-আস্বাদনের নিমিওই পঠিত বা কীতিত হয়। কোন অজিতেন্দ্রিয় ব্যক্তি, বিশেষতঃ নিবিশেষ-বাদী শ্রীগীতগোবিন্দ-পাঠের অধিকারী নৃহেন। কেবল অনুসার-বিসর্গের পাণ্ডিতা থাকিলেই শ্রীগীতগোবিন্দ বা শ্রীমন্তাগবতের 'রাস-পঞ্চাধ্যায়ে'র অপ্রাকৃত রস আস্বাদন করা যায় না। এরপ পাঠের অভিনয় ভক্তির স্থানে অমার্জনীয় অপরাধ, ভক্তি ত' নহেই। কর্মজ্ড্-স্মার্তগণ শ্রাদ্ধসভায় রাস-পঞ্চাধ্যায় পাঠ (?) ক্রেন ; ইহা যে ক্তটা অভক্তি, তাহা দেহ-গেহাসক্ত শো্কাচ্চন শুদ্র-প্রকৃতি অত্যন্ত অপরাধী কর্মজ্ড়গণ বুঝিতে পারিবে না। এজন্ম শুদ্ধ ভগবন্ধক্তগণ ঐরপ কার্যকে অভক্তির পরাকাষ্ঠা বলিয়া জানেন। হাটে-বাজারে 'রাই-কানুর গান', স্ত্রী-পুত্র-ভরণ-পোষণার্থ বা প্রতিষ্ঠা-লাভের আশায় পুরাণ-পাঠের বা কথকতার অভিনয় প্রভৃতি—যাহা দেবল ও অর্থকামী পুরোহিত গণের বৃত্তির স্থায় বদ্দদেশে পঞ্চোপাসক-সমাজে বা কর্মজড়স্মার্ত-সমাজে চলিয়া আসিয়াছে এবং যাহার অনুকরণ করিয়া লৌকিক গোস্বামিগণ (?) পুরাণ-পাঠ ও কথকতার ব্যবসায় খুলিয়াছেন **ঐ-সকল ভক্তিদেবীর চর**ণে অমার্জনীয় অপরাধ। এই সকল ভক্তির অভিনয় হইতে স্পষ্ট নাস্তিকতা অনেক ভাল ; কারণ তদ্ধারা লোকসমাজের অভক্তিকে 'ভক্তি' বলিয়া ভ্রম হয় না। অতএব শ্রীল ঠাকুর বুন্দাবন যে তদানীস্তন নবদ্বীপের লোক্^{কে} ভক্তি-বহিমুখ বলিয়াছেন, ইহা সর্বতোভাবে সমীচীন্ও সতা

ভগবন্তজ্ঞগণ যাত্রার দলের 'নারদ'কে ভক্তরাজ 'শ্রীনারদ' বলেন না এবং তাহার ভক্তির অভিনয়কেও 'ভক্তি' বলেন না। মন্ত্রাভিলানী, কর্মী, জার্মী, বোগী, তপধী, নিবিশেববাদী, কর্মজ্জ-মার্চ, প্রোপাসক, এটেল, বাউল, কর্তাভজ্ঞ, প্রভৃতি অপ-সম্প্রদারী ব্যক্তিগণের ভক্তির অভিনয় সাত্রার দলের নারদের ভক্তির অভিনয়ের স্থায়: স্কুত্রাং তাহা সম্পূর্ণ অভক্তি।

শ্রীমন্বহাপ্তভুর গন্তবৃদ্ধ পার্বদ ও শুক্ত জিল রাজ্যের মূলমহাজন শ্রীরপ-গোস্থামিপ্রভু কমী, জামী ও মৃম্কুদিগের ভক্তির
রাধারণ সদাচার-পালনের অভিনয় দুরে থাকুক্— গশ্রু, কম্প,
পুলকাদির অভিনয়কেও 'প্রতিবিশ্ব-রত্যাভাদ' ণ বলিয়া গ্রহণ

ি অন্তঃকরণের থিজভা ই হতির গলন। মুক্ত গুলিতে বলি ঐ রতির সদৃশ নবস্থাবিশেষ দৃষ্টিও হয়, ভথাপি ভাষাকে 'হতি'-পদবাচা করিতে ইইবে না। মুক্ত-শিরোমণিগণ নিগিলকামনা বিষ্ণান করত যে বভিদ আংহণ করেন, শীকৃষ্ণও বাহাকে নতি গোপনে রাখন এবং ভ্রমপ্রাধণ জনগণকেও বাহা শীল্পান করেন না— ভূজি ও মুক্তির কামনাহেত্ জ্ঞানকর্মাদির জ্ঞামশ্র বিভ্রম্ভক্তিতে জন্তিকারী ক্ষীও কানীদের ক্ষ্যে কি প্রকারে দেই ভাগবহী বহির উদ্ভেব সন্থাবনা হয়ং বিভি করিরাছেন। অতএব উহা কখনও 'ভক্তি' বা 'রতি' নহে। শ্রীরূপ-গোস্বামিপ্রভু বলিরাছেন,—"ঐ-সকল অভিনয় দেখির। অজ্ঞ ব্যক্তিগণ চমংকৃত হইতে পারে; কিন্তু অভিজ্ঞগণ বিমোহিত হ'ন না।"

ষষ্ঠ পরিচ্ছেদ সমসাময়িক পৃথিবী

শুধু ভারতের নহে, তখনকার পৃথিবীর ইতিহাস—এক সম্প্রধময় যুগের ইতিহাস। তখন 'Wars of the Roses' ও পাশ্চাত্য মধ্যযুগের অবসানকাল উপস্থিত হইরাছে। নানাপ্রকার পোরযুদ্ধ ও বৈদেশিক সন্তর্থে পাশ্চাত্যদেশের প্রত্যেক জাতি ও সমাজ ন্যুনাধিক ছিন্ন-বিচ্ছিন্ন হইরা পড়িরাছে। ১৪৮৫ খুট্টাব্দ হইতেই বর্তমান যুগের স্ফুচনা হইল ; এই জন্মই পাশ্চাত্য ঐতিহাসিকগণ ১৪৮৫ খুট্টাব্দ হইতে ১৬০০ খুট্টাব্দকে ''The Beginning of the Modern Age'' বলিরাছেন। ১৪৮৫ খুট্টাব্দে সপ্তম হেন্রী ইংলওের সিংহাসনে আরোহণ করেন। ইহার এক বৎসর পরেই শ্রীটেতত্যদেবের আবিভাব-কাল। এই

নিরুপাধি হইলেই মুখ্য; আর উপাধি থাকিলে রত্যাভাস হর।] বংসা^{সাচ} পুলকাশ্রুরপ ঐ রতিচিহ্ন দর্শন করিয়া অনভিজ্ঞ ব্যক্তির চমৎকার হয় বটে; কিন্তু অভিজ্ঞ সুবোধগণ তাহাকে 'রত্যাভাস' বলিয়া কীর্তন করেন।

সময় হইতেই সমগ্র পাশ্চাতা সভাজগতেরও "Renaissance" বা নৃতিন জন্মের সূচনা হইতেছিল। *

শ্রীচৈততাদেবের আবির্ভাবের ঠিক পরের বংসরই অর্থাৎ ১৪৮৭ গৃষ্টাব্দে সরাসর জলপথে ভারতবর্ষে আসিবার জ্বা পাশ্চাতাজাতির প্রবল্ধ স্পৃহা জাগিয়। উঠিয়াছিল। ১৪৮৮ খৃষ্টাব্দে 'বার্থলোমিউ দিয়াজ্'-নামক জনৈক নাবিক 'উত্তমাশা'- অন্তর্নীপে পৌছিয়াছিলেন। তখন হইতে ভারতবর্ষে আগমনের জলপথ উন্মৃক্ত হইল। ক্রমে ক্রান্ত ক্রকজন নাবিক ভারতবর্ষের পথ আবিষ্কারের চেষ্টা ক্রিলেন, অবশেষে ১৪৯৮ খৃষ্টাব্দে পতুর্গীজ-নাবিক 'ভাস্কোলায়ামা' কালিকট্-বন্দরে পৌছিলেন। তখন শ্রীচিত্তাদেব নবদ্বীপ-লীলায় দ্বাদশ-বর্ষ-ব্যক্ত বালক।

কে জানে, এই জলপথ-হাবিষ্ধারের গৌণ উদ্দেশ্য আনক
কিছু থাকিলেও নবদ্বীপ-সুধাকরের নাম-প্রেম-প্রচারের দ্বারা
প্রাচ্য ও পাশ্চাত্যের সহিত যোগস্ত্র-রচনার মুখা উদ্দেশ্য ইহাতে
অস্তর্নিহিত ছিল কি না? পাশ্চাত্যের বণিক্ ভারতবর্ষের
প্রাকৃত ধনরত্রে লাভবান্ হইতে আসিয়াছিলেন। কিস্তু তখন
কে জানিত, ভারতের অবিতীয় অপ্রাকৃত ধন প্রমার্থের বাণী

^{*} While Henry VII was struggling with his difficulties, a series of explorations had suddenly multiplied the area of the world, and opened new horizons. *** Even more important than the discoveries as a sign of the coming of a new era was the Renaissance which first began seriously to affect the life and thought of England in the time of Henry VII.—Ramsay Muir.

তাঁহাদিগকে অধিকতর লাভবান্ করিবে? তখন কে জা্নিত. ভারতের এই জলপথ আবিদ্ধৃত হওয়ায় একদিন ঐটেচতঞ্জের নামহটের ব্রাজকবিপণির প্রেমের প্রসরা-সহ প্রাচা হইতে পাশ্চাতো বিশ্বমঙ্গল-অভিযান হটবে?

সপ্তম হেনরীর সময়ে অথাৎ শ্রীচৈতক্যদেবের সমসাম্যিক নবাস্থ্যাদয় বা নবজাগরণের যুগে ইংলাওর 'অক্তার্ফার্ড'-বিশ্ব-বিত্যালয় বিত্যাচর্চা ও সাহিত্যসাধনায় নবভাবে গঠিত হইয়াছিল : এ দিকে ঠিক সেই সময়ে শ্রীচৈতক্তাং আবির্ভাবেও ভারতেং অক্সেডি বা প্রধানতম সারস্বত-তীর্থ নবন্ধীপে পরা বিছা। ভক্তি-সাহিতা, দর্শন, বিজ্ঞান ও শিল্প-সাধনার এক নবযুগেং দ্বারোদ্যাটন হইয়াছিল। ১৫১৬ খুক্টাব্দে পাশ্চাত্য-দেশে যখন 'Utopia' (No-where)-নামক এত প্রকাশিত হইয়া আদর্শ পার্থিব সমাজের কান্ননিক চিত্র প্রচার করিতেছিল, সেই সময় ও তৎপূর্বেট শ্রীচৈতহ্যদেব একাস্তিক পরমার্থের অনুগমনকারী আদর্শ-সমাজের বাস্তব-চিত্র বছদেশে প্রচার করিয়াছিলেন। ১৫১৭ খর্কাব্দে মাটিন্ লুথার্ ক পোপের যথেচ্ছাচারিতাং বিরুদ্ধে প্রতিবাদের পতাকা উড্ডীন করিয়া পাশ্চাত্য জগতে

^{†**} Thus a great part of Europe, including England, was ful of explosives only waiting for a spark; the spark came from Martin Luther, a friar professor of Wittenberg in Saxony, who in 151 nailed to the door of the church there a number of Theses, challenging the right of the Pope to sell indulgences, or exemptions from penance. A fierce controversy arose which was swiftly spread by the new invention of the printing press.—Ramsay Muir.

খুফুর্বরে এক সংস্কারযুগের উদ্বোধন করিলেন। এই সময়ে তদ্দেশে মুজাযম্বের নৃতন আবিদ্ধার হইরাছিল। এই সময়ে ঞীটেতনাদের ভারতবর্ধ কর্মজভ-স্মার্তবাদ ও নানাপ্রকার মতবাদের বিরুদ্ধে বিপ্লবী প্রচার করিয়াছিলেন; তিনি মাটিন লুথার বা জগতের অ্যান্ত ধর্ম-সংস্কারকের ন্যায় সংস্থারকের ত্রত গ্রহণ করেন ন,ই। কিন্তু বাঙ্গালাদেশের ঐতিহাসিকগণ এবং অন্যান্য সাধারণ ব্যক্তিগণও শ্রীচৈতক্সদেবকে ⁴সংস্কারক' বলিয়া সমার্জনীয় ভ্রম করিয়া থাকেন। বস্ততঃ তিনি সংস্কারক নহেন, তিনি সনাতন-ভাগবত-ধর্মের পুনঃ-সংস্থাপক, বিকাশক ও পরিশিপ্ত-প্রকাশকের অভিনয় করিয়াও স্বয়ং বিক্ষিত স্নাত্ন-ধর্মের অধিদেবতা জ্রীচৈত্রাদেবের সময়ে, কিংবা তাঁহার পরবর্তী আচার্য গোস্বামি-গণের সময়ে, কিংবা তৎপরবর্তী যুগের শ্রীঞ্জীনিবাস আচার্য, জীনরোত্তম ঠাকুর ও শ্রীশ্রামানন্দ-ইার্রসিকান্নের সময়ে, কিংবা তাহারও পরবর্তী যুগের শ্রীবিশ্বনাথ চক্রবাত-ঠাকুর ও গৌড়ী: বেদান্ত-ভাষ্যকার জীবলদেব বিচাভ্নণের সময়ে বঙ্গদেশে মুদ্র -যন্ত্রের প্রচলন হয় নাই। ভারতে বা তদন্তর্গত বঙ্গদেশে মুজ: নপ্তের বিস্তার হইবার পর বর্তমান যুগে ঐটেচতগ্রাদেবের শিক্ষার পুন:-সংস্থাপক শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ মূদ্রাযম্ভ্রকে ভক্তি-প্রচার-কার্যে বিশেষভাবে নিযুক্ত করেন : 'প্রীচৈতন্য-গীতা', 'প্রীচৈতন্ত-শিকামৃত', 'শ্রীভাগবত-স্পিচ্', 'শ্রীকৃষ্ণসংহিতা', 'শ্রীকল্যা'-ক্ষতক', 'শ্ৰীসঙ্জনতোষণী'-পত্ৰিকা প্ৰভৃতি গ্ৰন্থ ও সাময়িক

পত্র, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ মূডাযন্ত্রের সাহায্যে প্রচার করেন। তাঁহার সংস্থাপিত 'শ্রীচৈতন্ত-যন্ত্রালয়' হইতে শ্রীচৈতন্তদেবের



খীল ভক্তিবিনোদ ঠাকুর

আরও অনেক শিক্ষাগ্রন্থ বন্ধদেশে প্রচারিত হয়। শ্রীগুণরাজ খাঁর শ্রীকৃষ্ণবিজয়', 'শ্রীসজ্জনতোষণী'র দিতীয়বর্ষের শেষাংশ, শ্রীচৈতন্তো-পনিষৎ', শ্রীবিষ্ণুসহন্রনাম', প্রেম-প্রদীপ' (২য় সংস্করণ), 'শ্রীচৈতনা-চরিতামৃত' (১ম সংস্করণ) ইত্যাদি শ্রীচৈতনা-যন্ত্রালয়ে মুদ্রিত হয়। ১৪৮৫ খৃষ্টাব্দ হইতে পাশ্চাতা-দেশে নবযুগ ও সভ্য-স্থশাসন-


পদ্ধতির স্টনা, ১৪৮৭ খৃষ্টাব্দে ভারতবর্ষের জলপথের সন্ধান, ১৪৯২ খৃষ্টাব্দে পৃথিবীর পশ্চিম গোলার্ধ আমেরিকার আবিষ্কার, ১৪৯৮ খৃষ্টাব্দে ভারতবর্ষের জলপথের সম্পূর্ণভাবে নির্ণর ও তৎসঙ্গে মুজাযন্ত্রের প্রবর্তনদ্বারা পৃথিবীর সর্বত্ত ধর্মের নবজাগরণ অর্থাৎ সমস্ত পৃথিবীর সহিত পারমাথিক যোগস্ত্র-সংস্থাপনের স্থযোগ প্রদান করিয়া বঙ্গের ভাগ্যাকাশে যে বিশ্ব-স্লিগ্ধকারী অতি-মর্ত্য চন্দ্র উদিত ইইয়াছিলেন, তিনিই শ্রীচৈতন্ত্রদেব।

সপ্তম পরিচ্ছেদ নবদীপ

খৃষ্টীয় একালশ শতাব্দীর মধাভাগে নবদ্ধীপ সেনবংশীয় রাজগণের রাজধানী ছিল। এখনও এইস্থানে বল্লাসাসেনের স্মৃতিচিহ্নরপে 'বল্লালিচিপি'-নামক একটি বিস্তৃত লীঘি এবং উহার
উত্তরদিকে 'বল্লালিচিপি'-নামক বল্লাসেনের বিপুল প্রাসাদের
ভগ্নাবনের দেখিতে পাওয়া হায়। মালদাহর প্রাচীন 'গৌড়'নগর হইতে সেনবংশীর রাজগণ তাহাদের রাজসিংহাসন এই
নবদ্ধীপে আনয়ন করায় এই স্থানকে 'গৌড়ভূমি'ও বলা হয়।
সেন-রাজগণের অধঃপতানর পর নবদ্ধীপ মুসলমান-রাজগণের
হস্তগত হইয়াছিল। পঞ্চলশ শতাব্দীতে (১৪৯৮—১৫১১)
বাঙ্গালার স্বাধীন নুপতি আলাউদ্দীন্ সৈয়দ হোসেন্ শাহের
নিয়োগমতে শাসনাদি-পরিচালনের জনা ফৌজদার্ মৌলানা
সিরাজুদ্ধীন্ চালকাজী এই নবদ্ধীপেই অবস্থান করিতেন।

প্রাচীন নবখীপের 'বেলপুক্রিয়া'-পল্লীর কিয়দংশ বর্তমান 'বামনপুক্র'-নামক পল্লীতে পরিণত হইয়াছে। এই বামন-পুক্রেই চাঁদকাজীর সমাধি ও তাঁহার গৃহের ভল্লাবশেষ রহিয়াছে।

"Nabadwip is a very ancient city and is reported to have been founded in 1063 A.D. by one of the Sen kings of Bengal. In the 'Aini Akbari' it is noted that in the time af Laksman Sen Nadia was the capital of Bengal."—(Nadia Gazetteer).



বন্লালদেনের প্রামাদের ভগ্নস্থ

অর্থাৎ নবদ্বীপ একটা প্রাচীন নগর এবং ১০৬৩ খৃষ্টাবেদ সেনবংশীয় কোন নূপতির দ্বারা প্রতিষ্ঠিত বলিয়া কথিত হইয়া থাকে। 'আইন-ই-আকবরী'তে বর্ণিত আছে যে, লক্ষ্মণসেনের সময় নদীয়া বঙ্গদেশের রাজধানী ছিল।

"Nadia was founded by Laksman Sen in 1063."
(Hunter's Statistical Account—p. 142)

অর্থাৎ নদীয়: লক্ষ্যপ্রেরে দ্বারা ১০৬০ খ্রু**টাকে প্রতিষ্ঠি**ত ভুটুয়াছিল।



মৌলানা সরাজ্বিন চালক জাও সমাধাৰ মনপুকুর (এমায়াপুর)

"The earliest that we know of Nadia is that in 1203 was the capital of Bengal." (Calcutta Review 1846, p. 398.)

অর্থাৎ নদীরা সম্বন্ধে আমরা সর্বপ্রাথমিক যে বিবরণ পাই, তাহা হইতে জানা যার, ঐ নগরী ১২০০ খৃষ্টাব্দে বঙ্গনেশের রাজধানী ছিল,—ইত্যাদি বছ প্রমাণ প্রাচীন নবৰীপকেই সেন-বংশীয় রাজগণের রাজধানী বলিয়া নির্দেশ করিয়াছে।

গঙ্গার পূর্বতারে প্রাচীন নবদীপ

এই নবদ্বীপ-নগর গঙ্গার পূর্বকৃলে অবস্থিত বলিয়। প্রাচীন কাল হইতে বিখ্যাত রহিয়াছে। যথা, উধ্বনিয়ার-মহাতত্ত্ব— "বর্ততে হ নবদ্বীপে নিতাধায়ি মহেশ্বরি। ভাগীরধীতটে পূর্বে মায়াপুরন্ত গোকুলম্ ॥", "গোড়দেশে পূর্ব শৈলে করিল উদয়।" (চঃ চঃ আঃ ১৮৬), "নদীয়া উদয়গিরি, পূর্বচন্দ্র গৌর-হরি, কুপা করি' হইল উদয়।" (চঃ চঃ আঃ ১৩৯৮), "প্রীস্করধুনীর পূর্বতীরে, অন্ধর্বীপাদিক চতুষ্ট্রর শোভা করে। জাহ্নবীর পশ্চিম কুলেতে, কোল-দ্বীপাদিক পঞ্চ বিখ্যাত জগতে॥" (চাকুর শ্রীনরহরি)। পরবর্তী বিবরণ-সমূহও তাহাই সমর্থন করে।

"It was on the east of the Bhagirathi and on the west of falangi?" (Hunter's Statistical Account-p. 142.)

অর্থাৎ নবদ্বীপ-নগর ভাগীরথীর পূর্বতীরে এবং জলাঙ্গীর (খড়িয়ার) পশ্চিমে অবস্থিত ছিল।


এই প্রাচীন নবন্ধীপ-নগর সম্প্রতি নবন্ধীপ'-নামে পরিচিত 'না হইয়া 'বামনপুকুর', 'বলপুকুর', 'গ্রিমায়াপুর', 'বলালদীন্ধি', 'গ্রীমায়পুর', 'ভারইডাঙ্গা, 'টোটা' প্রভৃতি ভিন্ন ভিন্ন নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে। যে-স্থাল শ্রীজগলাথ মিশ্রের গৃহ, শ্রীবাস-অসন, শ্রীজারৈত-ভবন, শ্রীম্বারিগুপ্তের স্থান প্রভৃতি অবস্থিত ছিল, তাহাই সম্প্রতি 'গ্রীধাম-মায়াপুর'-নামে খাতে। গঙ্গার বিভিন্ন গর্শুর পরিবর্তনে নবন্ধীপ-নগারর শ্রীগৌরজন্মভিট, ও তৎসংলগ্ন স্থান বাতীত অধিকাংশই জলমগ্ন ইইয়াছিল। মৃতরাং উহার অধিবাদিগাগের আনেকেই নিকটবতী স্থানে উঠিয়া যাইতে বাধা হ'ন। শ্রীকৃঞ্জের লীলাক্ষেত্র হারকা-নগরীতেও এক-মাত্র শ্রীকৃঞ্জ-গৃত ব্যতীত অন্যানা স্থান সমুদ্দমগ্ন ইইবার কথা শ্রীমন্টাগ্রতে (১১৷৩১৷২৩) শ্রুত হয়।


বিভিন্ন সময়ের নবদ্বীপ

মহাপ্রভ্র সময়ের 'কুলিয়া'-গ্রামে বা 'পাহাড়পুরে'ই আধুনিক 'নবদ্বীপ-সহর' বসিয়াছে এবং সেই স্থানেই বর্ডমান 'নবদ্বীপ-মিউ-নিসিপ্যালিটি' স্থাপিত হইয়াছে। স্বৃত্তীয় অপ্তাদশ শতাকীতে নবদ্বীপ-নগর কুলিয়াদহ বা কালিয়দহের বর্ডমান চড়ায় অবস্থিত ছিল। স্বৃত্তীয় সপ্তদশ শৃতাকীর নদীয়া-নগরী বর্তমান 'নিদয়া'. 'শঙ্করপুর', 'রুদ্রপাড়া' প্রভৃতি স্থানে লক্ষিত হয়। গঙ্গার গতির এই পরিবর্তন এবং প্রাচীন নদীয়ার বসতির এইরূপ পরিবর্তন 'হিষ্ট্রি অব্নদীয়া-রিভাস্', স্ববা-বাঙ্গালার ম্যাপ্,রেপেলের ম্যাপ্, রকমানের মাপে প্রভৃতি আলোচনা করিলেই বেশ ব্রা যায়।
সপ্তদশ শতান্দীর পূর্বে অর্থাৎ বোড়শ শতান্দী পর্যন্ত শ্রামন্মহাপ্রভুর সময়ের নবদ্বীপ-নগর শ্রীমায়াপুর, বল্লালদীঘি, বামনপুকুর, শ্রীনাথপুর, ভারুইডাঙ্গা, গঙ্গানগর, সিমূলিয়া, রুদ্রপাড়া,
তারণবাস, করিয়াটা, রামজীবনপুর প্রভৃতি স্থানে ব্যাপ্ত ছিল।
তখন বর্তমান বামনপুকুর-পল্লীর নাম 'বেলপুকুর' ছিল, পরে
'মেঘার চডা'র প্রাচীন 'বিলপুক্রিণী'-প্রাম স্থানান্তরিত হওয়ায়
উহা সপ্তদশ শতান্দীর শেষভাগে বর্তমান 'বামনপুক্র' নাম
লাভ করিয়াছে। জমিদারী সেরেস্তার প্রাচীন কাগজ-পত্রাদি
হইতে এই বিষয় বিশেষভাবে জানিতে পারা য়ায়।

লণ্ডনের 'বৃটিশ মিউজিয়ম্ ও য়্যাড্মির্যাল্টি' ভবনে সংরক্ষিত ছুইটি মানচিত্র জলাগ্দী নদীর উত্তরাংশে ও ভাগীর্থীর পূর্বাংশে সপ্তদশ শতাব্দী পর্যস্ত নবদ্বীপের তাৎকালিক স্থিতি-সংস্থানের সাক্ষ্য অবিসংবাদিতভাবে প্রদান ক্রিতেছে।

প্রথমোক্ত মানচিত্রটি ভেন্ডেন্-ক্রক্-কৃত (Mattheus Vanden Broucke)। ইনি ১৬৫৮ হইতে ১৬৬৪ খুফাবল পর্যন্ত ওলন্দান্ত (Dutch) বণিগ্ গণের নেতা ছিলেন। ক্রকের ম্যাপের প্রথম সংস্করণ বর্তমানে পাওয়া যায় না। ১৭২৬ খুফাবল প্রকাশিত বেলেন্টিনের 'ইন্ট্ ইণ্ডিয়া' (Valentyn's 'East India')-নামক পুস্তকের পঞ্চম খণ্ডে ভেন্ডেন্ ক্রকের একটি ম্যাপ্ সংযুক্ত আছে। ঐ ম্যাপ্টির একটি কটোগ্রাফ্ 'গৌড়ীয় মিশন' ব্রিটিশ মিউজিয়ম্ হইতে বহু অর্থব্যয়ে সংগ্রহ করেন।





জন্ থণ্টন্-কড় ক প্রকাশিত বঙ্গের ক্রপ্রাচীন মানচিত্র (১৬৭৫ শ্বঃ)

১৬৭৫ খৃন্টাব্দে হিন্ট ইণ্ডিয়া কোম্পানী'র কর্মচারিগণ জলপথনির্দেশসহ একটি ম্যাপ্ প্রস্তুত করেন এবং জন্ থপিটন্কত্র্ক উহা প্রথম প্রকাশিত হয়। লগুনের নৌদেনা-বিভাগের বড় আফিসে (British Admiraltyয়ত) 'ইংলিশ্ পাইকট্' নামক পুত্তকের মধ্যে ঐ মাপ্টি আছে। উহারও একখানি ফটোগ্রাফ্ উক্ত 'গৌড়ীয় মিশনে'র প্রযত্ত্বে আনীত হইয়াছিল। 'গৌড়ীয় মিশনের' সৌজ্ত্যে ও অনুমত্যকুসারে উক্ত মানচিত্র হইতে আবশ্যক অংশ মুক্তিত হইল। ইহা হইতে দেখা যায় যে, সপ্তদশ শতাক্ষীতেও উত্তর-দক্ষিণ-বাহিনী গঙ্গা ও তাহার পূর্বপারে 'নদীয়া' বিরাজিত রহিয়াছে।

নবদ্বীপ কি ?

সাধারণ লোকের ধারণা হইতে পারে যে, কোন একটি
বিশেষ নগর বা স্থানের নামই বোধ হয় 'নবদ্বীপ', অধবা
'নবদ্বীপ' বলিতে নৃতন দ্বীপ বা উপনিবেশ-বিশেষ; বস্তুতঃ তাহা
নহে। নয়টি দ্বীপ লইয়া নবদ্বীপ গঠিত। এই নবদ্বীপের মধ্যে
অনেক ক্ষুদ্র উপগ্রাম বা পদ্ধী অবস্থিত ছিল। নয়টি
দ্বীপের চারিটি দ্বাপ ভাগীরথীর পূর্ব পারে এবং পাঁচটি ভাগীরথীর
পশ্চিম পারে অবস্থিত ছিল। পূর্ব পারের চারিটি দ্বীপের নাম
—(১) অন্তদ্বীপ, (২) সীমন্তদ্বীপ, (৩) গোক্তমদ্বীপ ও
(৪) মধ্যদ্বীপ; পশ্চিম পারের পাঁচটি দ্বীপের নাম—(১)

কোলদীপ, (২) ঋতুদীপ, (৩) জহ্নদীপ, (৪) মোদদ্রুম-দীপ ও (৫) রুদ্রদীপ * া—(শ্রীভক্তিরত্নাকর, ১২শ তরঙ্গ)

শ্রীল ঘনশ্যাম দাসের (নামান্তর শ্রীনরহরি চক্রবর্তীর) শ্রীনবদ্বীপধাম-পরিক্রমা'-নামক গ্রন্থেও এই সমস্ত দ্বীপের বিষয় উল্লিখিত আছে, যথা,—

নদীয়া পৃথক্ গ্রাম নয়। নব-দ্বীপ নব-দ্বীপ-বেষ্টিত যে হয়॥ নব-দ্বীপে নবদ্বীপ-গ্রাম। পৃথক্ পৃথক্ কিন্তু হয় এক গ্রাম॥

নবদ্বীপের মধ্যে এত অধিক গ্রাম ছিল যে, শ্রীমারাপুরে যাইতে শ্রীল নরোত্তম ঠাকুর মহাশরকে লোকের নিকটে জিজ্ঞানা করিয়া 'শ্রীমারাপুরে' পৌছিতে হইয়াছিল। সাধারণতঃ 'নবদ্বীপ' নামই তখন সর্বসাধারণে প্রচলিত ও প্রাসদ্ধি ছিল।

> নবদীপ-মধ্যে গ্রাম-নাম বহু হয়। লোকে জিজ্ঞাসিয়া মায়াপুরে প্রবেশয়॥


> > --- এভি: র:, ৮ম তর্ম

'মায়াপুর' নাম

শ্রীনিবাসাচার্য-প্রভুর পরিক্রম-কালে নবদ্বীপের অনেক গ্রামই
লুপ্ত হইয়া পড়িয়াছিল এবং অনেক গ্রামের নাম লুপ্ত ও
নানাভাবে বিকৃত হইয়াছিল। শ্রীটেতক্রদেবের আবির্ভাব-স্থান
শ্রীমায়াপুর গ্রামের নামও সাধারণ অশিক্ষিত ব্যক্তিগণের দারা
বিকৃত ও সাধারণের অজ্ঞাত হইয়া পড়িয়াছিল। 'শ্রীভক্তিরত্তাকরে' শ্রীনরহরি চক্রবর্তি-ঠাকুর বলিতেছেন,—

^{*} পরে গঙ্গাপ্রবাহের পরিবর্তনে ক্রম্রবীপের অবস্থান পূর্বদিকে হয়।





বৈছে কলি বুদ্ধ, তৈছে নামের ব্যত্যন্ত্র।
তথাপি সে-সব নাম অমুভব হয়।
কথোকাল পরে কথোগ্রাম লুপু হৈল।
কথোগ্রাম-নাম লোকে অন্তব্যস্ত কৈল।

—এ ভ: র:, ১২শ ভরক

১১৯৯ সালের হলাবন্দী কাগজে 'গ্রীমায়াপুর' গ্রামের উল্লেখ দেখিতে পাওয়া নিয়াছে।

বন্ধাক ১২৫২ সালের ১লা আধিন তারিখে আন্দুলের রাজা রাজেন্দ্রনাথ মিত্র-কর্তৃক প্রকাশিত, নবদ্বীপ ও বহু স্থানের মহামহোপাধাায় পতিত-মওলার স্বাক্তর-সম্বিত পত্রিকাযুক্ত 'কায়স্থকোস্তভ'-নামক গ্রন্থে এইরগ লিখিত আছে.—

"এই (সেনবংশীর) রাজা নব উত্থাপিত বীপে রাজধানী করিলেন। গঙ্গাদেবী 'মায়ায়াং' এই নগর স্বতীর্থময় স্ববিদ্যালয় হইয়াছিল, এইজন্ম ইহার এক নাম—'মায়াপুর', 'মায়াপুরে মহেশানি বারমেকং শচীস্থতং' ইতি উথ্বারায়-তন্তে।"

--কারস্থকোপ্রভ,: ১৮ প:

"লন্ত্ৰণদেন নবদাপের রাজা হইলেন।"

—কার্থকে:জভ,১২৪ পু:

"নবদীপ গঙ্গাবেষ্টিত স্থানে রাজধানী ও নগর নির্মাণ করিলেন, ইহার এক নাম 'মাধাপুর' শান্তে কহিয়াছেন।"

---কারহকৌপ্রভ, ১২৩ পু:

"অবতীর্ণো ভবিষ্যামি কলৌ নিজগণেঃ সহ। ৺চীগর্ভে নবদ্বীপে
স্বধুনী-পরিবারিতে।" (অনস্ত-সংহিতা, ৫৭ অধ্যায়)

-- कांब्रहाकोश्चन, ३२३ ४ ३७० शः

হান্টার সাহেব লিখিয়াছেন,—

"Nadia (Nabadwip), ancient Capital of Nadia District and the residence of Laxman Sen. * * Here in the end of the 15th century was born the great reformer Chaitanya," (Hunter's Imperial Gazetteer, 1880).


"Statistical Account of Bengal, Vol. I" নামক পুস্তকের ৩৬৭ পৃষ্ঠায় লিবিয়াছেন,—"To Baira belongs the little town of Mayapur (near the Burdwan boundary) where I am told the tomb exists of one Maulana Sirajuddin who is said to have been the teacher of Husain Sha, King of Bengal (1494-1552)."

"ব্যুরার নিকটে 'মায়াপুর'-নামক একটি ছোট নগর (বর্ধমান জেলার সীমান্তের সন্নিহিত প্রদেশে) অবস্থিত। এই স্থানে মৌলানা সিরাজুদ্দীনের কবরের অবস্থানের বিষয় আমি শ্রুত হইয়াছি। মৌলানা সিরাজুদ্দীন বঙ্গের বাদশাহ (১৪৯৪-১৫২২) হোসেন-শাহের শিক্ষক বলিয়া কথিত।"

স্থার উইলিয়ম্ হাণ্টার্ও বলিয়াছেন,—

"Nadia, at the time of its foundation was situated right on the banks of Bhagirathi. * * * It used formerly to run behind the Ballaldighl and the palace; but it has now dwindled in the part into an isolated Khal. It now runs to the east of the ruins of the palace." (Statistical Account of Bengal, Vol. I., p. 142)

গ্রীনবদ্বীপ-মণ্ডলের মানচিত্র-নিদর্শন



">। অন্তদীপ—পল্লের কবিকা—গলার পূর্বপারে। ইহার মধান্তবে শ্রীমারাপুর, যথার শ্রীজগরাথ মিশ্রের গৃহ, মহাযোগপীঠ।*

অন্তর্বাপের যে অংশ গঞ্চার পশ্চিমভাগে পড়িগছে, সেই হান 'কুলাবন'। তথার
 আদহলা, ধারদনীর ও বহতর কুঞ্জ আছে।

- ২। সীমন্তবীপ—প্রাম নষ্ট হইয়াছে, ছাড়ি-গঙ্গার দক্ষিণ ধারে সীমনী দেবীর (সীমন্তিনী) পূজা হয়। রুকুণপুর পর্যন্ত এই দীপের অন্তর্গত। শরডাঙ্গা (শবরডেঞ্গা)ও বিশ্রামন্তন ইহার দক্ষিণভাগ।
- ত। গৌদ্রুমদীপ—গাদিগাছা; স্বর্ণবিহার, নুসিংহক্ষেত্র, হরিহর-ক্ষেত্র, অলকানন্দাতীরে কানীধাম ইহার অন্তর্গত।
- ৪ । মধাদ্বীপ মাজিদা ; ভালুকা, পর্ণশিলা, হাটডেঙ্গা ইহার
 দক্ষিণে ।
 - কোলদ্বীপ—কুলিয়া-পাহাড়; সমূদ্রগড প্রভৃতি ইহার অন্তর্গত।
 - ও। ঋতুদ্বীপ —রাভ্তপুর; বিছানগর ইহার অন্তর্গত।
 - ৭। জহুদীপ—জারগর।
- ৮। মোদক্রমদীপ—মাউগাছি; অর্কটীলা (পূর্যক্ষেত্র-আক্ডালা), মহৎপুর (মাতাপুর), পাওব-নিবাস ইহার অন্তর্গত।
- ১। ক্রদ্রীণ-ক্রদ্রপাড়া; শয়রপুর, পুর্বস্থলী, চৃপী, কক্ষশালী, মেড্তলা ইহার অন্তর্গত।

এই গ্রন্থে যে কুদ্র মানচিত্র সন্নিবিষ্ট হইল, তাহা রাজ্যজ্ঞাক্রমে মানবিজ্ঞান-স্থাত মানচিত্র হইতে প্রস্তুত হইয়াছে। অতএব পরিশুদ্ধ বলিয়া জানিতে হইবে। মানচিত্রের ফুদ্রাকার-প্রযুক্ত কেবল মুধ্যস্থান-সকলের নাম দেওয়া গেল।"

--- জীল ঠাকুর ভক্তিবিনোদ

শ্রীনবদ্বীপধামকে কেহ কেহ পঞ্চ যোজন অথবা যোড়শ-ক্রোশ-পরিমিত বলিয়া নির্দেশ করেন। সেই 'শ্রীনবদ্বীপ-মণ্ডলে'র মধ্যস্থলে শ্রীমায়াপুর, তথার ভগবদ্গৃহ (শ্রীজগল্লাথ-মিশ্রালয়) বিরাজিত। এই শ্রীমায়াপুরে শ্রীগৌরজন্মস্থলী মহাযোগপীঠ নিভা বিরাজিত।

> নবদীপ-মধ্যে 'মারাপুর'-নামে স্থান । যথা স্বিলেন গৌরচন্দ্র ভগবান্। বৈছে রক্তাবনে যোগপীঠ স্থাপুর। তৈছে নবদীপে 'যোগপীঠ মারাপুর'॥

> > –শ্ৰা ড: র:, ১২শ তরক

শ্রীগোরজনস্থান শ্রীমায়াপুর অভিন্ন-শ্রীমথ্রাপুরী এবং বৈকৃষ্ঠ হইতেও শ্রেষ্ঠ। স্বয়ংভগবান্ শ্রীপৌর-নারায়ণ মহাবৈকৃষ্ঠি যে জন্মলীলা প্রকাশ করেন নাই, শ্রীনবন্ধীপে ভক্তবাৎসল্য-বশতঃ অর্থাৎ শ্রীজগন্নাথকে আনন্দ প্রদান করিবার জন্ম সেই জন্মলীলা প্রকট করিয়া তাঁহার নিত্য পুত্ররূপে আবিভূতি হ'ন এবং মহা-স্টদার্য-লীলা আবিকার করেন।

অফ্টম পরিচ্ছেদ আবির্ভাব

মধ্কর মিশ্র-নামক এক পাশ্চান্তা বৈদিক রান্ত্রাণ কোন কারণে শ্রীহটে আগমন করিয়া তথায় বাস করিয়াছিলেন। মধ্কর মিশ্রের মধ্যম পুত্র উপেন্দ্র মিশ্রে। তিনি বৈষ্ণব, পণ্ডিত ও বহু সদ্গুণাথিত ছিলেন। এই উপেন্দ্র মিশ্রের সপ্ত পুত্র—কংসারি, পরমানন্দ, জগরাথ, সর্বেশ্বব, পদ্মনাভ, জনার্দন ও ত্রিলোকনাথ। উপেন্দ্র মিশ্রের তৃতীয় পুত্র শ্রীজগরাথ অধ্যয়নের নিমিন্ত শ্রীহট্ট হইতে নবদ্বীপে আগমন করিয়াছিলেন এবং তথায় 'পুরন্দর' উপাধি প্রাপ্ত হইয়াছিলেন। মিশ্র পুরন্দর নবদ্বীপেই নালাম্বর চক্রবর্তীর জ্যেষ্ঠা কন্তা শ্রীশচীদেবীর পাণিগ্রহণ করিয়া গঙ্গা-তীরে বাস করিবার অভিলাবে নবদ্বীপের অন্তর্গত শ্রীমায়াপুরে বাসস্থান নির্মাণ করেন।

শ্রীনীলাম্বর চক্রবর্তীর পূর্বনিবাদ ছিল—ফরিদপুর জেলার 'মগ্ডোবা' গ্রামে। ইনি গলাতীরে বাদের জন্ম নবদ্বীপে আগমন করেন। ইনি কাজী-পাড়ায় বাদস্থান নির্মাণ করায় কাজীদাহেব প্রবীণ চক্রবর্তী মহাশয়কে গ্রাম-সম্বন্ধে 'চাচা' (খুড়া) বলিয়া ডাকিতেন।

শচীদেবীর একে একে আটটি কন্সা জন্ম গ্রহণ করিয়া সকলেই মৃত্যুমূখে পতিত হ'ন। অবশেষে তাঁহার 'শ্রীবিশ্বরূপ' নামে নবম পুত্র-সম্ভান আবিভূতি হ'ন।



নন ১৩৪১, ৩০শে জৈ হ তাবিথে শ্রীবাম-নবরীপ মাধাপুর-বোগপীটের নৃত্র নির্মিত শ্রীমন্দিবের ভিত্তি-ধননকালে এই চতুভূঁত 'কধোক্ষা' শ্রীকেন্ট্রি ও সংসাহ কভিপয় ভগ্ন মুংপাত্র পাওয়া গিয়াছে। এই শ্রীবিগ্রহ শ্রীল জগন্তাথ মিশ্রের সূত্দেবতা বলিয়া কথিত।

৮৯২ বঙ্গাফের ২৩শে ফাল্পন * শনিবার নব-বসস্ত-পূর্ণিমা— শ্রীকৃষ্ণের দোলযাত্রা, সন্ধ্যার প্রাকাল।

পূর্ণচন্দ্র প্রতিবৎসরই এই দিন তাঁহার অমল-ধবল-মিগ্ধ অংশুমালায় বিশ্বকৈ স্নান করাইবার জন্ম সনর্বে উদিত হইয়া থাকেন; কিন্তু আজ যেন জগতের চন্দ্রের পূর্ণতা, মিগ্ধতা, শুলতা, উদারতা, বদাম্মতা, কবিছ, সাহিত্য, ছন্দঃ—সমস্তই কোন অদ্বিতীয় অতিমর্তা চন্দ্রের নিকট তিরস্কৃত। ভূলোকের চন্দ্রের পূর্ণতা গোলোকের চন্দ্রের পূর্ণতার নিকট পরাভূত—বুঝি, এইরূপ বিজ্ঞাপন প্রচার করিবার জন্ম সকলত্ব জগচন্দ্র

* ৮৯২ বজাক, ১৪০৭ শকাল, ১৪৮৬ খৃষ্টাক, ১৫৪২ সংগং, ২৩
ফাল্পন, শনিবার। ঐ দিন পৃথিমা-ভিথির ৪০ দণ্ড ১০ পল অবস্থিতি ছিল:
মতান্তরে উহা প্রায় ৪২ দণ্ড। পূর্বফল্পনী নক্ষতেরে নান ৫০ দণ্ড ০৭ পর।
শীনমহাপ্রভুর আনির্ভাব-কাল—স্থান্দ য় হইতে ২৮ দণ্ড ৪২ পল পরে। নেই দিন
দিবামান প্রায় ২৯ দণ্ড ছিল। স্তরাং সন্থানার প্রাক্তাতো ৫টা ৫২ মিনিটে
(নবদ্বীপের সময়) খ্রীগৌরহরির আবির্ভাব। ইংরেজী মতে জুলিয়ন
ক্যালেন্ডার্ অনুসারে গণার ১৪৮৬ খুষ্টাক্ষের ২৮ল ফেব্রুয়ারী এবং অধুনা প্রচলিত
'শ্রেরিয়ান্ ক্যালেন্ডার্' অনুসারে ১৪৮৬ খুষ্টাক্ষের ২৭শে ফেব্রুয়ারী গ্রীমন্মহাপ্রভুব
স্থাবির্ভাব

প্রভুর আবিভাব-কালে সিংহলায় ও সিংহরাশি: রবি, বৃধ ও রাছ (মূল তিকোবে) কুস্তর; বৃহস্পতি স্বগৃহে উচ্চপ্রায় নঙ্গলসহ ধনুতে: শনি উচ্চপ্রায় বৃদ্দিকত্ব: শুক্র উচ্চপ্রায় নেবছ: চল্র ও কেতু (মূল তিকোবে) সিংহলগ্রন্থ ছিল। ঐ লগ্ন বিবিক্তিত, চল্লের হোরা, মঙ্গলের ক্রেনান, শুক্রের নবাংশ, শুক্রের হাদশাংশ ও বুর্ধেই তিশোংশ—এইরূপ শুভ বড় বর্গবৃক্ত। নবমপতি মঙ্গল, দশমপতি শুক্ত ও সপ্তমপতি স্বানি উচ্চপ্রায়, বৃহস্পতি বন্ধ হইয়া ধর্মস্থানগত শুক্রকে পূর্ণভাবে দৃষ্টি করিতেছেন: মঙ্গল ও বৃহস্পতির পঞ্চম শুভবোগ, লগ্নে বৃহস্পতির পূর্ণদৃষ্টি ছিল।

শ্রীগৌরচক্রের আবির্ভাবে রাত্ত্রস্ত * হইয়া পড়িল! বিশের চতুদিকে 'হরি বল', 'হরি বল' কলরব উঠিল—কর্ম-কোলাহল স্তক হইল ! দিগ্ৰধূগণ কুফকীতনক্ষনি শুনিয়া হাদিয়া নাচিয়া উঠিল! এমন সময়ে সিংহলগ্নে, সিংহরাশিতে শ্রীশচীগর্ভসিম্বু হইতে <u>জীমারাপুর-পূর্ণশনী উদিত হইলেন—অচৈততা বিধে চৈততের</u> স্কার হটল—মারা-ম্রুতে অমৃত্যন্দাকিনী প্রবাহিতা হ**টল।** অবিরল-ধারায় হরিকীর্তন-স্থাসঞ্চীবনী বৃষিত হওয়ায় বিশের হরিকীর্তন-তৃত্তিক-তৃঃখ বিদুরিত হইল ৷ শান্তিপুরে শ্রীক্ষরিতাচার্য ও ঠাকুর শ্রীহরিদাস আনন্দে নাচিত্র। উঠিলেন। সর্বত্রই ভক্ত-গণের আনন্দ-নৃত্য হইতে থাকিল। নর-নারীগণ বিবিধ বিচিত্র-উপহারের সহিত মিশ্র-ভবনে আগমন করিয়া শ্রীনবদ্বীপচন্দ্রকে দর্শন করিতে লাগিলেন। সরস্বতী, সাবিত্রী, শচী, গৌরী, রুদ্রাণী, অফ্রমতী প্রভৃতি দেবান্ননাগণ নারীবেশে এবং সিদ্ধ-গন্ধর্ব-চারণ

^{*} ঐ দিবস চন্দ্রগ্রহণ আংশিকভাবে হইরাছিল। গ্রহণের প্রাক্তাকে উপজ্যান্ত্রাকার্নেণ চন্দ্রের মালিয়া উপস্থিত হইলে শাস্ত্রে সমূদর প্রাক্রমণা শীহরিসন্ধাতন করিবারবিধান আছে। ঐ 'উপজ্যারা-গ্রহণ' ছুই তিন ঘণ্টা পুর্বেও হইরা থাকে। বিগত
ব্যের (১৩৫০) পলিকায় ১০ই বৈশাধ চন্দ্রগ্রহণের প্রাসমান ০০০৮ ও কেবল এ৮
মিনিট কাল কলিকাডায় প্রকৃত গ্রহণের স্থিতিকাল হইলেও ক্লান্ত্রের প্রাহত্ত্বান্ত্রিক প্রতিকাল বিধান আর প্রাহত্ত্বান্ত্রিকাল হইরাছিল।

কোন এক অর্থানীন লেখক খ্রীল বিধনাথ চক্রবতী ঠাকুরের নামে আরোপিত এক লোজ হইতে দেখাইয়াছেন যে, তিনি খ্রিনমহাপ্রপুর আবিভাবের সময়ে সভ্যাকালে চন্দ্র রাজ্প্রপ্ত ইইয়াছেন বলিয়া লিখিয়াছেন। স্বতরং খ্রীচন্দ্রবতী ঠাকুর জ্যোতিষ্পান্তে, অক্ত ছিলেন !!

ও দেবগণ নর-বেশে প্রচ্ছন্নভাবে মিশ্র-ভবনে আগমন করিয়া নবদ্বীপচন্দ্রের সম্বর্ধনা করিলেন। আচার্যরত্ন চন্দ্রশেশর ও পণ্ডিত ত্রী শ্রীবাস মিশ্র-নন্দনের জাতকর্ম-সংস্কার সমাধান করিলেন। জগন্নাথমিশ্র আনন্দভরে সকলকে যথাযোগ্য দ্রব্য দান করিলেন। শ্রীঅদ্বৈতাচার্য-পত্নী শ্রীসীতাঠাকুরাণী শ্রীনবদ্বীপেন্দুকে দেখিবার ক্তন্য গ্রীধাম-শান্তিপুর হইতে গ্রীমায়াপুরে গ্রীশচীগৃহে আগমন করিলেন। শ্রীঞ্জীবাস-গৃহিণী শ্রীমালিনীদেবী ও শ্রীচন্দ্রশেখর-পত্নী অবিলম্বে বিবিধ উপায়নসহ শ্রীশচীগৃহে উপস্থিত হইয়া শ্রীশচীনন্দনকে দর্শন করিলেন।

বস্তুত: অর্থাচীন লেখকই জ্যোতিষশাস্ত্রে সম্পূর্ণ জনভিক্ত। কারণ, প্রথমত: প্রীন চক্রবর্তী ঠাকুরের নামে আরোপিত শ্লোকটার প্রামাণিকতা,কতদ্র, তাহা বিচায। 'বংশীলীলামূত'-নামক কোন গ্রন্থ জীল চক্রবর্তী ঠাকুরের রচিত বলিফা বিদ্বংসমাজে প্রচলিত নাই। দিতীয়ত: ঐ শ্লোকাংশ প্রামাণিক বলিয়া ধরিলেও "পূর্ণেন্দৌ রাহণা গ্রন্তে—এই বাক্যে অর্থে রাহ্গ্রাস ও পরে গ্রীগৌরচন্দ্রের উদয় না বৃঝাইয়া সম-কানেই বুঝায়। ভাহাতেও উপচ্ছায়া-এহণ পূর্বেই হইয়াছিল এবং সেই উপচ্ছায়া-গ্রহণে'র আরম্ভকাল হইতে শান্তীয় বিধানানুযায়ী প্রীনাম-দক্ষীর্তনারম্ভ হইয়াছিল।

শ্রীমুরারিগুপ্ত, শ্রীকবিকর্ণপুর ও শ্রীল কবিরাজ গোস্বানি-প্রভূর বর্ণনা অর্বাচীন নেখক অপেক্ষা চক্রবর্তী ঠাকুর অনেক অধিকবার উপলব্ধি করিয়া পাঠ করিয়াছেন। স্তরাং অর্বাচীন লেথকের এমুরারিগুপ্ত, ঞ্চকনিকর্ণপুর ও এল কবিরাজ গোসামি-প্রভুর মোক ও পদ উদ্ধার করিয়া মহামহোপাধ্যায় চক্রবতিপাদকে অজ্ঞ প্রমাণ করা - 'আকাশে মুট্টাবাতে'র ন্যার বাল-চাপল্য।

নবম পরিচেছদ নিমাইর বাল্য-লালা অভিমত্য বংসল-রস

শাল-কলার স্থায় বধিত হইতে লাগিলেন। গ্রীগোরচন্দ্রের জ্যের দালি-কলার স্থায় বধিত হইতে লাগিলেন। গ্রীগোরহারের জ্যের জ্যার বিধত হইতে লাগিলেন। গ্রীগোরহারেক কোলে করিয়া সেবা করিতে লাগিলেন। স্নেহ-বিবশ আত্মীরস্ক্রন গ্রীগোর-গোপালকে 'বিফুরকা', 'দেবীরক্ষা', 'অপরাজিতা-স্থোত্র', 'মৃসিংহ-মন্ত্রাদি'-দ্বারা রক্ষা করিবার জন্ম ব্যপ্রতা দেখাইয়া বাৎসলা-প্রীতির পরিচয় প্রদান করিলেন। পাড়া-প্রতিবেশিগণ সর্বক্রণই বালককে বেন্টন করিয়া থাকিতেন। বালক ক্রন্থন করিছে থাকিলে স্ত্রীগণ নানাভাবে বালককে ক্রন্থন হইতে নির্ভ করিবার চেন্টা করিতেন; কিন্ত ভাঁহালের কোন চেন্টাই কলবতা হইত না। তখন কেবলমাত্র উচ্চেংস্বরে হরিনাম করিলেই বালক নীরব হইতেন—

পরম স্ক্রেত এই স্বে ব্ঝিলেন। কান্দিলেই হ্রিনাম স্বেই লয়েন॥

--द्योते: खाः खाः हाः

'নিজ্রমণ'-সংস্কার উপলক্ষা শ্রীশচাদেবী আত্মীয়-সঞ্জন-পরি-বেষ্টিতা হইয়া বাছা-গীতাদির সহিত গঙ্গাম্মান, গঙ্গাপুজা, ষষ্ঠীপুজা ও ষথাবিধি সর্বদেবতার পূজা করিলেন। প্রেমভক্তি-স্করিণী ষয়ংভগবানের স্নেহময়ী মাতৃদেবীর বিবিধদেবতার-পূজা—তাঁহার বাৎসল্য-প্রীতির পরিচয়ই প্রদান করিতেছে। মায়ায়ৢয় বদ্ধজীব সন্থানের পাথিব মঙ্গল-কামনায় ঐহিক-ফলদাত্রী দেবতার পূজা করেন। সেই আসক্তি ধখন মর্জ্য সন্থানের প্রতি না হইয়া অবিতীয় অতিমর্তা সন্থানের প্রতি প্রকাশিত হয় এবং সেই অতিমর্তা আসক্তিতে বদ্ধ হইয়া অভীষ্টবস্তর স্বখকামনার জন্ম ভক্ত যে সকল ক্রিয়া করেন, তাহা বাহাদৃষ্টিতে প্রাকৃত ক্রিয়ার স্থার আপাত দেখা গেলেও উহার নিষ্ঠা ও উদ্দেশ্য সম্পূর্ণ পূথক্। প্রীভগবানে আসক্ত হইয়া তাঁহার স্বখোল্লাসের জন্ম যে-সকল ক্রিয়া, তাহাই 'ভক্তি' বা 'প্রীতি'। উহা শ্রীভগবানেরই সেবা, দেবদেবী সেই সেবার যন্ত্রমাত্র।

কোন কোন দিন চারিমাসের বালক প্রীগোরগোপাল মাতাপিতার অনুপস্থিতি-কালে গৃহের যাবতীয় সামগ্রী ভূতলে বিশিপ্ত
করিবার পর জননীর আগমন বৃঝিতে পারিয়াই শয্যার উপরে
যাইয়া শায়িত অবস্থায় রোদন করিতে থাকিতেন। প্রীশচীমাতা
হরিধ্বনি-দ্বারা বালকের ক্রন্দন নির্বৃত্তি করিয়া গৃহের ঐরপ অবস্থা
দেখিয়া আশ্চর্যাবিতা হইতেন। বৎসলপ্রেমের স্বভাববশতঃ
শাজগন্ধাথদেব-প্রভৃতি বৎসল-রসিকগণ চারিমাসের বালকের
পক্ষে ঐরপ কার্য সম্ভব নহে জানিয়া, নিশ্চয়ই কোন দানব
রক্ষামন্ত্রে সংরক্ষিত শিশুর বিদ্ব করিতে অসমর্থ হইয়া গৃহসামগ্রীর
অপচয়-সাধনের দ্বারা স্বীয় ক্রোধ চরিতার্থ করিয়াছে, এরপ স্থির
করিতেন। শ্রীশচীদেবী গৃহমধ্যে পুত্রের চরণচিচ্ছের স্থার ছই

একটা পদচিহ্ন লক্ষ্য করিতেন। ঐ চিহ্নগুলি শ্রীশালগ্রাম-শিলাতে অধিষ্টিত বালগোপালেরই পদচিহ্ন বলিয়া তাঁহাদের মনে হইল। বৎসল-প্রেমের স্বভাব-বশতঃ এরপ ভ্রান্তি হইত।

পণ্ডিতবর শ্রীনীলাম্বর চক্রবর্তী ও শ্রীগোর-গ্রীতিপরামণা <mark>ললনাগণ নামকরণ-উৎসবের নিদিষ্ট দিবসে ত্রীশচী-ভবনে</mark> উপস্থিত হইলেন। শ্রীনীলাম্বর চক্রবতী জ্যোতিষশাস্ত্রে অসাধারণ পণ্ডিত ছিলেন। তিনি গণনা করিয়া দেখিলেন যে, এই ন্বীন বালকে অতিমর্তা মহাপুরুবের লক্ষণ-সমূহ পূর্ণভাবে বিরাঞ্জি। ইনি সমগ্র বিশ্ব অনস্তকাল ভরণ-পোষণ করিবেন জানিতে পারিয়া চক্রবর্তি-প্রবর তাঁহার জনম হইতে এই বালকের 'বিশ্বস্তর' নাম প্রকাশিত করিলেন। কেহ কেহ বলেন—নিম্ব-বুক্লের নিম্নে শ্রীগোরস্থলরের আবির্ভাব হওয়ায় শ্রীশচীদেবী পুত্রকে আদর করিয়া 'নিমাই' নামে ডাকিতেন। নিমাই প্রবতিকালে 'গৌরস্থন্দর', 'গৌরাফ', 'গৌবহরি', 'মহাপ্রভূ' ও সন্ন্যাদ-দীসার পরে 'শ্রীকৃষ্ণচৈতশু' প্রভৃতি নামে প্রকাশিত হইয়াছিলেন। কেহ কেহ বলেন,—বালকের আবিভাবে সর্বদেশ প্রাফ্রিভ, সর্বহঃর বিদুরিত, জ্বগৎ-শস্তা-ক্ষেত্রে ভক্তিকাদম্বিনীধারা বর্ষিত ও হরি-কীর্তন-হৃতিক দূরীভূত হইয়াছিল, বলিয়াই পণ্ডিতগণ 'বিশ্বস্তর' নাম রাধিয়াছিলেন। বাৎসল্য-রস-বিবশা এইছত-গৃহিণী

 ^{&#}x27;मर्यतादक করিবে এই ধারণ-পোষণ।
 বিষম্ভর নাম ইহার, —এই ত' কারণ।

⁻⁻बैटिंहः हः बाः ३४।३३

শ্রীসীতা দেবী বালকের চিরায়ঃ কামনা করিয়া যমের মুখে তিক্তবোধক নিম্ন হইতে 'নিমাই' নাম রাখিলেন। *

রুচি-পরীক্ষা

নিমাইর নামকরণ-কালে প্রচলিত প্রথা-অনুসারে শ্রীজগন্নাথ
মিশ্র পুত্রের রুচি-পরীক্ষার জন্ম বালকের নিকট পুঁথি, খই, ধান,
কড়ি, সোণা, রূপা প্রভৃতি অনেক কিছু দ্রব্য রাখিলেন। বালক
সমস্ত পরিত্যাগ করিয়া 'শ্রীমন্তাগবত'-পুঁথি আলিঙ্গন করিলেন।
ইহার দ্বারা শিশুকালেই নিমাই জগৎকে শিক্ষা দিলেন,—পাথিব
দ্বাজাত সমস্তই অনিত্য—শ্রীমন্তাগবতই নিতাবন্ত, শিশুকাল
হইতে ভাগবতী কথায় রুচি হইলেই জীবগণ প্রকৃতসম্পৎশালী
হইতে পারে। প্রস্তাদন্ত শিশুকালে তাহার সমবয়ন্ধ ও সমপাঠী
বালকগণকে এই শিক্ষা দিয়াছিলেন।

'লেয়দেব'

ক্রমে নিমাই 'হামাগুড়ি' দিতে শিখিলেন। একদিন হামাগুড়ি দিতে-দিতে গৃহের একস্থানে একটি বৃহৎ সর্পকে দেখিতে পাইয়া বাসক কুণ্ডলীকৃত সর্পের উপর শয়ন করিয়া শেষশায়ীর লীলা প্রকট করিলেন। বাৎসল্য-প্রেমময়ী শচীমাতা-প্রমূখ মাতৃস্থানীয়া

—श्रीहेड: ह: खा: २०१२३१

ইহান অনেক জ্যেষ্ঠ কল্পা-পুত্ৰ নাই। শেষ ধে জন্মতে, তার নাম সে 'নিমাই'।

ডাকিনী-শাধিনী হৈতে, শক্ষা উপজিল চিতে

জরে নাম খুইল 'নিমাই'।

[—] ইটি: ভা: আ: 8|8¢

ললনাগণ বাস্ত হইয়া 'গরড়', 'গরড়' বলিয়া ডাকিতে লাগিলেন এবং বালকের তমগল তাশ্যা বহিষা ভাষা কাদিতে। লাগিলেন। ইহা দেখিয়া সর্গর্জণ তান্তাদের মেই স্থান পরিভাগে বরিলেন। হামাওিছি দিয়াই নিমাই একাৰী গুড়ের বাহিরে পুমন করিছেন। লোকে বালকের রূপ-লাবণ্য দর্শনে মোহিত এইয়া বালককে मालाम, तमली-अर्ि अमान विशिष्टन। निमारे (मेरे-भक्त উত্তম দ্রব্য প্রাপ্ত ইইয়া ইরিক ইনকারিণী নবহীপ জ্লুনালগুড়ে পারিতোষিক প্রসাদ-১রূপ উত্তা বিলাইয়া দিছেন: বখনও বা কোন প্রতিবেশ গৃহত্তর গৃহে গমন করিয়া গৃহস্তের অভাতসারে দ্বি, ৩% ও জন্মানি ভক্ষণ করিভেন : কাঠারও গৃহ-সাম্থ্রী ভগ্ন করিয়া দেই তান ইইভে গোপান পলায়ন করিতেন। বালকের ম্খচন্দ্র-প্রি-মাত্র সকলেই তাহাদের বাধা ও অভিযোগ ভুলিয়া ধাইতেই।

ছুইজন চোর ও নিমাই

এব দিন নিমাইর দেহে কুলর স্বন্ধর অল্ডার দেখিয়া ছই-জন চোর ঐ সবল চুরি বরিধার যুক্তি বরিল। নিমাই ধরন একাকী পথে বেড়াইডেছিলেন, তখন ঐ ছই চোর নিমাইকে খুব আদর ও অভান্ত পরিচিত আহীয়ের ভাগ করিয়া কোলে ডুলিয়া লইল একং বালককে ভাষারই গৃহে লইয়া যাইতেছে বলিয়া বোন নির্জন-স্থানে লইয়া ঘাইবার উপার্ম করিল। নিমাইর কোন্ অল্ছার, কে চুরি করিবে, তাহা লইয়া োর ছইটী পর স্পর অনেক জল্পনা-কল্পনা করিতে থাকিল। তাহাদের মধ্যে একজন নিমাইকে সন্দেশ খাইতে দিয়া ভুলাইবার চেটা করিল; খার একজন 'এই তোমার ঘরে আসিলাম' বলিয়া বালককে প্রবোধ নিল। এনিকে নিমাইর মারায় মুগ্ধ হইর। চোর ছইটি তাহাদের স্ব-স গত্তব্য পথ ভূলিয়া গেল এবং অবশেষে তাহাদের নিজের ঘর মনে করিয়া শ্রীজগন্নাথ মিশ্রের ঘরেই উপস্থিত হুইল। নিমাইকে ফল হুইতে নামাইবা-মাত্রই নিমাই পিতার কোলে গিয়া উঠিলেন ; চোর ১ইটি তাহাদের ভুল বুঝিতে পারিয়া ভয়ে কে কোথায় পলাইবে, সেই পথ খুঁজিতে লাগিল এবং একটি সামাগু বালক তাহাদিগকৈ কিন্নপ বঞ্চনা করিয়াছে, তাহা পরস্পর মনে মনে চিন্তা করিতে লাগিল। বালক নিমাই চোরের স্বন্ধে আরোহণ করিয়া তাহাদেরও মন্দল বিধান করিলেন। চোর হুইটি শ্রীগোরনারায়ণকে স্কন্ধে ধারণ করিয়া ও সন্দেশ ভোজন করাইয়া অজ্ঞাতসারে ভক্ত্মুখ্যী স্কৃতি সঞ্চয় করিল।

মৃত্তিকা-ভক্ষণ ও দার্শনিক উত্তর

একদিন শ্রীণটাদেবী নিমাইকে ভোজনার্থ 'এই, সলেশ' প্রদান করিয়া গৃহকর্মে ঢলিয়া গেলে বালক খই-সভেষের পরিবর্তে কতকওলি মৃত্তিকা ভক্ষণ করিতে লাগিলেন; শটী ইহা দেখিয়া বালকের মুখ হইতে মাটিওলি কাড়িয়া লইলেন। শিশু নিমাই মাতাকে দার্শনিক উত্তর প্রদান করিয়া বলিলেন,

''ক্ই. সন্দেশ, অন্ধ-প্রভৃতি পার্থিব জ্রব্যের সহিত মৃতিকার কোন ভেদ নাই; কারণ উহারা সক্সই মৃত্তিকার বিকার। জীবের দেহ, জীবের খাগ্য—সমন্তই মাটি।" ইহা শুনিয়া শ্রীশতীদেবী বলিলেন,—"ভগতের সকল জিনিব মাটির বিকার হইলেও মাটি ও উহার বিকারের মধ্যে অমুকুল ও প্রেতিকৃল দ্রধ্যের ঘিচার আছে। মাটির বিকার অর ভক্ষণ করিলে দেহে পুটি হয়. কিন্তু মাটি ভক্ত করিলে দেহ অভুস্থ ও বিনষ্ট হয়। মাটির বিকার ঘটের মধ্যে জল আনয়ন করা যায়, কিন্তু মাটির 'পিঙে' জল আনিতে গোলে সমস্ত জল উহার মধ্যেই নিঃশ্বিত হুট্রা প্রে।" মাতার এই উত্তর শুনিয়া নিমাই আনন্দিত ধ্বলৈন এবং ইহার ছারা শুরুজানবাদিগণের একদেশী বিচার পরিত্যাগ করিয়া 'শুদা ভক্তির সার্বদেশিক অনুকৃপ-প্রতিকৃল-বিচার-গ্রহণই কর্তবা'—এই শিক্ষা নিলেন।

কৈথিক বিপ্ৰে

্রকদিন জনৈক গোপাল্ড র তীর্থপর্যটক ব্রাহ্মণ শ্রীমায়াপুরে মিশ্রের গ্রহে অতিখি হইলে বৈশ্বব-সেবাপরারণ শ্রীজ্পপ্নাথ মিশ্র সেই বিপ্রকে রখন-সামগ্রী প্রদান করিলেন। প্রান্ধণ বন্ধন করিয়া ধ্যানে ই গোপালতে ভোগ প্রদান করিতে ইত্তত গ্টলৈ বালক নিমাই আসিয়া ব্ৰাহ্মণেয় সেই অন্ন ভোৱন করিতে লাগিলেন। সেই জন্ব পরিত্যাগ করিয়া অতিথি ব্রাহ্মণ মিশ্রের অপ্রবাধে বিভীয়বার ভোগ রখন করিলেন। বিপ্রের

ধ্যানে ভোগ-নিবেদন-কালে বিভীয়বারও সেইরূপ ঘটনাই শ্রীবিধনপের অন্ধরোধে তৈথিক বিপ্র তৃতীয়বার রন্ধন করিলেন। এবার বালককে বিশেষ সতর্কতার সহিত আবদ্ধ করিয়া রাখা হইল: বালক নিদ্রিত থাকিবার অভিনয় দেখাইলেন। এদিকে রাজিও অধিক হইল। জ্রীগৌরহরির ইচ্ডায় নিদ্রাদেবী সকলেরই নর্ম-কোণে অতিথি হইলে তাঁহারা সেই নিদ্রাদেবীর সৎকারেই ব্যস্ত হইরা তৈথিক অতিধির কথা ভূলিয়া গেলেন। এমন সময় তৈথিক বিপ্র পুনরায় ধাানে গোপালকে প্রান্ন নিবেদন করিতে উন্নত হইলে নিমাই তৃতীয়-বার হঠাৎ কোপা হইতে আদিয়া পূর্ববৎ বিপ্রের নিবেদিত আ ভক্ষণ করিতে লাগিলেন। ব্রাহ্মণ নৈবহতের স্থায় হাহাকার করিতে থাকিলে নিমাই বিপ্রের নিকট চতুর্ভুজ ও বিভুজ রূপ প্রকাশ করিয়া বলিতে লাগিলেন —"হে বিপ্র! তুমি আমার নিত্য সেবক ; আমি যখন ব্রজে নন্দত্লালরূপে লীলা প্রকাশ করিয়াছিলাম, তখনও তোমার এইরূপ ঘটনা ঘটিয়াছিল। এবারও তোমার ভক্তিতে আকৃষ্ট হইয়া তোমাকে দেখা দিলাম।" তখন ব্রাহ্মণ নিজ ইফ্দেবকে দর্শন করিয়া মহাপ্রেমাবিফ হইলেন এবং আপনাকে ধন্য মানিয়া প্রভুৱ ভুক্তাবশেষ-প্রসাদ গ্রহণ করিলেন। মহাপ্রভূ তৈথিক বিপ্রকে এই ওপ্ত-লীলাটি সাধারণের নিকট প্রকাশ করিতে নিষেধ করিয়া দিলেন।

-wast become

দশ্ম পরিচেছদ নিমাইর বিলারস্ত ও চঞ্চল্য

প্রীজগন্ধাথমি প্র নিমাইর 'হা.ত খড়ি, 'বর্ণবেধ' ও 'চু ! করণদংস্কার' সমাপন করিলেন। দৃষ্টিমাটই নিমাই সমাধ অক্ষর
লিখিয়া বাইতেন। ছই তিন দিনে সমাধ ফলা ও বানান আয়ত্ত
করিয়া কেলিলেন এবং 'রাম', কৃষ্ণ', 'রোরি', 'মৃক-দ', 'বনমালী'
—এই সকল কৃষ্ণনাম লিখিতে লাগিলেন। নিমাই যখন মধ্বখরে 'ক', খ', 'গ', 'ঘ' উচ্চারণ করিতেন, তখন সকলের প্রাণ
কাড়িয়া লইতেন। শ্রীগোরগোপাল কখনও আকাশে উভ্লীয়মান
পক্ষী, কখনও বা চক্রা ও তারাসমূহকে আনিয়া দিবার জন্ত
মাতা-পিতার নিকটে য়াধ্দার করিতেন এবং ঐ সকল ভিনিষ
না পাইলে অত্যন্ত কালিতে থাকিতেন। তখন হরিনাম-কার্তন
ব্যতীত বালককে অগর কিছুতেই শান্ত করা যাইত না।

শ্রীমায়াপুরে মিশ্রভবন ইইতে প্রায় এক ক্রোশ দক্ষিণপূর্বিকে শ্রীজননান ও শ্রীহিরণ পিড়তের গৃহ। কোনও এক
একাদনা-তিখিতে তাহাদের গৃহে বিফুর ভোগ প্রস্তুত হই তছিল।
নিমাই সেই নৈবেও ভোজন করিবার ইক্সায় শ্রীজনমাধমিশ্রকে
হিরণ্য-জননাশ মিশ্রের মূখে বাসকের এইক্সাপ প্রার্থনা শুনিয়া

বিশেষ আশ্চর্যাধিত হইরা বলিলেন,—''অন্ন একাননী, আরু
আমাদের গৃহে বিষ্ণু-নৈবেন্ত প্রস্তুত হইতেছে,—এই কথা শিশু
কিন্তুপেই বা জানিল ' অবশ্যই এই বালকে কোনও বৈক্ষরশক্তি
আছে।" তাহারা এইরূপ বিচার করিরা সেই নৈবেদ্য বালকের
জন্ম পাঠাইরা দিলেন। শিশুর পক্ষে এত দূরের সংবাদ অবগত
হওয়া অসম্ভব, কিন্তু অন্তর্থামী নিমাই ভক্তের নিকট আন্তর্প্রশা করিবার জন্ম এবং একাদশী-নিবসে একমাত্র ভগবানই
অন্নাদি-উপকরণ ভোগরূপে গ্রহণের অধিকারী, ভাহা সকলকে
জ্বানাইবার নিমিত্ত এরূপ এক কৌশল অবলম্বন করিলেন।

নিমাইর চঞ্চলতা ক্রমেই বাড়িয়া উঠিল। বরস্থাপণের সহিত পরিহাস ও কলহ এবং মধ্যাকে গঙ্গাম্বানের সময় জলকেলি ইত্যাদি নানা প্রকার চঞ্চলতা প্রদর্শন করিতে লাগিলেন। নিমাই সমবয়স্ক বালকদিগকে লইয়া পাড়াপড়শীর ঘরে চুরি করিয়া বিবিধ দ্রব্য ভক্ষণ করি তন এবং শিশুগণকে প্রহার করিতেন ৷ শিশুগণ শ্রীশচীমাতার নিকটে অভিযোগ করিলে শ্রীশচীমাতঃ অপ্রাকৃত বৎসলরসে মুগ্ধা হইয়া পরমেধর পুত্রকে প্রাকৃত বাল'কের তায় তিরস্কার করি'তেন। তখন নিমাই ক্রের ত্ইয়া ঘরের সমস্ত জব্য-ভাও ভাঙ্গিয়া ফেলিতেন ৷ নিমাই ক্রন্ড মৃহহত্তে মাতাকে প্রহার করিতেন; আবার শ্রাশচীমাতাকে মূছিতা দেখিয়া ক্রন্দনও করিতেন। প্রতিবেণী মহিলাগণ 'নারিকেল আনিয়া দিলে মাতা স্বস্থ হইবেন্' বলিলে, সকলকে বিময়রসে ময় করিয়া বালক বাহিবে যাইয়া নারিকেল আনিয়া দিতেন। এক-দিকে নদীয়ার পুরুষগণ বেরূপ জগন্নাগনিশ্রের নিকট প্রত্যহই নিমাইর ত্র্ব্যহারের নানাপ্রকার অভিযোগ প্রানয়ন করিতে লাগিল, অপর দিকে বালিকাগণও নিমাইর নানাপ্রকার চাপলোর কথা শ্রীশানীয়াতার কর্ণগোত্র করিল।

কুমারীগণ গঙ্গাস্থান করিয়া খাটে বসিয়া গঙ্গাপুজা করিতেন। তখন বালক নিমাই খুমারীগণের নিকট আসিয়া বলিতেন,— ''তোমরা' গলা ও তুর্গার পূজা কর কেন ৈ আমার পূজা কর। যে বর চাও, আমি দিব। গঙ্গা হুর্গা ত' আমার দাসী, শিব ত' আমার ভৃত্য।"— এই বলিয়া বালকরূপী ফ্য়ং ভগবান্ শ্রীগৌর-হরি নিছেই কুমারীগণের পূড়ার উপকরণ চল্টন, পুস্মালা-প্রভৃতি ধারণ করিতেন এবং সন্দেশ, চাউল, কলা-প্রভৃতি কাড়িয়া খাইতেন এবং বলিতেন, "ভোমাদিগকে বর দিতেছি,— তোমাদিগের পরমহুন্দর, পত্তিত, খনবান, যুবক ও রদিক পতি হইবে এবং তোমাদের দীর্ঘায়ঃ ও সাত-সাত পুত্র হইবে।" বর গুনিয়া কুমারীগণ বাহিরে রোষাভাস দেখাইলেও অন্তরে সংগাঁবই লাভ করিতেন। কোন কুমারী নিমাইর ভয়ে দেবতার নৈবেন্ত লইয়া পলাইতে উন্নতা হইলে চঞ্চল নিমাই তাহাকে ডাকিয়া বলিতেন,—''তোমার বৃদ্ধ স্বামী হইবে, আর বহু সতিনী হইবে।" কুম:রীগণ নিমাইকে দেবাবিস্ট পুরুষ মনে করিয়া তংন ভাঁহাকে সকল নৈবেছ প্রদান করিতেন।

শ্রীশনীদেবীর নিকট নিমাইর বিক্লমে অভিযোগ আসিত; তিনি সকলকে মিউবাকোর ধারা সান্ত্রনা প্রদান করিতেন। একদিন জ্রীজগন্ধাথমিশ্র নিমাইর ঐরূপ উপদ্রবের কথা শুনিয়া পুত্রকে উপযুক্ত শান্তি-প্রদানের জন্ম মধ্যাক্তকালে গঞ্চার ঘাটে উপিঠিত ইইলেন ১ চুর নিমাই ক্রুদ্ধ পিতার আগমন জানিতে পারিয়াই অ৵ পথে গৃহে পলাইয়া গেলেন এবং বয়য়ৢগণকে বলিয়া গেলেন, যি∂ মি≜-মহাশয় আসিয়া তাহার কখা জিজ্ঞাসা করেন, তাহা হইলে যেন তাহারা মিশ্রকে 'অন্ত নিমাই গঙ্গা-স্নানে আদে নাই' বলিয়া কিরাইরা দেয়। গুলার ঘাটে নিমাইকে না দেপিয়া ভাজগন্ধা মিশ্র গৃহে কিরিয়া আসিয়া দেশিলেন, নিমাই অস্নাত অব খার সর্বাঙ্গে মসীবিন্দুলিও হইরা বিদিয়া আংন মিশ্র বাংসল্য-প্রেমে মৃক্ষ হইয়া বালকের চাতুরী বুঝিতে পারিলেন না। নিমাইকে অভিযোগকারী ব্যক্তি-গণের কণ জানাইলে নিমাই বলিলেন — 'আমি গলালানে না গেলেও যখন তাহারা আমার সথকে মিখ্যা অভিযোগ করে, তখন আনি সত্যই সত্যই তাহাদের উপর এপদ্রব আরম্ভ করিব।" এইরপ চাতুরী করিয়া নিমাই পুনরায় গঙ্গাম্বানে চলিলেন। এদিকে প্রীশচী-জগরাধ মনে-মনে চিগা করিতে লাগিলেন,— "এ অদ্ভূত বালক কে ? এ কি নন্দুংলালই গুপ্তভাবে আমাদের গৃহে আসিয়াছেন!"

এক দশ পরেছেদ

গ্রীঅদৈত-দভা ও ঐীবিশ্বরূপের সন্ন্যাস

শ্রীশান্তিপুরে শ্রাঅহৈতাচার্যের বাড়া ছিল। তিনি শ্রীনবরীপে
শ্রীমারাপুরে শ্রীবাদ-পণ্ডিতের গৃহের উত্তরে কিছু দূরে একটি
টোল খুলিয়াছিলেন। শ্রীগৌরহরির প্রকটের পূর্বে এই স্থানে
তিনি ভগবানের আবির্ভাবের জন্ম জল-তুলদীন্বারা শ্রীনারারণের
আরাধনা করিতেন এবং হুছাব করিয়া ভগবানের নিকট
দমস্ত জগতের বিমুখতার কলা জানাইতেন। দেই স্থানেই
ঠাকুর শ্রীহরিদাদ, শ্রীশ্রীবাদপণ্ডিত, শ্রীগঙ্গাদাদ, শ্রীওক্লাম্বর,
শ্রীচক্রশেষর, শ্রীগ্রারিওপ্ত-প্রভৃতি বৈষ্ণবগণ মিলিভ হইয়া
ভগবানের কথা আলোচনা করিতেন।

শ্রীবিশ্বস্তারের সগ্রজ শ্রীবিশ্বরূপ বাল্যকাল ইইতেই সংসারের প্রতি উদাসীন ছিলেন। তিনি সর্বশাস্ত্রে স্পত্তিত ও সর্বস্তুপে গুণী ছিলেন। সমস্ত সংসার জাগতিক কথার মত, সকলের দ্বন্যেই জগবান্ ও জগবানের ভাকের প্রতি নানাধিক বিশ্বতার ভাব এমন কি, বাঁহারা গীতা-ভাগবতাদি পড়াইতেন, তাঁহাদেরও মান্তরিক হরিভক্তির অভাব দেখিরা তিনি আর লোকম্ব দর্শন করিবেন না,—এইরূপ বিচার করিদেন এবং অন্তরে অন্তরে সংসার-ত্যাগের জন্ম কৃতস্কর ইইলেন। প্রতিদিন প্রাতঃকালে গঙ্গাম্বান করিয়াই তিনি 'অহৈত-সভায় আসিতেন এবং শাস্ত হইতে হ'রভক্তির বাখা প্রবণ ও কার্ডন ক'রিতেন। ভোজনের বেলা অতিক্রাস্ত দেখিয়া শ্রীশচী গ্রায়ই বিপদ্ধণকৈ ডাকিয়া আনিবার জন্ম নিমাইকে অবৈত-সভার পাঠাইয়া দিতেন: নিমাইর অলো কক রূপ-লাবণা দেখিয়া সভাস্থ বৈধ্বৰ-মওলী চিত্ত মুগ্ধ হইত। বিশ্বরূপ গুহে আদিয়া ভগবৎপ্রসাদ সম্মান করিয়াই আবার অঠৈত-সভায় চলিয়া যাইতেন। গৃহে গমন ক্রিলেও তিনি কোন প্রকার গৃহ-ব্যবহার করিতেন না; যতক্ষণ বা ্বী থাকিতেন, ততক্ষণ বিষ্ণুগৃহের মধ্যেই অবস্থান করিতেন। মাতা-পিতা বিবাহের উ.ছাগ করিতেছেন শুনিয়া রিধক্স: অখরে অত্যন্ত হঃখিত হইলেন এবং কিছুদিনের মধ্যেই সন্নাস গ্রহণ করিয়া 'শস্করারণা' নামে খাতি হইলেন।

্ৰ শ্ৰীবিধনপের সন্নাদে শ্ৰীশ্ৰীশচী-জগন্নাথ বাৎসল্য রসের স্বভাববশতঃ অত্যন্ত বিরহবিধুর হইংল, নিমাই মাতা-পিতাকে সান্তনা দিয়া বলিলেন,— 'দাদা সন্ধাসলীলা প্রকাশ করিয়া উত্তম কার্যই করিয়াছেন। ইহাতে মাতৃপিতৃকুলের উদ্দাহ হইরাছে। আমি তোমানিগের সেবা করিব।"

একদিন নিমাই শ্রী বফু-নৈবেগ্রের তাস্কুল ভোজন করিয়া মূৰ্ছিত হইয়া পঢ়িলেন। শ্রীশীশচী জগন্ধাধ নিমাইকে সুস্থ করিরার পর, নিমাই মাতা-পিতার নিকট একটি অপুর্ব-কাহিনী বলিলেন,—''দাদা আমাকে এস্থান হইতে লইয়া গিয়াছিলেন এবং আমাকে সন্ন্যাস গ্রহণ করিবার আদেশ করিয়াছিলেন। আমি বলিলাম, 'আমার মাতাপিতা অনাধ, আমি বালক, আমি
সন্ন্যাসের কি জানি? গৃহস্ত হইরা মাতা-পিতার ধেবা করিলে
শ্রীজ্ঞীলক্ষ্মীনারায়ণ সভৃষ্ট হইবেন।' আমার এই কথা শুনিয়া
দাদা আমাকে পুনরায় এস্থানে পাঠাইরা দিলেন এবং 'মাতাকে
কোটি কোটি নমস্বার জানাইবে' বলিলেন।"

ইহার দারা শ্রানিমাই তাহার ভাবী সন্ধাসলীলাবিকারের • ইপিত দিয়াছিলেন :

দাদশ পরিচেছদ

উপন্য়ন ও জ্রীগঙ্গাদ, স পণ্ডিতের ট্রেলে অধ্যয়ন

বিষরপ গৃহত্যার করিবার পরে নিমাইর চাঞ্চল্য ব্রাস পাইল ।
এবার তিনি পাঠে মনোযোগ প্রকাশ করিলেন। প্রীজগন্ধাধমিশ্র কিন্তু সালকের চাঞ্চল্য-নিঃত্তি ও পাঠ মনোনিবেশের
কথা শুনিয়াও অতুরে উ ফুল্ল হইতে পারিলেন না; কারণ
তাহার আশক্তা হইল, —বিশ্বরূপ শাস্ত্র পড়িয়া সংসারের অনিতাতা
ফ্রন্থাসম করিয়াছিলেন, তাহাতেই তিনি গৃহ পরিত্যাগ
করিয়াছেন; কি জানি, নিমাইও পাছে লেখা-পড়া শিবিয়া
অগ্রন্থেরই অনুসরণ করে। এইজন্ত মিশ্র নিমাইর পাঠ বন্ধ
করাইলেন। নিমাই আবার প্রবল-বেগে ওরত্য ও চাপল্য
প্রকাশ করিত্তে পারণ্ড করিলেন।

একদিন নিমার গৃহের বাহিরে বিফুর নৈবেছা-রন্ধনের পরিত্যক্ত আবর্জনা লিপ্ত মৃংপাত্রসমূহের উপর গিয়া বসিয়া বহিলেন, শ্ৰীশচামাতা এইকখা জানিতে পারিয়া বালককে সেই অপবিত্র স্থান পরিত্যাগ করিয়া স্থানাদি করিবার জন্ম অন্পরোধ করিলে বালক নিমাই মাতাকে জানাইলেন,—"মূর্থ আমি কি - প্রকারেই বা ভাল-মন্দ, শুচি অগুচি বিচার করিব ? অপবিত্র স্থানে আমি কংনও অবস্থান করি না। যে-স্থানে আমার অবস্থান, সে-স্থানেই সকল পুণ্যস্থান, গঙ্গা-যমুনাদি সকল তীর্থের অধিষ্ঠান হয়। শ্রীভগবানে বিমৃথ হইয়া জীব কাল্লনিক শুচি ও অওচির বিচার করে; আর লৌকিক বা বৈদিক মতে কোন বস্তুর বিশি অওদ্ধতাও হয়, তাহাও আমার স্পর্শে প্রম বিশুদ্ধ হুইয়া যায়। যে মৃদ্ভাওে তুমি বিষ্ণুর নৈবেগ্ন রন্ধন করিয়াছ. সেই বিষ্ণুসম্বন্ধ-যুক্ত বস্তু কখনই অশুদ্দ ইইতে পারে না.; বরং ঐ-সকলের প্রভাবে তক্ত স্থান ও বস্তু শুদ্দ হইয়া যায়।'' বাল্য-ভাবে শ্রীগৌর-গোপাল সমস্ত ত্রসার সহাস্তবদনে বলিলেন। ভধাপি বাৎসল্যারসে ২%। হইরা শ্রীশচাদেবী শ্রীনিমাইকে অপবিত্র স্থান হইতে আদিয়া স্নান করিয়া শুদ্ধ হইবার জন্ম পুনংপুনঃ অন্তরোধ করিতে লাগিলেন এবং ইহা মিশ্রের কর্ণ-গোচর হইলে তিনি অতাও কুন হইবেন, ইহাও জানাইলেন।

নিমাই মাতাকে বলি:লন যদি তাঁহাকে পড়িতে না দেওয়া ২য়, তাহা হইলে কিছুতেই তিনি ঐ স্থান ত্যাগ করিবেন না। নিমাইর ঐ কথা শুনিয়া পাড়া-প্রতিবেশিগণ খ্রীশচীদেবীকে মন্দ বলিতে লাগিলেন। 'সোধারণতঃ শিশুগণই পণ্ডিত চাহেনা,
মাতা-পিতা বালককে নানাভাবে পা ঠ মনোযোগী করায়, আর
এগানে মাতাপিতা ঠিক বিপরাত ব্যবস্থা করিতেছেন। বোধ হয়,
কোন শক্রর কুবৃদ্তি শাশ্রীশেচী-জগন্নাথের এইকপ মতিভ্রম
ইইয়াছে।' প্রতিবেশিগণের এইকপ উদ্দিও রপবিত্রস্থান ত্যাব
করিবার অন্তরোধ সভেও বালক সে স্থানেই বসিয়া রহিলেন।
তখন শ্রীশাচীমাতা শিওকে গরিষা লইরা আসিলেন। শ্রীশুগন্নাথ
মিশ্র তখন সেইস্থানে উপপিত ইইলে প্রতিবেশিগণ তাঁহাকে
নিজ বালকের পাঠের ব্যবস্থা করিবার জ্ঞা অনুরোধ করিলেন।
মিশ্র সকলের পরামর্শ গ্রহণ বরিলেন।

শুভদিনে শুভলগ্নে শ্রীগোরপুন্দরের উপনয়ন ইইল। শ্রীগনস্থ-দেব যজ্ঞপুত্রকাপে শ্রীগোরাপের দেবা করিয়া কতার্থ ইইলেন।
নিমাই বামন-রূপে সকলের নিকট ইইতে ভিক্ষা গ্রহণ করিলেন।
নবরীপের শ্রেষ্ট অধ্যাপক শ্রীগঙ্গাদাস পড়িতের টোলে নিমাই
অধ্যয়ন করিতে গেলেন। শ্রীগঙ্গাদাস তাহার ছাত্রগণের মধ্যে
নিমাইকে সর্বশ্রেষ্ঠ মেধাবা ও বিচক্ষণ দেশিতে পাইরা বড়ই
আনন্দিত ইইলেন। শ্রীগঙ্গাদাসের শিশাগণের মধ্যে শ্রীগুরারি
ওপ্ত, কমলাকাপ, কুফানন্দ-প্রভৃতি যে-সকল ছাত্র প্রধান ও
বয়োজ্যেষ্ঠ ছিলেন, তাহাদিগকেও নিমাই নানাপ্রকার 'ফারি'
জিজ্ঞাসা করিয়া অপদস্থ করিতে প-চাৎপদ ইইতেন না। গঙ্গার
ঘাটে গিয়া নিমাই প্রত্যেই অস্থাত্য ছাত্রগণের সহিত তর্ক
করিতেন। স্ত্রবাধ্যার সময় নিজে যাহা স্থাপন করিতেন. তাহাই স্বরং খণ্ডন ও পুনঃ সংস্থাপন করিয়া ছাত্রগণের বিময় উৎপাদন করিতেন।

একদিন নিমাই মাতার প্রীচরণ ধারণ করিয়া প্রণামপূর্বক বলিলেন — 'মা! আমাকে একটি দান বিতে হইবে। তুনি প্রীএকাদশীতে অন্ন ভোজন করি ব না '' সেই হইতে প্রীণচী-মাতা নিয়মিতভাবে শ্রীএকাদশী পালন করিতে লাগিলেন।

শ্রীগঙ্গা অনেক দিন যাবং গ্রীযমুনার ভাগ্য বাঞ্ছা করিতে ছিলেন। বাঞ্চাকন্পতক শ্রীগোরহরি শ্রীগঙ্গাদেবীর দেউ অভিলাষ পূর্ণ করিতে থাকিলেন। শ্রীনিমাই প্রত্যহ গঙ্গান্ধান, যথাবিধি শ্রীবিষ্ণুপূজা, শ্রীতুলসীকে জলপ্রদান ও শ্রীমহাপ্রসাদ সম্মান করিয়া গৃহের মধ্যে নির্জন স্থানে অগ্যয়ন ও স্থাত্রর টিপ্পনী প্রভৃতি প্রণয়ন করিতেন। শ্রীজগন্ধাথ মন্ত্র সকল দেবিয়া হান্ত্রে অত্যন্ত আনন্দ পাইতেন এবং বাংসল্যা-প্রেমের স্বভাববশতঃ নিজ পুত্রের কল্যাণের জন্ম শ্রীকৃষ্ণের নিকট প্রার্থনা জানাইতেন। তিনি ঐশ্বগদ্ধহীন বাংসল্যপ্রেমে মৃগ্ধ হইয়া বৃধিতে পারিতেন না যে, স্বয়ং শ্রীকৃষ্ণই ভাঁহার গৃহে অবতীর্ণ হইয়াছেন।

একদিন প্রীজগন্নাথ মিশ্র স্বপ্নে দেখিতে পাইলেন,—গ্রীনিমাই ঘতিনব সন্ন্যাসীর বেশ ধারণ করিয়া প্রীজাবৈতাচার্য-প্রতৃতি ভক্তগণের সঙ্গে সর্বক্ষণ প্রীকৃষ্ণনামে হাস্থা, নৃত্য ও ক্রেণনা করিতেছেন; কখনও বা নিমাই প্রীবিফ্র সিংহাসনে উঠিয়া সকলের মস্তকে প্রীচরণ প্রদান করিতেছেন; চত্ত্যুর, পঞ্চার্ব; সহস্রেমুর দেবতাগণ "জয় প্রীশচানদ্দন" বলিয়া চতুদিকে তাঁহার গুতি গান করিতেছেন; কংনও বা উনিমাই নগরে-নগরে শ্রীহরি-নাম কীর্তন করিতে করিতে নৃত্য করিয়া বেড়াইতেছেন; আর কোটি-কোটি লোক শ্রীনিমাইর পশ্চাতে ধাবিত হইতেছেন; কংনও বা অপরূপ পরিবাজকবেশে শ্রীনিমাই ভক্তগণের সঙ্গে মহারকে নীলাচলে গমন করিতেছেন।

এই স্বপ্ন দেখিয়া জ্রীজগন্নাথ মিশ্র অত্যন্ত চিন্তার্ক হইন্না
পঞ্জিন। জ্রীনিমাই নিক্রই গৃহ তাগে করিবেন—এই ধারণা
তাহার হাদরে বদমূল হ'ল। জ্রীশচাদের মিশ্রকে সান্তনা দিরা
বলিলেন,— "নিমাই মেরপ লেখা পড়ার মনোনিবেশ করিরাছে,
তাহাতে সে গৃহ ছাড়িয়া কোখাও বাইবে না।" কিছুকাল পরে
জ্রীজগন্নাথ মিশ্রের অন্তর্ধান হইল। জ্রীলম্বর্ধের বিজরে (তরু-বিরহে) জ্রীরামচন্দ্র যেরপ ত্রন্দন করিরাছিলেন, জ্রীজগন্নাথ
মিশ্রের তিরোধানেও জ্রীনিমাই তদ্রপ ক্রন্দন করিবেন। নিমাই
জ্রাশচীমাতাকে বহুবিধ সান্তনা বাক্রে বৃথাইতে লাগিলেন;
বলিলেন,— মা! আমি ভোমাকে ব্ল্যা-মহেশ্বরেরও সুত্র্গভ বস্ত্র

এক নি পদাসান যা বার সময় ঐ শচীদেবীর নিকট সদাপুলার এক তৈল, আমলকী, মালা, চন্দন-প্রভৃতি উপায়ন চাহিলেন। ঐ শতী নিমাইকে এডটুকু অপেকা করিতে বলার নিমাই জ্বেল ইইরা চুহের যাবতীর জবা, এমন কি, ঘর-বার চূর্ব-বিচ্ব করিয়া ফেলিতে লাগিলেন, কেবলমাত্র জননীর অঙ্গে হাভ তুলিলেন না। সমস্ত বস্তু ভাদিরা ফেলিবার পর নিমাই মাটিতে গড়াগড়ি দিতে লাগিলেন। শ্রীশচাদেবী গদ্ধমাল্যাদি সংগ্রহ করিয়া নিমাইর গদ্ধাপুজার আয়োজন করিয়া দিলেন। শ্রীমশোদাদেবী যেরূপ গোকুলে শ্রীবালকুফের সমস্ত চঞ্চলতা সহ করিতেন, সেরূপ শ্রীশচাদেবীও নবনীপে শ্রীগোর-গোপালের সকল চপলতা সহ্য করিতে লাগিলেন। নিমাই গদাস্থান ও গদাপুজা করিয়া গৃহে ফিরিয়া আসিলেন এবং ভোজনাদি-কাই সমাপন করিলেন। তখন শ্রীশচীমাতা পুত্রক বুঝাইরা বলিলেন,—'ভুমি পিতৃহীন বালক, গৃহ-সামগ্রী এইরূপে নই করিয়া তোমার কি লাভ হই ব গ কল্যা কি খাইবে,—এমন কোন সম্বল গামাদের গৃহে নাই, এতদ্বস্থায় গৃহের জব্যাদি নক করা কি উচিত গৈ

নিমাই জননীকে বলিলেন,—'বিশ্বস্তর প্রীকৃষ্ণই সকলের পালক। তাঁহার দাসের পক্ষে আহারের চিন্তা নিম্প্রয়োজন।'' ইহা বলিয়া নিমাই অধ্যরনের জন্ম বাহিরে গমন করিলেন এবং গুরু ফিরিয়া জননীর হাতে হুই তোলা স্বা প্রদান করিয়া বলিলেন,—''কৃষ্ণ এই সম্বল পাঠাইয়া দিয়াছেন, ইহা ভাষাইয়া তোমার বায় নির্বাহ কর।'' প্রীশচীদেবী লক্ষ্য করিছেছিলেন— যথনই গুরু অর্থ্যে জভাব হয়, তথ্যই নিমাই কোথা হইতে বুবল লাইয়া স্থাসেন। প্রীশচীদেবা ইহাতে ভাতা হইলেন—কি জানি, পাছে কোন প্রমাদ ঘটে! দশ-পাচ জনকে দেখাইয়া প্রীশচীদেবী সেই পুর্বর্পত্য গুলিকে ভাসাইয়া ঘরের প্রয়োজনীয় জিনিষপত্রাদি সংগ্রহ করিতেন।

শ্রীনিমাই ব্রহ্মগারিবেশে কপালে উপ্রতিলক অন্ধিত করিয়া প্রতাহ ই গাসাদাস পণ্ডিতের নিকট পড়িতে ঘাইতেন এবং ছাত্রগণের মধ্যে স্তের এইরূপ নৃতন নৃতন ব্যাখ্যা করিতেন যে. শ্রীগদাদাস পণ্ডিত অতান্ত সন্তন ইইয়া নিমাইকে ছাত্রগণের মধ্যে সর্বপ্রধান আসন প্রদান করিয়া মধাস্থালে বসাইতেন। এই সময় সান, ভোজন, ভ্রমণ —সকল কাথেই নিমাই শাস্ত্র্যাহীত আর কিছু করিতেন না।

প্রাতঃসদ্ধা শেষ করিরাই ক্রিনিমাই ছাত্রগণের সহিত্ শীনগদাস পণ্ডিতের সভার পড়িতে বসিতেন এবং শাস্তের বিচার লইয়া বাদ-প্রতিবাদ আরম্ভ করিতেন। যে-সকল ছাত্র নিমাইর অর্গত না হইয়া বতন্ত্রভাবে অধ্যয়ন করিত, নিমাই তাহাদিগের পাঠের নানা দোষ দেখাইতেন। শীন্রারিগুপু নিমাইর অনুগত হইয়া পাঠ করেন না, দেখিয়া একদিন শ্রীনিমাই শ্রীমুরারিকে বলিলেন,—"ম্রারি! তুমি বৈল, লতা-পাতা-ঘাঁটাই তোমার সাজে: বাাকরণ অত্যন্ত কঠিন শাস্ত্র: ইহাতে কফ, পিত্ত বা অজীর্ণ-রোগের বাবস্থা নাই: তুমি নিজে-নিজে ইহা কি বুঝিবে? যাও, গিয়া রোগীর চিকিৎসা কর।"

সময় সময় প্রায়রিওপ্ত মৌন থাকিতেন, কংনও বা শ্রীনিমাইর বাকোর প্রতিবাদ করিতে যাইতেন। কিন্তু শেষে নিমাইর সহিত পারিয়া উঠিতেন না। তখন মনে-মনে ব্ঝিতেন —'নিমাই সাধারণ মন্তুয় নহেন, নিশ্চয়ই কোন অতিমর্জ্য পুরুষ জগতে আবিভূতি হইয়াছেন।' গ্রীমুরারিওপ্ত এইরূপে পরাজিত হইয়া নিমাইর আমুগতো অধ্যয়ন করিতে স্বীকৃত হইলেন।

ষোড়শবৎসর-বয়স্ক যুবক শ্রীনিমাইর শাস্ত্রে অন্তুত পারদণিতা দেখিয়া সকলেই মুগ্ধ হইলেন। নবদ্বীপবাসী শ্রীমুকুন্দসঞ্জের চন্ডীমওপে নিমাই তাঁহার একটি বিভা-চতুম্পাঠী থুলিয়া অধ্যাপনা আরম্ভ করিলেন। তখন 'হয়-ব্যাখ্যা নয় করা, নয়-ব্যাখ্যা হয় করা,' আর অভাতা ভাধ্যাপকগণের শাস্ত্রভানের অভাব প্রমাণিত করা এবং তাঁহাদিগকে বিচার-যুদ্ধে আহ্বান করাই নিমাইর কার্য পড়িয়া গেল।

- mary deliver

ত্র্রোদশ পরিচেছদ গ্রীনিমাইর প্রথম বিবাহ

শ্রীনবদ্বীপে শ্রীবল্লভাচার্য-নামে জনকতুল্য একজন বৈফ্রব-বাহ্মণ বাদ করিতেন। তাঁহার কন্তা শ্রীলক্ষ্মীও মৃতিমতী শ্রীলক্ষ্মী-স্বরূপিণী ছিলেন। শ্রীবল্লভাচার্য কন্তাকে উপযুক্ত বরের হস্তে সমর্পণ করিবার জন্ম চিন্তিত ছিলেন। একদিন লক্ষ্মী গঙ্গামানে গমন করেন, দৈবক্রমে গঙ্গার ঘাটে শ্রীলক্ষ্মীর সহিত শ্রীনিমাইর সাক্ষাংকার হইলে তাঁহারা উভয়েই মনে-মনে একে অন্তর্গে অঙ্গীকার করিলেন।

এদিকে দেই দিনই জীবনমালী আচার্য-নামক নবদ্বীপবাসী এক ঘটক যেন দৈব-প্রেরিত হইরাই শ্রীশচীদেবীর নিকট গমন করিয়া শ্রীবল্লভাচার্যের কন্সার সহিত শ্রীনিমাইর বিবাহের প্রস্তাব উথাপন করিলেন। শ্রীশ্চীদেবী বলিলেন,—"আমার নিমাই পিতৃহীন বালক, আগে বাঁচিয়া থাকিয়া লেখাপড়া শিক্ষা করুক, পরে তাহার বিবাহের চিস্তা করা যাইবে।" শ্রীশচীর কথায় নিরাশ হইরা জীবনমালী ঘটক চলিয়া গেলেন। দৈবাৎ প্রে শ্রীনিমাইর সহিত ঘটকের সাক্ষাৎকার হইল। ঘটক মহাশয় শ্রীনিমাইর বিবাহের প্রস্তাব করিবার জ্ঞু তাঁহার মাতার নিকট গিয়াছিলেন, কিন্ত শ্রীশচীদেবী সেই প্রস্তাব বিশেষ গ্রাহা করেন নাই--এই কথা ঘটক মহাশয় নিমাইকে জানাইলেন। নিমাই তখন গৃহে ফিরিয়া হাসিতে হাসিতে মাতাকে বলিলেন,— "মা ! তুমি আচার্যকে ভাল করিয়া সন্তাধণ কর নাই কেন ?" বনমালী ঘটকের প্রস্তাবিত বিবাহে নিমাইর সম্মৃতি আছে—এই ইদিত পাইয়া শ্রীশচীদেবী তৎপর দিবস ঘটক মহানয়কে পুনরায় ডাকাইয়া পাঠাইলেন এবং শীঘ্রই ওভ-বিবাহ সম্পন্ন করাইবার ইচ্ছা প্রকাশ করিলেন। শ্রীবন্মালী আচার্যও শ্রীবন্নভাচার্যের সহিত সাক্ষাৎ করিয়া ঐ সম্বন্ধ স্থির করিলেন। শ্রীবন্নভাচার্য তখন ঘটক মহাশয়কে বলিলেন যে, তিনি অতি দরিত্র, পাঁচটা হরিতকামাত্র দিয়া শ্রীজগন্নাথ-মিশ্রের পুত্ররত্বের হত্তে তাঁহার কন্তা সম্প্রদান করিবেন ; জামাতাকে তাঁহার অন্ত যৌতৃক-প্রদানের ক্ষমতা নাই।

বিবাহের শুভদিন স্থির হইল। বিবাহের পূর্বদিন শ্রীনিমাইর অধিবাস-ক্রিয়া যথারীতি সম্পন্ন হইল। পরদিবস শুভ গোধূল-লগ্নে যাত্রা করিয়া শ্রীনিমাই শ্রীবল্লভাচার্থের গৃহে উপস্থিত হইলেন এবং যথাবিধি শ্রীলক্ষীদেবীর পাণিগ্রহণ করিলেন।

পরদিবস সন্ধাকালে জ্রীনিমাই শ্রীলক্ষীর সহিত দোলায় চড়িয়া নিজ-গৃহে ফিরিলেন। গ্রীশচীমাতা মহা-লক্ষ্মী পুত্রবধূরে বরণ করিয়া গৃহে সানিলেন। তদবধি শ্রীশচীদেবী নিজ-গৃহে অনেক অলৌকিক দৃশ্য দেখিতে লাগিলেন। কখনও ঘ্রু বাহিরে সমূত জ্যোতিঃ, কখনও নিমাইর পার্শে আগ্নশিধা দর্শন করিলেন এবং কখনও বা গৃত্বের সর্বত্র পদ্মের গন্ধ পাইত লাগিলেন। 'গ্রীনিমাই ও গ্রীলক্ষীদেবী মনুয়া নহেন—বৈকু গ্রীলক্ষীনারায়ণ শ্রীনবদ্বীপে শ্রীলক্ষী-গোরনারায়ণরূপে অবতীর্ণ — শ্রীশচীদেবীর সম্ভারে এইরূপ ভাব উদিত হুইতে লাগিল।

চতুর্দশ পরিচেছদ আয়-প্রকাশের ভবিগ্যদ্বাণী

শ্রীনিমাই পড়িত অধ্যয়ন-রাস মত্ত হইয়া ছাত্রগণের সহিত নবদ্বীপে ভ্রমণ করিতেন। জ্রীগঙ্গাদাস পণ্ডিত ব্যতীত নবশ্বীপে অন্ত কোন পণ্ডিতই শ্রীনিমাইর ব্যাখ্যার তাৎপর্য সম্যক্ ব্ঝিতে পারিতেন না। নদীয়ার নাগরিকগণ তাঁহাদের স্ব-স্ব চিত্তবৃত্তি-অন্তুসারে শ্রীনিমাইকে নানারপে দর্শন করিতে লাগিলেন। পাব ও-প্রকৃতির লোকগণ তাঁহাকে সাক্ষাং যম, রমণীগণ মদন এবং পণ্ডিতগণ বৃহস্পতিবাপে অনুভব করিলেন্। এদিকে বৈফবেগণ বিষ্ণু-ভক্তিহীন জগতে কবে আবার শুদ্ধ-ভক্তি প্রকাশিত হইংব, সেই আশায় কোনরূপে প্রাণ-খারণ করিতেছিলেন। বিজ্ঞা-চর্চার সর্বপ্রধান কেন্দ্র শ্রীনবন্ধীপে বিগ্রালাভের জন্ম সকল দেশ হইতেই লোক আগমন করিতেন চটগ্রামবাসী আনক বৈষ্ণব সেই সময় গুলাবাস ও অধ্যয়নের জন্ম নবদ্বীপে আসিয়া বাস করিতেন। অপরাহুকালে ভাগবতগণ স্কলেই ঐতিহৈত-সভায় আসিয়া মিলিতেন শ্রীমুকুকদত্তের শ্রীহরিকীর্তনে বৈফবগণের স্থান্য আনন্দের প্রবাহ ছুটিত। শ্রীনিমাইও তঙ্গুল শ্রীমৃকুন্দের প্রতি অন্তরে মতান্ত গ্রীতিবিশিষ্ট ছিলেন। শ্রীমৃকুন্দকে ্দেখিলেই শ্রীনিমাই নাায়ের ফাঁকি জিজাসা করিতেন, তখন

উভয়ের মধ্যে উহা লইয়া প্রেমের দদ্ব চলিত। শ্রীশ্রীবাসাদি বয়োজ্যেষ্ঠ ভক্তগণকেও শ্রীনিমাই ফাঁকি জিজ্ঞাসা করিতে ছাড়িতেন না। শ্রীনিমাইর ভয়ে সকলেই তাঁহার নিকট হইতে দুরে থাকিতে চেফা করিতেন। এদিকে ভক্তগণ কৃষ্ণকথা ব্যতীত আর কিছুই গুনিতে ভালবাসিতেন না, আর নিমাইও স্থায়ের ফাঁকি ব্যতীত তাঁহাদিগকে আর কিছুই জিজ্ঞাসা করিতেন না।

একদিন শ্রীনিমাই পণ্ডিত ছাত্রগণের সহিত রাজপথ দিয়া থাইতেছিলেন, এমন সময় গ্রীমুকুন্দও গঙ্গাস্থানে চলিয়াছিলেন। শ্রীনিমাইকে দেখিয়াই শ্রীমৃকুন্দ লুকাইবার চেন্টা করিলেন; কিন্তু জ্ঞীনিমাই শ্রীমুকুনের উদ্দেশ্য বুঝিতে পারিয়া তাঁহার সঙ্গী শ্রীগোবিন্দের নিকট এরপ বলিলেন.—"বুঝিয়াছি, মুকুন্দ কেন পলাইতেছে। মুকুন্দ মনে করে যে, আমার সহিত দেখা হইলে বহিমুখ-ব্যক্তির সম্ভাষণ হইয়া যাইবে ! মুকুন্দের হৃদ্যের ভাব যে, সে নিজে বৈফ্ব-শাস্ত্র পাঠ করে, আর আমি ব্যাকরণের পাজি, রুত্তি, টীকা-প্রভৃতি জাগতিক শাস্ত্র পাঠ করি! বেশীদিন নয়, শীঘ্রই সে দেখিতে পাইবে,—আমি কত বড় বৈঞ্চব হই! আমি পৃথিবীর মধ্যে এত বড় বৈষ্ণব হইব যে, ব্রন্মা-শিবাদি বৈঞ্চবগণ আমার দ্বারে গড়াগড়ি যাইবেন। যাহার এখন আমাকে দেখিয়া পলাইতেছে, তাহারাই ভখন কোটিক্সি আমার গুণ গান করিবে।"

পঞ্চদশ পরিচ্ছেদ নবদ্বীপে গ্রীঈশ্বর পুরীপাদ

'ভক্তি-রসের আদি-স্ত্রধার' * ও 'ভক্তিরস-করতক্রর প্রথম অঙ্গর' ণ স্থাসিদ বিষ্ণবসন্থাসি-শিরেমণি শ্রীল মাধ্বেলপুরী গোসামী শ্রীণোড়ীয়-বৈষ্ণব-সম্প্রদারের পূর্ব-গুক্ত। ইহারই শিষ্ণ শ্রীঅবৈত প্রভু, শ্রীইশ্বরপুরী, শ্রীপরমানন্দপুরী, শ্রীব্রহ্মানন্দপুরী, শ্রীব্রহ্মানন্দপুরী, শ্রীব্রহ্মানন্দপুরী, শ্রীব্রহ্মানন্দপুরী, শ্রীব্রহ্মার শ্রীপুররীক বিত্যানিধি, শ্রীরহ্পতি উপাধায় প্রভৃতি। সাকাৎ বিষ্ণুতত্ত্ব ও ভগবান্ হইয়াও জীব-শিক্ষার জন্ম শ্রীনিত্যানন্দ প্রভু প্রীক্ষাব্রহ্মার প্রাণাদের শিষ্য-সীলা প্রকাশ করিয়াছিলেন।

শ্রীল বৃন্দাবন্দাস ঠাকুরের বর্ণনামুসারে শ্রীল মাধ্বেন্দ্রপুরীর সঙ্গে বার বংসর বরুসে শ্রীনিত্যানন্দ প্রভু তীর্থ-পর্যটনে বহির্গত হইয়া আট বংসর-কাল যাবং ভারতের যাবতীয় তীর্থ ভ্রমণ করিয়াছিলেন।

শ্রীমাধ্যবন্দ্পুরীর প্রিয় শিগ্য—শ্রীঈশ্বরপুরী। ইনি 'হালি-সহরে'র নিকটবতী 'কুমারহটে' ব্রান্থা-বংশে আবিভূতি হ'ন।

গ্রীনিমাই পণ্ডিত যখন নক্ষীপে অধ্যয়ন ও অধ্যাপনার

^{*} हि: छा: बा: ३१३७० : मृं हि: ह: छा: ३१३० छ ४१३८

লীলা করিতেছিলেন, তখন একদিন ছদ্মবেশে শ্রীঈশ্বরপুরী নবদীপে আসিয়া 'অদ্বৈত-সভায়' উঠিলেন। শ্রীঅদ্বৈতাচার্য শ্রীঈশ্বরপুরীর অপূর্ব তেজঃ দেখিয়া তাঁহাকে বৈষ্ণব-সন্নাসী বলিয়া জানিতে পারিলেন। শ্রীস্কুন্দ তখন অদ্বৈত-সভায় একটি কৃষ্ণকীর্তন আরম্ভ করিলেন। শ্রীঈশ্বরপুরীর অঙ্গে কৃষ্ণপ্রেমের অপূর্ব অই-সাত্ত্বিক বিকারসমূহ প্রকাশিত হইল। পরে সকলেই এই প্রেমিক সন্নাসীকে 'ঈশ্বরপুরী' বলিয়া জানিতে পাহিলেন।

একদিন শ্রীনিমাই পণ্ডিত অধ্যাপনা করিয়া গৃহে ফিরিতে-ছিলেন, এমন সময় দৈবাৎ পথিমধ্যে ঈশ্বরপুরীর সহিত নিমাইর সাক্ষাৎকার হইল। গ্রীপাদ গ্রীঈগরপুরী নিমাইর অপূর্বকান্তি দেখিয়া তাঁহার পরিচয় ও তাঁহার অধ্যাপিত শাস্ত্রের বিষয় জিজ্ঞাসা করিলেন। শ্রীনিমাই শ্রীঈশ্বরপুরীকে নিজ গৃহে ভিক্ষা করাইবার জন্ম নিমন্ত্রণ করিলেন এবং মহা-সমাদরে সঙ্গে করিয়া লইয়া আদিলেন। শ্রীশচীমাতা শ্রক্ষের নৈবেগ হন্ধন করিয়া শ্রীঈশ্বরপুরীকে ভিকা করাইলেন। শ্রীনিমাইর সহিত শ্রীক্ষ-প্রসং বলিতে বলিতে জীপুরীপাদ প্রেমে বিহ্বল হইলেন। নবন্ধীপে শ্রীগোপীনাথ আচার্যের গৃহে শ্রীপুরীপাদ কএক মাস অবস্থান করিয়াছিলেন। শিশুকাল হ*ইতেই প*রমবির*জ* গ্রীগদাধর পণ্ডিতের প্রেমের লক্ষণসমূহ দোষয়া গ্রীঈশ্বরপুরী শ্রীগদাধরের প্রতি বড়ই স্নেহযুক্ত হইলেন এবং শ্রীগদাধরকে শ্রীপুরীপাদ ভাঁহার স্ব-রচিত **'গ্রীক্রয়লীলামৃত**'-পুঁ^{থি} পড়াইলেন। অধ্যয়ন ও অধ্যাপনা সমাপ্ত করিয়া প্রতাহ সম্ভাকালে শ্রীনিমাই শ্রীইথপুরীকে নমস্থার করিবার জন্ম ব্রিগোপীনাথের গৃহে যাইতেন। একদিন প্রীটমরপুরী শ্রীনিমাই পণ্ডিতকে 'শ্রীক্রঞলীলামৃত' পুঁধির রচনায় কোথায়ও কোন দোষ আছে কিনা, তাহা পরীকা করিবার জন্ম বিশেষ অনুরোধ ক্রিলেন। শ্রীনিমাই পণ্ডিত বলিলেন,—'বে গ্রন্থ ঐকান্তিক ভগবন্তক্তের রচিত, তাহাতে কোন দোব থাকিতে পারে না। ্যে ব্যক্তি তাহাতে দোষ দর্শন করে, তাহারই দোষ, সে ব্যক্তিই অপরাধী ও মূর্থ শুদ্ধভক্তের ক্রিছ যে-কোনরপই হুউক না কেন, ভাহাতে শ্রীকৃষ্ণ সম্ভট হ'ন। প্রীকৃষ্ণের যাহাতে সস্তোষ, তাহাই সম্পূর্ণ নির্দোষ। ভাক্তর বাক্যে ব্যাকরশদি-ঘটিত কোন-প্রকার দোষ ভক্তিবশ ভাবগ্রাহী ভগবান্ গ্রহণ করেন না। এমন কোন্ জুঃসাহসী ব্যক্তি আছে, যে ঈশ্বরপুরীর স্থায় মহাভাগবতের ভগবংকথা-বর্ণনের মধ্যে দোষ ধরিতে সমর্থ হইবে ?"

তথাপি প্রীপ্ররপুরী স্বীয় গ্রন্থের সমালোচনার জ্বন্থ শ্রীনিমাই পণ্ডিতকে প্রতাহই পুনঃ-পুনং অনুরোধ করিতে লাগিলেন। এইভাবে প্রীপ্ররপুরী শ্রীনিমাইর সহিত প্রতাহ ছুই চারি দণ্ড নানা-প্রকার বিচার করিতেন। একদিন শ্রীপুরী-পাদের রতিত একটি শ্লোক শুনিরা নিমাই পণ্ডিত রক্ষছলে জানাইলেন যে. ঐ শ্লোকস্থিত ধাতৃটি 'আন্মনেপদী' না হইয়া 'পরশ্বৈপদী' হইলেই ঠিক্ হয়। পরে আর একদিন শ্রীনিমাই শ্রীক্ষরপুরীর নিকট আসিলে পুরীপাদ নিমাইকে কহিলেন,— "তৃমি যে ধাতৃটি আন্মনেপদী বলিয়া শ্বীকার কর নাই, আমি কিন্তু উহাকে আত্মনেপদী-রূপেই সাধিয়াছি।" প্রভুও ভৃত্যের জয় প্রদর্শন ও মহিমা-বর্ধনের জন্ম তাহাতে আর কোন দোষারোপ করিলেন না। শ্রীঈশ্বরপুরী তীর্থ-পর্যটন করিবার উদ্দেশ্যে নবনীপ ইইতে অন্যত্র চলিয়া গেলেন।

যোড়শ পরিচ্ছেদ শ্রীনিমাইর নগর ভ্রমণ

সশিল্য শ্রীনিমাই যথেচ্ছভাবে নগর-ভ্রমণ করিতেন। একদিন পথে শ্রীমৃকুন্দের সহিত দৈবাৎ দেখা হইলে শ্রীনিমাই শ্রীমৃকুন্দকে দূরে-দূরে থাকিবার কারণ জিজ্ঞাসা করেন এবং তৎসঙ্গে জানাইয়া দেন যে, তাঁহার প্রশের উত্তর না দেওয়া পর্যন্ত শ্রীমৃকুন্দর পরিত্রাণ নাই। শ্রীমৃকুন্দ মনে করিয়াছিলেন, শ্রীনিমাইর কেবল ব্যাকরণ-শাস্ত্রেই অধিকার আছে, তাই শ্রীমৃকুন্দ শ্রীনিমাইকে অলঙ্কার-শাস্ত্রের কতকগুলি কৃট-প্রশ্ন জিজ্ঞাসা করিয়া নিকত্তর করিবার সঙ্কল্ল করিলেন। কিন্তু শ্রীনিমাই শ্রীমৃকুন্দের সমস্ত কবিব সম্পূর্ণরূপে খণ্ড-বিখণ্ড করিয়া তাহাতে নানাপ্রকার আলঙ্কারিক দোষ প্রদর্শন করিলেন। শ্রীমৃকুন্দ শ্রীনিমাইর চরণধূলি গ্রহণ করিয়া ভাবিতে লাগিলেন,—

মন্তব্যের এমত পাণ্ডিতা আছে কোণা! হেন শাস্ত্র নাহিক, অভ্যাস নাহি যথা।

—रेह: डा: बा: ३२।३७

বাঁহারা মনে করেন, জ্রীনিমাই কেবল ব্যাকরণ-শাস্ত্রের পড়িত ছিলেন, শ্রীমুকুন্দ তাঁহাদের সেই ভ্রাস্ত ধারণা নিরাস করিয়াছেন। আর একদিন শ্রীগদাধর পণ্ডিতের সহিত শ্রীনিমাইর সাক্ষাৎকার হইল। খ্রীনিমাই খ্রীগদাধরকে মুক্তির লক্ষণ জিজাসা করিলেন। জ্রীগদাধর কারশাক্তের সিদ্ধান্তবায়ী জ্রীনিমাই পণ্ডিতের নিকট মৃক্তির লক্ষণ বর্ণন করিলে এনিমাই ভাহাতে নানাপ্রকার লোব প্রদর্শন করিলেন। "আতান্তিক গুংখনাশই মুক্তির লক্ষণ"— শ্রীগলাধরের এই উক্তিকে নিমাই খণ্ডন করিলেন। প্রত্যহ অপরাহে গঙ্গাতীরে বসিয়া শ্রীনিমাই ছাত্রগণের নিকট শাস্ত্র ব্যাখ্যা করিতেন। বৈক্তবগণও শ্রীনিমাইর শাস্ত্র-ব্যাখ্যা শুনিয়। আনন্দিত হইতেন; কিন্তু তাঁহার। মনে-মনে ভাবিতেন, — শ্রীনিমাইর কাহ বিদ্বান বাক্তির ক্ষভক্তি ২ই লেই সমস্ত সফল হইত। ভাগবঙ্গণ "নিমাইর কুষে মতি হউক"— অন্তরে অন্তরে সর্বদা এইরূপ প্রার্থনা কবিতেন। কেত বা প্রেমের স্বভাব-বশতঃ "নিমাইর কৃষ্ণভিড-সাভ হটক"— এইরপ আশীর্বাদও করিতেন। প্রেমের এমনই ফভাব, তাহাতে ভক্ত প্রেমাম্পদকে ঐশ্বর্থময় প্রভূ-ভাবে না দেখিয়া পালাভাবে অনুভব করেন। নতুবা, যিনি স্বয়ং কুষ্ণ হইয়াও ভ্রেষ্ঠকুঞ্ভক্তের বে:শ একদিন জগতে কৃষ্ণভক্তির সর্ব শ্রেষ্ঠ আদর্শ প্রকাশ করিবেন, ভাঁহাকেও "কৃষণভক্তি-লাভ হউক" বলিয়া আশীর্বাদ করিবার রহস্য কি ? শ্রীশ্রীবাসাদি ভাগবতগণকে দেখিলেই শ্রীনিমাই নমস্কার করিতেন এবং ভক্তের আশীর্বাদ-কলেই যে কৃষণভক্তি সম্ভব, তাহা সকলকে জানাইতেন। বিধর্মিগণও শ্রীনিমাইকে একবার দর্শন করিলে তাঁহার প্রতি আকৃষ্ট না হইয়া থাকিতে পারিত না।

একবার শ্রীনিমাই বায়ু-ব্যাধিচ্ছলে প্রেমভক্তির সাত্ত্বিক-বিকারসমূহ প্রকাশ করিলেন। তখন প্রেমস্বভাব বন্ধু-বান্ধবগণ শ্রীনিমাইর মস্তকে নানাবিধ পাকতিল প্রয়োগ করিতে লাগিলেন। এই সময় শ্রীনিমাই কোন-কোন দিন আম্ফালন ও হুদ্ধারের সহিত নিজের স্বরূপ ও তত্ত্ব প্রকাশ করিয়া ফেলিতেন।

শ্রীনিমাই দ্বিপ্রহরে শিশ্বগণের সহিত গন্ধায় জলক্রীড়া করিয়া গৃহে প্রত্যাবর্তন, শ্রীকৃষ্ণের পূজা, শ্রীতুলসীকে জলপ্রদান ও শ্রীতুলসীপরি ক্রমা করিয়া শ্রীলক্ষ্মীপ্রিয়াদেবীর প্রদন্ত অন্ন ভোজন ক্ষিতেন; কিছুকাল বিশ্রাম করিয়া পুনরায় অধ্যাপনার জন্ম গমন এবং নগরে আসিয়া নাগরিকগণের সহিত সহাস্য সম্ভাষণ ও বিবিধ কৌতুক-বিলাসাদি করিতেন।

কোনদিন শ্রীনিমাই তন্তবায়ের গৃহে উপস্থিত হইয়া বস্ত্র যাজ্রা করিয়া ঐ-সকল দ্বা বিনামূল্যে গ্রহণ করিতেন। কোন দিন বা তিনি গোপগৃহে উপস্থিত হইয়া গোপগণকে দধি-হুগ্ধ আনিতে বলিতেন। গোপগণও নিমাইকে 'মামা' বলিয়া সম্ভাবণ ও নানাবিধ রহস্য করিয়া বিনামূল্যে প্রচুর দধি-হুগ্ধাদি

প্রদান করিতেন। শ্রীনিমাই পরিহাসচ্চলে তাঁহাদের নিকট িনজতত্ত্ব প্রকাশ করিতেন। কোনও দিন গন্ধবণিকের গৃহ হইতে নানাবিধ দিবাগন্ধ, কোনও দিন মালাকারের গৃহ হইতে নানাপ্রকার পুপ্রমালা, কোন দিন বা তাখ,লার গৃহ হইতে বিনামূল্যে ভাষ্টলাদি গ্রহণ করিয়া জ্রীনিমাই তাঁহাদিগকে কুতার্থ করিতেন। সকলে শ্রীনিমাইর অনুপম রূপদর্শনে মৃগ্ধ হইয়া বিনামূল্যেই তাঁহাকে যাবভীয় বস্তু প্রদান করিতে পারিলে আপনাদিগকে ধ্যাতিধ্য মনে করিতেন। কোনও দিন শ্য-বণিকের গৃহে উপস্থিত হইলে বণিক শ্রীগোরনারায়ণের হস্তে শভা প্রদান করিরা প্রণাম করিতেন, তৎপরিবর্ত কোন মূল্য চাহিতেন না।

একদিন জ্রীনিমাই কোনও এক দৈবজ্ঞের (জ্যোতিহার) গৃহে উপস্থিত হইয়া খায় পূর্ব-জন্মের বৃত্তান্ত জিজ্ঞাসা করিলেন। দৈবজ্ঞ গোপাল-মন্ত্র জপ করিয়া গণনা করিতে উচ্চত হটবা-মাত্র বিবিধ ঈশ্বরতত্ত্ব ও অভুত রূপ-রাশি দর্শন করিতে লাগিলেন। ঐ সকল অন্তত অতিমতা রূপ দেখিতে দেখিতে দৈবজ্ঞ সন্মুখস্থ শ্রীগোরান্দকে পুনঃ-পুনঃ খান করিতে লাগিলেন, কিন্তু-উলিগারাঙ্গের মায়ার প্রভাবে তাঁহাকে বুঝিতে পারিলেন না; পরমবিশ্বিত হইয়। মনে করিলেন,—বোধ হয়, কোন মহামন্ত্রবিৎ অথবা কোন দেবতা তাঁহাকে পরীক্ষা করিবার জন্ম বাহ্মণ-বেশে তাঁহার নিকট উপস্থিত হইয়াছেন।

একদিন জ্রীনিমাই খোলাবেচা-ব্রাহ্মণ জ্রীধরের গৃহে গমন

করিলেন। শ্রীশ্রীধর লোকচক্ষে মত্যস্ত দরিত্র, তাঁহার পরিধানে শতচ্ছিত্র বস্ত্র, তিনি জীর্ণশীর্ণ পর্বকৃটীরে বাস করেন, ঘরে তৈজসপত্র কিছুই নাই, সামান্ত লোহ-পাত্রে জল পান করেন, থোড়-কলা-মোচা-প্রভৃতি সামান্ত বস্তু বিক্রের করিয়া যাহা কিছু পান, তাহার দ্বারাই অতিশ্রদ্ধার সহিত ভগবানের সামান্ত নৈবেত সংগ্রহ করেন।

শ্রীনিমাই শ্রীধরের নিকট গিয়া জিন্দ্রাসা করিলেন,—''তুমি
শ্রীলক্ষীকান্তের দেবা কর, অথচ তোমার এই প্রকার দাখ্যি
কেন ? আর লোকে চণ্ডী, বিষহরি-প্রভৃতি দেবতাগণের পূজা
করিয়া সাংসারিক কত উন্নতি করিতেছে!'' উন্তরে প্রীশ্রীধর
বলিলেন,—''রাজা রম্যপ্রাসাদে বাদ, উৎকৃষ্ট দ্রব্য ভোজন ওত্ত্বকেননিভ শয্যায় শরন করিয়া যেরপভাবে কাল কাটাইতেছেন,
পক্ষিগণ রক্ষের উপরে কুলায় বাঁধিয়া ও নানাস্থান হইতে
আহাত যথকিঞ্ছিং দ্রব্য ভোজন করিয়াও তদ্রপই কাল
কাটাইতেছে। সকলেই নিজ-নিজ কর্মকল ভোগ করিতেছে।'' *
শ্রীনিমাই বলিলেন,—''তোমার অনেক গুপুধন আছে, তুমি
তাহা লুকাইয়া রাধিয়াছ—দেখি, কতদিন লুকাইয়া রাখিতে পার,
শীঘ্রই লোকের নিকট উহা প্রকাশ করিয়া দিব।'' এইরণে

কল্প বরে থাকে, কাজা দিব্য থায়, পরে'।
পক্ষিপণ থাকে, দেখ, বৃক্ষের উপরে।
কাল পুন: দবার সমান হই' বায়।
সবে নিজ-কর্ম ভুল্লে ইবর-ইচ্ছায়।

শ্রীনিমাই শ্রীশ্রীধরের সহিত রহস্তভ্জে ভক্তের মাহায়্য উদয়টিন করিতেন এবং শ্রীশ্রীধরের নিকট হইতে প্রত্যহ বিনামৃ'ল্য থোড়-কলা-মূলা প্রভৃতি আদায় করিতেন।

একদিন আকাশে পূর্ণচন্দ্র দেখিয়া শ্রীনিমাইর শ্রীরন্দাবনচন্দ্রের ভাবের উদ্দাপনা হইল এবং সেইভাবে অপূর্বে মুরলীঞ্চনি
করিতে লাগিলেন। একমাত্র শ্রীণচীমাতা বাতীত আর কেইই
পেই মুরলীঞ্চনি শুনিতে পাইলেন না। শ্রীণচীদেবী ঐ মধুর
ধ্বনি শুনিতে পাইয়া ঘরের বাহিরে আসিয়া দেখিতে পাইলেন,—
শ্রীনিমাই বিষ্ণুমন্দিরের দ্বারে বিদিয়া আছেন। শ্রীণচী সেখানে
আসিয়া আর সেই বংশীধ্বনি শুনিতে পাইলেন না; কিন্তু
দেখিলেন, পুত্রের বৃক্ষে সাক্ষাৎ চন্দ্রমণ্ডল গোতা পাইতেছে।

একদিন শ্রী শ্রীবাস্ পণ্ডিত পথে শ্রীনিমাইকে দেখিতে পাইয়া কহিলেন,—''নিমাই! তুমি এখনও শ্রীক্ষণ্ডজনে মনোনিবেশ না করিয়া কেন রথা কাল কাটাইতেছ? রাত্রিদিন পড়িয়া ও পড়াইয়া তোমার কি লাভ হইবে? লোকে ক্ষডক্তি জানিবার জ্যুই পড়া-শুনা করে; যদি সেই ক্ষডক্তিই না হইল, তাহা হইলে সেইরূপ নিফ্লা বিভায় কি লাভ! অতএব আর র্থা কাল নফ্ট করিও না।" শ্রীনিমাই নিজ-ভক্তের মুখে এই কথা শুনিয়া বলিলেন,—'পণ্ডিত! তুমি ভক্ত, তোমার কুপায় আমার নিশ্চয়ই ক্ষডভজন হইবে।"

সপ্তদশ পরিচ্ছেদ

দিগ্রিজয়ি-জয়

যখন শ্রীনিমাই পণ্ডিত নবদীপে অধ্যাপকগণের মৃক্টমণি হইরা অবস্থান করিতেছিলেন, তখন সরস্বতীর বরপ্রাপ্ত এক দিখিজয়ী মহাপণ্ডিত সকল দেশের পণ্ডিতগণকে তর্কয়ুদ্ধে জয় করিয়া পণ্ডিত-সমাজের প্রধান কেন্দ্র নবদ্বীপের পণ্ডিতগণকে জয় করিতে আসিলেন। দিখিজয়ীর সঙ্গে ছিল—হস্তী, অশ্ব ও বছ শিশু। দিখিজয়ী সগর্বে আসিয়া পণ্ডিতগণকে তর্কয়ুদ্ধে আহ্বান করিলেন। নবদ্বীপের পণ্ডিতমণ্ডলী এইরূপ এক মহাদিখিজয়ীর আগমনের সংবাদ পাইয়া অতিশয় চঞ্চল ও চিম্নাকুল হইয়া পড়িলেন।

এদিকে শ্রানিমাই পণ্ডিতের ছাত্রগণ এই সংবাদ শ্রানিমাইর নিকট জ্ঞাপন করিলে তিনি তাহাদিগকে বলিলেন,—' দর্পহারী ভগবান্ অহঙ্কারীর দর্প চিরদিনই হরণ করেন। ফলবান্ বৃক্ষ ও গুণবান্ জন চিরকালই বিনীত। হৈহয়, নহুয়, বেণ, বাণ, নরক, রাবণ প্রভৃতি নূপগণ মহাদিঘিজয়ী বলিয়া অহঙ্কারে প্রমন্ত হইয়াছিল। অবশেষে ভগবান্ তাহাদের সকল গর্ব চূর্ণ করিয়াছিলেন। নবদ্বীপে নবাগত এই দিঘিজয় র অহঙ্কারও ভগবানই অচিরে চূর্ণ করিবেন।"—ইহা বলিয়া শ্রীনিমাই প্রতিত

নেইদিন সন্ধাকালে ছাত্রগণের সহিত গলাতীরে বসিয়া দিগ্রিজ্ঞীর উদ্ধারের কথা চিন্তা করিতেছিলেন। দেইদিন ছিল— পূণিমা-তিথি; নিশার প্রাকালেই দিখিলয়ী শ্রীনিমাই পণ্ডিতের নিকট আদিয়া উপস্থিত হইলেন। গ্রীনিমাইর ছাত্রগণের নিকট হুইতে অত্যস্তুত তেজঃকান্তিবিশিষ্ট শ্রীনিমাই পণ্ডিতের পরিচর <mark>জ্ঞাত হইরা দিগ্রিজ্য়ী নিমাইকে সম্ভাবণ করিলেন। শ্রীনিমাই</mark> দিখিজ্য়ীকে সাদর অভার্থনা করিয়া বলিলেন,—"শুনিয়াছি, আপনি কাব্যশাস্ত্রে অতুলনীয় পণ্ডিত। যদি আপনি পাপনাশিনী গঙ্গার মহিমা বর্ণন করেন, তবে তাহা শুনিয়া সকলের পাপ-তাপ দূর হইতে পারে।" শ্রীনিমাইর এই কথা শুনিবামাত্রই দিখিজ্যী তৎক্ষণাৎ যুগপৎ শতমেঘ-গর্জন-ধ্বনির স্থায় গস্তীরস্বরে গঙ্গা-মহিমাত্রক প্লোক অতি ক্রতবেগে উচ্চারণ করিতে লাগিলেন। সকলেই দিখিজয়ীর এরূপ কবিব-শক্তি দেখিয়া বিশায়ে অবাক্ হইলেন। দিখিজয়ী এক প্রহরকাল এরপ অনুর্গদ শ্লোক উচ্চারণ করিয়া বিরত হইলে ঐনিমাই ঐ স্তংবর মধ্য হইতে একটি পূর্ণ শ্লোক * উচ্চারণ করিয়া দিখিজয়ীকে তাহা ব্যাখ্যা করিতে বলিলেন। দিগ্নিজয়ী ইহাতে বিশ্বিত হইয়া শ্রীনিমাইকে জিজাসা ক্রিলেন,—"আমি এভক্ষণ ঝহাবাতের ন্থায় শ্লোক পড়িয়া

শমহথং গঙ্গাদাঃ সক্তনিধনাভাতি নিচরাং যদেবা শ্রীবিঞ্চে-চরণকমল্যেৎগত্তি-স্ভগা। বিতীদ্-শ্রীবন্দ্রীরিব স্থরনীগরচাচরণা ভবানীততুর্বা শির্মি বিভবতাতুত্তগা।

^{*} দিখিল্থীৰ বচিত লোকটি এই :--

গিয়াছি, আপনি কিরূপে উহার মধ্য হইতে এই শ্লোকটি স্মরণ করিয়া রাখিয়াছেন ?"

শ্রীনিমাই পণ্ডিত বলিলেন,—"আপনি যেরূপ দেবতার বরে শ্রেষ্ঠ কবি হইয়াছেন, তত্ত্রপ কেহ শ্রুতিধরও হইতে পারেন।" শ্রীনিমাই পণ্ডিত দিখিদ্দয়ি-কৃত উক্ত শ্লোকের দোষ-গুণ বিচার করিতে বলিলে দিগ্রিজয়ী স্বকৃত শ্লোকের সমস্ত গুণই বর্ণনা করিলেন। তখন জীনিমাই পণ্ডিত দিখিজয়ীকে বলিলেন,— "যদি আপনি অসম্ভক্ট না হ'ন, তবে আপনার কবিত্রের সম্বন্ধে কিছু বিচার করিতেছি,—আপনার উচ্চারিত গ্লোকটিতে 'অবিমৃষ্ট-বিধেয়াংশ' (বা 'বিধেয়াবিমর্শ')-নামক দোষ তুইটী, 'বিরুদ্ধমতি' (বা 'বিরুদ্ধমতিরুৎ')-নামক দোষ একটি, 'ভগ্নক্রম' (বা 'ভগ্ন-প্রক্রমতা')-নামক দোষ একটি, 'পুনরাত্ত' (বা 'সমাপ্রপুনরাত্ততা') -নামক দোষ একটি—সর্বসমেত এই পাচটা দোষ হইয়াছে। ইহাতে 'অনুপ্রাদ' ও 'পুনরুক্তবদাভাদ'—এই তুইটী শব্দালম্বার এবং 'উপমা,' 'বিরোধাভাদ'ও 'অনুমান'—এই ভিনটী অর্থালঙ্কার —সর্বসমেত এই পাঁচটা অলঙ্কার আছে। শ্লোকস্থ এই পঞ্চদোষ ও পঞ্চ-অলঙ্কারের বিচার ক্রমশঃ বলিতেছি, প্রবণ করুন।

(১) 'ইদং' (এই)—এই 'উদ্দেশ্য'-অংশ বা 'অকুবাদ'-পদটী 'মহত্তং গঙ্গায়াঃ' (গঙ্গার মহত্ত্ব)—এই মূল 'বিধেয়'-অংশের

অর্থাৎ প্রীগঙ্গাদেবীর এই মহন্ত্র সর্বনা নিশ্চিতজপে দেদীপ্রমান রহিয়াছে যে, ইনি শ্রীবিষ্ণুর চরণকমল হইতে উৎপত্তি-লাভের সৌভাগ্য লাভ করিয়াছেন, দ্বিতীর-শ্রীলক্ষীর স্থায় ইহার চরণ স্বর-নরগণ-কর্তৃক পুঞ্জিত হ'ন এবং ইনি ভবানীভত্তার (প্রীশিবের) মন্তকে ধৃত হইটা অনুত-গুণশালিনী হইরাছেন।

পূর্বে উক্ত না হইয়া পরে উক্ত হওয়ায় 'অবিমৃষ্ট-বিধেয়াংশ' দোষ ঘটিয়াছে। 'অনুবাদ' বা জ্ঞাত বস্তুর কথা পূর্বে উল্লেখ না করিয়া তৎসম্বন্ধীয় অজ্ঞাত বিষয় বা 'বিধেয়ে'র কথা পূর্বে বলিলে বাক্যের অর্থ-বোধে বাধা জন্ম। (২) 'দ্বিতীয়-শ্রীপদ্মীরিব' (দ্বিভীয়-শ্রীলম্মীর তার)—এই পদের সমাসে বিধেম-বাচক 'দ্বিতীয়' শব্দের পরে অনুবাদ-বাচক 'শ্রীলক্ষ্মী' শব্দের প্রয়োগ হটয়াছে। ইহাতে 'অবিমৃষ্ট-বিধেয়াংশ' দোষ ত' হটয়াছেই. অধিকন্ত সমাস করায় অর্থ গৌণ হইয়া শ্রীলক্ষ্মদৈবীর সহিত শ্রীগঙ্গার তুলাতা-বোধক বিবক্ষিত অর্থও বিনষ্ট হইয়াছে। (৩) 'ভবানী' শকে ভব-পত্নী বা শিব-পত্নী সতীকে ব্যায়। স্বতরাং 'ভবানীভর্গা' পদে শিবকে ব্রধাইলেও 'শিব-পত্নীর ভর্তা' অর্থাৎ শিব-পত্নী ভবানীর শিব-ব্যতীতও অপর একজন স্বামী আছেন—এইরূপ বিরুদ্ধ বা প্রতিকৃপ অর্থ ব্যঞ্জিত হওয়ায় ⁴বিরুদ্ধমতিকৃৎ' নামক দোষ হইয়াছে। (৪) শ্লোকের চতুর্থপাদে 'ভবানীভতুর্যা শিরসি বিভবতি' (যিনি মহাদেবের মস্তকে বিরাক্ষিত আছেন)—এই স্থলে 'বিভবতি' ক্রিয়াপদের উল্লেখেই বাক্য-সমাপ্তি হইয়াছে; বাক্য-সমাপ্তির পরে আবার 'অন্ততগুণা' (অদ্ভূত-গুণশালিনী)—এই বিশেষণ-পদের প্রয়োগ করায় 'সমাপ্তপুনরাত্ততা'-নামক দোষ হইয়াছে। (৫) শ্লোকের প্রথম-পাদে 'ভ' এর অনুপ্রাস, তৃতীয়-পাদে 'র' এর অনুপ্রাস এবং চতুর্থ-পাদে 'ভ' এর অনুপ্রাস আছে, কিন্তু দ্বিতীয়-পাদে কোন অর্প্রাস না থাকার শ্লোকের আগস্ত একরূপ হয় নাই। স্ততরাং

ইহাতে 'ভগ্নক্ৰম' নামে দোষ হইয়াছে। শ্লোকে এই পাঁচটা দোষ আছে।

এখন পঞ্চ-অলম্বারের বিচার শ্রবণ করুন। (১) শ্লোকের প্রথম, তৃতীয় ও চতুর্থ— এই তিন পাদে 'অমুপ্রাস' অলন্ধার আছে। (২) 'শ্রী' শব্দের একটী অর্থ 'লক্ষা'। স্তুতরাং 'শ্রীলক্ষ্মী' বলিলে এক লক্ষ্মী-শব্দই ধেন পুনক্তক হইয়াছে বলিয়া মনে হয়; কিন্তু পুথক পুথক অর্থে ব্যবহাত হইয়াছে বলিয়া বস্তুতঃ ইহা পুনক্রজি নহে। এ-স্থলে 'পুনরুক্তবদাভাস'-নামক অলঙ্কার হইয়াছে। (৩) 'দ্বিতীয়-শ্রীলক্ষীরিব' পদে উপমান লক্ষীতে এবং উপমেয় গঙ্গায় অর্চনীয়বরূপ সমান-ধর্মের সম্বন্ধ থাকায় 'উপমা'-লন্ধার হইল। (৪) সাধারণতঃ গলাতেই (জলেই) কমলা জ্বাে, কখনও কমল হইতে গঙ্গার (জলের) উৎপত্তি হয় না। শ্লোকস্থ 'এষা জ্রীবিফোশ্চরণ-কমলোৎপত্তি-স্তুভগা' (প্রীবিষ্ণুর চরণ-কমল হইতে উৎপন্না বলিয়া এই গঙ্গা সৌভাগ্যবতী)—এই বাক্যে সাধারণ নিয়মের সঙ্গে বিরোধ মনে হয়; কিন্তু প্রকৃতপক্ষে এস্থলে কোনও বিরোধ নাই; কারণ, ঈশ্বরের অচিস্ক্যশক্তি-প্রভাবে ঐবিফুর চরণ-কমল হইতে গলার জন্ম সম্ভব হইয়াছে। স্মৃতরাং এস্থলে 'বিরোধাতাস' অসম্ভার হইয়াছে। (৫) শ্রীবিষ্ণুপাদোৎপত্তি-রূপ সাধনদারা গঙ্গার মহত্তরূপ সাধ্যবস্তর সাধনে 'অনুমান' অলন্ধার হইয়াছে।

এইভাবে যদিও এই শ্লোকটীতে পাঁচটী, অলঙার দেখা যাইতেছে, তথাপি পূর্বকথিত পাঁচটী দোষ থাকার সমস্তই বিনক্ট হইরাছে। কারণ, ভরতমুনি বলেন,— 'রসালফারবং কাব্যং দেরেযুক্ চেদ্বিভ্রিতম্। জাল্বপুঃ স্থলবদশি শিতেশৈকেন ভুভগ্ন।'

নানাভ্বণে ভূষিত স্থলর দেহ একমাত্র পেতকুঠির ছারা দূষিত হইলে যেরূপ অনাদৃত হয়, তজ্ঞপ কাব্য নানাবিধ অলকারে ভূষিত হইয়াও উহাতে একটিমাত্র দোষ থাকিলে অনাদৃত হইরা থাকে ।"

অতঃপর দিখিজ্যীর সমস্ত প্রতিভা নান হইয়া পড়িস।

শীনিমাইর শিল্পগণ হাস্ত করিতে উন্তত হইলে শ্রীনিমাই তাহাতে
বাধা দিলেন এবং দিখিজ্যীকে নানাভাবে আখন্ত ও উৎসাহিত
করিয়া সেই রাত্রির জন্ত বিশ্রাম করিতে ওরাত্রিতে গ্রন্থাদি দেখিয়া
পুনরায় পরবিন আদিতে বলিলেন।

দিখিজয়ী অন্তরে অতান্ত লজ্জিত ও হংৰিত হইরা চিন্তা করিতে লাগিলেন, বড় দর্শনের অসামাল্য পণ্ডিতকেও তিনি পরাজিত করিয়াছেন : কিন্তু আজ দৈবহুবিপাকবশতঃ শেষকালে শিশুশান্ত্র-ব্যাকরণের একজন তরুণ অধ্যাপকের নিকট তাঁহাকে পরাভূত হইতে হইল। ইহার রহস্ত কি হৈ হত বা শ্রীসরস্বতী-দেবীর চরণেই তাঁহার কোন প্রকার অপরাধ ঘটিয়া থাকিবে—এই ভাবিয়া সরস্বতী-মন্ত্র জপ করিতে করিতে সেই কবি নিজিত হইয়া পড়িলেন। স্বপ্রে দেখিতে পাইলেন, শ্রীসরস্বতীদেবী তাঁহার নিকট উপস্থিত হইয়া শ্রীনিমাই পণ্ডিতের স্বরূপ বর্ণন-পূর্বক বলিতেছেন, শ্রীনিমাই ঠাকুর পৃথিবীর পণ্ডিত নহেন, ইনি সর্বস্বিজিমান্ স্বয়ং ভগবান্; আমি তাঁহারই স্বরূপশক্তি

পরা বিভার ছায়াশক্তি। এতদিনে তোমার মন্ত্রজপের ফল-লাভ হইয়াছে, তুমি অনন্ত-ব্রহ্মাণ্ডনাথের দর্শন পাইয়াছ, তুমি শীত্রই শ্রীনিমাইর চরণে ক্ষমা প্রার্থনা ও আঅসমর্পণ কর।"

দিখিজয়ী নিজা হইতে জাগরিত হইয়াই ঐীনিমাইর নিকট উপস্থিত হইলেন এবং তাঁহার স্বপ্ন-বৃত্তান্ত ও সরস্বতীদেবীর উপদেশ জানাইলেন। ঐীনিমাই দিখিজয়ীকে বেদের কথিত পরা বিভার কথা জানাইলেন,—ভক্তিই পরা বিভা, ভক্তিলাভই বিভার অবধি। পরা বিভা লাভ করিলে জীব ত্ণাদপি স্থনীচ্হ'ন। পরবিভাবধূর জীবনই ঐীহরিনাম। রাজার রাজামুখ, যোগীর যোগমুখ, জানীর ব্রহ্মমুখ বা মৃক্তিমুখ—সকলই পরা বিভার নিকট অতি তুচ্ছ।

শ্রীনিমাই পণ্ডিত দিখিজয়ীকে জয় করিলে নবদীপের পণ্ডিত-গণ শ্রীনিমাইকে 'বাদিসিংহ' পদবীতে ভূষিত করিতে ইচ্ছা করিলেন। দেশ-বিদেশে শ্রীনিমাইর কীতি বিঘোষিত হইল।

এই দিখিজ্যীকে কেহ কেহ নিম্বার্ক-সম্প্রদায়ের গাসুলাভট্টের
শিশ্ত 'কেশবভট্ট', আবার কেহ বা ইহাকে 'কেশব কাশারী'
বিলয়া নির্দেশ করেন। 'নিম্বার্ক-সম্প্রদায়ে'র প্রধান গাদি
'সলিমাবাদে' ঐ সম্প্রদায়ের শিশ্ত-পরম্পরার বর্ণনায় দেখিতে
পাওয়া যায়,—গোপীনাথভট্টের শিশ্ত কেশবভট্ট, কেশবভট্টের শিশ্ত
গাসুলাভট্ট ও গাসুলাভট্টের শিশ্ত 'কেশব কাশ্মীরী'। 'প্রীভক্তিরন্ধাকরে' গাসুলাভট্টের স্থানে 'গোকুলভট্ট'-নাম দেখা যায়।
প্রীমন্মহাপ্রভুর অনুগত ছয় গোস্থামীর অন্ততম প্রীগোপালভট্ট

গোস্থামী 'গ্রীহরিভজিবিলাস' ও উহার 'দিগদশিনী' টীকার 'ক্রমদীপিকা'র লেখক কেশবভট্টের নাম করিয়াছেন। পরবতি-কালে এই কেশবভট্টকে নিম্বার্ক-সম্প্রদায়ের গুরুপরম্পরার অন্তর্ভুক্ত করা হইয়াছে,—অনেকে এইরূপ বিচার করেন। পূর্বে ইনি গ্রীমন্মহাপ্রভুরই নিকট উপদেশ ও আশ্রম্নাভ করিয়াছিলেন। *

অফীদশ পরিচেছদ নিমাইর পূর্ববঙ্গ-বিজয় ও লক্ষ্মীদেবীর অন্তর্ধান

শ্রীনিমাই তাঁহার গার্হস্থা-সাঁলার জীবজগৎকে আদর্শ গৃহস্থধর্ম শিক্ষা দিয়াছেন। গৃহস্থ-ব্যক্তি গৃহের নিত্যপ্রভ্ শ্রীবিষ্ণুর
বিধিমত পূজারস্থান করিবেন। তিনি শ্রীভগবানের প্রসাদ, বস্ত্রপ্রভৃতি উপকরণ অতিথি, বৈষ্ণব-অভাগত ও সন্নাসিগণকে
বিতরণ করিবেন। ব্রাহ্মণ অ্যাচিত প্রতিগ্রহধর্ম স্বাকার করিলেও
সমস্ত ভোজা-সামগ্রী, অর্থ, ব্স্তাদি মূক্তহন্তে সংপাত্রে ও দীনছংখীকে দান করিবেন। অতিথিসন্মান, বিশেষতঃ বৈষ্ণবসন্মাসীর সন্মান গৃহস্তের অপরিহার্য কর্তবা; গৃহস্থ নিজ্পত্নীকে

^{*} বিশেষ জানিতে হইলে 'গৌড়ীর' ৬৪ বর, ১৭শ সংখ্যা (১০০৪ সাল) ৩-৫ পৃঠা ও শ্রীতৈ হস্তভাগবতের 'গৌড়ীরভাষ্য' ঝা: ১০১১৯ সংখ্যা জালোচা।

কখনও নিজের ভোগ-মুখে নিযুক্ত না করিয়া অতিথিগণের ও ভগবদ্ধক্ত সন্ন্যাসিগণের ভিক্ষার উপযোগী বিষ্ণুনৈবেছ-রন্ধনে ও বিষ্ণুসেবা-কার্যে নিযুক্ত করিবেন। গৃহস্থ যদি অত্যন্ত দরিজ হ'ন, তথাপি তৃণ, জল, আসন অথবা মধুর বাক্যের দ্বারা অভিথি-পূজা করিবেন। অতিথি-সেবা গৃহস্থ-মাত্রেরই পরমধর্ম।

প্রভূ দে পরম-ব্যরী ঈশ্বর-ব্যভার।
হংবিতেরে নিরবধি দেন পুরস্কার।।
হংবীরে দেবিলে প্রভূ বড় দরা করি'।
অন্তর, কড়ি-পাতি দেন গৌরহরি॥
নিরবধি অতিথি আইদে প্রভূ-ঘরে।
যা'র যেন যোগ্য প্রভূ দেন স্বাকারে।।

তবে লক্ষ্মীদেবী গিয়া প্রম-সন্তোষে। রান্ধেন বিশেষ, তবে প্রভূ আসি' বৈসে।। সন্মাসিগণেরে প্রভূ আপনে বসিয়া। ছুই করি' পাঠায়েন ভিক্ষা করাইয়া।।

গৃহত্বেরে মহাপ্রভু শিখায়েন ধর্ম।
"অতিথির সেবা—গৃহত্বের মূল কর্ম॥
গৃহস্থ হইয়া অতিথি-সেবা না করে'।
পশু-পক্ষী হইতে 'অধ্য' বলি তা'রে॥"

—हेहः छ। ेखाः ३६म वः

স্বয়ং শ্রীলক্ষ্মী-নারায়ণ শ্রীলক্ষ্মীপ্রেয়া ও শ্রীগৌরস্থলরপে অবতীর্ণ হইয়াছেন, জানিয়া শ্রীব্রহ্মা-শিব-শুক-ব্যাস-নারদাদি ভিন্দুকের বেশে ভগবৎপ্রসাদ-প্রাপ্তির লালসায় শ্রীমায়াপুরে শ্রীনিমাই পণ্ডিতের গৃহে আগমন করিতেন।

আদর্শ কুলবধ্ শ্রীসন্ধাদেরী অরুণোলয়ের পূর্বেই বিষ্ণৃহের যাবতীর কার্য, শ্রীবিষ্ণুপূজার সাজ-সংস্লাম প্রস্তুত ও শ্রীতৃলসীর সেবা করিতেন। শ্রীতৃলসীর সেবা অপেকা শ্রশ্রমাত। শ্রীশসীদেবীর সেবার শ্রীলজীদেবীর সর্বদাই অধিক মনোযোগ ছিল।

কিছুকাল পরে শ্রীনিমাই পণ্ডিত অর্থ-সংগ্রহের বাপদেশে ছাত্রগণের সহিত পূর্ববন্ধে গমন করিয়া পদ্মানদার তীরে অবস্থান করিলেন। শ্রীনিমাইর পাণ্ডিত্য-প্রতিভায় মুগ্ধ হইয়া সেই স্থানে অসংখ্য ছাত্র শ্রীনিমাইর নিকট অধ্যয়ন করিতে আসিতেন। শ্রীমন্মহাপ্রভুর পূর্বদেশে গুভবিজয় হইয়াছিল বলিয়াই আজও পূর্ববঙ্গের আবালবৃদ্ধবনিতা শ্রীকৈত্যের সংকীর্তনে উৎফুল্ল হইয়া উঠেন। তবে মধ্যে মধ্যে কতকগুলি পাষ্ণ্ড-প্রকৃতির ব্যক্তি উদরভরণের সুবিধার জন্ম আপনাদিগকে অবভার বলিয়া প্রচার-পূর্বক দেশবাসীর সর্বনাশ সাধন করিয়াছে। শ্রীকৈত্যুদেব ব্যতীভ কলিকালে আর কোন ভগবদবতার নাই। রাচ্দেশেও কতকভিল গোক আপনাকে 'অবভার' বলিয়া জাহির করিয়াছে। *

শ্রীনিমাই পণ্ডিত যখন পূর্বক্তে অবস্থান করিয়াছিলেন, তথন শ্রীলফ্মীদেবী শ্রীপৌর-নারায়ণের বিরহ সহ্য করিতে না পারিয়া পভির পাদপদ্ম ধান করিতে করিতে অন্তহিতা হ'ন।

শ্রীনিমাই পণ্ডিতের পূর্বক্ষে অবস্থান-কালে তথায় শ্রীতপন

^{*} हि: जा: अं: ১३।४२-४४ म्राची प्रहेवा।

306

মিশ্র নামে এক মহাসোভাগ্যবান্ ব্রাহ্মণ তাঁহার নিকট উপস্থিত হইলেন। এই ব্রাহ্মণ নানালোকের নিকট ধর্মের নানাপ্রকার উপদেশ শুনিয়াছিলেন; কিন্তু জীবের পক্ষে কোন্টি সর্বাপেক্ষা পরম-মঙ্গলজনক সাধন ও সাধা (প্রয়োজন), তাহা নিরপণ করিতে অসমর্থ ইইয়া অতিশয় উদ্বেগে কাল্যাপন করেন; এমন সময় একদিন রাত্রিশেষে এক শুভ স্বপ্ন দর্শন করেন। তাহাতে তিনি এক দিব্যপুরুষকত্ ক শ্রীনিমাই পণ্ডিতের নিকট গমন করিবার আদেশ প্রাপ্ত হ'ন। তপনমিশ্র শ্রীনিমাই পণ্ডিতের নিকট উপস্থিত হইয়া উপদেশ প্রার্থনা করিলে শ্রীনিমাই বিললেন,—"তুমি অনুক্ষণ,—

'হরে রুফ হরে রুফ রুফ রুফ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।।'

এই বোলনাম-বত্তিশ-অক্ষরাত্মক মহামন্ত্র নিব দ্ধসহকারে গ্রহণ কর। ইহাই সর্বদেশ-কাল-পাত্রের একমাত্র সাধন ও প্রয়োজন। কপট-পরিত্যাগপূর্বক ঐকান্তিক হইয়া আর্তির সহিত এই নামের ভজন করিবে ?"

শ্রীতপনমিশ্র শ্রীনিমাই পণ্ডিতের অনুগমন করিবার অনুমতি চাহিলেন। তাহাতে তিনি মিশ্রকে বলিলেন,—"তুমি শীঘ্র কাশী যাও, কাশীতে তোমার সহিত আমার পুনরায় মিলন হইবে।"

শ্রীনিমাই পণ্ডিত পূর্ববঙ্গ হইতে অর্থাদি সংগ্রহ করিয়া গৃহে প্রভ্যাবর্তন-পূর্বক জননীর নিকট সমস্ত অর্থ সমর্পণ করিলেন। অনেক পাঠার্থী তাঁহার সহিত পূর্ববঙ্গ হইতে নবদ্বীপে আসিলেন। গৃহে আসিয়া পণ্ডিত গৃহলক্ষীর অন্তর্ধানের কথা শ্রবণ করিয়া[া] মাতাকে প্রবোধ দিয়া বলিলেন,—

— "মাতা, হঃৰ ভাব' কি- কারণে?
ভবিত্র্য যে আছে, দে পণ্ডিবে কেমনে?
এইমত কাল-গতি, কেহ কা'রো নহে।
অতএব, 'সংসার অনিত্য' বেলে কহে।!
ঈশ্বরের অধীন সে সকল-সংসার
সংযোগ-বিয়োগ কে করিতে পারে অবি?
অতএব যে হইল ঈশ্বর-ইজায়।
হইল সে কার্য, আর হুঃব কেনে ভায়?
স্বামীর অগ্রেতে গলা পার বে মুক্তি।
তাঁর বড় আর কে-বা আছে ভাগাবতী?"

—्रेह: ज्रां: बां: > हाऽघण-५घन

উনবিংশ পরিচেছদ স্লাচার-শিক্ষাদান

শ্রীনিমাই পণ্ডিত যখন মৃকুল-সঞ্চয়ের পূত্ে চণ্ডীমণ্ডপে বিসিয়া অধ্যপনা করিতেন, তখন ধনি কোন ছাত্র কপালে উধর্ব পুত্র ক তিলক না দিয়া পড়িতে আসিতেন, প্রভু তাঁহাকে এইরপ লক্ষা দিলেন যে, ঐ ছাত্র দিতীয়বার আর তিলক না দিয়া

বৈক্ষের কপালে যে উল্ল' তিলক, উহার অপর নাম—'ইহরিমলির'।

পড়িতে আসিতে পারিতেন না। জীনিমাই পণ্ডিত বলিতেন,—
"যে ব্রাহ্মণের কপালে তিলক নাই, বেদ সেই কপালকে শাধানতুল্য বলিয়াছেন।" এই বলিয়া প্রভু ঐ ছাত্রকে পুনরায় তিলকধারণ করিয়া সন্ধ্যাহ্নিক করিবার জন্ম গৃহে পাঠাইয়া দিতেন।
-শাস্ত্রে উক্ত হইয়াছে,—

যক্ষরীরং মহায়াণাম্ধ্বপূঞ্ং বিনা ক্রতম্। ক্রইবাং নৈব ভঞ্জাবৎ শাশানসদৃশং ভবেৎ ॥ শাহাচকোধ্বপূঞ্জি রচিতং ভান্ধণাধ্যম্। গদিভন্ত সমারোপ্য রাজা রাট্রাৎ প্রবাসয়েৎ॥

-- इ: ख: वि:, ८।১৮२, २८৮; त्यो: त्यो: ध: मः

উধ্ব পুড় অর্থাৎ কপাঙ্গ, উদর, বক্ষঃ, কণ্ঠ, দক্ষিণ-কুদ্ধি, দক্ষিণ-বাহ্ন, দক্ষিণ-ক্ষম, বাম-কুদ্ধি, বাম-বাহ্ন, বাম-ক্ষম, গ্রীবা ও কটি
—এই দ্বাদশ স্থানে গোপীচন্দনাদির দ্বারা অন্ধিত উর্ধ্ব মুখ শ্রীহরিমন্দির-তিলক যেই মন্টুয়া-শরীরে না থাকে, তাহা শ্মশানতুলা,
অতএব দর্শনিযোগ্য নহে। শঙ্খ-চক্রাদি তিলক-চিহ্ন ও উর্ধ্বপুড়ুহীন ব্রাহ্মণাধমকে রাজা গর্দভে আরোহণ করাইয়া তাহার
বাজ্য হইতে বহিন্ধৃত করাইয়া দিবেন।

আমরা ত' স্বাদেশিকতার কতই বড়াই করি; কিন্তু এই বঙ্গদেশেই অধ্যাপক ও ছাত্রগণের যে বেদ-সম্মত সদাচার অবশ্য পালনীয় ছিল, তাহাও এখন আমাদের নিকট লজার বিষয় হইয়াছে। শিখা, তিলক, কঠে তুলসীমালিকা-গারণ আধুনিক সভ্য-সমাজে যেন অসভ্যতার লক্ষণ ও উপহাসের ব্ হইয়া দাঁড়াইয়াছে,—না হয়, উহা সাম্প্রদায়িকভার দক্ষণ বলিয়া গণ্য হইয়াছে! ঐ সকল পরিত্যাগ করিয়া বেদবিরোধীর স্বেচ্ছা-চারিতা বরণ করাই কি উদারতা ও সার্বজনীনভার আদুর্শ ? অথবা সকলই কালের প্রভাব!

শ্রীনিমাই পণ্ডিতের ছাত্রগণ বাড়ী হইতে পুনরায় তিলক ধারণ করিয়া আদিলে তবে পণ্ডিতের নিকট পুনরায় পড়িবার অধিকার পাইতেন।

শ্রীনিমাই পণ্ডিত সকলের সহিতই নানারপ হাস্তপরিহাস করিতেন,—বিশেষতঃ শ্রীহট্টবাসিগণের শব্দের উচ্চারণ লইয়া বেশ একটুকু রঙ্গরস করিতেন। কেবল পরস্ত্রীর সঙ্গে শ্রীনিমাই কোনপ্রকার হাস্তপরিহাস করিতেন না, তিনি পরস্ত্রীকে দৃষ্টিকোণেও দেখিতেন না। তিনিয়ে কেবল সন্ন্যাসলীলা প্রকাশ করিবার পরই পরস্ত্রী-সম্ভাষণে সাবধান ছিলেন, তাহা নহে; গার্হস্তালীলা-কালেও তিনি স্ত্রীলোকের সম্বন্ধে বিশেষ স্বত্বক ছিলেন। তিনি শ্রীর আচরণের দ্বারা এই আদর্শ শিক্ষা দিয়াছেন। ঠাকুর শ্রীমদ্বন্দাবন লিবিয়াছেন.—

এই মতে চাপলা করেন সবা সনে।
সবে জ্রী-মাত্র না দেখেন দৃষ্টি-কোলে।।
'স্ত্রী' হেন নাম প্রভূ এই অবতারে।
শ্রবণণ্ড না করিলা,— বিদিত সংসারে।
শ্রত্রব যত মহামহিষ সকলে।
'গ্রীরাঙ্গ-নাগর' হেন স্তব নাহি বলে।

--देड: खा: अश्ररूक-

এতৎপ্রসঙ্গে সুবিজ্ঞ ভক্তিসিদ্ধান্তবিদ্ ব্যক্তিগণের জন্ম কএকটী কথা বলা আবশ্যক। শ্রীগোরসুন্দর স্বয়ং ভগবান্। তিনি সমস্ত প্রকৃতিরই নিত্যপতি। তিনি জীবশিক্ষার জন্ম যে লীলা করিয়াছেন, তাহা জীবের অবশ্য পালনীয়; কিন্তু সেই বিধিন্নার বিভূচিতন্ত ভগবান্কে বন্ধন করা যায় না। এজন্মই শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভূ লিখিয়াছেন,—

> বিছা-সৌন্দর্য-সদেশ-স**েন্ডাগ্য,** নৃত্যকীর্তনৈঃ। প্রেম-নাম-প্রদানেশ্চ গোরো দীবাতি যৌবনে।।

> > —देह: ह: व्या: ১९१8

বিভা, সৌন্দর্য, স্থন্দরবেশ, স**স্ভোগ**, নৃত্য, কীর্তন, প্রেম-নাম-প্রদান লইয়া শ্রীগোরস্থন্দর যৌবনে লীলাবিলাস করিয়াছেন।

অণু চৈতন্ত জীবের পক্ষে সম্ভোগ বন্ধনের কারণ; কিন্ত বিভূ চৈতন্ত পরমেশ্বরের উহাই নিত্যস্বভাব। শ্রীল ঠাকুর বৃন্দাবন শ্রীনিমাই পণ্ডিতের রূপ-বর্ণন-প্রসঙ্গে বিভিন্ন জ্বন্টার বিভিন্নরূপে দর্শনের কথা বর্ণন করিয়াছেন.—

> যতেক 'প্রকৃতি' দেখে মদন-সমান।
> 'পাষণ্ডী' দেখয়ে যেন যম বিজ্ঞমান॥
> 'পণ্ডিত' সকল দেখে যেন বৃহস্পতি। এইমত দেখে সবে, যার যেন মতি॥

> > —হৈ: ভা: আ: ১১/১০-১১

ইহাই শ্রীভগবানের ভগবতা। শ্রীকৃষ্ণ যখন শ্রীবলদেবের সহিত কংস-রঙ্গমঞ্চে প্রবেশ করিয়াছিলেন, তখনও বিভিন্ন প্রকী বিভিন্নভাবে তাঁহাকে দেখিয়াছিলেন। স্বয়ং শ্রীল ঠাকুর বৃন্দাবনও একাধিকবার বলিয়াছেন,— বিশ্বস্তর-মূর্তি যেন মদন-সমান।

দিব্য গদ্ধ-মান্য, দিব্য বাস-পরিধান ।

—চৈ: ভা: ম: ৩/১৮২

শ্রীল ঠাকুর রন্দাবনের এই উক্তির তাৎপর্য এই যে, স্বয়ং ভগবান্ প্রীগোরহরিতে সম্ভোগরস-বিগ্রহর অবশ্রই আছে;
নতুবা তাঁহার ভগবতা নিরর্থক হয়। নববীপবাসিনী প্রকৃতিগণও
শ্রীগোরহরিকে কোটিকন্দর্প-স্থনর সম্ভোগরস-বিগ্রহরূপে দর্শন করিতে পারেন; কিন্তু প্রীগোরলীলার বৈশিষ্ট্য এই যে,
শ্রীগোরহরি তাঁহার ব্রজলীলার গ্রামরূপের ন্যায় অপরের প্রার্থিক দর্শনের বা সম্ভাবণের কোন প্রত্যুত্তর (response)
প্রদান করেন নাই। প্রীস্কর্প-রামরায়ের ক্ষিত্ত রাধাভাবহাতি-স্ববলিত' শ্রীকৃষ্ণস্করূপের আরাধনাই—শ্রীশ্রীগোরলীলার পর্ম বৈশিষ্ট্য।

বিংশ পরিচ্ছেদ শ্রীনিমাই পণ্ডিতের দিতীয়বার বিবাহ

শ্রীনিমাই পণ্ডিত নবদীপে শ্রীমুকুন্দ-সঞ্জয়ের গৃহে অধ্যাপনার কার্যে নিযুক্ত আছেন; প্রাতঃকাল হইতে দ্বিপ্রহর-পর্যন্ত অধ্যাপনা করেন, আবার অপরাত্র হইতে অর্থরাত্র-পর্যন্ত পাঠ আলোচনা করিয়া থাকেন। ছাত্রগণ একবৎসর-কাল শ্রীনিমাইর নিকট অধ্যয়ন করিয়াই সিদ্ধান্তে পণ্ডিত হ'ন।

এদিকে শ্রীশ্রীমাতা পুত্রের দ্বিতীয়বার বিবাহের জ্ঞ উদ্প্রাব হইরা উঠিলেন। শ্রীনবরীপে শ্রীসনাতন মিশ্রানামক এক পরম বিফ্রুক্ত, পরোপকারী, অতিথিসেবা-পরারণ, সত্যবাদী, জিতেন্দ্রিয়, সহংশজাত ব্রাহ্মণ বাস করিতেন, তাঁহার অবস্থাও স্বচ্ছল ছিল; তাঁহার পদবা ছিল—'রাজপণ্ডিত'। শ্রীকাশীনাথ পণ্ডিতকে ঘটক করিয়া শ্রীশ্রীমাতা শ্রীসনাতন মিশ্রের পরমা ভক্তিমতী কন্মা শ্রীবিফ্রপ্রিয়ার সহিত শ্রীনিমাইর বিবাহ-সম্বদ্ধ স্থির করিলেন। শ্রীবৃদ্ধিমন্ত খান্ নামে এক ধনাত্য সৌভাগ্যবান্ ব্যক্তি স্বেচ্ছায় পণ্ডিতের এই বিবাহের যাবতীয় ব্যয়ভার বহন করিলেন। শুভদিনে শুভলগ্নে মহা-সমারোহের সহিত অধিবাস্টিৎসব সম্পন্ন হইল। শ্রীনিমাইপণ্ডিত একটি সুসজ্জিত দোলায় চড়িয়া গোধৃলি-লগ্নে রাজপণ্ডিতের গৃহাভিমুখে যাত্রা করিলেন। বিবাহের শোভাষাত্রা অতুলনীয় হইয়াছিল। পরম সমারোহের বিবাহের শোভাষাত্রা অতুলনীয় হইয়াছিল। পরম সমারোহের

সহিত শ্রীশ্রীলক্ষ্মী-নারায়ণ-হরপ শ্রীশ্রীবিষ্ণৃপ্রিয়া-গোরাক্ষের বিবাহক্রিয়া সম্পন্ন হইল। একমাত্র শ্রীবিষ্ণৃপ্রীতি কামনা করিয়াশ্রীসনাতনমিশ্র শ্রীনিমাই পণ্ডিভের হন্তে ছহিভাকে অর্পণ ও জামাভাকে বছবিধ বৌভুক প্রদান করিলেন। পরদিন অপরাত্রে শ্রীবিষ্ণৃপ্রিয়াদেবীর সহিত দোলায় আরোহণ করিয়া শ্রীনিমাই পণ্ডিত পুষ্পার্গ্তি ও গীত-বাছ্য-নৃত্যাদির সহিত নিজ্-গৃহে শুভ-বিজয় করিলেন।



একবিংশ পরিচ্ছেদ শ্রীগয়া-যাত্রা

একদিকে শ্রীনিমাই পণ্ডিত শ্রীনবদ্বীপে অধ্যাপকের স্নীলা প্রকাশ করিভেছিলেন, অপর দিকে নবদ্বীপে ভক্তিবিরোধী নানা-প্রকার মতবাদ প্রবলভাবে বৃদ্ধি পাইতেহিল। কতকণ্ডলি লোক শ্রীভগবানের সেবার কথা কাণে শুনিতেই পারিত না। ভাহারা অষণা বৈফ্লবগণের নিন্দা করিত। #

আত্মপ্রকাশের উপযুক্ত সময় উপস্থিত হইয়াছে বিচার করিয়া

-- हिः कीः बाः ३११६, ४

শ্রীনিমাই পণ্ডিত পিতৃপুরুষের শ্রাদ্ধ-কার্য-সম্পাদনের ছলে বহু-শিষ্য-সঙ্গে শ্রীগয়া-যাতার অভিনয় করিলেন। পণ্ডিতের এই গয়া-যাতার গৃঢ় উদ্দেশ্য সাধারণ লোকে বৃঝিতে পারিল না।

পথে যাইতে যাইতে গ্রীনিমাই নানা প্রকার পশু-পক্ষীর কৌতুক ও স্বচ্ছন্দবিহার দেখিয়া সঙ্গের লোকদিগকে জানাইলেন,—

লোভ-মোহ কাম-ক্রোধে মন্ত পশুগণ ।

কৃষ্ণ না ভজিলে এইমত সর্বজন ॥

সঞ্চিগণে হাসিয়া বৃঝান ভগবান ।


যে বৃদ্ধি পশুতে, সে মাহুষে বিভ্নমান ॥

কৃষ্ণজান নাঞি মাত্র পশুর শরীরে ।

মহুয়ে না ভজে কৃষ্ণ—'পশু' বলি ভা'রে ॥

—टि: मः व्याः, देकः नीः—शत्रायाजा २४-२९

শ্রীনিমাই চলিতে চলিতে 'চির'-নদীর তীরে আসিয়া উপস্থিত হইলেন। তথায় স্নানাফিক করিয়া 'মন্দার'-পর্বতে আসিলেন। যেমন, শ্রীমথুরায়—'শ্রীকেশব', শ্রীনীলাচলে—'শ্রীপুরুষোগ্তম', শ্রীপ্রয়াগে—'শ্রীবেণীমাধব'; কেরলদেশ, দাক্ষিণাত্য ওআনন্দারণ্যে—'শ্রীবাস্থদেব', 'শ্রীপদ্মনাভ' ও 'শ্রীজনার্দন'; শ্রীবিফুকাঞ্চীতে—'শ্রীবরদরাজ-বিষ্ণু'; শ্রীমায়াপুরে (শ্রীহরিদার ও শ্রীধান-মায়ার-নবদ্বীপে)—'শ্রীহরি'; তেমনি শ্রীমন্দারে—'শ্রীমধুস্থদন'। পণ্ডিত শ্রীনিমাই এই স্থানে ১৪২৭ শকান্দার বা ১৫০৫ খৃটাব্বে আগমন করিয়াছিলেন। তথন পর্বতের নিয়ে শ্রীমধুস্থদন-শ্রীবিগ্রহ অধিষ্ঠিত ছিলেন। শ্রীচৈতক্য-পাদপদ্মান্ধিত এই পুণাতম স্থানের



श्रीयमाति श्रीप्रप्रमामान्त्र र उपान श्रीमन्त्र



জ্ঞানোরপানাস্থিত প্রান্ধার্থাত ওউপতাকা; প্রতিপাদ্ধানেশে দক্ষিণে গ্রীল ভজিনিদ্ধান্তসর্থতী গোৰামী ঠাকুর-কর্তৃক্ প্রতিষ্ঠিত জ্ঞানোরপানপাশের শ্রীমন্দির; তৎপার্থে জ্ঞাব্ধ্বনন্দ্বেৰ প্রতিন শ্রীমন্দির ও ভগ্নাবশেষ।

শৃতিপূজার জন্ম তথায় ঐগ্রীবিশ্ববৈষ্ণব-রাজ্যভার পাত্ররাজ গোলোকগত গ্রীল ভক্তিদিদ্ধান্ত-সরস্বতী গোস্থামী ঠাকুর ইংরেজী ১৯২৯ সালের ১৫ই অক্টোবর 'গ্রীচৈতন্স-পাদপীঠ' স্থাপন করিয়া তথার উপর একটি মন্দির নির্মাণ করাইয়া দিয়াছেন।

শ্রীনিমাই পণ্ডিত গয়াতিমুখে আসিবার কালে লোকায়ুকরণে দেহে জর প্রকাশ করিয়া এক বৈঞ্চব-রাল্মণের পাদোদক-পানে স্বীয় জর-মৃত্তির অভিনয় করিলেন। শ্রীনিমাইর এই লীলার প্রকৃত উদ্দেশ্য সাধারণ লোক জানিতে পারিল না। রাক্ষণের পাদোদকের দারা জীবের ত্রিতাপজ্ঞালা নফ্ট হয় এবং বৈশ্ববের পাদোদকের দারা জীবের কৃষ্ণপ্রেম-লাভ হয়,—এই শিক্ষা-প্রদানই ছিল শ্রীমন্মহাপ্রভুর উদ্দেশ্য; আবার সাধারণ লোক ধাহাতে তাঁহাকে সামান্য মনুস্থমাত্র জ্ঞান করিয়া তাঁহার স্বরূপ বুরিতে না পারে—ইহাও ছিল তাঁহার স্বপর এক উদ্দেশ্য। কারণ, তিনি প্রভুর অবতারী'। ব্রাহ্মণের পাদোদক পান করিয়া তৎপ্রসঙ্গে শ্রীনিমাই পণ্ডিত বলিলেন,—

কৃষ্ণ না ভজিলে 'দিজ নহে কদাচিত। পুরাণ-প্রমাণ এই শিক্ষা আছে নীত । চণ্ডালোহপি মুনেঃ শ্রেষ্ঠো বিষ্ণুভক্তিপরায়ণঃ। বিষ্ণুভক্তিবিহীনস্ত দিজোহপি শ্রপচাধমঃ॥ *

-- कि: म: जा: कि: ली:-- वडावांखां e>-e२

^{*} বিক্তজিপরায়ণ চভালকুলায়ুত বাজিও রাজ্ব-ম্নি অপেকা তেওঁ; কিও
বিক্তজিশৃভ রাজ্ব চভাল অপেকাও নিকৃত।

শ্রীল ঠাকুর বৃদ্যাবনও মহাপ্রভুর এই বিপ্র-পাদোদক-পানের রহস্ত এইরূপ বলিয়াছেন,—

যে তাহান দাস্ত-পদ ভাবে' নিরন্তর।
তাহান অবস্থ দাস্ত করেন ঈশ্বর॥
অতএব নাম তা'ন 'সেবক-বৎসল'।
আপনে হারিয়ে বাড়ায়েন ভূত্য-বল॥

--- रेठः छाः खाः ३ १।२१-२७

শ্রীনিমাই শিশুগণ-সহ ক্রমশঃ 'পুন্পুন্' তীর্থে আসিরা উপস্থিত হইলেন। এখানে 'পুন্পুন্' নদী প্রবাহিতা। ইহা পাটনার ঠিক্ পরবর্তী 'পুন্পুন্' ফেশনের নিকট অবস্থিত।

পুন্পুন্ তীর্থে আসিয়া শ্রীনিমাই পিতৃদেব-পূজা করিলেন এবং তৎপরে গয়ায় আসিলেন। গয়ায় অক্ষকুণ্ডে স্নান ও পিতৃপূজা করিয়া 'চক্রবড়' তীর্থে শ্রীগদাধরের শ্রীগদপদ্ম দর্শন করিলেন। এন্থানে আক্ষণগণের মুখে শ্রীগদাধরের শ্রীচরণ-মাহাত্ম শ্রবণ করিয়া শ্রীনিমাই প্রেমের সাত্মিক-বিকারসমূহ প্রকাশ করিলেন। এতদিনে মহাপ্রভু জগতের নিকট আত্ম-প্রকাশ করিলেন। এতদিন ভত্তগণও নিমাইকে পণ্ডিত বরিয়া জানিতেন, তাহার 'কাঁকি'-ভিজ্ঞাসার ভায়ে দূরে-দূরে পলাইয়া থাকিতেন। এতাবেক কালমহাপ্রভুজগতে প্রেমভত্তি-প্রদানের ক্রন্দ্র প্রামার আসিয়া মহাপ্রভুতাহার প্রেমভক্তির উৎস-উদ্ঘাটনের প্রথম সূচনা করিলেন। বেগবতী গঙ্গোত্রীধারার আয় শ্রীনিমাইর নয়ন হইতে প্রমান্ধ্র-গঙ্গা প্রবাহিত হইতে লাগিল। দৈবযোগে

সেই স্থানে ঐ ঈশ্বরপুরীর সহিত ঐ নিমাইর সাক্ষাংকার হওয়ার উভয়ের দর্শনে উভয়ের মধ্যে কৃষ্ণপ্রেমের প্রবল তরক প্রবাহিত হইল। মহাপ্রভূ ভাঁহার গয়াযাতার মূল-উদ্দেশ্য ব্যক্ত করিয়া কহিলেন,—

প্রভ্ বলে,—''গরা-যাত্রা নফল আমার।

যতক্ষণে দেখিলাঙ চরণ তোমার।

তাঁর্থে পিণ্ড দিলে সে নিস্তরে পিতৃগণ।
সেহ,— যা'রে পিণ্ড দের, তরে' সেই জন।
তোমা' দেখিলেই মাত কোট-পিতৃগণ।
সেইকণে সর্বস্ক পার বিমোচন।
অতএব তীর্থ নহে তোমার সমান।
তীর্থেরো পরম তুমি মক্লল—প্রধান।
সংসার-সমূল হৈতে উন্ধারহ মোরে।
এই আমি দেহ স্পিলাঙ তোমারে।
'ইঞ্চপাদপদের অন্ত-রস পান।
আমারে করাও তুমি'— এই চাহি দান।"

—हिः छाः खाः ३१।००-००

শ্রীনিমাই পণ্ডিত বিশ্বকে জানাই লেন যে, সর্বশ্রেষ্ঠ তীর্থফল—
'সাধুসজ'। যতকাল মানবের ভাগ্যে সদ্গুরুর দুর্শনলাভ না হয়,
যতদিন না জীব সদ্গুরুর পাদপালু আল্লাম্পণ করিয়া ভগবানের
সেবা-মাধুরী উপলাকি করিতে পারে, ততদিনই তাহাদের গ্রাশ্রাদ্ধ, তার্থস্থান, লৌকিক-পূজা-পারণ, দান-গ্রানাদি বেদবিহিত
সংক্রে অধিকার—ততদিনই ঐ কার্যের জন্মকৃতি ও প্রয়োজনীয়তা

উপলব্ধ হর। গয়ায় পিগু দান করিলে যাঁহার উদ্দেশ্যে পিগু
দান করা হয়, কেবল তাঁহারই সাময়িক ক্লেশ-শান্তি হয়; কিয়
বৈষ্ণব, গুরু ও সাধ্র দর্শন-মাত্রই কোটি কোটি পিতৃপুরুষ উদ্ধার
লাভ করেন। অভএব মহতের শ্রীপাদপদ্মের সহিত তীর্থ সমান
নহে। মহতের শ্রীপাদপদ্ম-রেণুর এত বল য়ে, তাহা শ্রীকৃঞ্পাদপদ্মের প্রেমায়ত্ত-রস পান করাইতে পারেন।

ষে-কাল পর্যন্ত এীচৈতত্মদেব জগতে আবিভূতি হইয়া সার্ব-ভৌম-ধর্ম শ্রীহরিনাম-সঙ্কীর্তন-প্রচারলীলা প্রকট করেন নাই, দে-কাল পর্যন্তই সূর্য ও চন্দ্রগ্রহণাদিতে স্নান-দানাদি পুণা কর্মকে লোকে বহুমানন করিতেন। যে-কাল পর্যস্ত শ্রীনিমাই পণ্ডিত জ্ঞীঈশ্বরপুরীর স্থায় কৃষ্ণতত্ত্ববিৎ মহতের নিকট আত্ম-সমর্পণ করি-বার লীলা প্রদর্শন না করিয়াছিলেন, সে-কাল পর্যস্তই তিনি গ্যা **শ্রাদ্ধাদি কর্মকাণ্ডের প্র**য়োজনীয়তা লোককে জানাইয়াছিলেন। ধাঁহারা একাম্বভাবে মহতের পদাশ্রয় করিয়া শ্রীকৃঞ্চপাদপর্য-প্রীতিকে পরম প্রয়োঞ্চনরূপে অনুভব করেন, তাঁহাদের আর পৃথগ্ভাবে গরাশ্রাদ্ধ বা পিও-প্রদানের আবশ্যকতা থাকে না —ইহাই মহাপ্রভুর শিক্ষা। * কিন্ত শরণাগতের অ*মুকরণে* অধিকার বিপর্যন্ন করিলে 'ইতো ভ্রম্টস্ততো নফ্টঃ' হইতে হয়, ইহাও স্মরণ রাখা কর্তব্য।

ধবনেকান্তিনাং প্রায়: কীর্তনং প্রবণং প্রভো:।
 ক্র'তাং পরন্নীত্যা কৃত্যমন্তর রোচতে।
 কে: ভ: বি: ২০শ বিলাদের উপসংহারধৃত-'বিক্রহস্ত'-ৰাক্য

শ্রীনিমাই পণ্ডিত গ্রান্ধাদি-কার্য সমাপন করিয়া নিজের বাসায় কিরিয়া আদিলেন এবং সহস্তে হন্দ্রন কবিলেন। এমন সময় কৃষ্ণপ্রেমাবিষ্ট শ্রীঈশ্বরপুরীপাদও তথার আদিলা উপস্থিত তইলেন। শ্রীনিমাই যে অয় পাক করিয়াছিলেন, উহার সমস্তই শ্রীঈশ্বরপুরীপাদকে ভিক্লা করাইবার জন্ম বহন্তে পরিবেশন করিলেন।

একদিন একান্তে জীনিমাই পণ্ডিত শ্রীপুরীপাদের নিকট
অত্যন্ত দীনতার সহিত মন্ত্রদীকা প্রার্থনা করার জীপুরীপাদ
সানন্দে জীনিমাই পণ্ডিতকৈ দশাক্ষর-মন্ত্র-দীকা প্রদান করিলেন।
শ্রীনিমাই পণ্ডিত শ্রীঈশ্বরপুরীকে পরিক্রমণ করিয়া তাঁহার নিকট
আত্মসমর্পন এবং কৃষ্ণপ্রেম-প্রাপ্তির জন্ম প্রার্থনা করিলেন। সর্বজগতের গুরু লোকশিক্ষার জন্ম গ্রুর-পদাশ্রয়ের দীলা প্রকাশ
করিলেন। মহতের চরণাশ্রয় করিয়া সর্বাত্মা সমর্পন না করিলে
কেহই কোন দিন পরমার্থ-রাজ্যে প্রথেশ করিতে পারেন না, ইহা
শিক্ষা দিবার জন্মই সর্বজ্ঞাদ্ গুরুর গুরু শ্রীনবদ্বীপচন্তের গুরুগ্রহণ-লালা-প্রকাশ।

শ্রীনিমাই পণ্ডিত শ্রীঈগরপুরীর সহিত কিছুকাল গরার অবস্থান
করিলেন। অবশেষে আত্ম প্রকাশের সময় আদিয়া উপস্থিত হইল।
দিনে-দিনে তাঁহার প্রেমভক্তির সান্তিক-বিকারসমূহ প্রকাশিত
হইতে লাগিল। একদিন তিনি নির্জনে বসিয়া ইউময় গান
করিবার কালে কৃষ্ণবিরহে ব্যাকুল হইয়া "কৃষ্ণ রে! বাপ
রে! আমার জীবন-সর্বস্ব হরি, তুমি আমার প্রাণ চুরি করিয়া

কোথায় লুকাইলে ?"—এইরূপে আত্মনাদ করিয়া ক্রন্দন করিতে লাগিলেন। পরম গম্ভার জীনিমাই পণ্ডিত অতিশয় বিহবল হইয়া ধুলাম গড়াগডি দিতেছেন—উক্তৈঃস্বরে কাঁদিতেছেন। সঙ্গের ছাত্রগণ আদিয়া তাঁহাকে স্বস্থ করিবার জন্ম কতই-না চেফা করিলেন, কিন্ত-

> প্রভু বলে,—"তোমরা সকলে যাহ ঘরে। মুই আর না যাইমু সংসার-ভিতরে॥ মথুরা দেখিতে মুই চলিমু সর্বথা। প্রাণনাথ মোর ক্বফচন্দ্র পাত যথা ॥"

> > --श्रेतिः खाः याः ১१।১२७-১२४

্রিকবিংশ-

ছাত্রগণ কুফপ্রেমোন্মন্ত পণ্ডিতকে নানাভাবে সান্তনা দিতে লাগিলেন। কিন্তু কৃঞ্বিরহিণী গোপীর ভাবে মগ্ন নিমাই কোন কথায়ই সোয়ান্তি পাইলেন না; অবশেষে একদিন রাত্রিশেষে গভীর কৃষ্ণবিরহে উন্মত হইয়া মথুরার দিকে ধাইয়া চলিলেন, উচ্চৈঃস্বরে ''কৃষ্ণ রে ! বাপরেমোর ! ভোমাকে কোথায় পাইব !'' —এইরূপ উচ্চারণ করিতে করিতে ছুটিলেন। কিয়দ্দুর যাইতেই এক আকাশবাণী হইল.—

> ध्यान मथुता ना याँचेता विकासनि ! यहिवात कांन आहि, यदिवा उत्रात्म ! নবদীপে নিজ-গৃহে চলহ এখনে॥ তুমি উ,বৈকুণ্ঠনাথ লোক নিস্তারিতে। অবতীর্ণ হইয়াছ সবার সহিতে।

জ্বনন্ত-ত্রদ্ধা ওময় করিয়া কীর্তন।
জগতেরে বিলাইবা প্রেমভক্তিধন।
সেবক আমরা, তবু চাহি কহিবার।
অতএব কহিবাও চরণে তোমার।

—्रेंड: खा: ३५।३२३-३०२, ३०६

আকাশবাণী জানাইয়া দিল—নিমাইর এখনও গৃহতাণের কাল উপস্থিত হয় নাই। সম্প্রতি কিছুকাল তাঁহার জন্মভূমি প্রীনবদ্বীপ-মণ্ডলেই প্রেমভক্তি বিতরণ করা আবশ্যক। আকাশবাণী শুনিয়া শ্রীনিমাই পণ্ডিত নিবৃত্ত হইলেন এবং বাসস্থানে ফিরিয়া প্রীঈশ্বরপুরীর আজ্ঞা-প্রহণপূর্বক ছাত্রগণের সহিত শ্রীনবদ্বীপে প্রভাগিমন করিলেন।

দাবিংশ পরিচ্ছেদ

অভূত ভাবান্তর

'গয়া' হইতে ফিরিয়া আসিয়া ঐরিনমাই পণ্ডিত সকলের নিকট
গয়ার বিবরণ বর্ণন করিতে লাগিলেন । নির্জান শ্রীমান পণ্ডিতাদি
কএকজন নবদ্বীপবাসী অভ্যান্ত ভাকের নিকট গয়াধামের প্রীবিষ্ণুপাদ-ভার্থের কথা উচ্চারণ করিতেই জীনিমাইর দেহে অপূর্ব
প্রেমের বিকার প্রকাশিত হইল। ভক্তগণ প্রীনিমাইর সেই প্রেমবিকার দেখিয়া বিশ্বিত হইলেন।

শ্রীনিমাই পণ্ডিত বাহাদশা লাভ করিয়া শ্রীমান্ পণ্ডিত প্রভৃতিকে ডাকিরা বলিলেন,—"আজ ভোমরা নিজ নিজ গৃহে গমন কর। কল্য প্রাভঃকালে শুক্লার্থর ব্রহ্মচারীর গৃহে আসিও; সেই স্থানেই ভোমাদের নিকট আমার ছঃখের কথা জানাইব।"

পরদিন প্রত্যুষে শ্রীশ্রীবাস পণ্ডিতের বহির্বাটীতে শ্রীগদাধর, শ্রীগোপীনাথ, শ্রীরামাই ও শ্রীশ্রীবাসপণ্ডিত প্রভৃতি বৈষ্ণবন্ধণ পরস্পর কৃষ্ণকথা বলিতে বলিতে পুষ্প চয়ন করিতেছিলেন, এমন সময় শ্রীশ্রীমান্ পণ্ডিতও তথায় উপস্থিত হইয়া হাসিতে হাসিতে বৈষ্ণবন্ধরে নিকট শ্রীনিমাই পণ্ডিতের অত্যন্তুত ভাবাস্তরের কথা জ্ঞাপন করিলেন। শ্রীশ্রীমানের এই কথা শুনিয়া সকলেই মহানন্দে হরিধ্বনি করিয়া উঠিলিন। প্রথমেই শ্রীশ্রীবাস পণ্ডিত বলিলেন,—

"**Cগাত্ৰং Cনা বৰ্ধ তাম্।** গোত্ৰ বাড়াউন কৃঞ্জ আমা স্বাকাৰ'।"

তখন,—

—टेक्ट: इट म्हः ३।१७-१४

"তথাস্ত তথাস্ত" বলে ভাগবতগণ। "সবেই ভদ্ধুক কৃষ্ণচন্দ্রের চরণ॥"

--- চৈ: ভা: ম: ১।৭৬

প্রীশুক্লাম্বর ব্রহ্মচারীর গৃহে প্রীশ্রীমান্ পণ্ডিত, প্রীশ্রীবাস পণ্ডিত, প্রীগদাধর পণ্ডিত ও শ্রীসদাশিব প্রভৃতি বৈষ্ণবগণ সম্মিলিত হইলেন। শ্রীনিমাই পণ্ডিত ইহাদের নিকট ভগবদ্বিরহে উদ্দীপ্ত হইয়া "কোথা কৃষ্ণ! কোথা কৃষ্ণ! তুমি দেখা দিয়া কোথা লুকা'লে।"—এইরপ বলিতে বলিতে মৃছিত হইলেন।
ভক্তগণও তখন প্রেমানন্দে মৃছিত হইরা পড়িলেন। কিছুকাল
পরে বিশ্বস্তর বাহাদশা প্রকাশ করিয়া আবার উচ্চৈস্বরে এই
বলিয়া ক্রন্দন করিতে লাগিলেন,—

"ক্ল রে, প্রভু রে, মোর কোন্ দিকে গেলা ?"

—्रोहः स्टां ऋ अभ्य

কাঁদিতে কাঁদিতে আবার ভূমিতে পতিত হইলেন, ভক্তগণও তাঁহাকে বেফীন করিয়া কাঁদিতে লাগিলেন। উচ্চকীর্তন-রোল ও প্রেমক্রন্দনে শ্রীশুক্লায়রের গৃহ মুখরিত হইল।

শ্রীশটীমাতা পুত্রের এই ভাব দেখিয়া বাৎসদ্য-প্রেমের সভাব-বশতঃ অন্তরে আশহিতা হইলেন এবং পুত্রের মঙ্গলের জন্ম শ্রীকৃষ্ণের নিকট প্রার্থনা জানাইলেন। সময় সময় শ্রীশটী মাতা পুত্রবধূকে আনিয়া পুত্রের নিকট বসাইতেন, কিন্তু কৃষ্ণ-বিরহে উন্মন্তপ্রায় শ্রীনিমাই সেদিকে দৃষ্টিপাতও করিতেন না। *কেবল সর্বন্ধণ কোথা কৃষ্ণ, কোথা কৃষ্ণ বিলিয়া ক্রন্দন ও হুলার করিতেন। শ্রীবিফুপ্রিয়া ভয়ে পলাইয়া যাইতেন, শ্রীশটাদেবীও ভয় পাইতেন। কৃষ্ণবিরহ-বিধুর নিমাইর রাত্রিতে নিল্রা ছিল না; কখনও উঠিতেন, কখনও বসিতেন, কখনও ভূমিতে গড়াগড়ি যাইতেন। কিন্তু বাহিরের লোক দেখিলে তিনি নিজের অন্তরের ভাব গোপন করিতেন।

লক্ষীৰে আনিকা পুত্ৰ-সমীপে বদার। দৃষ্টিপাত করিয়াও প্রভূ নাহি চার। একদিন প্রাভঃকালে খ্রীনিমাই পণ্ডিত গদ্ধা-স্নান করিয়া আসিয়াছেন, এমন সময় ভাঁহার পূর্বের ছাত্রগণ পাঠ গ্রহণ করিবার জন্ম ভাঁহার নিকট উপস্থিত হইলেন। ছাত্রগণের পুনঃ পুনঃ অনুরোধে খ্রীনিমাই পণ্ডিত পড়াইতে বসিলেন, ছাত্রগণ 'হরি' বলিয়া পুঁথি থুলিলেন। ইহাতে পণ্ডিত অত্যন্ত আনন্দিত হইলেন; হরিনাম শুনিয়াই তাঁহার 'বাহ্মজ্ঞান' লোপ পাইল। খ্রীনিমাই পণ্ডিত আবিষ্ট হইয়া সূত্র, রন্তি, টীকায় কেবল হরিনাম ব্যাখ্যা করিতে লাগিলেন, কুঞ্চনাম ছাড়া আর কোথাও কিছু নাই—

প্রভু বলে,—''নর্বকাল সত্য রক্ষনাম।
সর্বশাস্ত্রে 'রুক্ত' বই না বলরে আন॥
হর্তা. কর্তা, পালগ্নিতা রুক্ত সে ঈশ্বর।
অজ-ভব-আদি, স্ব—রুক্তের কিন্তর॥
রুক্তের চরণ ছাড়ি' যে আর বাধানে।
রুধা জন্ম বায় তা'র অসত্য-বচনে॥
আগম-বেদান্ত-আদি যত দরশন।
সর্বশাস্ত্রে কহে 'রুক্তপদে ভক্তিধন'॥
মুগ্ধ সব অধ্যাপক রুক্তের মানার।
ছাড়িয়া রুক্তের ভক্তি অন্ত পথে যায়॥

ক্ষয়ের ভজন ছাড়ি' যে শাস্ত্র বাধানে। সে অধন কভু শাস্ত্রমর্ম নাহি জানে। শাস্ত্রের না জানে মর্ম, অধ্যাপনা করে। গর্দভের প্রায় যেন শাস্ত্র বহি' মরে।। পড়িঞা-শুনিঞা লোক গেল ছারে-থারে। কঞ্চ-মহামহোৎসবে বঞ্জিলা ভাহারে ।"

—हिः छाः तः, अत्र **वाः**

শ্রীনিমাই পণ্ডিত ছাত্রগণকে জিল্লাসা করিলেন,—"আজ আমি কিরূপ সূত্র-ব্যাখ্যা করিলাম ?" ছাত্রগণ বলিলেন,—"আপনার ব্যাখ্যা কিছুই বৃঝিতে পারিলাম না, আপনি প্রত্যেক শব্দকেই কৃষ্ণ বলিয়া ব্যাখ্যা করিলেন, ইহার ভাৎপর্য কি ? পণ্ডিত বলিলেন,—"আজ পুঁথি বাঁধিয়া রাখ, চল, গঙ্গাম্বানে যাই।" গঙ্গাম্বান করিয়া তিনি গৃহে ফিরিয়া আসিলেন, শ্রীতুলসীকে জল দিলেন, যথাবিধি শ্রীগেবিন্দপূজা করিলেন, তুলসীমঞ্জরীসহ শ্রুক্ষকে ভোগ নিবেদন করিয়া প্রসাদ সেবন করিলেন।

শ্রীশচীমাতা জিজ্ঞাস। করিলেন,—"নিমাই! তুমি আজ কি
পুঁথি পডিলে ?" নিমাই তত্তরে বলিলেন,—

* * — "আজ পড়িলাই রক্ষনাম।
 সতা রক্ষ-চরণ-কমল গুণধান।
 সতা রক্ষ-নমে-গুণ-প্রবর্ণ-ক্যিরন।
 সতা রক্ষ-লমে-গুণ-প্রবর্ণ-ক্যিরন।
 শেই শার সতা—রক্ষভক্তি করে যার।
 শুন্ত শার শার গুর পার গুর পার ॥"

—हे हाः मः अध्यक्त

ভগবদবভার ঐকিপিলদেব ষেইরপ মাতা ঐদেবহুতিকে উপদেশ প্রদান করিয়াছিলেন, দেইরপ শ্রীনিমাই পণ্ডিতও স্বীয়-জননীকে ভাগবত-ধর্মের কথা উপদেশ করিলেন, জীবের জন্ম- মরণমালা ও গর্ভবাস-হৃঃখের কথা উল্লেখ করিয়া বলিতে সাগিলেন, কুফসেবা-ব্যতীত মঙ্গলের আর উপায় নাই,—

> জগতের পিত।—কৃষ্ণ, যে না ভজে বাপ। , পিতৃদ্রোহী পাতকীর জন্ম-জন্ম তাপ।

> > —हिः छाः यः अर∙२

শ্রীনিমাই পণ্ডিত আহারে-বিহারে, শরনে-স্থপনে অহনিশ কৃষ্ণ-ভিন্ন অন্ম কোন কথা শুনেন না, বা বলেন না। ছাত্রগণ প্রভাষে ভাঁহার নিকট পড়িবার জন্ম আসেন, কিন্তু পড়াইতে বসিয়া পণ্ডিভের মুখে 'কৃষ্ণ'-শব্দ-ব্যতীত আর কিছুই আসে না,—

''সিদ্ধো বর্ণসমান্তার'' * —বলে শিদ্যগণ।
প্রভু বলে,—''স্ব-বর্ণে সিদ্ধ নারারণ॥''
শিদ্য বলে,—''বর্ণ সিদ্ধ হইল কেমনে?''
প্রভু বলে,—''কৃষ্ণ-দৃষ্টিপাতের কারণে॥'' ক
শিদ্য বলে,—''পণ্ডিত, উচিত ব্যাখ্যা কর'।''
প্রভু বলে,—''স্বক্ষণ শ্রীকৃষ্ণ সোভর॥

^{* &#}x27;কলাপ' বা 'কাতত্র'-ব্যাকরণের প্রথম প্রত—"দিন্ধো বর্ণনারায়ঃ" অর্থাৎ খব ও ব্যঞ্জন-বর্ণের পাঠজন—চিরপ্রনিদ্ধ । প্রভুর ছাত্রগণ কলাপ-ব্যাকরণের প্রথম স্ত্র উচ্চারণপূর্বক বলিতে লাগিলেন যে, বর্ণপাঠ-রীতি ত' স্থাসিদ্ধাণ্ণ ততুত্বের প্রভু বলিলেন বে, সকল বর্ণ নিত্য-ভদ্ধ-পূর্ণ-মূক্ত চিন্মন্নী পরম্ব্যা বিষ্কৃত্তি, বৃত্তিতে প্রীনারাধণকেই প্রতিপাদন করেন । —সৌঃ ভাঃ

[†] ছাত্রগণের বর্ণনিদ্ধির কারণ জিজাসার উত্তরে প্রভু বলিলেন যে, বাচা বিগ্রই প্রাকৃষ্ণের নিরীক্ষণ-হেতু অর্থাৎ কৃষ্ণের অভিন্ন পূর্ণ-শুদ্ধ-নিত্য-মৃক্ত-বাচক; বাপ্লক বা গ্রহক অথবা ছোভক হওয়ায় প্রত্যেক বর্ণ ই নিত্যসিদ্ধা ——ঐ

ক্ষের ভদ্ধন কহি- 'সমাক্ আন্তার' । আদি-মধ্য-অন্তে ক্ষে-ভদ্ধন ব্যাস ।"

---रेटि छो: मः भारतर-रतत

শ্রীনিমাই পণ্ডিতের এই ব্যাধা শুনিয়া তাঁহার ছাত্রগণ হাসিতে লাগিলেন ; কেহ বা বলিলেন,—''বায়ুর প্রকোপ-বশ্ভঃ পণ্ডিত এইরূপ ব্যাখ্যা করিতে:১ন ৷" একদিন ছাত্রগণ শ্রীনিমাইর অধ্যাপক শ্রীগঙ্গাদাস পণ্ডিতের নিকট গিয়া শ্রীনিমাইর এরণ বিক্বত-ব্যাখ্যা (?) -সম্বন্ধে অভিযোগ করিলেন ৷ উপাধ্যায় <mark>শ্রীগঙ্গাদাস বৈকালে শ্রীনিমাইকে ছাত্রগণের ধারা ডাকাইর।</mark> আনিয়া বলিলেন,—''নিমাই, তৃমি শ্রীনীলাম্বর চক্রবর্তীর ন্যায় পণ্ডিতের দৌহিত্র, মিশ্র-পুর-দরের ক্যায় পিতার পুত্র, তোমার পিতৃকুল ও মাতৃকুল উভয়েই পাণ্ডিতাগোরবে বিভূষিত। গুনিতে পাইতেছি,—তুমি আজকাল লেখাপড়া ছাড়িয়া দিয়াছ, ভালমত অধ্যাপনা করিতেছ না ! অধ্যয়ন ছাড়িয়া দিলেই কি ভক্তি হয় ? তোমার বাপ ও মাতামহ কি ভক্ত নহেন ? আমার মাথা খাও. তুমি পাগলামি ছাড়িয়া এখন হইতে ভাল করিয়া শাস্ত্র পড়াও।"

শ্রীনিমাই শ্রীগঙ্গাদাসকে বলিলেন,—''আপনার শ্রীচরণের কুপায় নবৰীপে এমন কেহ নাই.—ফিনি আমার সহিত তর্কে জয়ী

^{* &#}x27;সমাক্ আয়াগ',—শ্আমনতি উপনিশতি বিচেত্র প্রা পদ্য আয়াহতে সমাগত ভাজতে মুনিভিরসে, আয়াহতে উপনিশ্তিত প্রধান করেতি আয় গ্লেক্তা করিছা নাল্যায়া।" ভাঃ ১০৪৪৭০০ লোকে 'স্বায়ামেশ্র জিপ্ত বিসাদক্তা করিছা নাল্যায়ায়ো বেদং।"— সৌংভাঃ

হইতে পারেন! আমি যাহা খণ্ডন করি, দেখি ত' এই নবদ্বীপে এমন কে আছেন,—যিনি তাহা স্থাপন করিতে পারেন! আমি নগরের মধ্যে বসিয়া সকলের সম্মুখে অধ্যাপনা করিব, দেখি, কাহার শক্তি আছে—আমার ব্যাখ্যা খণ্ডন করিতে পারে!"

গঙ্গাতীরে জনৈক পৌরবাসীর গৃহে বসিয়া শ্রীনিমাই পণ্ডিত এইরূপে নিজের ব্যাখ্যার গৌরব ও আত্মশ্রাঘা করিতেন। একদিন প্রীমন্তাগবত-পাঠক প্রীরত্বগর্ভ আচার্য শ্রীমন্তাগবতের দশম-স্কন্ধ হইতে যাজ্ঞিক-ত্রাহ্মণপত্নীগণের শ্রীকৃষ্ণের রূপ-দর্শনের শ্লোকটী পড়িতেছিলেন। শ্রীনিমাই পণ্ডিতের কর্ণে সেই গ্লোক প্রবিষ্ট হুইল, তিনি তৎক্ষণাৎ প্রেমে মূর্ছিত হুইলেন, পরে বাছদশা লাভ করিয়া তিনি ছাত্রগণের সহিত গঙ্গাতীরে গেলেন। পরদিন প্রাতে শ্রীনিমাই পণ্ডিত আবার ছাত্রগণকে পড়াইতে আরম্ভ করিলেন। ছাত্রগণ জিজ্ঞাসা করিলেন,—"ধাতু কাহাকে বলে ?" পণ্ডিত বলিলেন,—"কুফের শক্তিই ধাতু, দেখি কাহার শক্তি আছে, আমার এই অর্থ খণ্ডন করিতে পারে ?" ইহা বলিয়া শ্রীনিমাই পণ্ডিত ছাত্রগণকে নানাপ্রকার সত্পদেশ দিতে লাগিলেন। দশদিন ধরিয়া এইরূপে ব্যাকরণের প্রত্যেক সূত্রের কুঞ্চপর-ব্যাখ্যা করিয়া শেষে ছাত্রদিগকে চিরবিদায় দিয়া বলিলেন,—''তোমরা আমার নিকট আর পড়িতে আসিও না, আমার কৃষ্ণবাতীত অশ্ব কোন কথা-ফুতি হয় না; তোমাদের যাঁহার নিকট স্থবিধা হয়, তাঁহার নিকট গিয়া অধ্যয়ন কর[।]" ইহা বলিয়া শ্রীনিমাই অশ্রুপূর্ণ-নয়নে পুঁথিতে 'ডোরি' বন্ধন করিলেন এবং সর্বশেষে শ্রীকুষ্ণের পাদপল্পে শরণ গ্রহণ করিবার জন্ম সকলকে চরম উপদেশ দান করিলেন।

শ্রীগৌরহরি ছাত্রগণকে বলিলেন.—
 "পড়িলাঙ, শুনিলাঙ যত দিন ধরি'।
 রক্ষের কীর্তন কর' পরিপুর্ণ করি'।"

---रेड: खा: य: अब · e

তখন ছাত্রগণ শ্রীকঞ্চনাম-সঙ্কীর্তন কি, ও কি ভাবে তাহা করিতে হয়, জিজ্ঞাসা করিলে শ্রীশচীনন্দন শ্রীনামসঙ্কীর্তন-রীতি শিক্ষা দিলেন,—

"(হরে) হরয়ে নমঃ ক্লঞ্চ যাদবার নমঃ। গোপাল গোবিন্দ র/ম জীমপুত্দন।"

— চৈ: ভা: ম :১:৪+৭

এই নাম উচ্চারণ করিতে করিতে ছাত্রগণকে লইয়া প্রভূ হাতে তালি দিয়া সঙ্কীর্তন, নৃত্য ও মহাপ্রেমাবেশে সাধিক-বিকারসমূহ প্রকাশ করিলেন। ইহাতে কোন কোন বিশেষ সৌভাগ্যবান্ ছাত্র অর্থকরী বিজার অনুশীলন ত্যাগ করিয়া পরমার্থকরী বিজা বা ভক্তিপথ গ্রহণ করিলেন।

শ্রীগোরস্থনর ব্যাকরণের প্রত্যেক-স্তর্কে যেরপে শ্রীকৃষ্ণনামপর করিয়া ব্যাখ্যা করিয়াছিলেন, লোকে ঘাহাতে সেইরপ
আদর্শে অনুপ্রাণিত হইয়া ব্যাকরণ পড়িতে-পড়িতেও শ্রীকৃষ্ণনামের অনুশীলন করিতে পারে, তত্ত্ব্য শ্রীমন্মহাপ্রভুর পার্বদ
শ্রীল শ্রীজীবণোপামিপাদ "শ্রীহরিনামায়ত-ব্যাকরণ" রচনা
করিয়াছেন। ইহাতে ব্যাকরণের প্রত্যেক-স্ত্র হরিনামপর
করিয়া গ্রথিত ইইয়াছে।

ত্রয়োবিংশ পরিচ্ছেদ

देवक्षव-८मवा-भिकामान

শ্রীনিমাই পণ্ডিত জ চবিন্ঠার অনুশীলন— জ চবিন্ঠা অধ্যান ও অধ্যাপনার লীলা পরিত্যাগ করিয়া পরবিন্ঠা অর্থাৎ শ্রীকৃষ্ণভক্তি-অনুশীলনের মাদ গ প্রদর্শন করিলেন। ভগবড়ক্তের সেবাব্যতীত কাহারও ভক্তিবিন্ঠা-লাভ হয় না,—ইহা জানাইবার
জম্ম তিনি ভগবান্ হইয়াও ভক্তি শিক্ষা দিবার জন্য স্বয়ং ভংকুর
সেবা করিতে লাগিলেন। এখন হইতে শ্রীশ্রীবাস পণ্ডিত-প্রভৃতি
বৈষ্ণবগণকে দেখিলেই শ্রীনিমাই পণ্ডিত তাঁহাদিগকে নমস্কার ও
তাঁহাদের নিকট কুপা প্রার্থনা করেন। যখন বৈষ্ণবগণ গশর
ঘাটে স্নান করিতে আসিতেন, তখন শ্রীগৌরস্থন্দর অতি ফ্রান্থে
কাহারও কাপদের জল নিঙ্ডাইয়া দিতেন, কাহারও হাতে
ধ্তিবন্ধ তুলিয়া দিতেন, কাহাকেও বা গলা-মৃত্তিকা সংগ্রহ করির
দিতেন, আবার কাহারও বা ফুলের সাজি বহন করিয়া বাই
পৌছাইয়া দিতেন।

শ্রীক্রার অধ্বিত্তা ।

স্বাহার বা ফুলের সাজি বহন করিয়া বাই
পৌছাইয়া দিতেন।

স্বাহার বা ফুলের সাজি বহন করিয়া বাই
পৌছাইয়া দিতেন।

স্বাহার বা স্বাহার বা ফুলের সাজি বহন করিয়া বাই
পৌছাইয়া দিতেন।

স্বাহার বা স্বাহার বা ফুলের সাজি বহন করিয়া বাই
পৌছাইয়া দিতেন।

স্বাহার বা স্বাহার বা স্বাহার সাজি বহন করিয়া বাই
পৌছাইয়া দিতেন।

স্বাহার স্বাহার সাক্রান্থ বা স্বাহার সাজি বহন করিয়া বাই
পৌছাইয়া দিতেন।

স্বাহার স্বাহার স্বাহার সাক্রান্থ বা স্বাহার সাজি বহন করিয়া বাই
স্বাহার স্বাহার সাক্রান্থ বা স্বাহার সাক্রান্থ সাক্রান্থ বা স্বাহার সাক্রান্থ সাক্রান্থ

"রুফ ভজিবার বা'র আছে অভিলাস। সে ভঙ্গুক কুঞের মঙ্গল প্রিয় দাস॥"

--- হৈ: ভা: মং ^{২ার্ট}

^{*} চৈ: ভা ম: ২।৪৪-১৫ সংখ্যা ভুইবা।

ভক্তগণ শ্রীগোরস্কুন্দরের বৈষ্ণব-বাবহারে অভাস্ত সম্ভুষ্ট হইয়া তাঁহার নিকট বহুদিনের সঞ্চিত মনের বাথা খুলিয়া বলিতেন,—

"এই নবদ্বীপে, বাপ ! যত অধ্যাপক। রুমান্ডক্তি বাধানিতে সুবে ৬য় 'বক'!"

— চৈ: ভা: ম: ২j৩৬

কখনও কখনও ঞ্জীগোরত্বনর মহক্ত-সম্প্রদায়ের দৌরান্মোর কথা শুনিয়া—

> ীস- হারিমু স্বাী বলি করিয়ে হস্কার। "মুজি সেই, মুজি সেই," বলে বারে-বার॥ —-চে ভাঃ মঃ সচ্চ

শ্রীশচীমাত। শ্রীগোরস্থলরের এই-সকল ভাব দেখিয়া তাঁহার বাযুব্যাধি হইরাছে মনে করিতে লাগিলেন। তখন নানা-লোকে নানাপ্রকার উরধের বাবস্থাও দিতে লাগিলেন। পুত্রবৎসলা সরলা শ্রীশচীমাতা শ্রীশ্রীবাস পণ্ডিতকে ডাকাইরা তাঁহার পরামর্শ লাইতে ইচ্ছা করিলেন। শ্রীশ্রীবাস পণ্ডিত আসিয়া শ্রীগোর-স্বন্ধরকে দেখিয়া বুঝিতে পারিলেন যে, প্রভুর দেহে কফপ্রেমের বিকার প্রকাশিত হইরাছে। শ্রীশ্রীবাসের কথায় শ্রীশচীমাতা পার্শন্তা হইলেন বটে, কিন্তু পুত্র পাছে ক্ষণ্ডক্ত হইয়া সংসার পরিত্যাণ করে—এই চিন্তাই অপ্রাক্ত-বাৎসলারস-মুগ্ধা শ্রীশচীনমাতার হৃদয় অধিকার করিল।

একদিন শ্রীগোরস্থলর শ্রীগদাধর পণ্ডিতকৈ সঙ্গে লইয়া শ্রীমায়াপুরে 'অদ্বৈত-ভবনে' শ্রুল অদ্বৈতাচাধকে দেখিতে গেলেন; দেখিলেন—আচার্য তুই বাহু তুলিয়া হুঙ্কার করিয়া গঙ্গাঞ্জল- তুলসীদ্বারা কুষ্ণের পূজা করিতেছেন। শ্রীমহৈতাচার্ঘকে দেখিবা-মাত্র মহাপ্রভু বিশ্বন্তর মহাপ্রেমাবেশে মূর্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন। আচার্য স্বীয় ভক্তিযোগের প্রভাবে প্রচ্ছন্নাবতারী শ্রীগৌরহরিকে চিনিতে পারিলেন। শ্রীঅবৈতাচার্য পূজার উপকরণ লইয়া খ্রীগৌরস্থন্দরের খ্রীচরণ পূজা করিতে করিতে 'নমো ব্রহ্মণ্য-দেবায়'—মন্ত্র-শ্লোকটী পুনঃ-পুনঃ সানন্দে পাঠ করিতে লাগিলেন। শ্রীগদাধর শ্রীঅদ্বৈতাচার্যকে এইরূপ স্তুতি করিতে দেখিয়া জিন্তা কামড়াইয়া আচার্ধকে বলিলেন,—''বালকের প্রতি আপনার এরপ ব্যবহার যোগ্য নহে।" গ্রীমদাচার্য বলিলেন,—"গদাধর, তুমি কএকদিন পরেই এই বালককে জানিতে পারিবে—ইনি কে " **শ্রীগোরস্থনর বাহুদশা লাভ করিবার পর আত্মগোপন করি**য়া শ্রীঅবৈতাচার্যের স্তুতি গারস্ত করিলেন এবং ভাবাবিষ্ট আচার্যের পদ্ধূলি গ্রহণ করিলেন।

শ্রীঅধৈতাচার্য বলিলেন, — 'বিশ্বস্তর! সকল বৈঞ্চবেরই ইচ্ছা যে, তাঁহারা তোমার সহিত একসঙ্গে শ্রীকৃঞ্চ-সঙ্কীর্তন করেন শ্রীকৃঞ্চকথা-রসে কাল যাপন করেন এবং সর্বক্ষণ তোমার দূর্শন লাভ করেন।'' শ্রীগৌরহরি আচার্যের বাক্যে সম্মৃত হইলেন।

এদিকে শ্রীঅবৈতপ্রভূ শ্রীনোরহরির ভক্ত-বাৎসল্য পরীক্ষ করিবার জন্য গোপনে শান্তিপুরে নিজগৃহে গমন করিলেন।

মহাপ্রভু ভক্তগণের সহিত প্রত্যহ শ্রীকৃষ্ণকীর্তন করিতেন ব প্রভুর প্রেমাবেশ-দর্শনে সন্দিশ্ধ ব্যক্তিরও হৃদয়ে প্রভুকে 'ঈ্ধ্রু' বিশিয়া উপলব্ধি হইত। বিভিন্ন ভক্ত স্ব-স্থ বিভিন্ন রস-অনুষার্গ

প্রভূকে অনুভব করিতে লাগিলেন। বাহানশার মহাপ্রভু ভক্ত-গণের গলা ধরিয়া ক্রন্সন করিতে করিতে 'শ্রীকুঞ্চকর্ণামূতে'র ্রোক কীর্তন করিতেন.--

> অমৃত্যধন্তানি নিনান্তরাণি, হরে ছদালোকনমন্তরেণ। অনাথবন্ধো করুণৈকসিনো, হা হন্ত হা হন্ত করং নৱামি॥ —শুক্তমৰ্ণামন্ত, ৫১

তোমার দর্শন বিনে, অংগ্র এই রাজি-দিনে, এই কাল না যায় কাটন। ত্যি মনাথের বন্ধ, অপার করণাসিন্ধ, কুপা করি' দেহ' দর্শন ।

-76: 5: W. Sica

শ্রীবিশ্বস্তর অন্তরঙ্গ ভক্তগণের নিকট নিজের কৃষ্ণবিচ্ছেদ-হঃখ অত্যস্ত দৈন্তের সহিত নিবেদন করিতেন। গোপীভাবে বিভাবিত হইয়া গয়া হইতে ফিরিবার সময় কানাই-নাটশালাঃ তিনি কিরূপ এক অপূর্ব তমাল-খ্যামল স্থনর-কিশোর মুর্লীবদন শ্রীকুষ্ণের দর্শন পাইয়া প্নরায় তাঁহার দর্শন হইতে বঞ্চিত হইয়াছিলেন, তাহা বলিতে বলিতে প্রেম্মৃছ। লাভ করিতেন। গৃহে গিয়াও বিশ্বস্তর গৃহবাবহার করিতে পারিতেন না। সর্বক্ষণ কৃষ্ণপ্রেমানন্দ-আবেশে মগ্ন থাকিতেন। সর্বক্ষণই মুখে 'কোথা কৃষ্ণ ?'; 'কোথা কৃষ্ণ ?'; বৈষ্ণবগণ দেখিলেই 'কৃষ্ণ কোন স্থানে ?' কেহ কিছু প্রশ্ন করিলে 'কোথা কৃষ্ণ ?'—এইরপ উক্তি করিতেন । একদিন শ্রীগদাধরকে দেখিয়া শ্রীবিশ্বস্তর "পীত বসন শ্যামল কৃষ্ণ কোথায় আছেন ?"—জিজ্ঞাসা করিলেন। "তোমার ফ্রনয়েই ক্লঞ্চ

আছেন।"—শ্রীগদাধর ইহা বলিলে, শ্রীবিশ্বস্তর নখাগ্রদারা নিজ-বিদ্ধার বিদীর্ণ করিতে উন্নত হুইলেন। শ্রীগদাধর অতিকটে তাঁহাকে নিবারণ ও সান্তনা দিলেন। ইহাতে শ্রীশচীমাতা শ্রীগদাধরকে সর্বক্ষণ শ্রীবিশ্বস্তারর নিকট থাকিতে বলিলেন।

শ্রীশচীনন্দন প্রতাহ নিজ সহচরগণকে লইয়া সর্বরাত্র নিজগ্রেই উচ্চকীর্তন করিতেন। ইহাতে নবদ্বীপের বহিমুখ ব্যক্তিগণের
নিজাভোগ-ভদ হত্ত্রায় তাহারা নানারপ কট্ ক্তি বিশেষতঃ
শ্রীশ্রীবাস পণ্ডিতের প্রতি নানাপ্রকার তর্জন, গর্জন ও ভয়প্রদর্শন
করিত। পাবতিগণ বলিতে লাগিল,—"হিন্দুধর্মবিরোধী রাজার
লোক শীব্রই এইরপ কর্তিনের ধ্বনি শুনিতে পাইয়া বৈষ্ণবদিগকে
পরিয়া লইয়া যাইবে এবং তাঁহাদিগের উপর অত্যাচার করিবে।
শ্রীবিশ্বস্তর অকুতোভয়ে নবদ্বীপনগরে ভ্রমণ করিতেন। একদিন
শ্রীবিশ্বস্তর শ্রীনুসিংহপুজারত শ্রীশ্রীবাসের রুদ্ধদার হহের নিকট
উপস্থিত হইয়া গৃহদ্বারে পদাঘাত করিয়া বলিলেন,—"শ্রীবাস তুই
কাহাকে পূজা করিস্ ? দেখ, তোর অভীষ্টদেব এখানে উপস্থিত।"

শ্রী শ্রীবাস পণ্ডিত শ্রীগোরহরিকে চতুর্ভু স্থৃতিতে দর্শন করিয়া স্তম্ভিত হইলেন। শ্রীগোরহরি নিজের তব্বর্ণন ও তাঁহার সবতারের কারণ জ্ঞাপন এবং শ্রীঅবৈতাচার্যের প্রভুকে পরীক্ষার জন্য শান্তিপুরে গমন-প্রভৃতি বিষয়ের উল্লেখ করিয়া শ্রীশ্রীবাস পণ্ডিতকে নিজের স্তব করিতে বলিলেন। পণ্ডিত "নোমীডা তে-হল্রবপুষে তড়িদম্বরার" (ভাঃ ১০।১৪।১) শ্লোক পাঠ করিয়া প্রভুর স্তব করিলেন। সগোষ্ঠী শ্রীশ্রীবাস পণ্ডিত প্রভুর আদেশে তাঁহার পূজা করিলেন। মহাপ্রভু শ্রীপ্রীবাসকে অভয়দান করিয়া বলিলেন যে, তিনি ভক্তিবিরোধী অহিন্দু রাজাকেও তাঁহার অন্কচরবৃন্দের সহিত শ্রীক্ষণপ্রেমেন্সের করাইবেন। তখন শ্রীপ্রীবাসের প্রাতৃপ্পৃত্তী শ্রীনারায়ণী—যিনি 'শ্রীচৈতন্তভাগবত'-লেখক শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের জননী—মাত্রচারি বৎসরের বাসিকা ছিলেন। মহাপ্রভুব মাজ্ঞার শ্রীনারায়ণী 'হা ক্ষণ্ড! বলিয়া প্রেমাশ্রু বিসর্জন করিতে লাগিলেন। প্রভুর ইচ্ছায় চারিবৎস্রের বালিকাও কৃষ্ণপ্রেমে ইমান্ত হইতে পারে, এই প্রত্যক্ষ প্রমাণ প্রদর্শন করিয়া মহাপ্রভু

চতুর্বিংশ পরিচ্ছেদ

ঐীযুরারি-গুপ্তের গৃহে

শ্রীগোরস্থনর ক্রমেই ভাঁহার আত্মন্তরণ প্রকাশ করিতে লাগিলেন। একদিন শ্রীমূরারিগুপ্তের গৃহে শ্রীবরাহ-মূতি প্রকাশ করিলেন। ধাঁহারা ভগবান্কে চরমে নিরাকার নিবিশেষ কন্সনা করিয়া তাঁহার অচিস্তা-শক্তিকে অধীকার করেন, শ্রীগোরস্থনর শ্রীবরাহরূপে ভাঁহাদের প্রতি ক্রোধ প্রকাশ করিতে লাগিলেন,—

"হস্ত-পদ-মধ মোর নাহিক লোচন।'
এই মত বেদে নোরে করে' বিড়ম্বন॥
কাশীতে পড়ায় বেটা প্রকাশ-আনন্দ।
সেই বেটা করে' মোর অঙ্গ ধণ্ড খণ্ড॥
বাধানরে বেদ, মোর বিগ্রহ না মানে।
সর্ব অঙ্গ হইল ক্ঠ, তরু নাহি জানে॥
সর্বযক্তময় মোর যে অঞ্চ পবিত্র।
অজ-ভব-আদি গায় যাহার চরিত্র॥
পুণা পবিত্রতা পায় যে-অঞ্চ-পরশে।
তাহা 'মিগা' বলে' বেটা কেমন সাহসে ?"

--- চৈঃ ভাঃ মঃ ৩।৩৬-৪০

মহাপ্রভু শ্রীবরাহ-মৃতিতে বলিতেছেন, -- "কাশীতে প্রকাশানন্দনামক একজন প্রসিদ্ধ সোহহবাদী অধ্যাপক বেদের ব্যাখ্যাকাশে শ্রীভগবানের স্থমধুর সচ্চিদানন্দ আকারকে নিন্দা করিয়া থাকে। প্রকাশানন্দ ভগবানের নিতা আকার স্বীকার না করার ভগবানের শ্রীচরণে অতাস্ত অপরাধী। এই অপরাধের কলস্বরূপ তাহার সর্বশরীরে কুর্চরোগ হইয়াছিল, তথাপি তাহার জ্ঞানের উদয় হয় নাই। আমি আমার ভক্তের চরণে অপরাধকে কিছুতেই সহ্থ করিছে পারি না। যদি আমার পুত্রও আমার ভক্তের বিশ্বেষ করে, তাহা হইলে সেই প্রিয়-পুত্রকেও আমি বিনাশ করিতে প্রস্তুত আছি; আমি ভক্তের রক্ষার নিমিত্ত আমার নিজের পুত্রকেও কাটিয় ফেলিতে পারি। 'নরক'-নামে আমার এক মহাবলশালী পুত্র হইয়াছিল। আমি তাহাকে ধর্মোপদেশ দিয়াছিলাম। আমার

সত্পদেশ লাভ করিয়া তাহার জীবন কিছু দিনের জন্ম পবিত্র ছিল, কিন্তু কালক্রমে বাণ-রাজার হৃষ্ট সংসর্গ-কলে তাহার মদীর ভক্তের প্রতি বিরুদ্ধাচরণ করিবার হৃব্ কি উপস্থিত হয়: তজ্জন্ম আমি ঐ ভক্তজোহী পুত্রকে কাটিয়া ভক্তকে রক্ষা করিয়াছিলাম। আমার প্রতি অপরাধী ব্যক্তিকে আমি ক্ষমা করি, কিন্তু আমার ভক্তের প্রতি অপরাধীকে আমি কিছুতেই ক্ষমা করি না।''

বেদ জড়ীয় আকার নিষেধ করিবার জন্মই পরবন্ধকে
নিরাকার বা নির্বিশেষ কলিগাছেন। তদ্বারা জড়ীয় আকার ও
জড়ীয় বিশেষধর্ম নিষেধ করিয়া জড়াতীত নিতা সচিদানন্দ
আকারই স্থাপিত হইয়াছে। ভগবান্—সর্বশক্তিমান্। আমরা
যাহা আমাদের চিন্তার মধ্যে সামঞ্জন্ম করিতে পারি না. তাহাও
ভগবানে সন্তব। ভগবানের নিতা চিনানন্দ আকারও আমাদেরই
আকারের ন্যায় অনিতা আকার হইবে—এইরপ অনুমান করা,
ভগবানের সর্বশক্তিমতাকে অস্বীকার করা মাত্র,—ইহাই
প্রচ্ছন্ন নান্তিকতা। যিনি সর্বশক্তিমান্, ভাঁহার সকল শক্তিই
আছে। যাঁহার সকল শক্তি নাই, তিনি পরমেশ্বর নহেন।



পঞ্চবিংশ পরিচেছদ ঠাকুর গ্রীহরিদাস

শ্রীটেত্তসদেবের আবির্ভাবের প্রায় ত্রিশ-প্রত্রিশ বৎসর পূর্বে তদানীস্তন বশোহর প্রদেশের 'বুঢ়ন' * গ্রামে ঠাকুর প্রীহরিদাস আবিভূতি হ'ন। কেই কেই বলেন, শ্রীল হরিদাস মুসলমানকুলে অবতীৰ্ণ হ'ন, আবার কাহারও মতে তিনি ব্রাহ্মণ পিতা-মাতা হইতে আবিভূতি হইয়া শিশুকালে মাতৃপিতৃহীন হ'ন এবং অহিন্দুর গৃহে লালিত-পালিত হওয়ায় 'অহিন্দু' বলিয়া বিবেচিত হ'ন। শ্রীহরিদাস বাল্যকাল হইতেই শ্রীহরিনামে স্বাভাবিক রুচিবিশিষ্ট ছিলেন। তিনি যশোহর জেলার 'বেনাপোল'- গ্রামে নির্জন বনে এক কুটীর বাঁধিয়া প্রত্যত রাত্রিদিনে তিনলক হরিনাম-গ্রহণ ও গ্রামস্থ বাক্ষণের ঘরে ভিক্ষা নির্বাহ করিতেন। শ্রীহরিদাসের এইরূপ চরিত্রে মৃগ্ধ হইয়। সমস্ত লোকই শ্রীহরিদাসকে :অস্তরের সহিত শ্রদ্ধা-ভক্তি করিতেন ৷ কিন্তু সেই গ্রামের তদানীস্তন জমিদার মৎসর-স্বভাব রামচন্দ্র খাঁ যুবক শ্রীহরিদাসের বৈরাগ্য নম্ট করিবার জন্ম, একটি স্থন্দরী বেশ্যাকে শ্রীহরিদাসের নিকট পাঠাইয়া দেন। সেই কুলটা শ্রীহরিদাসের ধর্ম নষ্ট করিবার জন্ম উপযুপরি

^{*} চলিশ পরগণার অন্তগত : শতমান পুলনা জেলার মধ্যে সাতকীরা মহকুমায় এই 'বৃঢ়ন'-পরগণার ৬০টা মৌজা আছে : কিন্তু 'বৃঢ়ন'-গ্রামটা কোলায় ছিল, তাহা এখনও ঠিক জান 'বাইতেছে না :

তিন-রাত্রি নানা-প্রকার চেন্ট। করিয়াও রুত-কার্যা হইতে পারে
নাই। মুহূর্তকালও শ্রীহুরিলাসকে শ্রীহুরিনাম-কীর্ত্তন-ব্যতীত
আর কোন কার্য করিতে না দেখিয়া সেই বেশ্যার চিত্ত পরিষতিত
হইয়া যায়। বেশ্যা তখন শ্রীহুরিলাসের নিকট কমা ভিক্তা করিয়।
তাহার পাপময় জাবন পরিতায়ে-পূর্বক শ্রীহুরিনাম আশ্রয়
করিবার জন্ম ব্যাকুল হইয়া উঠিল। নামাচার্য শ্রীহুরিলাস বেশ্যাকে
তাহার গৃহের সর্বস্ব রাহ্মণকে দান করিয়। সর্বক্ষণ তুলসার সেব।
ও রাত্রিদিনে তিন লক্ষ হরিনাম করিবার উপদেশ প্রদান করেন
এবং তিনি স্বয়ং 'বেনাপোল' পরিতায়ে-পূর্বক চাঁদপুরে ও আসিয়।
শ্রীবলরাম আচার্যের গৃহে অবস্থান করেন।

শীবলরাম আচার্য হরিলাস ঠাকুরের কুপালাভ ও তাঁহার সেবা করিয়া কৃতার্থ হ'ন। গোবর্ধন মজুমলারের পুত্র শ্রীরঘূনাথ তথন বালক ও ছাত্র। বালক শ্রীরঘুনাথ শ্রীল বলরাম আচার্যের গুহে যাইয়া শীহরিদাস ঠাকুরের দর্শন ও কুপালাভ করিতেন। সেই সময় শ্রীবলরাম আচার্যের প্রার্থনার শ্রীহরিদাস হিরণা-গোবর্ধনের সভায় গমন করেন। ঠাকুর শীহরিদাস প্রতাহ তিন লক হরিনাম জপ ও কীর্তন করিতেন। তৎ-সভাস্থ প্রতিগণের কেহ কেহ নামাভাসকেই শুক্তনাম মনে করিয়া নামকীর্তনের কল—'পাপক্ষর

শ চাদপুর—ছগলি কেলাব অভগত 'কিবেণার নিকট এই আন ছবছিত ছিল। ইনিটি কারস্থ জমিদার 'হরণা ও গোবধন মানুমবারের প্রোটিত এবলরাম আচাই। এগোবর্থন মজুমদার এল রব্নাই সান গোলানী প্রভুর প্রাত্মের শিকা। ছিব্যা মজুমদারেরই অসুজ গোবর্থন।

ও মুক্তিলাভ' বলিয়া স্থাপন করিলেন। কিন্তু শ্রীল হরিদাস ঠাকুর গ্রীমন্তাগবতের প্রমাণবলে 'গ্রীকুফপ্রেম-প্রাপ্তিই নামের ফল এবং পাপনাশ ও মুক্তি নামাভাসেরই ফল' বলিয়া ঘোষণা করেন। সেই সময় গোপাল চক্রবর্তি-নামক এক ব্রাহ্মণ এই সিদ্ধা**ন্ত-**শ্রবণে অত্যস্ত ক্রুদ্ধ হইয়া বলেন,—"কোটি জন্মে ব্রহ্মজ্ঞানে যেই মুক্তি পাওয়া যায় না, নামাভাসে সেই মুক্তিলাভ কিছুতেই হইতে পারে না।" উদ্ধত চক্রবর্তী অতাস্ত স্পর্ধার সহিত শ্রীহরিদাস ঠাকুরকে বলেন,—"যদি আপনার কথামত নামাভাসের ফলে মুক্তি না হয়, তবে আপনি দওস্বরূপ আপনার নাক কাটিবেন।" শ্রীল হরিদাস অত্যস্ত দৃঢ়তার সহিত বলেন,—''যদি হরিনামের আভাসেই মুক্তি না হয়, তবে নিশ্চয়ই আমি আমার নাক কাটিব।" তিন দিন পরেই ঐ হর্জন বাহ্মণের অতি ফুল্দর উচ্চ নাসিকা ও চম্পাক-কলির স্থায় হস্তপদাস্থূলি কুণ্ঠব্যাধিতে আক্রাপ্ত হইল।

শ্রীহরিদাস ব্রাহ্মণের এরপ অবস্থা দেখিয়া অত্যস্ত হুঃখিত হইলেন এবং তথা হইতে শাস্তিপুরে চলিয়া আসিলেন।

তখন শ্রীমদদ্বৈতাচার্য শ্রীহট্ট হইতে আসিয়া শান্তিপুরে বাস করিতেছিলেন। 'ফুলিয়া'* ও 'শান্তিপুরে' তখন ব্রাহ্মণ-সমাজ প্রবল। শ্রীঅবৈতাচার্য শ্রীহরিদাসের শ্রীনাম-ভজনের জন্ম তাঁহাকে একটি নির্জন স্থানে 'গোফা' (গুহা) প্রস্তুত করাইয়া দিলেন। আচার্য প্রতাহ শ্রীহরিদাসকে তাঁহার গৃহে ভিক্ষা করাইতেন।

^{*} শ স্তিপুরের নিকট একটা গ্রাম।

এই সময় শ্রীঅধৈতাচার্যের পিতৃপুরুরের শ্রান্ধ-কাল উপস্থিত ২ইলে তিনি শ্রীহরিদাসকে সেই শ্রাদ্ধ-পাত্র প্রদান করিলেন, —

> 'তৃষি বাইলে ২৫ কোটি-ব্ৰাহ্মণ'ভোজন।' এত বলি' শ্ৰান্ধ পাত্ৰ কৰাইলা ভেজিন।৷

> > -- (5: 5: 5) bis bis s-

এই সময় এক রাত্রিতে স্বরং মায়াদেবী শ্রীহরিলাসকে ছলনা করিতে আসিয়াছিলেন; কিন্তু শ্রীহরিলাসক কুপায় মায়াও ক্লঞ্জনাম পাইয়া ধক্তা হটলেন। মুসলমান-কুলে উদ্ভূত হইয়া শ্রীহরিলাস হরিনাম করেন ইহা শুনিতে পাইয়া কাজা নবাবের নিকট হরিদাসের বিরুদ্ধে অভিযোগ উপস্থিত করিলেন। নবাবের কর্মচারিগণ শ্রীহরিদাসকে ধরিয়া আনিয়া কারাগারে বন্দী করিয়া ঝাঝিলেন। শ্রীহরিদাস কারাগারের মধ্যেও অ্যান্য অপরাধী বন্দিগণকে সত্পদেশ প্রদান করিতে লাগিলেন। নবাব শ্রীহরিদাসকে তাঁহার জাতিধর্ম লঙ্গন করিবার কারণ জিজ্ঞাসা করিলে শ্রীহরিদাস ঠাকুর বলিয়াছিলেন.—

গুন, বাপ ! স্বারই একই ঈশ্বর ॥ নাম-মাত্র ভেদ করে হিন্দুরে যবনে। প্রমার্থে 'এক' কহে কোরাণে পুরাণে॥

—হৈ: ভা: আ: ১৯:৭৬-৭৭

শ্রীহরিদাসের এই কথায় কাজী সম্ভুক্ত না হইয়া শ্রীহরিদাসের দণ্ড বিধান করিতে নবাবকে অন্পুরোধ করেন। নবাবের নানা- প্রকার ভয়-প্রদর্শন-সত্ত্বেও শ্রীহরিদাস ঠাকুর ভীত না হইরা স্বৃদ্দু ভাবে বলিলেন,— '

"পও পও হই' দেহ মায় যদি প্রাণ। তব আমি বদনে না ছাড়ি হরিনাম॥"

— চৈ: ভা: আ: ১৬_{০০}০

কাজীর আদেশে তাঁহার কর্মচারিগণ শ্রীহরিদাসকে অতি
নিষ্ঠুরভাবে বাইশ বাজারে বেত্রাঘাত করিলেও শ্রীহরিদাসের
অঙ্গে কোন-প্রকার হুংখের চিহ্ন প্রকাশিত, কিংবা প্রাণ-বিয়োগ
না হওয়ায়, উহারা অত্যন্ত বিশ্বিত হইয়া পড়ে। পাছে প্রহারকারিগণের কোন প্রকার অমঞ্চল হয়, এই ভাবিয়া শ্রীহরিদাস
শ্রীকৃষ্ণের নিকট প্রার্থনা জানাইলেন,—

"এ-সব জীবেরে, ক্লঞ্চ করহ প্রসাদ। নোর দ্রোহে নছ এ-সধার অপরাধ॥"

— হৈ: ভা: আ: ১৬/১^{১৬}

শীহরিদাসকে বিনাশ করিতে অসমর্থ হওয়ার কাজীর কর্মচাহিত গণ কাজীর নিকট কঠোর শাস্তি পাইবে শুনিরা শ্রীহরিদাস কৃষ্ণ ধ্যান-সমাধি-দ্বারা নিজেকে মৃতবং প্রদর্শন করিলেন। শ্রীহরিদাসক কবর দিলে পাছে তাঁহার সদগতি হয়, এই বিবেচক করিয়া শ্রীহরিদাসের অসদ্গতি-লাভের উদ্দেশ্যে কাজী শ্রীহরিদাসক গঙ্গায় নিক্ষেপ করিবার আদেশ দিলেন। শ্রীহরিদাস ভাসিতে ভাসিতে ভীরের নিকট আসিলেন ও বাহাদশা লাভ করিয়া পুনরায় 'ফুলিয়া'-গ্রামে উপস্থিত হইলেন এবং তথা পূর্ববৎ উচ্চঃস্বরে শ্রীকৃষ্ণনাম কীর্তন করিতে থাকিলেন।

ফুলিয়ায় যে গুহার মধ্যে প্রাহরিদাস ভজন করিতেন তথার একটা ভীষণ বিষধর সর্প বাস করিত। ওঝাগণের অনুরোধে প্রাহরিদাস ঐ গুহা ভ্যাগ করিতে ইচ্ছুক হইলে ঐ সর্পটী আপনা হইতেই গুহা ভ্যাগ করিয়া চলিখা গেল।

একদিন কোন এক গৃহস্তের গুহে এক ভগ্বদ্ভক্ত নাগরাঞ্চা-বিষ্ট স্প্ক্রীড়ক (সাপুড়িয়া) 'কালিয়-দম্নে'র গীত গান করিতে করিতে নুভা করিতে লাগি:লন। <u>শ্রী</u>হরিদাধ ঠাকুর যদুজ্ঞাক্রমে ঐ-স্থানে উপস্থিত হইলেন এবং শ্রীক্ষের কালিয়নাগ-দুমন-লীলাগান-শ্রবণে প্রেমাবেশে মূচিত হইর।ভূতলে পতিত হইলেন। তাঁহার দেহে অভ্ত সাত্তিক-ভাবসমূহ প্রকাশিত হইল। ইহাতে <mark>উক্ত সর্পক্রীড়ক যুক্তকরে একপার্শ্বে অবস্থান করিলেন। দর্শক-</mark> · গণ প্রেমোন্মন্ত মহাভাগবতবর শ্রীহরিদাদের জ্রীচরণধূলি লইয়া নিজ-নিজ অঙ্গে লেপন করিতে লাগিলেন। ইহা দেখিয়া মৎসর-স্বভাব এক ভণ্ড ধূর্ত ব্রাহ্মণ ঐরপ সম্মান-প্রাপ্তির আশায় শ্রী হরি-দাস ঠাকুরের অনুকরণ করিয়া নাচিতে নাচিতে ভূমিতে পতন ও কপট-মূর্ছা প্রদর্শন করিল। সর্পক্রাভৃক ঐ বাল্লাণের ভগামি বুঝিতে পারিলেন এবং ঐ ভণ্ডকে বেত্রাঘাতে জর্জরিত করিয়া ঐস্থান ত্যাগ করাইলেন। ভাষাবিষ্ট সর্পক্রীড়ক সকলকে শ্রীহরি-দাসের অপ্রাকৃত ভাবাবেশের অকুত্রিমতা ও মংসর ভও বাক্ষণের স্পর্যামূলক অভিনয়ের পার্থকা ব্রাইয়া দিলেন।

তৎকালে বাহমূর ব্যক্তিমাত্রই উচ্চ হরিকীর্তনের বিহোধী ছিলেন এবং উচ্চ হরিকীর্তনের ফলে দেশের নানাপ্রকার হরবস্থা উপস্থিত হইতেছে, এইরূপ অভিযোগ উত্থাপন করিয়া উদ্ধ-কীর্তনকারী বৈষ্ণবগণের বিরুদ্ধাচরণ করিত। 'হরিনদী' গ্রামের তুষ্ট-প্রকৃতির এক ব্রাহ্মণ একদিন শ্রীহরিদাসকে ডাকিয়া বলিল, — "উচ্চৈঃস্বরে শ্রীহরিনাম-কীর্তন তাশাস্ত্রীয়; মনে-মনে জপই শাস্ত্রীয় বিধি; পণ্ডিত-সভায় ইহার বিচার হউক।" ঠাকুর ঞীহরি-দাস শাস্ত্র-প্রমাণের দ্বারা জানাইলেন যে, মনে-মনে নাম জণ করিলে কেবল নিজের উপকার হয়; কিন্তু উচ্চকীর্তনের ঘারা নিজের ও পরের উপকার হইয়া থাকে,—এমন কি, পশু-পদ্দী, বৃক্ষ-লতারও তাহাতে স্থকৃতি সঞ্চিত হয়।

তখন শ্রীনবদ্বীপ-জ্রীমায়াপুরে জ্রীঅদ্বৈতাচার্যের টোল ও বৈষ্ণবসভা ছিল। নবদ্বীপে এইরিদাসকে পাইয়া গ্রীঅদ্বৈতপ্রভু বিশেষ আনন্দিত হইলেন।

শ্রীগন্ধা হইতে ফিরিথার পর ক্রমে-ক্রমে জ্রীগৌরস্থন্দর হরি-সংকীর্তনের নেতৃত্ব গ্রহণ করিলে শ্রীঞ্জীবাসের গৃহে যে নিতা সংকীর্তনোৎসব আরম্ভ হইল, তাহার প্রধান সহায় হইলেন ঠাকুর শ্রীহরিদাস ও শ্রীশ্রীবাস পণ্ডিত।

যড় বিংশ পরিচ্ছেদ

গ্রীনিত্যানন্দের সহিত মিলন ও গ্রীব্যাসপূজা

'মল্লারপুর' ফেঁশন (ই, আই, আর, লুপ্ লাইনে) হইতে প্রায় চারিক্রোশ পূর্বদিকে বীরভূম জেলার প্রাচীন 'একচাকা' বা 'একচক্র' গ্রাম অবস্থিত। শ্রীনিভ্যানন্দপ্রভূর পুত্র শ্রীবীর-চন্দ্র (ভন্ত) প্রভূর নামারুসারে পরে ঐ স্থানের নাম 'বীরচন্দ্রপুর' হইয়াছে। শ্রীগোরহরির আবির্ভাবের পূর্বে মৈথিল বান্ধান শ্রীহাড়ো বা শ্রীহাড়াই গুরা ও তৎসহধমিণী শ্রীপদ্মাবতী দেবীর গৃহে উক্ত 'একচাকা'-গ্রামে মাঘী শুক্লা ত্রয়োদশী তিথিতে শ্রীনিত্যানন্দপ্রভূ অবতীর্ণ হ'ন।

এক বৈষ্ণবসন্ন্যাসী অতিথিরপে উপস্থিত হইরা শ্রহাড়াইপদ্মাবতীর প্রাণপুত্তলি দ্বাদশবর্ধ-বয়স্ক শ্রীনিত্যানন্দকে ডিক্ষাস্করপে লইরা যা'ন। সেই বৈষ্ণবসন্ন্যাসীর সহিত শ্রীনিত্যানন্দ
বহু তীর্থ ভ্রমণ করেন। পশ্চিমভারতে ভ্রমণকালে শ্রীনিত্যানন্দের
সহিত সপার্ধদ মহাপ্রেমিক শ্রীল মাধ্যেন্দ্রপুরীপাদের সাক্ষাৎকার
ও প্রেমালাপ হয়।

বিংশ-বৎসর কাল ভারতের সমস্ত তীর্যস্থান ভ্রমণ করিয়া শ্রীনিত্যানন্দপ্রভূ অবশেষে গ্রীবৃন্দাবনে আসিলেন। সেই সময় শ্রীগৌরস্থন্দর শ্রীনবদ্বীপে নিচ্চের স্বরূপ প্রকাশ করিয়াছেন। শ্রীনিত্যানন্দ যেন শ্রীগৌরস্থন্দরের মহাপ্রকাশ অপেক্ষা করিয়াই শ্রীবৃন্দাবনে বাস করিতেছিলেন। শ্রীধাম-নবদ্বীপে শ্রীগোরস্থনর আত্ম-প্রকাশ করিয়াছেন জানিয়া নিত্যানন্দ শ্রীবৃন্দাবন ১ইতে অনতিবিলম্বে শ্রীনবদ্বীপে আসিয়া শ্রীনন্দনাচার্যের গৃহে অবস্থান করিলেন। শ্রীনন্দনাচার্য শ্রীনবদ্বীপ-বাসী বৈষ্ণব ছিলেন।

এদিকে শ্রীগৌরসুন্দর শ্রীনিত্যানন্দের গাগমনের পূর্বেই বৈঞ্বগণের নিকট বলিতেছিলেন যে, তুই তিন দিনের মধোই কোন এক মহাপুরুষ নবদ্বীপে আগমন করিবেন। তখন বৈফাব-গণ মহাপ্রভুর কথার রহস্ত ভেদ করিতে পারেন নাই। যে-দিন শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীনবদ্ধাপে আসিয়া পৌছিলেন, সেই দিন মহা-প্রভু সকল বৈফ্রাংর নিকট বলিলেন যে, তিনি পূর্বরাত্তে এক স্বপ্ন দেখিয়াছেন, যেন তাল্ধ্বজর্থে চড়িয়া নীল-বস্ত্র-পরিহিত এক মহাপুরুষ তাঁহার গৃহদ্বারে আসিয়াছেন। মহাপ্রভূ ঐহিরি-দাস ঠাকুর ও শ্রীঞ্রীবাদ পণ্ডিতকে শ্রীনবদ্বীপে ঐ মহাপুরুষের সন্ধান করিতে বলিলেন। পণ্ডিত শ্রীগ্রীবাস ও শ্রীহরিদাস সমস্ত নংঘীপ ও পারিপার্ষিক গ্রামসমূহের প্রত্যেক ঘরে অনুসন্ধান করিয়াও কোন মহাপুরুষকে কোথাও দেখিতে পাইলেন না। মহাপ্রভুর নিকট তাঁহারা এই কথা জানাইলে মহাপ্রভু স্বরং তাঁহাদিগকে লইয়া বরাবর শ্রীনন্দনাচার্যের গৃহে উপস্থিত হইলেন এবং তথায় এক অদৃষ্টপূর্ব জােতির্ময় মহাপুক্ষকে দেখাইয়া দিলেন। ইনিই সেই পতিতপাবন ঞ্ৰীনিত্যানন্দ।

মহাপ্রভ্ ভক্তগণের নিকট শ্রীনিত্যানন্দের মহিমা প্রকাশ করিলেন। এক পৃণিমা-রাত্রিতে মহাপ্রভুর ইচ্ছার শ্রীনিত্যানন্দ- প্রভু 'শ্রীব্যাদপূজা' করিতে কৃতসন্ধন্ন হইলেন। সর্বশাস্ত্রকর্তা প্রীব্যাদের কুপায়ই আমরা ভগবানের সকল কথা জানিতে পারি; এজন্ম সাধুগণ ব্যাদপূজা করিয়া থাকেন। শ্রোত্রিয় ও ব্রহ্মনিষ্ঠ শ্রীগুরুপাদপদ্মের পূজাও—'ব্যাদপূজা'। শ্রীমায়াপুরে শ্রীশ্রীবাস পণ্ডিতের গৃহে এই ব্যাদপূজার আয়োজন হইল। সর্বশাস্ত্রজ্ঞাভা শ্রীশ্রীবাস পণ্ডিত ব্যাদপূজার আচার্য হইলেন। পূর্বদিবস মহাপ্রভু শ্রীশ্রীবাস পণ্ডিতের গৃহের দ্বার রুদ্ধ করিয়া ভক্তগণের সহিত্য অধিবাদ-সংকীর্তন করিলেন। তৎপর-দিবস, প্রাভঃকালে গলামানাদি সম্পন্ন করিয়া শ্রীনিত্যানন্দ-প্রভু শ্রীশ্রীবাস-প্রদন্ত বন্মালং শ্রীগ্রোরহরির গলায় প্রদান করিয়া শ্রীবাসপূজা সম্পন্ন করিলেন। শ্রীগ্রীরহরির গলায় প্রদান করিয়া শ্রীবাসপূজা সম্পন্ন করিলেন। শ্রীগ্রীরহরির গলায় প্রদান করিয়া শ্রীবাসপূজা সম্পন্ন করিলেন। শ্রীগ্রীরহরির গ্রীনিত্যানন্দ-প্রভুকে শ্রীবাসপূজা সম্পন্ন করিলেন।

সমস্ত দিবস-বাণী শ্রীব্যাদপূজা মহোৎসবের সংকর্তিন হইল। শ্রীগৌরহরি শ্রীব্যাদের প্রদাদ বৈষ্ণবগণকে স্বহন্তে বিভরণ করিলেন। শ্রীশ্রীবাস পণ্ডিতের দাসদাসী পর্যন্ত শ্রীভগবানের শ্রীহস্তের প্রসাদ পাইয়া ধন্মতিখন্ত হইলেন।

সপ্তবিংশ পরিচ্ছেদ

শ্রীঅদৈতাচার্যের নিকট আত্মপ্রকাশ

শ্রীব্যাসপূজার পর ভক্তবৎসল শ্রীগোরস্থলর শ্রীশ্রীবাস পণ্ডিতের কনিষ্ঠ লাতা শ্রীশ্রীবাম (শ্রীরামাই) পণ্ডিতকে শ্রীপ্রবিদ্ধের নিকট শান্তিপুরে পাঠাইয়া নিজের প্রকাশ-বার্তা জ্ঞাপন করিলেন, —শ্রীপ্রবিভাগের হাঁহার জন্ম এত আরাধনা করিয়াছেন, দেই প্রভূই গোলোক হইতে ভূলোকে অবতীর্ণ হইরাছেন; তীর্থভ্রমণান্তে শ্রীনিত্যানন্ত মহাপ্রভূর সঙ্গে মিলিত হইরাছেন।

শ্রীঅবৈতাচার্য শ্রীরামাই পণ্ডিতকে দর্শন করিয়া আনন্দে বিহ্বল হইলেন এবং শ্রীরামাইর নিকট সকল কথা শুনিয়া পত্নী গ্রীসীতাদেবীর সহিত নানাপ্রকার উপায়ন লইয়া মহাপ্রভুর দর্শনের জম্ম শ্রীনবদ্বীপাভিমুখে যাত্রা করিলেন। আচার্য মহাপ্রভুর সহিত রহস্ত করিবার জন্য পথে শ্রীরামাইকে বলিয়া দিলেন যে, তিনি যেন মহাপ্রভুর নিকট গিয়া বলেন,—''আচার্য আপনার অনুরোধ-সত্তেও জ্রীনবদ্বীপে আসিতে স্বীকৃত হইলেন না । এদিকে শ্রীঅদৈতাচার্য গোপনে শ্রীনন্দনাচার্যের গৃহে অবস্থান করিতে লাগিলেন। সর্বান্তর্যামী গ্রীগোরস্থন্দর আচার্যের সম্বর্ম বৃঝিতে পারিয়া ভাবাবেশে বিষ্ণুর সিংহাসনের উপর উপবেশন করিয়া বলিতে লাগিলেন,—''আুচার্য আসিতেছেন! আচার্য আসিতেছেন! আচার্য আমার অন্তর্যামিত্ব পরীক্ষা করিতে চাহেন! আমি বুঝিতে পারিয়াছি, শ্রীঅদৈতাচার্য শ্রীনন্দনাচার্যের গৃহে লুকাইয়া রহিয়াছেন। রামাই, তুমি এখনই গিয়া তাঁহাকে লইয়া আইস।" মহাপ্রভুর আদেশামুসারে রামাই শ্রীমরৈতাচার্যকে আনিবার ভত্ত শ্রীনন্দনাচার্বের গুছে গমন করিয়া সকল কথা বলিলেন; তখন সংধ্যিণীর সহিত ব্রীমটেরতাচার্য সামন্দে দুর হুইতে ভূমিষ্ঠ হুইয়া দণ্ডবং ও স্তব পাঠ করিতে করিতে মহাপ্রভুর স্পাপ্থ আগমন করিয়। ভাঁহার অপ্র মহৈত্য দর্শন করিলেন। <u> প্রীমবৈতাচার্য মহাপ্রভুর মহিমা ও অহৈতৃকা দরার কথা কীর্তন</u> করিতে কবিতে মহাপ্রভূর গ্রীচিত্রণ প্রকালন করিয়া প্রেণাপচারে তাঁহার পূজা ও"নমো ব্রহ্মণাদেবায়" লোক-উচ্চারণ-পূর্বক প্রাণধন ঐাগোরনারায়ণকে প্রণাম করিলেন। তৎকালে মহাপ্রভূ নিজের গলার মালা শ্রীঅবৈতাচার্যকে প্রালান করিয়া তাঁহাকে বর গ্রহণ করিতে অনুরোধ করিলেন। শ্রী মহৈতাচাধ বলিলেন,—"প্রভো! আমি আর কি বর বাজন করিব? যে বর চাহিরাছিলাম, ভাহা সকলই পাইয়াছি। তোমার সাক্ষাতে মৃত্য করিতে পারিয়াছি, তাহাতেই সামার সমস্ত অভীফ পূর্ণ হইয়াছে। প্রভো! यদি তুমি আমাকে বর দিতেই চাহ, তবে তোমার নিকট হইতে এই বর প্রার্থনা করি যে, বিছা, ধন, কুল ও তপস্থার মদে মন্ত বৈষ্ণবাপরাধী ব্যতীত পৃথিবীর স্ত্রী, শূদ্র, মূর্থ, চণ্ডাল, মধ্য-সকলেই যেন তোমার প্রেমরুস আগ্লুত হইতে পারে।"

শ্রীঅদ্বৈতাচার্যের প্রার্থনার প্রভাবেই পৃথিবীর আপামর জীব-জগৎ ত্রীনোরস্থলবের অপাধিব প্রেমের অধিকারী হইয়াছেন।

অফ্টাবিংশ পরিচেছদ গ্রীপুগুরীক বিজ্ঞানিধি

শ্রীগোরস্থলর একদিন অকস্মাৎ 'পুণ্ডরাক !'বলিয়া উচ্চৈঃস্বরে কাঁদিতে লাগিলেন। সকলে মনে করিলেন,—কৃষ্ণের এক নাম 'পুণ্ডরীক', বোধ হয়, মহাপ্রভু কৃষ্ণকে ডাকিতেছেন। কিন্তু মহা-প্রভু সকলকে বলিলেন,—''পুণ্ডরীক বিভানিধি-নামক এক অভুত-চরিত্র ভক্ত শীঘ্রই শ্রীমায়াপুরে আসিবেন।' সত্য সত্যই অবিলথে শ্রীপুণ্ডরীক বিভানিধি নবদ্বাপে আসিয়া উপস্থিত হইলেন।

চট্টগ্রাম সহর হইতে প্রায় ১২ মাইল উত্তরে 'হাটহাজারি' খানার অন্তর্গত ও ওৎস্থানের ২ মাইল পূর্বদিকে 'মেথলা'-গ্রামে ১৪০৭ শকালে মাঘমাসে শ্রীপক্ষী-ভিথিতে বাণেশ্বর গঙ্গোপাধ্যায় ও গঙ্গাদেবীর গৃহে প্রীপুওরীক আবিভূতি হ'ন। * শ্রীবাণেশ্বর ঘোর শাক্ত ছিলেন এবং 'কৌলাচার্য' বলিয়া ভৈরবীচক্রে সম্মান পাইয়াছিলেন। শ্রীপুওরীক ঘোর শাক্ত সমাজের মধ্যে অবতীর্ণ ইইয়াও শিশুকাল হইতেই বিদ্ধ-শাক্তধর্মের য় প্রতিবাদ করিতে

^{*} এই বিবরণ অপগুরীক বিজ্ঞানিধির শ্রীপটিপ্ত প্রাচীন কড্চা ও কুলজী হইটে সংগৃহীত।

[্]র বাঁহার অপ্রাকৃত সরপশক্তি এরাগার দানীগণের আমুগতো অপ্রাকৃত প্রবাধাকৃকের সেবা কচেন, তাঁহারা শুদ্ধ-শক্তি; আর বাহারা অচিচ্ছক্তির সেবক, তাহারা বিদ্ধান্তা

আরম্ভ করেন। তিনি পাঠাজানের জন্ম তদানীস্তন প্রদিদ্ধ
বিভাগীঠ শ্রীনবদ্বীপে গমন করিয়াছিলেন। শ্রীনবদ্বীপে তাঁহার
বাসাবাটী ছিল। শ্রীল মাধবেন্দ্রপুরী গোস্বামী প্রভূ বখন
শ্রীমায়াপুর-নবদ্বীপে বিচরণ করিতেছিলেন, সেই সময় শ্রীল
পুঙরীক শ্রীল মাধবেন্দ্রপুরীপাদের নিকট হইতে ভাগবতী দীক্ষা
লাভ করেন। কথিত আছে ধে, যখন শ্রীল পুঙরীক শ্রীল



খ্রীণ পুতরীক বিভানিধির ভজন-কুটীর

মাধবেন্দ্রের কুপাপ্রাথী হইয়াছিলেন, তখন প্রীল পুরীগোস্বামী শ্রীপুণ্ডরীককে বলিয়াছিলেন,—''লোমার পিতা, মাতা, আত্মীয়-স্ফুন ও সমাজ সকলেই শক্তি-উপাদক। যদি তুমি শুদ্ধ বৈঞ্চব- ধর্ম গ্রহণ কর, তাহা হইলে তোমার উপর ভাষণ নির্যাতন আরম্ভ হইবে; এমন কি ইহাতে তোমার প্রাণসংশয় হইতে পারে।"

তখন জ্রীল পুওরাক শ্রীল পুঠাগোস্বামীর সম্মুখে কৃতাঞ্চলি হইয়া নিবেদন করিয়াছিলেন,—'প্রভো! আমি নিধাতনের ভয়ে কাতর নহি। শ্রীপ্রহলাদ তাঁহার পিতা হিরণাকশিপু ও দৈতা-স্মাব্দের লাগুনা সহ্য করিয়া হ্রিভদ্ধন করিয়াছিলেন। তাঁহার আদর্শ অনুসরণ করিয়া আমিও সেরূপ লাস্থনা সহা করিতে প্রস্তুত আছি; আপনি আমাকে কুপা করুন। আপনার কুপা না পাইলে আমি এই জীবন ধারণ করিব না।"

ইহাতে সম্ভন্ট হইয়া শ্রীল মাধবেন্দ্র শ্রীপুণ্ডরীককে শিশ্রত্বে গ্রহণ করেন। শ্রীল পুগুরীক শ্রীনবদ্বীপে অধ্যয়ন শেষ করিয়া পণ্ডিত সমাজ হইতে 'বিভানিধি' উপাধি প্রাপ্ত হ'ন। দীক্ষা লাভের পর যখন তিনি চট্টগ্রামে প্রত্যাবর্তন করিলেন, তখন তাঁহার বৈঞ্ববেৰ দর্শন করিয়া স্থানীয় বিদ্ধ-শাক্তসমাজ অত্যন্ত রুষ্ট হইলেন। বিভানিধি সমাজকে কোন গ্রাহাই করিতেছে<mark>ন না</mark>, দেখিয়া সামাজিকগণ তাঁহার মাতা-পিতাকে বলিলেন যে, যদি তাঁহারা ঐরপ কুলাঙ্গার পুত্রকে (?) পরিত্যাগ না করেন, তাহা হইলে তাঁহারা তাঁহাদিগকে সমাজ-চ্যুত করিবেন। সমাজের শাসন, নিষ্পেষণ ও শত-শত নির্যাতনের ভয়ে শ্রীপুগুরীক বিন্দু-শুদ্ধভক্তি হইতে বিচলিত হইতেছেন না দেখিয়া শাৰ্জ-সমাজ বিগ্নানিধি 'বহিস্তম্ত্র' হইয়াছেন অর্থাৎ তম্ভ্রোক্ত কার্যের বহিভূতি অধমকার্য করিতেছেন, বলিয়া প্রচার করিলেন।

শ্রীমথুরানাথ শ্রীকৃষ্ণের প্রতি শ্রীব্রজ্বাসিগণের যে বিপ্রলম্ভ-প্রেম, তাহা শ্রীল মাধবেন্দ্রপুরীর নিকট হইতে যেমন শ্রীল অবৈতাচার্য প্রভু, প্রাপরমানন্দপুরী, শ্রীরঘুপতি উপাধার, সানোড়িয়া বিপ্র-প্রভৃতি শীনৌরপার্যলগ প্রাপ্ত হইয়াছিলেন, সেইরপ শ্রীপুওরীক বিভানিধিও উরা প্রাপ্ত হইয়াছিলেন। শ্রীব্রজ্বীলায় যিনি প্রবৃত্তানুরাজ, তিনিই শ্রীগোরশীলায় শ্রীপুওরীক বিভানিধি। এজন্ম শ্রীগোরশুন্দর (শ্রীরাধার ভাবে) শ্রীল পুওরীক বিভানিধিকে 'বাপ' বলিয়া সংঘাধন করিতেন।

শ্রীল পুণ্ডরীকের লৌকিক উপাধি ছিল—'বিদ্যানিধি'।
শ্রীমন্মহাপ্রভু নাম দিয়াছিলেন—'প্রেমনিধি'ও 'আচার্যনিধি'।
শ্রীল পুণ্ডরীক সর্বত্র পরবিতাবধুর জীবন শ্রীহরিনামের প্রচার করিয়াছিলেন; এই জন্মই তাহার নাম 'আচার্যনিধি'। গৃহস্থের আকারে, বিষয়ীর আকারে মহাপুরুষ বা মহাভাগবত আচার্য অবস্থান কবিলে তাহাকে গৃহস্থ বা বিষয়ি-লামান্তে দর্শন করা অপরাধ, এই শিক্ষা-প্রচারের জন্ম আচার্যনিধি শ্রীল পুণ্ডরীক বৈষ্ণব-বিরোধিকুলে বিষয়ী ও গৃহস্থের আকারে অবতার্ণ হইয়াছিলেন। শ্রীল গদাধর পণ্ডিতগোস্থামি-প্রভু এক অভিনয় প্রকট করিয়া আমাদিগকে ঐ অপরাধ হইতে রক্ষা করিয়াছেন।

চট্ট্রামের পটিয়া থানার 'ছন্হরা'-গ্রামে শ্রীল মুকুন্দত ঠাকুর আবিভূত হ'ন। তিনি শ্রীমন্মহাপ্রভূব নিকট কীর্তন করিতেন। শ্রীমুকুন্দ শ্রীপুণ্ডরীকের মহিমা অবগত ছিলেন। তিনি শ্রীগদাধর পণ্ডিতকে শ্রীল-পুত্রীকের মহিমা জানাইয়া সেই অভূত বৈফ্ণবকে দর্শন করিবার জন্ম অনুরোধ করিলেন। শ্রীল গদাধর পণ্ডিত আকুমার ব্রহ্মচারী—বিষয়ে বিরক্ত ৷ প্রথমতঃ শ্রীপুওরীককে দেখিয়া তাঁহার ভক্তি হওয়া দূরে থাকুক্, অশ্রদারই উদর হইল। পুওরীক রাজপুত্রের ভায় চন্দ্রতিপের তলে, বহুমূলা খট্টায়, উচ্চ-গদীর উপরে বসিয়া রহিয়াছেন ; সৃক্ষ বস্ত্র পরিয়াছেন, তাঁহার চারিপাশে কত-প্রকার বিলাসের দ্রব্য! হুইজন লোক সর্বদা ময়ুর-পাখ -দারা বাভাস করিতেছেন। গদাধর মনে করিলেন,— এইরূপ বিলাসী ব্যক্তি কি আবার ভক্ত হইতে পারেন! শ্রীমুকুন্দ শ্রীগদাধরের মনের কথা বুঝিতে পারিয়া শ্রীমন্তাগবত হইতে শ্রীকৃষ্ণের মহিমা-স্চক একটা শ্লোক পাঠ করিলেন; অমনি শ্রীপুণ্ডরীক বিভানিধি অদ্ভুত অপ্রাকৃত প্রেমের আবেশে মূছিত হইয়া পড়িলেন। তাঁহার দেহে সাত্ত্বিক-বিকার-সকল প্রকাশিত হইল। গ্রীগদাধর শ্রীপ্রেমনিধিব অস্তুত চরিত্র দর্শন করিয়া বিশ্বিত হইলেন এবং তিনি যে এই মহাপুরুষের চরণে অপরাধ করিয়াছেন, তত্তজন্ম তাঁহার শ্রীচরণাশ্রয় করিয়া অপরাধ কালন করিবার জন্ম কুতসঙ্কল হইলেন। শ্রীগদাধর পণ্ডিত শ্রীবিল্ঞানিধির নিকট দীক্ষা গ্রহণ করিবার অভিলাষ জ্ঞাপন করিয়া মহাপ্রভূর অনুমতি প্রার্থনা করিলে অবিলম্বে শ্রীবিভানিধির শ্রীচরণাশ্রয় করিবার জন্ম শ্রীগদাধরকে আদেশ করিলেন।

বাহাাকৃতি ও ক্রিয়া-মুজাদারা মহাপুরুষের চরিত্র বুঝা যায়
না—শ্রীবিভানিধির চরিত্র হইতে ইহাই শিক্ষণীয়।

উনত্রিংশ পরিচ্ছেদ গ্রীশ্রীবাদ-মন্দিরে সংকীর্তন-বাদ

শ্রীনবদ্বীপে শ্রীশ্রীবাসভবন শ্রীশ্রীগৌরনিত্যানন্দের সংকীর্তন-প্রচারের প্রধান কেন্দ্র ইইল। এজক 'শ্রীবাস-অঙ্গন' মহাপ্রভূর 'সংকীর্তন-রাসস্তলী' বলিয়া কথিত হয় আশ্রীশ্রীবাস-পূতে এক বংসর ব্যাপিয়া এই সংকীর্তন-রাস ইইয়াছিল। বলিতে কি, এই স্থান ইইতেই ভূবনমঙ্গল সংকীর্তন সমগ্র বিশ্বে বিস্তৃত ইইল।

শ্রীশ্রীবাস পণ্ডিতের শ্রীনিত্যানন্দের প্রতি স্থূদূচ বিশ্বাস দেখিয়া একদিন শ্রীমন্মহাপ্রভূ শ্রীশ্রীবাসকে বসিলেন,—"শ্রীবাস, তুমি আমার একান্ত গুপু সম্পত্তি শ্রীনিত্যানন্দকে যথন বিশেষ-ভাবে চিনিতে পারিয়াছ, তথন গোমাকে একটা বর দিতেছি,—

> বিড়াল-কুকুর-আদি তোমার বাড়ীর। সবার আমাতে ভক্তি হইবেক দ্বির॥

> > —হৈ: ভা: ম: ৮/২১

গাঁহারা শ্রীভগবানেত দেবায় অকপট অনুরাগী, এইরূপ ব্যক্তিগণকে ডাকিয়া তাঁহাদিগের সহিত শ্রীমন্মহাপ্রভূ প্রতিরাতে শ্রীশ্রীবাস-অঙ্গনে শ্রীকৃষ্ণ-সংকীর্তন আরম্ভ করিলেন। কোন-কোন দিন আচার্য শ্রীচন্দ্রশেষরের ভবনেও এইরূপ কীর্জন ইইত।

শ্রীনিত্যানন্দ, শ্রীসারৈত, শ্রীহরিদাস, শ্রীগদাধর, শ্রীশ্রীবাস, শ্রীবিত্যানিধি, শ্রীমুধারিগুগু, শ্রীহিংগা, শ্রীগঙ্গাদাস, শ্রীবনমালী, শ্রীবিজয়, শ্রীনন্দনাচার্য, শ্রীজগদানন্দ, শ্রীবৃদ্দিমন্তর্ধান্, শ্রীনারারণ, প্রীকাশীরর, প্রীবাস্থদেব, প্রীরাম, প্রীগোবিন্দ, প্রীগোবিন্দানন্দ, প্রীগোপীনাথ, প্রীজগদীশ, প্রীশুধর পণ্ডিত, প্রীশ্রীমান, প্রীসদাশিব, প্রীবক্রেশ্বর, প্রীশ্রীগর্ভ, প্রীশুক্লাম্বর, প্রীব্রহ্মানন্দ, প্রীপুরুষোত্তম, প্রীসপ্তয়-প্রভৃতি একপ্রাণ ভক্তগণ প্রীমন্মহাপ্রভৃর সহিত প্রতিরাত্তে প্রীশ্রীবাস-মন্দিরে সংকীর্তন-মৃত্য করিতেন।

অপ্রাকৃত কামদেব শ্রীকৃষ্ণের স্থবিধান করিবার চিন্তা ও আবেশের সহিত সুতাঁত্র বাাকুলতা যখন চিত্তরাজ্যকে অধিকার ক্রে, তখনই স্থদয় হইতে জিহ্বায় শ্রীকৃষ্ণনামের প্লুতধ্বনি বহির্গত হয়। যাহারা নাল্ডিক, যাহারা দেহসর্বস্ব, ইহলোকসর্বস্ব, তাহারা ইহা উপলব্ধি করিতে পারে না। বন্ধ্যা যেরূপ পুত্রস্নেহ উপলব্ধি ক্রিতে পারে না, ইহদর্বস্বাদিগণও তদ্রেপ কৃষ্ণগ্রীতির ক্থা - ফুদয়ঙ্গম করিতে পারে না। ইহাদিগকেই 'পাষ্ডী' বলা হয়। এই পাষ্ট্রী ব্যক্তিগণ মহাপ্রভুর সংকীর্তন-নৃত্যকে নানাচকে দেখিত এবং নানাভাবে সমালোচনা করিত। কতকগুলি লোক বলিত,—"ভক্তগণ অনর্থক চাৎকার করিয়া মরিতেছে।" কেহ বা বলিত,—''ইহারা মতা পান করিয়া অত্যন্ত মাতাল হইয়া প্রলাপ বকিতেছে।" কেহ বা বলিত,—"ইহারা মধুমতাসিদ্ধি-বিভায় পারদর্শী, সেই মন্ত্রের প্রভাবে গোপনে নীতিবিরুদ্ধ-কার্য 'করিতেছে !" যাহুার যেরূপ চিন্ত, সে সেইরূপ ভাবেই মহাপ্রভূ ^ও তাঁহার ভক্তগণের সম্বন্ধে নানারণ কথা বলিত।

পাষণ্ডি-সম্প্রদায় ঐ শ্রাবাসের গৃহে প্রবেশের অধিকার না পাইয়া মহাপ্রভু ও ভক্তগণের সম্বন্ধে নানাপ্রকার কুৎসা রটনা ও তাঁহাদের প্রতি'নানাভাবে ভয় প্রদর্শন করিতে লাগিল। কেই কেহ বলিল,—''শ্ৰীনিমাই পণ্ডিত পূৰ্বে ভাল ছিল, এখন সঙ্গদৌষে অপদার্থ হইয়া পড়িয়াছে, মছপান-ব্যভিচার-প্রভৃতি দোৱে ছফ্ট হইয়াছে।" (?)—এরপ নানাকথা বলিতে লাগিল। কেহ বা বলিল,—"ইহাদের জন্মই দেশে তভিক্ষ ও মনার্ষ্টি হইতেছে এবং দেশের অর্থনৈতিক অবস্তা শোচনীয় হইয়া পড়িয়াছে !" কেহ বা <mark>বলিল,—''ইহার৷ ব্রাহ্মণের ধর্ম ভূলিয়া মূর্য ও ভাবুকের ধর্ম গ্রহণ</mark> করিয়াছে, লোকের জাতি নউ করিয়া দিতেছে, বর্ণাশ্রম-ধর্মে ব্যভিচার আনয়ন করিতেছে!'' কেহ বা বলিল,—"শ্রীবাস পণ্ডিতই <mark>ষত অনর্থের মূল। ই</mark>হার ঘর-হার ভাঙ্গিরা নদীর স্রোতে ফেলিয়া দিয়া ইহাকে আম হইতে তাড়াইতে না পাবিলে আমের মলল নাই। ইহার গৃহে যেরূপ কীর্তন বাড়িয়া উঠিতেছে,ভাহাতে অচিরেই অহিন্দু শাসনকর্তা গ্রামের উপর অভ্যাচার আরম্ভ করিবে।"

শ্রীচৈতত্ত্বের ভক্তগণ বহিম্'খ ব্যক্তিগণের এই-সকল কথার কর্ণপাত না করিয়া শ্রীমন্মহাপ্রভূর সঙ্গে হরি-সংকীর্তনে প্রমন্ত থাকিতেন।

প্রেমকল্পতক মহাপ্রভু বাহজানহান হইরা অনুক্ষণ নৃত্যকীর্তন
করিতেন। তাহার আতি দেখিয়া সকলের হৃদয় বিদীর্ব হইত।
একাদশী-দিবসে প্রভাষ হইতে কীর্তন আরম্ভ হইয়া সর্বরার
কীর্তন হইত। মহাপ্রভুর ক্রন্দন ও ভূমিতে বিলুঠন দর্শন করিয়া
পাষাণ্ড বিগলিত হইত। এই সংকীর্তন-রাস দর্শন করিবার
জ্ঞা—এই ভুবনমঙ্গল শ্রীহ্রিধ্বনি প্রবণ করিবার জ্ঞা অলক্ষ্যে

কোটি-কোটি বৈষ্ণব ও দেবতার্ন্দ উপস্থিত থাকিতেন। গ্রীচৈতন্ত লীলার ব্যাস ঠাকুর শ্রীকৃদাবন এই সংকীর্তন-রাসের বর্ণন-প্রসঙ্গে এইরূপ লিখিয়াছেন-

> হটল পাপিষ্ঠ-জন্ম, তখন না হইল। হেন মহা-মহোৎসব দেখিতে না পাইল॥

> > — চৈ: ভা: ম: ৮/১৯৮

বহিমুখ ব্যক্তিগণ গৃহের অভ্যন্তরে প্রবেশাধিকার না পাইয়া শ্রী শ্রীবাস পণ্ডিতকে অপমান করিবার অনেক প্রকার চেফী। করিত। একদিন 'গোপাল-চাপাল'-নামে এক ব্রাহ্মণ-সন্তান দেবীপূজার উপহার-সহ মগুভাও শ্রীশ্রীবাস-গৃহের রুদ্ধ-দ্বারের বহির্ভাগে রাখিয়া গিয়াছিল। সেই বৈঞ্বাপরাধে কিছুদিনের মধ্যেই ভাহার গলৎকুর্চ-রোগ হইল। অসহনীয়-যন্ত্রণায় কাতর হইয়া দে মহাপ্রভুর কুপা ভিক্ষা করিলেও তাহার অপরাধের গুরুষ ব্ঝিয়া মহাপ্রভূ তৎকালে তাহাকে ক্ষমা করিলেন না। মহাপ্রভূ সন্নাস গ্রহণ করিবার পর নীলাচল হইতে প্রত্যাবর্তন করিয়া যখন 'কুলিয়া'য় অবস্থান করিতেছিলেন, তখন গোপাল-চাপাল মহাপ্রভূর শরণাপন্ন হইলে মহাপ্রভূ তাহাকে শ্রীশ্রীবাস পণ্ডিতের সস্তোষ বিধান করিতে উপদেশ করিলেন। শ্রীঞ্রীবাসের কুপায় গোপালের অপরাধ-ভঞ্জন হইল।

এক ব্রাহ্মণ জ্রীবাদের গৃহে শ্রীমন্মহাপ্রভুর সংকীর্তন দেখিবার জন্য আসিলেন, কিন্তু দার রুদ্ধ থাকায় তিনি গৃহের ভিতরে প্র^{বেশ} করিতে পারিলেন না। ব্রাহ্মণ অভ্যস্ত তুঃখিত হইয়া চলি^{য়া} গেলেন। সেই ব্রাহ্মণ অন্ত একদিন শ্রীমন্মহাপ্রভুকে গলার ঘাটে দেখিতে পাইয়া নিজের উপবীত ছিঁ ড়িয়া মহাপ্রভুকে অভিশাপ দিলেন,—"তোমার সংসারস্থা বিনক্ত হউক।" ইচা শুনিয়া শ্রীমন্মহাপ্রভু অভ্যন্ত উল্লসিত হইলেন; কারণ শ্রীকৃষ্ণের স্থায়-সন্ধান-পর ব্যক্তি সংসার-মুখেব ভক্ত লালায়িত নহেন। শ্রীকৃষ্ণের স্থার-মুখ-চিস্তাই জীবের একমাত্র চরম প্রয়োজন। যে-কোন নিকৃষ্ট ঘোনিতে জন্ম গ্রহণ কবিয়াও ভুচ্ছ ক্ষণিক ও চর্মে অশেষ কন্ট-প্রদার-মুখ পাওয়া যায়।

ত্রিংশ পরিচ্ছেদ

'সাত-প্রহরিয়া ভাব' বা 'মহাপ্রকাশ'

একদিন শ্রীমহাপ্রভূ শ্রীশ্রীবাসের গৃহে শ্রীবিষ্ণু-বিগ্রহের খাটের উপর বসিয়া অন্ত্ত ঐশ্বর্য প্রকাশ করিলেন। শ্রীমহাপ্রভূ একে-একে বিষ্ণুর সকল অবতারের রূপ প্রকাশ করিতে লাগিলেন। এই অন্তৃত ভাব সপ্ত-প্রহর পর্যন্ত প্রকাশিত থাকার ভক্তগণ উহাকে 'সাত-প্রহরিয়া ভাব' বা 'মহাপ্রকাশ' বলেন। ভক্তগণ'পুরুষস্থুক্তে'র * মন্তুসকল পাঠ করিয়া গঙ্গাজলে মহাপ্রভূর অভিবেক

^{* &#}x27;পুরুষস্ক্'—ক্ষেদের প্রসিদ্ধ মন্ত্র।

ও বিবিধ উপচারে পূজা করিয়া ভোগ দিলেন। এই অভিষেক 'রাজরাজেশ্বর অভিষেক' নামে বিখ্যাত হইয়াছে।

শ্রীমন্মহাপ্রভু শ্রীশ্রীধরকে ডাকাইরা আনিলেন এবং দকদের নিকট শ্রীশ্রীধরের মাহাত্ম্য কীর্তন করিতে লাগিলেন। লোকে শ্রীশ্রীধরকে থোড়-মোচা-বিক্রেতা দরিজ-ব্যক্তিমাত্র মনে করিরা তাঁহার মহিমা জানিত না। পকাস্তবে বহির্ম্থ পাষণ্ডী ব্যক্তিগণ শ্রীশ্রীধরকে কত কিছু বলিত,—

> মহাচালা বেটা, ভাতে পেট নাহি ভৱে। ক্ষায় ব্যাকুল হঞা রাত্তি জাগি' মরে॥

> > --- চৈ: ভা: মঃ ১।১৪৮

শ্রীশ্রীধর উপস্থিত হইলে শ্রীমহাপ্রভু শ্রী শ্রীধরের হরিসেবার কথা সকলকে জানাইলেন, শ্রীশ্রীধরও মহাপ্রভুকে স্তব করিলেন। শ্রীমহাপ্রভু শ্রীশ্রীধরকে বলিলেন,—''প্রীধর! তোমাকে আমি অন্টসিদ্ধি-বর দিতেছি।' শ্রীশ্রীধর বলিলেন,—''প্রভো! আমাকে বঞ্চনা করিতেছেন কেন! সসাগরা পৃথিবীর অধিপত্তির নিকট কি কেহ একসৃষ্টি ধূলি প্রার্থনা করে! আমি এ-সমস্ত কিছুই চাহি না, অন্টদিদ্ধি ত' তুচ্ছ, জ্ঞানি-যোগি-ঋষিগণ যে মুক্তির জন্ম আকাজ্যা করেন, তাহাও শ্রীভগবানের সেবার নিকট অতিতৃচ্ছে বস্তা। যে ব্রাহ্মণ প্রভাহ আমার থোড়-কলা-মোচা কাড়িয়া ল'ন, সেই ব্রাহ্মণ জন্ম-জন্ম আমার প্রভু হটন—ইহাই আমার প্রার্থনা, আমি আর কিছুই চাই না।" ব্যাসাবতার শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর শ্রীশ্রীধরের সম্বন্ধে বলিয়াছেন,—

কি কাবৰে বিজ্ঞা, ধন, ক্ৰণ, হৰ, কুৰে।

অহন্তাৰ বাড়ি পৰ পড়ৱে নিষ্ধি।
কলা-মূলা বেডিয়া জীধৰ পাইল বাজা।
কোটিকল্পে কোটাধৰ না দেপিৰে ভাষা।

অহন্তাৰ-দ্ৰোহ-মাত বিষ্ণোতে আছে।

থধংপতি কল তাৰ না জানৱে পাছে।

- (5: 8): T: 4|208.206

শ্রীমন্থাপ্রভ্ শ্রীমূরারিওপ্তকে শ্রীরামচন্দ্র-রপে দর্শন দিয়া কুপা করিলেন এবং সকলের নিকট শ্রীমুরাবির মহিমা প্রকাশ করিয়া বলিলেন,—''একবারও যে ব্যক্তি শ্রীমুরাবির নিন্দা করিবে, কোটি গঙ্গামানেও ভাহার নিস্তার হইবে না. গঙ্গা-হরিনামই ভাহাকে সংহার করিবে।''*

ঠাকুর গ্রীহরিদাসকে ডাকিয়া শ্রীমন্মহাপ্রভু বলিলেন,—

"এই মোর দেহ হৈতে তুনি মোর বড়।

তোমার যে জাতি, সেই জাতি মোর দেয়।"

- 25: 10: 1: 3 · 100

"পাপিষ্ঠ বিধমিগণ তোমার প্রতি যে অত্যাচার করিরাছে, আমি তাহা আমার নিজের শরীরে এহণ করিয়াছি; এই দেখ, আমার শরীরে ভাহার চিহ্ন রহিয়াছে!" শ্রীমন্মহাপ্রভূ তখন শ্রীহরিদাসকে বর প্রদান করিয়া বলিলেন যে, তাঁহার কখনও কোন অপরাধ হইবে না, তিনি ভক্তির স্বাভাবিক অধিকারী। ঠাকুর শ্রীহরিদাসের চরিত্র-দ্বারা শ্রীমন্মহাপ্রভ্ আমাদিগকে শিক্ষা দিয়াছেন.—

^{*} চৈ: জা: ম: ১ - ০০ সংখ্যা দুস্টবা।

জাতি, কুল, ক্রিয়া, ধনে কিছু নাহি করে। প্রেমধন, আতি বিনা না পাই ক্ষেরে॥ যে-তে কুলে বৈক্ষবের জন্ম কেনে নহে। তথাপিও সর্বোত্তম সর্বশান্ত্রে কহে॥

—হৈ: ভা: ম: ১০।৯৯-১০০

শ্রীমন্মহাপ্রভু বখন শ্রীবিষ্ণুখট্টার উপর মহাজ্যোতিঃ প্রকাশ করিয়া উপবিষ্ট ছিলেন, তখন শ্রীনিত্যানন্দপ্রভু মহাপ্রভুর মন্তকের উপর ছত্র ধারণ করিয়াছিলেন। শ্রীগোরহরি শ্রীমদদৈতের দিকে তাকাইয়া হাসিতে হাসিতে শ্রীগীতার একটী প্রোকের প্রকৃত পাঠ ও ভক্তিপর তাৎপর্য জানাইলে আচার্য প্রেমে বিহ্বল হইয়া পড়িলেন। শ্রীশ্রীগোরহরি—শ্রীতাবৈতাচার্য ও

অহনিশ লওয়ার ঠাকুর নিত্যানন্দ।
''বল, ভাই সব—'মোর প্রভু গৌর্চন্দ্র॥"
চৈতন্ত স্মরণ করি' আচার্য-গোসাঞি।
নিরবধি কান্দে, আর কিছু স্থৃতি নাই॥

—চৈ: ভা: ম: ১৽৷১৫৯-১৬৽

শ্রীবিশ্বন্তর ভক্তগণকে তাঁহাদের অভীষ্ট বর প্রার্থনা করিতে বলিলে শ্রীঅবৈতাচার্য বলিলেন,—"প্রভো! মূর্য, নীচ, পতিতকে তুমি অনুগ্রহ কর। আমি এইমাত্র বর প্রার্থনা করি।" শ্রীগোর-হরি "তথান্ত" বলিয়া আচার্যের বাক্যে সম্মতি দিলেন।

একত্রিংশ পরিচেছদ "খড়-জাঠিয়া বেটা"

শ্রীমন্মহাপ্রভুর 'মহাপ্রকাশে'র দিন সকল ভক্তই তাঁহার নিকটে আসিবার অধিকার পাইয়াছিলেন এবং মহাপ্রভুও একে-একে সমবেত ভক্তগণকে কৃপা করিতেছিলেন।

মহাপ্রভুর কীর্তনীয়া শ্রীমুকুন্দ তখন গৃহের অভ্যন্তরস্থ পর্দার বাহিরে দাঁড়াইয়াছিলেন, তিনি মহাপ্রভুর সম্মুখে উপস্থিত হইতে পারিলেন না। গ্রীমৃকুল গ্রীমন্মহাপ্রভূকে প্রতাহ কার্তন শুনাইয়া থাকেন ; আজ সেই এীমুকুন্দের প্রতি মহাপ্রভুর এইরূপ অসম্ভোষ কেন, কেহই বৃঝিতে পারিসেন না। খ্রীপ্রীবাদ পণ্ডিত শ্রীমুকুন্দকে কুপা করিবার জন্ম শ্রীমন্মহাপ্রভূকে প্রার্থন। জানাইলে মহাপ্রভূ বলিলেন,—"আমি উহাকে কুপা করিতে পারি না. মুকুন সমবয়-বাদী—'খড়-জাঠিয়া বেটা'। * যাহারা সকলের ধর্মমতেই 'হাঁ জী', 'হাঁ জী' করিয়। সকল দলে যোগ দেয়, হলাদিনীর বৃত্তি যে অব্যক্তিচারিণী ভগবন্ধক্তি, উহাকেও অক্যান্ত ম:তর স্থায়ই লোক-কল্লিত একটী মভবিশেষ মনে করে: যখন যে সভার যায়, তখন তাহাদেরই মতের অনুরূপ কথা বলিয়া থাকে: সেইরূপ সমবয়-বাদিগণ আমার পা'য়ে এক হাত ও গলায় আর এক হাত দিয়া আমার সহিত কাপটা আচরণ করে।কোন সময় তাহারা লোক-

^{*} খড়-তৃণ; জাঠি-যন্ত বা লাঠি।

দেখান দৈশ্য করিয়া দক্ষে তৃণ ধারণ করে, আবার কোন সময় লাঠি লইয়া আমাকে মারিতে আইসে। যথেচ্ছাচারিত। কখনই উদারতা নহে। ভক্তি ও অভক্তি—মুড়ি ও মিছরিকে একাকার করিলে কেই কখনও ভগবানের কুপা পায় না। যাহারা ভক্তির সহিত অপর সাধনকে সমান জ্ঞান করে, তাহারা আমাকে লাঠি মারে। * তাহারা যদিও সময়-সময় ভক্তির ভান দেখাইয়া পূজা, কীর্তন, পাঠ-প্রভৃতির অভিনয় করিয়া থাকে; তথাপি তাহাদের এরপ কাপটো আমি সন্তন্ত হই না। তাহাদের এ-সকল স্তবস্তুতি আমার অঙ্গে বজ্রাঘাত-তৃল্য বোধ হয়। প্রীমুকুন্দরাম ভক্তসমাজে হরিকীর্তন করে, ভক্তির কথা বলে, আবার মায়াবাদীর নিকট 'যোগবাশিষ্টে'র মায়াবাদ স্বীকার করিয়া থাকে।''

শ্রীমুকুন্দ ঘরের বাহিরে থাকিরাই মহাপ্রভুর এইসকল কথা শুনিতেছিলেন এবং মনে-মনে বিচার করিতেছিলেন যে, যখন শুদ্ধভক্তিদেবার চরণে অপরাধ-বশতঃ তিনি মহাপ্রভুর কুপাবঞ্চিত হুইলেন, তখন তাঁহার অপরাধ্মর-দেহ ত্যাগ করাই সমাচীন।

শ্রীমুক্ল দেহত্যাগের পূর্বে একবার মহাপ্রভুকে একটা শেষ-কথা জিজ্ঞানা করিতে ইচ্ছা করিলেন এবং প্রীক্রীবান পণ্ডিতের দ্বারা মহাপ্রভুর নিকট জিজ্ঞানা করিয়া পাঠাইলেন যে, তিনি কি কোন দিনই মহাপ্রভুর দর্শন পাইবেন না ? শ্রীমুকুল অন্ততাপানলে দগ্ধ হইয়া অনর্গল অশ্রু বর্ষণ করিতে লাগিলেন। শ্রীমুকুলের তুঃধ দেখিয়া ভক্তগণও ক্রন্দন করিতে লাগিলেন।

^{* (5:} 평 : 제: > 1) 나이, > 나라, > 나나-> 하신 |

শ্রীশ্রীবাস পণ্ডিতের প্রশ্নের উত্তরে শ্রামহাপ্রস্থ তাঁহাকে জানাইলেন যে, কোটি জন্ম-পরে মুকুল্দ মহাপ্রস্থান পাইবেন।
শ্রীমুকুল্দ মহাপ্রস্থার এই বাণী শুনিয়া 'পাইব', 'পাইব' বলিয়া পরমানলে মহানুত্য করিতে লাগিলেন। যত বিলয়েই হটক না কেন, কোনও-দিন না, কোনও-দিন ত' শ্রীমহাপ্রস্থার দর্শন-লাভ ঘটিবে, এই আশাবদ্ধাই শ্রীমুকুল্দের হালয়কে উল্লুদ্ধিত করিয়া তুলিল। মায়াবাদিগণ চিদ্বিলাস ঘাঁকার করেনা, এজহা তাহারা কোন দিনই লীলাপুরুষোত্যের নিতাসেবার অধিকারী হয় না—এই অবস্থার অধীন হইতে হইল না, জানিয়াই শ্রীমুকুল্দ আনন্দে এত উল্লুদিত হইলেন।

শ্রীমুকুনের এইরপ উরাসের কথা শুনিরা মহাপ্রভ্ ভক্তগণকে আজ্ঞা করিলেন.—'তোমরা মুকুন্দকে আমার নিকট এখনই লইরা আইন '' এই কথা শুনিরা মুকুন্দ খেন হাতে চাঁদ পাইলেন। শ্রীমুকুন্দ মহাপ্রভ্ বলিলেন.—'মুকুন্দ। তোমার অপরাধ নক্ত হইরাছে, এখন তুমি আমার কুপা গ্রহণ কর। তুমি ধখন 'কোটিজন্ম-পরেও ভক্তি লাভ করিবে।'— এই বাকাকে অবর্থে জানিয়া উন্নসিত হইরাছ, তখন তোমার ফ্রন্থে ঐকান্তিকী ভক্তি বিরাজিতা আছে, ইচা আমি ব্যতি পারিয়াছি। তোমার হাবা লোকশিলার জন্ম আমি এইরূপ আদর্শ দেখাইলাম। তথাকথিত সমব্রবাদিগণ ভক্তির চরণে অপরাধী। তাহাবা প্রচ্ছন্ন নান্তিক,—এই শিক্ষাই তোমার আদর্শের দ্বারা জগতে প্রচার কবিলাম। বস্তুতঃ, তুমি আমার নিত্যদাস;

স্তরাং তোমার হৃদয়ে কখনও চিড্জড়-সমন্বয়বাদের অনর্থ প্রবেশ করিতে পারে না।"

শ্রীমহাপ্রভুর বাক্যে শ্রীমৃকুন্দ অত্যস্ত সঙ্গুচিত হইয়া অধিক-তর দৈক্সভরে বলিতে লাগিলেন,—''আমি সেবা-রহিত মন্দভাগ্য ব্যক্তি। এই জন্মই কায়মনোবাক্যে ভক্তির অসমোধ্ব স্থীকার করি নাই। ভক্তি সুখময় বস্তু; ভক্তিহীন হইয়া তোমাকে দেখিবার অভিনয় করিলেই বা কি সুখ পাইব ? তুর্যোধন শ্রীকৃঞ্জের বিরাট্রূপ দর্শন করিয়াছিল, তথাপি ভক্তির অভাবে কোন সুখ লাভ করিতে পারে নাই এবং ঐ বিশ্বরূপ দর্শন করিয়াও সবংশে নিহ'ত হইরাছিল। গ্রীকুষ্ণ যখন 'রুক্সিনী-হরণে' গমন করেন, তখন শিশুপালের পক্ষীয় বহু নুপতি গরুড়বাহন প্রীকৃষ্ণকে দর্শন করিয়াছিল; তথাপি ভক্তির অভাবে তাহারা আনন্দ লাভ করে নাই। হিরণ্যাক্ষ ও হিরণ্যকশিপু শ্রীবরাহদেব ও শ্রীনৃসিংহদেবের দর্শন লাভ করিয়াও ভক্তির অভাবে তাহারা উল্লসিত হইতে পারে নাই, যজ্ঞপত্নী, পুরনারী, মালাকার-প্রভৃতি সামাগ্র ব্যক্তিগণ্ড ভক্তিযোগ-প্রভাবে শ্রীভগবানের সেবাধিকার লাভ করিয়াছেন। শ্রীভগবানের সেবা-লাভই তাঁহার প্রকৃত দর্শন-লাভ।"

শ্রমুকুন্দের নিরুপাধি ভক্তির প্রতি অনুরাগ দেখিয়া মহাপ্রভু বিশেষ আনন্দিত হইলেন এবং শ্রীমুকুন্দকে বর প্রদান করিয়া বিললেন,—''মুকুন্দ। তোমার ভক্তি আমার অতিশয় প্রিয়য়য়ী। তুমি যেস্থানে কৃষ্ণগুণ গান কর, সেইস্থানেই আমি অবতীর্ণ হই।'' আরও বলিলেন,—

"ভক্তিস্থানে অপরাধ কৈলে, ঘুচে ভক্তি। ভক্তির অভাবে ঘুচে দরশন-শক্তি। ভক্তি বিলাইমু মুই — বলিব তোমারে। আগে প্রেমভক্তি দিল তোর কণ্ঠস্বরে। যেখানে যেখানে হয় মোর অবতার। তথায় গায়ন তুমি হইবে আমার।।"

- JE: BI: E: 3 - 1546 44N 502

এই লীলার দ্বারা খ্রীমন্মহাপ্রভু একটি বিশেষ শিক্ষা দিয়াছেন। অনেক সময়ই অব্যভিচারিণী ভগবহুক্তির অরুশীলনকে সন্ধার্ণ-সাম্প্রদায়িকতা মনে করিয়া লোকপ্রীতি-মর্জনের জন্ম দকল দলের সকল-কথায় 'হাঁ জী', 'হাঁ জী' বলিবার যে প্রবৃত্তি লোক-সমাজে দেখা যায়, উহা উদারতা নহে: উহা কপট ও পরমেশ্রে ঐকাস্থিকী অভাব-জ্ঞাপক। ভগবানে অনুরাগি-জনের চরিত্রে ভগবানের সেবা অর্থাৎ তাঁহার মুখানুসন্ধানের প্রতিই একান্তনিষ্ঠা থাকিবে.—তাহা কল্লিভ নিহা নহে—গোঁড়ামি নহে। গোঁড়ামিতে তবান্ধতা আছে এবং শ্রীহরির প্রতি প্রীতি নাই; আব অব্যত্তি-চারিণী ভক্তিতে তত্ত্ব ও সিদ্ধান্তে সহজ-পারদশিতা এবং যাহাতে যাহাতে ভগবানের ইন্দ্রিয়তৃপ্তি হয়, তদ্ব্যতীত অন্স-বিষয়ের প্রতি সর্বতোভাবে তীব্র-নিরপেক্ষতা আছে। লোকপ্রীতি বা নিক্লেন্স্রিয়-থীতির যুপকারে স্বয়ং ভগবান্ একুক্ষের ইন্দ্রিয়-প্রীভিকে বলি দেওয়া কৰনই উদারতা নংহ,—উহা উচ্ছুঝগতা ও হানতম নান্তিকতা-মাত্র।

দাতিংশ পরিচ্ছেদ

জগাই-মাধাই-উদ্ধার

শ্রীবিশ্বস্তুর শ্রীনবদ্বীপের ঘবে-ঘবে শ্রীকৃঞ্চনাম-প্রচারের জন্ত ঠাকুর শ্রীহরিদাদ ও শ্রীনিত্যানন্দপ্রভুকে নিযুক্ত করিয়াছিলেন। একদিন নিত্যানন্দপ্রভু গৃহে-গৃহে নাম প্রচার করিয়া নিশাকালে -শ্রীমহাপ্রভুর বাড়ীর দিকে ফিরিতেছিলেন, এমন সময় 'দ্বুগাই', 'মাধাই' নামে হুই মাতাল ব্ৰাহ্মণ-সন্তানেৰ সহিত শ্ৰীনিত্যানন্দের সাকাৎকার হইল। ইহারা ন করিয়াছে, জগতে এমন কোন-ত্ত্রপ পাপ অন্তাবধি স্ট হয় নাই। সকল সময়েই মাতালগণের সহিত অবস্থান করায় তাহারা কেবলমাত্র 'বৈফবনিন্দা' করিবার স্থুযোগ পায় নাই। পঙিতপাণন শ্রীমন্ধিত্যানন্দ ও ঠাকুর শ্রীহরিদাস জগাই-মাধাইকে কৃপা করিতে কৃতসক্ষন্ন হইলেন। শ্রীনিত্যানন্দ-প্রভু যেন তাহাদিগকে কুপা করিবার জন্মই সেই নিশাতে নবদ্বীপে বেড়াইতে ছিলেন। জগাই-মাধাই শ্রীনিত্যানন্দপ্রভূকে দেখিতে পাইল। মাধাই 'অবধৃত' নাম শুনিয়াই ক্রোধে ক্রিপ্ত হইয়া 🔊 মিল্লিড্যানন্দপ্রভূর শিরে 'মুটকি' * নিক্ষেপ করিল। জগাই ইহা দেখিয়া মাধাইকে বাধা দিল। মাধাই-কর্তৃক শ্রানিত্যানন্দের শ্রাঅঙ্গে আঘাতের কথা শুনিয়া শ্রামহাপ্রভু সাঙ্গোপাঙ্গা লইয়া

^{*} ভালাহাঁটা।

দেই স্থানে উপস্থিত হুইলেন এবং মহাজোধে মুদর্শন-চক্রকে আহ্বান করিলেন। শ্রীনিত্যানন্তপ্ত শ্রীমহাপ্রভূকে বলিলেন,— ''জগাই আমাকে রকা করিয়াছে, আপনি তাহাকে ক্ষমা করুন।'' শ্রীমন্মহাপ্রভু জগাইর প্রতি প্রসন্ন হইলেন : ইহাতে মাধাইর চিত্তেরও পরিবর্তন হুটল। তখন খ্রীনিত্যানক্ষপ্রভু মাধাইকে কমা করিলেন। তাহারা উভয়েই অত্যন্ত অনুতপু হইল এবং**জীবনে** আর কথনও কোন পাপ-কার্য করিবে না, কেবলমাত্র নিষ্কপট হরিদেবাতেই জীবন যাপন করিবে,—এইরূপ প্রতিজ্ঞা করিল। ইহা দেখিয়া তাহাদের প্রতি শ্রামহাপ্রভ্ এবং ভক্তগণেরও কুপা হইল। আ্লাগোর-নিত্যান্দের কুপায় তুইজন দস্মও তাঁহাদের পাপপ্রবৃত্তি চিরতরে বিদর্জন কবিয়া 'মহাভাগবত' হইলেন। ইহাদের পূর্বচারত্র আরণ কবিয়া কেহ যেন ইহাদিগকে ভবিষ্যুতে অনাদর বা অশ্রুকা না করেন, মহাপ্রভু ভক্তগণকে এইরূপ উপদেশ দিলেন।

ব্রাহ্মণ-কূলীন-প্রধান নদীয়া-নগরে মুসলমানকুলে অবতীর্ণ ঠাকুর শ্রীহরিদাদের ঘাধা নাম-প্রচারের আদর্শ এবং শ্রীনিত্যানন্দ প্রভুর দ্বারা জগাই-মাধাইর উদ্ধার-শ্রীলা প্রকাশ করিয়া মহাপ্রভু জানাইলেন,—বৈজ্ঞবাচার্য প্রাকৃত জাতি-কুলের অন্তর্গত নহেন, তিনি অতিমর্ত্য বস্তু—জগদ্গুরু। তিনি আরও জানাইলেন,— ঘাঁহারা হরিনাম প্রচার করিবেন,হিকেথা কীর্তন করিবেন, তাঁহারা হরিকথা ও হরিনাম-বিতরণের বিনিময়ে কোনপ্রকার অর্থ-স্রব্যাদি গ্রহণ করিবেন না। শ্রীহরিকথাও শ্রীহরিনাম—সাক্ষাৎ শ্রীহরি। শ্রীহরিকে বিক্রেয় করিবার চেন্টার স্থায় অপরাধ আর নাই।
এই লালায় মহাপ্রভুর আরও একটি শিক্ষা এই যে,—সর্বপ্রকার
অপরাধের ক্ষমা আছে, কিন্তু বৈষ্ণবাপরাধ ক্ষমা করিবার সামর্থ্য
স্বয়ং শ্রাভগবানেরও নাই। যে বৈষ্ণবের চরণে অপরাধ হইয়াছে,
তাঁহার নিকট অকপটে ক্ষমা প্রার্থনা করিতে হইবে। বৈষ্ণবাপরাধনির্মৃত্তি ব্যক্তিকেই শ্রীগোরস্থানর কুপা করেন।

মহাপ্রভু যে ক্রোধভরে স্থদর্শনচক্রকে আহ্বান করিয়াছিলেন, তাহারও রহস্ত আছে। ভক্তদ্বেষীর প্রতি ক্রোধ-প্রদর্শনই ক্রোধ-বৃত্তির সদ্ব্যবহার; যেমন—হনুমান রাবণের প্রতি ক্রোধ প্রদর্শন করিয়া জ্রীরামচন্দ্রের সেবা করিয়াছিলেন।

যে ব্যক্তি বা বস্তুর প্রতি যাহাব আসক্তি, সেই ব্যক্তি বা বস্তুর লঙ্গনকারীর প্রতি ক্রোধই স্বাভাবিক ধর্ম। ভগবানের ভক্তের প্রতি আসক্তি বা প্রীতি, আর ভক্তের শ্রীভগবানের প্রতি আসক্তি বা প্রীতি স্বাভাবিক। শ্রীভগবান্কে লঙ্গন করিলে যদি ভক্তের এবং ভক্তকে লঙ্গন করিলে যদি ভগবানের লঙ্গনকারীর প্রতি ক্রোধ উদিত না হয়, নিরপেক্ষতা-মাত্র থাকে, তবে প্রীতির অভাবই প্রমাণিত হয়। প্রেমিক ভক্ত—ভগবদ্বিদ্বেষী, ভক্তবিদ্বেষী ও ভক্তিবিদ্বেবীর প্রতি ক্রোধ প্রকাশ করেন। তাঁহার ক্রোধ সাধারণ প্রাকৃতলোকের ক্রোধের স্থায় জগভ্জপ্রালকর রজস্তমোওণের বৃত্তি নহে, তাহা স্বমঙ্গল-প্রস্থ প্রেমবিশেষ।

কোন কোন মহাভাগবতের ভগবদ্বিদ্বেষীতেও ইফ্টদেবের স্ফৃতি হওয়ায় অনভিনিবেশরূপ উপেক্ষা দেখা যায়। কোন কোন মহাভাগবতের ভগবান্ ও ভক্তবিদ্বেষীতে ইন্টাদেবের ফুতি হওরায় তাহাদিগকে বন্দনা পর্যন্ত করেন। উত্তম মহাভাগবত শ্রীশুকদেব গোস্বামী শ্রীকৃষ্ণবিদ্বেষী কংসকে 'ভোজকুদের কুলাঙ্গার' বিদ্যা ক্রোপ প্রদর্শন করিয়াছিলেন। আবার মহাভাগবতবর শ্রীমহৃদ্ধব ভক্তশ্রেষ্ঠ পাওবগণের বিদ্বেষী গুতরাষ্ট্র ও তর্যোধনকে বন্দনা করিয়াছিলেন। মহাভাগবতের এইরূপ ভগবান ও ভক্ত-বিদ্বেষীর নিন্দন বা বন্দন উভয়ের মধ্যেই ইন্টাদেব-ফুতি হয়। বহিম্প ব্যক্তি এই রহস্ত ব্যিতে না পারিয়া মহাভাগবতের আচরণকে বিস্তৃশ মনে করে।

জগাই-মাধাই প্রীক্রীগোর-নিত্যানন্দের কুপা লাভ করিয়া পূর্বের নানাপ্রকার হৃষ্টের জন্ম নিরম্ভর অনুতাপানলে দক্ষ হইতে থাকিলেন এবং সাধুসঙ্গে ভীব্রভাবে হবিভগ্ন করিতে আরম্ভ করিলেন। তাঁহারা পূর্বের যাবতীয় সঙ্গ ও শ্বৃতি সর্বতোভাবে পরিত্যাগ করিলেন। তাঁহারা প্রতাহ প্রত্যুবে গদামান ও ছই-লক্ষ কৃষ্ণনাম গ্রহণ করিতেন এবং পূর্বের তৃষ্কর্মের জন্ম অনুতপ্ত হইয়া 'খ্রী শ্রীগোর-নিত্যানন্দ'-নাম উচ্চারণ করিতে করিতে ক্রন্দন করিতেন। মাধাই শ্রীনিত্যানকপ্রভূর চরণ ধরিয়া পুনঃ পুনঃ ক্ষমা ভিক্ষা করিতেন। শ্রীনিত্যানন্দের আদেশে মাধাই প্রতিদিন 'কুষ্ণ', 'কুষ্ণ বলিতে বলিতে গঙ্গাঘাটের সেবা, ঘাটে সমাগত বাক্তিগণকে দওবৎপ্রণাম এবং তাঁহাদের নিকট পূর্বকৃত অপরাধের জন্ম ক্ষমা প্রার্থনা করিতে সাগিলেন। কঠোর তপস্থা-প্রভাবে মাধাইর 'ব্রহ্মচারী' খাতি হইল। মাধাই স্বহস্তে কোদালি লইয়া

গঙ্গার ঘাট পরিষ্কার করিতেন। এই ঘাট 'মাধাইর ঘাট' নামে প্রাসিদ্ধ হইল। শ্রীনবদ্দীপ-পরিক্রমার পথে শ্রীমারাপুরে এই 'মাধাইর ঘাট' এখনও দেখা যায়।

ত্ররান্ত্রংশ পরিচ্ছেদ গ্রীগোরাঙ্গের বিভিন্ন-লীলা

[\$]

শ্রীগোরহরি প্রতিরাত্রেই নিজ-ভক্তগণের সহিত নাঞ্জীবাসভবনের দার রুদ্ধ করিয়া সংকীর্তন-নৃত্য করিতেন। একদিন
শ্রীবাস-শাশুড়ী বৃথা কৌতুহলপরায়ণা হইয়া কীর্তনগৃহের এক
কোণে 'ডোলমুড়ি' দিয়া লুকাইয়াছিলেন। লুকাইয়া থাকিলে কি
হইবে, যাহার স্কুর্কৃতি নাই, সেরূপ ব্যক্তি কি অপ্রাকৃত সংকীর্তনরাস নিজের চেম্টায় দেখিতে পারে? সংকীর্তনরাস-নায়ক শ্রীগৌরহরি নাচিতে নাচিতে পুনঃ পুনঃ বলিতে লাগিলেন,—"আজ
আমার উল্লাস হইতেহে না কেন? শ্রীবাস। দেখ, কোন বহিরুদ্ধ
ব্যক্তি কোথাও লুকাইয়া আছে কি না।" সকলেই শ্রীবাস-গৃহের
সমস্ত স্থান পীতি পাঁতি করিয়া অনুসন্ধান করিসেন; শ্রীশ্রীবাস
নিজ্ঞেও সমস্ত ঘর খুঁজিয়া দেখিলেন; কিন্তু কোনও বহিরুদ্ধ লোক

দেখিলেন না। জ্রীগোরহরি ভক্তগণের কথার নৃত্য আরম্ভ করিয়া পুনরার বলিলেন,—''আজ কিছুতেই কার্তান স্থ পাইতেচি না।' তখন ভক্তগণ নিজনিগকেই বহিম্পি ও অপবাধী আশ্লা করিয়া জতান্ত বাথা অনুভব করিলেন। জ্রীক্রীবাদ পণ্ডিত পুনরায় অনুসন্ধান করিয়া দেখিতে পাইলেন, তাঁহার ধান্ডড়ী 'ডোলম্ডি' দিয়া লুকাইয়া আছেন। জ্রীগোরহরির স্থান্তসকানরত ক্ফাবেশে মহামন্ত পণ্ডিত জ্রীক্রীবাদ চুলে ধরিয়া খান্ডড়ীকে ঘরের বাহির করিবার আদেশ দিলেন। তখন জ্রীমন্মহাপ্রভ্র চিত্ত উল্লিশিত হইল এবং তিনি আন্দেদ কর্তিন আরম্ভ করিলেন।

এই লীলাদ্বারা ভক্তবাদ্ধ শিনীবাদ পণ্ডিত শিক্ষা দিলেন ধে,
শ্রীকৃষ্ণসুখানুসন্ধানই জীবের সর্বশিক্ষাদার ও মধাদার শিরোমণি।
বেস্থানে শ্রীশ্রীগোরহরির স্থানুসন্ধান বাধাপ্রাপ্ত হয়, সেস্থানে
লৌকিক-মর্যাদা-সংরক্ষণের ত্র্বলতা বা জড়াসক্তি স্থীকার্য নহে।
তবে, শ্রীশ্রীগোরহরির সুখানুসন্ধানে বাঁহাদের আবেশ হয় নাই,
তাঁহারা কপটভক্তি দেখাইতে নিয়া স্বাভাবিক-প্রীতির আদর্শের
অবৈধ অনুকরণ করিলে 'ইতো ভ্রুইড্ডো নক্ষ্যু' ইইবেন।

[2]

শ্রীগোরহরি যখন প্রাঅহিতাচার্যকে 'লাস' বলিয়া গ্রহণ করিতেন, তখন গ্রাচার্যের বিশেষ প্রীতি হইত, কিন্তু শ্রীগোরহরি আচার্যকে গুরুবৃদ্ধি করিয়া পদযুগল ধারণ করিতে প্রবৃত্ত হইলে শ্রীল স্নাচার্য অভাস্ত ব্যথিত হইতেন। এজন্ম যখন শ্রীশ্রীবিশস্তর প্রেমাবেশে মৃছিত হইয়া পড়িতেন, তখন শ্রীঅবৈতাচার্য শ্রীগোরহরির শ্রীচরণে দণ্ডবৎ-প্রণতি, অশ্রুদ্ধারা পাদ-প্রকালন, পাদরেণ্
শিরে ধারণ ও নানা-উপচারে শ্রীগোরহরির শ্রীচরণ পূজা করিয়া
মনোবাসনা পূরণ করিতেন। একদিন মহাপ্রভু মৃত্য করিতে
করিতে মৃছিত হইলেন; স্থযোগ ব্রিয়া শ্রাতাদ্বিতাচার্য শ্রীগোরহরি
প্ররায় মৃত্য আরম্ভ করিয়া ভক্তগণের নিকট চিত্তের অক্তর্লাসের
কথা জানাইলেন। তখন শ্রীঅবৈতাচার্যপ্রভু ভরে শ্রীমন্মহাপ্রভুর
পদরেণ্ চুরি করিবার কথা স্বীকার করিয়া ক্ষমা-প্রার্থনা করিলেন।
শ্রীগোরহরি শ্রীঅবৈতাচার্যের প্রতি ক্রোধপ্রকাশচ্ছলে শ্রী মবৈতাচার্যের গুণ বর্ণন করিতে লাগিলেন।

[७]

শ্রীনবদ্বীপে শ্রীশুক্লাম্বর ব্রহ্মচারী নামে এক বিষ্ণুভক্ত ব্রাহ্মণ বাস করিতেন। তিনি অহনিশ 'কৃষ্ণ' বলিয়া ক্রন্দন করিতেন এবং ভিক্ষায়ার জীবিকা নির্বাহ করিতেন। লোকে তাঁহাকে ভিখারী বলিয়াই মনে করিত; কিন্তু তাঁহার বৈষ্ণবতা ব্ঝিতে পারিত না। মহাপ্রাভু তাঁহার ঝুলি হইতে ক্ল্দ-কণা-সংযুক্ত চাউল কাড়িয়া খাইতেন। শ্রীভগবান অর্থের বশ নহেন, প্রীতির বশ। দাস্তিক ধনবানের কোন নৈবেত্ত ভগবান গ্রহণ করেন না; কিন্তু-প্রতিমান্ অকিঞ্চনের অতি সমোত্ত উপকরণণ্ড নিজে যাচিয়া গ্রহণ করেন।

একদিন মহাপ্রত্ন শ্রীবিশ্বন্তর শ্রীষ্ট্রাম্বর ব্রলচারীকে বলিলেন,
—"তোমার হস্তপাতিত অন্ন ভোজন করিতে আমার বড়ই ইচ্ছা
হয়। তুমি কিছু ভয় করিও না, আমাকে অন্ন দাও।" ভক্তবংসল
শ্রীগোরস্থলরের এইরূপ পুনঃপুনঃ প্রার্থনায় অভ্যন্ত সঙ্গুচিত হইরা
শ্রীষ্ট্রনাম্বর শ্রীবিশ্বন্তরকে সদৈত্যে বলিলেন,—"আমি একটা
নরাধ্ম, পাপিষ্ঠ, পতিত, ঘৃণিত, ভিক্ক; আর, আপনি সাকাৎ
সনাতন ধর্মস্বরূপ। আমাকে আপনি বঞ্চনা করিবেন না।"

শ্রীমন্মহাপ্রভু বলিলেন,—''আমি তোমাকে বিন্দুমাত্রও বঞ্চনা করিতেছি না। তোমার হস্ত-পাচিত অন্ধ-বাঞ্চন থাইবার আমার বড়ই ইচ্ছা হয়। তুমি সহর বাসায় গিয়া নৈবেল প্রস্তুত কর। আমি অন্ত মধ্যাক্তে নিশ্চই তোমার বাসায় ঘাইব।''

শ্রীশুক্লাম্বর শ্রীমন্মহাপ্রভূর ভক্তগণের নিকট এ-বিষয়ে যুক্তি জিজ্ঞাসা করিলে ভক্তগণ বলিলেন,—''শ্রীভগবান্ ভক্তিবশং তিনি শূজার পুত্র বিহুরের সামান্ত অন্নও মাগিয়া খাইয়াছেন, ইহা তাঁহার প্রেমের স্বভাব।''

শ্রীশুক্লাম্বর স্নান করিয়া অতি সাবধানে সুবাসিত জল চুলায়
চড়াইলেন এবং উহার মধ্যে স্পর্শ না হয়, এইভাবে স্থন্দর গর্ভথোড়ের সহিত উত্তম চাউল ফেলিয়া দিলেন এবং করজোড়ে 'জয়
কৃষ্ণ, গোবিন্দ, গোপাল, বনমালী'—এই-সকল নাম কার্তন করিতে
লাগিলেন। শ্রীলক্ষ্মীদেবীর দৃষ্টিপাতে রন্ধন সমাপ্ত হইল। সেইকালে
শ্রীনিত্যানন্দ-প্রভৃতিকে লইয়া শ্রীবিশ্বস্তর শ্রীশুক্লাম্বের কুটারে
আসিয়া নিজহত্তে অয় গ্রহণ করিয়া বিষ্ণুকে নিবেদন করিলেন

এবং অসংস্পৃষ্টভাবে এরপ অমৃতের ন্যায় অমরন্ধন ও গর্ভথোড়ের স্বাদের প্রশংসা করিতে করিতে ভক্তগণের সহিত শ্রীমহাপ্রভু ভিক্ষুকের ঘরে ভোজন করিলেন এবং তথার মধ্যাক্তে বিশ্রাম করিলেন। তথায় লিপিকর শ্রীবিজয়দাসকে শ্রীমন্মহাপ্রভু নিজ-বৈভব দর্শন করাইলেন।

[8]

শ্রীগোরহরি 'হরেন'মি' শ্লোকের অর্থ ব্যাখ্যা করিয়া শ্রীহরি-নামের দ্বারাই কলিকালে জীবের সর্বসিদ্ধি হয়, অন্য কোন সাধনের প্রয়োজন নাই এবং অন্য সাধনের সহিত হরিনাম-গ্রহণের তুলনা করিলেও অপরাধ হয়, ইহা শিক্ষা দিলেন। কি-ভাবে নাম গ্রহণ করিতে হইবে, তৎসন্বন্ধেও কৃপাপূর্বক শিক্ষা দিরাছেন,—

হরেন্ম হরেন্ম হরেন্ট্রিব কেবলম্।
কলো নাস্তোব নাস্তোব নাস্তোব গাতিরস্থা।।
কলিকালে নামরূপে ক্রফ-অবতার।
নাম হৈতে হয় দর্ব-জগৎ-নিস্তার॥
দার্চ্য লাগি 'হরেন্মি'—উক্তি তিনবার।
জড়লোক ব্যাইতে পুনঃ 'এব'কার॥
'কেবল'-শব্দে পুনরিপ নিশ্চয়-করণ।
জ্ঞান-যোগ-তপ-আদি কর্ম-নিবারণ॥
অন্তথা যে মানে, তার নাহিক নিস্তার।
নাহি, নাহি, নাহি—তিন উক্ত 'এব'-কার॥
তৃণ হৈতে নীচ হঞা সদা ল'বে নাম।
আপনি নিরভিমানী অস্তে দিবে মান॥

তক্ষম সহিষ্ণুতা বৈঞ্চ করিবে। ভৎ দনা, তাড়নে কা'কে কিছু ন: বলিবে ॥ কাটিলেহ তরু যেন কিছু না বোল্য। শুকাইয়া মৰে, তৰ জল না মাগ্য :: এইমত বৈধ্বৰ কা'ৱে কিছু ন। মাণিৱে। অযাচিত-বৃত্তি, কিখা শাক কল খা'বে। সদা নাম ল'বে, যথা-লাভেতে স্ফোর। এইমত আচার করে' ভত্তিধর্ম পোষ ।।

कि: ह: खो: ३११२३-७-

[0]

একদিন নিশাকালে মহাপ্রভু সংকীর্তন-নৃত্য সমাপ্ত করিয়াছেন, এমন সময় এক আক্ষণী আসিয়া মহাপ্রভুর চরণ হইতে পুন:পুন: ধূলি লইতে লাগিলেন। ইহা দেখিয়া শ্রীমন্মহাপ্রভু অভাস্ত ব্যবিত হইলেন এবং সেই মুহূর্তে স্বেগে ছুটিয়া গ**ন্ধায় ঝাঁপ দিলেন**। শ্রীনিত্যানন্দ ও শ্রীহরিদাস শ্রীমন্মহাপ্রভুকে ধরিরা গঙ্গা হইতে উঠাইলেন। সেই রাত্রিভে মহাপ্রভু বিজয় আচার্যের গৃহে রহিলেন; প্রতিকালে ভক্তগণ মহাপ্রভুকে ঘরে লইয়া আসিলেন।

তখনও শ্রীমন্হাপ্রভু সর্নাস-গ্রহণ-লীলা প্রকাশ করেন নাই, তাঁহার গাহ'ন্য-লীলাকালেই এই ঘটনা ঘটিরাছিল। যে-সকল সাধক জীব, গৃহী বা সন্মাসী গুরু গোস্বামীর বেশে স্ত্রীলোকের ঘারা পদসেবা, পদস্পর্শ-প্রভৃতি কার্য করাইয়া থাকেন বা উহাতে প্রশ্রেষ দান করেন, তাঁহাদিগকে সাবধান করিবার জন্মই ভগবান্ শ্রীগৌরস্থন্দর এই আদর্শ স্থাপন করিয়াছিলেন। গৃহস্থ-ব্যক্তিও

চরণধুলি-দান-প্রভৃতির ছলে পরন্ত্রী স্পর্শ করিবেন না। ছোট হরিদাসের দণ্ড-দীলাদ্বারা মহাপ্রভু জ্ঞানমিশ্র সাধক সন্ধ্যাসি-গণের আচার শিক্ষা দিয়াছিলেন।

[, &]

শ্রীপ্রাবাসের গৃহের নিকটবর্তী কোন মুসলমান দজি শ্রীবাসের জামা সেলাই করিতেন। দজি শ্রন্ধার সহিত শ্রীমন্মহাপ্রভূর নৃত্য দেখিয়া মুগ্ধ হইলে, মহাপ্রভূ সেই ভাগ্যবান্ দজিকে নিজরপ প্রদর্শন করিলেন। সেই দজি তখন হইতে ''আমি কি দেখিমু! 'আমি কি দেখিমু!'—এইরূপ বলিতে বলিতে প্রেমে পাগল হইয়া আনন্দভরে নাচিতে লাগিলেন।

[9]

একদিন মহাপ্রভু ভক্তগণের নিকট শ্রীনামের মাহাত্ম্য বর্ণন করিতেছিলেন। তাহা শুনিরা কোন ছাত্রবলিয়া উঠিল,—''নামের আবার এত মহিমা কি! ইহা কেবল নামকে বড় করিবার জন্য অতিস্তৃতি! একনামেই সর্বসিদ্ধি হইবে, আর কিছুতেই হইবে না, —এইপ্রকার সাম্প্রদায়িকতা ও গোড়ামি পণ্ডিতসমাজে চলিবে না।' নামের অতুলনীয় মাহাত্মকে অতিস্তৃতি মনে করা শ্রীনামে 'অর্থবাদ'-রূপ 'নামাপরাধ,' ইহাই সৎশাস্ত্রের সিদ্ধান্ত। তাই শাস্ত্রের সম্মান-রক্ষাকারী মহাপ্রভু সেই নামাপরাধী ছাত্রের মুধ্ব দর্শন করিতে সকলকে নিষেধ করিয়া ভক্তগণের সহিত তৎক্ষণাৎ সচেল * গঙ্গান্ধান করিলেন।

চল—বস্ত : 'সচেল'-অর্থে—পরিহিত ব্যথ্র সহিত।

[6]

একদিন মহাপ্রভূ বাড়ী হইতে অনেক দূরে আদিয়া সংকী র্তন করিতেছিলেন, সেই সময় অত্যন্ত মেঘাড়দর হইল, প্রভূ মেঘক দূর হইবার জন্য আজ্ঞা করিলেন। মেষ তৎক্রণাৎ সরিয়া গেল। এইজন্য ঐ গলাচরা-ভূমিকে লোকে 'মেঘের চর' বলিত। একদিন শ্রীমনাহাপ্রভু শ্রীবলদেবের আবেশে যম্নাক্ষণলীলা প্রকাশ করিয়া 'মধু আন,' 'মধু আন' বলিতে লাগিলেন। সেই সময় শ্রীচন্দ্রশেখর আচার্য, শ্রীবলমালী আচার্য-প্রভৃতি ভক্তগণ প্রভূর হন্তে স্বর্ণম্বল দর্শন করিয়াছিলেন।

চতুস্ত্রিংশ পরিচ্ছেদ

আয়-মহেংসব

একদিন শ্রীমনাহাপ্রভু ভক্তগণকে সঙ্গে লইয়া নগর-সংকীর্তন করিতে করিতে পরিপ্রান্ত হইয়াছিলেন। মধ্যাক্ষকালে ভক্তগণ প্রান্ত ও ক্ষধার্ত হইয়াছেন দেখিয়া ভক্তৎসল প্রীগৌরস্কর ভক্তের সেধার জন্য একটি ঐশ্বন প্রকাশ করিলেন।

সপার্বদ মহাপ্রভূ বেই স্থানে আসিয়া উপদ্বিত হইয়াছিলেন, সেই স্থানের এক ভক্তের অসনেই মহাপ্রভূ বিশ্রাম করিলেন এবং তথায় একটি আফ্রবীজ রোপণ করিলেন। কি আশ্বর্ব ! দেখিতে দেখিতে এক মৃত্রুতি তথায় একটি আত্রক উৎপন্ন হইয়া বাড়িতে লাগিল এবং দেই বৃক্ষে অসংখ্য পক-আত্র ফলিতে লাগিল।
মহাপ্রভু অবিলম্বে দেই বৃক্ষ হইতে তুইশত আত্র-ফল সংগ্রহ
করাইয়া লইলেন, উহাদিগকে জলে ধৌত করিয়া কৃষ্ণের ভোগে
লাগাইলেন এবং তৎপরে ভক্তগণ দেই আত্র-প্রসাদ সম্মান
করিলেন। এরপ অপূর্ব আত্র কেহ কখনও দেখেন নাই। আত্রের
অষ্টি ও বন্ধল নাই, উহা স্থানর পীত ও রক্তবর্ণ। এক একটি আত্র
ভোজন করিলেই এক-এক জনের উদর-পূতি ও পরিতৃষ্টি হয়।

বৈষ্ণবৰ্গণ আদ্রফল ভোজন করিয়া তৃপ্ত ইইয়াছেন দেখিয়া
মহাপ্রভু অত্যন্ত উন্নসিত ইইলেন। মহাপ্রভু সেই স্থানে এইরূপ
ঐশ্বর্থ প্রকাশ করিলেন যে, সেই ভক্তের অন্ধনে বারমাসই এরূপ
আদ্র-ফল ফলিতে থাকিল এবং মহাপ্রভুত্ত নগর-সংকীর্তনের পর
প্রতাহ সেই স্থানে আসিয়া ভক্তগণের সহিত ঐরূপ আদ্রমহোৎসব করিতে লাগিলেন।

যেইস্থানে মহাপ্রভুর এই আত্র-মহোৎসব হইয়াছিল, সেইস্থান অস্তাবধি 'আত্রঘট্ট' বা 'আমঘাটা' নামে প্রাসিদ্ধ হইয়াছে। নবদ্বীপ-ঘাট ফৌসন হইতে কৃষ্ণনগর যাইতে যে লাইট ্রেলওয়ে আছে, তথায় 'মহেশগঞ্জ' ফৌসনের পরেই এই 'আমঘাটা'-ফৌসন।

শ্রীমুরারিগুপ্তের নামে আরোপিত কড়চায় আত্রবৃক্ষ-রোপণ ও ফলধারণের বিবরণ এইরূপ বর্ণিত হইয়াছে,—

একদিন শ্রীবিশ্বস্তর ভক্তগণকে ডাকিয়া বলিলেন,—''তোমরা আমার নটরঙ্গ দেখ! এই দেখ—আমি এই অন্তুত বীজকে রোপণ করিতেছি।এই দেখ, নিমিষ-মধ্যেই ইহা হইতে অঙ্কুরোদগম হইয়া এখনই বৃক্ষরূপে পরিণত হইল ! এই দেখ, ইহাতে পূপারাশি প্রাকৃতিত হইল—দেখ, দেখ, ফল ধরিল । এই দেখ, ফল পরিপক হইল—এই দেখ, ফল সংগ্রহ করিলাম । এই দেখ, এখন ফলও নাই, বৃক্ষও নাই—এই সবই মায়াঘারা রিচিত হইয়াছিল । প্রাস্তরে এই সব ঐল্রজালিক কার্য আর কিছুই রহিল না । এই ভাবে মায়াকৃত সকল কর্ম অনুর্থক হইলেও শ্রীভগবানের দেবার উদ্দেশ্যে অনুষ্ঠান করিলে তাহা হইতে বিপুল লাভ হয় । পরমেশরের জন্ম যে কার্যই করা হউক্ না কেন, তৎসমুদ্রই সার্থক হইয়া থাকে।''*

শ্রীকবিকর্ণপূরের 'শ্রীচৈতত্যচিতি চায়ত-মহাকাবো'ও শ্রীমন্মহাপ্র প্রভুর ইচ্ছান্ত এইরূপ—ভূমিতে আম্রবীজ-রোপণ, তদ্কৃক্ষ-শাখা-ফলের আবির্ভাব ও তৎপরেই সকলের অন্তর্ধান এবং তৎপ্রদক্ষে শ্রীমন্মহাপ্রভুর ভক্তগণকে শিক্ষাদান-লীলা দৃষ্ট হয়।

এবং হি বিশ্বমথিলং বিতথং যদেতনিপাপতে সতত্যীখনসেবনার।
তং সার্থকং ভবতি সমাগসতামেতং
সতাং ভবেদ্ ছচি যন্ত্রিনিং কচি জাং।।
তত্মাজ্জনৈঃ সকলমেব পরেশ্বরশ্ব সেবার্থমণানুত্রেতিলিহাবচেয়ম্।
সংসার এম ন হি তক্স ভবেছিরোধী
সেবাপরস্ত ন হি বাধাত এব কৈশ্চিং।।

--তৈ: হ: ম: ভাতত-তভ

^{*} শ্ৰী শীকৃষ্টত ভদ্ধত বিভাস্তম্ (২।৪।১-১১) শীনবদ্ধীপ শ্ৰী হরিবোল-কুটীধ-নিবাদী শ্ৰীপাদ হরিদাদশান বাবাজী-সহাশ্যের বস্থাস্থাদ।

এই নিখিল অনিত্য বিশ্ব যদি নিরন্তর পরমেশ্রের স্থান্থ-সন্ধানের জন্ম হয়, তাহা হইলে এই অসত্য সংসারও সমাগ্রূপে সার্থক হয়, যেহেতু পরমেশ্রের অপিত হইলে অপবিত্র বস্তুও পবিত্র হইয়া যায়, অতএব এই পৃথিবীতে মন্য্য যদি সমস্ত অনিত্য বস্তুও পরমেশ্রের সেবার নিমিত্তই আহরণ করে, তাহা হইলে এই সংসার তাহার আর বিরোধী হয় না। হরিসেবানিরত ব্যক্তিকে কেহই বাধা দিতে পারে না।

প্রীল কবিরাজ গোস্বামি-প্রভু এই লীলাটীতে শ্রীগোরহরির কুপার ভক্তগণের আদ্র-সেবন ও বারমাস কীর্তনাবসানে এইরপ আদ্র-মহোৎসবের অনুষ্ঠানের কথা স্বীয়গ্রন্থে জ্ঞাপন করিয়াছেন। মার, শ্রীকবিকর্ণপ্রাদি লীলালেথকগণ ইহা শ্রীমন্মহাপ্রভুর মায়াদারা রচিত ভক্তগণকে শিক্ষা দিবার জন্ম সাময়িক-লীলাবিশেষ বলিয়া বর্ণন করিয়াছেন। বস্তুতঃ, পরমেশ্বর বা ভদীয়জনের সেবার উদ্দেশ্যে কৃত অনিত্য ব্যাপারও নিতাসার্থকতায় পর্যবসিত হয়্ম এই চরম-শিক্ষাটী লইয়া শ্রীমন্মহাপ্রভুর পক্ষে নিতা আদ্র-মহোৎস্ব-লীলা-প্রকটন ও ভিন্ন-লীলা-প্রকাশন কিছু আশ্বর্ধ নহে। অনুষ্ঠিত বার্থ্য দুপ্ত দ্রুটার মূর্খতা-বাতীত আর কিছুই নহে। অবিচিন্তা সর্বশক্তিশ মানু ঈশ্বরের সকলই সম্ভব।

'আমঘাটা'-ফৌসনের সন্নিকটে 'স্থবর্ণবিহার' নামক, মহাপ্রভুর পাদ-পদ্মান্ধিত সংকীর্তন-স্থান অগ্রাপি দৃষ্ট হয়। এই 'স্থবর্ণবিহার' অতি প্রাচীনকালে 'গৌড়রাজেন্দ্রপুর' নামে গৌড়দেশের রাজধানী ছিল। যখন বৌদ্ধর্ম বিপুল প্রসার লাভ করে, তখন এই স্থানের নাম 'স্তবৰ্ণবিহার' হয়। এই স্থান হ'ইতে মালদহ জেলার নিকটবর্তী 'কর্ণ-সুবর্ণ' ও ঢাকা ভেলার 'স্তবর্ণ-গ্রাম' (দোণারগাঁ) ত্রিকোণাব স্থিত ভূখণ্ড গৌড়ের প্রাদেশিক রাজধানী বলিয়া মাধ্যমিক যুগে বর্ণিত হইয়াছে। স্তবর্ণবিহারে কিছুদিন পালরাজগণ বাস করেন। বর্তমানকালে উহা মৃত্তিকাভাস্তরে অবস্থিত। ইংগ শ্রীমায়াপুরের পূর্বদক্ষিণ-কোণে 'জলাঞ্চী' নদীর অপরপারে অবস্থিত। 'আতোপুর' বা 'অন্তর্নীপের মাঠ' হইতে ঐ স্থানের উচ্চভূমি অভাপি দৃত্ত হয়। ন্ত্রীন্ত্রীনিবাস-প্রভুকে শ্রীন্টশান ঠাকুর আতোপুরের মাঠ হইতে স্ত্ৰপ্ৰিহার দেখাইয়াছিলেন সভাযুগে 'জীসুবৰ্ণদেন' নামে এক বিশেষ প্রতিষ্ঠাশালী নূপতি ছিলেন। তিনি অতি বৃদ্ধকাল পর্যস্ত স্তথে সাম্রাজ্য-সিংহাসন ভোগ করিয়াছিলেন। পূর্বজন্মাঞ্চিত কোন বিশেষ-শুকুতির ফলে বৈফ্বল্রেষ্ঠ শ্রীনারদ স্তবর্ণদেনের প্রাসাদে আসিয়া উপস্থিত হ'ন। মহারাজ স্তবর্ণ,সন বিষয়ী হইলেও অতিধি-সেবা ও বৈষ্ণব সেবাপরায়ণ ছিলেন। তিনি দেববি শ্রীনারদকে অতীব আদরের সহিত পূজা করিলেন। শ্রীনারদমূনি মহারাজকে কুপাপুর্বক যে-সকল ত্রোপদেশ প্রদান করিয়াছিলেন, তাহাতে রাজার মনে বৈরাগোর উদয় হইল। তিনি জীনারদের কৃপায় জানিতে পারিলেন, যেই স্থানে তিনি বাস করিতেছেন, সেই স্থান 'শ্রীনবদ্বীপ-মণ্ডলে'র অন্তর্গত। কলিকালে এই স্থানেই স্তবর্ণবর্ণ শ্রীগৌরহরি সপার্যদ অবতীর্ণ ইইয়া তাঁহার অভূতপূর্ব উদার্যনীলা প্রকাশ করিবেন। শ্রীনারদমূনি 'শ্রীগোর'-নামের মাহান্যা কীর্তন

করিয়া বীণা-যন্তে শ্রীগোরনাম কীর্তন করিতে করিতে প্রেমে বিহ্বল হইয়া বলিতে লাগিলেন,—"কৰে সেই ধন্য কলি আগমন করিবে, যে-দিন শ্রীগোরহরি সপার্ষদ অবতীর্ণ হইয়া বিশ্বময় প্রেমের বক্যা ছটাইবেন।" অতঃপর শ্রীনারদ অগুত্র চলিয়া গেলেন। শ্রীনারদ-মুখনি:স্ত গৌরনাম শ্রবণ করিয়া রাজার বিষয়বাসনার বীজ নিমূল হইল। তিনি প্রেমে 'হা গৌরাক।' বলিয়া নাচিতে লাগিলেন। তাঁহার হৃদয়ে দৈন্তের উদ্রেক হইল। একদিন মহারাজ স্থবর্ণদেন নিদ্রাযোগে দেখিতে পাইলেন, শ্রীগৌর গদাধর সপার্ঘদ মহারাজের অঙ্গনে 'হরে, কৃষ্ণ' বলিয়া নৃত্য করিতেছেন, আর সকলকে সপ্রেম আলিপনদারা কুতার্থ করিতেছেন। মহারাজ আরও দেখিলেন, শ্রীগৌরহরি যেন একটা সাক্ষাং স্কুবর্ণের পুত্রলি : উপনিষত্ত্ত "যদা পশ্য: পশ্যতে রুক্সবর্ণং কর্তারমীশং পুরুষং ব্রুষ-যোনিম্।" (মুণ্ডকোপনিষৎ ৩।৩)। রুক্সবর্ণ—সোণার রং, অনপিতচর —যাহা পূর্বে কদাপি প্রদত্ত হয় নাই। সেই রুক্সবর্ণ পুরুষ অনপিত-চর প্রেম-প্রদানের জন্ম পদরা লইয়া ঘুরিয়া বেড়াইতেছেন। ইংা দেখিতে দেখিতে নৃপতির নিম্রা ভাঙ্গিয়া গেল। নিম্রাভঙ্গে অতান্ত বিরহকাতর হইয়া তিনি 'গৌর!' 'গৌর!' বলিয়া ক্রন্দন করিতে লাগিলেন। এমন সময়ে দৈববাণী হইল,—"হে মহারাজ, আপনি আশ্বন্ত হউন, শ্রীগৌরহরি যথন কলিকালে শ্রীনবদ্বীপ-মণ্ডলে অবতীর্ণ হইবেন. তখন আপনি 'বৃদ্ধিমন্ত খান্' নামে পরিচিত হইয়া তাঁহার শ্রীচরণ-সেবায় অধিকার পাইবেন।"

পঞ্চত্রিংশ পরিচ্ছেদ গ্রীবৃদ্ধিমন্ত খান্

'শ্রীচৈততাচরিতায়তে' শ্রীল ক্ষণাস কবিরাজ-গোসামি-প্রভূ লিথিয়াছেন,—

> শ্রীচৈতন্ত্রের অতি প্রিয় বৃদ্ধিমন্ত খান্। আজন্ম আজাকারী তেঁছে: সেবত-প্রধান ॥

> > च देह: ह: खं: ३०।१8

শ্রীবৃদ্ধিমন্ত খান্—মহাপ্রভুর প্রতিবেশী ও একান্ত অনুগত ধনবান্ ব্রাহ্মণ-ভক্ত। মহাপ্রভু যখন নবদ্বীপে অধ্যাপকের লীলা প্রকাশ করিতেছিলেন, সেই সময় প্রভু একদিন বায়ুব্যাধিচ্ছলে অপূর্ব-প্রেমভক্তির বিকারসমূহ প্রদর্শন করেন; ইহা পাঠকগণ পূর্বেই পাঠ করিয়াছেন। সেই সময়ে শ্রীবৃদ্ধিমন্ত খান্ অত্যন্ত বংসলরস-মুগ্ধ হইয়া শ্রীনিমাই পণ্ডিভের বায়ুব্যাধির চিকিৎসা করাইরাছিলেন।

শ্রীনিমাই পণ্ডিত যখন শ্রীবিষ্ণুপ্রিয়া দেবীকে বিবাহ করেন, তখন এই শ্রীবৃদ্ধিমন্ত খান্ই বরপক্ষের যাবতীয় বায়ভার বহন করিয়াছিলেন। শ্রীবৃদ্ধিমন্ত খান্ অতি উৎসাহভরে বলিয়াছিলেন,—

এ-বিবাহ পণ্ডিভের করাইব হেন। রাজকুমারের মত লোকে দেবে ভেন ।

—क्रि: जा: आ: ३०।१२

পৃথিবীর লোক, অধিক কি, সমসাময়িক নবন্ধীপের অধিবাসি-গণ নিচ্ছের পুজ্র-কক্সার বিবাহে, সৌধিন ধনাঢাগণ কুকুর-বিড়াসের বিবাহে কত অর্থ বায় করিয়া নিজেদের ইন্দ্রিয়তৃথ্যি করিত; কিন্তু শ্রীবৃদ্ধিমন্ত খান্ সত্যা-সত্যই এইরপ বৃদ্ধিমান্ ছিলেন যে, তিনি একমাত্র নিতাসেব্য শ্রীগোর-নারায়ণের বিবাহে তাঁহার সমস্ত ধন নিয়োগ করিয়াছিলেন; ইহাই বৈক্ষব-মহাজনের ভাষার— কনকের দ্বারা মাধবের সেবা'।*

নবদ্বীপ-লীলায় শ্রীবৃদ্ধিমন্ত খান্ অর্থের দ্বারা শ্রীলক্ষ্মীপতি শ্রীগোরহরি সেবা করিয়াছেন। যখন শ্রীচন্দ্রশেখর-গৃহে মহাপ্রভু পারমার্থিক নাট্যমঞ্চের উদ্বোধন করেন, তখনও বৃদ্ধিমন্ত খান্ সেই অভিনয়ের যাবতীয় বস্ত্র ও ভূষণাদি সংগ্রহ করাইয়াছিলেন।

"মলবে ধম কাম থানাচরন্মনপাশ্রঃ।
লভতে নিশ্চলাং ভক্তিং ম্যুদ্ধন স্নাত্রে ।"—ভা: ১১।১১।২৪

"ঘশ্চাণে: ধনসংগ্রন্তমণি মনথে মণ্ডেনবামাত্রোপ্যোতি ছেনৈবাচরন্ সেবামানে।
মদপাশ্র আশ্রান্তরশৃন্তচেতাশ্চ সন্ তামের কথা শ্রবণাদিলক্ষণাং ভক্তিং মহি নিশ্বলাং
সাক্ষাবাভিচারিণাং অব্যবহিতাং আহৈত্কীং লভতে, ওৎস্থেন কৈবলা দাবপানাদরং।
ন চ ভল্নীরসা চলত্যা বা সা চলিক্তীতি মন্তবামিতা হি— স্নাতনে উতি।"

— ভ: স: ৭২ অমুচ্চেই

আমার ঝীতির উচ্চেদে একমাত্র আমার আশ্রিত চইয়া পুণাকম, বিষয়তে। প এবং অধান্ধনি করিতে থাকিলেও তে উদ্ধব ! সমাতন-ভল্লীয় আমাতে সংধা আহতুকী ও অধাৰ্থিত। এবণ-কাত্রিদিশ্বী ভক্তি লাভ করেন।

ধনসংগ্রহরপ মে এগাঁ, ভাষাও কেবলমাত আমার সেবার উপযোগিরপে আমার উদ্দেশ্যেই আচরণ করিতে করিতে (ছলনকার: বাজি) সদাতত এইলা, আমা-বাহীত অপর সকলেরই আত্য পরিভাগে করিলা, অবশেষে , আমাতে আা ত্রণাদি-লগণ্যনী, নিশ্চলা ও সর্বল্ অব্ভিচারিণী ভক্তি লাভ করেন; তথন তাদুশ ভক্তিম্ব লাভি করিয়া কৈবলাটি মুক্তিতেও আমার শুছভক্তের অনাদর হয়। ভল্লনীয়বক্তকে অনিতাশ বোধে ভত্তিকে অনিতা। মনে করিতে এইবে না। এজন্তই স্নাত্ন'-শ্বের প্রয়োগ।

যট ত্রিংশ পরিচেছদ গ্রীচন্দ্রশেষর ভবনে নাট্যাভিনয়

আচার্বরত্ব প্রীচন্দ্রশেষর প্রীগটে আবিভৃতি হইয়াছিলেন। ইনিও শ্রীজগন্ধাথ মিশ্রের ন্থার শ্রীনবরীশ-মায়াপুরে আসিয়া বাস করেন। ইনি নবনিধির অন্যতম বলিয়া 'আচার্যরত্ব-নামে খাতে। ই হার গৃহে সময় সময় মহাপ্রভুর সংকার্তন-বিলাস হইত। শ্রীচন্দ্র-শেখরের গৃহে মহাপ্রভু কুফলালা-নাট্যাভিনয়ের প্রথম প্রবর্তন বা পত্তন করিয়াছিলেন বলিয়া ঐস্থান 'ব্রজপত্তন' নামে প্রসিক।

একদিন মহাপ্রভু ভক্তগণের নিকট হরিলীলা-নাটক অভিনয় করিবার অভিপ্রায় প্রকাশ করিয়া শ্রীনবদ্ধীপের ধনাতা ভক্তবর শ্রীপদাশিব ও শ্রীবৃদ্ধিয়ন্ত গান্কেশন্তা, কাঁচুলি, পট্রপাড়ী, অসন্ধার প্রভৃতি সামগ্রী সংগ্রহ করিতে বলিলেন। শ্রীগদাধর—শ্রীকৃদ্ধিনী, শ্রীত্রনানন্দ—শ্রীকৃদ্ধিনীর বৃড়ী সখী, শ্রীনিত্যানন্দ—শ্রীকৃদ্ধিনীর বৃড়ী সখী, শ্রীনিত্যানন্দ—শ্রীকৃদ্ধিনীর বৃড়ী সখী, শ্রীনিত্যানন্দ—শ্রীকৃদ্ধিনীয়া, ঠাকুর শ্রীকৃদ্ধিনীয়ান কোতোয়াল, শ্রীশ্রীবাস—শ্রীনারদ ও শ্রীশ্রীরাম পণ্ডিত—স্নাতকের বেশে অভিনর করিবেন, মহাপ্রভূ ইহা নির্দ্ধেশ করিয়া দিলেন; আর মহাপ্রভূ স্বয়ং শ্রীকৃদ্ধীর বেশ গ্রহণ করিয়া নৃত্য করিবেন এবং ঘাঁহারা প্রকৃত দ্বিভেন্দ্রিয়, তাঁহারাই সেই নৃত্য-দর্শনে অধিকারী হইবেন; ইহা জানাইয়া দিলেন।

প্রস্কৃতি-স্বরূপা নৃত্য হইবে আমার। দেখিতে যে জিতেন্দ্রিয়, তা'ব অধিকার দ

দেই দে যাইবে আজি বাড়ীর ভিতরে। যেই জন ইন্দ্রিয় ধরিতে শক্তি ধরে।

— (P: 윤l: 최: 기타기가 기기

শ্রীমন্মহাপ্রভুর বাক্য শ্রবণ করিয়া সর্বাগ্রেই শ্রীমনৈবার্টার-প্রভু লোকশিক্ষার নিমিত্ত দৈন্সভরে বলিলেন,—''এই নৃত্য-দর্শনে আমার বিন্দুমাত্র অধিকার হইবে না। কারণ, আমি অজিতেন্দ্রিয়া' শ্রীশ্রীবাস পণ্ডিত বলিলেন,—''আমারও সেই কথা।'' ই হাদের বাক্য শ্রবণ করিয়া শ্রীমন্মহাপ্রভু বলিলেন,—''তোমরা ইহাতে যোগদান না করিলে কাঁহাদিগকে লইয়া আমার অভিনয় হইবে?' সকল বৈষ্ণবের দিকে দৃষ্টি নিক্ষেপ করিয়া শ্রীমন্মহাপ্রভু বলিলেন,—''কাহারও কোন চিন্তা নাই। তোমরা সকলেই মহাযোগেশর হইতে পারিবে, কেহই আমাকে দেখিয়া মুগ্ধ হইবে না, আমি এই আশাস প্রদান করিতেছি।''

শ্রীগোরস্থন্দরের এই শ্রীকৃষ্ণদীলাভিনয় দর্শন করিবার জন্য শ্রীনবদ্বীপবাদী আবাল-বৃদ্ধ বনিতা শ্রেদ্ধাবান্ সকলেই শ্রীচন্দ্র-শেখর ভবনে উপস্থিত হইলেন। শ্রীণচীমাতার সহিত শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী ও বৈষ্ণববর্গের পরিবার অভিনয় দর্শন করিবার জন্ম শ্রীচন্দ্রশেখরের ভবনে সমবেত হইলেন। মহাপ্রভুর ইচ্ছানুসারে শ্রীঅধ্বৈতাচার্য মহা বিদূষকের ন্যায় নানাভাবে নৃত্য করিতে লাগিলেন। 'রাম কৃষ্ণ, বল, হরি গোপাল গোবিন্দ!'—এই বলিয়া শ্রীমুকুন্দ কীর্তনের শুভারম্ভ করিলেন। ঠাকুর শ্রীহরিদাস বৈকুর্থের কোতোয়ালের বেশে হস্তে দণ্ড-ধারণপূর্বক সকলকে সতর্ক করিয়া

দিলেন, "সাধু সাবধান! আজ জগতের জীবাতু মহালক্ষীর বেশে নৃত্য করিবেন। তোমরা সকলে কৃষ্ণভুজন কর, কৃষ্ণসেবা কর, আর কৃঞ্চনাম কীর্তন কর।" শ্রীহ্রিদাসকে দেখিয়া অভাত্ত অভিনয়কারী ব্যক্তিগণ জিজ্ঞাদা করিলেন,—"ভূমি কে ! এই স্থানেই বা কেন আসিয়াছ ?" গ্রীহরিদাস বলিলেন,—'আমি বৈকুপ্তের কোভোয়াল। আমি 6িরকাল শ্রীকুঞ্কে আহ্বান করিয়া বেড়াই। আমার প্রভু গোলোক হইতে এই ভূলোকে প্রেমভক্তি বিতরণ করিতে অবতার্ণ হইয়াছেন। আজ তোমরা সাবধানে সেই প্রেমভক্তি লুটিয়া লও।" ইহা বলিতে বলিতে ঠাকুর শ্রীহরি-দাস শ্রীমুরারিগুপ্তের সহিত পরিভ্রমণ করিতে লাগিলেন। তৎপরে শ্রীশ্রীবাস পণ্ডিত শ্রীনারদের বেশ ধারণ করিয়া রক্ষমঞ্চে প্রবেশ করিলেন: শ্রীশ্রীরামাই পণ্ডিত হস্তে আসন ও কমওলু লইয়া শ্রীশ্রীবাসের অনুগমন করিলেন। শ্রীশ্রবৈতাচার্য গুরুগম্ভীরম্বরে শ্রীশ্রীবাসকে জিজ্ঞাসা করিলেন,—''তুমি কে! কি জন্ম এখানে আসিরাছ।'' শ্রীশ্রীবাস বলিলেন,—''আমার নাম 'নারদ'। আমি কৃষ্ণের গায়ন, আমি অনন্ত ব্রহ্মাণ্ডে ভ্রমণ করিয়া থাকি, আমি শ্রীকৃষ্ণকে দেখিবার জন্ম বৈক্ঠে গিয়াছিলাম। শুনিলাম, তিনি নদীয়া-নগরে গিয়াছেন, এজন্ম আমি এখানে আসিয়াছি।"

শ্রীশচীমাতা শ্রীনারদের বেশে গ্রাশ্রাবাস পণ্ডিতকে দেখিয়া
শ্রীমালিনীকে জিজ্ঞাসা করিলেন,—''ইনিই কি পণ্ডিত শ্রীশ্রীবাস?
শ্রীশচীমাতা প্রেমে মূর্ছিতা হইয়া পড়িলে পতিব্রতাগণ 'কৃষ্ণনাম'
শুনাইয়া শ্রীশচীমাতাকে বাহুদশায় আনয়ন করিলেন।

শ্রীমহাপ্রভূ গৃহান্তরে রুক্মিনীর বেশে সাজিতে সাজিতে শ্রীক্রিনীর ভাবে মগ্র হইলেন। শ্রীগোরস্কুলরের প্রেমাশ্রু—সঙ্গ (কালি), হস্তের অদ্লি—লেখনী (কলম) ও পৃথিবীর পৃষ্ঠ—পত্র (কাগজ)-রূপে পরিণত হইল। শ্রীরুক্মিনীর ভাবে মহাপ্রভূ শ্রীকৃষ্ণকে পত্র * লিখিতে লাগিলেন,—

"যাঁহার চরণ ধূলি সর্ব-অবে স্নান।
উমাপতি চাহে, চাহে যতেক প্রধান।।
হেন ধূলি-প্রদাদ না কর' যদি মোরে।
মরিব করিয়া ব্রত, বলিলুঁ তোমারে।।
যত জন্মে পাঙ তোর অমূলা চরণ।
তাবৎ মরিব, শুন, কমললোচন।।"

-- (5: @[: X: >F|28-20

প্রথম প্রহরে এই অভিনয় হইল, দ্বিতীয় প্রহরে জ্রীগদাধর ও শ্রীব্রদানন্দের অভিনয়-কালে যখন বৈঞ্চবগণের উক্তি-প্রকৃত্তি এবং জ্রীগদাধরের গোপিকার বেশে প্রেমনৃত্য হইতেছিল, তথন শ্রীগোরস্থনর আত্মাশক্তির বেশে সেই রঙ্গমধ্যে প্রবেশ করিলেন। জ্রীনিত্যানন্দ প্রীয়োগমায়ার বেশে প্রেমরদে ভাসিতে ভাসিতে বাঁকিয়া বাঁকিয়া হাঁটিতে লাগিলেন। শ্রীনিত্যানন্দের শ্রীযোগমায়ার বেশ দেখিয়াই লোকে শ্রীগোরস্থন্দরকে চিনিতে পারিলেন; নত্বা

শ্রীনভাগবত ১০ন স্কল, ৫২তম অধ্যাতে ৭টি লোকে শ্রিক্যবিণী প্রীকৃলের নিকট বে পত্র লিপিয়া অনৈক রাহ্মণের ঘারা প্রীকৃলের নিকট প্রেরণ করিয়াছিলেন, দেইয়ণ প্রীকৃল্যেবাবিরহকাতরা প্রীক্ষরিগীর ভাবে মহাপ্রভূ মগ্ন হইলেন।

ছিলেন না। শ্রীমন্মহাপ্তাভুকে কেহ লক্ষ্মী, কেহ সীতা, কেহ মহালক্ষ্মী, কেহ পার্বতী, কেহ শ্রীরাধা, কেহ গলা, কেহ মৃতিমতী দ্য়া,
কেহ-বা মহোমমোহিনী মহামায়া—এইরপ নিজ-নিজ ভাবামুরপ
মৃতিতে দর্শন করিতে লাগিলেন। যাহারা আজন শ্রীমহাপ্রভুকে
দর্শন করিয়াছেন, তাঁহারাও তাঁহাকে দেখিয়া চিনিতে পারিলেন
না। অধিক কি. শ্রীমটীমাতাও শ্রীগোরস্কুদরের অভিনয়ে বিশ্বিতা
হইয়া সকলকে জিজ্ঞাসা করিতে লাগিলেন,—"ইনি কি ষয়ং
শ্রীলক্ষ্মীদেবী বৈকুণ্ঠ হইতে আসিয়াছেন।"

যেই রূপ দর্শন করিয়া মহাযোগেশ্বর মহাদেব পর্যন্ত মোহিত হ'ন, সেই রূপ-দর্শনে যে বৈষ্ণবগণের মোহ হইল না, ইহা শ্রীগোরস্থলরের কুপারই একমাত্র নিদর্শন। শ্রীমন্মহাপ্রভুর কুপায় সেই শ্রীলক্ষ্মীদেবীকে দর্শন করিয়া সকলের হৃদরে মাতৃতাবের উদর হইল। শ্রীগোরস্থলর জগজ্জননীর ভাবে মৃত্যু করিতে লাগিলেন, আর তাঁহার অনুচরগণ সময়োচিত গান গাহিতে লাগিলেন। এই লীলাদ্বারা মহাপ্রভু বিষ্ণুশক্তির যথায়থ স্বরূপ সকলকে শিক্ষা দিলেন। শ্রীবিষ্ণুর একই শক্তি 'যোগমায়া' ও 'মহামায়া' নামে প্রকাশিতা। যোগমায়াই—উন্পুশ্মাহিনী স্বরূপ-শক্তি, আর মহামায়া—বিম্পুমাহিনী ছায়াশক্তি। ভগবত্তকগণ একই শক্তির বিবিধ প্রকাশ যথায়থ অবগত হইয়া স্বরূপশক্তির আশ্রয় গ্রহণ করেন।

ব্যপদেশে মহাপ্রভূ শিখার সবারে। পাছে মোর শক্তি কোম জনে নিকা করে'॥ লৌকিক বৈদিক যত কিছু ক্বফশক্তি। স্বার সম্মানে ২য় ক্বফে দৃঢ়-ভক্তি॥ দেবদ্রোহ করিলে ক্বফের বড় তুঃধ। গণসহ ক্বফপ্জা করিলে সে স্থব॥

__ হৈ: ভা: ম: ১৮I১৪৭-১৪৯

শ্রীমহাপ্রভুর আভাশক্তি-বেশে রৃত্যকালে শ্রীনিতানন্দ মূছিত হইরা পড়িরাছেন দেখিরা ভক্তগণ প্রেমাবেশে উচ্চঃম্বরে রোদন করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে শ্রীগোরস্থানর শ্রীগোপীনাথ-বিগ্রহকে কোলে করিয়া মহালক্ষ্মীর ভাবে সিংহাসনে আরোহণ করিলেন। ভক্তগণও তাঁহাকে স্তব করিতে করিতে তাঁহার কৃপা প্রার্থনা করিলেন। এইরপ অভিনয়-আনন্দোৎসবে যেন অতি-শীঘ্রই রাত্রি প্রভাত হইরা গেল! বৈষ্ণবৃদ্দ ও পতিব্রতাগণ বিষাদে গৈর্য ধারণ করিতে পারিলেন না। মহাপ্রভু একাধারে লক্ষ্মী, পার্বতী, দয়া ও মহা-নারায়ণীর ভাবে স্তম্ম পান করাইতে লাগিলেন। ইহাতে ভক্তগণের ত্বঃশ্ব দূরীভূত হইল এবং সকলেই প্রেম-রদ্যে মন্ত হইলেন। শ্রীল ঠাকুর বৃন্দাবন লিখিয়াছেন,—

> সপ্তদিন ^{দী} আচার্য-রত্নের মন্দিরে। পরম অস্তুত তেজ ছিল নিরন্তরে॥ চন্দ্র, দুর্য বিদ্যাৎ একত্র যেন জলো। দেখয়ে সুক্তি-সব মহা-কৃত্তলে॥

--- टेक्ट: खाः मः अमार २७-२२४

এইরূপে বঙ্গদেশের প্রাচীন রাজধানী ও সংকীর্তনধর্মের আদি আবির্ভাব-ভূমি শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপে সর্বপ্রথম স্বয়ং সংকীর্তন- প্রবর্তক শ্রীগোরস্থলরের ইচ্ছায় পারমাধিক রঙ্গমঞ্চের উদ্বোধন হইল। বাঙ্গালার প্রকৃত ইতিহাস-লেখকগণ শ্রীগোরস্থলরের এই কুপার অনুসন্ধান করিলে ধন্যাতিধন্য হইতে পারিবেন। *

সপ্তত্রিংশ পরিচেছদ দারি-সন্মাসীর গ্রহ

একদিন শ্রীগোরাঙ্গ ও শ্রীনিত্যানন্দ শ্রীমায়াপুর হইতে শান্তি-পুরে শ্রীঅধৈতাচার্যের নিকট ঘাইতেছিলেন : মধ্যপথে 'ললিত-পুর'-নামে এক গ্রামে আসিয়। পৌছিলেন । গঙ্গার পূর্বপারে হাট-ডাঙ্গার পরে এই গ্রাম অবস্থিত । ললিতপুরে এক গৃহি-বাউস বা 'দারি-সন্নাাসী' ণ বাস করিত । শ্রীমহাপ্রভু ও শ্রীনিত্যানন্দ ঐ সন্নাাসীর গৃহে উপস্থিত ১ইলেন । সন্নাাসী 'বিছা, ধন, উত্তম বিবাহ ও বংশবৃদ্ধি হউক ।"—এই বলিয়া মহাপ্রভুকে আশীবাদ

[্] ১৩৪৭ বজাকের বৈশার সংসের 'ভারতবর্ধ-গত্তে "চারি শহাধিক বংসর পূর্বর নাটাভিন্ত" শীধক প্রবাকে অধ্যাপক শীমপ্রস্থানেছন বস্থ এন-এ মহাশ্ব শীকার করিবাছেন,—শইহাই বাজালার প্রাচীনতম অভিনয়ের নিগণন

[া] যে-সকল ভাষ্ঠিক তান্ত্ৰিক সন্নামী (?) সন্নামীর বেশ পবিধান করিছাও পৃথান্তর (?) ভাষ্ প্রত্নী লইছা বাস করে ভাষ্ট্রারাই দাবি-দন্নামী।

ক্রিল। ইহাতে শ্রীমহাপ্রভু বলিলেন,—"সন্ন্যাসিবর! ইহা ত' আশীর্বাদ নছে, 'কুফের কুপা হউক'—ইহারই নাম আশীর্বাদ। 'বিষ্ণুভক্তি-লাভ হউক'—এই আশীর্বাদই অক্ষয় ও অবায়। অতএব ঐরপ আশীর্বাদ করা তোমার উচিত নহে।"

ইহা শুনিয়া সন্ন্যাসী হাসিয়া বলিল,—''পূর্বে যাহা শুনিয়া-্ছিলাম, আজ তাহার সাক্ষাৎ প্রমাণ পাইলাম। আজকাল লোককে ভাল বলিলে ঠেন্সা লইয়া মারিতে আইনে! কোথায় আমি ছেলেটীকে মনের সস্থোষে উত্তম আশীর্বাদ করিলাম, আর সে তাহাতে দোষ ধরিল! পৃথিবীতে জন্মিয়া যাহার স্থুন্দরী কামিনী-স্মোগ ও ধন-দৌলত-লাভ না হইল, তাহার জীবনই বৃথা! তোমার শরীরে যদি 'বিঞুভক্তি' হয়, আর তোমার অর্থ না থাকে. তাহা হইলে তুনি কি খাইয়া বাঁচিবে ?"

শ্রীগোরস্থন্দর বলিলেন,—"লোকে নিজ-নিজ কর্মানুসারে ফল ভোগ করিয়া থাকে। ধন-জনের জন্ম কামনা করিয়াও ত' লোকে তাহা পায় না। শরীরকে ভাল করিবার বহু চেন্টা করিলেও শরীরে অলক্ষিতভাবে রোগ প্রবেশ করে। এ-সকল কথা সকলে বৃত্তে না। বিষয়স্থুখে লোকের রুচি দেখিয়া বেদ নানাপ্রকার কাম্য কর্মের প্ররোচনা দিয়া থাকেন। শ্রীগঙ্গাম্বান ও শ্রহরিনাম করিলে ধন-পুত্র পাওয়া যাইবে, এই লোডেই যদি বিষয়ী লোক শ্রীগঙ্গাম্বান ও শ্রীহরিনাম করিতে উন্নত হইয়া সাধুসঙ্গে শ্রীগঙ্গা ও শ্রীহরিনামের প্রকৃত মহিমা সমাক্ হৃদয়ঙ্গম করিতে পারে, তবে তাহাদের মঙ্গল হইবে—এই উদ্দেশ্যে বেদে কর্মের নানা- ফল-শ্রুতি বর্ণিত আছে। বস্তুতঃ কুফভব্তি-ব্যতীত আর কোন উৎকৃষ্ট বর নাই।''#

মহাপ্রভুর এই সকল কথা শুনিয়া দারি-সন্ন্যাসী শ্রীবিশ্বস্তরকে বিকৃতমন্তিক বালক ও নিজকে বছতীর্থ-প্রটক পরমজ্ঞানী বলিয়া জ্ঞাপন করিল!

অনধিকারী বাজির নিকট মহাপ্রভুর ঐ-সকল কথার আশর হইবে না ব্রিয়া শ্রীনিত্যানন্দপ্রভ লারি-সন্ন্যাসীকে মৌখিক সম্মান দিয়া নিরস্ত করিলেন এবং তাহার গৃহে উভয়ে তৃশ্ব-কলাদি ভৌজন করিলেন। লারি-সন্মাসী শ্রীনিত্যানন্দপ্রভুকে ইন্সিতে কিছু মত্য-পানের জন্ম অনুরোধ করিল। শ্রীমহাপ্রভুইহা শুনিবামাত্র 'বিষ্ণু!' বিষ্ণু!' স্মরণ করিয়া আচমন করিলেন এবং অতি-সম্বর শ্রীনিত্যানন্দের সভিত ঐ-স্থান তাগে করিয়া গঙ্গায় ঝাঁপ লিলেন এবং গঙ্গা সম্ভরণ করিয়া 'শান্তিপুরে' শ্রীঅবৈত্রতাচার্যের গৃহে আসিলেন।

ঠাকুর শ্রীল বুন্দাবন লিখিয়াছেন.—

লৈও মহাপোর প্রান্ত অর্থান্থ করে। মিন্দক বেদান্তী হসি, তথালি সংগারে।

_25: Bi: At 12|AC

"এক লীলায় করেন প্রভূ কার্যপাঁচ-সাত।"— শ্রীল কবিরাঞ্চ গোস্বামি-প্রভূর এই কথা মহাপ্রভূর চরিত্রে সর্বদাই দেখা রায়। দারি-সন্ন্যাসীর গৃহে আসিয়া শ্রীষ্টাগৌরনিত্যানন্দ প্রকৃত আশীর্বাদ

^{* 75: 81: \$2 33.81-03}

কি, তাহা জানাইলেন; আরও জানাইলেন,—''ভগবান্ কখনও কখনও স্ত্রেণ, মল্পায়ী প্রভৃতি পাপী বাক্তিগণকেও স্বেচ্ছায় কুপা করিতে পারেন। প্রভুর কুপায় তাহারা ঐ-সকল পাপ অনারাসে আমুবঙ্গিকভাবে চিরতরে পরিত্যাগ করে। কিন্তু বাহারা ভগবানের নিতা নাম-রূপ-গুণ-পরিকর ও লীলাকে স্বীকার করেন না, সেই-সকল নিন্দক, জ্ঞানী যতই ত্যাগী ও পণ্ডিত হউন না কেন, তাঁহাদের প্রতি ভগবানের কুপা হয় না। এই স্থলে শ্রীমন্মহাপ্রভুর আর একটা শিক্ষা এই যে, যাহারা মল্পান ও পরন্ত্রী-সঙ্গ প্রভৃতি পাপ-কার্য করে, তাহাদের সঙ্গ করা কর্তব্য নহে। মল্পানের নাম শুনিয়াই শ্রীমন্মহাপ্রভু 'বিষ্ণু'-শ্ররণপূর্বক গঙ্গায় ঝাঁপ দিয়াছিলেন। ভগবন্ধক্রের চরিত্র কখনও পাপযুক্ত থাকিতে পারে না। তাঁহারা কোনপ্রকার মাদক-দ্রব্য বা জাগতিক নেশার বশীভূত নহেন।

শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ শাস্তিপুরে শ্রীঅবৈত্যচার্যের গৃহে
আসিয়া উপস্থিত হইলেন। শ্রীমন্মহাপ্রাভূ—'ভক্তি ও জ্ঞানের
মধ্যে কোন্টী শ্রেষ্ঠ ?' ইহা শ্রীঅবৈতপ্রভূকে জিজ্ঞাসা করায় শ্রীঅবৈতাচার্য মহাপ্রভূর প্রসাদলাভের জন্ম জ্ঞানকে বড় বলিলেন।
শ্রীমন্মহাপ্রভূ আচার্যের পৃষ্ঠে মৃষ্ট্যাঘাত করিতে করিতে তর্জনগর্জন করিয়া নিজের তব প্রকাশ করিলেন। তখন অবৈতপ্রভূ
আনন্দে নৃত্য করিতে করিতে বলিলেন,—''তুমি আমাকে পূর্বে
সম্মান দিতে বলিয়া তোমার কৃপাদণ্ড-লাভের জন্মই আমার এই
কৌশল; আমি জন্ম-জন্ম যেন তোমার দাস থাকিতে পারি।''

অফীতিংশ পরিচ্ছেদ গ্রীমুরারিগুপ্ত ও গ্রীগোরহরি

একদিন শ্রীবিশ্বস্তর শ্রীনিত্যানন্দের সহিত শ্রীশ্রীবাস-ভবনে উপবিষ্ট ছিলেন। তখন শ্রীমুরারিগুপ্ত তথায় আসিয়া প্রথমে শ্রীগোরস্থানকরে ও তৎপরে শ্রীনিত্যানন্দকে দণ্ডবৎ-প্রণাম করিলেন। ইহা দেখিয়া লোকশিক্ষার্থ শ্রীগোরহরি শ্রীমুরারিকে বলিলেন,—"ভূমি আজ শিষ্ট-ব্যবহারের ব্যতিক্রম করিয়াছ। আজ বাড়ীতে যাও, আগামী কলা সব জানিতে পারিবে।"

শ্রীমুরারি সেইদিন রাত্রিতে স্বপ্নযোগে দেখিতে পাইলেন—
শ্রীনিত্যানন্দ মন্ত্রবেশে চলিতেছেন। তাঁহার করে হল-মুষল এবং
শ্রীঅনন্তদেব ফণা বিস্তার করিয়ে শ্রীনিত্যানন্দের শিরে ছত্রের
ন্যায় শোভিত রহিয়াছেন। শ্রীবিশ্বস্তর শ্রীনিত্যানন্দের মন্তকে
পাখা ধরিয়া তাঁহার অনুগমন করিতেছেন। শ্রীবিশ্বস্তর হাসিয়া
হাসিয়া শ্রীম্রারিকে বলিতেছেন,—"আমি কনিষ্ঠঃ শ্রীনিত্যানন্দ
আমার জ্যেষ্ঠ।"

শ্রীমুরারি তাঁহার স্বপ্নসমাধিতে শ্রীনিকানন্দ-তব্ব অবগত হইয়া পরদিন শ্রীশ্রীবাস-তব্দ গিয়া আগ্র নিকানন্দের চরণ বন্দনা করিয়া পরে শ্রীবিশ্বস্তরের চরণে দওবং-প্রণত হইলেন। শ্রীবিশ্বস্তর হাসিতে হাসিতে জিজ্ঞাসা করিলেন,—"মুরারি! আজ তোমার অক্যরূপ ব্যবহার কেন?" শ্রীমুরারি উত্তর করিলেন,— "প্রাভা! তুমি যেরূপ প্রেরণা দিয়াছ, সেরূপই করিলাম। বায়ুর বেগে যেরূপ শুক্ক ভূণ ধাবিত হয়, সেরূপ তোমার শক্তিবলে জীব কার্য করিয়া থাকে।"

শ্রীবিশ্বস্তর শ্রীমুরারির প্রতি সন্তুষ্ট হইয়া নিজের তত্ত্ব ব্যক্ত করিলেন এবং নিজ উচ্ছিষ্ট তামূল কুপাপূর্বক শ্রীমুরারিকে প্রদান করিলেন। শ্রীবিশ্বস্তুর ঈশ্বরাবেশে ঈশ্বরের নিত্য নাম-রূপ-গুণ-লীলাকে মিথ্যা বলিয়া প্রতিপাদনকারী কাশীর প্রসিদ্ধ সন্ম্যাসী প্রকাশানন্দকে সক্ষ্য করিয়া ক্রোধলীলা প্রকাশ করিলেন।

> সন্ন্যাসী প্রকাশানন্দ বসয়ে কাশীতে। মোরে খণ্ড খণ্ড বেটা করে ভালমতে। পড়ায় বেদান্ত, মোর বিগ্রাহ না মানে। কুঠ করাইলু অঙ্গে, তবু নাহি জানে॥ মনর ব্রহ্মণ্ড মোর যে অঞ্চেতে বৈসে। তহে। মিথা। বলে' বেটা কেমন সাহসে? সতা কঠো মুরারি! আমার ভূমি দাস: যে না মানে মোর অঙ্গ, সেই যায় নাশ ৮ মজ, ভবানন্ত প্রভার বিগ্রহ সে সেবে। যে বিগ্রহ প্রাণ করি' প্রক্তে সর্বদেবে॥ পুণ্য পবিক্রতা যায় যে অঙ্গ-পরশে। তাহা মিথা। বলে বেটা কেমন সাহসে॥ সত্য সভা করে। ভোৱে এই পরকাশ। সতা মুই, সতা মোর দাস, তা'র দাস॥ সতা মোর লীলাকর্ম, সতা মোর স্থান। ইং। মিখ্যা বলে, মোরে করে' খান-খান॥

যে বশঃ-শ্রবণে আদি অবিভ:-বিনাশে ,
পাপী অধ্যাপকে বলে,—'মিথাঃ নে নিবাদ' ॥
যে যশঃ-শ্রবণ-রসে শিব দিগম্বর ।
যাহা গার আপনে অনন্ত মহীধর ॥
যে যশঃ-শ্রবণে শুক-নারদাদি মন্ত ।
চারিবেদে বাখানে দে যশের মহন্তু ॥
হেন পুণাকীতি-প্রতি অনাদর হার ।
দেক ভুনা জানে গুপ্ত, মোর অবভার ॥

-(6: जा: यः २०१८०-४४

শ্রী বিশ্বস্তর 'ভাই!' বলিয়া শ্রীমুরারিকে আলিষ্টন করিপেন এবং শ্রীনিত্যানন্দ-তত্ত্ব উপলব্ধি করিতে পারিয়াছেন বিশিয়া তাঁহাকে অত্যস্ত আদর করিলেন।

শ্রীমুরারি গৃহে গমন করিয়া পত্নীর প্রদন্ত প্রাস-প্রাস মর শ্রীকুষ্ণের উদ্দেশ্যে অর্পন করিয়া ভূমিতে নিক্ষেপ করিতে লাগিলেন। পরদিন প্রত্যাব শ্রীবিশস্তর শ্রীম্রারি-গৃহে আসিয়া বলিলেন যে, মুরারির প্রদন্ত অন্ন ভক্ষণ করিয়া তাঁহার অঙ্গীর্ণ-রোগ হইয়াছে এবং চিকিৎসার জন্ম গুপ্তের নিক্ট আসিয়াছেন। ইহা বলিয়া শ্রীবিশ্বস্তর শ্রীম্রারির সামান্ত জলপাত্র হইতে অঞ্জীর্ণ-ব্যাধি-প্রশমনের জন্ম জল পান করিলেন। শ্রীম্রারি তাহা দেখিয়া মুছিত হইয়া পড়িলেন।

আর একদিন শ্রীমন্মহাপ্রভু শ্রীশ্রীবাস-মন্দিরে চতুর্ভ -মৃতি ধারণ করিয়া 'গরুড়', 'গরুড়' বলিয়া ডাকিতে থাকিলে শ্রীমুরারি গরুড়ের ভাবে আবিষ্ট হইয়া প্রভুসমীপে গরুড় বলিয়া নিজের পরিচয় দিলেন। তিনি প্রভুর দ্বাপর-যুগীয় লীলায় গরুড়রূপে প্রভুর সেবা করিয়াছিলেন, তাহা জানাইয়া ঞ্রীগোরহরিকে নিজস্কন্ধে আরোহণ করিতে অন্তুরোধ করিলেন। শ্রীমুরারি মহা-প্রভুকে স্বন্ধে আরোহণ করাইয়া শ্রীশ্রীবাস-অঙ্গনের সর্বত পরিভ্রমণ করিতে লাগিলেন। ভক্তগণ শ্রীমুরারির সৌভাগ্যের প্রশংসা করিতে লাগিলেন।

শ্রীমুরারিগুপ্ত শ্রীগোরস্থলরের লীলা-সঙ্গোপনের পূর্বেই নিজ অন্তর্ধানের সম্বন্ধ করিয়া একখানি শানিত অস্ত্র নিজগৃহে লুকাইয়া রাখিয়াছিলেন। অন্তর্যামী মহাপ্রভূ তাহা জানিতে পারিয়া শ্রীমুরারির গৃহে আসিয়া গুপ্তকে ঐরপ কার্য করিতে নিবেধ করিলেন এবং তাঁহাকে সর্বতোভাবে কুপা করিলেন।

উনচকারিংশ পরিচ্ছেদ দেবানন্দ পণ্ডিত

একদিন শ্রীমন্মহাপ্রভু নগর ভ্রমণ করিতে করিতে প্রসিদ্ধ শ্রীসার্বভৌম ভট্টাচার্যের পিতা মহেশ্বর বিশারদের 'বিত্যানগর'স্থ গৃহের নিকট উপস্থিত হইলেন। সেইস্থানে 'দেবানন্দ পণ্ডিত'নামে এক মোক্ষকামী ব্রাহ্মণ বাস করিতেন। দেবানন্দ আজন্ম সংসারে বিরক্ত, তপস্বী ও জ্ঞানী ছিলেন। তিনি খ্রীমন্তাগবতের 'মহা- অধ্যাপক' বলিয়া বিখ্যাত ছিলেন। শ্রীমন্তাগবত পাঠ করিয়াও তাঁহার হৃদয়ে ভক্তি ছিল না—তাঁহাতে মুক্তির বাসনাই প্রবলগ ছিল। দৈবাৎ একদিন মহাপ্রভূ সেই পথে গমনকালে দেবানন্দের ভাগবত-ব্যাখ্যা শুনিতে পাইলেন। ঐ ব্যাখ্যা শুনিয়া শ্রীমন্মহা-প্রভূ অত্যন্ত কুদ্ধ ইইয়া বলিতে লাগিলেন.—

-,—বেটা কি অর্থ বাখানে ?
 ভাগবত-অর্থ কোন জন্মেও না জানে ।

মহাচিত্রা ভাগবত দ্বশা<mark>ন্তে</mark> গার। ইহা না বৃঝায়ে বিভাতপ**্পতি**চার।

, ভাগৰতে অচিন্তা-ঈশ্ব-বৃদ্ধি যা'র। সে জানয়ে ভাগৰত অৰ্গ ভক্তিসার॥

—ेंहः इत् ४: २३×१ सः

মহাপ্রভ্র এই লীলার শ্রীমন্তাগবত-পাঠের অধিকারী নির্ণীত হইরাছে। জাগতিক পাণ্ডিতা, উচ্চবংশে জন্ম, কিবা জাগতিক পুণা-পবিত্রতা থাকিলেই শ্রীমন্তাগবতের দিকান্ত বুঝা যায় না। জগবানে একান্ত দেবাবৃত্তি-দ্বারাই শ্রীমন্তাগবতের অর্থের যথার্থ উপলব্ধি হয়।

তদ্ধ-বৈষ্ণবশ্রেষ্ট এইবাস পণ্ডিতের চরণে দেবানন্দের পূর্ব মপরাধ ছিল। একদিন দেবানন্দ পণ্ডিতের শ্রীমন্তাগবত-ব্যাখা-কালে মহাভাগবতবর পণ্ডিত শ্রীশ্রীবাস যদৃচ্ছাক্রমে দেবানন্দ- গুহে উপস্থিত হইলেন এবং ভাগবতের শ্লোক শ্রবণ করিয়াই রসিকবর শ্রীশ্রীবাস পণ্ডিতের প্রেমবিকার-সমূহ প্রকাশিত হইল। দেবানন্দ পণ্ডিতের কতিপয় পাপিষ্ঠ ছাত্র গুরুর পাঠের প্রতি-বন্ধক মনে করিয়া শ্রীশ্রীবাস পণ্ডিতকে ঘর হইতে বাহিরে টানিয়া ফেলিল। দেবানন্দ পণ্ডিত নিজের ছাত্রগণকে কোনও বাধা দিলেন না। যদিও দেবানন্দ স্বয়ং প্রবৃত্ত হইয়া মহাভাগবত প্রীপ্রীবাস পণ্ডিতের প্রতি কিছু সম্মায় ব্যবহার করেন নাই, তথাপি নিজ ছাত্রগণের এক্কপ ব্যবহারে গৌণ বা মৌন অন্থ-মোদনেই তাঁহার হুরস্ত বৈষ্ণবাপরাধ ঘটিল।

বহুদিন পরে দেবানন্দকে দেখিয়া গ্রীবিশ্বস্তরের গ্রীগ্রীবাস পণ্ডিতের প্রতি দেবানন্দের ঐ অপরাধের কথা স্মরণ হওয়ায় শ্রীমন্মহাপ্রভু কুপাপূর্বক দেবানন্দকে বাক্যদও ক্রিয়া লোক-শিক্ষা দিলেন। দেবানন শ্রীচৈতক্তের বাক্যদণ্ড শিরে ধারণ করিয়া লজ্জায় নিরুত্তর হইয়া থাকিলেন।

> চৈতভার দণ্ড যে মন্তকে করি' লয়। সেই দুৰুও তা'ব প্রেমভক্তি-যোগ হয়॥

> > -रेह: छा: जा: २३।१३

সন্নাস-লীলা প্রকাশ করিবার পর শ্রীমন্মহাপ্রভূ নীলাচল হইতে যখন গৌড়দেশে বিজয় করিলেন, তখন 'কুলিয়া'-গ্রামে আসিয়াছিলেন। শ্রীগোরস্কুন্তরের গৃহস্থলীলা-কালে দেবানন্দ পণ্ডিতের ঞ্রীগোরহরির শ্রীপাদপদ্মে বিশ্বাস ছিল না। শ্রীচৈতন্য-দেবের প্রিয়পাত্র প্রেমিকবর শ্রীল বক্রেশ্বর পণ্ডিত যদৃচ্ছাক্রণম

কুপাপুর্বক দেবানন্দ পণ্ডিতের আশ্রামে অবস্থান করিয়াছিলেন। শ্রীল বক্তেশ্বরের সেবাপ্রভাবে ও সঙ্গকলে দেবাননের শ্রীচৈত্র-পাদপদে বিশ্বাস হইল। গ্রীচৈত্ত নীলাচল হইতে 'কুলিয়া'য় শুভবিজয় করিয়াছেন শুনিয়া দেবানন পণ্ডিত শ্রীমন্মহাপ্রভক দর্শন করিবার জন্ম প্রভুসমীপে আগমন করিলেন। গ্রীমশ্বহাপ্রভু এইবার দেবানন্দের সমস্ত অপরাধ খওন করিয়া তাঁহাকে কৃপা করিলেন। শ্রীল বক্রেশ্বর পণ্ডিতের কুপার দেবানন্দের প্রতি মহাপ্রভুর কুপা হইল। তদীয়-কুপায় অভিষিক্ত হইয়া দেবানন্দ কি-ভাবে শ্রীমন্তাগবত ব্যাখ্যা ও অধ্যাপনা করিবেন, তরিষয়ে মহাপ্রভুর নিকট হইতে উপদেশ প্রাপ্ত হইলেন। শ্রীমন্মহাপ্রভু বলিলেন,—

वापि-मधा-बर्ख छोशदाउ १३ कर। বিকৃত্তি নিতাসিক অক্ষ অবায় " খনন্ত বন্ধাতে স্বে স্তা বিষ্তৃত্তি। মহাপ্রলয়েও যা'র থাকে পুর্ণ-শক্তি। মোক দিয়া ভক্তি গোপা করে' নারায়ণে। ্চন ভক্তি ন, জানি চুফের কুপা-বিনে। ভাগবতশান্ত্রে দে ভব্তির তত্ত্ কহে। তেঞি ভাগবত-সম কোন শাস্ত্র নছে " যেন-রূপ মংশ-কুম-আদি অবতরে। আবিভাব-তিরে:ভাব যেন তা স্বার গ এইমত ভাগৰত কারো কৃত নয়। আবিভাব হিরোভাব আপ্রেই হয়॥

ভক্তিযোগে ভাগবত বাাসের জিহবায়। ক্ষৃতি সে হইল মাত্র হলের রুপায়॥

-्टेड: छा: अ: ज्राटा १०७ १०३

'ভাগবত বৃঝি' হেন যা'র আছে জ্ঞান। সেই না জানয়ে ভাগবতের প্রমাণ। অজ্ঞ হই' ভাগবতে যে লয় শরণ। ভাগবত-অর্থ উা'র হয় দর্শন॥ প্রেমময় ভাগবত---শীক্ষাের অন্ন। তাহাতে কংহন যত গোপ্য কঞ্চরক্স। বেদশাস্ত্র-পুরাণ কহিয়। বেদব্যাস। তথাপি চিত্তেব নাহি পায়েন প্রকাশ ॥ ধপনে শীভাগবত জিহবায় স্ফুরিল। ত তক্ষণে চিত্তবৃত্তি প্রসর হুইল ॥ হেন গ্রন্থ পড়ি' কেছ সম্বটে পড়িল। শুন অকপটে দ্বিজ, তোমারে কহিল।। আদি-মধ্য-অবসানে ভূমি ভাগবতে। ভক্তিযোগ মাত্ৰ বাখানিও সৰ্বমতে॥ ত্তবে আর তোমার নহিব অপরাধ। সেইফণে চিত্তরত্তা পাইবা প্রসাদ॥

-- रेठ: छा: ऋ: जार58-१२⁾

চতারিংশ পরিচ্ছেদ শ্রীশচীমাতা ও বৈষ্ণবাপরাধ

প্রকৃত সাধুর নিন্দার স্থায় অপরাধ আর কিছুই নাই।
আনেক-প্রকারে সাধুর নিন্দা হয়। সাধু বা বৈঞ্চবক প্রাকৃতবৃদ্ধিতে দর্শন করিলো সাধুর নিন্দা হইয়া থাকে। বৈঞ্চবের
সম্বন্ধে মিথাা অপবাদ, বৈঞ্চবের ভক্তি-উদয়ের পূর্বের দোষ, পূর্ব
দোষের ক্ষয়াবশিক্ট দোষ, দৈবোৎপন্ন দোষ, তাঁহার শরারগত
দোষ বা প্রকৃতিগত দোষ, যেমন—তাঁহার ফাতি-বর্ণ-প্রভৃতি এবং
কদাকার বা কর্কশ-স্বভাবাদি লইয়া হরিনাম-ভজন-পরায়ণব্যক্তিকে
নিন্দা করিলে 'বৈঞ্চবাপরাধ' হয়। বৈঞ্চবাপরাধ থাকিলে শ্রীহরিন
নামের কুপা পাওয়া যায় না, কৃঞ্চকুপা হইলেও প্রেমলাভ হয় না।

শ্রীগোরস্থলর নিজ জননীকে লক্ষা করিরা সমগ্র আত্মমক্ষণ কামী জগৎকে এইরপ শিক্ষা দিয়াছেন। একদিন শ্রীগোরস্থলর শ্রীশ্রীবাস-মন্দিরে শ্রীবিষ্ণুর পাল্প্রের উপর উঠিয়া নিজের স্বরূপ বর্ণন করিতে লাগিলেন এবং সকলকে বর প্রদান করিবান । শ্রীবাস পণ্ডিত শ্রীশচীমাতাকে প্রেম প্রদান করিবার জন্ম শ্রীবাস শুলরকে প্রার্থনা জ্ঞাপন করিলে মহাপ্রভু বলিলেন,—"শ্রীবাস! তুমি এ-কথা মুখে আনিও না। আমি মাত্য-ঠাকুরাণীকে প্রেমভক্তি প্রদান করিতে পারি না: কারণ, বৈষ্ণবের নিকট তাঁহার অপরাধ আছে।" ইহা শুনিয়া শ্রীশ্রীবাস পণ্ডিত বলিলেন,—"প্রভো!

তোমার এ কথা শুনিরা আমাদের দেহত্যাগ করিতে ইচ্ছা হয়।
তোমার স্থায় পুত্র ঘাঁহার গর্ভে আবিভূতি, তাঁহার কি প্রেমযোগে
অধিকার নাই! শ্রীশচীমাতা সকলের জীবনস্বরূপা। তুমি বঞ্চনা
পরিত্যাগ করিয়া তাঁহাকে ভক্তি দান কর। পুত্রের নিক্ট আবার
মাতার কি অপরাধ থাকিতে পারে? আর, যদি অজ্ঞাতসারে
কোনও অপরাধ হইরাই থাকে, তবে তাহা খংন করিয়া তাঁহাকে
কুপা কর।"

ইহা শুনিয়া মহাপ্রভু বলিলেন,—''আমি অপরাধ-খওনের উপায়মাত্র বলিতে পারি, বৈফবাপরাধ ক্ষমা করিবার ক্ষমতা আমার নাই। যে বৈশুবের স্থানে অপরাধ হয়. তিনি রুপা করিয়া ক্ষমা করিলেই সেই অপরাধের মোচন হইতে পারে, নতুবা নহে। অম্বরীষের নিকট হুর্বাসার অপরাধ হইয়াছিল, তাহা স্বয়ং ব্রক্ষা বিষ্ণু, মহেশ্বরও ক্ষমা করিতে পারেন নাই। অম্বরীষ যখন ক্ষমা করিলেন, তখনই হুর্বাসা মুনি অপরাধ হইতে মুক্তি পাইলেন। শ্রীঅদ্বৈতাচার্যের নিকট মাতা-ঠাকুরাণীর অপরাধ হইয়াছ হিনি ক্ষমা করিলে মাতার প্রেম-লাভের যোগ্যতা হইবে। মাতা-ঠাকুরাণী যদি আচার্যের চরণ-ধূলি মস্তকে গ্রহণ করেন, তবেই আমার আছ্রায় তাহার প্রেমভক্তি লাভ হইবে।''

শ্রীগোরসুন্দরের এই কথা শ্রবণ করিয়া তখনই সকলে শ্রীঅদ্বৈতাচার্যের নিকট গমন করিয়া এই সকল কথা বর্ণন করিলেন। আচার্য এই কথা শ্রবণ করিয়া শ্রীবিষ্ণুর স্মরণ করিতে করিতে বলিলেন,—"তোমরা কি আমাকে বধ করিতে চাই? ষাঁহার গর্ভসিকুতে আমার প্রভূ ঐগোরচন্দ্র উদিত হইয়াছেন. তিনি আমার মাতা, আমি তাঁহার পুত্র, আমি তাঁহারই চরণধূলির অধিকারী। তিনি স্বয়:—বিফুভক্তি-স্বরূপিণী। * দেবকী ও শ্রীযশোমতী যেই বস্তু, শ্রীশচাঁমাতাও সেই বস্তু।"

শ্রীশচীমাতার এইরপ স্বরূপ বর্ণন করিতে করিতে শ্রীমন্সবৈতাচার্য প্রেমাবিষ্ট হইরা পড়িলেন, তাঁহার বাহ্যসংজ্ঞা-লোপ
হইল। ইহাই উত্ম সুযোগ ও অবসর বৃঝিয়া শ্রীশচীমাতা সেই
সমর আচার্যের চরণধূলি শিরে গ্রহণ করিলেন এবং প্রেমে বিহ্বল:
হইয়া পড়িলেন। এই দৃশ্য দেখিয়া বৈষ্ণবগণ উচ্চ জয়ধ্বনি করিয়া
উঠিলেন। মহাপ্রভু বিষ্ণুখট্টার উপর বসিয়া প্রসন্ধানিত হাসিতে
হাসিতে বলিলেন,—''এতক্ষণে মাতা-ঠাকুরানীর বৈষ্ণবাপরাধ—
খণ্ডন হইল এবং তাঁহার বিষ্ণুভক্তি-লাভ হইল।'

এই লীলার দ্বারা শ্রীমন্মহাপ্রভূ যে শিক্ষা দিয়াছেন, তাথা সামরা শ্রীচৈতকালীলার ব্যাসের ভাষায় উদ্ধার করিতেছি.—

> জননীর লক্ষ্যে শিক্ষাপ্তক ভগবান্ করায়েন বৈজ্ঞবাপরাধে সাবধান ॥ 'শূলপাণি সম যদি বৈষ্ণবেরে নিন্দে। তথাপিহ নাশ পায়'. কঠে শাস্ত্রকে ॥ ইহা না মানিয়া যে স্ক্রন-নিন্দা করে। জন্মে-জন্মে সে পাপিত দৈবলেষে নরে॥ অত্যের কি দায়, গৌর-সিংহের জননী। ভাহারেও 'বৈঞ্জবাপরাধ' করি' গণি॥

> > —हेटः छाः मः २२:४४-११

শ্রীশ্রীশটামাতা শ্রীঅবৈতাচার্যপ্রভূর বস্ততঃ কোনরপ নিন্দা করেন নাই; কেবলমাত্র অপ্রাকৃত বাৎসলা-রসময়ী শ্রীশটাদেবী নিজপুত্র শ্রীমদ্বিশ্বরূপ পূর্বে শ্রীঅবৈতাচার্যের সঙ্গ লাভ করিয়া সংসারের প্রতি বিরক্ত হইয়া সন্ন্যাস গ্রহণ করিয়াছেন এবং শ্রীপোরস্থানরও শ্রীঅবৈতাচার্যের সঙ্গে সর্বক্ষণ কীর্তনাদিতে প্রমন্ত থাকিয়া সংসারস্থারে উদাসীন হইয়াছেন, এইরূপ মানসিক্ আলোচনা করিয়াছিলেন। কিন্তু শ্রীপোরস্থানর ইহার দারাও শ্রীশিচীদেবীর অপরাধাভাসের অভিনয় ঘটিয়াছিল, ইহা লোক-শিক্ষার্থ প্রদর্শন করিলেন।

একচত্বারিংশ পরিচ্ছেদ তুশ্বপায়ী বন্ধচারী

শ্রীমন্মহাপ্রভু শ্রীশ্রীবাসের গৃহে প্রতিনিশার সংকীর্তন করেন শুনিয়া একজন ব্রাহ্মণ ব্রহ্মচারীর সেই সংকীর্তন নৃত্য দেখিবার সাধ হইল। ব্রহ্মচারী আকুমার ব্রহ্মচর্য অবলম্বন এবং কেবল হ্র্মপান ও ফল ভক্ষণ করিয়া কঠোর তপস্থা করিতেন। তাঁহার জীবনে কোন পাপ-স্পর্শ হয় নাই। তিনি 'হ্র্মপায়ী ব্রহ্মচারী বিলিয়া নবদ্বীপে খ্যাত হইয়াছিলেন। ব্রহ্মচারী শ্রীশ্রীবাস পণ্ডিতের নিকট বিশেষ অনুনয়-বিনয় করিয়া মহাপ্রভুর সংকীর্তন-নৃত্য দর্শন করিবার জন্ম শ্রীশ্রীবাসের গৃহে স্থান ভিক্ষা করিলেন। শ্রীশ্রীবাস

ব্রহ্মচারীর একান্ত অমুরোধে এবং তাঁহার ব্রহ্মচর্য, তাগে, তপস্থা ও নিষ্পাপ-জীবন শ্বরণ করিয়া ব্রহ্মচারীজীকে নিজ-গৃহে প্রবেশের অধিকার দিয়া ওপ্রভাবে অবস্থান করিতে বলিলেন।

এদিকে মহাপ্রভু ভক্তগণের সহিত হরিসংকার্তন আরম্ভ করিয়া কিছুক্ষণ পরেই বলিতে লাগিলেন.—"আজ যেন আমার হৃদয়ে আনন্দের ক্তি হইতেছে না, মনে হয়, এস্থানে কোন বহিরদ্ধ লোক প্রবেশ করিয়াছে।" শ্রীশ্রীবাসপণ্ডিত বলিলেন,—"এস্থানে কোন অসংলোক প্রবেশ করে নাই, একজন নিম্পাপ, আকুমার ব্রন্ধচারী, হৃদ্ধপায়ী, তপথী ব্রাহ্মণ বিশেষ শ্রাদার সহিত আপনার সংকীর্তন শ্রবণ ও নৃত্য দর্শন করিতে আসিয়াছেন "ইহা শুনিয়া মহাপ্রভু অত্যন্থ ক্রুদ্ধ হইয়া ঐ ব্রহ্মচারীকে তংকণাৎ গৃহ হইতে বহিষ্কৃত করিয়া দিবার আন্দেশ করিলেন.—

তুই ভূজ ভূলি প্রান্ন অন্তর্গা দেখায়।
গ্রংপানে কড় মারে কেচ নাঠি পার।
চণ্ডালেও মানের শবন যদি কয়।
সেই মোর, মৃতিচ তার, জ নিঠ নিশ্চম।
সালাসীও মোর যদি না লয় শরণ।
সেহ মোর নহে, সতা বলিলুঁ বচন।
গজেশ্র বানর গোপে কি তপ করিল।
বলা দেখি, তারা মেরে কেম্ভে পাইল।
অস্তরেও তপ করে, কি হয় তাহার
বিনে মোর শরণ লইলে, নাহি পার।

-15: 51: 4: 25:82.85

ভরে ও লজ্জায় ব্রন্ধচারী শ্রীশ্রীবাসের গৃহ হইতে চলিয়া গেলেন ; কিন্তু, তিনি শ্রীমন্মহাপ্রভুর উপর ক্রুদ্ধ হইবার পরিবর্তে মনে মনে ভাবিলেন,—''আমার আজ পরম সৌভাগ্য! আমি যে অপরাধ করিয়াছিলাম, তাহারই দও পাইলাম ; কিন্তু আমি আজ সাক্ষাৎ বৈকুঠ দর্শন করিলাম।"

মক্তান্ত বহিম্ব ব্যক্তিগণের তায় ব্রহ্মচারীর শ্রীমহাপ্রভূকে বা তাঁহার ভক্তগণকে নিন্দা করিবার প্রবৃত্তি হয় নাই। তাই. তিনি মচিরে শ্রীমহাপ্রভূর কুপা পাইলেন। পরে মহাপ্রভূ ব্রহ্মচারীকে নিজ-সমীপে আহ্বান করিয়া তাঁহার মস্তকে স্বীর পাদপদ্ম-স্থাপনপূর্বক উপদেশ প্রদান করিলেন।

প্রভু বলে',—"তপঃ করি' না করহ বল। বিষ্ণৃভক্তি সর্বশ্রেষ্ঠ জানহ কেবল॥"

— চৈ: ভা: ম: ২০/e 8

সনেকে নিজের ব্রহ্মচর্য, মাভিজাতা ও তপস্থার অভিমানে গবিত হইয়া মনে করেন, ভগবন্ধক্তগণ কেনই-বা তাঁহাদিগকে হরিসংকীর্তন-প্রভৃতিতে অধিকার বা ভক্তগণের মধ্যে শ্রেষ্ঠ আসন দিবেন না ! কিন্তু লোকশিক্ষক মহাপ্রভৃ ঐ-লীলারারা এইরূপ বিচারের সমারতা শিক্ষা দিলেন। আরও জানাইলেন যে, কেবল নৈষ্ঠিক ব্রহ্মচর্য, সন্মাস বা নিম্পাপ জীবনের দ্বারাই মহাপ্রভৃর কুপা বা ভগবন্ধক্তি-লাভ হয় না। স্থনীতি বা গুনীতি—কোনটিই ভগবন্ধক্তির সোপান বা সঙ্গ নহে। ভগবন্ধক্তি ক্রীকৃষ্ণ ও ক্রীকৃষ্ণ-ভত্তর সহৈত্বকী কুপার দ্বারাই লভা৷ হ'ন।

বিচতারিংশ পরিচেছদ চাঁদ কাজী

শ্রীমহাপ্রভু শ্রীহরিনাম-প্রচারের প্রারম্ভে শ্রীশ্রীবাস-গ্রন্থর নিকটবতী নগরবাসীদিগকে প্রথমে হস্তে করতালির সহিত 'হরিনাম' করিতে আজ্ঞালেন। ক্রমশঃ নবন্ধীপের খারে-স্বারে মুদজ-করতালাদি-বাল্ডের সহিত সংকীতনের প্রচার আরম্ভ হইল। 'বক্তিয়ার খিলিজি'র আগমনের পর হইতে নবদ্বীপের ফৌজ্নার <mark>'চাঁদকাজী'র সময় পর্যন্ত 'হিন্দু</mark>য়ানি' অতান্ত ধর্ব হইয়া পড়িয়াছিল। হিন্দুগণ ভয়ে কখনও ভগবানের নাম প্রকাশে উচ্চারণ করিতে সাহসী হইতেন না; কিন্তু গ্রীচৈত্যুদেবের আবিভাবের পর তাঁহার নির্দেশানুসারে যখন নবদীপের ঘরে-ঘরে মুল্ক-করতালের সহিত উচ্চৈঃস্বরে হরিনাম-কার্তন হইতে থাকিল, তখন নবদ্বীপের তদানীস্তন শাসন-কর্তা চাঁদ কাজী ইহ। জানিতে পারিয়া একদিন সম্ভাকালে শ্রীমায়াপুরের শ্রীশ্রীবাস-অঙ্গনের নিকটবর্তী জনৈক কীর্তনকারী নগরবাসীর গুহে উপস্থিত হইয়া তাঁহার মৃদ্রু তাঙ্গিয়া দিলেন। ভবিষ্যুতে আর কোন নগরবাসী এইরূপ কীর্তনাদি করিলে তাঁহাকে বিশেষভাবে দণ্ডিত ও জাতিভ্রম্ভ হইতে হইবে ; এইরূপ ভয়ও তিনি দেখাইয়া গেলেন। যেস্থানে চাঁদ কাজীনগৰবাসীর খোল ভাঙ্গিয়া দিয়াছিলেন, সেস্থান তখন হইতে '(থাল-ভাঙ্গার ডাঙ্গা' নামে প্রসিদ্ধ হইয়া অভাপি শ্রীমায়াপুরে নিদিফ রহিয়াছেন !

নগরবাসী ক্ষুদ্ধ সজ্জনগণ এই-সমস্ত ঘটনা খ্রীমন্মহাপ্রাভূর নিকট নিবেদন করিলে শ্রীমহাপ্রভু অত্যস্ত ক্রুদ্ধ হইলেন এবং সকলকে আরও প্রবলভাবে সংকীর্তন করিতে আদেশ দিলেন। নগরিয়া-গণের অন্তরে কাজীর ভয় রহিয়াছে জানিয়া শ্রীমন্মহাপ্রভু সেই দিনই সন্ধাকালে শ্রীনিত্যানন্দপ্রভু, শ্রীঅধৈতপ্রভু ও শ্রীহরিদাস ঠাকুর-প্রভৃতি ভক্তগণের সহিত মিলিত হইয়া এবং সমস্ত নগর-বাসীকে একত্রিত করিয়া তিনটি বিভিন্ন সম্প্রদায়ে বিরাট কীর্তন-মণ্ডলী গঠন করিলেন ; পরে মহাসংকীর্তন-শোভাষাতা করিয়া নবদ্বীপ-নগর ভ্রমণ করিতে করিতে কাজীর গৃহের দ্বারে উপনীত হুইলেন। কাজী ভয়ে নিজের গৃহের অভ্যস্তরে লুকাইয়া রহিলেন। শ্রীমহাপ্রভু কাজীকে বাহিরে ডাকাইরা আনাইরা ইস্লাম-ধর্ম-সম্বন্ধে নানাবিধ প্রশ্ন করিতে লাগিলেন। কাজী মহাপ্রভুর মূর্ধ ধর্মসিদ্ধান্ত শুনিয়া নিরুত্তর হইলেন। কাজী বলিলেন,—যে-দিন তিনি মূদক ভাঙ্গিয়া নবদ্বীপবাসীদিগকে কীর্তন করিতে নিষেধ করিয়াছেন, সেই রাত্রিতে মান্তমের তার শরীর ও সিংহের তায় মস্তকবিশিষ্ট এক মহাভয়ন্ধর মৃতি তাঁহার বৃকের উপরে একল'ড়ে আরোহণ করিয়া দম্ভ কড়্মড় করিতে করিতে তাঁহাকে ভর দেখাইয়া বলিতেছিলেন,—''তুমি হরি-কীর্তনের খোল ভাঙ্গিয়াছ. আমি তোমার বক্ষঃ বিদারণ করিব, তোমাকে সবংশে বধ করিব।" কাজী ইহা বলিয়া মহাপ্রভকে নিজবক্ষে নৃসিংহের নংখর আঁচড় দেখাইলেন। কাজী আরও বলিলেন যে. সেই দিন তাঁহার ^{এক} পেয়াদা—যাহাকে তিনি কীর্তনে বাধা দিবার জন্ম পাঠাইয়াছিলেন, সে তাঁহার (কাজীর) নিকট আসিয়া বলিয়াছে যে, কোখা হ**ই**তে হঠাৎ অগ্নি-উন্ধা আসিয়া তাহার মুখে লাগিয়া তাহার সমস্ত দাড়ি পুড়াইয়া মুখ দগ্ধ করিয়া দিয়াছে। সেই পেয়ালা তাঁহাকে আরও জানাইয়াছে,—''আমি হিন্দুদিগকে বলিলাম, তোমৱা কেহ কেহ 'কুফদাস', 'রামদাস', 'হরিদাস'— এইরূপ নাম-পরিচয়ে 'হরি. হুরি' বলিয়া থাক, 'হুরি, হুরি'-শব্দে 'চুরি করি, চুরি করি', এই অর্থ হয়; তাহাতে বোধ হয়, অপরের গুতের ধন-সম্পত্তি-প্রভৃতি চুরি করিবার অভিপ্রায়েই তোমরা 'হরি, হরি'-শব্দ উচ্চারণ কর। ষে-দিন আমি তাঁহাদের সহিত এরপ পরিহাস করিয়াছি, সে-দিন হুইতেই আমার জিহ্বা অনিজ্ঞা-সত্ত্বও 'হরি, হরি' বলিতেছে।" কাজী আরও জানাইলেন.—ইহার পর একদিন কতকগুলি 'পাষ্ডী হিন্দু' তাঁহার নিকট আদিয়া অভিযোগ করিয়াছে,—''নিমাই হিন্দুর ধর্ম নন্ত করিতেছে : পূর্বে মঙ্গলচণ্ডী ও বিবহরিপ্জায় রাজি জাগরণ করাই ধর্ম-কর্ম বলিয়া লোকে জানিত, কিন্তু নিমাই পণিত 'গ্য়া' হইতে আসিয়া সমস্থ বিপরীত ধর্ম-মত প্রবর্তন করিয়াছে। মুদ্দ-করতালের স্হিত সম্য়ে-অস্ময়ে উচ্চ কীর্তনের ধ্বনিতে আমাদের কাণে তালা লাগিতেছে, রাত্তিতে নিদ্রার বাঘাত ও নগরে শান্তিভঙ্গ হইতেছে! নিমাই নিজের নাম পরিবর্তন করিয়া এখন আবার সর্বত্ত আপনাকে 'গৌরহরি' বলিয়া প্রচার করিতেছে। ইহাতে হিন্দুর ধর্ম নন্ট হইয়া গেল, নবছীপ-নগর উৎসন্ধ হইল। ইহার ফ্লে কেবল কতকগুলি নীচ ব্যক্তির আম্পাধা বাড়িয়া যাইতেছে! হিন্দুর ধর্মে 'ঈশ্রের নাম' মনে-

মনে লইবারই ব্যবস্থা আছে : কিন্তু এই নিমাই বিপরীত মত প্রবর্তন করিয়া নবদ্বীপের শাস্তিভঙ্গ করিতেছে ! অতএব আপনি বখন আমাদের আমের শাসন-কর্তা, তখন ইহার একটা ব্যবস্থা করুন। নিমাইকে ডাকাইয়া অবিলয়ে নবদ্বীপ-গ্রাম হইতে বাহির করিয়া দি'ন।"

শীমহাপ্রভু কাজীর মুখে শ্রীহরিনাম-উচ্চারণ শ্রবণ করিয়া তাঁহার প্রতি প্রসন্ধ হইলেন এবং তাঁহাকে স্পর্শ করিয়া বলিলেন যে, যখন তিনি 'হরি', 'কৃষ্ণ,' নারায়ণ' নাম উচ্চারণ করিয়াছেন, তখন তাঁহার সমস্ত অশুভ বিদূরিত হইয়াছে। কাজীও মহাপ্রভুর শ্রীচরণ স্পর্শ করিয়া তাঁহার চরণে ভক্তি যাজ্রা করিলেন। যাহাতে নবদ্বীপ-নগরে আর সংকীর্তন বাধাপ্রাপ্ত না হর, — মহাপ্রভু কাজীর নিকট এই অমুরোধ জ্ঞাপন করিলে কাজী প্রতিজ্ঞা করিয়া বলিলেন,—''আমার বংশের কেহই কোন দিন কীর্তনে বাধা দিতে পারিবে না। আমি আমার বংশে এই 'তালাক'* দিয়া যাইব।'' অস্তাপি শ্রীমায়াপুর-নবদ্বীপে কাজীর বংশধরগণ শ্রীনবদ্বীপপ্রক্রম-কালে কৃষ্ণ-সংকীর্তনে যোগদান করেন।

-040---

^{*} দিবা বা শপথ।

ত্রিচত্বারিংশ পরিচ্ছেদ গ্রীমন্মহাপ্রভুর বিশ্বরূপ-প্রদর্শন

একদিন শ্রীঅদ্বৈতাচার ' শুরীবাস-অঙ্গনে' গোপীভাবে নৃত্য ও কীর্তন করিতেছিলেন। কিছুতেই নৃত্য সম্বরণ করিতেছেন না দেখিরা ভক্তগণ সকলে মিলিরা আচার্যকে স্থির করাইলেন। শ্রীশ্রীবাস ও শীরামাই স্নানার্থ গমন করিলে শ্রীক্ষরিতাচার্য প্রেমভরে শুরীবাস-অঙ্গনে পুনংপুনং গড়াগড়ি দিতে লাগিলেন। আচার্যের এই আতির কথা শ্রীমন্মহাপ্রভর গতে তাঁহার নিকট পৌছিল। তৎক্রণে শ্রীগোরস্কুলর শ্রীশ্রীবাস-মন্দিরে আগমনপূর্বক শ্রীঅদ্বৈতাচার্যকে লইরা শ্রীবঞ্মন্দিরের দার বন্ধ করিলেন এবং আচার্যের কি অভিলাব আছে, তাহা জিজ্ঞাসা করিলেন। শ্রীমদ্দ-অদৈতাচার্য বলিলেন, 'প্রভা! তুমি শ্রীক্ষাবতারে শ্রীবর্জু নকে যে 'বিশ্বরূপ' দেখাইয়াছিলে, তাহা আমাকে দেখাও।"

'শ্রীমন্তগবদ্গীতা'র একাদশ অধ্যায়ে এই 'বিশ্বরূপে'র বর্ণনা আছে। বিশ্বরূপ প্রদর্শন করিবার প্রাক্কালে শ্রীভগবান্ শ্রীকৃষ্ণ শীঅর্জুনকে বলিতেছেন.—

প্রা মে পাথ । রপাণি শত্শাহং সংশ্রশঃ।
নামাবিধানি দিবানি নামাবর্গার্কতীনি চ ॥
প্রাদিতানে বসুন্ রাদ্রান্থিনৌ মকতস্থা।
শহুরাদুইপুরাণি প্রাশ্রাণি ভারত॥

মনে লইবারই ব্যবস্থা আছে : কিন্তু এই নিমাই বিপরীত মত প্রবর্তন করিয়া নবদ্বীপের শাস্তিভঙ্গ করিতেছে ! অতএব আপনি যখন আমাদের গ্রামের শাসন-কর্তা, তখন ইহার একটা ব্যবস্থা কর্ফন। নিমাইকে ডাকাইয়া অবিলপ্তে নবদ্বীপ-গ্রাম হইতে বাহির করিয়া দি'ন।"

শ্রীমহাপ্রভু কাজীর মৃথে শ্রীহরিনাম-উচ্চারণ শ্রবণ করিয়া তাঁহার প্রতি প্রসন্ন হইলেন এবং তাঁহাকে স্পর্শ করিয়া বলিলেন যে, যখন তিনি 'হরি', 'কৃষ্ণ,' নারায়ণ' নাম উচ্চারণ করিয়াছেন, তখন তাঁহার সমস্ত অশুভ বিদূরিত হইয়াছে। কাজীও মহাপ্রভুর শ্রীচরণ স্পর্শ করিয়া তাঁহার চরণে ভক্তি যাজ্রা করিলেন। যাহাতে নবদ্বীপ-নগরে আর সংকীর্তন বাধাপ্রাপ্ত না হয়, — মহাপ্রভু কাজীর নিকট এই অমুরোধ জ্ঞাপন করিলে কাজী প্রতিজ্ঞা করিয়া বলিলেন,—''আমার বংশের কেহই কোন দিন কীর্তনে বাধা দিতে পারিবে না। আমি আমার বংশে এই 'তালাক'* দিয়া যাইব।'' অস্তাপি শ্রীমায়াপুর-নবদ্বীপে কাজীর বংশধরগণ শ্রীনবদ্বীপপরিক্রম-কালে কৃষ্ণ-সংকীর্তনে যোগদান করেন।

-o * a —

^{*} দিবা বা শপধ।

ত্রিচত্বারিংশ পরিচেছদ গ্রীমন্মহাপ্রভুর বিশ্বরূপ-প্রদর্শন

একদিন শ্রীঅদ্বৈতাচার 'শু শ্রীবাস-অঙ্গনে' গোপীভাবে নৃত্য ও কীর্তন করিতেছিলেন। কিছুতেই নৃত্য সম্বরণ করিতেছেন না দেখিরা ভক্তগণ সকলে মিলিরা আচার্যকে স্থির করাইলেন। শ্রীশ্রীবাস ও শ্রীরামাই স্নানার্থ গমন করিলে শ্রীঅদ্বৈতাচার্য প্রেমভরে শিশ্রীবাস-অঙ্গনে পুনঃপুনঃ গড়াগড়ি দিতে লাগিলেন। আচার্যের এই আতির কথা শ্রীমন্বহাপ্রভুর গৃহে তাঁহার নিকট পৌছিল। তৎক্ষণে শ্রীগোরস্করের শ্রীশ্রীবাস-মন্দিরে আগমনপুরক শ্রীঅদ্বৈতাচার্যকে লইরা শ্রীবঞ্চ্মন্দিরের দ্বার বন্ধ করিলেন এবং আচার্যের কি অভিলাষ আছে, তাহা জিজ্ঞাসা করিলেন। শ্রীমদ্-অদ্বৈতাচার্য বলিলেন, শ্রভো! তুমি শ্রীকৃষ্ণাবতারে শ্রীঅর্জ্ নকে যে 'বিশ্বরূপ' দেখাইয়াছিলে, তাহা আমাকে দেখাও।"

শ্রীমন্তগবদ্গীতা'র একাদশ অধ্যায়ে এই 'বিশ্বরূপে'র বর্ণনা আছে। বিশ্বরূপ প্রদর্শন করিবার প্রাক্কালে শ্রীভগবান্ শ্রীকৃষ্ণ শ্রীঅর্জুনকে বলিতেছেন,—

> প্ল মে পাথ ! রপাণি শত্শোহৎ সহস্রশঃ নানাবিধানি দিবানি নানাবর্গার্কুটানি চ । প্লাদিত্যান্ ব্যুন্ কদানখিনে মকত্ত্ব। বহুনাদৃষ্টপুবাণি প্লাশ্হাণি ভারত ।

ইতিকক্ষ জগৎ কংশ্ব: পশাখ্য সচরাচরম্।
মন দেহে গুড়াকেশ ! যজাগুদুভুটুনিচ্ছিদি॥
মাতু মাং শকাদে জুটুননেনৈর স্বচক্ষা।
দিবাং দদামি তে চক্ষঃ পশামে যোগমৈধ্বম্॥

- sil: 2218. r

শ্রীকৃষ্ণ কহিলেন, 'হে অজুন। তুমি আমার যোগৈশ্বর্য দেখ। আমার শত শত ও সহস্র-সহস্র নানাবিধ দিব্য রূপ ও নানাবর্ণের আকৃতি প্রত্যক্ষ কর। হে ভারত! আদিতাসমূহ, বসুসমূহ, রুদ্র-সমূহ, অধিনীকুমার-দ্বয়, মরুৎসমূহ ও অনেক অদৃষ্টপূর্ব আশ্চর্য রূপ দেখ। সচরাচর জগৎ ও যাহা কিছু দেখিতে চাও,সমস্তই আমার এই ঐশ্বর্যময় স্বরূপের মধ্যে একত্র অবস্থিত। অতএব হে অর্জুন! অপর যাহা যাহা দেখিতে চাও, সে-সমৃদয়ই তুমি আমার শ্রীকৃষ্ণ-স্বরূপের একনেশে দর্শন কর। এই মানবচক্ষ্রারা তুমি আমাকে দেখিতে পারিবে না। তুমি আমার নিত্য-পার্যদ; তোমার স্বাভাবিক যে নিরুপাধিক প্রেমচক্ষুং, তাহার দ্বারা কুঞ্চস্বরূপ দর্শন কর। এই কুষ্ণস্বকপই আমার নিত্যস্বরূপ, আর আমার যোগৈশ্বর্যময় বিরাট্ রূপটী প্রাকৃত ও অনিতা ; কারণ, তাহা বিশ্বের সহিত সম্বন্ধযুক্ত। অতএব তোমাকে সামি দেবতাগণের উপযোগী ঐশ্বৰ্যময় দিবা-চক্ষ্ণ দান করিতেছি, তদ্ধারা আমার ঐথব্যময় স্বরূপ দর্শন কর।"

শ্রীকৃষ্ণ নিজ-পর্ষদ শ্রীঅর্জুনকে দেবতাগণের উপযোগি চক্ষ্ট (দিব্যচক্ষ্ট) দান করিয়া তাঁহার ঐশ্বর্যময় রূপ দর্শন করাইয়াছিলেন এবং তাঁহার নিত্য দ্বিভূজ-রূপ সঙ্গোপন করিয়াছিলেন ; শ্রীগোর-হরিও শ্রীঅধৈতাচার্যের নিকট তাহাই করিলেন।

255

নগর ভ্রমণ করিতে করিতে অন্তর্থামী শ্রীনিত্যানন্দ শ্রীশ্রীবাস-মন্দিরের বিফুগতের রুদ্ধ দ্বারে আসিয়া নিজের আগমন-বার্তা জ্ঞাপন করিলেন। শ্রীগোরস্থানর দার উন্মোচন করিয়া শ্রীনিত্যা-নন্দকে গৃহের অভাস্থারে লইয়া গেলেন।

বিশ্বের প্রকাওমূতির প্রতীক্ষকপ—'বিশ্বরূপ'; তাহা নিতা নহে, তাহা প্রীবিফুর অবতারের নিতা নাম, রূপ, গুণ, পার্বদ ও লীলার সহিত সমান নহে। শ্রীঅর্জুন এতাদৃশ বিচারই প্রদর্শন করিয়াছিলেন। তিনি বিশ্বরূপের উপস্কোর করিবার জন্ম প্রার্থনা জানাইলে শ্রীক্ষ তাঁহার হক্তি দ্বিভূজ-রূপ প্রদর্শন করিয়াছিলেন। *

শ্রীঅবৈতাচার্য-প্রভূর শ্রীমন্মহাপ্রভ্র নিকট বিশ্বর প্রকাও প্রাকৃত-মৃতি দর্শন করিবার অভিলাধের অভিনয় ও মহাপ্রভূর তাহা প্রদর্শনের মধ্যে একটি গৃঢ় রহস্থ গাছে। শ্রীমন্মহাপ্রভূর সমসাময়িক-যুগেই শ্রীঅবৈতাচার্যের পুত্র ও অনুগতের পরিচয় প্রদান করিয়া কতকগুলি লোক শ্রীমন্মহাপ্রভূকে স্বয়া ভগবান্ বলিয়া শ্রীকার করিতে আলৌ প্রস্তুত ছিল না। তাহারা শ্রীমন্মহা-প্রভূকে শ্রীঅবৈতাচায়-প্রভূর সেবক বলিবার জন্ম উদ্গ্রাব হুইয়াছিল। বিশ্বরপলীলা প্রদর্শন করিয়া শ্রীমন্মহাপ্রভূ লেখাইলেন * 'প্রকং রুগং দুব্যায় ভূয়া" - (গা: ১০ ০০) ছিত্র নয়লার-চতুর্ত্রকণ্ডির

শকর্থনির্দেশাং। তদ্বিজ্ঞাণ ন ভক্ত সাক্ষাংশ্বরণীতি শান্তন " — কুং সং দ্ব 'তিনি পুনরায় শক কর্থাং বকাং রোগ প্রন্থন করিয়াছিলেন।' – গীতার এই উলিকাবা নরাকার চতুত্বিজ্ঞাপরই শক্ত কর্থাং গীবজ্ঞান নিদিন্ত ইইবাছে। অতএব বিশ্বজ্ঞাণ বে তাঁহার (একুক্ষেত্র) সাক্ষাংশব্রণ নহে, ইছাই শান্ত। বে, বিশ্বের উপাদান-কারণের অধীশ্বর শ্রীঅবৈতাচার্য-প্রভুরও প্রভু শ্রীমন্মহাপ্রভু। বিশ্বের প্রকাওমৃতি শ্রীশ্রীগৌরকৃষ্ণ-স্বরূপের একদেশে অবস্থিত।

> এক মহাপ্রভু, আর প্রভু তুইজন। ভূই প্রভু সেবে মহাপ্রভুর চরণ॥

> > -(6: 6: 3): 9|28

চতুশ্চত্বারিংশ পরিচ্ছেদ 'ফুঃগী', না 'সুখী' ?

ত্রী চৈতন্তদেবের শিক্ষায় শুনিতে পাই,-—
দীনেরে অধিক দল্ল করে' ভগবান্।
কুলীন, পণ্ডিত, ধর্মার বড় অভিযাম।

- - 26: 5: A: Pier

—এই কথা শ্রীমন্মহাপ্রভ্র সর্বত্রই তাঁহার আচরণের মধ্যে প্রদর্শন করিয়াছেন। তিনি দেখাইয়াছেন,—"যেই ভজে সেই বড়, অভক্র—হীন, ছার।" সত্য সত্যই শ্রীচেতন্ত-লীলার ব্যাস্থ্রীল রন্দাবন গাহিয়াছেন,—

শ্রবাসের দাস-দাসী থাহারে দেখিল।
শার পড়িয়াও কেহ তাঁহা না জানিল।
ম্রারি- ওপ্তের দাসে যে প্রসাদ পাইল।
কেহ মাথা মুড়াইয়া তাহা না দেখিল।

যাবৎ-কাল গীতা-ভাগবত সাবে পছে।
কেই-বা পড়ার, কারো বর্ম নাহি বড়ে।
কেই কেই পরিপ্রত কিছু নাহি লয়।
বুণা আকুনার-ধর্মে শরাব শোষর।
বড় কাঁতি ইইলে চেত্রে নাহি পাই।
ভিজ্ঞিবশ সাবে প্রাড়—ভারি বেদে গাই।

--- (50 '6 : 20 : - - 246 244, 242,248, 242

শ্রী শ্রীবাদের বাড়ীর দাসী ও শ্রীম্রারিওপ্রের বাড়ীর ভূতা যে সন্থ এই লাভ করিয়াছেন, মন্তক মুখন করিয়। সন্ধাসী সাজিয়া, সাকুমার ব্রহ্মচর্য-পালনপূর্বক শরীর শোষণ করিয়া, অপরের দানাদি-গ্রহণে বীতস্পৃহা প্রদর্শন করিয়া গীতার অধায়ন ও অধ্যাপনা করিয়াও অনেক তপন্থী, কুলীন, ব্রাহ্মণ, পণ্ডিত, ধনবান্ বাজি তাহা প্রাপ্ত হ'ন নাই। লোকের নিকট কীতিমান্ হইলেই শ্রীটেতক্সচন্দ্র বনীভূত হ'ন, ইহারই জ্লন্ত সাক্ষা আমরা শ্রীশ্রীবাদের বাড়ীর এক লাসীর চরিত্র শেখতে পাই।

শু-শ্রীবাস পণ্ডিত তথাক্ষিত সন্নার্গা বা তথাক্ষিত আকুমার ব্রুদ্ধারী ছিলেন না, তিনি ছিলেন শ্রীগোরস্থান্তুসন্ধানময় গৃহের নিতা গৃহস্ত : তিনি ভক্তির ধারা শ্রীমন্মহাপ্রভুকে এরপ বন্দ করিয়াছিলেন যে, তাঁহার গৃহে প্রভুর নিতা সংকীর্তন-বিলাস ইইত। সংকীর্তনের পর যখন মহাপ্রভু ভক্তগণ-পরিবেষ্টিত ইইয়া শ্রীশ্রীবাস-অঙ্গনে উপ্রেশন করিতেন, তখন কোন কোন দিন ভক্তগণ মহাপ্রভুকে ঘ্রেই স্লান ক্রাইয়া দিতেন। যতক্ষণ মহাপ্রভু নৃত্য করিতেন, ততক্ষণ শ্রীশ্রীবাসের গৃহের এক দাসী মহাপ্রভুর স্নানের জন্ম গলা হইতে বহু কলসী জল বহন করিয়া লইয়া যাইতেন। সেই দাসীর নাম ছিল—'জ্ফৌ'। 'জ্ফৌ' গলাজলপূর্ণ কলসী চতুদিকে সারি-সারি রাখিয়াছেন দেখিয়া একদিন মহাপ্রভু পণ্ডিত শ্রীশ্রীবাসকে জিজ্ঞাসা করিলেন,—'প্রত্যুহ কে গলা হইতে এই-সকল জল আনয়ন করিয়া খাকে ?'' পণ্ডিত বলিলেন,—'প্রভো! 'জ্ফৌ'ই এই সেবাটি করিয়া খাকে।'' মহাপ্রভু বলিলেন,—'আজ হইতে তোমরা আর কেহই তাহাকে 'জ্ফৌ' বলিও না, সকলে তাহাকে 'মুখী' বলিরা ডাকিও। এইরূপ ভক্তিমতীর কিছুতেই 'জ্ফৌ' নাম থাকা যোগ্য নহে। যিনি বৈশ্ববের গৃহের পরিচারিকা, বৈশ্বব-সেবাই বাহার ব্রত, পৃথিবীতে তাহার আয় স্থী আর কে!'

ই শ্রীবাসের পরিচারিকার প্রতি শ্রীমন্মহাপ্রভ্র এই আশীর্বাণী শ্রবণ করিয়া ভক্তগণ পরমানন্দিত হইলেন এবং সেই দিন হইতেই তাহাকে 'স্থী' বলিয়া ডাকিতে লাগিলেন। শ্রী শ্রীবাস পণ্ডিও আর সেই মহাভাগ্যবতী শ্রীগোর-সেবিকার প্রতি দাসী-বৃদ্ধি না করিয়া নিতা গৌর-সেবিকারূপে দর্শন দিতে লাগিলেন।

পাঠকগণ! এই স্থানে শ্রীঞ্রীবাসের দাসীর ভাগোর সহিত শ্রীশ্রীবাসের শ্বাশুড়ীর ভাগ্য তুলনা করুন। দাসী হইয়াও অকপটতা ও অহৈতৃকী সেবাবৃত্তির বলে একজন পরমস্থনী ইউলেন, কিন্তু শ্রীশ্রীবাসের শ্বাশুড়ীর অভিমান করিয়াও আর একজন শ্রীশ্রীবাসের গৃহ হইতে বিতাড়িত ও মহাহঃশ্রী হইলেন। তৃগ্ধপায়ী ব্রহ্মচারীর আয় দাসী কি কোন কঠোর তপস্থা করিয়াছিলেন : না, তাঁহার কোন ধন, কুল, বিজা, পাণ্ডিতা, তপস্যা ছিল ! তাই শ্রীচৈতত্ত্ব-লীলার ব্যাস বলিয়াছেন,—

প্রেমধ্যাগ্রে সেব। করিবেই রক্ষ পরি।
মাধা মৃত্যুইরে ধমনও না এড়াই ।
নামা এই বি এসাদ ছৈবোঁবে এইল ।
বুধা অভিমনো ধ্রাত হল না নোলন ।

--रिष्ठः छाः यः २०१३म २२

পঞ্চত্তারিংশ পরিচ্ছেদ শ্রীশ্রীবাস-পত্রের পরলোক-প্রাপ্তি

শ্রীশ্রীবাস পণ্ডিত গুদ্ধ-ভক্তগণের আদর্শ-বরূপ। কিরূপ-ভাবে বৈঞ্ব-গৃহস্ত শ্রীশ্রীগুক্ত-গৌরাঙ্গের স্থপান্তসন্ধানের জক্ত সর্বদা সর্বেন্দ্রিয়ে সর্বতোভাবে সচেন্ট থাকিবেন, সেই সবোভম আদর্শ, শ্রীশ্রীবাস পণ্ডিত গৃহস্থালীর অভিনয় করিয়া সুধী-জীবজগণকে শিক্ষা দিয়াছেন।

শাস্ত্রে 'গৃহস্ত' ও 'গৃহরত'—এই তৃইটি শব্দ ভনিতে পাওয়া যায়। যাঁহারা হরিদেবাপরায়ণ গৃহস্থ, তাঁহাদের আত্মা, দেহ, গৃহ, পুত্র, পরিজন সমস্তই কৃষ্ণদেবার উপকরণ; তাঁহাদের সংসার কৃষ্ণের স্থামুসন্ধানের সংসার। আরু যাহারা গৃহব্রত বা গৃহমেশী, তাহাদের সংসার – তোগের সংসার – মায়ার সংসার অর্থাৎ আত্মেন্দ্রির-সুখারুসন্ধানের সংসার; তাহারা স্বস্থ-দেহগেহাদিতে আসক্ত হইয়া পুণ্য ও পাপের ভোক্তরূপে সুখ ও ছঃখের নাগর-দোলায় ঘূর্ণিত হয়।

বিশ্বে যে শ্রীচৈতন্তের সংকীর্তন-ধর্ম প্রচারিত হইরাছে, তাহা বৈষ্ণব-গৃহস্থের লীলাভিনয়কারী শ্রীশ্রীবাসের ভজনমর গৃহ হইতেই প্রকটিত হইয়াছিল। শ্রীশ্রীবাস গৌরস্থন্দরের সংকীর্তন-যজ্ঞে সর্বস্ব আহুতি দিয়াছিলেন। তাঁহার অখিলচেফ্টা সেই সংকীর্তন-মুক্তরেই ইন্ধনস্বরূপ হইয়াছে। অতএব শ্রীশ্রীবাসের গৃহ—ভোগের আগার নহে, তাহা এই প্রপঞ্চে বৈকুঠের অবতার।

একদিন শ্রীবাস-মন্দিরে শ্রীমন্মহাপ্রভু শ্রীশ্রীবাসাদি ভত-গণসহ সংকীর্তন-বিলাসে প্রমত্ত ছিলেন। অকস্মাৎ ব্যাধিযোগে 🚉 শ্রীবাসের পুত্র শ্রীবাসের গৃহেই পরলোক গমন করিলেন। পুরনারীগণ শোকে বিহ্বল হইয়া ক্রন্দন করিতে আরম্ভ করিলেন। ক্রন্দনের ধ্বনি শ্রাবণ করিয়া পণ্ডিত শ্রীশ্রীবাস সন্তঃপুরে প্রবেশ করিয়া দেখিলেন যে, তাঁহার পুতের পরলোক-প্রাপ্তি ঘটিয়াছে। যিনি ভগবন্ধক্ত, তিনি ইহাতে অধৈষ হইবেন কেন? ওজ্জ্মই 'পরমগন্তীর মহাতত্বজ্ঞানী' ভক্তরাজ <u>ই</u>ীতাস নারীগ^{ণ্}কে এইরূপে প্রবোধ দিতে লাগিলেন,—''তোমরা শাস্ত হও, ক্রন্দর্ন করিও না। যাঁহার নাম একবার মাত্র শ্রবণ করিলে মহাপাতকী^ও শ্রীকৃঞ্ধানে গমন করে, সেই প্রভূ সপার্যদ সাক্ষান্তাবে এইস্থানে ৰূতা করিতেছেন, এই সময় ধাঁহার পরলোক-গমন হই^{য়াছে,} তাঁহার জন্ম কি আর শোক করিতে হয় ? যদি কোন কালে ^{এই}

শিশুর মত ভাগ্য পাই, তবে আপনাকে কুতকুতার্থ মনে করিব।

যদি বল, তোমরা সংসারধর্মে আসক্ত বজিরা শোক সম্বরণ কবিতে

পারিতেছ না, তবে বলি, ক্রুন্সনের অনেক সময় আছে। এখন
তোমাদের ক্রুন্সনেরোলে যেন খ্রীমন্মহাপ্রভুর সংকীর্তন-মূত্য
স্থাবের কোনওরূপে বাধা না হয়। যদি তোমাদের কল্পর গুনিয়া

শ্রীমন্মহাপ্রভু কোনরূপে বাধ্যক্ষা লাভ করেন, তবে নিশ্চয়

জানিও, আমি গদায় প্রবেশ করিরা আত্মহত্যা করিব।"

শ্রী শ্রীবাস পণ্ডিতের বাক্য শ্রবণ করিয়া পুনারীগণ সকলে স্থির হইলেন। শ্রী শ্রীবাস পণ্ডিত পুনবার শ্রীমন্মহাপ্রভার সহিত্ত সংকীর্তনে যোগদান করিয়া নিরুদ্ধের ও পরমানলে সংকীর্তন করিতে লাগিলেন। কিছুকাল পরে ভক্তগণ পরম্পরায় শুনিতে পাইলেন যে, পণ্ডিতের পুত্র পরসোকে গমন করিয়াছেন, তথাপি কেই কিছুই প্রকাশ করিলেন না। কিছুক্ষণ পরে সর্বজ্ঞ শ্রীমন্মহাপ্রভু স্বয়ংই বলিলেন,—"প্রাজ্ঞ যেন আমার চিত্ত কিরূপ করিতেছে। মনে হয়, পণ্ডিতের গৃহে কোন বিশেষ হার্য উপস্থিত হইয়াছে।" শ্রীশ্রীবাস পণ্ডিত বলিলেন,—"প্রভো! যে স্থানে তুমি সানলে নৃত্য করিতেছ, সে-স্থানে কি কোন হার্য হইতে পারে ?"

অক্সান্ত ভক্তগণ শ্রমন্মহাপ্রভুর নিকট শ্রীশ্রীবাস পণ্ডিতের পুত্রের পরলোক-প্রান্তির বৃত্তান্ত বলিলেন। শ্রীমন্মহাপ্রভু জিজ্ঞানা করিলেন,—"কতক্ষণ-যাবং পণ্ডিতের পুত্রের পরলোক-প্রান্তি ঘটিয়াছে!" ভক্তগণ বলিলেন,—"আড়াই প্রহর ২ইবে। কিন্তু, পণ্ডিত আপনার সংকীর্তনানন্দ-ভঙ্গের ভরে একথা কাহারও নিকট প্রকাশ করেন নাই।" এই কথা শুনিয়া মহাপ্রভু বলিতে লাগিলেন,—"গ্রামি এইরূপ ভক্তের সঙ্গ কিরূপে পরিত্যাগ করিব?"

> "পুত্রশোক না জানিল যে মোহোর প্রেমে। ফেন সব-সম্ব মৃত্তি ছাড়িব কেমনে॥"

—देहः छाः मः २६।६२

— ইহা বলিতে বলিতে মহাপ্রভূ রোদন করিতে লাগিলেন।
শীমন্মহাপ্রভূর এই ইঙ্গিতগর্ভ বাক্য শ্রবণ করিয়া ভক্তগণ সকলেই
চিন্তাকুল হইলেন,—"না জানি, শ্রীমন্মহাপ্রভূ গৃহস্থলীলা
পরিত্যাগ করিয়া অচিরেই সন্ধ্যাস-লীলা প্রকাশ করেন!"
পরলোকগত শিশুর সংকারের জত্য সকলে ব্যস্ত হইলেন; কিন্তু
শীমন্মহাপ্রভূ মৃতশিশুকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন,—"তুমি
শ্রীবাদের ঘর পরিভ্যাগ করিয়া কি জত্য অন্যত্র যাইতেছ?"

কি আশ্চর্য! শ্রীমন্মহাপ্রভুর কুপাপ্রভাবে মৃতশিশুর মুখেও তত্ত্ব-কথা বহির্গত হইল! শিশু বলিতে লাগিল,—"প্রভো! আপনি যাহার প্রতি যেরূপ বিধান করেন, উহার অন্যথা করিবার সাধ্য কাহার আছে? আমাকে বর্তমানে যে-স্থানে যাইবার ব্যবস্থা করিয়াছেন, আমি তথায়ই গমন করিতেছি। যতদিন এই গৃহে অবস্থান করিবার দৌভাগ্য ছিল, ততদিন এ-স্থানে বাস করিলাম, এখন অন্য স্থানে যাইতেছি; সপার্ধদ আপনার শ্রীচরণে কোটিকোটি নমস্কার। আপনি আমার শত অপরাধ নিজ্ঞণে মার্জনা করুন।" ইহা বলিয়াই শিশু নীরব হইল। মৃতপুত্রের মুখে এইরূপ অপ্বী তর্কথা শ্রবণ করিয়া শ্রীবাদগোষ্ঠি পুত্রশোক বিশ্বত হইলেন। শ্রীশ্রীবাদ পরিবারবর্গের সহিত শ্রীমন্মহাপ্রভুর শ্রাচরণ ধরিয়া ক্রন্দন করিতে করিতে প্রভুর চরণে অহৈতুকী প্রেমভক্তি হাজ্ঞা করিলেন।

পাঠিকগণ ! শ্রীশ্রীণাদের এই আদর্শের দারা শ্রীমশ্মহাপ্রভু আমাদিগকে যে মহতী শিক্ষা প্রদান করিয়াছেন, তাহার তুলনা <mark>নাই। সাধারণ গৃহব্রত মনুষ্য ও হরিভন্দনপরায়ণ গৃহস্থের আকার</mark> বাহাদৃষ্টিতে দেখিতে এক হইলেও উভয়ের অন্তুনিষ্ঠা সম্পূর্ণ পৃথক। বৈষ্ণব-গৃহস্ত 'কুঞের সংসার' করেন, তিনি মায়ার সংসার করেন না । 'কুষ্ণের সংসারে'র অর্থ ই—গ্রীনাম-সংকীর্তনের সংসার। সেই সংসারের প্রভুই—ঐ্রিচতফ্রংসবিগ্রহ শ্রীকৃঞ্নাম 🔻 শুদ্ধ-বৈষ্ণৰ কখনও নিজেকে 'প্ৰভূ' বলিয়া অভিমান করেন না। ঞীকুঞ্চনামকে 'সংসারের প্রভু' বলিয়া উপলব্ধি হইলে শোক-মোহাদি অনাজ-ধর্ম আক্রমণ করিতে পারে না, তখন সমস্তই কুষ্ণের সেবার অমুকূল ব্যাপার-রূপে দৃষ্ট হয়। এ শ্রীবাসাদি আতৃচতুষ্টয় শরণাগত আদর্শ বৈঞ্ব-গৃহস্থের কিরূপ চিত্তর্নিত হওয়া উচিত, তাহাই প্রদর্শন করিয়াছেন। তাহার। বিপদে বা শোকে মৃহ্মান না হইয়া সদৈতে খ্রীমহাপ্রভুকে জানাইয়াছেন,—

> ওহে প্রাণেশ্বর! এ-ছেন বিপদ, প্রতিদিন যেন হয়। যাহাতে তোমার, চরণ-মুগলে, আসক্তি বাড়িতে রয়॥

বিপদ-সম্পদে, শুসেই দিন ভাল,

' যে-দিন তেমোরে শ্বরি।
ভোমার শ্বরণ- রহিত যে-দিন,
সে-দিন বিপদ হরি॥

শ্রীমন্মহাপ্রভূ শ্রী শ্রীবাস পণ্ডিতকে বলিলেন,—"আমি ও শ্রীনিত্যানন্দ এই ছইজন তোমার পুত্র থাকিতে তোমার তৃঃখ কি? পুত্র-শোকাদি অবশাস্তাবী সংসার-তৃঃখ তোমাকে স্পর্শ করিতেও পারে না। তোমার কথা দূরে থাকুক, যিনি তোমাকে দর্শন ও স্মরণ করেন, তাঁহাকেও সংসার স্পর্ণ করে না।"

শ্রীগোরহরি সমস্ত ভক্তের সহিত শ্রীশ্রীবাসের পরলোকগত বালককে লইয়া কার্তন করিতে করিতে গঙ্গাতীরে গেলেন এবং বালকের যথোচিত অস্থ্যেষ্টিক্রিয়াস্তে গঙ্গাম্বান করিলেন।

যট্চতারিংশ পরিচ্ছেদ জ্রীমন্মহাপ্রভুর সন্নাসের সূচনা

একদিন শ্রীগোরত্বন্দর নিজের ঘরে বসিয়া কৃষ্ণবিরহ-বিধ্রা গোপীর ভাবে বিরহ-ব্যাকুল-হাদয়ে 'গোপী, গোপী' নাম উচ্চারণ করিতেছিলেন, এমন সময় একজন বিরুদ্ধ-প্রকৃতির ছাত্র মহাপ্রভূব নিকট আসিয়া বলিল,—"আপনি কৃষ্ণনাম না করিয়া 'গোপী, গোপী,'—এইরূপ স্ত্রীলোকের নাম উচ্চারণ করিতেছেন কেন গৈ শ্রীমহাপ্রভু গোপীভাবে শ্রাকুঞ্জের প্রতি ক্রোধ ও দোবারোপ করিতে লাগিলেন, বহিমুখ ছাত্র এইরূপ দোবারোপের অর্থ কিছুই বুঝিতে পারিল না।

গোপীভাবে বিভাবিত শ্রীমহাপ্রভ্ পড়ুয়াকে কৃষ্ণপক্ষপাতী কোনও ব্যক্তিজ্ঞানে 'ঠেঙ্গা' লইয়া মারিবার জন্ম কোনভরে তৎ-পশ্চাৎ ধাবিত হইলেন। * ছাত্রটি ভয়ে পলায়ন করিল। ঘটনা শুনিয়া নবদ্বীপের যাবতীয় ব্রাহ্মণ ও ছাত্রসমান্ধ ক্ষেপিয়া উঠিল এবং শ্রীগোরস্থন্দরকে প্রহার করিবার ষড়্যন্ত্র করিতে লাগিল।

শ্রীমন্মহাপ্রভু ইহা জানিতে পারিয়াহোঁয়ালিচ্ছলে বলিলেন,—
করিল পিপ্ললিখণ্ড কল নিবারিতে।
উলটিয়া আরো কফ বড়িল দেহেতে।।

—চৈ: ভা: ম: বছা১২১

কোথায় নদীয়াবাসীর নিতামঙ্গলের জক্ত শ্রীহরিনাম প্রচার করিলাম, আজ কি না, তাহাদের জক্ত ব্যবস্থিত ঔষধই তাহাদের অপরাধর্দ্ধির কারণ হইল।

শ্রীগোরস্থন্দর একদিন শ্রীনিভানন্দকে গোপনে ডাকিয়া
লটয়া নিজের সন্ন্যাস-গ্রহণের সম্বর ও উহার কারণ-নির্দেশপূর্বক
বলিলেন যে, তিনি জগতের উদ্ধারের জন্ম পৃথিবীতে অবতীর্ণ
হইয়াছেন, কিন্তু নবদ্বীপবাসিগণ তাহার চরণে অপরাধ করিতেছে,
তিনি সন্ন্যাস গ্রহণ করিয়া তাহাদের দ্বাতে ভিক্ষুক হইলে সন্ন্যাসি-

^{*} বধামগত শ্রিতামলাল শোষামী মহাশন্ত তাহার 'ইন্সীনৌরফুলর' গ্রন্থে ব ছাত্তকে 'কুঞানন্দ আগমগাগীশ' বলিলা উল্লেখ করিরাছেন। (উক্ত গ্রন্থের ১৩১০ বিজ্ঞান সংস্করণ, ১২১ পূর্তা দ্রন্থীনা।)

বৃদ্ধিতেও হয় ত' তাহারা শ্রদ্ধার চক্ষে দর্শন ও তাঁহার উপদেশ শ্রুবণ করিয়া মঙ্গল লাভ করিতে পারিবে।

মহাপ্রভু শ্রীমুকুন্দের গৃহে গমন করিয়া তাঁহাকে 'কুফ্ডমঙ্গল' গান করিতে বলিলেন এবং পরে তাঁহার নিকটও সন্ন্যাদ-গ্রহণের অভিপ্রায় জ্ঞাপন করিলেন। তৎপরে তিনি শ্রীগদাধরের গৃহে গমন করিয়া তাঁহার নিকটও সন্ন্যাদ-গ্রহণের ইচ্ছা ব্যক্ত করিলেন। শ্রীগদাধর নানাভাবে মহাপ্রভুকে নিষেধ করিয়া বলিলেন,—"নিমাই! সন্মাসী হইলেই কি কুফ্ডকে পাওয়া যায়? গৃহস্থবাজি কি বৈষ্ণব হইতে পারে না? তুমি অনাথিনী মাতাকে কিরপে পরিত্যাগ করিবে! প্রথমেই ত'তোমাকে জননী-বধের ভাগী হইতে হইবে।" *

এইরপে শ্রীমন্মহাপ্রভু আরও কএক-জন অন্তরঙ্গ ভারের নিকট তাঁহার সন্ন্যাসের কথা রাক্ত করিলেন। সকলেরই মন্তকে যেন বজ্রপাত হইল! মহাপ্রভু সন্ন্যাসী হইবেন, শুনিয়া ভক্তগণ ক্রেন্দন করিতে লাগিলেন। শ্রীমন্মহাপ্রভু তাঁহাদিগকে নানা-ভাবে বুঝাইলেন। লোকপরম্পরায় প্রীশচীমাতার কর্নেও এই দারুণ সংবাদ পৌছিল। প্রীশচীমাতা বিলাপ করিয়া কাঁদিতে কাঁদিতে নিমাইকে কত বুঝাইলেন,—

> না যাইয়, না যাইয় বাপ, মায়েরে ছাড়িয়া। পাপ জীউ আছে তোর শ্রীমৃথ চাহিয়া।।

[—]হৈ: ভা: ম: ২৭/২২

চৈ: ভা: ম: ২ ভা১ ৭২- ১ ৭৪

শ্রীশচীমাতার বিলাপ শুনিরা পাষাণও অবীভূত হইল, কিন্তু বজ্র ইইতেও কঠোর, আবার কুসুম হইতেও কোমল বাঁহার প্রদর, দেই লোকশিক্ষক মহাপ্রভূকে ভাঁহার স্থৃদ্দ সঙ্কর হইতে কেহই বিচলিত করিতে পারিলেন না। তিনি মাতাকে অনেক প্রবোধ দিয়া বলিজেন.—

আনের

তনর আনে রজত-স্বরণ ।

খাইলে বিনাশ পার — নতে প্রধন কর

আমি আমি' দিব রুফ্তেম হেন ধন। সকল-সম্পদময় ক্বফের চরণ।।

— চৈ: ম: ম: ১৪৮ পু:

শ্রীগোরস্কুর শ্রীশচীমাতাকে প্রবোধ দিয়া বলিলেন.—শীদ্রই সংকীর্তন-মূখে আমি জোমার পুত্ররূপে হুইবার জন্ম গ্রহণ করিব।

শ্রীমনহাপ্রভুর এই ভবিশ্বদ্বাণী অবিলপ্তেই সকল হইয়াছে।
তাঁহার সন্ধ্যাসলীলার পরেই শ্রীবিফ্পপ্রিয়াদেবী বিরহ-ববিতা
হইয়া স্বীয় হৃদয় হইতে হৃদয়নাথ শ্রীগোরসুন্দবের শ্রীমৃতি প্রকাশ
করিয়াছিলেন এবং দেই সময় হইতে সকলে শ্রীগোরনাম কীর্তন
করিতে আরম্ভ করিয়াছেন। এইরূপে শ্রীশ্চীনন্দন 'শ্রীমৃতি' ও
'শ্রীনাম'—এই তুই-রূপে জগজ্জীবের নিকট প্রকটিত হইয়াছেন।

মাতা, পিতা ও ভার্যার সেবা ছাড়িয়া ভগবানের সেবা বা ভগবন্ধক্তি-প্রচারের জন্ম জীবন উৎসর্গ করাকে অনেকে অস্থায়

^{*} **আ্লের---অপ্রের** ।

[†] পরধর্ম-সর্বভ্রেট ধর্ম বা ভাগবতধর্ম।

মনে করেন; বস্ততঃ, ঘাঁহারা ঐহিরিসেবার মর্ম বুঝেন না, ভাঁহারাই ঐরূপ বিচার করেন। গ্রীহরির সম্থোষের দ্বারাই মাতা, পিতা, পত্নী, পুত্র, দেশ, সমাজ ও বিশ্বের যথার্থ উপকার-সাধন ও সর্বভূতের প্রকৃত তোষণ হয়। বুক্লের মূলে জল দিলেই শাখা-পত্র, পৃষ্প, ফল—সকলই সঞ্জীবিত ও সংবর্ধিত হয়। এইরূপ সন্ম্যাসের উজ্জ্বল আদর্শ ভগবদতার শ্রীকপিলদেব ও মুক্তকুল-শিরোমণি শ্রীশুকদেবেও দেখিতে পাওয়া যায়। শ্রীকপিলদেব স্বামিহীনা জননী গ্রীদেবহুতিকে এবং শ্রীশুকদেব স্বীয় পিতা শ্রীব্যাসনেবকে গৃহে রাখিয়া যেরূপ শ্রীহরিকীর্তনে সর্বস্ব ডালি দিয়াছিলেন, ভজপ খ্রীনিমাইও—

> শচী-হেন জননী ছাড়িয়া একাকিনী। চলিলেন নিরপেক হই' ন্যাস্মিণ।। পরমার্থে এই ত্যাগ-ত্যাগ কভু নহে। এ-সকল কথা বুঝে কোন মহাশয়ে॥

— চৈ: ভা: ম: ৩|১+৩-১•৪

পূর্বে উক্ত হইয়াছে যে, একজন ব্রাহ্মণ শ্রীশ্রীবাদ পণ্ডিতের ক্ষন-দার গৃহে শ্রীমন্মহাপ্রভুর সংকীর্তন-নুত্যে যোগদান করিতে না পারিয়া অন্তদিন শ্রীমন্মহাপ্রভুকে গঙ্গার ঘাটে পাইয়া মনের হংখে অভিশাপ প্রদানপূর্বক বলিয়াছিলেন,—"তোমার সংসার স্থুখ বিনষ্ট হউক।" শ্রীমন্মহাপ্রভু উক্ত ব্রাহ্মণের সেই অভিশাপ শ্রবণ করিয়া আনন্দে উৎফুল্ল হইয়াছিলেন। # এই ঘটনার পরে জ্রীগোরস্থলর সন্ন্যাস-গ্রহণলীলা প্রদর্শন করিয়া জানাইয়াছিলেন

हि: ह: जा: ३१,७२-७०

— "জগতের লোকের অমঞ্চলস্চক অভিশাপও শ্রীরুষ্ণ-গেবার আতুকুল্যে গৃহীত হইলে, তাহা আত্মার নিত্য-মঞ্চল-সাধক হয়।" বস্তুতঃ, শ্রীভগবান কোনও অভিশাপের পাত্র হইতে পারেন না। তাঁহার ঐ লীলা জীব-শিক্ষার জন্ম।

সপ্তচতারিংশ পরিচ্ছেদ শ্রীনিমাইর সন্মাস

শ্রীগোরস্থলর শ্রীনিভ্যানন্দের নিকট তাহার সন্ন্যাসের নির্দিষ্ট তারিখ ও 'কাটোয়া'-নগরে * শ্রীকেশব ভারতা-নামক সন্ন্যাসীর নিকট সন্ন্যাস-গ্রহণের অভিপ্রায় জানাইয়া শ্রীশচীমাতা, শ্রীগদাধর, শ্রীব্রহ্মানন্দ, শ্রীচন্দ্রশেখন আচার্য ও প্রীমৃকুন্দ—মাত্র এই পাঁচ জনের নিকট তাহা প্রকাশ করিতে বলিলেন। সন্ধ্যাস-লীলা-গাবিষ্ঠারের পূর্বদিন মহাপ্রভু সকল ভক্তকে লইয়া সমস্ত দিন সংকীর্তন করিলেন; সন্ধ্যায় গলার দর্শন ও নমস্তার করিতে গেলেন; গৃহে ফিরিয়া ভক্তগণবেস্টিত হইয়া বদিলেন; সকলকে নিজের গলার প্রসাদী মালা প্রদান করিয়া বলিলেন,—

"বল কৃষ্ণ, ভজ কৃষ্ণ, গাও কৃষ্ণ-নান। কৃষ্ণ বিহু কেহ কিছু না ভাবিহ আন।।

ই, আই, আর্ বাতেল বারহারওয় লাইনে বর্ধ হান ফেলার 'কাটোয়া'লামক রেলটেয়না এই য়ানটা গকার তীরে অবলিত i

যদি আমা'-প্রতি শ্বেহ থাকে স্বাকার।
তবে ক্ল-ব্যতিরিক্ত না গাইবে আর।।
কি শয়নে, কি ভোজনে, কিবা জাগরণে।
অহর্নিশ চিন্ত ক্লফ, বল্ছ বদনে॥"

--- टेठ: ভा: ম: २१।२७-२**४**

সন্ধ্যার পর শ্রীশ্রীধর একটী লাট হাতে করিয়া শ্রীমন্মহা-প্রভুর নিকট আসিয়াছিলেন এবং আর একজন ভাগাবান ব্যক্তি কিছুক্ষণ পরেই কিছু তৃশ্ধ উপহার দিয়া গিয়াছিলেন। মহাপ্রভূ শ্রীশচীমাতাকে বলিয়া তুগ্ধ-লাউ পাক করাইলেন এবং তাহা ভোজন করিয়া বিশ্রাম করিলেন। গ্রীগদাধর ও গ্রীহরিদার গ্রীমন্মহাপ্রভুর নিকট শয়ন করিয়া থাকিলেন। গ্রীশচীমাতা ষ্ণানিতেন—আজ নিমাই গৃহত্যাগ করিবে। তাঁহার চক্ষুতে নিদ্রা নাই—ছুই চক্ষু হইতে অনুক্ষণ অশ্রুধারা প্রবাহিত হইতে লাগিল। রাত্রি প্রভাত হইতে আর চারি দও বাকী আছে জানিয়া মহাপ্রভু গৃহত্যাগের উদ্যোগ করিলেন। ঞীগদাধর পণ্ডিত শ্রীগোরস্থলরের অন্থগমন করিতে চাহিন্সেন, কিন্তু মহাপ্রস্থ একাকী গমনের ইচ্ছা জানাইলেন। গ্রীশচীদেবী নিমা^{ইর} গমনের উদ্যোগ বুঝিতে পারিয়া দ্বারে বসিয়া রহিলেন; শ্রীনিমাই জননীকে তখন অনেক প্রবোধ দান করিয়া ও তাঁহার চরণ-ধৃলি মন্তকে লইয়া গৃহ হইতে বহির্গত হইলেন।

অতঃপর এশটীমাতা জড়প্রায় হইয়া রহিলেন। ভর্জণণ প্রাতে মহাপ্রভূকে প্রণাম করিবার জন্ম আসিয়া দেখিলেন ^{যে}, শ্রীশটীমাতা বহির্দারে বসিয়া আছেন। শ্রীশ্রীবাস কারণ জিল্ঞাসা করিলে এশেচীমাতা কোন উত্তর প্রদান করিতে পারিলেন না, কেবল অঞ্চ বিসর্জন করিতে লাগিলেন; পরে অতিকটো কোনপ্রকারে বলিলেন,—'ভক্তগণই ভগবানের বস্তুর প্রধিকারী; স্থতরাং নিমাইর ষে-কিছু জিনিষ আছে, ভাহা ভক্তগণ লইয়া যাইতে পারেন। আনি যথা ইচ্ছা, তথা চলিয়া যাইব।" ভক্তগণ মহাপ্রভুর গৃহত্যাগ-লীলার কথা ব্বিতে পারিয়া অচেতনপ্রায় হইয়া ভূমিতে বিদয়া পড়িলেন। কিয়ৎক্ষণ ক্রন্দন করিয়া সকলেই খ্রীশচীমাতাকে বেষ্টনপূর্বক উপ্রেশন করিলেন। সমগ্রনদীয়ায় প্রীমহাপ্রভুর গৃহত্যাগের বার্তা প্রচারিত হইল; তাহা শুনিয়া পূর্বের নিন্দক পাষ্ডিগণ্ড ক্রন্দন করিতে লাগিল এবং দাগিল।

শ্রীমন্মহাপ্রভু তাঁহার নবন্ধাপ-সালার চবিশে বৎসরের শেষে
মান্ব মান্তের শুক্রপক্ষে উত্তরায়ণ-সময়ে সংক্রমণ-দিনে রাত্রিশেবে
নবদ্বীপ হইতে 'নিদয়ার ঘাটে' আসিলেন। * কথিত হয়—
নদীয়ার নিমাইর নিদারণ সন্নাসস্গালার স্তিতে এই ঘাটের নাম
'নিদয়ার ঘাট' হইয়াছে। এই ঘাটটি যেন নির্দয় বা 'নিদয়' হইয়া
সন্নাস-গ্রহণে কৃতসঙ্কর নিমাইকে 'কাটোয়া'য় ঘাইবার পথ
দিয়াছিল। শ্রীমন্মহাপ্রভু 'নিদয়ার ঘাট' হইতে গলা সন্তরণ-পূর্বক
'কাটোয়া'-গ্রামে শ্রীকেশব ভারতীর নিকট উপস্থিত হইলেন

শ্বিমাইর স্র্যাসগ্রহণ লীলার তারিও ১৪৩১ শ্কের ২২শে মাধ, শনিবার.
 বংজান্তি-দিবদ—ব্যাক ১২৬, খুটান্দ ১২১০, পৃথিমা।

এবং তাঁহার নিকট কুপা যাজ্ঞা করিলেন। শ্রীমুকুন্দাদি ভক্তগণ কার্তন করিতে থাকিলেন, শ্রীম্মহাপ্রভু আবেশে নৃত্য করিতে লাগিলেন, শ্রীচন্দ্রশেখর সন্ম্যাস-বিধির অনুষ্ঠান-সমূহ করিতে লাগিলেন। নাপিত নিমাইর কেশ মুগুন করিতে বসিয়া ক্রন্দন করিতে লাগিল। শ্রীনিত্যানন্দ-প্রমুখ ভক্তগণ অনুর্গল অঞ্চাবিসর্জন করিতে লাগিলেন।

এই প্রকারে দিবা প্রায় অবসান হইল। কোন-প্রকারে কৌরকার্য সমাপ্ত হইলে লোকশিক্ষাগুরু গ্রীমন্মহাপ্রভু কোন ছলে গ্রীকেশব ভারতীর কর্ণে সন্ন্যাস-মন্ত্রটি বলিয়া ইহাই তাঁহার সন্মাস-মন্ত্র কি না, জিজ্ঞাসা করিলেন। শ্রীমন্মহাপ্রভুর ইচ্ছা<mark>ক্রমে</mark> শ্রীকেশব ভারতী দেই মন্ত্রই মহাপ্রভুর কর্ণে দিলেন। বস্তুতঃ ^{সর্ব-} গুরু শ্রীমন্মহাপ্রভু **শ্রীকেশ**ব ভারতীকেই মন্ত্র প্রদান করিয়া শি^{ন্তু} করিলেন। কিন্তু জগতে সদ্গুক্ত-গ্রহণের একাস্ত আবশ্যক^{তা} জানাইবার জন্ম শ্রীকেশব ভারতার নিকট হইতে কর্ণে মন্ত্র শ্রুবণ করিবার দীলা প্রদর্শন করিলেন। গ্রীমন্মহাপ্রভু গৈরিক ^{বসন} পরিধান করিলেন, তাহাতে তাঁহার অপূর্ব শোভা হইল। তিনি সর্বত্র প্রীকৃষ্ণ-কীর্তন প্রচার করিয়া জগতের চৈত্তা বিধান করিতেছেন বলিয়া ভগবৎ-প্রেরণায় গ্রীকেশব ভারতী শ্রীনিমাইর সন্মাস-নাম বাধিলেন—'শ্রীরুফটৈডেন্য'। চতুদিকে বিপুর্গ 'জয়, জয়' ধ্বনি উঠিল।

অইচতারিংশ পরিচ্ছেদ পরিব্রাজক-রূপে গ্রীগৌরহরি

শ্রীকেশব ভারতীর নিকট সন্নাস গ্রহণ করিয়া শ্রীমন্মহাপ্রভূ সেই রাত্রি 'কাটোয়া'য় যাপন করিলেন এবং শ্রীচন্দ্রশেখর আচার্যকে জ্ঞীনবদ্বীপে পাঠাইয়া দিয়া তিনি ক্রমাগত পশ্চিমাভিমূৰে চলিতে লাগিলেন। শ্রীমন্মহাপ্রভুৱ অত্যে শ্রীকেশব ভারতী, পশ্চাতে প্রীগোবিন্দ এবং সঙ্গে ইনিত্যানন্দ. প্রীগলাধর ও জীমুকুন্দ। চলিতে চলিতে শ্রীমহাপ্রভু 'অবষ্টীনগরী'র ত্রিদণ্ডি-ভিক্ষুব গীতি≢ গান করিতে করিতে রাচ্দেশে প্রবেশ করিলেন এবং তিন দিন ধরিয়া রাচ্দেশে ভ্রমণ করিলেন। শ্রীনিত্যানন্দের চাত্রীতে <mark>জীমন্মহাপ্রভু শান্তিপু</mark>রের নিকট---পশ্চিম পারে আসিয়া পড়িলেন। ঞ্জীনিত্যানন্দপ্রভু স্থানীয় গোপবাসকগণকে গোপনে বলিয়া রাখিয়াছিলেন যে, যদি মহাপ্রভু ভাহাদের নিকট শ্রীবন্দাবনের পথ জিজ্ঞাসা করেন, ভবে যেন ভাহারা তাঁহাকে গগভীরের পথ দেখাইয়া দেয়। শ্রীনিত্যানন্দের কথামত ভাহারা ভাহাই করিল। মহাপ্রভূও গঙ্গাকে যমুনামনে করিয়া স্তব করিলেন। মহাপ্রভূ কেবল কৌপীন-মাত্র দম্বল করিয়া চলিয়াছিলেন, আর বিতীয় কোন বস্ত্র ছিল না। পূর্ব হইতে সংবাদ পাইয়া শ্রীমধৈতাচাধপ্রভু নৌকায় চাড়িয়া নূতন কৌপীন ও বহির্বাস

खाः ऽऽ।२णव्यः

লইয়া অকস্মাৎ তথায় উপস্থিত হইলেন এবং মহাপ্রভূকে সেই কৌপীন-বহির্বাস পরাইয়া নৌকাযোগে 'শান্তিপুরে' লইয়া আদিলেন।

শ্রীতাদৈত-গৃহিণী শ্রীসীতাদেবী বহুবিধ ভোজ্যসামগ্রী রন্ধন করিলেন, শ্রীত্রদৈতপ্রভূ তাহা শ্রীমহাপ্রভূ ও শ্রীনিত্যানন্দপ্রভূকে ভোগ দিলেন। শ্রীমুকুন্দদত্ত ও অহিন্দুকুলে আবিভূ ত বৈষ্ণবশ্রেষ্ঠ ঠাকুর শ্রীহরিদাদকে শ্রীমন্মহাপ্রভূ আপনার সহিত এক সঙ্গে বিদিয়া প্রসাদ সেবা করিবার জন্ম আহ্বান করিলেন। তাঁহারা শ্রীমহাপ্রভূর অবশেষ ভোজন করিবেন,—এই ইচ্ছার অপেক্ষা করিতে লাগিলেন। শ্রীমন্মহাপ্রভূ ও শ্রীনিত্যানন্দপ্রভূর ভোজনের পর শ্রীঅদৈভাচার্য শ্রীমন্মহাপ্রভূর পাদ সম্বাহন করিবার জন্ম চেন্টা করিলে, মহাপ্রভূ বলিলেন,—

বহুত নাচাইলে তুমি, ছাড় নাচান। মুকুন্দ, হরিদাস লইয়া করহ ভোজন।।

- ?5: 5: X: O15 - 9

তখন শ্রীমন্মহাপ্রভুর আদেশে শ্রীঅদ্বৈতাচার্য শ্রীমৃকুনদ ও
শ্রীহরিদাসকে সঙ্গে লইয়া প্রসাদ সন্মান করিলেন। মহাপ্রভুর
এই লীলায় গৃইটী শিক্ষা প্রাপ্ত হওয়া যায়। প্রথমতঃ তিনি স্বয়য় ভগবান্ হইলেও, শ্রীব্রহ্মা-শিবাদি দেবতাগণ নিত্যকাল তাঁহার
পদসেবা করিলেও, তিনি লোকশিক্ষার্থ শ্রী মদ্বৈতপ্রভুর দ্বারা পদস্বা স্বীকার করিলেন না। সাধক সন্মাসী বা সাধক-জীবের স্বীর্ম পদ-সন্বাহনাদি সেবা-গ্রহণ অকর্ভবা, বিশেষতঃ মর্বাদা-সংরক্ষণই
সাধুর স্বভাব।

দ্বিতীয় শিক্ষা এই যে, শ্রীভগবানের প্রকৃতভক্তে জাতিবৃদ্ধি ও গ্রীভগবানের প্রসাদে স্থান-কাল-পাত্র-সম্পর্কে স্পর্শদোষ বিচার করিলে ভক্তিরাদ্যা হইতে জীবের পতন হয়। ত্রামুকুন্দদত ঠাকুর লৌকিক ত্রাহ্মণ-কুলে উদ্ভূত নহেন, আর শ্রীঠাকুর হরিদাস ত' বর্ণাশ্রম-বহিন্ত্ ত অন্তাজ-কুলেই আবিন্ত্তি: কিন্তু, শান্তিপুরের ব্রাহ্মণসমাজের শীর্ষস্থানীয় আচার্য শ্রীস্থবৈত তাঁহাদিগকে সঙ্গে লইয়া নিজ-গৃহে যথেচ্ছভাবে মহাপ্রদাদ দেবা করিলেন। ইঞাভে মহাপ্রভুর সাক্ষাৎ আদেশ ছিল। অনেকে বলিয়া থাকেন বে. একমাত্র শ্রীক্ষেত্রেই মহাপ্রসাদে স্পর্শদোষ বিধার করিতে হয় না; কিন্তু, শান্তিপুরে গৃহস্থলীলার অভিনয়কারী আঅবৈতাচার্য-প্রভুর আচরণ এরপ উক্তির অসারতা প্রমাণ করিয়াছে। এই লীলা-প্রকাশের পূ:ব্র শ্রীঅদ্বৈতাচার্যপ্রভূ ঠাকুর শ্রীহরিদাসকে নিজ-পিতৃত্রাদ্ধের পাত্র প্রদান করিয়াছিলেন।

এই-সকল দৃষ্টান্ত ইইতে কেই কেই মনে করেন যে, আধুনিক যুগে যে অস্পৃত্যতা-বর্জন-আন্দোলন উপস্থিত ইইয়াছে,মহাপ্রভুই উহার প্রবর্জক, বিশেষতঃবালালা দেশে প্রথম পথ-প্রদর্শক। কিন্তু মহাপ্রভুর চরিত্রের প্রভাক ঘটনা নিরপেক্ষভাবে আলোচনা করিলে জানা যায় যে, বাঁহারা প্রকৃত পরমার্থ আশ্রয় করিয়াছেন, মহাপ্রভু একমাত্র ভাঁহাদিগের সম্বরেই জাতিবৃদ্ধি ও কেবলমাত্র অপ্রাকৃত মহাপ্রসাদ-সম্বন্ধে স্পর্শদোষের জাগতিক বিচার নিষেধ করিয়াছেন। নানাপ্রকার ঐহিক ভোগ অথবা রাজনৈতিক বা সামাজিক স্থবিধাবাদের উদ্দেশ্য-সাধনের জন্ম যে-সকল আন্দোলন উপস্থিত হইয়াছে, মহাপ্রভু উহাদের প্রবর্তক বা সমর্থক নহেন। তিনি পারমার্থিক সমাজেরই শিক্ষক ও নিয়ামক।

নবীন সন্ন্যাসী প্রীগৌরহরির প্রীঅধৈতগৃতে অবস্থান-কালে শান্তিপুরে সমস্ত লোক তাঁহার শ্রীচরণ-দর্শনার্থ আগমন করিতে থাকিলেন। সন্ধায় সংকীর্তন ও নুত্য-গারস্ত হুইল। শ্রীমুকুন্দ হরিকার্তন আহন্ত কবিলে এমিমাহাপ্রভুর প্রীলঙ্গে অফ্টসার্থিক-বিকারসমূহ যুগপৎ প্রকাশিত হইতে থাকিল। পরদিন প্রভাতে নবন্ধীপের বিরহার্ড বহুভক্তের সহিত শ্রীশচীমাতা দোলায় চড়িয়া শান্তিপুরে শ্রী গবৈতগৃহে আদিলেন—সন্নাদী পুত্রের সহিত শ্রীশচীমাতার সাক্ষাৎকার হইল। মহাপ্রভু শ্রীঅবৈতগৃহে দশ দিবস * অবস্থান করিয়া 🕮 শচীমাতাকে সান্তনা প্রদান, নবদীপ-বাসী ভক্তগণের সহিত প্রীহরিকীর্তন এবং শ্রীশচীমাতার হস্তপাচিত দ্রব্য ভিক্ষা করিলেন। সন্ন্যাদিগণের আচরণ শিক্ষা দিবার জন্ম তিনি শ্রীনবদ্বীপবাদিগণকে বলিলেন,—''সন্নাস করিয়া কাহারও আত্মীয়-স্বজনের সহিত নিজ-জলস্থানে থাকা কৰ্তবা নহে।"

শ্রীশনীমাতাও পুত্রের এই কথা শুনিয়া 'নিমাইর যাহাতে সুখ, তাহাই হউক,' বিচার করিয়া তাঁহাকে 'নীলাচলে' থাকিতে অনুরোধ করিলেন। মহাপ্রভু নবদীপবাসী সকলকে নিরম্ভর কৃষ্ণ-

শ্রীল ক্রিরায় গোবামি-প্রস্তু (১৮: ৮: ম: ৩।১৩৬ সংবায়) শান্তিপুরে

শব্দিন অবস্থানের কথা লিগিফাছেন। এল ক্রিকর্ণপুর গ্রীচৈত্তল্পচল্লোদয়নাটকে

(৬।৫) তিন দিন প্রীচৈতক্তের শান্তিপুর অবস্থানের কথা বর্ণন করিয়াছেন।

শবিজ্ঞেদ। 'পুরীর' পথে ও শ্রীজগন্ধ-মন্দিরে হিচ্চ সংকীত ন, কুফনাম ও কুফকথার সহিত জীবন-বাপনের উপদেশ প্রদানপূর্বক শান্তিপুরের ভক্তগণ ও শ্রীশচীমাতাকে বিদায় দিলেন এবং শ্রীনিত্যানন্দ, শ্রীমৃকুন্দ, শ্রীজগ্রানন্দ ও শ্রীদামোদরের সহিত 'ছত্রভোগে'র পথে শ্রীপুরুষাত্রমে খাত্র: করিলেন।

উনপঞ্চাশত্তম পরিচ্ছেদ 'পুরীর' পথে ও গ্রীজগন্নাথ-মন্দিরে


শ্রীমন্মহাপ্রভ্ ছত্রভোগ-পথে 'রদ্ধ-মন্তর্গর হইয়া উৎকলরাজ্যের এক সীমায় উপনীত হইলেন : পথে নানাপ্রকার আনন্দকীত্রন ও ভিকাদি করিতে করিতে 'রম্ণা'-প্রামে 'শ্রীক্ষীরচোরাগোপানাথ' দর্শন করিলেন এবং তথায় নিজ-ভক্তগণের নিকট
শ্রীস্থারপুরীর কথিত শ্রীমাধ্যেক্রপুরী ও শ্রীগোপীনাথের প্রসঙ্গ
বর্ণন করিলেন। শ্রীমাধ্যেক্রপুরীপাদ-কীতিত ''ময়ি দীনদয়ার্জ'নাথ!' ও শ্লোক পাঠ করিয়া শ্রীকৃষ্ণচৈত্যের কৃষ্ণবিরহ স্বধিকতর
উদ্বেশিত ইইয়া উঠিল। তিনি তথায় সেই রাজি যাপন করিয়া
পরদিন 'পুরীর' অভিমুখে পুন্রায় যাতা করিয়া 'যাজপুর' ইইয়া

শ্বরি দীনব্যার্জনাথ । হে মধুবানাথ । কাবলোকারে ।
ক্ষরং ত্বলোককাতবং দ্বিত । জামানি কিং করোমান্ত্র । — পদ্ধারলী ৩০০
তেরে দীনদ্যার্জনাথ । তার মধুবানাথ । করে তোমার নর্মন করিব । তোমার
দশনভাবে আমার কাতর-হৃদর অভির ১ইটা প্রিখাছে । বে প্রিত্তম । আমি এখন
কি করিব ০



প্রীভূবনেখরের শ্রীমন্দির, এই স্থানে দ্বী কৃঞ্চতৈ হস্তাদের পদার্পণ করিয়াছিলেন।

भित्रिक्षित्राहिङ भ्याधिकाषानिन्द्रीन



ভূবনোগ্রে শ্বিক্রারোধ্রের তীরে এ জনস্থাসূদ্ধেরের জীমন্দির; এই রানে স্ক্রিটেডজুদের সাধ্যন করিচাছিলেন।

'কটকে' পোঁছিলেন। তথায় 'শ্রীসাকিগোপাল'-# শ্রীবিগ্রহ দর্শন এবং শ্রীনিত্যানন্দ-প্রভূর মুখে শ্রীগোপালের ইতিবৃত্ত শ্রবণ



পুৰীৰ শ্ৰীমন্দিৰের সিংহ্যার ও চৎদত্তে অরণভত্ত

^{*} তথন কটকে শ্রীনাক্ষিগোপান' ইনিগ্রহ ছিলেন। পরে তিনি পুরী হইতে তিন জোশ দ্বে 'সভাবাদী' গ্রামে অবস্থিত হ'ন।



করিলেন। 'কটক' হইতে 'ভূবনেধরে' আসিয়া প্রীক্ষেত্রপাল-শিব দর্শন করিলেন। তৎপরে 'কমলপুরে' ভাগী-নদীর তীরে 'কপোতেধর-শিব'-দর্শনচ্ছলে শ্রীকৃষ্ণতৈত্ত্য শ্রীনত্যানন্দের নিকট নিজের 'দণ্ডটি' রাখিয়া গেলেন।

ভগবানের পক্ষে সাধক-জীবের উপযোগি লণ্ডাদি-গারণের কোন আবশুকতা নাই,—ইহা জানাইবরে জন্ম শ্রীনিত্যানন্দ শ্রীগোরস্থনারের দণ্ডটিকে তিন খণ্ড করিয়া ভাগ্যা-নদীতে ভাসাইয়া দিলেন।

'আঠার-নালার' নিকট উপস্থিত হইরা নহাপ্রস্থু তাঁহার দও না পাইরা ক্রোধ প্রকাশ করিলেন এবং সঙ্গিগদকে পশ্চাতে রাধিয়াই একাকী শ্রীজগনাথদেবের মন্দিরাভিম্পে ছুটিলেন। মহা-প্রভুর এইরূপ বাহে ক্রোধ-প্রদর্শনের গ্ঢ়-শিক্ষ এই যে, ভগবান্ বা পরমহংস বৈষ্ণবের পক্ষে আত্মদও-বিধানের প্রয়োজনীয়তা নাই বটে, কিন্তু অনুর্পযুক্ত * সাধকের কায়মনোবাকা দণ্ডিত করা প অবশ্য প্রয়োজন; নতুবা তাহাদের মহালার সম্ভাবনা নাই।

শ্রীগৌরহরি শ্রীজগন্ধাথ্যদবকে দর্শন করিয়: প্রেমাবেশে তাঁহাকে আলিঙ্গন করিতে ধাবিত হুইলেন। পড়িছা ॥ ইয়া বৃঝিতে না পারিয়া শ্রীগৌরহরিকে প্রহার করিতে উন্নত হুইল।

[্]ধ যাথাদের জগতের বপতে আসলি আছে, এগবানে সর্বগণের জন্ম স্বাচা কিছী। আঁতি উদিও হর নাই।

[†] দেহ, মন ও বাকা—এই তিনটিকে দণ্ডত অধাং শাসিত করিয়া ইঞ্ছ-ব্যাপ্সধান করিবার অস্তই দুভাগ্রণ।

[ঃ] শীল্পনাথের মন্তিরের দারোপার ভায় কর্মচারি-ি শেষ

পুরীর রাজপণ্ডিত বিখ্যাত নৈয়ায়িক ও অবৈতবৈদান্তিক সার্বভৌম ভট্টাচার্য তখন শ্রীমন্দিরে উপস্থিত ছিলেন; তিনি দৈবাৎ শ্রীমন্মহাপ্রভুকে এই অবস্থায় দর্শন করিয়া তাঁহাকে পড়িছার হস্ত হইতে রক্ষা করিলেন। সার্বভৌম যুবক সন্ন্যানীর অদ্ভুত প্রেমবিকার দেখিয়া অত্যন্ত বিশ্বিত হইলেন এবং মহা-প্রভুর বাহাদশা-প্রাপ্তিতে বিলম্ব দেখিয়া তাঁহাকে ধরাধরি করিয়া নিজ্যহে লইয়া আসিলেন। লোক-পরস্পারায় মহাপ্রভুর মহাভাবের কথা শ্রবণ করিয়া ভক্তগণ সকলেই সার্বভৌমের গৃহে আসিয়া উপস্থিত হইলেন। সার্বভৌমের ভ্নমীপতি শ্রীগোপীনাথ আচার্য তাঁহার পূর্ব-পরিচিত শ্রীমুকুন্দকে দেখিয়া তাঁহার নিকট সমস্ত জিজ্ঞাসা করিয়া মহাপ্রভুর সন্ম্যাস ও পুরী-আগমনের যাবতীয় কথা শ্রবণ করিলেন।

শ্রীনিত্যানন্দ-প্রমুখ ভক্তগণ সার্বভৌমের পুত্র 'চন্দনেশ্বরে'র সহিত শ্রীজগন্নাথ দর্শন করিয়া আসিলেন। এদিকে সার্বভৌমের গৃহে তৃতীয় প্রহরে মহাপ্রভুর বাহ্যদশা হইল। সার্বভৌমের সহিত শ্রীকৃষ্ণতৈতক্মের পরিচয় হউলে সার্বভৌম ভট্টাচার্য স্বীয় মাতৃষ্বদার গৃহে শ্রীমন্মহাপ্রভুর বাসস্থান স্থির করিয়া দিলেন।

শ্রীসার্বভৌমের সহিত শ্রীগোপীনাথের শ্রীমন্মহাপ্রভ্-সম্বর্গে আলাপ হইলে শ্রীগোপীনাথ সার্বভৌমের নিকট শ্রীমহাপ্রভ্^ক 'স্বরং' ভগবান্' বলিয়া জানাইলেন। ইহাতে সার্বভৌম ও তাঁহার ছাত্রগণের সহিত শ্রীগোপীনাথের অনেক তর্ক-বিতর্ক হইল। "পরমেশ্বের কুপা-ব্যতীত পরমেশ্বরের তত্ত্ব ক্থনই জানা যায় না, জাগতিক বিগ্যা-বৃদ্ধি-পাণ্ডিতা-বারাও ঈখরের তবজ্ঞান হয় না। টশ্ব সাক্ষাৎ উপস্থিত হইলেও তাঁহার মারার আচ্ছন্ন জীব তাহাকে দেখিতে পায় না।"—গ্রীগোপীনাথ এই-সকল কথা বলিয়া শ্রীসার্বভৌম ভট্টাচার্যকে একপ্রকার নিরস্ত করিলেন।

পঞ্চাশত্রম পরিচ্ছেদ শ্রীরুষ্ণতৈত্য ও শ্রীসার্বভৌম ভট্টাগর্য

অবৈত্বেদায়-গুরু দাবভৌম ভট্টাচার্য শ্রীকৃষ্ণতৈত্তত্ত্ব সাধারণ সন্ন্যাসিমাত বিচার ও তাঁহার বৌবনবয়স দর্শন করিয়া তাঁহাকে 'বেদাস্থ' শ্রবণ করিতে উপদেশ করিলেন। মহাপ্রভূ তাহাতে সম্মত হইয়া সাক্রৌমের নিকট সাতদিন পর্যস্ত ক্রমাগত মৌনভাবে বেলান্ত শ্রবণ করিলেন। সার্বভৌম শ্ৰীকৃষ্ণতৈত্ত্যকে সাতদিন পূৰ্যন্ত সম্পূৰ্ণ মৌনী দেখিয়া অক্টম দিনে উহার কারণ ভিজ্ঞাসা করিলে শ্রীমহাপ্রভূ বলি, শন যে, তিনি শীব্যাসকৃত-সূত্রগুলি বেশ বৃদ্ধিতে পারিতেছেন, উহাদের অর্থ মতীব পরিষ্কার; কিন্তু শ্রীশঙ্করাচার্টের রচিত ভাষা সেই-সকল পুত্রের সভজ নির্মণ অর্থকে আজ্ঞানন করিয়াছে। শাহরভার প্রকৃত-প্রস্তাবে বেদান্ত বিক্রন। আদৈবপ্রকৃতির বাজিগণের মোহনের জ্ঞা প্রীভগবানের আদেশে প্রীশিবের অবতার শ্বরাচার্য ঐরপ ভাষ্য কল্পনা করিয়া:ছন ৷ 'অচিষ্কা-ভেদাভেদ-

দিদ্ধান্তই' # বেদান্তের প্রকৃত মত। মারাবাদিগণ প্রচ্ছন্ন নান্তিক।

শ শ্রীমন্মহাপ্রভু সার্বভৌম ভট্টাচার্যকে বহু শাস্ত্র-প্রমাণ-বিচারদারা এই-সকল বিষয় প্রদর্শন করিলেন। ভট্টাচার্য অনেক বিচারতর্কের পর পরাস্ত হইয়া গেলেন।

ইহার পর ভট্টাচার্য মহাপ্রভুর নিকট হইতে শ্রীমন্তাগবতের ''আত্মারামাশ্চ'' (ভাঃ ১।৭।১০) গ্লোকের ব্যাখ্যা শুনিতে ইচ্ছা করিলে মহাপ্রভূ ভট্টাচার্যকেই প্রথমে ঐ গ্লোক ব্যাখ্যা করিতে বলিলেন। সার্বভৌম তাঁহার মনীবা ও তর্কশাস্ত্রের পাণ্ডিতা-বলে উক্ত শ্লোকের নয়-প্রকার ব্যাখ্যা করিলেন; মহাপ্রভু সার্বভৌমের উক্ত ব্যাখ্যার কোনটীই স্পর্ণ না করিয়া স্বতন্ত্রভাবে ঐ শ্লোকের অন্টাদশ-প্রকার ব্যাখ্যা করিলেন। ভট্রাচার্য ইহাতে চমংকৃত হইলেন এবং তখন তাঁহার আত্মগ্রানি উপস্থিত হইল। তিনি শ্রীমন্মহাপ্রভুর শ্রীপাদপলাখিকে শরণাগতি যাজ্রা করিলেন। শ্রীমন্মহাপ্রভুও তখন শ্রীসার্বভৌমের প্রতি প্রসন্ন হইয়া তাঁহাকে প্রথমে স্বীয় চহুর্ভুক্ত এবং পরে দ্বিভূত্ব-রূপ প্রদর্শন করিলেন। শ্রীমন্মহাপ্রভুর কুপায় সার্বভৌমের চিত্তে তত্ত্ব-ফ্তি হ^{ট্ল।} তিনি অতি অল্পকাল মধ্যে শ্রীমন্মহাপ্রভুৱ স্তুতিপূর্ণ একশত শ্লোক রচনা করিয়া ফেলিলেন। শ্রীসার্বভৌমের রচিত এই হুইটি শ্লোক ভক্তগণের কণ্ঠহার হইল.--

^{*} পরে 'অচিয়া-ভেদ'ছেদ-দৈদ্ধায়' ,ব্যঙ্গে আলোচনা আছে। এছকার ইটিং 'অচিয়াভেদভেদ্বাদ' গ্রন্থ দুষ্টুবা।

[†] বেদ না মানিগে বৌদ্ধ হব ড' নান্তিক। বেদাশ্রমে নান্তিকাবাদ বৌদ্ধকে অধিক 1—76: চ: ম: ৬।১৬৮

বৈরাগ্য-বিস্তা-নিজভক্তিযোগ-শিক্ষার্থমেকঃ পুরুষঃ পুরুষঃ।

শীক্ষাকৈতভ-শরীরধারী

কুপাদ্ধিবতমহং প্রপতে 🛊 💌

--- रेड: हा मां: ७।४०

কালারটং ভজিযোগং নিজং বং
প্রাক্তর্থ ক্রটেড্রন্ন, ।
আবিভূতিস্তস্ত পাদারবিন্দে
গাচং গাচং লীয়তাং চিত্তুকঃ ॥ ক

- 3: 5: 4: 6:88

সার্বভৌমের প্রতি শ্রীমন্মহাপ্রভুর এইরপ অলৌকিকাঁ রূপা দেখিয়া শ্রীগোপীনাথ-প্রভৃতি সকলেই আনন্দিত হইলেন। ইহার পর একদিন মহাপ্রভু প্রভূারে শ্রীজগ্লাখদেবের 'পাকাস-প্রসাদ'ঞ্চ লইয়া শ্রীসার্বভৌম ভট্টাচার্যকে তাঁহার গুরু দিতে আদিলেন। ভট্টাচার্য তখন 'কৃষ্ণ, কৃষ্ণ' বলিয়া মাত্র শ্যা তাাগ করিতেছিলেন। কিন্তু তিনি শ্রীমহাপ্রভুর রূপায় লৌকিক স্মার্তগণের জাগতিক বিচার হইতে মুক্ত হওয়ায় সেই ক্ষণেই—প্রাতঃকৃত্যাদি করিবার পূর্বেই মহাপ্রভুর প্রদত্ত শ্রীমহাপ্রসাদ সম্মান করিলেন।

ই বৈরাল্য অর্থাৎ কুঞ্বিরহ, বিদ্যা অর্থাৎ কুঞ্পানপায়ে আসন্তি ও নিজ্পতিন্দ্র
বাস অর্থাৎ প্রেম শিক্ষা দিশার ভল্প প্রকৃষ্ণাইতন্তারলগায়ী, একটা সন্যাবন প্রক্রমবিনি সর্বসা কুপাসমুদ্র, ঠাহার অতি আয়ি প্রপদ্র হই ।

[†] কালে নিয় ভক্তিবোগকে বি-ইপ্রাই কেছিছা বে আঁকুই চিত্র নিমন মহাপুরুষ, তাহা পুনরায় এচার করিবার কন্ত অবিস্থৃত চুইঘানেন, ঠাত ব শীপাদ-পল্লে আমার চিত্র-ভ্রম্ম অভিমূদ্ধ গাঁচকপে আমান্ত ইউক '

[ঃ] পাস্তা-প্ৰসাদকে প্ৰক্ৰেতে পাকাল-প্ৰস্কেতি বলা বন

সাবভৌম একদিন জ্রীমহাপ্রভুৱ নিকট 'সর্বস্রেষ্ঠ সাধন কি? —এই পরিপ্রশ্ন করার শ্রীমহাপ্রভু তাঁহাকে একমাত্র শ্রীকৃঞ্চনাম-সংকীর্তনের উপদেশ দিলেন.—

> হরেনাম ছরেনাম হরেনামৈব কেবলম্। কলো নাভোৰ নাজ্যেৰ নাজ্যেৰ গতিরভাগা॥ -तः वात्रतीय-পूतान, ००।১२७

আর এক দিবদ দার্বভৌম শ্রীমন্তাগবতের ''তন্তেইরুকম্পাং''* শ্লোকের শেষাংশে 'মক্তিপদে' পাঠের পরিবর্তে 'ভক্তিপদে' পাঠ করিয়া শ্রীমহাপ্রভূকে শুনাইলেন। শ্রীমন্মহাপ্রভূ বলিলেন,— "শ্রীমন্তাগবতের পাত্ত-পরিবর্তনের কোন প্রয়োজন নাই , 'মুক্তি-পদ'-শব্দে 🕆 কৃষ্ণকৈ বুঝায়।" ভট্টাচার্যের বৈষ্ণবত। দেখিয়া নীলাচলবাসিগণ শ্রীমন্মহাপ্রভূকে 'সাক্ষাৎ কৃষ্ণ' বলিয়া বুঝিতে পারিলেন এবং শ্রীকাশীমিশ্র-প্রভৃতি উৎকলবাসিগণ মহাপ্রভূর শ্রীপাদপরে শরণাগত হইলেন।

অর্থাৎ যিনি ভোষার অপুকম্পা-লাভের আশাবন্ধে সকল্লের ফল ভোগ করিছে ক্ষিতে মন:, বাকা ও শ্রীপ্রের ঘাবা ভোমাতে আন্মনিবেদনান্মিকা গুণ্ডি বিধান কবিষা জাবন যাপন বংরন, তিনি নুজিপদে দায়ভাক অর্থাৎ জীকুঞ্পাদপন্ম-লাতের যোগ্য পাত্ৰ :

ত্তেঃপুকম্পাং পুদম ক্রমাণো ভূপ্তান এগান্তকৃতং বিপাকন। श्वाध्यु छिविनध्दयाय कीत्रष्ठ व्या मुक्तिप्राम म भाग्रां क

[্] মৃতি পাদে থা'র, সেই 'মৃত্তিপর' হয়। किरदा नवन भनार्थ 'मूकि' व ममान्यू है ।

একপঞ্চাশত্তম পরিচ্ছেদ দাক্ষিণাত্যভিমুখে

শ্রীগোরস্থন্দর ১৪০১ শকের মাঘ্যাক্রের সাক্রান্থ্যিত (২৯শে মাব) পূর্ণিমা-তিথিতে সন্ন্যাসগ্রহণ-লালা আবিষ্কার করিয়া <mark>কাল্লন-মাসে 'নীলাচলে' উপনীত হইলেন এক তথায় দোল্যাত্র।</mark> দর্শন করিয়া চৈত্রমানে সার্বভৌমকে উদ্ধার করিলেন এবং ১৪৩২ শকের বৈশাখ-মাসে দক্ষিণ-যাতা করিলেন ৷ তিনি একাকীই দক্ষিণ-ভ্রমণে বহির্গত হইবেন,—গ্রীমন্মহাপ্রভ্র ভক্তগণের নিকট <mark>এইরপ প্রস্তাব করায় শ্রীনিত্যানন্দপ্রভূ বিশেষ অমুরোধ করিয়া</mark> 'কৃষ্ণদাস'-নামক একজন সরল ব্রাহ্মণকে মহাপ্রভুর সঙ্গে দিলেন। সার্বভৌম চারিখও কৌপীন-বহিবাস মহাপ্রভুর সঙ্গে দিলেন এবং 'গোদাবরী'-নদার তীরে শ্রীরামানন্দ রায়ের সহিত সাক্ষাং করিবার জন্ম তাঁহাকে প্রার্থনা জানাইলেন। শ্রীনিকানন্পপ্রভূ-প্রভৃতি কএকজন ভক্ত 'আলাসনাথ' প্রয়ন্ত মহাপ্রভুর সঙ্গে গিয়াছিলেন। কেবলমাত্র কুঞ্চদাস বিপ্রকে সঙ্গে করিয়া মহাপ্রভূ অপূর্ব ভাবাবেশে চলিতে লাগিলেন। মহাপ্রভু ঐক্ঞবিরহ-বিধ্রা গোপীর ভাবে উচ্চৈঃম্বরে গান করিতে করিতে চলিলেন.—

क्कां वेकां केकां केकां केकां केकां क्कां क्कां के

কক ! কৰ ! পাহি নান্।

রাম! রাঘব! রাম! রাঘব! রাম! রাঘব! রক্ষ মৃাম্। কুলঃ! কেশব! রুফঃ! কেশব! রুফঃ! কেশব! পাহি মাম্॥

-- (6: 5: X: *|Ab

 শ্রীমন্মহাপ্রভুর শ্রীমুখে শ্রীহরিনাম শ্রবণ করিয়া সকলেই 'হরি'-নাম উচ্চারণ করিতে লাগিলেন। মহাপ্রভূ শরণাগত ব্যক্তি-মাত্রকেই শক্তিসঞ্চার করিয়া বৈষ্ণব করিলেন। সেই বৈষ্ণব আবার, স্বগ্রামে গমন করিয়া গ্রামবাসিগণকে বৈফব করিতে লাগিলেন। এইরূপে সমস্ত দক্ষিণ-দেশের লোক বৈষ্ণব হইলেন। ঐীচৈতক্তের কুপা-মহিমা শ্রীনবদ্বীপ অপেকা দাক্ষিণাতো অধিকতর ভাবে প্রকাশিত হইল। এইরূপে শ্রীমন্মহাপ্রভু 'শ্রীকুর্মস্থানে'ঃ আসিয়া উপস্থিত হইলেন এবং শ্রীকৃর্মদেবের দর্শন ও স্তব করিলেন। সেই গ্রামে 'খ্রীকৃম'-নামে এক গৃহস্থ-ব্রাহ্মণ বাস করিতেন। তিনি বহু শ্রদ্ধাভক্তির সহিত মহাপ্রভুকে ভিক্ষা করাইলেন এবং সবংশে প্রভুর সূত্র্ল ভ শ্রীচরণামৃত ও উচ্ছিষ্ট গ্রহণ করিলেন। শ্রীগৌরহরি ব্রাহ্মণকে কুপা করিলেন এবং 'আচার' হইয়া অর্থাৎ নিজে আচরণ করিয়া প্রত্যেকের নিকট কৃষ্ণকথা প্রচার করিতে তাঁহাকে আদেশ করিলেন,—

> যা'রে দেব, তা'রে কহ 'ক্ষ্ণ'-উপদেশ। আমার আজ্ঞায় শুরু হঞা তার' এই দেশ॥


কলিকাতা—ওগাল্টিগার লাইনে জীকাকুলন্ রোড্ টেসন। ই ছেনন ২ইটে
জীকাকুলন্মহর প্রীতিমুখে ম মাইল এবং তথা হইতে জীকুর্মন্ বা জীকুর্মন্থান পূর্ব দলিপাতিমুখে মা• মাইল।

প্রিজেদ্] 'কুর্মক্ষেত্রে' ও 'সিংহাচলে' শ্রীমহাপ্রভু ফঃ

কতু না বাধিবে তোঁমার বিষয়-তর্ম পুনুরপি এই সাঁজি পারি মোর সঞ্চ।

--- 35: 5: %: 4,326-324

মহাপ্রভু গাঁহার ঘরে ভিক্ন করিতেন, তাঁহাকেই এইরপ উপদেশ ও শিক্ষা দান করিতেন। 'বাস্থুদেব'-নামক একজন গলিত-কুছরাগ-এস্ত বিপ্র কুর্মপ্রাহ্মণের গৃহে মহাপ্রভুকে দর্শন করিবার জন্ম আগমন করিয়া তাঁহার রূপা যাজ্ঞা করিলেন। শ্রীমন্মহাপ্রভু শ্রীবাস্থদেবকে দেহরোগ ও ভবরোগ হইতে মুক্ত করিয়া 'আচার্ম' করিলেন। শ্রীবাস্থদেবকে উদ্ধার করিয়া শ্রীমহাপ্রভুর 'বাস্ত-দেবামৃতপ্রদ'নাম হইল। শ্রীমন্মহাপ্রভু ক্রমে 'ভিয়ড়নুসিংহ'-ক্ষেত্র ভ



বূর হছতে সিংহাচল-প্রেড, জিহড়-মূদিংহদেরের জীমন্দির ও জীচৈতজ্ঞানশীঠের শীমন্দিরের দৃষ্ট

^{*} বি. এন্, আর্. লাইনের সর্বশেষ ষ্টেসন ওরাণ্টিরারের পূর্বকর্থা ষ্টেসন
'বিংহাচলন্' হইচে প্রায় চারি মাইল দূরে 'সিংহাচল-পর্যতে'র উপর ঐদুসিংহদের
বিরাজ্যান। বিশেষ ভানিতে হইলে সাম্বাহিক 'পোড়ীর'-পত্র, বস্তান্ধ ১৩১৬, ১৬ই
অন্বার্থ-সংখ্যা (২৪৪-২৪১ প্র) ত্রস্ট্রবা।

"সিংহাচলে' গমন করিয়া শ্রীনৃসিংহদেবের স্তব ওবন্দনা করিলেন,— শ্রীনৃসিংহ, জয় নৃসিংহ, জয় জয় নৃসিংহ। প্রফ্রাদেশ, জয় পদ্মান্ত্রপদ্মভূক।

- 15: 6: X: D 8

এই স্থানে রাত্রিবাস করিয়। পরদিন প্রাতে প্রভূ পুনরায় প্রেম-বেশে চলিতে চলিতে গোদাবরী-তীরে আগমন করিলেন। তথ্য গোদাবরী-দর্শনে শ্রীগৌরহরির শ্রীযমুনার স্মৃতি উদ্দীপ্তা হইল।

দ্বিপ্রধাশন্ত্র পরিচ্ছেদ শ্রীরায়-রামানন্দ-মিলন

দাকিণাতোর 'রাজমহেন্দ্রী' নগরে 'কোটিলিঙ্গম্'-তীর্থের অপর পারে 'গোপ্পদ' বা 'পুষ্ণরম্'-তীর্থ অবস্থিত। প্রায় ১৫০২ খুটান্দে উড়িয়ার সম্রাট্ গজপতি প্রীপ্রভাপরুদ্রের অধীন বিখ্যাত শাসন-কর্তা (Governor) শ্রীরায়রামানন্দ গোদাবরীর তীরে 'গোপ্পদ'-তীর্থের ঘাটে শোভাষাত্রা করিয়া স্লান করিতে আসিতেছিলেন।

এদিকে শ্রীমন্মহাপ্রভু গোদাবরী পার হইরা রাজমহেন্দ্রী হইতে গোপ্পদ-তীর্থে আগমন করিয়াছেন। বহু বৈদিক ব্রাহ্মণ ও বাজ-ভাণ্ডের সহিত শিবিকারোহী এক ব্যক্তিকে শোভাযাত্রা করিব আসিতে দেখিয়া শ্রীকৃষ্ণচৈতক্তদেব তাঁহাকেই 'রামানন্দ রার্য বলিয়া বুঝিতে পারিলেন। শ্রীরামানন্দও এক অপূব সন্ন্যাসী দেখিয়া সান্টাঙ্গ দণ্ডবৎ-প্রণাম করিলেন। শ্রীচৈতক্ত রামরারকে গাঢ় আলিঙ্গনে বন্ধ করিলেন; উভয়ের মধ্যে প্রেমের তরঙ্গ ছুটিল। শ্রীরামানন্দ শ্রীমহাপ্রভুকে তথায় পাঁচ-সাতদিন কুপাপূর্বক অবস্থান

করিয়া শ্রীহরিকথা কীর্তন করিবার জন্ম বিশেষ প্রার্থনা জানাইলেন। শ্রীমহাপ্রভু সেই গ্রামে কোন এক বৈদিক বৈফব-ব্রাহ্মণের গৃহে অবস্থান ও ভিক্ষা করিলেন। সন্ধ্যাকালে শ্রীরামানন্দ রায় অভাস্ত দীনবেশে আসিয়া মহাপ্রভুকে দণ্ডবৎ-প্রণাম করিলেন। মহাপ্রভু তখন শ্রীরামরায়কে বলিলেন, – "জীবের প্রয়োজন পরম পুরুষার্থ বা সাধ্য যাহাতে নিণীত হইয়াছে, সেই প্রমাণ-সূচক প্লোক পাঠ করুন।" প্রীরামানন্দ তত্ত্তরে 'প্রীবিষ্ণুপুরাণে'র (৩৮৮) একটী শ্লোক পাঠ করিয়া বলিলেন,—"ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্র ও শৃত্র'—এই চারি বর্ণ এবং 'ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ ও সন্ন্যাসী' এই চারি আশ্রমীর নিজ-নিজ বর্ণ ও আশ্রমের আচার অর্থাৎ <mark>স্বর্ম-পালনের দারা পু</mark>ক্ষোত্তম বিফুর আরাধনা হয়। তাঁহার নিকটে বর্ণাশ্রমের আচার-পালন-ব্যতীত অন্ত কোনও সাধন প্রীতিজনক হয় না। বিফুতোষণই 'পুরুষার্থ' অর্থাৎ প্রয়োজন বা 'সাধা'। বর্ণাশ্রম-ধর্মাচরণরূপ সাধনের দ্বারা ঐ-সাধ্যলাভ হয়।"

শ্রীমনহাপ্রভু বলিলেন,—"হ্বধর্মে থাকিয়া শ্রীবিষ্ণুর ভোষণই 'সাধাবস্তু'; কিন্তু, বর্ণ ও আশ্রমধর্মের আচরণরূপ সাধনের ছারা সাক্ষান্তাবে সেই সাধাবস্তু-লাভ হয় না। 'বিষ্ণুপুরাণে'র ঐ-প্রমাণে স্বাপেক্ষা বহিরক সাধনের # কথাই উক্ত হইয়াছে; কারণ,

 [&]quot;কলৌ কলুষ্চিত্তানাং বৃথায়ু:প্রভৃতীনি চ।
 ভবস্তি বর্ণাশ্রমিশাং ন তু সন্তরণাধিনাম ।"

^{— (} ভ: সঃ, ৯৮ অমুছেল-গৃত 'বক্ষবৈত্ত-পুরাণ'-বাক্য)

কলিকালে কল্মচিত বর্ণাশ্রমিগণের ভীবনধারণাদি ব্যা; কিন্ত কানার শরণাথি-জনগণের জীবনধারণ বুখা নহে।

প্রমাণ-শিরোমণি শ্রীমন্তাগবত (১/২৮) বলেন,—'বর্ণাশ্রাম-ধর্ম অতাম্ব স্থনরভাবে অনুষ্ঠিত হইলেও ঞীবাস্থদেব বা তন্তজের আশ্রয়ের অভাবে যদি বাসুদেবের কথায় অর্থাৎ তাঁহার লীলা-বর্ণনাদিতে ফুচি উৎপন্ন না হয়, তবে ঐরূপ বর্ণাশ্রম-ধর্মের আচরণ পওতামমাত্র।' দকাম বর্ণাভাম-ধর্মের কথা দূরে থাকুক, কেবল নিবৃত্তিপর ধর্মত 'হরিবিমুখ' বলিয়া পরমার্থ বা 'সাধ্য'-প্রদানে অসমর্থ। শ্রীনারদ শ্রীব্যাসদেবকে বলিয়াছেন,—'ব্রহ্মের সহিত একাকারতাপ্রাপ্ত ও উপাধিশৃন্ত জ্ঞানও যদি শ্রীভগবানে ভক্তি-বর্জিত হয়, তবে তাহাও সম্যাগ্ভাবে মুক্তির কারণ হইতে পারে না; আর বর্ণাশ্রমাদি-ধর্মের অন্তর্গত যে কাম্য কর্ম, ষাহাতে সাধনকালে ও ফলকালে ক্লেশ অনিবার্ষ ; সেই তুঃখরূপ কাম্যকর্ম, এমন কি,নিষ্কাম কর্মণ্ড যদি খ্রীজগবানে অপিত না হয়,তবে তাহা ভগবানের প্রতি বহিমুখতা-দোষে হুষ্ট বলিয়া জীবের চিতত্তদ্ধি ক্রিতে পারে না।' অতএব বর্ণাশ্রম-ধর্মের কাম্যকর্মরূপ সাধনের দারা শ্রীবিফুভক্তিরূপ 'সাধ্য'-লাভ হইতে পারে না। ঐ-সাধন অত্যন্ত বহিরন্থ। বর্ণাশ্রামের আচার, তপস্থা ও অধ্যয়নাদি-বিষয়ক পরিশ্রম কেবল মহান্ পরিশ্রম, প্রতিষ্ঠা ও প্রাকৃত ঐশ্বর্য-লাভেই পর্যবসিত হয়; কিন্তু, শ্রীহরির গুণারুবাদ-শ্রবণে আদর-প্রভৃতির দ্বারা শ্রীভগবানের শ্রীপাদপদ্মযুগলের অবিস্মৃতিরূপ মহাফল-লাভ হইয়া থাকে। (ভাঃ ১২।১২।৫৪) বর্ণাশ্রম-ধর্ম পালন করিলে কখনও শ্রীবিফু **প্রসন্ন** হ'ন অর্থাৎ 'মোক্ষ'-লাভ হয় ; কিন্তু, তিনি সুপ্রসর হ'ন না অর্থাৎতাঁহার 'সাক্ষাৎকার'-লাভ হয় না,ভাঁহাকে 'স্থবী' দেখা যায় না, 'বিমৃক্তি'—বিশেষ মৃক্তি —ভগবদানন্দ— প্রমানন্দ-বৈচিত্রী-লাভ হয় না:" তখন প্রীরামরায় শ্রীগীতার (৯২৭) একটি শ্লোক পাঠ করিয়া বলিলেন,—"কি ভোজন, কি যজ্ঞ, কি দান, কি তপস্থা ও অপর যে-কিছু কর্ম, তাহা শ্রীকৃষ্ণে অর্পণ করিলেই শ্রীবিষ্ণুভক্তিরূপ 'সাধ্য'-লাভ হয়।"

"শ্রীবিষ্ণুপুরাণোক্ত বর্ণাশ্রমাচার-পালনরপ কর্মকে কেহ কেহ ফল-কামনারহিত বলিয়া প্রতিপানন করিলেও উহার অন্তরে ফ্লের প্রতি তীক্ষদৃষ্টি ও আগ্রহ রহিয়াছে। নিতাকর্ম—দন্ধ্যা-বন্দনাদি বা নৈমিত্তিক-কর্ম-পিতৃ-পুরুষের আদ্ধ-তর্পণাদিতে যে অভিমান আছে, ভাহা সম্পূর্ণ প্রাকৃত ও এই চতুর্দশ ব্রহ্মাণ্ডের অস্মিতা বা দেহের অভিনিবেশ হইতেই জাত : স্তরাং স্বরূপত: 'সকাম'। আর, শ্রীগীতায় যে কর্মের ফল কর্মের সহিত শ্রীভগবানে অর্পণের উপদেশ আছে, উহাও সাধাতক্তির 'অন্তর্ফ সাধন' হইতে পারে না ; কারণ, ভক্তির অন্তরঙ্গ-সাধন 'ভক্তি'ই হইবে। ক্মপিণের দ্বারা ক্মের ফল আত্মণাৎ না করার ক্মের বিষ কথবিং প্রশমিত হইল বটে, কিন্তু তাহা 'সাক্ষান্তক্তি' (স্বরূপ-সিদ্ধা ভক্তি) নহে। জডের মহস্কার বা দেহের আবেশ লইয়াই ভগবানের দিকে একটু ঘাড় ফিরাইবার চেক্টা করিভেছে, এই-মাত্র। স্বতরাং ইহা ভগবানের প্রতি 'গৌণ' উনুষতা। কর্মার্পণ তই প্রকার—(;) ফলত্যাগ ও (২) তাঁহার স্থ্রখাভাদ-চেন্টা। এক-মাত্র ভক্তসঙ্গ হইলেই বিষ্ণুর সুখাভাসের চেষ্টা হয়। ফলত্যাগ বা কর্ম-সন্মানে সেই মুখাভাসের চেফ্টাটুকুও থাকে না। এইজ্ঞ

কর্মার্পণকারী অর্পণের ঘারা অভক্তসঙ্গে অভক্তির ঘারেও পৌছিতে পারে। শুদ্ধভক্তের সঙ্গ না হইলে তাঁহার 'শান্ত্রীয়-শ্রহ্ণা' ও 'সাধ্য-ভক্তি'লাভ সম্ভবপর নহে। এছন্ত কর্মার্পণকে 'আরোপসিদ্ধা ভক্তি'-মাত্র বলা যায়। 'লৌকিক-শ্রদ্ধা' হইতে কর্মার্পণ বা আরোপ সিদ্ধা ভক্তির আরম্ভ হয়, এজন্ম তাহা 'সগুণা'। এই কর্মার্পণ বা আবোপসিদ্ধা ভক্তি 'সকৈতবা' অর্থাৎ ধর্মার্থাদি-কামনা-মূলক হইলে তাহা 'ভাগবত-ধর্মের' প্রথম দোপানও হয় না। যদি সেই আরোপসিদ্ধা ভক্তি 'অকৈতবা' অর্থাৎ ধর্মার্থকামাদি-বাঞ্ছাশৃগ্রা হয়, তবে তাহা 'সগুণ' ভাগবতধর্ম-পদবাচ্য হইতে পারে। বস্তুতঃ, 'সাধ্যভক্তি' নিগুণা। কর্মার্পণকে ভক্তি ও জ্ঞানের ধারস্বরূপ বলা হইলেও উহাতে স্বার্থপরতা থাকায় ভক্তি ও জ্ঞান উভয়-পদ্মাবলম্বিগণই কর্মকে নিরাস করিয়াছেন। সেব্যবস্তুর সুখদায়িনী ক্রিয়াই 'ভক্তি', তাহাই সাধ্য। সেই ভক্তি যদি 'আদে অপিতা' অর্থাৎ সেব্যের স্থাধর জন্মই ভাবিতা হইয়া অনুষ্ঠিতা হয়, তবেই 'স্বরূপসিদ্ধা ভক্তি' হয়, আর যদি পূর্বে অনুষ্ঠিতা হইয়া পরে অপিত হয়, তবে তাহা কর্মার্পণ বা স্বার্থপরতা-ছৃষ্ট হইল।"

শ্রীমন্মহাপ্রভুর এই বিচার শ্রবণ করিয়া শ্রীরামানন্দরায় তথ্ন শ্রীমন্তাগবত ও শ্রীগীতার প্রমাণ-শ্লোক পাঠ করিয়া বলিলেন,— "বর্ণাশ্রমরূপ **স্বধর্ম ত্যাগ** করিয়া শ্রীভগবানে শরণ-গ্রহণ^ই 'সাধ্যভক্তি'র উৎকৃষ্ট সাধন।" শ্রীমন্মহাপ্সভূ বলিলেন,—"স্বরূপতঃ (কেবল ফলতঃ নহে) বর্ণধর্ম ও আশ্রমধর্ম-ভ্যাগের কথা সুখে বলিলেই তাহা কার্যতঃ হয় না। সাধ্যভক্তি—'ফ্লাদিনীর বৃত্তি-

বিশেষ'। সেই হলাদিনীর বৃত্তি হলাদিনীর দৃত হে 'মহৎ', ঠাহার কুপা ও দদ্ধ-বাহনা হইয়া আবিভূতা হ'ন। মহতের কুপা-বাতীত কেহই সাধনচেন্টার দ্বারা ভক্তি লাভ করিতে পাবে না। বর্ণাশ্রমে বা উহার বহিভূতি সমাজে থাকিয়াও যদি শ্রীহরিকথায় কথঞিৎ কৃচি বা শ্রন্ধা হয়, তাহা হইলে সেইটাই 'ভাগা'; বর্ণাশ্র্য নিষ্ঠা বা উহার ব্যক্তিচার কোনটীই ভাগ্য নহে ৷ সাধুগণ বিষ্ণু বা বিষ্ণু-ভক্ত-সম্পর্কযুক্ত স্থানে ৪ গঙ্গাদি পুণ্য নদীর তীরে থাকেন। কোন কার্য-ব্যপদেশে যদি কোন বিষয়ী সেখানে গিয়া উপস্থিত ·হইয়া সেই সাধুর দর্শন, পাদ-স্পর্শ, সন্তাষণ বা উপটোকনাদি প্রদান করিবার সৌভাগ্য পায়, তাহা হইলে তাহার সৰগুণ প্রবল হইয়া হরিকথায় রুচিরূপ ভক্তির প্রথম অবস্থা-আরম্ভ হইয়া বায়। ইহা অপেকা ক্মী বর্ণাশ্রমীর পক্তে শ্রেষ্ঠতর প্রমধর্ম আর নাই। স্থুতরাং, সাধু-কুপাব্যভীত সাধারণ জীবের স্বরূপতঃ স্বধর্ম-ত্যাগ বা শরণাগতির উদয় হইতে পারে না। শরণাগতি, মহতের দেবা ও শ্রবণ-কীর্তনাদি নবধা ভক্তি—'স্বরপসিদ্ধা বৈধী ভক্তি'। যদি কোন ব্যক্তি মহৎ-সঙ্গাদিজাত সংস্থার-বিশেষরূপ অনির্বচনীয় অতিভাগা-ফলে ভক্তিতে শ্রহ্মাবান হন, তরেই তিনি সেই 'বৈধী সাধন-ভক্তি'র অধিকারী হইতে পারেন। শ্রীগীতা-প্রভৃতি শাস্ত্রে আর্ত, জিজ্ঞাত্ম, অর্থার্থী ও জ্ঞানী—এই চাবি-প্রকার অধিকারীর কথা বলা হইয়াছে। গজেল. শৌনকাদি মুনি, গ্রুব ও চতু:সন-প্রভৃতি মধাক্রমে আর্ড, জিজ্ঞামু, অর্থার্থী ও জ্ঞানীর উদাহরণ। এই আর্ত-প্রভৃতি ব্যক্তিগণ শুদ্ধ-ভক্তিতে অধিকারী নহেন;

কিন্তু, আতি-জ্ঞানাদীচ্ছামুক্ত ভক্তকৃপা-বিশিষ্ট ব্যক্তিগণই ভক্তির অধিকারী। আর্ত-প্রভৃতি ব্যক্তিতে যখন ভগবান্ বা ভগবন্তক্তের কুপা হয়, তখন তাঁহাদের সেই সেই ভাবের ক্ষীণতায় শুদ্ধভক্তির প্রতি শ্রদ্ধা হয়। ভক্ত ও উগবানের কুপাতেই গজেন্দ্রাদির সেই-সেই বাসনা-ত্যাগ হইয়াছিল। জ্ঞানী মহতের সঙ্গাভাসকলে সাক্ষাজ জ্ঞানের লক্ষণস্বরূপ নির্বেদ এবং ভক্তমহতের সঙ্গাভাসকলে ভক্তির মূল আদ্ধা ও তৎপূর্বে যে মাহাত্মাজ্ঞান, উহার উদয় হয়। শ্রীগীতার (১৮।৬৬) চরম প্লোকে যে 'সর্ব গুহুতম পরম বাকো'র উপদেশে সর্বধর্ম-ত্যাগের যে কথা আছে, উহাকেও বাহিরের কথা বলিয়াই জানিবেন। কারণ, এই ত্যাগ স্বতঃস্কূর্ত নহে,— শ্রীকৃষ্ণের স্বখের চিস্তায় আবিষ্ট হইয়া বর্ণ ও আশ্রম-ধর্মের প্রতি অকিঞ্চিৎকরতা-বৃদ্ধিজাতও নহে। ইহাতে কর্তব্য না করার পাপের জন্ম ভয়ের চিস্তা আছে। ইহাই দেহাভিনিবেশের প্রমাণ। গোপীগণের শ্রীকৃষ্ণের সুখানুসন্ধানের জন্ম আর্যধর্ম-ত্যাগে পাপের ভয় বা দেহাভিনিবেশের লেশমাত্রও নাই। দেহাভিনিবেশজনিত-কর্তব্য-বৃদ্ধির মধ্যে তদকরণে পাপবৃদ্ধি আছে বলিয়াই, শ্রীকৃষণ বলিয়াছিলেন,—'আমি ভোমাকে কর্তব্য না করার দরুণ সর্বপাপ হইতে মুক্ত করিব ; তুমি আর শোক করিও না।" শ্রীচৈডন্মদেব ত্রীগীতার সর্বধর্ম-ত্যাগ বা স্বধর্ম-ত্যাগের কথাকেও শোক ও আকাজ্ফাস্চক সাধন বলিয়া প্রতিপন্ন করিলেন।

শ্রীরামানন্দরায় শ্রীগীতার (১৮।৫৪) আর একটি শ্লোক পাঠ করিয়া বলিলেন,—"জীব ব্রহ্মভূত প্রসন্নাত্মা হইয়া যখন কোন শোক বা আকাজ্জা করেন না এবং সমস্ত প্রাণীতে সমদশী হ'ন, তখন গ্রীভগবানে ভক্তি লাভ করিয়া থাকেন অর্থাৎ 'জ্ঞানমিশ্রা ভক্তি'-রূপ সাধনের দ্বারা 'সাধাভক্তি' লাভ করিতে পারেন।"

শ্রীমন্মহাপ্রভু বলিলেন,—"জ্ঞানমিশ্রা ভক্তিও স্বরূপদিরা নিও ণা 'সাধাভক্তি' নহে। 'মিশ্রা' বলিতে যদি আবরণ হয়, তবে ত' তাহা ভক্তিই হইল না; তাহা ভক্তিকে আরুত করিয়া ফেলিল। আর যদি 'মিশ্রা' বলিতে জ্ঞানের 'আকার'-মাত্র লক্ষ্য করে, তবে ঐরপ আকার থাকিলেও ভক্তিরই প্রাধান্ত, প্রভুহ থাকিল ; কিন্তু ইহাও 'স্বরপসিদ্ধা ভক্তি' হইল না, 'সঙ্গসিদ্ধা ভক্তি' হইল। সঙ্গসিদ্ধা ভক্তি যদি 'সকামা' হয়, তবে আর্ত, অর্থার্থী, জিজ্ঞামু ও জানীর অধিকারোচিত ব্যাপার হইল। শাস্ত্রীয়-শ্রদ্ধা বা শরণাপত্তি হইতে 'সঙ্গসিদ্ধা ভক্তি'র আরম্ভ হইলেও তাহা স্বরূপ-সিদ্ধা অকিঞ্চনা ভক্তি না হওয়ায় সাধ্য প্রেমভক্তির 'অন্তরঙ্গ-সাধন' হইতে পারে না। শোকাদি বিদ্ন থাকিলে শ্রীহরিভজনে প্রবৃত্তি হয় না, তহ্জমূই জ্ঞানের অপেক্ষা ; কিন্তু, জ্ঞানের অপেক্ষা থাকিলে পুনরায় তাহা ভক্তির বিত্নকারক হয়। 🛎 কারণ, ভক্তি নিরেপেক্ষা, তাহা জ্ঞানের অপেক্ষাযুক্তা নহে, বরং জ্ঞান ও বৈরাগ্য অনেক সময় ভক্তির প্রতিকূলই হয়, ইহাই শ্রীমন্তাগবতের সিকান্ত।"

শ্রীগোরহরির এই-প্রকার বিচার-শ্রবণের পর শ্রীরামানন্দরায় শ্রীমদ্ভাগবতের (১০।১৪।৩) একটা শ্লোক পাঠ করিয়া **ভ্যান**-

^{*} অত্ত শোকাদিবিদ্বনত্বে স্তরনাপ্রবৃত্তী জানাপেকা, ত্রভাবে তু সা পুন-র্ভননিম এবেঙি বাহন ।"—জীল বিখনাথচক্রবিটি-ঠাকুর।

শূন্যা ভক্তি'কেই 'সাধ্যসার' বলিলেন। গাঁহারা জ্ঞানের প্রয়াস ঈষ্ডাবেও না করিয়া সাধুগণের নিবাসে অবস্থিত হইয়া সাধুগণের শ্রীমুখ হইতে স্বভাবতঃ নিতা প্রকটিত শ্রীভগবানের কথাকে কায়মনোবাকো অবলম্বন-পূর্বক জীবন ধারণ করেন, তাঁহারা যদি অন্য আর কিছু না করেন, তথাপি তাঁহাদের দ্বারাই অঞ্চিত ভগবান বশীভূত হ'ন।"

শ্রীরামরায়ের মুখে এই 'জ্ঞানশৃতাা অকিঞ্না ফ্রুপসিদ্ধা ভক্তি'র কথা শ্রবণ করিবার পর গ্রীমন্মহাপ্রভু বলিলেন,— "এহো হয়।—হাঁ, ইহাই নিক্ষামা 'নিগুণা ভক্তি'-পদবাচ্যা, তথাপি ইহা 'সাধনভক্তি'; ইহার পরের কথা যাহা 'সাধ্যভক্তি', তাহার কথা বলুন। সাধ্য-ভক্তি শ্রীকৃঞ্গ্রীতি বিধিভক্তিরূপ সাধনের হারাও লভ্যা হ'ন না।'' তখন - শ্রীরামরার নিজকৃত তুইটি শ্লোক পাঠ করিয়া "শ্রীকৃষ্ণে স্বাভাবিকী লোভমরী 'প্রেমভক্তি' সকল-সাধ্যের সার" ইহা জ্ঞাপন করিলেন : আরও বলিলেন,—"যে-কাল পর্যন্ত উদরে তীব্র ক্ষা ও পিপাসা থাকে, সে-কাল-পর্যন্তই ভোজা ও পানীয় তবা স্থাহ মনে হয়; অগ্নি-মান্দা থাকিলে সর্বোৎকৃষ্ট ভোজাদ্রব্যও ক্রচিকর হয় না ; তদ্ধেপ আর্ডবন্ধু শ্রীকৃঞ্জের নানা-উপচারে পরিচর্যা প্রীতির দ্বারা সাধিত হইলেই শ্রীকৃঞ্জের ও ভক্তের সুখকর হয়। কুফদেবারসে 'আবেশময়ী মতি' যে-কোন স্থানে লবা হউক না কেন,একমাত্র 'লোভ'-রূপ মূল্যের গারা তাহা ক্রয় করা উচিত, কোটি-কোটি জন্মের স্বকৃতি-জনিতা বৈধী ভক্তির দারাও ঐ আবেশময়ী 'মতি' পাওয়া যায় না।

জানিয়াই হউক, না জানিয়াই ইউক, প্রীতির অবিতীয় পাত্র যে 'শ্রীকৃষ্ণ' তাহাকে সিদ্ধ দাস্ত-সন্ধাদি-ভাবে অনুবাগী ভক্তগণ যে স্থব বিধান করিতেছেন, শ্রীকৃষ্ণও তাহাতে যেভাবে স্থা হইতেছেন এবং ভক্তগণ শ্রীকৃষ্ণকে দাস্ত-সন্ধাদিভাবে সেবা করিয়া যে স্থবী দেখিতেছেন, সেই সাধ্য ভক্তির পরিপাটি শ্রবণ করিয়া যাঁহারা তাঁহাদের (অনুরাগী ভক্তগণের) অনুগতি লাভ করিবার জন্য লোভবিশিষ্ট ইইয়া বিহাদগতিতে ছুটিয়া চলেন, তাহাদের (রাগানুগানুলতগণের) ভক্তিই 'রাগানুগা সাধন-ভক্তি'। মার্ম নিত্যসিদ্ধ ব্রহ্বপরিকরগণের ভক্তি—'সাধ্যভক্তি'। 'বৈধা ভক্তি'তে শান্ত-শাসনের প্রয়োজন হয়, কিন্তু রাগানুগা ভক্তি ক্রচি, প্রবৃত্তি বা 'তৃষ্ণা' হইতেই উদিতা হয়।"

শ্রীমহাপ্রভূ বলিলেন,—"প্রেমভক্তি দর্বদাবাদার, দলেই নাই; কিন্তু মমন্বর্বজিত 'শান্তপ্রেম' হইতেও শ্রেষ্ঠ বে 'দাঘাভক্তি', তাহার কথা বলুন।" তখন শ্রীরামরায় মমতাযুক্ত 'দাশ্রপ্রেম'র কথা বলিলেন। শ্রীমন্মহাপ্রভূ উহা অপেক্ষাও শ্রেষ্ঠ দাধ্যের কথা জ্ঞিলাসা করিলে শ্রীরামরায় 'স্থাপ্রেমে'র কথা জানাইলেন। মহাপ্রভূ বলিলেন,—"গৌরবময় দাশ্র-প্রেম ইইতে বিধাসভাবময় দখ্যপ্রেম উৎকৃষ্ট হইলেও তাহা অপেক্ষাও শ্রেষ্ঠ দাশ্রের কথা বলুন।" তখন রামরায় পাল্য বা অনুগ্রাক্ত-ভাবময় * 'বাৎ দল্য-প্রেম রক্ষা বলিলেন। শ্রীমন্মহাপ্রভূ তদপেক্ষাওউৎকৃষ্ট সাধ্যের কথা জিজ্ঞাসা করিলে শ্রীরামরায় "স্বস্থধ-তাৎপর্য-বজিত স্বাদ্ধ-

^{* &#}x27;ভক্ত –পালক, ই কৃক্দ–পাল্য ; ভক্ত–ক্ষুগ্রাহক, ভগ্ব-ন্–কগুগ্রাহ্র।' —এইক্স ভাবনুর্ব।

দ্বারা সর্বতোভাবে নিঃসঙ্কোচে শ্রীকুঞ্জের স্বথানুসন্ধানপর কান্ত-ভাব'ই প্রেমের পরাকাঠা।"—ইহা জানাইলেন। তাৎপর্য এই— সাধারণ প্রেমে মমতার অভাব, দাস্তর্সে বিশ্রস্ত বা বিখাসের অভাব, সখারদে স্নেহাধিক্যের অভাব এবং বাৎসলো নিঃসঙ্কোচ-ভাবের অভাবহেতু'সাধ্য-প্রেমে'র পরিপূর্ণতা একমাত্র 'কাস্কভাবে'ই আছে। এই সমস্ত রসই 'অপ্রাকৃত', স্মৃতরাং ইহার কোনটাতেই জাগতিক অপূর্ণতা বা অভাব নাই, তত্তদ্রসের ভক্তের নিকট সমস্তই পরিপূর্ণ ও সর্বোত্তম; তথাপি নিরপেক্ষ হইয়া বিচার করিলে অপ্রাকত রাজ্যে ঐরপ চমৎকারিতার তারতম্য আছে। কান্তব্রেমে—শান্তের কুঞ্চনিষ্ঠা; দান্তের কুঞ্চনিষ্ঠা ও মমতাময়ী সেবা : সখোর কুঞ্চনিষ্ঠা, সেবা ও অসম্বোচ ; বাৎসলোর কুঞ্চনিষ্ঠা, সেবা, অসংস্লাচ ও স্নেহাধিক্য-প্রভৃতি অধিকভাবে আছে; অধিকন্ত কাস্তপ্রেমে নিজ-সর্বাঙ্গদারা দেবারূপ গুণটি অধিক দেখা যায়। গোপীর শ্রীকৃঞ্প্রেমই 'সাধ্যাবধি'। গোপীর মধুর-রস-সেবার শ্রীকৃষ্ণ আপনাকে 'ঋণী' জ্ঞান করেন। ইহার পরেও শ্রীমন্মহাপ্রভূ জ্ঞীরামরায়কে আরও শ্রেষ্ঠ সাধ্যের কথা ক্বিজ্ঞাসা করিলে শ্রীরাম-রায় ত্রীরাধার শ্রীকৃষ্ণপ্রেমই 'সাধ্য-শিরোমণি' অর্থাৎ পর্ম প্রয়োজনর মধ্যেও 'চরম' বলিয়া নির্দেশ করিলেন।

এ-জগতে যে রসই আমাদের নিকট যতটা 'হেয়' বলিয়া অনুভূত হয়, গোলোকে সেই রসটি ততটা 'উপাদেয়'; কেন-না, এ-জগৎ গোলোকের বিকৃত প্রতিবিদ্ধ—সমস্তই বিপরীত। যেমন, দর্পণে আমাদের ছবি দেখি, তখন আমাদের দক্ষিণ হস্তটী—

বাম হস্ত ও বাম হস্তটী—দক্ষিণ হস্ত,এরূপ বিপরীত দেখিয়া থাকি। এই অনিত্য জগতের দর্পণে প্রতিকলিত হইলে গোলোকের রস-সমূহের এইরূপ বিকৃতচ্ছায়া-দর্শন হয়।

শ্রীরামানন্দ রায় ক্রমে-ক্রমে শ্রীকুঞের স্বরূপ, শ্রীরাধার স্বরূপ, রসতত্ত্বর স্বরূপ ও প্রেমতত্ত্ব বর্ণনা করিলেন। শ্রীমন্মহাপ্রভূর জিজ্ঞাসাক্রমেশ্রীরামানন্দরায় বিপ্রলম্ভরসের প্রেমবিলাস-বিবর্ত-রূপ * 'অধিরূঢ্-মহাভাব'ময় নিজকুত একটি গীত বলিলেন,—

> পহিলেহি রাগ নয়নভক্তে ভেন : অফুদিন বাচল, অবধি না গেল :

—हि: ह: महाकावा २०,८७ ; हि: ह: य: ४१३३०

শ্রীরামরায় অবশেষে "সেই শ্রীশ্রীরাধারুষ্ণের প্রেমদেবা-প্রাপ্তির উপায়—একমাত্র ব্রজস্থীর আন্তগত্য" ইহা জানাইলেন। শাস্ত, দাস্ত, সখ্য, বাৎসল্য ও মধুর প্রেম—ইহাদের মধ্যে প্রত্যেক

^{*} বাঁহারা মহতের কুপার এই জগতের চিন্ত, স্রোতের অভীত রাজে বিহাছন এবং বাঁহাদের ক্ষম সর্বজন অকপট-কুজ্মেনা-লালনায় বিভাবিত, তাঁহারাই নীরাধার প্রেমের মধ্যে যে কি প্রমান্তিরতা আছে, তাহা উপলকি করিতে পারেন। এলি কপ্রেমিরারতা ক্ষমের প্রেমের মধ্যে যে কি প্রমান্তিরিছা ও 'এইজ্জ্ম-নীলম্বিণ প্রভৃতি প্রস্থে দেই সকল স্বত্রতা তার প্রমন্ত ব্যক্তিগণের অনুভবের কন্ত বাক্ত করিয়াছেন। দেই সকল কথা সকলে অব্যাহ মহংকুপার্কিত প্রিত, নাহিত্যিক, ধামির-মন্ত্রালয়ানি বুরিতে পারিবেন না: এজ্যু এইসকল শক্তের, বাাঝা এপানে নিজ্রোজন। মহংচর কুপায় জজনের উরত্তর সোপানে অনিষ্ঠিত না হইলে এই-সকল কথার বিকৃত তাংশ্য ক্ষীবকে অপরাধী করিয়া ফলে। এইজ্যু অনেক মনীই ও নাহিত্যিক এই 'প্রেম্বিলাস-বিবর্তোর বাাঝা বুরিতে সমর্থ হ'ন নাই। ভগবভুজন ও সাধারণ-সাহিত্য-দেবা বা সাধারণ-ধ্যানুষ্ঠান- নদপূর্ণ পূথ্য ব্যাপার।

265

প্রেম-দেবাতেই দেই দেই প্রেমের মূল দেবকণণ অনুগত হইতে ্হইবে। যেমন, কাহারও শান্তরদ স্বভাবসিদ্ধ ; ভিনি ব্রজের গো, বেত্র, বিষাণ, বেণু, যমুনা-প্রভৃতি শাস্তরসের মূল সেবকগণের অনুগত হইয়া শ্রীকুঞ্জের সেবা করিবেন। দাস্তরসের রসিকগণ রক্তক, পত্রক, চিত্রকের অনুগত হইয়া; স্বারসের রসিক্রণ স্থদাম, শ্রীদাম, স্তোককুফের অনুগত হইরা, বাৎসল্য-রসের ্রসিকগণ শ্রীনন্দ-যশোদার অনুগত হইয়া এবং কান্তরসের রসিক-গণ ব্রজ্ঞােপীগণের অনুগত হইয়া ত্রীকৃষ্ণের সেবা করিবেন।

জীব আপনাকে 'ভগবান' বলিয়া কল্পনা করিলে যদ্ধপ ভীবণ অপরাধ হয়, তজপ আপনাকে ভগবানের 'মূল সেবক'—যথা শ্রীমতী, শ্রীনন্দ, শ্রীযশোদা-প্রভৃতি-রূপে কল্পনা করিলেও ততোহধিক অপরাধ হইয়া থাকে। ইহাকেই 'অহংগ্রহোপাসনা' -বলে। বাস্তব বৈঞ্চবধর্মে বা শ্রীমন্মহাপ্রভুর শিক্ষায় কোন-প্রকার কয়না বা আরোপের কথা নাই। পরমমুক্ত স্থানর্মল চেতনের বুত্তিতে ধাঁহার যে স্বভাব বা সিদ্ধরস আছে, ভাহাই মহতের - কুপাসঙ্গ-ফলে স্বয়ং প্রকাশিত হয়।

শ্রীমন্মহাপ্রভু তাঁহার নিজের কথাই শ্রীরামরায়ের মুখে প্রকাশ করিয়াছিলেন। তিনি কয়েকটা প্রশ্নচ্ছলে আরও যে-সকল অমূল্য উপদেশ জগতে প্রকাশ করিয়াছেন,নিয়ে তাহা প্রকাশিত হইল। ্এই কয়টা কথা শ্রীচৈতভাদেবের শিক্ষার সার,—

> প্ৰভূ কহে,—"কোন্ বিচ্ছা বিচ্ছা-মধ্যে সার ?" রায় কহে,—"কৃঞভক্তি বিনা বিহ্যা নাহি আর ॥"

"কীতিগণ-মধ্যে জীবের কোন্ বড় কীতি ?"
"ক্ষেত্ত বলিয়া গাঁহার হন খাগতি।"
"গুংস-মধ্যে কোন্ ছংখ হন গুরুতর ?"
"ক্ষেত্ত বিবহ বিনা ছংখ নাহি দেশি পর।"
"মৃক্তমধ্যে কোন্ জীব মৃক্ত করি মানি ?"
"ক্ষেপ্রেম বাবি, সেই মৃক্ত-শিরোমণি।"
"শ্রেয়োমধ্যে কোন্ শ্রেয়ং জীবের হন দার !"
"ক্ষেত্ত সহ বিনা শ্রেয়ং লাহি আর।"
"মৃক্তি-ভুক্তি বাঞ্ছে ঘেই, কাহা ছুঁহার গতি ?"
"ভাবরদেহ, দেবদেহ যৈছে অবস্থিতি।"

—টৈচঃ টৈচঃ মঃ ৮মঃ পঃ

ত্রিপঞ্চাশত্তম পরিচ্ছেদ দাক্ষিণাত্যের বিভিন্ন তার্থে

ক এক-দিন প্রতিরাত্রে নানাবিধ ব্রিক্ষকথা-সংলাপের পর ব্রীগোরস্থানর প্রীরামানন্দ রায়ের নিকট নিজের শ্রাম ও গোররূপ (রসরাজ-মহাভাব-রূপ) প্রদর্শন করিলেন। গ্রীমহাপ্রভু প্রীরামানন্দ রায়কে তাহার রাজকার্য পরিত্যাগ-পূর্বক ব্রীপুরুষোত্তমে গমন করিবার জন্ম আজ্ঞা করিয়া স্বয়ং দক্ষিণদিকে যাত্রা করিলেন।

শ্রীমন্মহাপ্রভূ 'বিস্থানগর' হইতে ক্রমে 'গৌতমী গঙ্গা', 'মল্লিকার্জুন', 'অহোবল-নৃসিংহ', 'সিদ্ধবট', 'স্কন্দক্রে', 'ত্রিমঠ', 'বৃদ্ধকাশী', 'বৌদ্ধস্থান', তিরুপতি', 'ত্রিমন্ত্র', 'পানা-নৃসিংহ',





মঞ্বলগিরিতে শ্রীচৈতন্ত-পাদপীঠ

বৌদ্ধাচার্য বড়্যন্ত্র করিয়। শ্রীমন্মহাপ্রভুকে মহাপ্রসাদের নামে মহস্ত-মাংসমিশ্রিত অন্ধ্রপান করিলে দৈবাহ একটা সুরহহ পক্ষী আসিয়া সেই অস্পৃত্য খাজপূর্ণ খালাটি লইয়া গেল। বৌদ্ধাচার্যের উপরে ঐ থালাটি পড়িয়া গেলে তাঁহার মস্তক কাটিয়া গেল; তিনি মূছিত হইয়া পড়িলেন। বৌদ্ধাণ গুরুর দশা দেখিয়া মহাপ্রভুর শরণাগত হইলেন। পরে তাঁহারা মহাপ্রভুর আদেশে শ্রীকৃষ্ণসংকার্তন করিয়া গুরুর সহিত বৈষ্ণবতা লাভ করিলেন। বৌদ্ধাচার্য মহাপ্রভুকে কৃষ্ণজ্ঞানে স্তুতি করিলেন। মহাপ্রভু শৈব-গণকেও ভাগবত-ধর্মে দীক্ষিত করিলেন।


শ্রীমন্মহাপ্রভু 'কাবেরী'র তারে 'প্রীরঙ্গক্ষেত্র' গমন করিলেন এবং তথার জনৈক অন্তর্গেদশীয় প্রীরামান্ত্রজীয় বৈষ্ণব প্রীরাষ্ট্রত ভট্টের গৃহে চারিমাদ কাল অবস্থান করিয়া প্রীলক্ষানারায়ণ-উপাদক শ্রীব্যেষ্টে ভট্টকে সপরিবারে 'প্রীকৃষ্ণভক্ত' করিলেন। প্রীতিরুমসয় ভট্ট, শ্রীব্যেষ্টে ভট্ট ও প্রীপ্রবোধানন্দ সরস্বতী—এই ভিন ভাতা মহাপ্রভুর পাদপদ্ম আশ্রয় করিয়া প্রীরাধাক্ষ্ণ-রুসে মন্ত হইলেন। শ্রীব্যেষ্টে ভট্টের ল্রাতা প্রীপ্রোধানন্দ—বোষ্টের পুত্র প্রীণোপাল ভট্টের গুরুর ক্রান্তর্গক ভট্টের লাতা প্রীপ্রবাধানন্দ—বোষ্টের পুত্র প্রীণোপাল ভট্টের গুরুর করিছেনি, ভখন প্রীণোপাল ভট্ট মহাপ্রভুকে দর্শন ও তাঁহার সেবা করিবার সুযোগ প্রাপ্ত হইয়াছিলেন।

'শ্রীরঙ্গম্' হইতে 'ঝহভ-পর্বতে' গমন করিয়া শ্রীমন্মহাপ্রভূ তথায় শ্রীপরমানন্দ পুরীর সাক্ষাৎকার লাভ করিলেন। তথা হইতে শ্রীমহাপ্রভূ 'নেতুবন্ধ' লক্ষ্য করিয়া চলিলেন। 'দক্ষিণ-



মহলগিরিতে পর্বতক্রোড়ে 'শ্রীপানানুসিংহ'-মন্দির

'নিবকাঞ্চা', 'বিষ্ণুকাঞ্চা', 'ত্রিকালহস্তা', 'বৃদ্ধকোল', 'শিয়ালী-ভৈরবা', 'কাবেরা', 'কুন্তকর্ব-কপাল', হইয়া পরে 'গ্রীরঙ্গক্ষেত্রে' আসিলেন। গ্রীমন্মহাপ্রভুর কৃপায় দাক্ষিণাত্যবাসী কর্মী, জ্ঞানী, রামোপাসক, 'তর্বাদা', লক্ষ্মীনারায়ণের উপাসক 'রামাত্মজীয়' বৈষ্ণবগণেরও কৃষ্ণ-ভদ্ধনে রতি হইল। বৌদ্ধস্থানে শ্রীমন্মহাপ্রভূবোদ্ধাচার্য পণ্ডিতের যাবতীয় কুতর্ক খণ্ডন করিলেন। ইহাতে



মথুরা'য় (মাত্রায়) জনৈক রামভক্ত বিপ্রা, জগনাতা শ্রীদীতাদেবীকে রাবণ হরণ করিয়াছে বলিয়া বড়ই তৃঃখে দিন কাটাইতেছিলেন। মহাপ্রভু দেই বিপ্রকে বলিলেন,-"অপ্রাকৃত বৈকুপ্তেম্বরা
শ্রীদীতাদেবীকে রাবণ স্পর্শ করা দূরে থাকুক, চক্ষুতেই দেখিতে
পায় নাই। তবে য়ে 'শ্রীরামায়ণে' দীতাহরণের কথা লিখিত আছে,
তাহা মায়া-দীতাহরণের কথা-মাত্র। রাবণ শ্রীদীতার ছায়াকে
'দত্য-দীতা' মনে করিয়াছিল।" মহাপ্রভু কিছুদিন পরে তাঁহার
এই দিদ্ধান্তের প্রমাণস্বরূপ 'কূর্ম-পুরাণে'র একটি শ্লোক স্মানিয়া
দিয়া উক্ত রামভক্ত বিপ্রকে শান্ত করিয়াছিলেন।

চতু প্রধাশত্তম পরিচেছদ এটিভেন্তদেব ও ভট্টথারি

শ্রীমন্মহাপ্রভু পাণ্ডাদেশে 'তাগ্রপর্ণী'-নদীর তীরে 'শ্রীনবতিরুপতি', 'চিয়ড়তলা'-তীর্থে শ্রীশ্রীরাম-লক্ষাণ, 'তিলকাঞ্চী'তে
শ্রীশিব, 'গজেন্দ্রমাক্ষণে' শ্রীবিষ্ণু, 'পানাগড়ি'-তীর্থে শ্রীসীতাপতি, 'চাম্তাপুরে' শ্রীশ্রীরামলক্ষণ, শ্রীবৈক্ঠে' শ্রীবিষ্ণু, 'কুমারিকা'য় শ্রীশ্রগস্তা, 'আম্লীতলায়' শ্রীরামচন্দ্র দর্শন করিয়া মালাবার-প্রদেশে আগমন করিলেন। এইস্থানে 'ভট্টথারি' বলিয়া এক শ্রেণীর লোক বাদ করিত। ইহারা নমুদ্রী ব্রাহ্মণের পুরোহিত এবং মারণ, উচাটন ও বশীকরণ-প্রভৃতি তান্ত্রিক-ক্রিয়াকর্মে পারদশিতার জন্ম বিখ্যাত। ইহারা অনেক স্ত্রালোককে বশীভূত করিয়া তাহাদের নিকটে রাখিত এবং স্ত্রীলোকের প্রলোভন-দারা অপর লোককে ভুলাইয়া তাহাদের দল বৃদ্ধি করিত।

শ্রীমন্মহা প্রভুর সহিত 'কৃঞ্চাস'-মানক যে সরল ব্রাহ্মণটি প্রভুর দণ্ড-কমণ্ডলু-প্রভৃতি বহন করিবার জন্ম গিয়াছিলেন, তিনি ঐরপে ভট্টগারি-স্ত্রীলোকের প্রলোভনে প্রলুদ্ধ হইয়া বৃদ্ধিন্তই হইলেন। মহাপ্রভু ভট্টগারির গৃহে আসিয়া ক্ঞ্চাস বিপ্রকে চাহিলে ভট্টগারিগণ মহাপ্রভুকে অস্ত্র-শস্ত্র লইয়া মারিতে গেল; কিন্তু, নিক্ষিপ্ত অস্ত্রসকল তাহাদেরই গায়ে পতিত হইল। ইহাতে ভট্টগারিগণ চতুদিকে পলাইয়া গেল। মহাপ্রভু তখন কৃঞ্চাস বিপ্রকে কেশে ধরিয়া লইয়া আসিলেন।

জীব অণ্-চেতন, অতএব তাহার অণুস্বাতন্ত্রা আছে। যথন এই জীব সেই স্বাধীনতার সন্থাবহার করে, তথনই সে প্রীভগবানের ভক্তিপথে বিচরণ করে; আর যখন স্বাধীনতার অসদ্যবহার করে, তখনই নানাপ্রকার অভক্তির পথে বা অসংপথে ধাবিত হয়। সাক্ষাদ্ভাবে স্বয়ং ভগবানের সেবার অভিনয় করিয়াও, তাঁহার সঙ্গে-সঙ্গে অবস্থান (?) করিয়াও স্বতন্ত্রতার অপব্যবহার-ফলে জীবের কিরূপে পতন হইতে পারে, তাহার দৃষ্টান্ত শ্রীমন্মহা-এছ নিজসেবক কৃষ্ণদাসের এ ব্যাপারদ্বারা প্রদর্শন করিয়াছেন।

পঞ্চপঞ্চাশত্তম পরিচ্ছেদ 'ব্রহ্মসংহিতাধ্যায়'-পুঁ থি

শ্রীমন্যহাপ্রভু ভট্টথারি-গৃহ হইতে কৃষ্ণদাস-বিপ্রকে উদ্ধার করিয়া সেই দিন ত্রিবাঙ্কুর রাজ্যের অন্তর্গত পুণ্যবতী 'পয়স্বিনী'-নদীর তীরে আসিয়া তথায় স্নান ও 'শ্রীআদিকেশব'-মন্দিরে শ্রুপস্থিত হইয়া শ্রীকেশবজীর দর্শন করিলেন। শ্রীকেশবদেবের অগ্রে বহুদণ্ডবয়তি, স্তুতি, নৃত্যুগীত করিয়া মহাপ্রভু প্রেমে আবিই হইলেন। শ্রীগোরস্থানরের অপূর্ব প্রেম-দর্শনে স্থানীয় সকললোক পরম চমৎকৃত হইলেন। এই স্থানে শ্রীমন্মহাপ্রভু কতিপয় শুদ্ধভিতা'-গ্রন্থের পঞ্চম অধ্যায় আবিদার করিলেন। এই পুঁথি প্রাপ্ত হইয়া মহাপ্রভুর অঙ্গে অষ্ট্রসাত্তিক বিকার প্রকাশিত হইল। কারণ, এই পুস্তকে অল্লাক্ষরে বৈষ্ণব্দিদান্তসমূহ লিপিবদ্ধ আছে। বলিতে কি, এই গ্রন্থ সমস্ত বৈষ্ণব্দিদান্ত-শাস্তের নির্যাস-স্বরূপ।

শ্রীমন্মহাপ্রভু বহুষত্নে লিপিকরের দ্বারা সেই পুঁথি নকল করাইয়া লইয়াছিলেন। এই গ্রন্থটী শ্রীমন্মহাপ্রভু ও বৈষ্ণবজগতের পরমপ্রিয় ও প্রামাণিক গ্রন্থ বলিয়া শ্রীগোড়ীয়-বৈষ্ণবাচার্যবর্য শ্রীল শ্রীজীবগোস্বামি-প্রভু ও শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর উক্ত গ্রন্থের টীকা ও বৃত্তি রচনা করিয়াছেন। কটক রেভেন্সা কলেজের ভূতপূর্ব

[■] ত্রিবাশ্রাম্ হইে 'নগরকৈল' ঘাইবার পথে 'তিরবন্তর'-নামক গ্রামে। — সঃ

পরলোকগত অধ্যাপকবর পরমভাগবত শ্রীনিশিকান্ত সান্তাল এম্-এ ভক্তিস্থধাকর মহাশয় সর্বপ্রথমে ইংরেজী ভাষায় উক্ত গ্রন্থের অনুবাদ করেন এবং উহা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত হয়।

এই প্রন্থে শ্রীকৃষ্ণের সর্বকারণ-কারণন্ব, শ্রীকৃষ্ণের ধাম, মায়া, স্ষ্টিতত্ত্ব, শ্রীকৃষ্ণের বিভিন্ন অবতারের তত্ত্বসমূহ, নির্বিশেষ ব্রহ্মতত্ত্ব, দেবী, শিব ও হরিধামের স্বরূপ, সূর্য, শক্তি, গণেশ, রুত্র ও বিষ্ণুত্তত্ত্বের তারতম্য, প্রেমভক্তি-প্রভৃতি বিষয়ের দিন্ধান্ত সুষ্ঠুভাবে বর্ণিত হইয়াছে।

শ্রীমন্মহাপ্রভু তৎপরে 'শ্রীঅনন্তপদ্মনাভে'র মন্দিরে আগমন করিরা তথায় ছুই দিবস অবস্থান ও পরে শ্রীজনার্দনদেব ঋদর্শন করিতে আগমন করিলেন। পয়স্বিনী-তীরে আগমন-পূর্বক 'শঙ্কর নারায়ণ' ও 'শৃঙ্কেরী-মঠে তৎকালীন শঙ্করাচার্যের (রামচন্দ্র-ভারতীর ?) সাক্ষাৎকার লাভ করিলেন; পরে 'মংস্থতীর্থ' দর্শন করিয়া 'ভুক্কভদ্রা'য় আসিয়া স্নান করিলেন।

जिवालाम् याहेवाद भाव 'वाकाला छिमन हरेट मृत्निविक एए माहेल मृद्ध । —मः

ষট্ পঞ্চাশ্ত্তম পরিজেদ 'উভ্পী'তে শ্রীক্ষঠেতভা

দাজিণাত্যে 'সহা' পর্বতের পশ্চিমে কানাড়া-জেলা; দক্ষিণকানাড়ার প্রধাননগর 'ম্যাঙ্গোলার'। ম্যাঙ্গালোর হইতে ছত্রিশ
মাইল উত্তরে 'উড়ুপী'। এই স্থানের প্রাচীন সংস্কৃত-নাম 'রজতপীঠপুরম'। উড়ুপীক্ষেত্র হইতে সাত মাইল পূর্বদক্ষিণ কোণে
পাপ-নাশিনী-নদীর তটে বিমানগিরি'; উহার এক মাইল
পূর্বদিকে প্রীপরশুরামের স্থাপিত 'ধরুস্তীর্থ'। তৎ-সন্নিহিত প্রদেশই
'পাজকা-ক্ষেত্র' অবস্থিত। এই পাজকা-ক্ষেত্রে প্রীমন্যধ্বাচার্য আবিভূতি হ'ন। বর্তমানে এই পল্লীটী জনহীন। পরবর্তি-কালের একটী
প্রস্তরনিমিত গৃহই এই স্থানে প্রীমন্যধ্বচার্যের আবির্ভাব-স্থান
নির্দেশ করিতেছে।

উড়ুপীক্ষেত্রে শ্রীমন্মধ্বাচার্য-দেবিত 'শ্রীনর্তকগোপাল' শ্রীমৃতি ও তাঁহার প্রতিষ্ঠিত 'অপ্ট মঠ' শোভা পাইতেছে। শ্রীমন্মধাচার্য কোন এক বণিকের নৌকাস্থিত বৃহদ্-গোপীচন্দন-খণ্ডের অভ্যন্তরে এই শ্রীনর্তকগোপাল- মৃতি আবিস্কার করেন। শ্রীমন্মহাপ্রভু যখন উড়ুপীতে পদার্পণ করিয়াছিলেন, তখন এই শ্রীনর্তকগোপালের সন্মুখে নৃত্য, কীর্ত্তন করিয়া প্রেমাবেশে মগ্ন হইয়াছিলেন।

শ্রীমন্মনাচার্যের অনুগত সম্প্রদায় মায়াবাদের প্রতিবাদী প্রচারক বলিয়া 'তত্বাদী' নামে অভিহিত। শ্রীল শ্রীজীবগোস্বামি-প্রভু শ্রীমন্মনাচার্যকে 'তত্ববাদগুরু', বলিয়া উল্লেখ করিয়াছেন।



'তত্ত্ব' বলিতে সবিশেষ এীপুরুষোত্তম। মায়াবাদিগণ 'কেবলা-দৈতবাদ', আর, তত্ত্বাদিগণ 'শুদ্ধ-দৈতবাদ' স্বীকার করেন।

শ্রীমন্মহাপ্রভুর সমসাময়িক তত্ত্বাদিগণ মহাপ্রভুকে বাহাদর্শনে 'মায়াবাদী সন্ন্যাসী' মনে করিয়া প্রথমমূখে তাঁহাকে অসম্ভাষ্য বিচার করিলেন; কিন্ত পরে মহাপ্রভুর অন্তুত সাত্ত্বিক বিকার দর্শন করিয়া তাঁহাকে বৈষ্ণব-জ্ঞানে বহু সংকার করিলেন। তত্ত্ববাদিগণের অন্তরে 'বৈষ্ণব' বলিয়া অভিমান আছে দেখিয়া তাঁহাদের অহন্ধার কুপাপূর্বক মোচন করিবার জন্ম মহাপ্রভু অভি দীনভাবে তত্ত্বাদী আচার্যকে প্রশ্ন করিলেন,—"কোন্ সাধ্য ও সাধন সর্বশ্রেষ্ঠ ?" তত্ত্ববাদী আচার্য বলিলেন,—"বর্ণাশ্রমধর্ম-পালনপূর্বক শ্রীকৃষ্ণে কর্মফল-সমর্পণরূপ কর্মমিশ্রা ভক্তিই—শ্রেষ্ঠ সাধন এবং পঞ্চবিধ-মুক্তি লাভ করিয়া বৈকুণ্ঠে গমনই—শ্রেষ্ঠ সাধ্য।" শ্রীমন্মহাপ্রভু তত্ত্তরে শ্রীমদ্ভাগবত ও শ্রীগীতার প্রমাণ উল্লেখ করিয়া জানাইলেন,—"বর্ণাশ্রমধর্ম পরিত্যাগপূর্বক শ্রীকৃষ্টে একান্ত শরণাগত হইয়া নবধা ভক্তি-যাজন, বিশেষতঃ 'প্রবণ-কীর্তন'ই—শ্রেষ্ঠ সাধন এবং পঞ্চম পুরুষার্থ 'কৃষ্ণপ্রেম'ই—শ্রেষ্ঠ সাধ্য। সকল পারমার্থিক শাস্ত্রই একবাক্যে কর্মের নি<mark>লা</mark> করিয়াছেন। কর্ম হইতে কখনও কুষ্ণে প্রেমভক্তি লাভ হয় না। ভগবন্তজগণ পঞ্চবিধ-মুক্তিকে পরিত্যাগ করেন এবং উহাদিগকে নরকের তুল্য দর্শন করেন। কর্মী ও জ্ঞানী উভয়ই ভক্তিহীন। তবে তত্ত্ববাদী সম্প্রদায়ের একটি বিশেষ শুভলক্ষণ এই যে-আপনারা মায়াবাদিগণের স্থায় উপাস্থ বস্তুকে নির্বিশেষ কল্পনা



উড়্পীর ইমন্মধাচাই

করেন না। আপনারা উপাস্থা বস্তুর সবিশেষত্ব ও চিদ্বি<mark>লাস</mark> স্বীকার করেন। ইহাই আপনাদের আস্তিকতার লক্ষণ।" শ্রীমন্মহা প্রভুর সিদ্ধাস্ত শ্রবণ করিয়া তদানীস্তন তত্ত্বাদি-গুরু স্তস্তিত ও নিজের মতের অসম্পূর্ণতা স্বীকার করিতে বাধ্য হইলেন।

উড়ুপী হইতে শ্রীমন্মহাপ্রভু 'ফল্প-তীর্থ' হইয়া 'ত্রিতকৃপে' বিশালাক্ষী-দর্শন, 'পঞ্চাপ্সরা' তীর্থে শুভাগমন, 'গোকর্ণে' শিব-দর্শন, 'দ্বৈপায়নী'তে ও 'স্থপারকতীর্থে' আগমন, 'কোলাপুরে'— লক্ষ্মী, ভগৰতী, গনেশ ও পাৰ্বতী-দর্শনপূৰ্বক 'ভীমা'-নদীর তীরে 'পাত্তরপুরে' আগমনপূর্বক 'শ্রীবিঠ্ ঠলদেব' দর্শন করিলেন। এই স্থানে আসিয়া শ্রীমন্মহাপ্রভু শ্রীল মাধবেন্দ্রপুরীর শিষ্য শ্রীরঙ্গপুরীর নিকট স্বীয় অগ্রজ শ্রীবিশ্বরূপের পাতরপুরে অপ্রকটের কথা শ্রবণ করিলেন। তথায় চারিদিন অবস্থান করিয়া 'কৃষ্ণবেথা' < নদীর তীরে আগমন করিলেন। তথা হইতে শ্রীমদ্বিল্বমঙ্গলের রচিত **'ত্রীরুক্তকর্ণামৃত'** গ্রন্থ সংগ্রহ করিয়া উহার প্রতিলিপি করাই<mark>য়া</mark> লইলেন, তৎপরে আরও বহু তীর্থ কৃপাপূর্ব ক উদ্ধার করিয়া পুনরায় 'বিভানগরে' আগমন করিলেন। তথায় শ্রীরামান^{ন্দ} রায়ের সহিত সাক্ষাৎকার, তাঁহার নিকট সমস্ত তীর্থের কথা-কীর্তন এবং তাঁহাকে 'শ্রীব্রহ্মসংহিতা' ও 'শ্রীকৃঞ্চকর্ণামৃত,—এই ত্ইটি গ্রন্থ প্রদান করিয়া শ্রীমন্মহাপ্রভু, আলালনাথ, হইয়া 'পুরী'তে প্রত্যাবর্তন করিলেন।

⁻⁻⁻⁻⁻

এই-নদীতীরেই শ্রীবিল্ মঙ্গল ঠাকুরের বসতি ছিল, 'বেণ্ ।'র পরিবর্তে কেই ইহাকে
'বীণা', কেহ 'বেণী', 'দিন।' ও 'ভীমা' বলেন ।

সপ্তপঞ্চাশতম পরিচ্চেদ পুরীতে প্রত্যাবর্তন ও ভক্তসঙ্গে অবস্থান

দক্ষিণদেশ হইতে ফিরিয়া আসিয়া মহাপ্রভু পুরীতে ঐকাশী-মিশ্রের গৃহে অবস্থান করিলেন। শ্রীসার্বভৌম ভট্টাচার্য মহাপ্রভুর <mark>সৃহিত শ্রীক্ষেত্রবাসী বৈঞ্বগণকে পরিচিত করিয়া দিলেন। সেবক</mark> গ্রীকৃষ্ণদাস বিপ্র গ্রীনবদ্বীপে প্রেরিত হইলেন। গ্রীকৃষ্ণদাসের মুখে শ্রীমহাপ্রভুর শ্রীক্ষেত্রে প্রত্যাগমন-সংবাদ শুনিয়া গৌড়ীয় ভক্তগণ পুরীগমনের উত্যোগ করিলেন। শ্রীপরমানন্দ পুরী নবদ্বীপ হইয়া এীঅদৈতপ্রভুর শিষ্য দিজ শ্রীকমলাকান্তকে সঙ্গে করিয়া পুরীতে আসিলেন। নবদ্বীপবাসী 'শ্রীমংপুরেন্নেমন্তম ভট্টাচার্য' কাশীতে 'শ্রীচৈতন্যানন্দ ভারতী'-নামক গুরুর নিকট হইতে সন্মাস-গ্রহণের লীলা প্রদর্শন করিলেন বটে. কিন্তু তিনি যোগপট্ট * গ্রহণ না করিয়া 'স্বরূপ' নামে পরিচিত হইলেন এবং পুরুষোত্তম-ক্ষেত্রে শ্রীমহাপ্রভুর শ্রীচরণে আসিয়া উপস্থিত হইলেন। শ্রীল ঈশ্বরপুরীর শিশু ঐাগোবিন্দও শ্রীল পুরীগোস্বামীর অপ্রকটের পর তাঁহার আদেশান্ত্সারে শ্রীমন্মহাপ্রভুর নিকট আগমন করিয়া প্রভুর পরিচর্যায় আত্মনিয়োগ করিলেন।

'শ্রীব্রন্ধানন্দ ভারতী'-নামক সন্যাসী শ্রীঈশ্বরপুরীর গুরুত্রাতা ছিলেন। সেই সম্পর্কে শ্রীমন্মহাপ্রভু ব্রন্ধানন্দ ভারতীকে গুরু-বুদ্ধি করিতেন। একদিন শ্রীমৃকুন্দ মহাপ্রভুর নিকট আসিয়া

শন্ত্রাদীর ধারণীর বন্তবিশেষ। সন্মাসের যোগপট্টপ্রাপ্তি ঘটলে নৈতিক ব্রক্ষচারীর
'বন্ধপ' নামের পরিবর্তে সন্মান-নাম 'তীর্থ' হয়।

বলিলেন যে, তাঁহাকে দর্শন করিবার জন্ম শ্রীব্রহ্মানন্দ ভারতী আসিয়াছেন। তত্ত্তরে মহাপ্রভু বলিলেন,—"তিনি আমার গুরু; স্বতরাং, আমিই তাঁহার নিকট যাইতেছি। গুরুদেবের নিকটই শিয়্যের গমন করিতে হয়।" ভারতীর নিকট আসিয়া মহাপ্রভু দেখিলেন—শ্রীত্রহ্মানন্দ মুগচর্ম পরিধান করিয়াছেন। ভগবস্তক্ত বা বৈঞ্ব-সন্যাসীর কখনও মুগচর্ম পরিধান করা কর্তব্য নহে জানিয়া, অথচ গুরুস্থানীয় ব্যক্তিকে শাসন করা মর্যাদার হানি-কারক বলিয়া, মহাপ্রভু ভারতীকে সম্মুখে দেখিয়াও বলিলেন,— "ভারতী গোসাঞী কোথায় ?" শ্রীমহাপ্রভুর সম্মুখেই ভারতী গোসাঞী রহিয়াছেন—ইহা মুকৃন্দ মহাপ্রভুকে জানাইলে তিনি বলিলেন,—"তুমি ভুল করিয়াছ, ইনি ভারতী গোদাঞী নহেন ভারতী গোসাঞ্জী কেন চর্ম পরিধান করিবেন ?" তখন ব্রহ্মানন্দ ভারতী শ্রীমন্মহাপ্রভুর কৌশলপূর্ণ উপদেশ বুঝিতে পারিলেন এবং মনে-মনে বিচার করিলেন,—সত্যই ত' চর্মাম্বর-পরিধান দান্তিকতার পরিচয়-মাত্র, উহাতে সংসার উত্তীর্ণ হওয়া যায় না।

শ্রীভারতী গোস্বামী সেই দিন হইতে আর মৃগচর্ম পরিধান করিবেন না,—এই প্রতিজ্ঞা করিলেন। মহাপ্রভুও নূতন বহির্বাস আনাইয়া শ্রীব্রহ্মানন্দকে পরিধান করিতে দিলেন।

শ্রীভারতী গোস্বামী বলিলেন,—"আমি আজন্ম নিরাকার ধ্যান করিয়াছি; কিন্তু, তোমার দর্শনে অগু আমার কৃষ্ণভর্তিল লাভ হইল। কৃষ্ণপ্রেমাই পরম পুরুষার্থ।"

অষ্ট্রপঞ্চাশত্তম পরিচ্ছেদ শ্রীমন্মহাপ্রভুও শ্রীপ্রতাপক্ষর


শ্রীসার্ব ভৌম ভট্টাচার্য মহারাজ শ্রীপ্রতাপরুদ্রকে শ্রীমন্মহাপ্রভুর সহিত নাক্ষাং করাইবার জন্ম বিশেষ আগ্রহবিশিষ্ট হইলেন
এবং ভজ্জন্ম শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্মে নিবেদন করিলেন। লোকশিক্ষক শ্রীগৌরস্থলর—সন্ন্যাসীর পক্ষে বিষয়ি-দর্শন নিষিদ্ধ, ইহা
জানাইয়া ভট্টাচার্যের প্রস্তাব প্রত্যাখান করিলেন। মহাপ্রভু
বলিলেন,—

নিভিঞ্চনত ভগবন্তজনোনুথত
পারং পরং জিগমিষোর্ভবদাগরত।
দন্দর্শনং বিষয়িণামধ যোষিতাঞ্চ
হা হন্ত হন্ত। বিষতক্ষণতোহপাদাধ্য

—हें हैं: यः ३३ वः, २८न अब

এদিকে শ্রীরামানন্দ রায় রাজকার্য হইতে অবসর-গ্রহণপূর্ব ক পূরীতে শ্রীমন্মহাপ্রভূর নিকট আসিলেন। শ্রীরামানন্দ শ্রীচৈতত্যের চরণে একান্তভাবে অবস্থান করিবেন জানিয়া শ্রীপ্রভাপরুত্র তাঁহাকে কার্য হইতে অবসর দিয়াও পূর্ব বং বেতন প্রদান করিতে থাকিলেন। শ্রীরামানন্দ শ্রীমন্মহাপ্রভূর নিকট শ্রীপ্রভাপরুত্রের বৈষ্ণবোচিত বিবিধ-গুণ কীর্তন করিলে রাজার প্রতি মহাপ্রভূর চিত্তভাব কিছু কিছু পরিবতিত হইল।

হায় ! ভবসাগরের অপর পারে গমনে ইচ্ছুক ও ভগব**ঙ্ক**নে উন্মুখ নিঞ্চিক বাজির পক্ষে ভোগবৃদ্ধিতে বিষয়ী ও ত্রী-দর্শন বিষভক্ষণ হইতেও অনঙ্গলকর। শ্রীজগনাথদেবের 'মান্যাত্রা'র পর তাঁহার 'নবযোবনোংসবে'র পূর্বদিন পর্যস্ত এক পক্ষকাল তাঁহার দর্শন হয় না, এই সময়কে 'অনবসর-কাল' বলে। এই সময়ে শ্রীজগনাথের দর্শন না পাইয়া



শ্ৰীজগন্নাথদেবের স্থান্যাক্রা

মহাপ্রভু গোগীভাবে কৃষ্ণবিরহে 'আলালনাথে' গমন করিলেন এবং তথা হইতে প্রত্যাগমন করিয়া গৌড়দেশ হইতে সমাগত শ্রীমদদ্বৈতাদি ভক্তগণের সহিত মিলিত ইইলেন।

শ্রীপ্রতাপরুদ্র গোড়ীয়-ভক্তগণের বাসস্থান ও মহাপ্রসাদের ব্যবস্থা করিলেন। শ্রীজগন্নাথদেবের শ্রীমন্দিরে চারি সম্প্রদায়ের বিভাগক্রমে সন্ধ্যাকালে মহাসংকীর্তনারস্ত হইল। শ্রীনিত্যানন্দ-প্রমুখ ভক্তগণ শ্রীগোরস্থানের নিকট তাঁহার দর্শন-লাভের জ্ঞা শ্রীপ্রতাপরুদ্রের প্রবল-আতি জ্ঞাপন করিলেন। অবশেষে রাজার সাম্বনার জন্ম শ্রীনিত্যানন্দপ্রভু রাজাকে শ্রীমন্মহাপ্রভুর ব্যবস্থাত এক খণ্ড বহির্বাস প্রদান করিলেন। পরে শ্রীরামানদের আগ্রহ শ্রীমন্মহাপ্রভু শ্রীপ্রতাপরুদ্রের শ্যামবর্ণ কিশোরবয়স্ক পুত্রকে



এত্রালালনাথের খ্রীমন্দির


বৈষ্ণব-জ্ঞানে আলিঙ্গন করিলেন। মহাপ্রভুর স্পর্শে রাজপুত্রের প্রেমাবেশ হইল। সেই পুত্রকে স্পর্শ করিয়া শ্রীপ্রতাপরুদ্রেরও শ্রীমন্মহাপ্রভুর কৃপা-সঙ্গ ও প্রেমোদ্য হইল।

উনষষ্টিতম পরিচ্ছেদ শ্রীগুণ্ডিচা-মন্দির-মার্জন

শ্রীজগন্নাথের শ্রীরথযাত্রার সময় উপস্থিত হইল। শ্রীরথযাত্রার পূর্বে শ্রীমন্মহাপ্রভু ভক্তগণের সহিত 'শ্রীগুণ্ডিচামন্দির'-মার্জন-লীলা * প্রকাশ করিলেন এবং এই লীলায় সাধনরাজ্যের অনেক রহস্থা-শিক্ষা দান করিলেন। শ্রীমন্মহাপ্রভু বলিলেন,—"যদি কোন সৌভাগ্যবান্ জীব শ্রীকৃষ্ণকে হৃদয়-সিংহাসনে বসাইতে ইচ্ছা করেন, তবে সবাপ্রে ভাঁহার হৃদয়ের মল মার্জন করা প্রয়োজন। বহুদিনের সঞ্চিত নানাপ্রকার ভোগ ও ত্যাগের অভিলামরূপ আবর্জনা-রাশিকে খাঁটাইয়া ফেলিয়া দিয়া শ্রীকৃষ্ণস্থখারুসন্ধানরূপ শীতল জলে হৃদয়কে বিধোত করিরা নির্মল, শান্ত, মস্ণ ও ভক্ত্যুজ্জল করিতে পারিলে শ্রীজগন্নাথদেব তথায় আসিয়া আসন গ্রহণ করেন।"

শ্রীমন্দির-মার্জন-সময়ে কোন গৌড়ীয়ভক্ত মহাপ্রভুর শ্রীচরণে জল নিক্ষেপ করিয়া সেই জল পান করায় লোকশিক্ষক মহাপ্রভু গৌড়ীয়গণের মূল মহাজন শ্রীস্বরূপদামোদর-প্রভুর দ্বারা ঐ

য় প্রজিগন্নাথদেব রথে আরোহণ করিয়। প্রীনন্দির ইইতে 'হ্লারাচল'নামক য়ানে 'গুপিচা'নদিরে গমন করেন। প্রীনামহাপ্রাড় প্রক্রেকে—'প্রীকৃত্বকেত্র' এবং প্রীকুলরাচলকে—'প্রীকৃত্ববিশ্ব বলিয়া অমুভব করিয়াছিলেন। রথয়াত্রাকে উৎকল-বাসিপণ 'গুপিচা-মাত্রা'ও বলেন। এই গুপিচা-মন্দিরে ব্রীজগরাথদেব আসিয়া নব-রাত্র-লীলা বানয়দিন-বাাপী উৎয়ব করেন।



খ্রীভতিচা-মন্দির

্র্যাড়ীয়াকে গুণ্ডিচা-প্রাঙ্গণ হইতে বাহিন করিয়া দিলেন। ইহার বারাও শ্রীগোরস্থন্দর শিক্ষা দিলেন যে, শ্রীভগবানের মন্দির-মধ্যে জীবের পক্ষে পদ-প্রক্ষালন বা সেবাগ্রহণ একটী সেবাপরাধ।

ষ্টিতম পরিচ্ছেদ

জীরথযাতা—শ্রীপ্রভাপরুদ্রের প্রতি রুপা

শ্রীগোরস্থন্দর ভক্তগণের সহিত গ্রীজগন্নাথের প্রীরথারোহণ
দর্শন করিতেছিলেন, দেই সময় মহারাজ শ্রীপ্রতাপরুদ্র একটা
স্বর্ণ-সমার্জনী-দারা রথগমনের পথ মার্জনা করিয়া তাহাতে
চন্দনজল ছড়াইতেছিলেন। শ্রীমন্মহাপ্রভু শ্রীপ্রতাপরুদ্রের
এইরূপ নিরভিমান- দেবা-প্রবৃত্তি দেখিয়া অন্তরে-অন্তরে
তৎপ্রতি বিশেষ প্রসন্ন হইলেন।

মহাপ্রভূ সাতটা কীর্তন-সম্প্রদায় রচনা করিয়া ভক্তগণের সহিত শ্রীজগন্নাথের রথের সম্মুখে নৃত্য করিলেন এবং কীর্তনের মধ্যে অলৌকিক ও অভাবনীয় ঐশ্বর্য প্রকাশ করিলেন। যথন কীর্তন সমাপ্ত করিয়া শ্রীমন্মহাপ্রভূ 'বলগণ্ডি' উপবনে * বিশ্রাম করিভেছিলেন, তখন তাঁহার অন্তুত প্রেমাবেশ হইল। এই সময় শ্রীপ্রতাপরুদ্র বৈষ্ণববেশে তথায় একাকী উপস্থিত হইয়া শ্রীমন্মহাপ্রভূর পাদসম্বাহন করিতে করিতে শ্রীমন্তাগবতের 'গোপী-গীতা'র একটা শ্রোক পাঠ করিতে লাগিলেন। রাজার মুখে শ্রীমন্মহাপ্রভূত ওকালোচিত ভাগবতীয় শ্লোকের পাঠ শ্রবণ করিয়া প্রেমাবিষ্ট হইয়া রাজাকে আলিঙ্গন করিলেন। রাজার বৈষ্ণবসেবায় নিষ্ঠা-

পুরীতে শ্রদ্ধাবালি ও অদ্ধাননী দেবীর হানের মধ্যভাগে বে ভূমিথও, উহাকে 'বলগতি'

मिश्रक्तात्वाम मित्रमाम्।प्राय मित्रप्राय।

দর্শনে মহাপ্রভু রাজাকে বিষয়ী না জানিয়া বৈষ্ণব-সেবকজ্ঞানে কুপা করিলেন

শ্রীজগনাথদেব 'সুন্দরাচলে' বসিলে শ্রীমন্মহাপ্রভুর শ্রীবৃন্দাবন-লীলার স্ফুতি হইল। নবরাত্র-যাত্রায় শ্রীমন্মহাপ্রভু 'শ্রীজগন্নাথ-বল্লভোদ্যানে অবস্থান করিলেন। রথদ্বিতীয়ার পরের পঞ্চমী তিথিতে যে 'হেরা-পঞ্চমী'-উৎসব হয়, সেই উৎসব-দর্শনে শ্রীমন্মহা-প্রভু, শ্রীল শ্রীবাদ পণ্ডিত ও শ্রীল স্বরূপগোস্বামীর মধ্যে শ্রীলক্ষী ও শ্রীগোপীগণের স্বভাব লইয়া অনেক রহস্তময় কথা হইল। শীমনহাপ্রভু শ্রীবাসের সহিত রহস্যচ্ছলে শ্রীলক্ষ্মী-নারায়ণের উপাসনা এমন কি, শ্রীদারকানাথের উপাসনা হইতেও শ্রীগোপী-কান্ত শ্রীরাধাকান্তের উপাসনার শ্রেষ্ঠত্ব প্রদর্শন করিলেন। 'পুন-র্যাত্রা'র#সময়ে কীর্তনাদি হইল ; কিন্তু, স্কুন্দরাচল হইতে ফিরিবার সময় শ্রীমন্মহাপ্রভু ও তাঁহার ভক্তগণ শ্রীজগন্নাথের রথ টানিয়া নীলাচলে লইয়া আসিলেন না। কারণ, গোপীগণ তাঁহাদের নিজের প্রাণধন গ্রীকৃষ্ণকে অশ্যস্থান হইতে গ্রীবৃন্দাবনে লইয়া আসেন, কিন্তু, স্বগৃহ হইতে অন্যত্র লইয়া যা'ন না।

 ^{&#}x27;পুনর্গাতা।'—উন্টার্থ। এই সময়ে 'ফ্স্বরাচল' হইতে শ্রীঞ্জগরাথদেব বংথ
আরোহণ করিয়া পুনরায় 'নীলাচলে' ফিরিয়া আসেন।

একষষ্টিতম পরিচ্ছেদ গৌড়ীয় ভক্তগণ

জীরথযাত্রা সমাপ্ত হইলে জীঅদৈতপ্রভু জ্রীগৌরস্বন্ধরকে পুষ্পতুলসীদ্বারা পূজা করিলেন। শ্রীগৌরস্থলরও পুষ্পপাত্তের <mark>অবশেষ পুষ্পতুলসীদ্বার৷ শ্রীঅদ্বৈতাচার্ঘকে "যোহসি সোহসি</mark> <mark>নমোহস্ত তে"—মন্ত্রে</mark>ঞ্পুজা করিলেন। তাহার পর শ্রীঅদ্বৈতাচার্য ত্রীগৌরস্থুন্দরকে নিমন্ত্রণ করিয়া ভোজন করাইলেন। ত্রীনন্দোৎ-সবের দিন শ্রীমহাপ্রভু প্রিয় ভক্তগণের সহিত গোপ-বেষ-ধারণ-<mark>পূর্বক আনন্দোৎসব ক</mark>রিলেন। 'বিজয়া-দশমী'র দিন লঙ্কাবিজয়োৎ-সবে মহাপ্রভু নিজভক্তগণকে বানর-সৈতা সাজাইয়া স্বয়ং শ্রীহন্-মানের আবেশে অনেক আনন্দ প্রকাশ করিলেন। তদ্রপ অস্থান্ত যাত্রা-মহোৎসবও সমাপ্ত হইলে শ্রীমহাপ্রভু শ্রীরামনাস, শ্রীনাস-গদাধর-প্রভৃতি কএকজন পার্ষদ বৈফ্তবকে সঙ্গে দিয়া শ্রীনিত্যানন্দ ও শ্রীঅদৈতাচার্যকে আচণ্ডালে অনর্গল প্রেমভ্জি-বিতরণার্থ গৌড়দেশে পাঠাইলেন। পরে অনেক দৈন্যোক্তি-সহকারে শ্রীশ্রীবাস পণ্ডিতের হক্তে শ্রীশচীমাতার জন্য প্রসাদ ও বস্ত্রাদি পাঠাইলেন। গৌড়ীয় ভক্তগণের বিবিধ গুণ ব্যাখ্যা করিয়া মহাপ্রভু দকলকে বিদায় দিলেন এবং শ্রীসত্যরাজ খান্ ও শ্রীরামানন্দ বন্ধকে অতিবৎসর রথের সময় 'পট্টডোরী' আনিতে আদেশ করিলেন।

202

তুনি যে হও, সে হও, ভোমাকে আমি নমন্বার করি:

দ্বিষষ্টিতম পরিচ্ছেদ 'কুলীনগ্রাম'-বাসিগণের পরিপ্রশ্ন

বঙ্গদেশে আধুনিক বর্ধমান জেলার পূর্বদক্ষিণ প্রান্তে 'কুলীনগ্রাম' একটা প্রসিদ্ধ প্রাচীন জনপদ। 'মেমারী' বা বৈঁচি ষ্টেসন হইতে ঐ গ্রামে যাইবার পথ আছে। উভয় পথই তিন জোশের কম নহে। শ্রীল হরিদাস-ঠাকুর কুলীনগ্রামে বাস করিয়া ভজন এবং সেই গ্রামের প্রধান ও প্রতিষ্ঠাশালী বস্থ-বংশীয়গণের প্রতি কুপা বিতরণ করিয়াছিলেন। শ্রীগৌরস্থলরের আবির্ভাবের পূর্ব হইতে কুলীনগ্রামবাসী শ্রীসত্যরাজ খান্-প্রভৃতি শ্রীল হরিদাস- ঠাকুরের কুপোন্ডাসিত হইয়া কুলীনগ্রামে শ্রীনাম-সংকীর্ত্তনের বস্থা প্রবাহিত করিয়াছিলেন।

'প্রীকৃষ্ণবিজয়' গ্রন্থের রচয়িত। কুলীনগ্রানবাসী প্রীমালাধর বস্থ (গুণরাজ খান্); তাঁহার দ্বিতীয় পুত্র 'ল্লয়-নন্দন' প্রীলক্ষ্মীনাথ বস্থ (সত্যরাজ খান্), তৎপুত্র প্রীরামানন্দ বস্থ। প্রীগোরস্থানর প্রীগুণরাজ খান্ ও তাঁহার বংশকে, এমন কি, তাঁহার গ্রামের ক্র্রাদি পশুকেও নিজপ্রিয় বলিয়া স্বীয়মুথে জ্ঞাপন করিয়াছেন,—

ন্তুণরাজ থান্ কৈশ 'শ্রীক্বঞ্চ বিজয়'। তাহাঁ এক বাক্য তাঁ'র আছে প্রেমময়। 'নন্দনন্দন ক্বঞ-মোর প্রাণনাথ।' এই বাক্যে বিকাইস্থ তাঁ'র বংশের হাত॥ তোমার কি কথা তোমার গ্রামের কুছুর। দেহ মোর প্রিয়, অন্তজন রহ দুর ॥"

—कि: हः मः ३०१३३-३०३

শ্রীসত্যরাজ ও শ্রীরামানন্দ শ্রীরথযাত্রার পর পূরী হইতে
দেশে ফিরিবার কালে মহাপ্রভুকে বৈষ্ণব-গৃহস্থের কর্তব্য-সম্বন্ধে
ক্রমান্বয়ে তিনবৎসর পরিপ্রশ্ন করিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভু
প্রথম বংসরে বলিয়াছিলেন,—

* "ক্রেফ্ড-সেবা, বৈঞ্ব-সেবন।
 নিরন্তর কর' ক্রফনাম-সংকীর্তন॥"

—हेतः हः यः ३६।३०६

শ্রীসত্যরাজ খান্ তখন জিঞাসা করিলেন,—"আমরা কি করিয়া বৈশ্বব চিনিব ? বৈশ্ববের সাধারণ লক্ষণ কি ?" মহাপ্রভূ বলিলেন,—"ঘাঁহার নামাপরাধ নাই, নামাভাস হইতেছে, তাঁহাকেই বৈশ্বব বলিয়া জানিবে। নামাভাসের ফলে সমস্ত পাপ ও অনর্থ নন্ত হয়; নাম হইতে নববিধা ভক্তি পূর্ণতা প্রাপ্ত হইয়া প্রেম প্রকাশিত হয়।"

পূর্ববংসরের ন্যায় দ্বিতীয় বংসরেও শ্রীসত্যরাজ খান্ ও শ্রীরামানন্দ বস্থু মহাপ্রভুকে আবার সেই প্রশ্নই জিজ্ঞাস। করিলেন। এইবার মহাপ্রভু তাঁহাদিগকে বলিলেন,—

—হৈ: চঃ মঃ ১৬)৭০

তাঁহারা পুনরায় বৈষ্ণবের লক্ষণ জিজ্ঞাসা করিলে মহাপ্রভূ এবার পূর্বাপেক্ষা শ্রেষ্ঠ বৈষ্ণবের (বৈষ্ণবতরের) লক্ষণ বলিলেন, ''ক্ষনাম নিরন্তর ধাহার বদনে। সেই বৈক্ষব-শ্রেষ্ঠ, ভঙ্গ তাঁহার চরণে॥''

— हेन : 5: मः ১७१९२

তৃতীয় বংসরে পুরীতে আসিয়া শ্রীসত্যরাজ খান্ প্রভৃতি শ্রীমন্মহাপ্রভুকে সেই একই প্রশ্ন করিলেন। এ-বংসর মহাপ্রভু বৈঞ্চবতমের বা মহাভাগবতের লক্ষণ জানাইলেন,—

"থাঁহার দর্শনে মুথে আইসে কৃষ্ণনাম। ভাঁহারে জানিও তুমি 'বৈক্ব-প্রধান'॥"

— চৈ: চ: ম: ১৬193

অর্থাৎ যাঁহার নামাভাস হয়, তিনি 'বৈষ্ণব'। যাঁহার মুখে নিরন্তর প্রীকৃঞ্চনাম নৃত্য করেন, তিনি 'বৈষ্ণবতর'। আর যাঁহার কীতিত প্রীকৃঞ্চনাম প্রবণ করিয়া অপর লোকের মুখে প্রীকৃঞ্চনাম প্রকাশিত হ'ন অর্থাৎ অপরেও প্রীভগবানের স্থখামুসন্ধানে রত হ'ন, তিনিই 'বৈষ্ণবতম' বা সর্বোত্তম বৈষ্ণব। এই তিন-প্রকার বৈষ্ণবের সেবাই গৃহস্থ-বৈষ্ণবের কর্তব্য।

'প্রীখণ্ড'-বাসী ভক্তগণের মধ্যে প্রীমৃকৃন্দ, তাঁহার পুত্র প্রীরঘুনন্দন ও শ্রীমৃকৃন্দের কনিষ্ঠ লাতা শ্রীনরহরি সরকার—এই তিন জন প্রধান। শ্রীমন্মহাপ্রভু শ্রীমৃকৃন্দকে জিজ্ঞাসা করিলেন,—"রঘুনন্দন কি তোমার পুত্র, না—পিতা ?" শ্রীমৃকৃন্দ উত্তর করিলেন,—"যখন শ্রীরঘুনন্দন হইতেই আমার কৃষ্ণভক্তি, তখন শ্রীরঘুনন্দনই আমার পিতা, আমি তাঁহার পুত্র।" ইহাতে শ্রীমৃকৃন্দ শ্রীকৃষ্ণভক্ত শ্রীরঘুনন্দনে পুত্রবৃদ্ধি ত্যাগ করিয়া গুরুবৃদ্ধি করিবার আদর্শ প্রদর্শন করিলেন। যাঁহারা প্রমার্থ আশ্রয় করেন,

তাঁহাদের চরিত্র এইরূপ; তাঁহারা দেহ-সম্পর্কে কোন ব্যক্তি বা বষয়কে দর্শন করেন না।

শ্রীমন্মহাপ্রভু শ্রীখণ্ডবাদী বৈষ্ণবদিগের সেবা নির্দেশ করিয়া,
দার্বভৌম ও বিদ্যাবাচস্পতি—এই হুই ভ্রাতাকে দারুব্রহ্ম শ্রীজগন্নাথ ও জলব্রহ্ম শ্রীগঙ্গার সেবা করিতে আদেশ করিয়া শ্রীমুরারিগুপ্তের শ্রীরামনিষ্ঠা বর্ণন করিলেন।

শ্রীমুকুন্দ দত্ত ও শ্রীবাস্থদেব দত্ত—এই হুই ল্রাভা 'চট্টগ্রামে' আবিভূ ত হইয়াছিলেন। শ্রীল রঘুনাথ দাস-গোস্থামীর দীক্ষাগুরু শ্রীল রঘুনন্দন আচার্য শ্রীল বাস্থদেব দত্ত-ঠাকুরের কৃপা-পাত্র ছিলেন। বৈষ্ণব-সেবায় শ্রীবাস্থদেব দত্ত-ঠাকুরের ব্যয়বাহুল্যা প্রভৃতি দেখিয়া মহাপ্রভু শ্রীশিবানন্দ সেনকে ইহার 'সরখেল' শ্রহীয়া ব্যয়-সমাধানের আদেশ করিয়াছিলেন। মহাপ্রভুর নিকটে শ্রীবাস্থদেব দত্ত-ঠাকুর অতিকাতর-ভাবে নিবেদন করিলেন,—"প্রভো! জগতের জীবের ত্রিতাপ-ছৃঃখ দেখিয়া আমার হৃদ্য বিদীর্ণ হইতেছে। জীবের সকল পাপ আমার মন্তকে অর্পণ করিয়া আমাকে নরক ভোগ করিতে দি'ন; আর, আপনি সকল জীবের ভবরোগ দূর করুন।"

শ্রীবাস্থদেবের এই প্রার্থনা শুনিয়া শ্রীমন্মহাপ্রভুর চিত্ত দ্রবীভূত হইল। মহাপ্রভু বলিলেন,—"গ্রীরুঞ্চ ভক্তবাঞ্চা-কল্পতরু, তোমার যথন এই শুভ ইচ্ছা হইয়াছে, তখন শ্রীরুঞ্চ অবশাই তাহা পূর্ণ

मद्रायल—उदावश्रक । (१५: ६: ४: १०।२४, क: व्यः छोः)

²⁹⁻⁴

করিবেন। ভক্তের ইচ্ছামাত্রই ব্রহ্মাণ্ড অনায়াসে মুক্তি লাভ করিতে পারে।"

শ্রীল বাস্থদেব দত্ত-ঠাকুরের এই প্রার্থনায় অনেক ভাবিবার কথা আছে। পাশ্চাত্ত্য দেশে খৃষ্ট-ভক্তগণের মধ্যে বিশ্বাস যে, মহামতি 'যিশুখুষ্ট'ই জগতের একমাত্র গুরু; তিনি জীবের সকল পাপের বোঝা গ্রহণ করিতে প্রস্তুত হইয়া জগতে আসিয়াছিলেন। কিন্ত, শ্রীগোর-পার্যদগণের মধ্যে শ্রীবাস্থদেব দত্ত-ঠাকুর, শ্রীল হরিদাসঠাকুর-প্রমুথ পরছঃখছ্থী মহাপুরুষগণ জগতের জীবকে তদপেক্ষা অনন্ত কোটিগুণে অধিকতর উন্নত, উদার, সার্বজনীন প্রেমভাব শিক্ষা দিয়াছেন। শ্রীল বাস্কুদেব দত্ত-ঠাকুরের আদর্শে একাধারে জড়ীয়-স্বার্থত্যাগরূপ নিঃস্বার্থ, গ্রীকৃষ্ণ-সেবা-দানরূপ চিন্ময় পরার্থ ও স্বার্থের অপূর্ব সম্মেলন দেখিতে পাওয়া যায়। সকল জীবের শুধু পাপ নহে, সকল-প্রকার পাপ অপেক্ষাও ভীষণতর ভবরোগের যে মূল কারণ ভগবদ্বিমুখতা, তাহাও নিজ স্বন্ধে গ্রহণ-পূর্বক শ্রীল বাস্থদেব দত্ত-চাকুর তাহাদের ভবরোগ-মোচনের জন্ম নিৰুপটে প্রার্থনা করিয়া যে অনির্বচনীয়া সর্বোৎ-কৃষ্টা দয়ার আদর্শ প্রদর্শন করিয়াছেন, তাহা সমগ্র বিশ্বের সর্বশ্রেষ্ঠ কর্মবীর, জ্ঞানবীরগণেরও কল্পনার অতীত। প্রায়শ্চিত্তাদির দারা পাপ দূর হয় ; কিন্তু ভগবদ্বিমুখতার বীজ দূর হয় না। পাপ —প্রাকৃত প্রতিবন্ধক, কিন্তু অপরাধ—অপ্রাকৃত বস্তুর সেবার প্রতিবন্ধক। স্ব-স্বরূপ- উপলব্ধিতে যাহা বিত্মস্বরূপ, তাহাই অন^{র্থ।} ভগবদ্বিমুখতাই মূল ভবরোগ। অনাদিকাল হইতেই জীব পরতত্ত্

(প্রীকৃষ্ণ)-বিষয়ে জ্ঞানহীন হইয়া মায়ার কারাগারে তাপ ভোগ করিতেছে। কোনও দিনই তাহার প্রীকৃষ্ণসম্বন্ধি-জ্ঞান ছিল না। মহতের কুপায় সেই জ্ঞানাভাব দূর হইলে, আর দেই বিমুখতা-রোগ আক্রমণ করিবে না। মহোদার প্রীল বাস্থদেব দত্ত-ঠাকুর জীবের সেই ভবরোগ বা অবিছা চিরতরে দূর করিয়া সকল জীবকে প্রাকৃষ্ণপ্রেমে নিষ্ণাত করিবার জন্ম নিজে নরক বাঞ্চা করিয়াছিলেন। এজন্ম তাঁহার আদর্শই অতুলনীয় ও উচ্চতম।

ত্রিষষ্টিতম পরিচ্ছেদ 'অমোর'-উদ্ধার

শ্রীমন্মহাপ্রভু শ্রীসার্বভৌম ভট্টাচার্যের বিশেষ প্রার্থনায় তাঁহার গৃহে ক্রমে-ক্রমে পাঁচ দিন ভিক্ষা স্বীকার করিলেন। ভট্টাচার্যের 'এক কন্যার নাম ছিল—'ষষ্টা', ডাকনাম—'ষাঠা'। একদিন ষাঠার মাতা অর্থাৎ ভট্টাচার্যের সহধার্মনী নানাবিধ উৎকৃষ্ট দ্রব্য রন্ধন করিয়া মহাপ্রভুকে ভোজন করাইলেন। মহাপ্রভুর ভোজন-সময়ে ষাঠার স্বামী 'অমোঘ' মহাপ্রভুর সন্মুথে বিচিত্র নৈবেন্ত দর্শন করিয়া মহাপ্রভুকে ভোগী সন্ম্যাসী বলিয়া নিন্দা করিতে লাগিলেন। মহাপ্রভুর নিন্দা শুনিয়া ভট্টাচার্য লাঠি হাতে করিয়া জানাতাকে মারিতে উন্তত হইলেন; অমোঘ পলায়ন করিলে ভট্টাচার্য তৎপশ্চাৎ ধাবিত হইলেন। ষাঠার মাতা মহাপ্রভুর নিন্দা শুনিয়া দিজ-মস্তকে ও বক্ষে করাঘাত করিতে লাগিলেন এবং 'ষাঠা বিধবা

হউক' বলিয়া পুনঃ পুনঃ অভিশাপ দিতে লাগিলেন—নিজের কন্যার জাগতিক স্থা-ভোগের দিকে চাহিয়াও মহাপ্রভুর নিন্দক জামাতাকে ক্ষমা করিলেন না। অবশেষে তাঁহারা উভয়ে মহাপ্রভুর নিকট ক্ষমা প্রার্থনা করিয়া মহাপ্রভুকে তাঁহার বাসস্থানে প্রেরণ করিলেন। এদিকে ভট্টাচার্য বাড়ীর ভিতরে আসিয়া সহধর্মিণীর নিকট অত্যন্ত খেদ প্রকাশ করিয়া বলিলেন,—"মহাপ্রভুর নিন্দাকারীকে প্রাণে বধ, অথবা নিজে আত্মহত্যা করিলে ব্রাহ্মণ-বধের পাপ হইবে। অতএব সেই নিন্দকের আর মুখ-দর্শন ও নামগ্রহণ না করাই শ্রেয়ঃ। ষাঠীর পতি 'পতিত' হইয়াছে, স্বতরাং, ষাঠীকে তাহার পতি পরিত্যাগ করিতে বল'। পতিত স্বামীকে ত্যাগ করাই কর্ত্ব্য।"

শ্রীসার্বভৌম ভট্টাচার্য ও তাঁহার পত্নীর এই আদর্শ-শিক্ষা আমাদের সকলেরই অনুসরণীয়া। জাগতিক আত্মীয়-পরিচরে পরিচিত অতিপ্রিয় স্বেহভাজনগণও যদি ভক্ত ও ভগবানের বিছেষ করে, তাহা হইলে তাদৃশ তথাকথিত আত্মীয়গণেরও ত্ঃসম্পর্নিমভাবে পরিত্যাগ-পূর্বক সাধুসঙ্গে দৃঢ়ভাবে ভগবানের সেবা করাই কর্তব্য।

পরদিন প্রাতে অমোঘ বিস্চিকা-রোগে আক্রান্ত হইল।
কৃপাময় শ্রীগৌরহরি ইহা গুনিবা-মাত্র শ্রীসার্বভৌম ভট্টাচার্যের
বাড়ীতে আসিলেন এবং তৎপ্রতি কৃপাপরবশ হইয়া অমোদকে
তৎক্ষণাৎ রোগমুক্ত করিয়া শ্রীকৃষ্ণনামে রুচি প্রদান করিলেন।

চতু গুষ্ঠিতম পরিচ্ছেদ

(गोड़ी मु-डक्रभाग श्वर्वात नीला हाल जागमन

প্রীগোরস্থলর প্রীবৃলাবনে গমন করিতে ইচ্ছা করিলেন;
কিন্তু, প্রীরায়রামানল ও প্রীসার্বভৌম ভট্টাচার্য প্রীমন্মহাপ্রভূকে
নানাভাবে ভূলাইয়া প্রীবৃলাবন-গমনে নিরস্ত করিলেন। প্রীভগবান্
স্বতন্ত্র হইলেও ভক্তাধীন।

তৃতীয় বংসরে যথাকালে শ্রীঅদৈতাদি গৌড়ীয় ভক্তগণ মহাপ্রভুকে দর্শন করিতে নীলাচলে আসিলেন। শ্রীশিবানন্দ সেন
সকলের পথের ব্যয় সমাধান করিলেন। শ্রীমদ্বহাপ্রভুকে তাঁহারই
প্রতিবংসরই নীলাচলে আসিয়া শ্রীমন্বহাপ্রভুকে তাঁহারই
আদিষ্ট ও অভীষ্ট শ্রীনামপ্রেম-প্রচারের বার্তা নিবেদন করিতেন।
তজ্জন্ম মহাপ্রভু এবার শ্রীনিত্যানন্দকে বলিলেন,—"তৃমি প্রতিবংসর নীলাচলে আসিও না, গৌড়দেশে থাকিয়া আমার ইছা
পূর্ণ করিও। কারণ, আমার অভীষ্টরূপ এই গুরুতর সেবাকার্য
করিবার যোগ্যপাত্র তৃমি ভিন্ন অপর কেহ নাই।"

উত্তরে শ্রীনিত্যানন্দপ্রভূ বলিলেন,—"আমি দেহমাত্র, সেই দেহে ভূমিই প্রাণ। দেহ ও প্রাণ পরস্পর অভিন্ন। দেহের অর্থাৎ আমার কোন স্বতন্ত্রতা নাই। ভূমি তোমারই অচিস্ত্যশক্তিতে সমস্ত কার্য সম্পন্ন করিয়া থাক।" *

^{*} टि हः मः १७।६७-६१

অধুনা যে-সকল ব্যক্তি কল্পনা-প্রভাবে বিচার করেন যে,
শ্রীনিত্যানন্দ শ্রীগোরস্থানর হইতে বিচ্ছিন্ন হইয়া গোড়দেশে ধর্ম
প্রচার করায় এবং শ্রীচৈতগুদেবও নীলাচলে বসিয়া গোড়দেশের
প্রচারের কোন সংবাদ না রাখায় শ্রীনিত্যানন্দের প্রচারিত মত
শ্রীচৈতগ্রের মত হইতে পৃথক্ হইয়া পড়িয়াছিল; তাঁহাদের সেই
ধারণার অমূলকতা ও ভ্রান্তি শ্রীশ্রীগোর-নিত্যানন্দের উক্ত বাক্য
হইতে প্রমাণিত হইবে।

পঞ্চষষ্টিতম পরিচ্ছেদ

व्यीयवाश्रञ्ज वीत्कावन-गमत प्रश्कन

এতদিন শ্রীরায়রামানল ও শ্রীসার্বভৌম-ভট্টাচার্য শ্রীচৈতন্যদেবকে শ্রীর্লাবন-ধামে গমন করিতে দেন নাই। চতুর্থ ও পঞ্চম
বৎসরও গৌড়ীয় ভক্তগণ মহাপ্রভুকে দর্শন করিয়া প্রভুর আদেশে
পুনরায় গৌড়দেশে ফিরিয়া গেলেন। এবার শ্রীগৌরস্থলর
শ্রীসার্বভৌম ও শ্রীরামানন্দের নিকট গৌড়দেশ হইয়া শ্রীর্লাবনগমনের সম্মতি প্রার্থনা করিলেন; কিন্ত, তিনি ভট্টাচার্ম ও রায়ের
অনুরোধে বর্ষাকালে শ্রীর্লাবনে যাত্রা না করিয়া পুরীতেই কিছু
কাল অপেক্ষা করিলেন এবং ভক্তগণের জন্য শ্রীজগনাথের প্রসাদাদি
সঙ্গে লইয়া বিজয়া দশমীর দিন শ্রীর্লাবনের উদ্দেশ্যে যাত্রা

করিলেন। শ্রীমহাপ্রভুর অনুসরণে শ্রীরামানন্দরায় ভিত্তক' পর্যন্ত আসিলেন। মহাপ্রভুর বিচ্ছেদ-ভয়ে ও সন্সলোভে শ্রীগদাংর-পণ্ডিত 'ক্ষেত্রসন্মান' * ত্যাগ করিতে দৃঢ় সঙ্গন্ন করিলেন; মহাপ্রভু পণ্ডিত-গোস্বানীকে শপথ প্রদান করিয়া 'কটক' হইতে সার্বভৌমের সহিত শ্রীপুরুষোত্তমে পাঠাইলেন এবং ভক্তক হইতে শ্রীরামানলকে বিদায় দিলেন। শ্রীমন্মহাপ্রভু ক্রমে উড়িস্তার সীমানায় আসিয়া পৌছিলেন। এই সীমানার পর হইতে পিছল্দা-পর্যন্ত স্থানসমূহ তথন মুসলমান-রাজ্যের অধিকারে ছিল; ভয়ে সেই পথে কেহ চলিত না। মহাপ্রভুর কুপায় স্থানীয় মুদলমান-শাদকের চিত্তবৃত্তি পরিবর্তিত হইল। তদানীস্তন রাজনৈতিক অবস্থা বিচার করিয়া সেই মুসলমান শাসনকর্তা হিন্দু-পোষাক পরিধানপূর্বক মহা-প্রভুকে দর্শন করিতে আসিলেন; দূর হইতে সাষ্টাঙ্গ দণ্ডবং করিয়া অশ্রুপুলকান্বিত হইলেন এবং যোড়হস্তে মহাপ্রভুর সম্প্র শ্রীকৃষ্ণনাম করিতে লাগিলেন। গ

পরে এই মুসলমান-শাসনকর্তা মহাপ্রভুর স্বচ্ছলে গমনের জন্ম নৌকা প্রদান ও অন্যান্য সুবাবস্থা করিয়া দিয়া ধন্য হইয়া-ছিলেন। পাছে জলদস্থাগণ মহাপ্রভুর কোন ক্ষতি করে, তজ্জন্ম সঙ্গেদশনৌকা সৈন্যের সহিত সেই প্রমভাগ্যবান্ ভক্ত মুসলমান-

শীহারা পূর্ব-বাসগৃহ ত্যাগ করিয় কোন বিশেষ বিক্তীর্থে অর্থাৎ পূক্ষেত্রম কেত্রে, নবরীপ-ধামে বা মবুরা-মণ্ডলে একমাত্র শ্রীভগবানের সেবার উদ্দেশ্যে বাস করেন, ভাঁছাদিগের আশ্রমকে 'ক্ষেত্র-সন্ত্যাস' বলে। শ্রীগনাধর পণ্ডিত ঐরপ ক্ষেত্র-সন্ত্যাস করিয়। পুরীতে শ্রীটোটা-শোপীনাধের সেবা করিতেন।

र देहः हः मः ३७।३१३-३४.

শাসক স্বয়ং মস্তেশ্বর'-নদ পার করিয়া পিছল্দা'-পর্যন্ত আসিলেন।
শ্রীমহাপ্রভু সেই ভক্তমহাশয়কে পিছল্দায় বিদায় দিলেন এব
নৌকায় চড়িয়া 'পানিহাটা' পৌছিলেন। পানিহাটাতে শ্রীরাঘবপণ্ডিতের গৃহ হইতে ক্রমে 'কুমারহট্টে'শ্রীশ্রীবাস পণ্ডিতের ভবন,
তন্নিকটে শ্রীশিবানন্দের গৃহ, তৎপরে 'বিভানগরে' শ্রীবিভাবাচস্পতির বাসস্থান হইয়া গোপনে 'কুলিয়া'-গ্রামে আগমনপূর্বক
শ্রীশ্রীবাসপণ্ডিতের চরণে অপরাধী ভাগবত-পাঠক দেবানন্দ
পণ্ডিত ও গোপাল-চাপালের অপরাধ ভঞ্জন করিলেন।

বর্তমান নবদ্বীপ-সহরই' কুলিয়া' বা 'কোলদ্বীপ'। এই স্থানে শ্রীনন্মহাপ্রাভু বৈষ্ণবাপরাধিগণের অপরাধ ক্ষমা করাইয়াছিলেন, বলিয়া ইহা 'অপরাধ-ভঞ্জনের পাট' নামেও বিখ্যাত।

ষট্ ষষ্টিতম পরিচ্ছেদ 'কানাই-নাটশালা'

শ্রীমন্মহাপ্রভু মহতের পাদপদ্মাপ্রয়ের লীলা প্রকাশ করিয়া শ্রীগয়াধাম হইতে শ্রীনবদ্বীপাভিমুথে প্রত্যাবর্তন-কালে প্রথমে 'কানাই-নাটশালা'তেই তাঁহার আত্মপ্রকাশ-লীলা আবিদ্ধার করিয়াছিলেন। ঐ-স্থানেই বিপ্রলম্ভপ্রেম-বিগ্রহ শ্রীগৌরস্ফুলরের কৃষ্ণাত্মসন্ধানলীলা ও আত্মপ্রকাশের আদি স্থচনা হয়। ঐ-স্থানে শ্রীমন্মহাপ্রভু মহতের পাদরজে অভিষক্তি ব্যক্তিরই দিব্যকিশোর- মূর্তি-কৃষ্ণদর্শনলাভ সহজ ও সম্ভব,—ইহা স্বলীলায় প্রকট করেন।
গ্রা হইতে নবদ্বীপে প্রত্যাবর্তন-মূথে নহাপ্রভুর কানাইর নাটশালায় এই প্রথম আগমন-লীলা। ইহা ১৪২৬ শকাব্দার কথা।

স্ম্যাস-গ্রহণ-লীলা প্রকাশ করিয়া গ্রীমন্মহাপ্রভু নীলাচলে গমন করিয়াছিলেন। ত্রীবৃন্দাবন-গমনের ইচ্ছা করিয়া মহাপ্রভু নীলাচল হইতে গৌড়মণ্ডলে আসিলেন এবং বিভানগরে মহেধর বিশারদের পুত্র অর্থাৎ শ্রীদার্বভৌম ভট্টাচার্যের ভাতা শ্রীবিছা-বাচস্পতির গৃহে পাঁচ দিন অবস্থান করিলেন। তথায় লোক-সমারোহ দেখিয়া মহাপ্রভু রাত্রিযোগে বর্তমান নবদ্বীপ-সহর 'কুলিয়া'য় আসিলেন এবং কুলিয়া হইতে শ্রীকৃন্দাবনে যাত্রা করিলেন। অসংখ্য লোকসংঘট্ট মহাপ্রভুর দর্শনার্থ ব্যাক্ল হইয়া প্রভুর অনুসরণ করিতে লাগিলেন। চলিতে চলিতে মহাপ্রভু 'গৌড়ে'র নিকট গঙ্গাতীরে 'রামকেলি' আমে আসিলেন। তথন তথায় শ্রীরূপ ও শ্রীসনাতন—এই উভয় ভ্রাতা যথাক্রমে 'দবির্-খাস্'ও 'সাকর্-মল্লিক্' নামে প্রসিদ্ধ থাকিয়া গৌড়াধিপতি হোসেন্ শাহ্ বাদ্শাহের রাজ্য-পরিচালনের প্রধান সহায়করপে অধিষ্ঠিত ছিলেন।

হোসেন্ শাহ্ দবির্থাসের নিকট মহাপ্রভুর মাহাত্মা শুনিয়া তাঁহাকে 'নাক্ষাং ঈশ্বর' জ্ঞান করিলেন। শ্রীমন্মহাপ্রভুর সহিত 'রামকেলি'তে শ্রীনিত্যানন্দ, শ্রীহরিদাস, শ্রীশ্রকাল, শ্রীজগদানন্দ, শ্রীম্বারি, শ্রীবক্রেশ্বর-প্রভৃতি ভক্তগণ ছিলেন। শ্রীচৈতত্যদেব তাঁহার ভক্তগণের সহিত শ্রীসনাতন ও


শ্রীরূপকে নিজের নিত্য অন্তরঙ্গ-সেবকরূপে অঙ্গীকার করিলেন। হোসেন্ শাহ্ বাদ্শাহ্ শ্রীমহাপ্রভুর প্রভাব শ্রবণ করিয়া তাঁহার যথেচ্ছগমনের যাহাতে কোন-প্রকার বাধা প্রদান করা না হয়, তদ্বিষয়ে নিজকর্মচারীকে আজ্ঞা দিলেন। শ্রীসনাতন শ্রীমন্মহাপ্রভুকে শীঘ্র রামকেলি হইতে অন্তর্জ গমনের জন্ম প্রার্থনা জানাইলেন। কারণ, যদিও বাদ্শাহ্ মহাপ্রভুকে শ্রদ্ধাভিক্তি করেন, তথাপি তিনি যবন, তাঁহাকে বিশ্বাস করা যায় না। শ্রীসনাতন শ্রীমন্মহাপ্রভুকে আরও বলিলেন, "প্রভো! আপনি আর বৃন্দাবনের পথে অগ্রসর হইবেন না, তীর্থযাত্রায় এত লোকসংঘট্ট ভাল নহে,—

যাহাঁ সঙ্গে চঙ্গে এই লোক লক্ষ-কোটি। বুন্দাবন যাইবার এ নহে পরিপাটী॥"

— চৈঃ চঃ মঃ ১/২২৪

যবন রাজার রাজ্যশাসনে রাষ্ট্রীয় জগতের তদানীন্তন অবস্থা যেরূপ হইয়া পড়িয়াছিল, তাহাতে প্রভুর সেবাতৎপর, বৃদ্ধিতে বৃহস্পতি শ্রীসনাতন মহাপ্রভুকে ঐরূপ পরামর্শ প্রদান করিলেন। এদিকে যে-সময় মহাপ্রভু কৃলিয়া হইতে শ্রীবৃন্দাবনে যাইবেন, এইরূপ কথা হইল, সেইসময় প্রভুর ভক্ত শ্রীবৃন্দাবনে যাইবেন, পথের ছর্গমতা জানিয়া মহাপ্রভুর জন্ম ধ্যানে 'কৃলিয়া' (আধুনিক সহর-নবদ্বীপ) হইতে শ্রীবৃন্দাবন পর্যস্ত পথ বাঁধিতে আরম্ভ করিলেন। বহুকটকাকীর্ণ ও কন্ধরপূর্ণ পথে হাঁটিয়া গেলে প্রভুর স্থকোমল শ্রীপাদপদ্মে আঘাত লাগিবে বিবেচনায় শ্রীবৃসিংহানন্দ ভাব-সেবায় সেই পথের মধ্যে নির্ন্ত-কোমল-পুষ্পশয্যা রচনা <mark>করিলেন। পাছে রৌদ্রতাপে প্রভুর কন্ত হয়, এইজন্ম শ্রীনৃসিংহা-</mark> <mark>নন্দ পথের তুই ধারে পুত্পবকুলের শ্রেণী স্থাপন করিলেন।</mark> <mark>সুশীতল ছায়া ও বকুলের সৌগন্ধ উভয়ই প্রভুর স্লিশ্বতা বিধান</mark> করিবে। যদি ভ্রমণ-প্রমজন্ম মহাপ্রভুর পিপাসার উদ্রেক হয়, তজ্জ্য শ্রীনৃসিংহানন্দ মধ্যে-মধ্যে পথের তুই পার্শ্বে 'রত্রবন্ধঘাট' <mark>এবং প্রফুল্ল-কমলদল-শোভিতা ও সুধাময়-সলিলপূর্ণা দিব্য-</mark> পুকরিণী রচনা করিলেন। পুকরিণীর চতুর্দিকে মধ্রকণ্ঠ বিহগকুলের <mark>স্থললিত কাকলি, মৃত্মন্দ গন্ধবহ-প্রভৃতির মনোহারিণী স্থমা</mark> প্রাণপ্রভুর সেবার জন্য স্থসজ্জিত করিলেন। এইরূপে কুলিয়া-নগর হুইতে পথ বাঁধিতে আরম্ভ করিয়া যখন 'গৌড়ে'র নিকটবর্তী 'কানাই-নাটশালা' পর্যন্ত সেই পথ বাঁধা হইল, তখন খ্রীনৃসিংহা-নন্দের ধ্যান-ভক্ষ হইল। তাহাতে এীনৃসিংহানন্দ ভবিশ্বদ্বাণী করিয়া ভক্তগণের নিকট বলিলেন,—"এবার মহাপ্রভু মাত্র কানাই-নাটশালা পর্যন্ত ঘাইবেন, প্রীর্ন্দাবনে ষাইবেন না। তোমরা ইহা পশ্চাতে জানিতে পারিবে।" ঠিক্ তাহাই হইল, শীরূপ-সনাতনের সেবাবৎসলতা ও শ্রীনৃসিংহানন্দের ভবিষ্যুদ্বাণী সার্থক করিবার জন্ম মহাপ্রভু বৃন্দাবনপথে 'কানাই-নাটশালা'য় আগমন করিয়া তথায় কানাইর বিবিধ নাটও লীলা-বিলাস দর্শন করিবার পর বৃন্দাবন-গমনেচ্ছা পরিত্যাগ-পূর্বক নীলাচল-পথে 'শান্তিপুরে' আগমন করিলেন এবং তথায় শ্রীঅদ্বৈত-ভবনে সাত-দিন অবস্থান করিয়া পুনরায় শ্রীনীলাচলে আগমন করিলেন।

শ্রীমন্মহাপ্রভু ১৪৩৪ শকাব্দায় দ্বিতীয়বার কানাই-নাটশালায় শুভ বিজয় করেন।



'কানাই-নাটশানা'র খ্রীল ভজিদিন্ধান্তগরস্বতী গোলামি-প্রতুপাদের প্রতিন্তিত খ্রীটেডক্তপাদপীঠ ও খ্রীকানাইর খ্রীমন্দির 'কলিকাতা-হাওড়া-কাটোয়া-আজিমগঞ্জ-বারহারওয়া' লাইনে 'তালঝারি'-প্রেশনে নামিয়া মাঠের কাঁচা-রাস্তায় প্রায় তুই মাইল পূর্বোত্তর দিকে, অথবা পাকা-রাস্তায় ষ্টেশনের পূর্বদিক্স্তিত 'মঙ্গলহাট'-গ্রাম হইতে প্রায় তুই মাইল উত্তরে 'কানাইর নাট-

শালা' * প্রাম। এই গ্রাম একটা ক্ষুদ্র শৈলের উপরে অবস্থিত।
পূর্বাভিমুখে বিষ্ণুপাদোদ্ভবা পতিতপাবনী জাজনী প্রবাহিতা
রহিয়াছেন। চতুর্দিকে শ্যামল কান্তার শোভা পাইতেছে, বনপূপসমূহ মধুলোভী অলিকুলের মধুর গুঞ্জনস্থি করিয়াছে,
বিবিধ খগ-মৃগ বনভূমিকে মুখরিত করিয়া নির্জনতার মধ্যে এক
স্থাভাবিক এক্যতান সৃধি করিয়াছে।

স্থানটা নিধিঞ্চন ভজনানন্দিগণের পক্ষে যেমন ভজনের অনুকৃল ও উদ্দীপক, আবার প্রাকৃত বিরাট্রূপে মোহ-গ্রস্ত ব্যক্তিগণের ভাব-প্রবণতার ও তেমনি সহায়ক। শৈলোপরি একটা মন্দির ও সেবকখণ্ড রহিয়াছে। উক্ত শ্রীমন্দিরে শ্রীশ্রীরাধা-কানাইর শ্রীশ্রীরাধা-ক্ষ-যুগল মৃতি বিরাজমান। এই শ্রীশ্রীরাধা-কানাইর নাট্যশালা হইতেই এই স্থানের নাম 'কানাই-নাট্শালা হইয়াছে। গঙ্গার অপর পারে যদ্রপ শ্রীশ্রীরাধারমণ শ্রীরামের কেলি-স্থান 'রামকেলি', তদ্রপ গঙ্গার এপারেও শ্রীকৃষ্ণের কেলিস্থান—'বান্ই-নাট্শালা'।

ইংরেজী ১৯২৯ সালের ১২ই অক্টোবর শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভূপাদ কানাই-নাটশালায় শ্রীচৈতগ্যদেবের 'পাদগীঠ' স্থাপন করেন।

হানীয় লোকের। ইহাকে 'কানাইয়াকা খান' বলে।

সপ্তবষ্টিতম পরিচ্ছেদ শ্রীল রঘুনাথ দাস

হগলী জেলার অন্তর্গত 'ত্রিশ-বিঘা' রেল্ ষ্টেসনের নিকট সরস্বতী নদীর তীরে 'সপ্তগ্রাম'-নামক নগরের অন্তঃপাতী 'শ্রীকৃঞ্চপুর' গ্রামে 'হিরণ্য ও গোবর্ধন দাস' বাস করিতেন। ইহাদের রাজপ্রদন্ত উপাধি ছিল—'মজুমদার'। ইহারা কায়স্থ-কুলোদ্ভূত বিশেষ সম্ভ্রান্ত ধনাত্য ব্যক্তি ছিলেন। ইহাদের বাৎসরিক থাজনা-আদায় তৎকালে বারলক্ষ মুদ্রা ছিল। আনুমানিক ১৪১৬ শকান্দায় শ্রীল রঘুনাথ দাস গোবর্ধন মজুম্দারের পুত্ররূপে আবিভূতি হ'ন।

হিরণ্য-গোবর্ধনের পুরোহিত প্রীবলরাম আচার্য প্রীল হরিদাস ঠাকুরের কুপাপাত্র ছিলেন। যখন প্রীরঘুনাথ প্রীবলরাম আচার্যের গৃহে অধ্যায়ন করিতেন, তথনই প্রীরঘুনাথ প্রীল ঠাকুর হরিদাসের সঙ্গ লাভ করেন। যেই মুহূর্তে প্রীরঘুনাথ প্রীগোর-স্থলরের নাম শুনিতে পাইলেন, সেই মুহূর্ত হইতেই তাঁহার দর্শনের জন্ম নিজের প্রাণ ব্যাকুল হইয়া উঠিল।

শ্রীমন্মহাপ্রভুর দর্শনের জন্ম শ্রীরঘুনাথ কএকবারই পুরীতে পলাইয়া যাইবার চেষ্টা করিলেন। কিন্তু, গোবর্ধন দাস তাহাতে নানাভাবে বাধা দিলেন। একমাত্র পুত্র ও বিপুল ঐশ্বর্যের তাবী উত্তরাধিকারী শ্রীরঘুনাথকে সংসার-শৃঙ্খলে বদ্ধ করিবার জন্ম গোবর্ধন দাস একটা পরম-রূপ-লাবণ্যবতী কন্মার সহিত রঘুনাথের বিবাহ দিলেন, কিন্তু রঘুনাথ কিছুতেই শাস্ত হইলেন না। শ্রীগোরস্থলর দিতীয়বার শ্রীবৃন্দাবন-গমনের উল্লোগ করিয়া নীলাচল হইতে কানাই-নাটশালা পর্যন্ত আসিলেন এবং বৃন্দাবন-গমনের চেষ্টা পরিত্যাগ করিয়া পুনরায় শান্তিপুরে শ্রীঅধৈত-গৃহে প্রত্যাবর্তন করিলেন। সন্ধ্যানের পর শ্রীচৈতভদেব এই



শ্বীরাধাকুওে শ্রীল রঘুনাথ নাম-গোলামিণাবের সমাধি
দিতীয়বার 'শান্তিপুরে' আসিলেন। সংবাদ শুনিতে পাইয়া রঘুনাথ
শান্তিপুরে উপনীত হইলেন। পুত্র পাছে সন্ন্যাসী হয়—এই ভয়ে
গোবর্ধন দাস শ্রীরঘুনাথের সঙ্গে অনেক লোকজন দিলেন।

শ্রীমনাহাপ্রভু শান্তিপুরে শ্রীঅদ্বৈত-গৃহে এইবার সাতদিন অবস্থান করেন। রঘুনাথের অবস্থা দেখিয়া মহাপ্রভু লোকশিক্ষার জন্ম রঘুনাথকে বলিলেন,—"রঘুনাথ! তৃমি বাতুলতা করিও না স্থির হইয়া ঘরে যাও। লোকে ক্রমে-ক্রমেই এই সংসার উত্তীর্ণ হইতে পারে। লোকদেখান 'মর্কট-বৈরাগ্য * করিও না, হরি-সেবার জন্ম অনাসক্তভাবে যথাযোগ্য বিষয় স্বীকার কর। বাহিরে লোকিক ব্যবহার দেখাইয়া অন্তরে প্রমার্থের প্রতি দৃঢ়-নিষ্ঠা কর। তাহাতে অচিরে কৃষ্ণকৃপা-লাভ হইবে।"

<u> প্রীগৌরস্থন্দর তাঁহার নিত্যসিদ্ধ অন্তরঙ্গ পার্ষদ শ্রীরঘুনাথকে</u> লক্ষ্য করিয়া আমাদিগকে এই উপদেশ দিয়াছেন। যাঁহারা <mark>বাহ</mark> বৈরাগ্যের উচ্ছাসে ও নবীন উন্মাদনায় লোকের নিকট সম্মান পাইবার আশায় সাময়িক 'ফল্প বৈরাগী' সাজেন, তাঁহারা সেই বৈরাগ্যকে বেশীদিন রক্ষা করিতে পারেন না, শীঘ্রই "পুন্মু বিকো ভব" খ্যায়ে বৈরাগ্যচ্যুত হইয়া পড়েন। পক্ষান্তরে আ<mark>র এক</mark>-শ্রেণীর লোক 'মর্কট বৈরাগ্য'-নিষেধের স্থযোগ লইয়া চিরকালই বনিয়াদী 'ঘর-পাগলা' থাকাকেই 'যুক্ত বৈরাগ্য' মনে করেন। প্রীমনাহাপ্রভু এই ছুই-প্রকার বিচারকেই সর্বতোভাবে নিশা করিয়াছেন। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা এই যে' কৃত্রিম বৈরাগ্য বা তপস্ঠাদি হইতে কখনও ভক্তিলাভ হয় না। হৃদয়ে প্রমেশ্বরে ভক্তি উদিত হইলে ইতর বিষয়ে বৈরাগ্য আনুষঞ্চিক ভাবেই প্রকাশিত হয়; সেই বৈরাগ্যে কৃত্রিমতা নাই। ভক্তিরা^{জো} কৃত্রিমতার কোন স্থান নাই।

মর্কট-বৈরাগা—বাফ বৈরাগা। (খ্রীবিখনাথ চক্রবর্ত্তি-ঠাকুর)

শ্রীমন্মহাপ্রভূ শ্রীরঘুনাথকে বলিয়া দিলেন যে, যখন তিনি শ্রীবৃন্দাবন হইতে নীলাচল ফিরিয়া আসিবেন, তখন যেন রঘুনাথ কোন ছলে আসিয়া তাঁহার সহিত মিলিত হ'ন।

অপ্তবৃষ্টিতম পরিচ্ছেদ শ্রীবৃন্দাবনাভিমুখে—'ঝারিখণ্ড'-পথে

প্রীকৃষ্ণ চৈত্র শুনের শান্তিপুর হইতে শ্রীবলভদ্র ভট্টাচার্য ও প্রীদামোদর পণ্ডিতকে লইয়া পুরীতে ফিরিয়া আসিলেন এবং কিছুদিন পুরীতে থাকিয়া একমাত্র বলভদ্র ভট্টাচার্যকে সঙ্গে লইয়া 'মারিখণ্ডে'র ও বনপথে শ্রীবৃন্দাবনাভিমুখে যাত্রা করিলেন।

শ্রীগোরস্থলর শ্রীকৃষ্ণপ্রেমে উন্মন্ত হইয়া শ্রীকৃষ্ণনাম করিতে করিতে নির্জন অরণ্যের মধ্য দিয়া চলিয়াছেন। পালে পালে ব্যাঘ, হস্তী, গণ্ডার, শৃকর-প্রভৃতি বহা ও হিংস্র পশুর মধ্যদিয়াও শ্রীমহাপ্রভু ভাবাবেশে চলিয়াছেন দেখিয়া ভট্টাচার্যের মহাভয় হইল । কিন্তু, ঐ-সকল হিংস্রজন্ত মহাপ্রভুকে পথ ছাড়িয়া দিয়া স্ব-স্ব গস্তব্যস্থানে চলিয়া যাইতে লাগিল। একদিন পথের মধ্যে

মধ্যভারতের ও মধ্যপ্রেলের (সেন্ট্রাল্ প্রভিলের) পূর্বসীমান্ত জেলাগুলি লইনা

ক্রেইৎ বনপ্রদেশ—বর্তমান আঠগড়, ঢেকানল, আকুল, সম্বলপুর, লাহারা, কিয়য়ড়, বান্ডা,
বোনাই, গায়পুর, ভোটনাগপুর, ফশপুর, সরগুলা—প্রভৃতি পর্বত-জয়লময় দেশকে

ক্রিরিখন্য বলিত।

একটা ব্যাত্র শয়ন করিয়াছিল। চলিতে চলিতে শ্রীমহাপ্রভুর শ্রী-চরণ অকস্মাৎ ঐ-ব্যাঘটার শরীরে লাগিয়া গেল। শ্রীমন্মহাপ্রভূ ভাবাবেশে 'কৃষ্ণ কৃষ্ণ' বলিতেছিলেন, সেই ব্যাত্মও তখন মহাপ্রভুর পাদস্পর্শ লাভ করিয়া 'কৃষ্ণ কৃষ্ণ' বলিয়া নাচিতে লাগিল। আর একদিন মহাপ্রভু এক নদীতে স্নান করিতেছিলেন, তখন একপাল মত্ত হস্তী সেই নদীতে জল পান করিতে আসিয়াছিল। মহাপ্রভু ঐ-সকল হস্তীকে 'কৃষ্ণ বল' বলিয়া উহাদের গায়ে জল নিক্ষেপ করিলেন; যাহার গায়ে সেই জলকণা লাগিল, সে-ই তথন 'কৃষ্ণ কৃষ্ণ' বলিয়া প্রেমে নাচিতে লাগিল। এই সকল দেখিয়া শুনিয়া বলভদ্ৰ ভট্টাচাৰ্য চমৎকৃত হইলেন। পথে যাইতে যাইতে মহাপ্ৰভু কৃষ্ণ-সংকীর্তন করিতেন, আর তাঁহার মধুর কণ্ঠধনি শুনিয়া ^{উৎ-} কর্ণ মৃগীগণ তাঁহার নিকট ধাইয়া আসিত। মহাপ্রভু তাহাদিগের গায়ে হাত বুলাইতে বুলাইতে শ্রীমদ্ভাগবতের শ্লোক পড়িতেন। বাাঘ্র ও মৃগ পরস্পর হিংসা ভুলিয়া একসঙ্গে মহাপ্রভুর সহিত এই-সকল দৃশ্যে বৃন্দাবন-স্মৃতির উদ্দীপনায় মহাপ্রতু শ্রীমন্তাগবতের শ্লোক-সমূহ উচ্চারণ করিতেন। 'কৃষ্ণ কৃষ্ণ কহ'—বলিতেন তখন ব্যাঘ্ৰ ও মৃগ একসঙ্গে নাচিতে থাকিত, কখনও বা পরস্পর আলিজন করিত, কখনওবা পর^{স্পর} ম্থচ্মন করিত। ময়্রাদি পক্ষিগণ মহাপ্রভুকে দেখিয়া কৃষ্ণনাম বলিতে বলিতে মৃত্য করিত। যখন মহাপ্রভু 'হরি বল' বলিয়া উচ্চধ্বনি করিতেন, তখন বৃক্ষলতাও সেই ধ্বনি ভনিয়া অত্য^{স্ত} প্রফুল্লিত হইত ৷ ঝারিখণ্ডের যাবতীয় স্থাবর-জঙ্গম <u>শ্রী</u>গৌর- মুন্দরের প্রেমবস্থায় আপুত হইল। নহাপ্রভু যে-গ্রামের মধ্যদিয়া যাইতেন, যে-স্থানে থাকিতেন, সেই-সকল স্থানের লোকেরই
প্রেমভক্তি প্রকাশিত হইত। এক জন, আর এক জনের মুখে—
এইরূপে পরপ্রায় কৃষ্ণনাম শুনিতে শুনিতে সকল দেশের
লোকই বৈষ্ণব হইয়া গেল। গ্রীগোরস্কুন্দরের দর্শন-প্রভাবেই
লোকসমূহ বৈষ্ণব হইতে লাগিল। মহাপ্রভু যখন ঝারিখণ্ড-পথে
চলিতেছিলেন, তখন তাঁহার—

বন দেখি' ভ্ৰম হয়—এই 'বৃন্দাবন'। শৈল দেখি' মনে হয়,—এই 'গোবৰ্ধন' ॥ যাহাঁ নদী দেখে, তাহাঁ মান্যে 'কালিন্দী'। মহাপ্ৰেমাবেশে নাচে, প্ৰভূ পড়ে কান্দি'॥

- to: 5: 4: 51/44-45

মহাপ্রভূ মহাভাগবতের লীলা প্রকাশ করিয়া সর্বত্ত প্রীকৃষ্ণ-ভোগা উপকরণসমূহ-দর্শনে ব্রজভাবে উদ্দীপ্ত হইতে লাগিলেন। বলভদ্র ভট্টাচার্য ঝারিখণ্ডের বনপথে কথনও বস্থানাক; ফল, মূল চয়ন করিয়া বস্থব্যঞ্জন পাক করিয়া মহাপ্রভুকে ভিক্ষা করাইতেন কথনও বা ছই-চারি দিনের অন্ন পাক করিয়া সঙ্গে রাখিয়া দিতেন। পার্বত্য-নিঝারিণীর উষ্ণজলে মহাপ্রভূ ত্রিসন্ধ্যা সান করিতেন এবং ছই সন্ধ্যা বস্থকাষ্ঠের অগ্নিভাপে শীত নিবারণ করিতেন।

উনসপ্ততিতম পরিচ্ছেদ প্রথমবার 'কাশী'তে ও 'প্রয়াগে'

ঝারিখণ্ডের বনপথে চলিতে চলিতে শ্রীচৈতন্যদেব বলভদ্র ভট্টাচার্যের সহিত 'কাশী'তে আসিয়া পৌছিলেন, তথায় 'মণি-কর্ণিকা'য় স্নান, প্রীবিশ্বেশ্বর ও শ্রীবিন্দুমাধব দর্শন করিয়া কাশী-বাসী বৈষ্ণব শ্রীতপনমিশ্রের গৃহে পদার্পণ করিলেন। শ্রীতপন-মিশ্রের পুত্র জ্রীরঘুনাথ (যিনি পরে জ্রীরঘুনাথ ভট্টগোস্বামি-নামে পরিচিত) সেই সময় শ্রীমহাপ্রভুর পাদদেবার ও উচ্ছিষ্টাদি-গ্রহণের স্বযোগ পাইয়াছিলেন। শ্রীমহাপ্রভু এইবার চারিদিন <mark>'কাশী'তে অবস্থান করেন। তপনমিশ্র ও একজন মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ</mark> মহাপ্রভুর নিকট মায়াবাদ-হলাহল-প্লাবিত কাশীর ছুর্দশা এবং কাশীর মায়াবাদী সন্যাসিগণের গুরু প্রকাশানন্দ সরস্বতীর মহাপ্রভুর প্রতি দোষারোপের বিষয় নিবেদন করিয়া বিশেষ ছঃখ প্রকাশ করিলেন। মহাপ্রভু মায়াবাদিগণের ছর্দশা বর্ণনা করিয়া সেই সময়ে মায়াবাদিগণকে উপেক্ষা করিয়াছিলেন। মহাপ্রভু বলিলেন,—"গ্রীকৃষ্ণচরণে অপরাধী মায়াবাদিগণের মুখে শ্রীকৃষ্ণ নাম বহির্গত হয় না। তজ্জন্য তাহারা 'ব্রহ্মা', 'আত্মা', 'চৈতিশ্য'- প্রভৃতি শব্দ উচ্চারণ করিয়া থাকে। বস্তুতঃ শ্রীকৃঞ্জের নাম ও ঐাকুফের স্বরূপ অর্থাৎ দেহ—তুইই এক বস্তু।"

মহাপ্রভূ উক্ত মহারাষ্ট্রীয় ব্রাহ্মণকে কুপা করিয়া 'প্রয়ার্গে' গমন করিলেন। প্রয়াগেও মাত্র তিন দিন থাকিয়া কৃষ্ণনাম-প্রেম বিতরণ করিলেন এবং লোকোদ্ধার করিতে করিতে শ্রীমথুরায় আসিয়া উপস্থিত হইলেন। দাক্ষিণাত্যের স্থায় পশ্চিমদেশেও মহাপ্রভু সকল লোককে বৈঞ্চব করিলেন।

---:\#;---

সপ্ততিতম পরিচ্ছেদ শ্রীমধুরার ও শ্রীরন্দাবনে

শ্রীমন্মহাপ্রভু শ্রীমথুরার নিকট আদিয়া শ্রীধান-মথুরা দেখিয়াই দান্তাঙ্গদ দণ্ডবং প্রণাম করিলেন এবং প্রেমাবিস্ট হইলেন। শ্রীমথুরায় আদিয়া 'শ্রীবিপ্রামঘাটে' স্নান করিয়া শ্রীক্ষের জন্মস্থান 'আদিকেশব' দর্শন করিলেন। এই সময় একজন ব্রাহ্মণ তথায় আদিয়া মহাপ্রভুর অমুগত হইয়া প্রেমাবেশে নৃত্য, গান করিতে লাগিলেন। মহাপ্রভু নির্জনে সেই ব্রাহ্মণের পরিচয় জিজ্ঞাদা করিয়া জানিলেন যে, তিনি শ্রীল মাধবেন্দ্রপুরীর শিষ্য। শ্রীমাধবেন্দ্রপুরীর শ্রীমথুরায় আদিয়া উক্ত ব্রাহ্মণের গৃহে তাঁহারই হস্ত-পাচিত অর ভিক্ষা করিয়াছিলেন। এই বিপ্র 'সানোড়িয়া' শ্রাহ্মণকূলে আবির্ভূ ত ইইয়াছিলেন। যাজনদোষে ইহারা পতিত হওয়ায় ইহাদের গৃহে সয়াসিগণ কখনও ভোজন করেন না; কিন্ত শ্রীমাধবেন্দ্রপুরীপাদ বাঁহাকে শিষ্য করিয়া বাঁহার হস্তপাচিত অর স্বীকার করিয়াছেন

 ^{&#}x27;নানোয়াড়'-শব্দে হবর্ণ বিশিক্। তাহাবের বাজনকারী বাজপেরাই 'সানোড়িয়া (বর্ণ) বাজপ'-নানে অভিহিত।

সেই ব্যক্তি সাধারণ সামাজিক জাতিক্লের অন্তর্গত নহেন।
মহাপ্রভু পুরীপাদের আচারের অনুসরণে সেই সানোড়িয়া
ব্রাহ্মণের ঘরে ভিক্ষা গ্রহণ করিলেন। মহাজন ও গুরুবর্গের
আদর্শ অনুসরণ করাই কর্তব্য—এই বৈফ্রবাচার মহাপ্রভু এই
লীলাদ্বারা শিক্ষা দিলেন। সাধুগণের ব্যবহারই—সদাচার।




শীকৃষ্ণের জন্মস্থানে প্রাচীন ধ্বংদাবশেষ (মথুরা)

যাঁহারা মনে করেন,—মহাপ্রভু আধুনিক জাতিভেদ-বর্জনের

প্রবর্তক ছিলেন; অথবা ঘাঁহারা মনে করেন,—তিনি প্রবৃত্ত
পারমার্থিক-গণের সম্বন্ধেও জাতি-বিচার করিতেন; এই উভয়
প্রেণার ভ্রম মহাপ্রভুর এই আদর্শের দ্বারা নিরন্ত হইয়াছে।
মহাপ্রভু একদিকে অপারমার্থিকগণের ব্যবহারিক জাতিভেদ-প্রথা
উঠাইয়া দেওয়া, না-দেওয়া-সম্বন্ধে সম্পূর্ণ নিরপেক্ষ ছিলেন, আবার


অপরদিকে অপারমার্থিক তথাকথিত ব্রাহ্মণসন্তানের হস্ত-পাচিত্র কোন দ্রব্যও তিনি কখনও গ্রহণ করেন নাই। তিনি পারমার্থিক বৈষ্ণব ব্রাহ্মণের হস্ত-পাচিত দ্রব্য গ্রহণ করিয়াছেন। শ্রীচৈতন্ত্র-দেবের চরিত্রের অন্যান্ত ঘটনাবলীর আলোচনা প্রসঙ্গেও ইহার বহু সাক্ষ্য পাওয়া যায়।

শ্রীকৃষ্ণ চৈতত্যদেব শ্রীমণুরার 'চবিবশ-ঘাটে' স্নান করিলেন; শ্রীমাধবেন্দ্রপুরীর শিষ্য উক্ত সানোড়িয়া বিপ্রের সহিত শ্রীব্রজ-মণ্ডলের দ্বাদশ-বন ভ্রমণ করিয়া সমস্ত লীলাস্থান দর্শন করিলেন।



শীরাধাকুণ্ডের এইস্থানে মহাপ্রভূ উপবেশন করিয়াছিলেন বলিঙা ক্ষিত্ত হয় : এই থানে শীকৈতক্তদেবের একটা পাদপীয় আছে।

'আরিট্'-আনে—যে-স্থানে অরিষ্টাস্থর-বধ হইয়াছিল, সে-স্থানে আসিয়া মহাপ্রভু তথাকার লোকগনকে "শ্রীরাধাকুণ্ড কোথায়?" —জিজ্ঞাসা করিলেন; কিন্তু কেহই বলিতে পারিল না। সঙ্গের সানোড়িয়া ব্রাহ্মণও তাহা জানিতেন না। ইহাতে সেই তীর্থ গুণ্ড হইয়াছে জানিয়া সর্বজ্ঞ ভগবান্ শ্রীগোরস্থলর নিকটস্থ যে ছইটি ধাতাক্ষেত্রে অল্প-অল্প জল ছিল, তাহাতেই স্থান করিলেন এবং সেই ধাতাক্ষেত্রই যে 'শ্রীরাধাকৃণ্ড' ও 'শ্রীশ্রামকৃণ্ড', তাহা জানাইলেন।



'শ্রিশ্বামকুণ্ড' ও 'শ্রীরাধাকুণ্ডে'র নিলন-স্থান

অনেক সময় আমরা সাধারণ প্রত্নতত্ত্ব-বিভার বলে ভগবানের গুপ্ত ধাম ও তীর্থসমূহ-নিরূপণের চেষ্টা ও তদ্বিষয়ে নানাপ্রকার তর্কের অবতারণা করিয়া থাকি; কিন্তু ভগবান্ শ্রীগোরস্ফুন্দর দেখাইলেন,—গুপ্ত অপ্রাকৃত তীর্থসমূহ একমাত্র শ্রীভগবান্ ও তদীয় একান্ত অন্তরঙ্গ জনগণই বস্তুতঃ আবিদ্ধার করিতে পারেন। ইহা আমাদের সাধারণ বিভা-বৃদ্ধির বোধগম্য না হইলেও ইহাই পরম বাস্তব সত্য।


ত্রীগৌরস্থন্দর ত্রীরাধাকুও ও ত্রীশ্যামকুও আবিদার করিয়। 'প্রীগোবর্ধনে' 'প্রীহরিদেব' দর্শন করিলেন। খ্রীগোবর্ধন ভগবান গ্রাকৃষ্ণের প্রাঅক—এইরূপ বিচারে গ্রীনন্মহাপ্রভু খ্রীগোবর্ধনে



ইপিবিরাজ ইগোবর্ধন

উঠিয়া শ্রীল মাধবেন্দ্রপুরীপাদের প্রতিষ্ঠিত 'শ্রীগোপাল'-বিগ্রহ দর্শন করিবেন না বলিয়া মনে-মনে স্থির করিলেন। ত্রীগোপাল-দেব মেচ্ছভয়ের ছল উঠাইয়া শ্রীগোবর্ধন-পর্বত হইতে 'গাঠোলি' গ্রামে নামিয়া আসিলেন। শ্রীমন্মহাপ্রভু তথায় গিয়া শ্রীগোপালকে দর্শন করিয়াছিলেন।


শ্রীমন্মহাপ্রভু 'শ্রীনন্দীশ্বর', 'পাবন-সরোবর', 'শ্রীশেষশায়া', 'মেলাতীর্থ', 'ভাগুীরবন', 'ভদ্রবন', 'লোহবন', 'মহাবন' ও 'শ্রী-গোকুল'-প্রভৃতি দর্শন করিয়া শ্রীমথুরায় প্রত্যাবর্তন করিলেন। শ্রীকৃষ্ণের লীলাকালের প্রসিদ্ধ 'চীরঘাটে' তেঁতুল-বৃক্ষের তলে



শ্রীগোবর্ধনে শ্রহরিদেবের শ্রীমন্দির

বসিয়া শ্রীমন্মহাপ্রভু মধ্যাক্তকাল পর্যন্ত সংখ্যা-নাম করিতেন এবং সকলকে শ্রীনামকীর্তনের উপদেশ দিতেন। অক্রুরতীর্থে শ্রীকৃষ্ণদাস নামক জনৈক রাজপুতকে মহাপ্রভু কুপা করিলেন। কৃষ্ণদাস সেই সময় হইতে সংসারের প্রতি উদাসীন হইয়া মহাপ্রভুর কমণ্ডলু-বাহকরাপে ভাঁহার নিত্যসঙ্গী হইয়া পড়িলেন।

রাত্রিতে এক ধাবর 'কালিয়হুদে' নৌকায় চড়িয়া মংস্থাধরিত।
তাহার নৌকার মধ্যে প্রদীপ জ্লিত। সাধারণ গ্রাম্য-লোকগণ
দূর হইতে তাহা দেখিয়া মনে করিল, কালিয়হুদে কালিয়নাগের
মাথার উপর প্রীকৃষ্ণ নৃত্য করিতেছেন। মৃঢ় লোকগুলি তখন
নৌকাকে 'কালিয়নাগ', প্রদীপকে সেই নাগের মাথার 'মণি' ও
কৃষ্ণবর্ণ ধীবরকে 'কৃষ্ণ' বলিয়া ভ্রম করিয়াছিল। তাহারা এক



খ্রীমানদী-গঙ্গা

জনরব উঠাইয়া দিল যে, প্রীবৃন্দাবনে প্রীকৃষ্ণের পুনরাবির্ভাব ইইয়াছে। সরস্বতীদেবী তাহাদের মুখে সত্য কথাই বলাইয়া-ছিলেন। কেন-না, স্বয়ংশ্রীকৃষ্ণ প্রীগোরহরি তথন প্রীবৃন্দাবনেই বিরাজমান। তবে লোকে প্রকৃত কৃষ্ণকে চিনিতে পারে নাই, তাহারা এক ধীবরে কৃষ্ণ-ভ্রম করিয়াছিল। অজ্ঞ মূঢ় জনসাধারণ গণগডভলিকার মতের স্রোতেই বিচারবৃদ্ধি ভাসাইয়া দিয়া গণ- মতকেই সত্য মনে করে। স্বয়ংশ্রীকৃষ্ণ শ্রীকৃষ্ণচৈতত্যদেবের দঙ্গে থাকা সত্বেও সরলবৃদ্ধি বলতদ্র ভট্টাচার্যের সেই জনরব শুনিয়া গণমতের (জনরবের) 'কৃষ্ণ'কে (?) দেখিতে ইচ্ছা হইল! কিন্তু মহাপ্রভু সরলবৃদ্ধি ভট্টাচার্যের ভ্রম নিরসন করিয়া বলিলেন,—
"তুমি পণ্ডিত, তুমিও কি মূর্থের বাক্যে মূর্থ হইলে?"



থীনলগ্ৰাম

পরদিন প্রাতে কতিপয় লোক আসিয়া মহাপ্রভুর নিকট প্রকৃত রহস্য বলিলেন। ইহাদের কেহ কেহ মহাপ্রভুকে কৃষ্ণজ্ঞানে বন্দনা করিলে মহাপ্রভু লোকশিক্ষার জন্ম বলিলেন,—"ঈশ্বর- তত্ত্ব ও জীবতত্ত্ব কথনও এক নহে। ঈশ্বরতত্ব যেন বিশাল জনস্ত অগ্নিস্বরূপে, আর জীবতত্ব ঐ অগ্নির স্কৃলিকের ক্ষুদ্র-কণার সায়।



बीववीरण बीजायात्राचीत बीमन्तित



শ্রীদক্ষেত (ব্রবে)

মৃচ্ হা-বশতঃ ঈশ্বর ও জীবকে 'এক' বলিলে অপরাধ হয় এবং ঐ অপরাধের ফলে যমদণ্ড ভোগ করিতে হয়।" *

একশ্রেণীর লোক বলিয়া থাকেন,—শ্রীচৈতন্মের অভক্তগণ যে, শ্রীচৈতন্মদেবকে 'পরমেশ্বর' বলেন না, তাহা তাঁহাদের স্বকীয়-কল্পনা নহে, শ্রীচৈতন্মদেবের উক্তিবলেই তাঁহারা ঐরপ



শ্রীকাস্যাবন (ব্রজনগুল)

বলিতে সাহসী হ'ন। কিন্তু এই শ্রেণীর ব্যক্তিগণ একটুকু গস্তীর ও নিরপেক্ষভাবে বিচার করিলে বুঝিতে পারিবেন যে, মায়াবাদি-সম্প্রদায় ও তদন্গত সাধারণলোক যে জীবকে 'ব্রহ্ম' বলেন, তাহা নিরাস করাই লোকশিক্ষক মহাপ্রভুর ঐ উক্তির প্রকৃত উদ্দেশ্য।

--- °(*)°---

ल रेठ: ठ: म: ১৮)>>७-১>e

একসপ্ততিতম পরিচ্ছেদ 'পাঠান বৈষ্ণব'

প্রীবৃন্দাবনে শ্রীমন্মহাপ্রভুর অত্যধিক প্রেমোনাদ দেখিয়া <mark>শীবলভদ্র ভট্টাচার্য মহাপ্রভুকে ব্রজমণ্ডল হইতে 'প্রয়াগে' লইয়া</mark> <mark>ষাইবার সম্বন্ন করিলেন। 'সোরোক্ষেত্রে' গঙ্গাম্বান করিয়া প্রয়াগে</mark> যাইবেন,—এই দম্বল্ল করিয়া রাজপুত জ্রীকৃষ্ণদাস, জ্রীমণুরার সানোড়িয়া ব্রাহ্মণ, বলভত ভট্টাচার্য ও তাঁহার সঙ্গী আর একজন ব্রাহ্মণ মহাপ্রভুকে সঙ্গে করিয়ে যাত্রা করিলেন। পথিনধ্যে গাতী-গণের বিচরণ-দর্শন ও গোপমূখে অকস্মাৎ বংশীধ্বনি-প্রবণে মহা-প্রভুর ব্রজলীলা-শ্বতি উদ্দীপ্তা হওয়ায় প্রেমমূর্ছ । হইল। এমন সময় তথায় দশজন অশ্বারোহী পাঠান আসিয়া উপস্থিত হইলেন। তাহারা মহাপ্রভুকে এরপ মৃছিত অবস্থায় দেখিয়া সন্দেহ করিলেন যে, মূছিত সন্ন্যাসীর সন্থিগণ সন্ন্যাসীর অর্থাদি কাড়িয়া লইবার জন্ম সম্যাসীকে ধুতুর। খাওয়াইয়া অজ্ঞান করিয়াছেন। তাঁহাদের দলপতি 'বিজলী থাঁ' সেই দলেহ প্রকাশ করিয়া মহা-প্রভুর সঙ্গিগণকে বাঁধিয়া ফেলিলেন। মহাপ্রভু বাহদশা-প্রাপ্ত ररेलে বিজলী থাঁর দলের জনৈক মৌলানার সহিত প্রভূর কিছু কথোপকথন ও শাস্ত্র-বিচার হইল। শ্রীদন্মহাপ্রভু কোরাণ-শাস্ত্র হইতেই কৃষ্ণভক্তি স্থাপন করিলেন,—

> তোমার শাস্ত্রে কহে শেষে একই ঈশর । দেবিশ্বৰ্য-পূৰ্ণ তেঁহো শ্বাম-কলেবর ।।

উক্ত মৌলানা শ্রীনহাপ্রভুর শরণাগত হইলে মহাপ্রভু তাঁহার সংস্কার সম্পাদন করিয়া তাঁহার নাম 'রামদাস' রাখিলেন। বিজলী খাঁ ও তাঁহার অনুগত অধারোহিগণ সকলেই শ্রীমহাপ্রভুর শ্রীচরণ আশ্রয় করিয়া শ্রীকৃষ্ণভক্ত ও 'পাঠান বৈষ্ণব' নামে বিখ্যাত হইলেন এবং বিজলী খাঁর মহাভাগবত বলিয়া খ্যাতি হইন। # ——:(#)?—

দ্বিসপ্ততিতম পরিচ্ছেদ পুনরায় 'প্রয়াগে'—'গ্রীরূপ-শিক্ষা'

সোনোক্ষেত্রে গঙ্গাম্বান করিয়া শ্রীমহাপ্রভু 'প্রয়াগে' 'ত্রিবেণীতে' আদিলেন এবং তথায় দবির্থাস্ (শ্রীরূপ) ও অনুপদ মল্লিক্কে (শ্রীবল্লভকে) দেখিতে পাইলেন।

রামকেলি-গ্রামে মহাপ্রভুকে দর্শনের পর হইতেই দবির্থাস্
(গ্রীরূপ) ও দাকর্ মল্লিক্ (শ্রীসনাতন) তুই জনেই বিষয়ত্যাগের নানাপ্রকার উপায় চিন্তা করিতেছিলেন । অবশেষে দবিরখাস্ কৌশলে হোসেন্ শাহের কার্য পরিত্যাগ করিয়া বহু ধন-রত্তসহ 'ফতেয়াবাদে' নিজগৃহে আসিলেন এবং সেই ধনের অর্ধভাগ
—ব্রাহ্মণ-বৈষ্ণবকে, ও একচতুর্থাংশ—আত্মীয়-স্বজনকে বিটন
করিয়া দিয়া বাকী একচতুর্থাংশ—নিজেদের ভাবি-বিপত্দ্ধারের

^{* (}E: E: H: 26/5727-575

জন্ম রাখিয়া দিলেন; গৌড়দেশে শ্রীসনাতনের নিকট দশ হাজার

মুদ্রা রাখিলেন। শ্রীরূপ শুনিতে পাইলেন যে, শ্রীমহাপ্রভু পুরীতে

গিয়াছেন এবং তথা হইতে শ্রীবৃন্দাবনে যাইবেন। শ্রীরূপ মহাপ্রভুর শ্রীবৃন্দাবন-গমনের সঠিক তারিখ জানিবার জন্ম অবিলম্বে

একজন দৃত পাঠাইলেন।

এদিকে সনাতন রাজকার্য হইতে অবসর গ্রহণ করিবার জন্য শারীরিক অপুস্থতার ছলনা করিয়া নিজের গৃহে শ্রীমন্তাগবত আলোচনা করিতেছিলেন। বাদশাহ হোদেন্ শাহ্হঠাৎ একদিন শ্রীসনাতনের গৃহে উপস্থিত হইয়া শ্রীসনাতনকে সেই অবস্থায় দেখিতে পাইলেন এবং তাঁহাকে কারাগারে বন্দী করিয়া রাখিলেন। শ্রীরূপোরন প্রেরিত চর আসিয়া শ্রীসনাতনকে শ্রীমন্থহাপ্রভূর শ্রীবৃন্দাবন-যাত্রার সংবাদ দিল। শ্রীরূপ শ্রীসনাতনকে তখন একটা পত্র লিখিয়া জানাইয়াছিলেন যে, তিনি ও অনুপম শ্রীমন্মহাপ্রভূকে দর্শনের জন্য যাইতেছেন, শ্রীসনাতন-প্রভূ যেন শীঘ্রই যে-কোন-উপায়ে শ্রীমহাপ্রভূর নিকট চলিয়া আসেন।

শ্রীরূপ ও শ্রীঅনুপম শ্রীচৈতগুদেবের সঙ্গে মিলিত হইবার জন্য চলিতে চলিতে প্রয়াগে আসিলেন; তথায় মহাপ্রভু আসিয়াছেন গুনিয়া আনন্দিত হইলেন এবং একদিন মহাপ্রভূ যখন এক দক্ষিণ-দেশীয় বৈষ্ণব-ব্রাহ্মণের গৃহে ভিক্ষা করিবার জন্য গিয়াছেন, তখন ছই ভাই নির্জনে মহাপ্রভুর সহিত মিলিত হইয়া অত্যন্ত দৈন্যভরে কুপা যাজ্রা করিলেন। অনন্তর শ্রীরূপ এই শ্লোকটীর দ্বারা মহাপ্রভুকে প্রণাম করিয়াছিলেন,—

নমো মহাবদান্তায় ক্লপ্রেমপ্রদায় তে। ক্লথায় ক্লফটেচভন্তনায়ে গৌরণিয়ে নমঃ॥ »

মহাপ্রভু প্রীরূপকে শ্রীসনাতনের কথা জিজ্ঞাসা করিলেন।
শ্রীরূপ জানাইলেন,—শ্রীসনাতন-প্রভু কারাগারে বন্দী আছেন।
মহাপ্রভু বলিলেন,—"সনাতন বন্ধনমুক্ত হইয়াছে, শীঘ্রই আমার
িকট আসিবে।"

সেইদিন মধ্যাক্তে শ্রীরূপ ও শ্রীঅনুপণ উভয়ে মহাপ্রভুর
নিকট রহিলেন। ত্রিবেণীর উপরে মহাপ্রভুর বাসস্থানের নিকটেই
থ্রারূপ ও শ্রীঅনুপম বাসা করিলেন। এই সময় শ্রীবল্লত ভট্ট
(পরবর্তিকালে 'শ্রীবল্লভাচার্য'-নামে বিখ্যাত) 'আড়াইল'-গ্রামো
বান করিতেন। শ্রীমহাপ্রভুর প্রয়াগে আগমনের সংবাদ শুনিয়া
বল্লত ভট্ট তাঁহাকে দর্শন করিতে আসিনেন এবং দণ্ডবং-প্রণাম
করিয়া অনেক হরিকথা শ্রবণ করিলেন। শ্রীবল্লত ভট্ট শ্রীগোরস্থানর অপরপারে আড়াইল-গ্রামস্থ
স্থাহে লইয়া গিয়া ভিক্লা করাইলেন এবং সবংশে তাঁহার পাদোদক
গ্রহণ ও পূজা করিলেন; শ্রীমন্মহাপ্রভু তখন শ্রীরূপকে শ্রীবল্লভ

 ^{*} হে দাত্শিরোমণি কৃঞ্জেম-প্রদাতা শ্রীকৃঞ্চৈতন্ত-নামধারী গৌরকান্তি শ্রীকৃঞ্!
 তোমাকে নমস্কার।

^{† &#}x27;আড়াইল'-গ্রামে শ্রীবল্ল চাচার্বের 'বৈঠক' বা 'গাদি এখনও বর্তমান আছে। যে-ম্বানে এই গাদি অবস্থিত, সেই পল্লীর নাম 'বেওর্থ'— নৈনী' ষ্টেশন হইতে আড়াই মাইগ। ঘাহারা অমাগ হইতে এই-স্থান দর্শন করিতে আসেন, তাহাদিগকে যমুনা পার হইতে হ্র। বিশেষ বিবরণ 'গৌড়ীয়' নবমবর্ধ পঞ্ম-সংখ্যায় (১৩৩৭ বঙ্গান্ধ, ২০ ভারে) 'আড়াইল-গ্রাম'- শ্রিফে প্রবদ্ধে স্কেইব্য।

ভট্টের সহিত পরিচয় করাইয়া দিলেন। তথায় মিথিলাবাসী শ্রীমদ্-রঘুপতি উপাধ্যায়ের সহিত মহাপ্রভুর অনেক রসালাপ হইল।



শীপ্রয়াণে শীবেণীমাধ্বের শীমন্দিরের বহিছারি

এবিল্লভ ভট্ট তাঁহার পুত্রকে শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্মে সমর্পণ করিলেন এবং শ্রীমন্মহাপ্রভুর প্রেমোন্মাদ দেখিয়া তাঁহাকে প্রয়াগে লইয়া গোলেন।

শ্রীমহাপ্রভু প্রয়াগে দশদিন থাকিয়া 'দশাশ্বমেধ্যাটে' নির্জন-স্থানে জ্রীরাপকে শক্তিসঞ্চার-পূর্বক সূত্ররূপে সমগ্র ভক্তিরসভত্ব শিক্ষা দিলেন এবং সেই স্ত্র-অবলম্বনে 'শ্রীভত্তিরসামৃতসিন্ধু'-গ্রন্থ রচনা করিতে আজ্ঞা দিলেন।

'শ্রীরূপ-শিক্ষা'র সংক্ষিপ্ত তাৎপর্য এই,—চতুর্দশ-ব্রহ্মাণ্ডে অনন্ত বন্ধজীব চৌরাশি-লক্ষ যোনি ভ্রমণ করিতেছে। জীবের মধ্যে স্থাবর ও জঙ্গম— তুইটা প্রধান শ্রেণী। জঙ্গম জীব তিন-প্রকার— জলচর, স্থলচর ও খেচর। ইহাদের মধ্যে স্থলচরই শ্রেষ্ঠ। স্থল-চরের মধ্যে মানবজাতি সর্বশ্রেষ্ঠ। মানব-জাতির সংখ্যা অস্থায প্রাণী অপেক্ষা অতি অল্প। মানবগণের মধ্যে অসভ্য, অসদাচারী ও नां छिक वां कि जरनक। याँशानिशंदक मनानाती ও বেनार्श বলা হয়, তাঁহাদের মধ্যেও অর্ধভাগ মুখে-মাত্র বেদ স্বীকার করেন। ধামিকগণের মধ্যে অধিক-সংখ্যকই কর্মী, কোটিজন কর্মীর মধ্যে একজন জ্ঞানী হয়। কোটি জ্ঞানীর মধ্যে একজন মুক্ত পুরুষ পাওয়া যায়। এইরূপ কোটি মুক্তপুরুষের মধ্যে একজন শ্রীকৃষ্ণভক্ত পাওয়া অত্যন্ত তুর্লভ। শ্রীকৃষ্ণভক্ত—নিষ্কাম, সুতরাং শান্ত ; कर्मीरे रुपेन, আর জানীই रुपेन वा यांगीरे रुपेन, हैराता সকলেই কোন-না-কোন প্রকারে আত্মস্বখের (ধর্ম, অর্থ, কাম, না হয় মুক্তির) জন্ম কিছু-না-কিছু বাসনা করেন; এজন্ম তাঁহারা অশান্ত। ইহারা কেহই শ্রীভগবানের সুখের অনুসন্ধান (চিন্তা-ধ্যান) করেন না।

জীবের স্বরূপ অতিসৃষ্ম; সুক্মতা-পরাকাষ্ঠাপ্রাপ্ত জীব চি^{ৎকণ} অর্থাৎ জীবশক্তিবিশিষ্ট ব্রহ্মের অণু বা কণা। বর্তমানে স্থূল ও সুষ্ম (দেহ ও মনোবৃদ্ধি-অহস্কার) তুইটা আবরণে বহিমু থ জী^{বের} নিত্য স্বরূপ আবৃত। এইরূপ জীবের চতুর্দশ ব্রহ্মাণ্ডে চৌরাশিলক জন্ম বারংবার ভ্রমণ করিতে করিতে যখন বন্ধনমোচনের দুমুয়



विश्ववार्य प्रभाषस्मधार्ड 'वीत्रश-निकाष्ट्रती'

ভগবদিচ্ছায় উপস্থিত হয়, তখন কোনও জীব অকস্মাং কোন নাধ্-সঙ্গ বা সাধুসেবা করিয়া পরম সোভাগ্য লাভ করিতে পারেন, তখনই সেই ভাগ্যবান্ জীব সদ্গুরুর সন্ধান এবং শ্রীকৃষ্ণকৃপার বাহন সদগুরুর নিকট হইতে ভক্তিলতার বীজ প্রাপ্ত হন। সেই ব্যুক্ত সাধক-জীব মালীর স্থায় আপন হৃদয়-ক্ষেত্রে রোপণ করেন এবং সাধুগুরুমূথে ভগবান্ ঐকুফের কথা অনুক্ষণ শ্রবণ ও পরে সেই কথার অনুকীর্তনরূপ জলসেচন করিতে করিতে ভক্তিলতা-বীজকে অমুরিত করিতে পারেন। সেই ভক্তিলতা ক্রমশঃ বৃদ্ধি-গ্রাপ্ত হইয়া এই চতুর্দশ ব্রহ্মাণ্ডের বস্তুর মধ্যে আবদ্ধ থাকিতে পারে না। ব্রহ্মাণ্ডের পরে 'বিরজা' নামে এক চিন্ময়-নদী আছে; দেখানে সত্ত্ব, রজঃ ও তমোগুণের পরস্পর দ্বন্দ্ব নাই—সকলেরই শান্ত ভাব। বিরজার পর পারে 'ব্রহ্মলোক'। নিরাকার-ধ্যান-কারিগণ ও ভগবানের হস্তে নিহত ভগবদ্বিদেষিগণ এই ব্রহ্ম-লোক লাভ করেন। ইহারও উম্প্রে 'পরব্যোম' বা 'বৈকুণ্ঠ'। এখানে জ্রীলক্ষী-মারায়ণ, জ্রীসীতারাম বা জ্রীবিযুর অন্তান্ত অবতারের উপাসকগণ শ্রীভগবানের সাক্ষাৎসেবা করেন। হইারও উপরে 'জ্রীগোলোক বৃন্দাবন'। তথায় জ্রীকৃষ্ণচরণ-কল্পতরু নিত্য বর্তমান। শ্রীভক্তিলতা সেই কল্পতক্ষকে আশ্রয় করিলে তাহাতে প্রেমফল ধরে। কল্পতরুতে প্রেমফল ফলিলেও ভজনকারী মালী প্রবণ-কীর্তনাদিরূপ জলসেচন-কার্য বন্ধ করেন মা ; তিনি অনন্ত-কাল শ্রবণ-কীর্তনাদিরূপ জলসেচন করিয়া শ্রীকুফের সুখারু-সন্ধান করিতে থাকেন।

এইরূপ সাধন করিতে করিতে যদি অতীব তুর্ভাগাবশতঃ কৌন ব্যক্তির মহতের জ্রীচরণে অপরাধরূপ মত্তহস্তী আসিয়া উপস্থিত হয়, তাহা হইলে সেই মতহস্তী ভক্তিলতার মূল-পর্যস্ত উৎপাটন করিয়া ফেলে—তাহাতে লতা গুৰু হইয়া যায়। এইজয় সাধ্কমালীর সর্বদা বিশেষ সতর্ক থাকিয়া যত্ন-সহকারে ভক্তিনতার
চতুর্দিকে আবরণ দেওয়া কর্তব্য, যেন বৈঞ্বাপরাধ-মন্ত্রা কোন-৪রূপে ভক্তিনতার নিকটে আসিতে না পারে।

লতার সদে সদে যদি উপশাখা-সকল (যাহা দেখিলে লতার তার অর্থাৎ ভক্তির তার, বস্তুতঃ অবান্তর পদার্থ) উঠিতে থাকে, তাহা হইলে জলসেচনের অর্থাৎ সাধন-ভজনের বাত্ অভিনরের দ্বারা উপশাখাগুলিই বাড়িয় যায়। দেই উপশাখা বহুপ্রকার; তন্মধ্যে ভোগবাঞ্ছা, মোক্রবাঞ্ছা, শান্তনিষিত্র আচার, কাপটা, জীবহিংসা, স্ত্রী, অর্থ-প্রভৃতি লাভ করিবার পিপাসা, লোকের নিকট হইতে পূজা ও সম্মান-প্রাপ্তির আকাক্ষা-প্রভৃতি প্রধান সাধক প্রথমে এই-সকল উপশাখাকে ছেদন করিবেন, তার ইইলেই মূলশাখা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া শ্রীগোলোক-বৃন্দাবনে শ্রীকৃষ্ণ চরণক্ষপ কল্পবৃক্ষে আরোহণ করিতে পারিবে।

প্রীকৃষ্ণপ্রেমের নিকট ধর্ম-অর্থ-কাম-মোক্ষ তৃণতুলা। তোগ বা মোক্ষলাভের উদ্দেশ্যে বিভিন্ন-কামনা-পরিপ্রক দেবতার প্রাপরিত্যাগ করিয়া একমাত্র লালা-প্রুয়োত্তম প্রীকৃষ্ণের সুখান্থ-প্রানময়ী ভক্তিই জাবের চরম প্রয়োজন। প্রীকৃষ্ণের সুখের ইচ্ছাব্যতীত কোনপ্রকার অভিনাষণত স্বভাব পরিত্যাগ করিয়া, ব্রহ্মের সহিত একীভূত হইবার চিন্তা বা জ্ঞান, শৃতিক্ষিত নিরো নৈমিত্তিকাদি কর্ম, ফল্প বৈরাগা, যোগ, সাংখ্যজ্ঞান-প্রভৃতি যাহা প্রীকৃষ্ণের সুখানুসন্ধানকে আবৃত করে, তাহাও পরিত্যাগ করিয়া

প্রীকৃষ্ণের রোচমানা প্রবৃত্তির সহিত যে কায়িক, বাচিক ও মানসিক
চেষ্টা ও ভাবময় অনুশীলন তাহাই 'উত্তমা বা শুদ্ধা ভক্তি'। এই
শুদ্ধভক্তি হইতে 'প্রেমা' উৎপন্ন হয়। ভোগ বা মোক্ষ-বাঞ্ছা যদি
বিন্দুমাত্রও অন্তরে থাকে, তবে কোটি জন্মকাল সাধনেও কৃষ্ণপ্রেম-লাভ হয় না।

ভক্তির তিনটি অবস্থা—সাধনাবস্থা, ভাবাবস্থাও প্রেমাবস্থা। প্রেমভক্তি যখন গাঢ় হইতে গাঢ়তর হইতে থাকে, তখন তাহা স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ, ভাব, মহাভাব-পর্যন্ত উন্নত হয়।

ইহার পর শ্রীমন্মহাপ্রভু বিভিন্ন রসের তারতম্য ও সেবার গাঢ়তার তারতম্যের কথা বর্ণন করিলেন; শ্রীরূপপ্রভুকে প্রয়াগ হইতে শ্রীবৃন্দাবনে পাঠাইয়া দিয়া শ্রীমন্মহাপ্রভু কাশীতে গমন করিলেন এবং শ্রীচন্দ্রশেখরের গৃহে বাসস্থান স্থির করিলেন।

ত্রিসপ্ততিতম পরিচ্ছেদ 'শ্রীকাশীভে'—'শ্রীসনাতন শিক্ষা'

শ্রীসনাতন যখন বাদ্শাহ্ হোসেন্ শাহের বিরাগভাজন হইয়া কারাগারে আবদ্ধ, তখন তিনি শ্রীরূপের নিকট হইতে একপ্র পাইলেন। পত্র পাইবার পর শ্রীসনাতন কারা-রক্ষককে নানবিধ চাটুবাক্যে ভুলাইয়াও তাহাকে সাত হাজার মুদ্রা উৎকোচ প্রদান করিয়া কারামুক্ত হইলেন এবং নানাপ্রকার বাধা অতিক্রম-পূর্বক

'কাশী'তে শ্রীচন্দ্রশেখরের গৃহের দ্বারে আসিয়া পৌছিলেন। অন্ত-হামী মহাপ্রভু গৃহদ্বারে গ্রীসনাতনের আগমনের কথা জানিতে পারিমা তাঁহাকে ভিতরে ডাকাইলেন এবং তাঁহার দরবেশী দাড়ি, চুল ক্ষৌর ও মলিন বেশ (যে ছম্নবেশে পলায়ন করিয়াছিলেন) ত্যাগ করিয়া বৈঞ্বোচিত বেশ পরিধান করাইলেন। শ্রীসনাতন <mark>ঞ্জীচন্দ্রশে</mark>খরের প্রদন্ত নূতন বস্ত্র গ্রহণ না করিয়া শ্রীতপন <mark>মিশ্রের</mark> প্রদত্ত একটা পুরাতন ধুতি লইয়া উহার দারা ছুইটা বহির্বাস ও কৌপীন করিলেন: এ মন্মহাপ্রভুর ভক্ত মহারাষ্ট্রীয় ব্রাহ্মণটা শ্রীসনাতনকে তাঁহার কাশীতে থাকা-কালে নিজগৃতে প্রত্যুহ ভিক্ষা করিবার জন্য নিমন্ত্রণ করিলেন। কিন্তু শ্রীসনাতন একস্থানে ভিক্ষা করিবার পক্ষপাতী না হইয়া বিভিন্ন হান হইতে 'মাধুকরী'# ভিক্ষা করিবার ইচ্ছা প্রকাশ করিলেন। শ্রীমন্মহাপ্রভুশ্রীসনাতনের বৈরাগ্য দেখিয়া আনন্দিত হইলেন। গৌড়দেশ হইতে পদাইয়া আসিবার সময় পথে 'হাজীপুরে' গ্রীসনাতনের সহিত তাঁহার ভগ্নীপতি শ্রীকান্তের সাক্ষাৎকার হয়। অত্যস্ত শীতের প্রকোপ দেখিয়া শ্রীকান্ত বিশেষ অনুরোধ করিয়া শ্রীসনাতনকে একটা ভোট (ভুটানদেশীয়) কম্বল প্রদান করেন। শ্রীসনাতনের গাত্রে ঐ ভোট কম্বলটী ছিল। গ্রীমহাপ্রভু ঐ কম্বলের প্রতি পুনঃ পুনঃ দৃষ্টি করিতে লাগিলেন। শ্রীসনাতন শ্রীমহাপ্রভুর অভিপ্রায় বুঝিতে পারিয়া মধ্যাফে স্নানকালে গঙ্গার ঘাটে বঙ্গদেশীয় এক ব্যক্তিকে

মধ্কর ষেত্রণ ভিন্ন ভিন্ন কুল হইতে মধু সঞ্চ করিব। আহার করে, সেত্রপ নিভিঞ্জন
- ভক্তণণ একস্থানে কোন বিষয়ী বা দাতার রাজ্যিক নিমন্ত্রণ স্বীকার না করিয়। ভিন্ন
বার হইতে কিছু ভিক্ ভিক্তা করিয়া থাকেন। ইহাই 'মাধুকরী' ভিক্ষা।



কাশীতে 'শ্ৰীসনাতন-শিক্ষাস্থলী'

নিজের বহুমূল্য সেই ভোট-কম্বলটা প্রদান করিয়া উহার পরিবর্তে সেই ব্যক্তির একখণ্ড কাঁথা গ্রহণ করিলেন।

প্রীসনাতন প্রীমন্মহাপ্রভু কাশীতে অবস্থান-কালে তাঁহার নিকট পরিপ্রশ্ন করিয়া জীবের স্বরূপ; কর্তব্য ওপ্রয়োজন-সম্বন্ধে যে সারগর্ভ উপদেশ লাভ করিয়াছিলেন, তাহাই 'প্রীসনাতন-শিক্ষা'-নামে বিখ্যাত।

শ্রীচেতন্তদেবের প্রপঞ্চিত দার্শনিক-সিদ্ধান্ত 'শ্রীসনাতনশিক্ষা'র মধ্যে পাওয়া যায়। প্রীচেতন্তদেব অবয়তত্ত্ব শ্রীভগবানের সহিত তাঁহার শক্তিও শক্তিপরিণত বস্তুসমূহের অচিন্ত্য-ভেদাভেদ-সম্বন্ধ প্রপঞ্চিত করিয়াছেন। জীবশক্তি-বিশিষ্ট শ্রীক্ষেরে নিতাদাস—জীবাআ। জীব সূর্যস্বরূপ শ্রীকৃষ্ণের কিরণ-কণ-স্থানীয়, সূত্রতাপরাকাঠা-প্রাপ্ত। কিরণ-কণকে যেরূপ স্বয়ং সূর্য বলা যায় না, আবার তাহা যেমন সূর্য হইতে সম্পূর্ণ ভিন্নও নহে, সেরূপ জীব সাক্ষাৎ শ্রীকৃষ্ণ বা পরব্রহ্ম নহে আবার শ্রীকৃষ্ণ বা পরব্রহ্ম নহে আবার শ্রীকৃষ্ণ বা পরব্রহ্ম হতে সম্পূর্ণ ভিন্নও নহে। যে-সকল জীব অনাদিকাল হইতে শ্রীকৃষ্ণকে ভূলিয়া রহিয়াছে; তাহাদিগের সেই ভগবদ্বিশ্বতিরূপ ছিদ্র পাইয়া মায়া তাহাদিগকে আবৃত ও বিক্রিপ্ত করিয়া এই সংসারের সুখ ও ত্বঃখ দিতেছেন।

প্রীক্ষের অন্তরসা স্বরূপশক্তি ও বহিরসা মায়াশক্তির তটে (মধ্যস্থলে) অবস্থিত জীবশক্তি—'ভট্তা শক্তি' নামে খ্যাত। জীব অণ্-চেতন পদার্থ, চেতনের স্বাভাবিক ধর্মই—স্বাধীনতা বা স্বর্তস্তা। ইচ্ছাশক্তি, ক্রিয়াশক্তি ও জ্ঞানশক্তি চেতনমাত্রেই

আছে, তবে সেই চেতন পূর্ণচেতনের 'অণু অংশ' বলিয়া তাহার অণুস্বাতন্ত্র্য অর্থাৎ জীবের পতন্ত্রতা অত্যন্ত সসীম। কিন্তু পরমেশ্বর পূর্ণচেতন বলিয়া তাঁহার স্বতন্ত্রতা অসীম ও তাহা মানবের চিন্তার অতীত; তিনি স্বেচ্ছাময় স্বরাট্। মায়াবদ্ধ জীবের কৃষ্ণশৃতি-জ্ঞান নাই; তাহাদের প্রতি সদয় হইয়া শ্রীকৃষ্ণ সাধু-শান্ত্র-গুরুরপে আপনাকে প্রকাশ করেন। সাধু-শান্ত্রের কৃপাতেই শ্রীকৃষ্ণকে জানিবার ইচ্ছা হয়। যেইরূপে লোকে দৈবজ্ঞের নিকট পিতৃধনের সন্ধান পাইয়া প্রকৃত স্থান হইতে গুপুখন তুলিয়া আনে, সেইরূপ সাধু-শান্ত্র ও গুরুর হইতে স্বীয় স্বরূপ, কত'ব্য ও প্রাপাবস্তুর সন্ধান পাইয়া তাঁহাদের উপদেশের অনুসরণে সাধন করিলে শ্রীগুরুকৃষ্ণ-কৃপায় জীবের প্রেমধন লাভ হয়।

শ্রীকৃষ্ণই—পরম-তত্ত্ব; ব্রহ্ম শ্রীকৃষ্ণের অঙ্গ-জ্যোতিঃ। পূর্যকে যেরূপ আমরা পৃথিবী হইতে কেবল জ্যোতির্ময় দেখি, কিন্তু মাহারা পূর্যলোকে বাদ বা পূর্যের নিকটে গমন করিতে পারেন, তাঁহারা পূর্যকে অবয়বযুক্ত দেখেন, সেরূপ শ্রীকৃষ্ণের অসমাগ্রদর্শনে অর্থাৎ বাহিরের অঙ্গজ্যোতির্মাত্ত-দর্শনে তাঁহাকে কেবল জ্যোতির্ময় বলিয়া ধারণা হয়। যোগিগণ শ্রীকৃষ্ণকে যে পরমাগ্রদ্ধে করেন, তাহাও শ্রীকৃষ্ণ-সম্বন্ধে আংশিক দর্শন ক্ষের বৈভব-দর্শন-মাত্র।

শ্রীকৃষ্ণের স্বাভাবিকী শক্তি অনস্ত; কিন্তু সেই শক্তির ত্রিবিধ পরিজ্ঞান মুখ্যভাবে প্রসিদ্ধ। প্রথম—তাঁহার বহিরস্না বা অচিং-শক্তি, দিতীয়—তাঁহার অস্তরস্না বা চিংশক্তি এবং তৃতীয়-তাঁহার চিং ও অচিং এই তুই শক্তির সন্ধিন্তলরূপ তটে অবস্থিত জীবশক্তি। অচিং মারাশক্তি হইতে এই দৃশ্যমান জড় জগং প্রকাশিত
হইয়াছে; অন্তরঙ্গা শক্তি হইতে ভগবানের নিজের ধাম ও তাঁহার
সেবকগণ প্রকাশিত হইয়াছেন; আর তটস্থা শক্তি হইতে জীবসমূহ প্রকাশিত হইয়াছে। ভগবানের সহিত জীবের যে সম্বর্ধন
সেই জ্ঞানের নাম—'সম্বন্ধজ্ঞান'। শ্রীভগবান্—'সম্বন্ধা' তত্ত্ব।
মহতের কৃপায় নিত্যসিদ্ধ-ভাবকে হালয়ে প্রকট করাই 'সাধন',
তাহাই 'অভিধেয়'। সেই সাধনের যে চরম উদ্দেশ্য বা ফলন
তাহাই জীবের 'প্রয়োজন' বা প্রাপ্যবস্ত্ত্ব। শ্রীক্ষেরে সহিত
জীবের নিত্য প্রভু-সেবক-সম্বন্ধ, শ্রীকৃষ্ণ-শ্র্থান্সরানই জীবের
প্রধান অভিধেয় এবং শ্রীকৃষ্ণকে স্থা দেখিয়া নিজে স্থান্তব্ব
করাই সাধনের ফল; ইহাই প্রয়োজন বা শ্রীকৃষ্ণপ্রেম্বর্ধা

'সাধনভক্তি' তুই-প্রকার—'বৈধী-ভল্তি' ও 'নাগারুগা ভল্তি'
যাঁহারা শাস্ত্রের শাসন বা কর্ত ব্য-বুদ্ধিরারা শাসিত হইয়া
ভগবানের সেবা করিবার জন্ম সাধন করেন, তাঁহাদিগের সেই
সাধনকেই 'বৈধী ভক্তি' বলে। শ্রীব্রজ্ঞগোপীগণ, শ্রীনন্দ-যশোদা,
শ্রীদাম-স্থদাম, শ্রীরক্তক-পত্রক-চিত্রক-প্রভৃতি ব্রজ্ঞের নিত্যসিদ্ধ
সেবকগণ তাঁহাদের স্বাভাবিক অনুরাগের সহিত মাধুর্য-বিগ্রহ
শ্রীকৃষ্ণের যে সেবা করেন, তাহাকে 'রাগাল্মকা-সাধাভক্তি'
বলে। সেই 'রাগাত্মিকা ভল্তি'তে যাঁহাদের স্বাভাবিক অনুরাগ
বা লোভ হয়, তাঁহারা সেই-সকল ব্রজ্বাদীর অনুগত হইয়া
শ্রীকৃষ্ণের যে সেবা করেন তাহাকে 'রাগানুগা ভক্তি' বলে।

অন্তরে আদৌ গ্রদ্ধা'র উদয় হইলে জীব 'সাধ্সঙ্গ' করিয়া থাকে। সাধ্সত্নে হরিকথা 'প্রবণ, কীর্তন' করিতে করিতে গ্রদ্ধালু-ব্যক্তির হৃদয়ের নানাপ্রকার কামনা-বাসনা, ছুর্বলতা, অপরাধ, নিজের স্বরূপের ভ্রান্তি-প্রভৃতি অনর্থ-সমূহ দূর হয়। এই অবহার নাম—'অনর্থ-নিবৃত্তি'। ইহার পরে 'নিষ্ঠা'র উদয় হয় অর্থাৎ ভ্রগবানের সেবায় সর্বক্ষণ লাগিয়া থাকিবার ইচ্ছা হয়। পরে সেই সেবায় স্বাভাবিকী 'রুচি' ও তৎপরে 'আসক্তি' জন্মে; এই পর্যন্ত 'সাধ্ব-ভক্তি'। ইহার পরে শ্রীকৃষ্ণে প্রীতির অন্ধুর বা 'ভ্রাবে'র উদয় হয়। এই ভাব ক্রমশঃ পরিপ্রক হইয়া 'প্রেম্ন'-রূপে প্রকাশিত হইয়া থাকে। ভ্রগবৎ-প্রেমলাভের ইহাই ক্রম।

শ্রীসনাতনের প্রার্থনামুসারে শ্রীমন্মহাপ্রভু কাশীতে "আত্মারাম"-শ্লোকের একষ্টি-প্রকার ব্যাখ্যা করিয়াছিলেন। শ্রীগোরস্থানর শ্রীসনাতনকে বৈষ্ণব-স্মৃতিশাস্ত্র 'শ্রীহরিভক্তিবিলাস'-রচনার
জন্ম আদেশ করিয়া উহার বিষয়-সকল স্থ্রাকারে নির্দেশ
করিয়া দিয়াছিলেন।



আয়ারামান্চ মৃনয়ো নিগ্রহা অপাক্রকমে ।
 ক্রয়াহৈতৃকীং ভতিমিথন্ত তগুণো হরিঃ ॥

চতুঃসপ্ততিতম পরিচ্ছেদ

ত্রীপ্রকাশানন্দ-উদ্ধার

একদিন প্রীচন্দ্রশেখন ও প্রীতপন মিশ্র অহ্যন্ত তৃংখের সহিত প্রীমন্মহাপ্রভুকে জানাইলেন যে, কাশীর মায়াবাদা সয়াসিগণ তাঁহাকে (প্রীমন্মহাপ্রভুকে) সর্বহৃণ নিন্দা করিয়া মহাপরাধে ময় হইতেছেন, এনন সময় এক ব্রাহ্মণ আসিয়া মহাপ্রভুকে নিমন্ত্রণ করিয়া বলিলেন,—"অন্ত আমার গৃহে কাশীর সকল সয়াসীকে নিমন্ত্রণ করিয়াছি; আপনি যদি কুপা করিয়া আমার গৃহে একবার পদার্পন করেন, তবে আমার অনুষ্ঠান পূর্ণ ও সফল হয়। আপনি কাশীর সয়য়াসিগণের সহিত মিশেন না, ইহা আমি জানি। তথাপি, আজ আমার প্রতি একবার কুপা করুন।"

ব্রাহ্মণের নিমন্ত্রণ স্বীকার করিয়। শ্রীমন্মহাপ্রভু সেই বিপ্রগৃহে
সন্ন্যাসিগণের সভায় যথাসময়ে উপস্থিত হইলেন, সকলকে নমস্কার
করিয়া বাহিরে গিয়া পদ প্রকালন করিলেন এবং সেই স্থানেই
বিস্মা কিঞ্চিং ঐশ্বর্য প্রকাশ করিলেন। সন্যাসিগণ শ্রীক্ষটেতভাদেবের মহাতেজোময় রূপ দর্শন করিয়া স্ব-স্ব আসন পরিত্যাগপূর্বক ত্বরায় দণ্ডায়মান হইলেন। ভাঁহাদের গুরু শ্রীপ্রকাশানন্দও
শ্রীমন্মহাপ্রভুকে ঐ স্থান ত্যাগ করিয়া উত্তম স্থানে আসিবার জভ্তা
অনুরোধ করিলেন এবং বিশেষ সম্মানের সহিত সভার মধ্যে
ভাঁহাকে বসাইলেন।

শ্রীপ্রকাশানন্দ শ্রীকৃষ্ণ চৈতত্যকে কাশীর সন্ত্যাসিগণের সহিত না মিশিবার জন্ম অত্যোগ করিলেন। শ্রীমহাপ্রভূ ছলনা করিয়া দৈত্যভরে বলিলেন যে, তাঁহার গুরুদেব তাঁহাকে 'মূর্থ'ও 'বেদান্তে অন্ধিকারী' দেখিয়া শাসন করিয়াছেন এবং সর্বদা শ্রীকৃষ্ণমন্ত্র ও শ্রীকৃষ্ণনাম জপ করিবার আদেশ করিয়াছেন,—

ক্রুনন্ত হৈতে হ'বে সংসার-মোচন।

ক্রুনাম হৈতে পা'বে ক্রুন্ডের চরণ॥

নাম বিনা কলিকালে নাহি আর ধর্ম।

সর্বমন্ত্র-সার নাম—এই শাস্ত্র-মর্ন।

হরেনাম হরেনাম হরেনামৈব কেবলম্।

কলো নাস্তের নাস্ত্যেব নাস্ত্যেব গভিরত্যথা॥

--- হৈঃ চঃ আঃ গাণত-৭৪, ৭৬

ইহার দারা শ্রীমন্যহাপ্রভু কৌশলে জানাইলেন যে, যাঁহারা আপনাদিগকেবেদান্তের অধিকারী অভিমান করিয়া শ্রীহরিনামকে দামান্ত বস্তু বিচার করেন, বস্তুতঃ তাঁহারাই বেদান্তে অনধিকারী। দকল বেদ-মন্ত্রের সার ও সমস্ত শান্ত্রের মর্ম—শ্রীহরিনাম। এই জন্তুই বেদমন্ত্রের আদিতে ও অন্তে প্রণবের (ওঁকারের) ব্যবহার দেখিতে পাওয়া যায়। প্রত্যেক 'বেদান্ত স্থ্রে'র আদিতে ও অন্তে এই শক্রহম্ম বা প্রণব রহিয়াছেন। বেদান্তের 'ফলপাদে'র প্রথমস্ত্র—"ওঁ আবৃত্তিরসকৃত্বপদেশাং" ও চরমস্ত্র—"ওঁ জনাবৃত্তিঃ শক্ষাৎ, ওঁ অনাবৃত্তিঃ শক্ষাহ্য শ্রীনামের অনুজন আবৃত্তি ও তদ্বারাই সংসারে অপুনরাবৃত্তি (অগমনাগমন) উপদেশ করিয়াছেন। অর্থাৎ শ্রীকৃষ্ণ-মন্তের দ্বারা জীবের সংসার-মোচন

এবং শ্রীনামের দ্বারা কৃষ্ণপ্রেম-লাভ হয়। এই শ্রীকৃষ্ণপ্রেম-সম্বন্ধে শ্রীমহাপ্রভু বলিলেন,—

> কৃষ্ণবিষয়ক প্রেমা পর্য পুরুষার্থ। যা'র আগে তৃণতুল্য চারি পুরুষার্থ॥ পঞ্চম পুরুষার্থ—প্রেমানন্দায়তসিদ্ধ। বুদ্ধাদি-আনন্দ হা'র নহে একবিন্দু॥

> > -- (5: 6: W): 9| #8-1-4

মহাপ্রভূ বলিতে লাগিলেন,—'বেনান্তশান্ত্র 'ব্রহ্ম'-শব্দে মুখ্যঅর্থে সবিশেষ-স্বরূপ ভগবান্কেই নির্দেশ করিয়াছেন। জীবতত্ব
—শক্তি; কৃষ্ণতত্ত্ব—শক্তিমান্। জীবের স্বরূপ ক্লিঞ্গকণের স্থার
ক্ষুদ্রতিক্ষুদ্র স্থারতাপরাকাদ্যপ্রাপ্ত। ভগবানের নাম, রূপ, গুণ,
পরিকর, লীলা ও ধামকে 'প্রাকৃত' বা সগুণ (ব্যবহারিক) বলিয়া
কল্পনা করার স্থায় নান্তিকতা আর কিছুই নাই। বেদান্তে 'শক্তিপরিণামবাদ'ই স্বীকৃত হইয়াছে। চিন্তামণির রত্ত্ব-প্রস্বের স্থায়
ভগবানের অচিন্ত্যশক্তি এই জড়জগং প্রস্ব করিয়াও নিজে অবিকৃত থাকে। আচার্য শ্রীশঙ্কর বেদ হইতে যে সকল 'মহাবাক্য' ভ
চয়ন করিয়াছেন, তাহাকে 'মহাবাক্য' বলা যায় না, তাহাতে

^{*} বেদের মূল বাকাকে 'মহাবাক্য' বলা যায়। কেহ কেহ "তর্জনি" (ছাঃ খাহার ।
"ইদং সর্বং যদয়মালা, এক্ষেদং সর্বম্" (इঃ আঃ হারাহার ।
"নেহ নানান্তি কিজন" (কঠ হারাহার) ; বঃ আঃ ৪ জারার ।
ইজানিকে 'মহাবাক্য' বলেন।
বস্তুতঃ "তল্পমি" প্রভৃতি মত্রে হাহা উদ্দিষ্ট হয়. তহে! কেবল বেনের একনেশবাাপি উপনেশ।
বাহা বেদের সর্বনেশব্যাপী, তাহাই 'মহাবাক্য'। প্রশ্বই (ও'কারই) একমাত্রে প্রক্ষবাচক
'মহাবাক্য'।

বেদের সার্বদেশিক বিচার পাওয়া যায় না। বেদতরুর বীজ প্রাথবই মহাবাক্য ও ঈশ্বরের স্বরূপ। ভগবান্কে কেবল নির্বিশেষ বিলিয়া তাঁহার স্বরূপান্ত্বিদ্ধিনী নিত্যা শক্তিকে অস্বীকার করিলে ভগবানের অর্ধস্বরূপ-মাত্র-স্বীকারের ফলে তাঁহার পূর্ণতারই অস্বীকার করা হয়।"

শ্রীকৃষ্ণ চৈতত্যের মুথে বেদান্তের প্রকৃত তাৎপর্যের ঐরপ ব্যাখ্যা শ্রবণ করিয়া কাশীর মায়াবাদী সন্ন্যাসিগণ শ্রীচৈত্যদেবের কৃপায় মায়াবাদের কবল হইতে উদ্ধার লাভ করিলেন। কাশীতে একদিন শ্রীমন্মহাপ্রভু ভক্তবৃন্দের সহিত 'শ্রীবিন্দুমাধবে'র মন্দিরে সংকীর্ত্তন আরম্ভ করিলে সশিয়া শ্রীপ্রকাশানন্দ তথায় উপস্থিত হইলেন এবং মহাপ্রভুর শ্রীচরণে পড়িয়া নিজের পূর্বকার্যের জন্ম আপনাকে ধিকার দিয়া বেদান্ত-সঙ্গত ভক্তিতত্ত্বের বিষয় জিজ্ঞাসা করিলেন। শ্রীকৃষ্ণ চৈত্যদেব শ্রীমন্তাগবতকেই 'বেদান্তের অকৃত্রিম ভাষ্য' বলিয়া জানাইলেন।

ইহার পরে শ্রীমন্মহাপ্রভু শ্রীসনাতনকে শ্রীবৃন্দাবনে শ্রীরূপ ও শ্রীঅনুপমের নিকটে পাঠাইয়া দিলেন।

পঞ্চসপ্ততিত্য পরিচ্ছেদ শ্রীসুবৃদ্ধি রায়

হোদেন্ শাহের পূর্বে 'সুবুদ্ধি রায়'-নামক এক ব্যক্তি 'গৌড়ের' ভূম্যধিকারী ছিলেন। হোসেন্ খাঁ তথন স্বুদ্ধি রায়ের অধীনে কর্মচারী। কথিত হয় যে, সুবুদ্ধি রায়ের নির্দেশমত পুষ্ণরিণী-খননের পর্যবেক্ষকের কার্যে নিযুক্ত হইয়া হোসেন্ থাঁ ঐ কার্যের শিথিলতা করায় স্থবৃদ্ধি রায়ের নিকট হইতে বেত্রনও লাভ করেন। তাঁহার পুষ্ঠে ঐ সময়ের বেত্রাঘাতের চিহ্ন অনেক দিন পর্যন্ত ছিল। হোসেন্ শাহ্ যখন গোড়ের বাদ্শাহ্ হইলেন, তখন তিনি তাঁহার বেগমের অন্থরোধে স্থবুদ্ধি রায়কে ছাতিভ্রষ্ট করেন। স্থবুদ্ধি রায় কাশীর পণ্ডিতগণের নিকট প্রায়শ্চিত্তের ব্যবস্থা জিজ্ঞানা করিলে তাঁহারা সুবুদ্ধি রায়কে তপ্তয়ূত পান করিয়া দেহ পরিত্যাগ করিবার ব্যবস্থা দেন। মহাপ্রভু যথন কাশীতে আসিলেন, তখন সুবুদ্ধি রায় মহাপ্রভুর নিকট আনুপূর্বিক সকল কথা বলিয়া নিজের কর্তব্য জিজ্ঞানা করিলে তিনি পণ্ডিতগণের ঐ-সকল ব্যবস্থায় কোনও ণাস্তব কল্যাণের সম্ভাবনা নাই জানাইয়া নিরন্তর শ্রীকৃঞ্চনাম-সংকীর্তনের উপদেশ করিলেন,-

শএক 'নামাভাদে' তোমার পাপ-দোষ যা'বে।
আর নাম' লইতে কৃষ্ণচরণ পাইবে॥
আর কৃষ্ণনাম লৈতে কৃষ্ণস্থানে স্থিতি।
মহাপাতকের হয় এই প্রায়শ্চিতি॥"
—হৈ চঃ মঃ ২৫।১৯২-১৯৩

শ্রীসুবৃদ্ধি রায় শ্রীবৃন্দাবনে আগনন করিয়া স্থতীত্র শ্রীহরি-ভদ্ধনময় দ্বীবন যাপন করিতে লাগিলেন এবং শ্রীরূপ গোস্বামি-প্রভুর সহিত শ্রীবৃন্দাবনের 'দ্বাদশ-বন' ভ্রমণ করিলেন।

ষট্ সপ্ততিত্য পরিচ্ছেদ পুনৱায় প্রীনীলাচলে

শ্রীমন্মহাপ্রভু শ্রীবলভদ্র ভট্টাচার্যের সহিত 'পুরী'তে ফিরিয়া আসিলেন। গৌড়ীয় ভক্তগণ শ্রীমহাপ্রভুর পুরীতে প্রত্যাগমনের সংবাদ শুনিয়া পুরীর অভিমুখে যাত্রা করিলেন।

শ্রীশিবানন্দ সেনের সহিত একটা ভগবন্তক কুর্বও পুরীঅভিমুখে আসিতেছিল। একদিন শ্রীশিবানন্দের ভৃত্য কুর্বটীকে
রাত্রিতে আহার দিতে ভূলিয়া যাওয়ায় কুর্বটী কোথায় চলিয়া
গোল—কেহই সন্ধান করিয়া উঠিতে পারিল না। অবশেষে ভক্তগণ
পুরীতে পৌছিয়া মহাপ্রভুর নিকটে উপস্থিত হইয়া দেখিলেন,
দেই কুর্বটী মহাপ্রভুর শ্রীপাদপদ্মের সম্মুখে কিছু দূরে বসিয়া
আছে। শ্রীমহাপ্রভু কুর্বটীকে নারিকেলশস্য প্রসাদ ফেলিয়া
দিতেছেন এবং "রাম, কৃষ্ণ, হরি বল" বলিতেছেন। কুর্বটী
শ্রীমন্মহাপ্রভুর প্রদন্ত মহাপ্রসাদ পাইয়া পুনঃ-পুনঃ "কৃষ্ণ, কৃষ্ণ"
বলিতেছিল। ইহা দেখিয়া সকলে চমংকৃত হইলেন। শ্রীশিবানন্দ
সেনও দণ্ডবৎ প্রণতি করিয়া ক্র্রের নিকট নিজের অপরাধের

ক্ষমা প্রার্থনা করিলেন। ইহার পর দেই কুকুরকে আর কেহ দেখিতে পাইলেন না। কুকুর সিন্ধদেহ পাইয়া বৈকুঠে গমন করিল।

শ্রীরূপ গোস্বামি-পাদ শ্রীকৃন্দাবন-ধাম হইতে শ্রীপুরুমোন্তমে আসিয়া ঠাকুর শ্রীল হরিদাসের সহিত অবস্থান করিলেন। শ্রীরূপ-পাদ শ্রীমনহাপ্রভুর শ্রীমুখ হইতে মহাপ্রভুর রগাগ্রে নৃত্যকালে 'কাব্যপ্রকাশে'র একটা বিরহ-গ্লোক 🗢 শ্রবণ করিয়াছিলেন। এ শ্লোকের গৃঢ় তাৎপর্য একমাত্র শ্রীস্বরূপদামোদর গোস্বামি-পাদই অবগত ছিলেন। শ্রীরূপপাদ মহাপ্রভুর শ্রীমৃথে ঐশ্লোক তনিয়া তদমূরপ একটা শ্লোক রচনা করিয়া ও উহা একটা ভালপত্তে লিখিয়া নিজের বাসার চালে গুঁজিয়া রাখিয়া সমুদ্রমান করিতে গেলেন। সেই সময় অকস্মাং শ্রীমহাপ্রভু শ্রীরূপের দহিত দেখা করিবার জন্য তাঁহার বাসায় আসিয়া চালে গোঁজা তালপত্তে একটা শ্লোক দেখিতে পাইলেন। শ্লোকনি দেখিয়াই মহাপ্রভু ভাবাবিষ্ট হইলেন। এদিকে গ্রীল রূপপান সমূদ্র-স্থান করিয়া ফিরিয়া শ্রীমনাহাপ্রভুর শ্রীপাদপরে প্রণত হইলে শ্রীমহাপ্রভু মেহা ধিকাবশতঃ শ্রীরূপকে চাপড় মারিয়া কোলে করিয়া বলিলেন,—

"মোর শ্লোকের অভিপ্রায় না জানে কোন জনে। মোর মনের কথা তৃত্তি জানিলি কেমনে ?"

 যং কৌমারহবা স এব তি বরস্তা এব চৈত্রকণা-স্তে গোনীলিক-মালকীল্বভয় প্রোত্যা কস্বানিলাঃ সা হৈবালি কগাপি তত্ত স্বত্তবাাগার্কীলাবিশে বেবারোধনি বেত্রশীত্রকতলে চেতা সমুংকঠতে ।

—কাৰ্তাঞ্কাশ, ১ম উল্লাস

নহাপ্রভু শ্রীরূপকে বহু ভাবে স্নেহরূপা করিলেন এবং শ্রীম্বরূপ গোস্বামীর নিকট শ্রীরূপপাদের রচিত এই শ্লোকটা ও লইয়া গিয়া দেখাইলেন। শ্রীম্বরূপ বলিলেন,—"আপনার অন্তরের কথা শ্রীরূপ জানেন, স্কুতরাং শ্রীরূপ আপনার কূপার ভাজন, অন্তরঙ্গ নিজ্জন মহাপ্রভু বলিলেন বে, তিনি শ্রীরূপের প্রতি অত্যন্ত সন্তষ্ট হইয়া তাঁহাতে সর্বশক্তি সঞ্চার করিয়াছেন। শ্রীরূপই অপ্রাকৃত গৃঢ়রসের বিচারে যোগ্য পাত্র। শ্রীমন্মহাপ্রভু শ্রীম্বরূপ গোস্বামীকেও বলিয়া দিলেন,—"তুমিও তাঁহাকে গৃঢ় রসের কথা বলিও।"

আর একদিন শ্রীমন্মহাপ্রভু শ্রীরায়রামানন্দ, শ্রীসার্বভৌম ভট্টাচার্য, শ্রীস্বরূপ গোস্বামি-প্রভৃতি ভক্তবৃন্দের সহিত শ্রীহরিদাস ঠাকুরের বাসায় গিয়া শ্রীরূপের সহিত মিলিত হইলেন; শ্রীরূপের কৃত "প্রিয়ঃ সোহয়ং" ও "তুণ্ডে তাণ্ডবিনী" পঞ্লোক-তৃইটার প্রশংসা অতিশয় উল্লাসভরে করিতে লাগিলেন; প্রসঙ্গক্রমে শ্রীরূপের

প্রিয়ঃ নোহয়ং কৃকঃ নহচরি! কুরুক্তেরিদিততথাহং না রাধা তদিদম্ভয়োঃ নরমঞ্জয়
তথাপাতঃখেলয়ধুর-মুরলীপঞ্ময়ুষে

ননো মে কালিন্দীপ্রনিবিপিনায় ম্প্রয়তি য়

[—]পত্তাবলী, ^{৬৮৫}

ধে সহচরি ! আমার সেই অতি প্রিয় কৃষ্ণ অত কুঞ্চক্ষত্রে মিলিত হইলেন, আমিও ^{সেই} রাধা; আবার আমাদের উভয়ের মিলন-স্থ তাহাই বটে; তথাপি ননমধ্যে জীড়া^{নিল এই} কৃষ্ণের মুবলীর পঞ্চমস্বরে আনন্দ-শ্লাবিত কালিন্দীপুলিনগত বনের জন্ম আমার চিত্ত ^{কাহা} করিতেতে।

কুণ্ডে তাওবিনী বৃতিং বিত্তন্তুতে তুণ্ডাবলীলকরে
 কর্ণক্রোড়কড়মিনী ঘটয়তে কর্ণাবৃদেন্তঃ স্পৃহাম।

'গ্রীললিত-নাধব' ও 'গ্রীবিদগ্ধ-নাধব' নাটক-হয়ের মুখবন্ধাদি-শ্লোক প্রবণ করিলেন। গ্রীরামানন্দরায় নাটক-হয়ের অনেক অঙ্গ-প্রত্যঙ্গ বিচার করিয়া তুইটা নাটকই যে সর্বোংকৃষ্ট হইয়াছে, তাহা জ্ঞাপন করিলেন।

'শ্রীভগবান্ আচার্য'-নামক এক সরল ব্রাহ্মণ পুরীতে মহাপ্রভুর নিকট থাকিতেন। তাঁহার কনিষ্ঠ ভ্রাতা গোপাল ভট্টাচার্য
কাশীতে মায়াবাদিগণের নিকট বেদান্ত পড়িয়া পুরীতে মহাপ্রভুর
নিকট আসিলেন। শ্রীমহাপ্রভু তাঁহাকে বাহিরে শিষ্টাচার
দেখাইলেও অন্তরে আদর করিলেন না।

চেতঃপ্রাস্থাসলিনী বিলয়তে সর্বেলিরাপাং কৃতিং নো জানে জানিতা কিনন্তিরস্থাতঃ কৃষ্ণেতি বর্ণবদী গ

—विः माः माः गाः

^{&#}x27;কুঞ'—এই দুইটা বৰ্ণ কত অমুতের সহিত যে উৎপন্ন হইয়াছে, তাহা জানি না :-দেব, বৰ্ণ (নাটার ন্তায়) তাহা তুওে (মুখে) নৃত্য করে, তখন বছ তুও (মুখ) পাইবার লক্ত রতি বিত্তার (অর্থাৎ আসন্তিবর্ধন) করে, যখন কর্ণকুহরে-প্রবেশ করে (অর্থাহ ত্রম), তখন অর্থাকুদরির ক্রমান্তে অস্থাহা লন্মান্ত, যখন চিত্তপ্রাস্থান (স্থিনীকপে) উদিত হয়, তখন সমস্ত ইপ্রিয়ের ক্রিয়াকে বিভাগ করে ।

সপ্তসপ্ততিত্য পরিচ্ছেদ

एहाछ रित्रमाप्त

একদিন শ্রীভগবান আচার্য শ্রীমন্মহাপ্রভুর কীর্তনীয়া ছোট হরিদাসকে শ্রীশিখিমাহিতির ভগিনী শ্রীমাধবীদেবীর নিকট গিয়া শ্রীমন্মহাপ্রভুর সেবার জন্য কিছু সৃন্ম চাউল ভিক্ষা করিয়া আনিছে বলিলেন। শ্রীমাধবীদেবী বৃদ্ধা, তপস্বিনী ও পরমা বৈফ্বী। 'শ্রীমহাপ্রভুর ভক্তগণের মধ্যে মাত্র সাড়ে তিন জন শ্রীরাধিকার গণ ছিলেন; এক—এীস্বরূপ গোস্বামী, তুই—এীরায়রামানন্দ, তিন —শ্রীশিথিমাহিতি এবং অর্ধেক—তাঁহার ভগিনী শ্রীমাধবীদেবী। মধ্যান্তে জ্রীমন্মহাপ্রভু জ্রীভগবান আচার্যের গৃহে আদিয়া ভোজন-কালে "এই উত্তম সূক্ষ্ম চাউল কোথা হইতে সংগৃহীত হইয়াছে ?"—জিজ্ঞাসা করিয়া জানিতে পারিলেন, ছোট হরিদাস ঐ চাউল শ্রীমাধবীদেবীর নিকট হইতে ভিক্ষা করিয়া আনিয়াছেন। বাসায় ফিরিয়া আসিয়া শ্রীমন্মহাপ্রভু শ্রীগোবিন্দকে আদেশ করিলেন,—"ছোট হরিদাসকে এখানে আর আসিতে দিও না তুমি আজ হইতে আমার এই আদেশ পালন করিবে।"

'দার-মানা' হইয়াছে গুনিয়া শ্রীহরিদাস মনের ত্বংথে উপবাসী থাকিলেন। শ্রীস্বরূপ গোস্বামিপাদ-প্রমুখ ভক্তগণ শ্রীহরিদাসের অপরাধের বিষয় জানিতে চাহিলে মহাপ্রভু বলিলেন,—

* বৈরাগী করে' প্রকৃতি সন্তাষণ ।
 দেখিতে না পারেঁ। আমি তাহার বদন ।।

হুবার ইন্দ্রিয় করে বিষয় গ্রহণ। দারুপ্রকৃতি হরে' মুনেরপি মন॥

-- देव: व्हः वह २१३३१-३३४

মাতা স্বস্থা ছহিতা বা নাবিবিজ্ঞাসনো বসেং। বলবানিভিয়্ঞানো বিঘাংসমপি কর্ষতি ॥ *

—ভাঃ ৯/১৯/১৭; মনুসংহিতা বাব১৫ ; চৈ: চ: আ: বা১১৯


অতাদিন শ্রীপরমানন্দপুরীপাদ শ্রীমন্মহাপ্রভুকে শ্রীহরিদাসের প্রতি প্রসন্ন হইবার জন্য অনুরোধ করিলে শ্রীমহাপ্রভু তাহাতে অনন্ত ই ইয়া 'পুরী' ত্যাগ করিয়া 'আলালনাথে'ণ গমনের ইচ্ছা প্রকাশ করিলেন । পূর্ণ একবংসর অতীত হইয়া গেল, তথাপি শ্রীমন্মহাপ্রভু প্রসন্ন হইলেন না দেখিয়া শ্রীহরিদাস (ছোট) শ্রীমন্মহাপ্রভুর সেবাপ্রাপ্তির সম্বন্ধ করিয়া প্রয়াগে আসিয়া 'ত্রিবেণী'র পুণ্যজলে দেহ ত্যাগ করিলেন। শ্রীশ্রীবাস পণ্ডিত পরবর্তী চাতুর্মাস্থকালে পুরীতে আসিবার পর মহাপ্রভুর নিকট হরিদাসের বিষয় জিজ্ঞাসা করিলে শ্রীমন্মহাপ্রভু "স্বকর্মফলভুক্ পুনান্" অর্থাৎ জীব স্বস্ব কর্মফল ভোগ করিয়া থাকে,—এইমাত্র

মাতার সহিত, ভগ্নার সহিত অথবা ছহিতার সহিত কথনও একাসনে থাকিবে না : কেন না, বলবান্ ইন্দ্রিয়সমূহ বিধান্ প্রবেরও মন আকর্ষণ করিতে পারে।

ত্র 'আল্বর্নাগ'-শব্দের অপত্রংশ—'আলালনাব'। বিশিষ্টাইতবাদী সম্পূদ্ধের আলিনাবি'। বিশিষ্টাইতবাদী সম্পূদ্ধের আলিনাবিশি মহাপুদ্ধরণ 'আল্বর'-শব্দে অভিহিত হন। আল্বরগণের নাধ চতুত্বি-বিকুম্তি শীলনাদিন এছানে বিরাজিত আছেন। ১৯৩২ শকানার মহাপ্রত্ব প্রথমবার এছানে পদার্পণ করেন। ১৬৩২ বঙ্গাব্দে এছানে শীবিববৈক্ষবরাক্ত-সভা একটী শাখা মঠ ছাপিত হইয়াছে।

উত্তর দিলেন। শ্রীশ্রীবাস তখন শ্রীহরিদাসের ত্রিবেণাতে দেহতাগের বৃত্তান্ত বলিলে মহাপ্রভূ বলিলেন,— শপ্রকৃতি দর্শন কৈলে এই প্রায়স্চিত।"

—हेट: एः व्यः २।३५०



্ত্রীষ্কালাননাথের শ্রীক্ষার ; এইস্থানে শ্রীমন্মহাপ্রভূ পদার্পণ করিয়াছেন। নিজ-জন শ্রীহরিদাসের প্রতি শ্রীমন্মহাপ্রভূর দণ্ডবিধানরাপ অমায়ায় দয়া ও শ্রীমহাপ্রভূর প্রতি শ্রীহরিদাসের সেবাবুদ্ধি ও

গাঢ় অনুৱাগ কড় অধিক পরিমাণে ছিল ডাঙা দেখাইবার জন্ম প্রভূ তাঁহার সামাতা ক্রটিও সহা করিতে প্রস্তুত ছিলেন না। প্রভুর গাট অনুরাগের পাত্র হইতে ইচ্ছা করিলে প্রত্যেক ক্রম ভজনেচ্ছু ভক্তেরই সকলএকার এহিক ইন্দ্রিয়-স্বধ-লালমা স্বতোভাবে পরিভাগ করা উচিত, নত্বা ঐগেইহরি ভাঁহাকে সেবক বলিয়া গ্রহণ করেন না। শ্রীমন্মহাপ্রভু আরও শিক্ষা मित्नन त्य, तकर <u>के अशियाशामि विक्रुकी तर्थ ए</u>न्ड शतिकाश कतितन অপরাধাদি হইতে মুক্ত হইয়া সদ্গতি নাভ করেন। লোকশিক্ষার জন্য জ্রীমনাহাপ্রভু নিজভক্ত জ্রীহরিদাসকে প্রথমে গ্রহণ করেন নাই, কিন্তু পরে ভাঁহার মুখে আঁরুঞ্জীর্তন-দেবা স্বাকার করিয়া নিজভক্ত বলিয়াই তাঁহাকে গ্রহণ করিয়াছেন: নিজপার্যদভক্ত <u> আঁহরিদাসের দণ্ডলীলাঘারা মহাঞ্ছু গৃহতাাগী সাধক বৈরাগীর</u> আচার শিক্ষা দিয়াছেন। প্রচারকারী বৈশ্ববাচার্যের আসম ও আচরণকারী ভক্তের আসন কিরূপ হওয়া উচিত, এই লীলাছারা ব্রীমহাপ্রভু তাহা সর্বসাধারণকে উপদেশ দিয়াছেন। অসক্ষরিত্র ও গোপনে ব্যভিচার-পরায়ণ বৈষ্ণব্বেষ্ধারী ব্যক্তিগণকে দেখিয়া যাঁহারা ভাহাদিগকে মহাপ্রভুর অনুগত বৈহব মনে করেন, তাঁহাদের ভ্রান্ত ধারণা মহাপ্রভুর নিজপাষ্ট ছোট হরিদাসের দণ্ডলীলাদ্বারা সংশোধিত হওয়া উচিত।

যেখানে পাপ. সেখানে কোনও বিষ্ণু-সম্বন্ধ নাই; যদি বা দৈবাৎ পাপ হইয়া যায়, ভাহাতে বিষ্ণুভক্তের আদর হয় না। লৌকিক-শ্রদ্ধাযুক্ত ব্যক্তিরও পাপ করিতে গেলে মনে কশাঘাত লাগে,—বিষ্ণু ইহাতে সুখী হইবেন না; তখন তিনি আর পাপ করেন না, শীঘ্রই পাপ ছাড়িয়া দিয়া শ্রন্ধাবান্ হইয়া যা'ন। স্বতরাং যাঁহার শাস্ত্রীয়-শ্রন্ধার উদয় হইয়াছে, সেইরূপ ভগবদ্ধকে পাপ থাকিতেই পারে না।

শাস্ত্রীয়-শ্রদা,# যাহা শুদ্ধা ভক্তির কারণ, সেরূপ শ্রদাযুক্ত ভক্তের কোনওরূপ পাপ থাকিতে পারে না ; জ্ঞানমিশ্র সাধক-ভক্তের অধিকারোচিত দণ্ডদান ও দণ্ডস্বীকার—কল্যাণদায়ক ; এই তুইটী মহতী শিক্ষা নিজপার্ষদ ভক্ত ছোট হরিদাসের প্রতি দণ্ড-লীলার দ্বারা মহাপ্রভু শিক্ষা দিয়াছেন। মুমুক্ষু-সাধকোচিত-শিক্ষা কিন্তু জাতভাব ব্যক্তির উপর আরোপ করিলে অপরাধভাজন হইয়া চিরতরে ভক্তিপথ হইতে ভ্রপ্ত হইতে হইবে। এীরাপগোস্বামি-পাদ বলিয়াছেন,—জাতভাব ব্যক্তিতে যদি (বাহ্য গুরাচারতারূপ) বৈগুণ্যবং কিছু দেখাও যায়, তথাপি তাহাতে অস্থা করিবে <mark>না</mark> যেহেতু তিনি তাহাতে নির্লিপ্ত থাকেন, স্মুতরাং ভাবলাভে সর্বতো-ভাবেই তিনি কৃতার্থ হইয়াছেন। পূর্ণচন্দ্র বাহিরে মুগচিফে লাঞ্ছিত হইলেও কিন্তু কথনও অন্ধকারের নিকট পরাভূত হয় না, তদ্রপ <u>শ্রীভগবান্ হরিতে অনস্যচিত্ত মানবও বাহিরে অত্যস্ত হুরাচারতা</u> শীল বলিয়া দেখা গেলেও কিন্তু অন্তর্বিরাজমান ভক্তিবলে অস্তাস্থ লোকগণকে পরাভব করিয়াই শোভা বিস্তার করেন।

শান্ত বহিমূর্থ মানবজাতির জন্ম যে নিত্য শাসন বিধান করিয়াছেন, তাহার প্রতি
দৃঢ় অবিচলিত বিশাসই শান্তার্থবিধারণজাতা প্রজা বা 'শান্ত্রীয়-প্রজা'।

[🕴] सः दः मिः अश्वाद्य-७०

অন্ত সপ্ততিত্ব পরিচ্ছেদ জ্রীনীলাচলে বিবিধ-শিক্ষা-প্রচার

'পুরী'তে কোনও স্থলরী বিধবা ব্রাহ্মণ-যুবতীর একটা অতি স্থদর্শন পুত্রকে প্রতিদিন শ্রীমন্মহাপ্রভুর নিকটে আসিতে দেখিয়া এবং মহাপ্রভু ঐ বালককে স্নেহ করেন দেখিয়া শ্রীদামোদর পণ্ডিত * মহাপ্রভুকে কহিলেন,—"এই বালককে আদর করিলে লোকে আপনার চরিত্রের প্রতি সন্দেহ করিবে।" এই কথা শুনিয়া শ্রীমন্মহাপ্রভু একদিন শ্রীদামোদরকে নবনীপে শ্রীশচীমাতার তত্ত্বাবধানের জন্ম পাঠাইয়া দিলেন। ইহার দ্বারা মহাপ্রভু জানাইলেন যে, সাধক জীবের জন্ম যে শাসনের প্রয়োজন, সিক্ষর্পর বা ভগবান্কে সেইরূপ শাসনের অধীন করিলে তাহা কেবল নিজের শ্রম নহে, পরস্তু তদ্ধারা তাঁহার চরণে অপরাধ করা হয়।

অধিকারী বৈষ্ণবের না বৃক্তি' ব্যবহার।
যে-জন নিন্দরে, তা'র নাহিক নিতার ॥
তথম জনের যে আচার, যেন ধর্ম।
তথিকারী বৈষ্ণবেও করে সেই কর্ম।
কৃষ্ণকৃপায় সে ইহা জানিবারে পারে।
এ-সব সন্ধটে কেহ মরে, কেহ ভরে॥

—হৈ: ভা: আ: ১/৩৮৭-৩৮১

শ্রীসক্রপদামোদর ও শ্রীদামোদর পণিতত—ছইজন পৃথক্ বাজি। এই ছই জনই
শ্রীসক্রপেঞ্ব জক।

[4]

শ্রীসনাতন গোস্বামিপাদ শ্রীমথুরামণ্ডল হইতে 'ঝারিখণ্ডে'র বনপথে 'পুরী'তে আসিলেন। কৃষ্ণ-বিরহের আতিশয্যে তিনি রণচক্রের নীচে পড়িয়া শরীর পরিত্যাগ করিবার সম্বন্ধ করিয়াছেন, শুনিতে পাইয়া মহাপ্রভু বলিলেন,—"দেহত্যাগে কৃষ্ণকে পাওয়া যায় না, ভজনেই তাঁহাকে পাওয়া যায়। কৃষ্ণপ্রাপ্তির একমাত্র উপায়—অহৈতুকী ভক্তি।"

মহাপ্রভু সাধক-জীবের জন্য এই শিক্ষা দিলেও প্রেমী ভক্ত শ্রীসনাতনের দেহত্যাগের তাৎপর্য উল্লেখ করিয়া বলিলেন,—

> গাঢ়ান্ত্রাগের বিয়োগ না যায় সহন। ভা'তে অনুরাগী বাঞ্চে আপন মরণ।।

> > --- रेहः हः छः शहर

শ্রীমন্মহাপ্রভু এই প্রসঙ্গে জীবের জন্ম আরও <mark>অনেক</mark> উপদেশ প্রদান করিয়াছেন,—

নাচ-জাতি নহে ক্কভজনে অযোগ্য।
সংকূল বিপ্ৰ নহে ভজনের যোগ্য।।
যেই ভজে সেই বড়, অভক্ত—হীন, ছার।
ক্ষেতজনে নাহি জাতি-কুলাদি-বিচার।
দীনেরে অধিক দয়া করে ভগবান্।
কুলীন, পণ্ডিত, ধনীর বড় অভিমান।।

— हि: ह: ख: ह| 84-97

শ্রীগোরস্থন্দর শ্রীসনাতনের দ্বারা ভক্তিশাস্ত্র-প্রচার ^ও শ্রীসৃন্দাবনের গুপ্ত-ভীর্থ-উদ্ধার-প্রভৃতি অনেক লোকহিতকর ^{কার্য} করিবেন—জানাইলেন। শ্রীসন্মহাপ্রভু শ্রীসনাতনকে সেই বংসর শ্রীক্ষেত্রে থাকিয়া পরের বংসর শ্রীকৃদাবনে যাইবার জন্ম আদেশ করিলেন।

[0]

গ্রীহট্ট-নিবাসী শ্রীপ্রছান মিশ্র শ্রীগৌরস্করের নিকট শ্রীকৃক্ত কথা শুনিবার ইচ্ছা করিলে, খ্রীগৌরহরি তাঁহাকে খ্রীরামানন্দ-রায়ের নিকট পাঠাইলেন। গ্রীরামানদের গৃহে গমন করিয়া <mark>আঁপ্রহায় মিশ্র জানিতে পারিলেন যে. আরামানলপ্রভু হ্বতী</mark> দেবদাসীগণকে নির্জন উভানে তাঁহার নিজের রচিত "ঐ্রজগল্প-<mark>বল্লভ-নাটকের গীত ও রত। শিকা বিতেছেন। ঐরামানল রায়</mark> ছিলেন—শ্রীব্রজনীলায় গ্রীমতীর নিজ-জন। গ্রীপোরণীলায় তিনি প্রমযুক্ত বিভিতেক্রিয়-শিরোম্পির আদর্শ প্রদর্শন করিয়াছেন। তিনি সাধারণ সাংকজীব ছিলেন না। কিন্তু শ্ৰীপ্ৰতায় মিশ্ৰ তাহা বুঝিতে না পারিয়া শ্ৰীরামানশের এরাপ বাবহারের কথা শুনিয়া বাড়ী ফিরিয়া আদিলেন। মহাপ্রভূ শীরামানদের পরম মহত্ব ব্ঝাইয়া দিয়া শ্রাপ্রসার নিপ্রের ভাতি দূর করিলেন। অত্যপর মিশ্র পুনরায় শ্রীল রায়রামানদের নিকট গিয়া অনেক তত্ত্বোপদেশ গ্রহণ করিলেন .

[8]

মহাপ্রভূ যে-কোন প্রাকৃত কবি বা সাহিত্যিকের কবিতা ব। গাঁত-নাটকাদি এবণ করিতে পারিতেন না। যে-সকল কবিত্তে ও সাহিত্যে তত্ত্বিরোধ ও রসের বিপর্যয় আছে, তাহা মহাপ্রভূর নিকট বড়ই অপ্রীতিকর ও অসহনীয় হইত। যাঁহারা প্রকৃত ভক্ত, তাঁহারাই এই কথার মর্ম ভালরূপে বুঝিতে পারিবেন। তাঁহারাও যে-কোন কবির তত্ত্ববিরোধ ও রসাভাস-ছষ্ট কাব্য, গান ও সাহিত্য কখনও শুনিতে পারেন না, তাহা তাঁহাদের নিকট অসহনীয় হয়; অথচ ইহা সাধারণ লোকের বোধগায় হয় না।

প্রথমে শ্রীম্বরূপদামোদর পরীক্ষা করিয়া দিলে পরে শ্রীমন্মহাপ্রভু তাহা প্রবণ করিতেন। বঙ্গদেশীয় এক কবি মহাপ্রভুর লীলাসম্বন্ধে একথানি নাটক রচনা করিয়া মহাপ্রভুকে শ্রবণ করাইবার
ইচ্ছা প্রকাশ করিলে প্রথমে শ্রীম্বরূপ-গোস্বামিপ্রভু তাহা
শ্রবণ করিলেন। সভাস্থ সকলেই সেই নাটকের প্রশংসা করিলেন;
কিন্তু শ্রীম্বরূপদামোদর-প্রভু তাহাতে মায়াবাদ-দোষ প্রদর্শন
করিয়া বলিলেন,—"তিনিই শ্রীকৃষ্ণলীলা ও শ্রীগোরলীলা বর্ণন
করিতে পারেন, যিনি শ্রীগোরাঙ্গ-পাদপদ্মকে জীবনের একমাত্র
সম্বল করিয়াছেন। তাহা বর্ণন করিবার যোগ্যতা গ্রাম্য কবি
ও সাধারণ সাহিত্যিকের হয় না।"

আধুনিক কালে অনেকের ধারণা—লোকিক সাহিত্য ও কাব্য-রচনায় পারদর্শী ব্যক্তিরই প্রীক্ঞলীলা ও প্রীগোরলীলা বর্ণন করিবার যোগ্যতা হয়। কিন্তু প্রীমহাপ্রভুর দ্বিতীয় স্বরূপ শ্রীস্বরূপদামোদর আমাদিগকে জনোইয়াছেন যে, মহতের আফু-গত্য ও একান্তভাবে শ্রীচৈতত্যের শ্রীচরণ আশ্রয় না করিয়া এবং সর্বক্ষণ প্রীতি ও আবেশের সহিত শ্রীচৈতত্য-ভক্তগণের সঙ্গ না করিয়া শ্রীচৈতত্য বা শ্রীকৃঞ্চ-সন্বন্ধে সাহিত্য ও প্রস্থাদি রচনা করিবার চেষ্টা কেবল ধৃষ্টতা নহে,—তাহাতে শিব গড়িতে বানরই গঠিত হইয়া পড়ে। #

শ্রীস্বরূপদামোদরের এই উপদেশে সেই কবি নিজের ভ্রম
বুঝিতে পারিয়া ভগবস্তক্তগণের চরণে আত্ম-সমর্পণ ও মহাপ্রভুর
শ্রীচরণ আশ্রয় করিয়া পুরীতে বাস করিতে লাগিলেন।

[a]

শ্রীগোরস্থানরের শ্রীকৃষ্ণবিরহ-ব্যক্লতা ক্রমশঃই তার হইতে তীরতর-রূপে প্রকাশিত হইতে লাগিল। এই অবস্থায় শ্রীরায়-রামানন্দের শ্রীকৃষ্ণকথা ও শ্রীস্বরূপের কীর্তনই মন্মহাপ্রভুর একমাত্র জীবাতু হইল।

এদিকে মহাপ্রভুর শিক্ষাত্বযায়ী শ্রীরঘুনাথ দাস গৃহে ফিরিয়া গিয়া বাহিরে বিষয়ী লোকের মত ব্যবহার করিতে লাগিলেন; কিন্তু অন্তরে কৃষ্ণ-সেবার তীব্র আকাব্রুয়া ব্যাক্লিত হইয়া উঠিলেন। 'সপ্তপ্রামে'র কোন মুসলমান জমিদার নবাবের উজীরের সাহায্যে হিরণ্য ও গোবর্ধন দাসকে নির্যাতন করিবার ইচ্ছা করিলে তাঁহারা পলায়ন করিলেন। শ্রীরঘুনাথের বুদ্ধিবলে তাঁহানের সেই উৎপাত মিটিয়া গেল। শ্রীরঘুনাথ নীলাচলে শ্রীমহাপ্রভুর নিকট চলিয়া আসিতে পুনঃ পুনঃ চেষ্টা করিতে লাগিলেন। তিনি পানিহাটি'তে গিয়া শ্রীনিত্যানন্দপ্রভুর সহিত সাক্ষাৎ করিলেন এবং প্রভুর আজ্ঞায় তথায় এক 'দুধি-চিড়া-মহোৎসব' করিলেন। সেই

^{* (}D: D: M: 6197-76A

^{\$ ---} B

মহোৎসবের পরদিন গ্রীনিত্যানন্দপ্রভু গ্রীরঘুনাথকে কুপা করিয়। শ্রীচৈতগ্যচরণ-প্রাপ্তির জন্য আশীর্বাদ করিলেন।

শ্রীরঘুনাথ দাস একদিন রাত্রিতে কোন কার্যচ্ছলে শ্রীযত্নশন আচার্যের গৃহে আসিলেন এবং তাঁহার সহিত কিছুদূর গিয়া একাকী গুপ্তপথে বার দিনে পুরীতে পৌছিয়া শ্রীমন্মহাপ্রভুর শ্রীচরণে প্রণত হইলেন। মহাপ্রভু তাঁহাকে 'স্বরূপের রঘু' এই নাম দিয়া শ্রীস্বরূপ-গোস্বামীর হস্তে সমর্পণ করিলেন। শ্রীরঘুনাথ পাঁচ দিন মহাপ্রভুর অবশেষ-প্রসাদ প্রাপ্ত হইলেন। পরে তিনি শ্রীজগন্নাথদেবের শ্রীমন্দিরের দিংহদ্বারে অ্যাচক-বৃত্তি ও অবলম্বন করিলেন।

শ্রীমন্মহাপ্রভু শ্রীরঘুনাথের এই বৈরাগ্যের কথা গুনিয়া অত্যন্ত সম্ভপ্ত হইয়া বলিলেন,—

> বৈরাগীর ক্বত্য---সদা নাম-সংকীর্তন । শাক-পত্র-ফল-মূলে উদর-ভরণ ॥ জিম্বার লালসে যেই ইতি-উতি ধায়। শিশ্মোদর-পরায়ণ ক্বফ নাহি পায়॥

--रेक्: क्: ख: काररक-रर्ग

শ্রীমন্মহাপ্রভুর এই উপদেশ প্রত্যেক হরিভজনকারী ব্যক্তিরই বিশেষভাবে পালনীয়। শ্রীল রঘুনাথ শ্রীমন্মহাপ্রভুর নিকট কিছু

নিজে যাচ্ঞা করিবার পরিবর্তে কেহ নিজে ইচ্ছা করিয়া কিছু দিবেন, সেই আশ্র ব্রিয়া থাকিয়া ভিক্ষা করাকে 'অ্যাচক-বৃত্তি' বলে ।

--- हें हा बार वार वक्ष-र वन

উপদেশ শ্রবণ করিবার ইচ্ছা প্রকাশ করিলে মহাপ্রাভু 'রাগানুগ' গু
ভক্তের পালনীয় আচার সংক্ষেপে নির্দেশ করিলেন,—
থাম্যকথা না শুনিবে, গ্রাম্যবার্তা না কহিবে।
ভাল না খাইবে, আর ভাল না পরিবে॥
অমানী, মানদ হঞা রুঞ্চনাম সদা ল'বে।
ব্রেজ রাধারুঞ্জ-সেবা মানদে করিবে॥

শ্রীগোবর্ধন দাস পুত্রের সংবাদ পাইয়া পুরীতে শ্রীরঘুনাথের
নিকট লোক ও অর্থ পাঠাইলেন; শ্রীরঘু তাঁহাদের নিকট হইতে
কোন স্থল অর্থ গ্রহণ করিলেন না। প্রতিমাসে মহাপ্রভুকে তৃইবার নিমন্ত্রণ করিবেন, এইজন্য শ্রীরঘুনাথ উক্ত প্রেরিত অর্থের
কিয়দংশ গ্রহণ করিলেন; কিন্তু বিষয়ীর দ্রব্য গ্রহণে মহাপ্রভুর
শ্রীতি হয় না, অথচ নিমন্ত্রণকারীর কেবল সম্মান-লাভই ফল হয়,
—এই বিচার করিয়া অবশেষে গোবর্ধনের অর্থের দ্বারা মহাপ্রভুর
নিমন্ত্রণ-সেবাও পরিত্যাগ করিলেন।

বিষয়ীর অন্ন থাইলে মলিন হয় মন। মলিন মন হৈলে নহে ক্তক্তের স্মরণ।। —চঃচঃ জঃ ৬।২৭৮

কিছুদিন পরে শ্রীরঘুনাধ সিংহন্বারে অযাচক-বৃত্তিও পরি-ত্যাগ করিয়া মাধুকরী ভিক্ষা স্বীকার করিলেন। ইহা শ্রবণ করিয়া শ্রীমন্মহাপ্রভু অত্যন্ত আনন্দিত হইয়া বলিলেন,—

 ^{&#}x27;রাগানুগ'—ঘাহারা প্রীকৃষ্ণের নিতাসিদ্ধ সেবক প্রীরজগোপী, শ্রীন্দিন্দ-বশোনা,
 শ্রীন্দান-শ্রীনাম বা প্রীরজক-পত্রক-চিত্রকের প্রীকৃষ্ণসেবার প্রকারে লুক হইয়া ওাহাদের
ক্ষুণাতভাবে শ্রীকৃষ্ণনেবা করিতে অনুরাগী হ'ব।

"সিংহ্বারে ভিক্ষাবৃত্তি—বেগ্রার আচার।"

— চৈ: চ: অ: ৬/২৮৪

বেশ্যাকে যদ্রপ পরপুরুষের আশায় দ্বারে অপেক্ষা করিতে হয়, ভিক্ষাপ্রাপ্তির লোভে সিংহদ্বারে দাঁড়াইয়া থাকাও তদ্রপই।

শ্রীরঘুনাথ মাধুকরী ভিক্ষা করিতেছেন শুনিয়া এবং শ্রীরাধাকুষ্টের রাগময়ী সেবায় তাঁহার রুচি দেখিয়া শ্রীমন্মহাপ্রভু তাঁহার নিজের শ্রীগুঞ্জামালা ও শ্রীগোবর্ধন-শিলা শ্রীরঘুনাথকে দান করিলেন। ইহার পর শ্রীরঘুনাথ পথে পরিত্যক্ত ও পর্যুষিত (বাসি) শ্রীমহাপ্রসাদ জলে-ধৌত করিয়া তাহাই গ্রহণ করিতে লাগিলেন। শ্রীমন্মহাপ্রভু ও শ্রীস্বরূপদামোদর ইহাতে অধিক সম্ভপ্ত হইয়া একদিন শ্রীরঘুনাথের নিকট হইতে সেই মহাপ্রসাদ বলপূর্বক কাড়িয়া লইয়া আশ্বাদন করিলেন।

উনাশীতিতম পরিচ্ছেদ 'পুরী'তে শীবল্লভ ভট্ট

শ্রীবল্লভ ভট্ট একবার রথযাত্রার পূর্বে পুরীতে আসিয়া শ্রীগোর-স্ফুন্সরের চরণে প্রণত হইলেন। শ্রীবল্লভ ভট্ট শ্রীগোরস্ফুন্সরকে বলিলেন,—"কলিকালের ধর্ম—কুষ্ণনাম-সংকীর্তন; কৃষ্ণ^{শক্তি} স্বরূপশক্তি শ্রীরাধা বা তাঁহার গণ-ব্যতীত অপর কেহই তাহা প্রচার করিতে পারেন না। আপনি কৃষ্ণশক্তিধর; তজ্জ্য অন্ত আপনার কৃপায় জগতে শ্রীকৃষ্ণনান প্রকাশিত হইতেছে।" শ্রীমন্মহালপুত্র দৈয়তেরে নিজের অযোগ্যতা-প্রকাশপূর্বক শ্রীনিত্যানন্দ, শ্রীশ্রত-প্রভৃতি ভক্তগণের মহিমা কার্তন করিয়া শ্রীবল্পত ভট্টের নিকট আত্মগোপন করিলেন।

আর একদিন শ্রীবল্লভ ভট্ট শ্রীমন্মহাপ্রভুর নিকট আসিয়া বলিলেন যে, তিনি শ্রীমন্তাগবতের একটা দীকা রচনা করিয়াছেন এবং তাহাতে শ্রীকৃষ্ণনামের বহুপ্রকার অর্থ ব্যাখ্যা করিয়াছেন। প্রীমন্মহাপ্রভু প্রীবল্লত ভট্টের হৃদয়ের যশোলিপ্সা ব্ঝিতে পারিয়। বলিলেন,—"আমি কৃষ্ণনামের বহু অর্থ স্বীকার করি না। একিঞ —শ্রীশ্রামস্থলর শ্রীযশোদানলন,—এই মাত্র জানি i' শ্রীমং-অদ্যৈচতার্যও শ্রীবল্লভ ভট্টের নানাপ্রকার তত্ত্বিরুদ্ধ সিদ্ধান্ত খণ্ডন করিলেন। একদিন শ্রীবল্লভ ভট্ট শ্রীমং-অব্রৈভাচার্যকে জিজাসা করিলেন,—"জীব—প্রকৃতি, আর কৃষ্ণ-পতি। অতএব পতি-বতা-স্বরূপ জীব কিরূপে অপরের নিকট পতিস্বরূপ শ্রীকৃষ্ণের নাম উচ্চৈঃস্বরে কীর্তন করিতে পারে ?" খ্রীঅদ্বৈতাচার্য বল্লভ ভট্টকে সাক্ষাদ্ 'ধর্মবিগ্রহ' শ্রীমহাপ্রভুর নিকট এই প্রশ্ন জিজ্ঞাসা করিতে বলিলেন। ভট্টের প্রশোররে শ্রীমহাপ্রভু বলিলেন,— "স্বামীর আজ্ঞা প্রতিপালন করাই পতিব্রতার ধর্ম, পতি যখন নিরস্তর তাঁহার নাম উচ্চারণ করিতে বলিয়াছেন, তখন পতিব্রতা তাঁহার স্বামীর আদেশ ল্ড্ঘন করিতে পারেন না।"

আর এক দিন বৈষ্ণব-সভায় শ্রীবল্পভ ভট্ট মহাপ্রভুর নিকট আসিয়া বলিলেন যে, তিনি শ্রীমন্তাগবতের শ্রীশ্রীধরস্বামীর টীকা খণ্ডন করিয়া একটা নৃতন ব্যাখ্যা লিখিয়াছেন। ইহা শুনিয়া খ্রী-মহাপ্রভু রহস্যচ্ছলে ভ্রীবল্লভ ভট্টের ঐরূপ কার্যের প্রতিবাদ করিয়া বলিলেন,—

* শেমী' না মানে যে জন।
 বেগার ভিতরে তা'রে করিয়ে গণন॥

—हिः हः खः १।३३३

শ্রিগোরস্থানর প্রীবল্লভ ভট্টকে অনেক ব্রাইয়া বলিলেন,—
"জগদ্গুরু প্রীশ্রীধরস্বামিপাদের প্রসাদেই আমরা প্রীমন্তাগবতের
তাৎপর্য জানিতে পারি। তিনি—ভক্তির একমাত্র রক্ষক। গুরুর
উপরে গুরুগিরি করিতে যাওয়া ভীষণ অপরাধ। প্রীশ্রীধরস্বামীর
অনুগত হইয়া প্রীমন্তাগবত ব্যাখ্যা কর, অভিমান ছাড়িয়া প্রীকৃষ্ণ
ভদ্ধন কর, অপরাধ ছাড়িয়া প্রীকৃষ্ণ-সংকীর্তন কর, তবেই শ্রীকৃষ্ণ
চরণ লাভ করিতে পারিবে।" কিছুদিন পরে প্রীমহাপ্রভুর অনুমতি
লাভ করিয়া প্রীবল্লভ ভট্ট শ্রীল গদাধর পণ্ডিত-গোস্বামী হইতে
কিশোরগোপাল-মন্ত্রে দীক্ষা লাভ করিয়াছিলেন।

শ্রীবল্লভ ভট্টের স্থায় পণ্ডিত, বুদ্ধিমান ও সর্ববিষয়ে সুযোগা ব্যক্তিরও শ্রীল শ্রীধরস্বামীকে 'মায়াবাদী' বলিয়া ভ্রম হইয়াছিল। বস্তুতঃ শ্রীস্বামিপাদ মায়াবাদী নহেন—তিনি 'ভক্ত্যেকরক্ষক জগদগুরু' পরম বৈষ্ণব।

অশীতিত্য পরিচ্ছেদ রামচন্ত্র পুরী

রামচন্দ্র পুরী-নামক এক সন্মানী নিজেকে শ্রীমাধ্যেক্ত পুরী-পাদের শিষ্ট্র বলিয়া পরিচয় দিতেন, বস্তুত্য তাঁহার শুন্ধভিনিক কোন বিচার ছিল না। শ্রীল নাধ্যেন্দ্র পুরীপাদ অন্তর্গানকালে শ্রীকৃষ্ণবিরহে শ্রীকৃষ্ণনাম-সংকীর্তন করিতে করিতে প্রেমে ক্রন্দর করিতেছিলেন। ইহা দেখিয়া রামচন্দ্র পুরী শ্রীল মাধ্যেন্দ্রপ্রী-পাদকে বলিলেন,—"আপনি ব্রহ্মবিং হইয়া কেন শোক্ষমোইগ্রান্তের স্থায় এরূপ ক্রন্দন করিতেছেন?" শ্রীল মাধ্যেন্দ্র পুরীপাদ
ইহাতে বিশেষ অসন্তর্গ হইয়া রামচন্দ্রকে ভ্যাগ করিলেন।

রামচন্দ্র পুরী শ্রীনীলাচলে আসিয়া ভগবান্ শ্রীগোরস্থলরের নিলা আরম্ভ করিয়া দিলেন। "মহাপ্রভু নানা উপচারে ভূরিভোজন করেন, মিপ্তদ্রর গ্রহণ করিয়া থাকেন, স্বতরাং তিনি সন্ন্যানের বিধি পালন করেন না।"—এইরূপ নিলাবাদ করিতে লাগিলেন। একদিবস প্রাতঃকালে রামচন্দ্রপুরী শ্রীমন্মহাপ্রভুর বাসস্থানে আসিয়া দেখিলেন, কতকগুলি পিপীলিকা শ্রেণীবন্ধভাবে তথায় বিচরণ করিতেছে। ইহা দেখিয়াই মণিময় নিলরমধ্যে পিপীলিকার ছিদ্র-দর্শনের স্থায় স্বাভাবিক ছিদ্রাহুসদ্ধিংস্থ রামচন্দ্র পুরী মহাপ্রভুকে বলিতে লাগিলেন,—"রাত্রিকালে এই স্থানে নিশ্চয়ই ইক্ষুজাত গুড় ছিল, তজ্জ্যুই পিপীলিকা-সকল বিচরণ করিতেছে।

অহা! বিরক্ত সন্যাসিগণেরও কি এইরূপ ইন্দ্রিয়-লালসা!" এই কথা বলিরাই রামচন্দ্র পুরী সেই স্থান ত্যাগ করিলেন। ইহা শুনিয়া মহাপ্রভু সেই দিন হইতে তাঁহার দৈনিক আহারের পরিমাণ খুব কমাইয়া ফেলিলেন।

রামচন্দ্র পুরী বিশেষ কৃটিলস্বভাব ব্যক্তি ছিলেন। তিনি লোককে নিজেই অহুরোধ করিয়া অধিক ভোজন করাইতেন, আবার নিজেই তাহাকে 'অত্যাহারী' বলিয়া নিন্দা করিতেন। মহাভাগবত গুরুদেব শ্রীমাধবেন্দ্র পুরীপাদের উপেক্ষার ফলে রামচন্দ্র পুরীর ভগবচ্চরণে অপরাধ করিবার ছবু দি জাগিল।

> গুরু উপেক্ষা কৈলে ঐছে ফল হয়। ক্রমে ঈশ্বর-পর্যন্ত অপরাধ ঠেকয়॥

> > — হৈ: চ: জ: ৮/৯৭

রামচন্দ্র পুরী ও অমোঘের স্থায় চিত্তবৃত্তি আমাদের অনেকেরই আছে। আমরা অনেক-সময় ভগবান্ ও মহাভাগবত বৈফবকেও কাম-ক্রোধ-লোভের অধীন ক্ষুদ্র সাধকজীবের স্থায় মনে করিয়া তাঁহাদের আহার, বিহারাদির নিন্দা করিয়া থাকি। প্রীগোরস্থানর এই লীলাদারা আমাদের এই তুরু দ্বিকে শাসন করিয়াছেন।

একাশীতিতম পরিচ্ছেদ

জ্রীগোপীনাথ পট্টনায়ক

শ্রীভবানন্দ রায়ের পুত্র # ও শ্রীরায়রামানন্দের ভাতা---জ্রীগোপীনাথ পট্টনায়ক তখন উংকলাধিপতি শ্রীপ্রতাপরুদ্ধের অধীনে মেদিনীপুরের ('মালজাঠাা দণ্ডপাটে'র) ভূসম্পত্তিরক্ষক ও রাজস্ব-আদায়ের কার্যো নিযুক্ত ছিলেন। 🕮 গোপীনাথ রাজ-কোষের কিছু অর্থ নষ্ট করায় ও অক্সভাবে যুবরাছের অপ্রীতি-ভাজন হওয়ার যুবরাজ শ্রাগোপীনাথের আগদণ্ডের আদেশ করেন। শ্রীমহাপ্রভূকে গ্রুপতি শ্রীপ্রতাপকত বিশেব শ্রুদাভক্তি করেন এবং জ্রীরায়রামানকও মহাপ্রভুর বিশেষ আদরের পাত্র :--ইহা জানিয়া কতিপয় ব্যক্তি জ্রীগোপীনাথের প্রাণঃক্ষার্থ রাজাকে অমুরোধ করিবার জন্ম আমহাপ্রভূর নিকট আসিলেন। ইহাতে শ্রীমহাপ্রভু এরপ বিষয়-কথায় তাঁহার কোন প্রয়োজন নাই জানাইয়া জ্রীগোপীনাথকে তিরস্কার করিলেন। পরে আরও কতিপয় ব্যক্তি আসিয়া সবংশে গোপীনাথের বন্ধনের কথা জানাইলে মহাপ্রভু ক্রুদ্ধ হইয়া বলিলেন.— "ভোমরা কি বলিভে চাহ যে, আমি রাজার নিকটে গিয়া গোপীনাথের বংশের জন্ত অাঁচল পাতিয়া অর্থ ভিক্ষা করিব ?"

শ্রীভবানন বারের পাঁচ প্ত—(১) শ্রীরামানন রায়. (২) শ্রীরাপীনাপ পটনারক,

⁽৩) জীকলানিধি (B) **জীম্বানি**ধি ও (C) জীবাদীনাৰ।

কিছুক্ষণ পরে "গোপীনাথকে প্রাণদণ্ডের জন্ম থড়েগর উপরে পাতিত করা হইতেছে।^{*}—এইরূপ সংবাদ আসিল। মহাপ্রভুকে এই কথা জানাইলেও তিনি বলিলেন,—"আমি ভিক্ষুক ব্যক্তি, আমি কি করিব ? তোমরা এই কথা গ্রীজগন্নাথকে জানাও।"

এদিকে শ্রীহরিচন্দন মহাপাত্র মহারাজ শ্রীপ্রতাপকলের নিকট গিয়া ঞ্রীগোপীনাথের প্রাণ ভিক্ষা করিলে শ্রীপ্রভাপরুত্র বলিলেন যে, তিনি এইসকল কথা কিছুই শুনেন নাই। যাহাতে গ্রীগোপীনাথের প্রাণরক্ষা হয়, তজ্জন্য শীঘ্র ব্যবস্থা করা উচিত ইহাতে এহরিচন্দন যুবরাজকে বলিয়া জ্রীগোপীনাথের প্রাণ রক্ষা করিবার ব্যবস্থা করিলেন।

অনন্তর মহাপ্রভু রাজদণ্ড-বিষয়ক সংবাদদাতাকে জ্রীগোপী-নাথের তৎকালের অবস্থার কথা জিজ্ঞাসা করিয়া জানিতে পারিলেন যে, যখন যুবরাজের লোক শ্রীগোপীনাথকে রাজদ্বারে বাঁধিয়া লইয়া যাইতেছিল, তখন শ্রীগোপীনাথ তুই হস্তের করে সংখ্যা রাখিয়া নির্ভয়ে উচৈচঃস্বরে "হরে কৃষ্ণ হরে কৃষ্ণ" মহামন্ত্র কীর্তন করিতেছিলেন। এই কথা শুনিয়া গ্রামন্মহাপ্রভু অন্তরে সন্তই হইলেন।

শ্রীকাশীমিশ্র শ্রীমন্মহাপ্রভুর নিকট আগ্রমন করিলে মহাপ্রভু বলিলেন যে, ভিনি 'শ্রীআলালনাথে' চলিয়া যাইবেন: পুরীতে থাকিয়া আর বিষয়ীর ভাল-মন্দ-কথা শুনিতে চাহেন না।

ইহা শুনিয়া শ্রীকাশীমিশ্র মহাপ্রভুর শ্রীচরণ ধরিয়া সকাত্র নিবেদন করিলেন যে, শ্রীরামানন্দের অমুক্ত শ্রীগোপীনাথ ক^{থনই} শ্রীমহাপ্রভূর নিকট নিজের প্রাণরক্ষার নিমিন্ত শ্রীপ্রভাপরুদ্রকে অনুরোধ করিবার কোন কথা বলেন নাই। মহাপ্রভূর দারা নিজের কোনপ্রকার দেবা করাইয়া লভ্য় শ্রীগোপীনাথের উদ্দেশ্য নহে; তবে তাঁহার হিতৈষীগণ শ্রীগোপীনাথকে শ্রীমহাপ্রভূর শরণাগত ভক্ত জানিয়া ও তাঁহার নিধনের উল্যোগ দর্শন করিয়া শ্রীগোপীনাথের প্রাণরক্ষার জন্য মহাপ্রভূকে জানাইয়াছেন: শ্রীমন্মহানপ্রভূব কুপায় শ্রীগোপীনাথ শুদ্ধভক্তের স্বভাব শ্রহণ করিয়াছেন,—

সেই 'গুদ্ধ ভক্ত, যে তোমা ভঙ্গে তোমা লাগি'। আপনার স্থখ-হৃথে নহে ভোগ-ভাগী। তোমার অনুকম্পা চাহে, ভঞ্জে অনুক্ষন। অচিরাৎ মিলে তাঁ'রে তোমার চরণ।

—हें हः वः अ११८-१७

শ্রীকাশামিশ্র শ্রীমন্মহাপ্রভুর নিকট নিবেদন করিলেন যে, কেহই তাঁহাকে কথনও কোন বিষয়ীর কথা শুনাইবেন না। তিনি কুপাপূর্বক পুরাতেই অবস্থান করুন।

এদিকে কাশী মিশ্রের সহিত প্রাপ্ততাপরুদ্রের দাক্ষাংকার হইলে মিশ্র প্রীপ্রতাপরুদ্রের নিকট প্রীমন্মহাপ্রভুর পূরী পরিত্যাগ করিয়া 'আলালনাথে যাইবার সঙ্কর জ্ঞাপন করিলেন। ইহা শুনিয়া প্রীপ্রতাপরুদ্র বড়ই ব্যথিত হইয়া মিশ্রকে অনুরোধ করিলেন, যাহাতে প্রীমহাপ্রভু কোনরূপে পূরী ত্যাগ না করেন, তক্ষ্ণে সর্বতোভাবে প্রযন্ত করিতে হইবে। শ্রীমহাপ্রভূ বাতীত রাজ্য, ঐশ্বর্যা কিছুরই মূল্য নাই।

মহারাজ শ্রীপ্রতাপরুদ্র শ্রীকাশীমিশ্রকে শ্রীমন্মহাপ্রভুর নিকট ঞ্জীভবানন্দরায়ের গোষ্ঠীর প্রতি তাঁহার (রাজার) স্বাভাবিক-প্রীতির কথাও জ্ঞাপনের জন্ম অনুরোধ করিলেন। এদিকে যুবরাজ খ্রীগোপীনাথকে ডাকাইয়া তাঁহাকে সমস্ত দায় হইতে অব্যাহতি দিলেন এবং তাঁহার প্রতি যথেষ্ট অনুগ্রহ প্রকাশ শ্রীমন্মহাপ্রভূ শ্রীপ্রভাপরুদ্রের দৈন্য ও ওদার্যের কথা শ্রবণ করিয়া বিশেষ আনন্দিত হইলেন। শ্রীল ভবানন্দ রায় পঞ্চ পুত্রের সহিত মহাপ্রভুর ঞ্রীপাদপলে প্রণত হইয়া বলিলেন,— "জাগতিক মহাবিপৎ হইতে রক্ষা পাওয়াই শ্রীগোরস্করের কুপার মুখ্যফল নহে, ভাঁহার জ্রীপাদগদ্যে প্রীভিই ভাঁহার অকপট-কুপার ফল। শ্রীরামানন্দরায় ও শ্রীবাণীনাথ মহাপ্রভুর সেইরূপ শুদ্ধকুপা লাভ করিয়া ধন্তাতিধন্ত ইইয়াছেন। জ্রীমন্মহাপ্রভুর এরপ কুপা আমি করে লাভ করিতে পারিব ?"

কিন্তু তোমার স্মরণের নহে এই 'মৃথাফল'।
'ফলাভাদ' এই, যা'তে 'বিষয়' চঞ্চল।
রামরায়ে, বাণীনাথে কৈলা নির্বিষয়'।
দেই কুপা আমাতে নাহি, যা'তে এছে হয়।
ভদ্ধকুপা কর', গোদাঞি, যুদাহ 'বিষয়'।
নির্বিধ হইছ, মোতে 'বিষয়' না হয়।

-- देहः हः वः आऽव-१७३

দ্বাশীতিতম পরিচ্ছেদ

'শ্ৰীরাঘবের কালি'

গৌড়ীয় ভক্তগণ রথযাত্রা-উপলক্ষ্যে মহাপ্রভৃকে দর্শন করিবার জক্ত পুনরায় পুরীতে যাত্রা করিলেন। 'পানিহাটী'র শ্রীনদ্ রাঘব পণ্ডিত তাঁহার ভগ্নী শ্রীদময়ন্তীর নিমিত নানাপ্রকার প্রভৃপ্রিয় খান্ত পেটরা বা ঝুড়িঙে ভরিয়া শ্রীমহাপ্রভুর সেবার জক্ত পুরীতে লইয়া আসিলেন। ইহাই 'রাঘবের ঝালি' নামে প্রসিদ্ধ।

বৈষ্ণবগৃহিণী ও মহিলাগণ দূর হইতে এইরূপ ভাবে মহাপ্রভুর সেবা করিতেন। ভাঁহারা প্রত্যেক বংসর রথবাত্রার পূর্বে পুরীতে আসিয়া শ্রীমন্মহাপ্রভুর বাণী শ্রহণ করিয়া যাইতেন এবং সম্বংসর গৃহে অবস্থান করিয়া সর্বক্ষণ গ্রীমহাপ্রভুর সুখানুস্কান-স্বৃতিতে বিভাবিত থাকিয়া মহাপ্রভুর প্রিয় ভোজ্য-সামগ্রী-সমূহ সংগ্রহ ও প্রস্তুত করিতেন। অতএব গৃহে অবস্থান করিলেও ভাঁহাদের গৃহ গোলোকের স্মৃতিতে উদ্থাসিত থাকিত। তাঁহাদের সংসার —শ্রীকৃঞ্জেরই সংসার। দেহ-সম্পর্কীয় পতি, পুত্র বা পরিবার-পরিজনের সুখ-স্বাচ্চন্দা-বিধান, আহারের সংস্থান, তাহাদের বিলাসোপকরণ-সংগ্রহ, ব'হমু'খ-সামাজিকতা ও লৌকিকতা পালন করিয়া যাঁচারা মায়ার সংসার করেন: ভাঁহাদের সংসার হইতে বৈষ্ণবগৃহস্ত ও বৈষ্ণবের সংধনিণীগণের সংসার যে সম্পূর্ণ পৃথক, তাহা আমরা গৌড়ীয় ভক্তগণের আদর্শে দেখিতে পাই। বৈঞ্চব-গৃহস্থগণ মহাপ্রভুর সেবার জ্ঞা গৃহে বাস করিতেন এবং চা চকের স্থায় উৎকণ্ঠিত থাকিতেন,—কবে নীলাচলে গমন করিয়া সাক্ষাৎ-ভাবে জ্রীগৌরস্থনরের স্থ বিধান করিবৈন, জাঁহার উপদেশামূত পান করিতে পারিবেন।


জ্রীদময়স্থীদেবী মহাপ্রভুর সেবায় কিরূপ বাৎসলারসে আরিষ্ট হইয়া বিচিত্রভাপূর্ণ ঝাঙ্গি সাজাইতেন, ভাষার বিস্তৃত বিবরণ 'শ্রীচৈতক্সচরিতামৃত'-গ্রন্থের অন্তালীলার দশম পরিচ্ছেদে পাওয়া যায়। আদ্র-কাশন্দি, আদা-ঝাল-কাশন্দি, নেম্ব-আদা, আদ্রকলি, আম্সি, আমুখণ্ড, ভৈলাম, আমসন্তা, পুরাণ সুখ্তা, ধনিয়া-মৌহরীর তণ্ডুলদ্বারা চিনির পাক-করা নাড়ু, শুন্তিখণ্ড, কোলিশুন্তি, কোলিচূর্ণ, কোলিখণ্ড, শত-প্রকার আচার, নারিকেল-খণ্ড, গঙ্গা-জলী নাড়ু, চিরস্থায়ী খণ্ডবিকার, চিরস্থায়ী ক্ষীরসার, মণ্ডাদি-বিকার, বিবিধপ্রকার অমৃত-কর্পূর, শালি-ধাস্তের আতপ-চিড়া, ঘৃতভব্জিত হুড়ুম, শালিধান্তের তণ্ডুল-ভাজা-চূর্ণদারা চিনির পাক-করা নাড়ু-প্রভৃতি শতশত ভোজা-দ্রব্য শ্রীরাঘবের নির্দেশারুসারে জ্ঞীদময়ন্তীদেবী পরম স্নেহ-ভক্তির সহিত প্রস্তুত করিয়াছিলেন। গঙ্গামৃত্তিকার পর্পটি ও অপর মৃৎপাত্তে চন্দ্দনাদি পরিপূর্ণ করিয়া জ্ঞীরাঘব পরম যত্নের সহিত ঝালি সাজাইলেন এবং ঝালির মুক এই ঝালির বন্ধ করিয়া উহার উপর মোহর প্রদান করিলেন। 'মুন্সিব' অর্থাৎ পরিদর্শক ও পরিচালক হইলেন—পানিহাটী গ্রামবাসী শ্রীরাঘব পণ্ডিতের অনুগত শ্রীগৌরসেবাগত-প্রাণ 'শ্রীমকরব্বজ কর'। তিনি স্যত্তে ঝালি-রক্ষক হইয়া গৌড়ী^র বৈষ্ণবগণের সহিত মহাতি-সহকারে নালাচলের পথে চলিতেন দ

ত্রাশীতিতম পরিচ্ছেদ

'শ্রীনরেন্দ্র-সরোবরে শ্রীচন্দন-যাত্রা'

পূর্বকালে 'প্রীইজ্রহায়'-নামক এক মহাসদ্গুণ-বিভূষিত বৈষ্ণব
ভূ-পতি ছিলেন। 'মালব'দেশের অন্তর্গত 'অবন্তীপুরী' তাহার
রাজধানী ছিল। ইনি প্রীক্তরাধদেবের পরম ভক্ত ও সেবক
ছিলেন। মহারাজ প্রীইজ্রহায়কে প্রীক্তগরাধদেব বৈশাখ-মাসের
জ্বপক্ষীয়া অক্ষয়তৃতীয়া-তিথিতে সুগন্ধ-চন্দনের হারা তাহার
প্রীক্ষেপ্ত লেপন করিবার আদেশ করেন। জগতের লোক নিজের
ভোগের জন্ম কুর্ব-শৃগালের ভক্ষ্য দেহে নানাপ্রকার সুগন্ধি দ্রব্য
ও প্রসাধন-সামগ্রী বাবহার করিয়া থাকে। তদ্মারা এই নশ্বর
দেহেতে আদক্তি ও দেহারামতাই বিধিত হয়: এজন্ম ভগবেভক্তগণ ঐসকল দ্রব্য ভগবানের সেবায় নিয়োগ করিয়া অনায়াসে
দেহাসক্তি ছেদন ও শ্রীভগবানে প্রীতি লাভ করিবার বাবস্থা
করিয়াছেন।

মহারাজ শ্রীইন্দ্র্লায়ের প্রতি শ্রীজগন্নাথদেরে এই আজ্ঞা অনুসরণ করিয়া এখনও 'অক্ষয়-তৃতীয়া' হইতে আরম্ভ করিয়া জ্যৈত্ব-মাসের শুক্রা অন্তমী-ভিধি পথান্ত প্রত্যাহ শ্রীজগন্নথদেরের বিজয়-বিগ্রহ-স্বরূপ শ্রীমদনমোহনকে শ্রীমন্দির হইতে বিমানে আরোহণ করাইয়া 'শ্রীনরেন্দ্র-সরোবরে'র তীরে আনহন করা হয়। শ্রীমদনমোহন-দেব স্বীয় মন্ত্রী শ্রীলোকনাথ মহাদেবাদির সহিত সরোবরে নৌকাবিলাস করেন। গ্রীমদনমোহনদেবের 'গ্রীচন্দন-যাত্রা' অনুষ্ঠিত হয় বলিয়া গ্রীনরেন্দ্র-সরোবর 'চন্দনপুকুর'-নামেও কথিত হয়।



শীংশ্রহাদ-দর্যাবর পুরী; এইলানে শীনমহাপ্রমূল ভরণদার জনকেনি করিবেন।
নাড়ীয় ভক্তনণ 'চন্দনযাত্রা'র দিনই শ্রীনীলাচলে আসিয়া
পৌছিলেন। শ্রীনোরস্থলর পূর্বেই শ্রীঅদ্বৈত, শ্রীনিত্যানন্দ-প্রমূথ
গৌড়ীয় ভক্তনণের নীলাচলাভিমূথে আগমনের সংবাদপ্রাপ্ত হইয়া
ভাঁহাদিগকে অভ্যর্থনা করিবার জন্ম 'কটক' পর্যান্ত শ্রীমহাপ্রসাদ
পাঠাইয়া দিলেন এবং স্বয়ং 'আঠারনালা' পর্যান্ত অগ্রসর হইয়া
গৌড়ায় ভক্তনণকে অভ্যর্থনা করিলেন। শ্রীঅদ্বৈতাদি গৌড়ীয়গোড়ী ও শ্রীগৌরস্থলর-প্রমূথ নীলাচল-গোষ্ঠীর পরস্পার মিলনে
মহানন্দ-সাগর উচ্চলিত হইলে। নৃত্য-গীত-সংকীর্ভনের সহিত
গৌড়ীয়-বৈফবরণ মহাপ্রভুকে অগ্রণী করিয়া 'নরেন্দ্র-সরোবরে'র
ভীরে আসিয়া উপস্থিত হইলেন।



জীনরেন্দ্র-সরোবর বা চন্দনপুত্র; চন্দন-যাত্রাকালে এই সত্যোবরে শ্রীমদনযোধনের নৌকাবিলাস হয়। শ্রীমন্মহাপ্রস্থ এইস্থানে ভক্তগণসহ জলকেলি করিয়াছিলেন।

তখন নরেন্দ্র-সরোবরে জ্রীমদনমোহনের নৌকাবিলাস হইতেছিল, দেই সময় গ্রীমন্মহাপ্রভুও সরোবরের মধ্যে ভক্তগণের সহিত জলকেলি করিতে লাগিলেন। চতুদিকে নানাপ্রকার বাছের ধ্বনি ও সংকীর্তনের মহাকোলাহল উপস্থিত হইল।

গৌড়দেশীয় ও উৎকলবাসী ভক্তগণ একযোগে সংকীর্তন করিতে লাগিলেন। জলকেলির পর গ্রীমন্মহাপ্রভু ভক্তগণকে লইয়া শ্রীজগন্নাথের মন্দিরে গ্রীজগন্নাথদেবকে দর্শন করিতে গেলেন। গৌড়ীয় ভক্তগণ শ্রীমন্মহাপ্রভুর নিকট অবস্থান করিয়া সর্বক্ষণ তাঁহার কথামৃত পান করিতে লাগিলেন।

চতুরশীতিতম পরিচ্ছেদ

সংকীর্তন-রাস-নৃত্য

গ্রীমনাহাপ্রভুকে সংকীর্তনের 'পিতা' বা 'প্রবর্ত্তক' বলা হয়। বহুলোক মিলিত হইয়া যে একুঞ্চ-কীর্তন, তাহাকেই 'সংকীর্তন' বলে। বহুলোকের মধ্যে শ্রীভগবানের মহিমা প্রচার ও শ্রীভগবদ্-ভন্ধনের এইরূপ সহজ্ব-পথ আর আবিক্ষ্ত হয় নাই। সংকীর্তনের মধ্যে 'বেড়াসংকীর্তন' বৈষ্ণবসম্প্রদায়ে একটা বিশিষ্ট স্থান অধিকার করিয়াছে। ইহাকে 'সংকীর্তন-রাস-নৃত্য' নামে অভিহিত করা যাইতে পারে। শ্রীমন্দির বা কোনস্থান বেইন করিয়া নৃত্য-সংকীর্তনকেই 'বেড়াসংকীর্তন' বলে।

গ্রীগোরহরি নীলাচলে সাতটা সংকীর্তন-সম্প্রদায় রচনা করিয়া একদিন 'বেড়াসংকীর্ত্তন-নৃত্য আরম্ভ করিলেন! এক-এক সম্প্রদায়ে এক-এক জন নৃত্যকারী নিধারিত হইল। শ্রীঅদৈতাচার্য্য, শ্রীনিত্যানন্দ, পণ্ডিত শ্রীবক্রেশ্বর, শ্রীঅচ্যতানন্দ, পণ্ডিত এ প্রীত্রাবাস, কুলীনগ্রামের স্রীসভারাজ খান্ ও প্রীখণ্ডের 🛍 নরহরি সরকার ঠাকুর—এই সাওজন সাওটী বিভিন্ন সম্প্রদায়ে নৃত্য করিলেন। মহাপ্রভূ এই সাত সম্প্রদায়ের মধ্যেই ভ্রমণ করিতে লাগিলেন। কিন্তু কি আশ্চর্য! প্রত্যেক সম্প্রদায়ই মনে করিলেন যে, একমাত্র তাঁহাদের গোষ্ঠীর মধ্যেই গ্রীমহাপ্রভু উপস্থিত আছেন। সমস্ত উৎকলবাসী এইরূপ অদূত সংকীর্ত্তম-রাস-নৃত্য দর্শন করিয়া বিশ্বিত হইলেন। স্বয়ং মহারাজ জ্রীপ্রতাপরুজ পরিজনসহ এই সংকীর্ত্তন-নৃত্য দর্শন করিছে লাগিলেন। সংকীর্ত্তন করিতে করিতে মহাপ্রভুর অষ্ট্রসাধিক বিকার প্রকাশিত হইতে থাকিল: ক্লণে-ক্ষণে জীমহাপ্রভুর প্রেমানন্দ-সাগর বৃদ্ধি পাইদে লাগিল জ্রীনিন্যানন্দপ্রভূ জীমহাপ্রভুকে ক্রমশঃ বাহুদশায় আনিবার জন্ম ক্রমে মন্দম্বরে কীর্ত্তন আরম্ভ করিলেন। মহাপ্রভু ক্রমে-ক্রমে বাহাদশা লাভ করিয়া ভক্তগণের সহিত সমূদ্র-স্নান করিতে গেলেন এবং তৎপরে ভক্তগণকে লইয়া মহাপ্রসাদ সংযান করিলেন।

পঞ্চাশীতিতম পরিচ্ছেদ

'সেবা সে নিয়ম'

একদিন শ্রীমনাহাপ্রভু প্রসাদ-দেবনের পর 'গন্তীরা'র # ছারে আহিয়া শয়ন করিয়া রহিলেন। সেবক জ্রীগোবিন্দের একটা প্রাত্যহিক নিয়ম ছিল যে, যেই সময় আমন্মহাপ্রভু প্রসাদ সম্মান করিয়া বিশ্রাম করিতেন, শ্রীগোবিন্দ সেই সময় মহাপ্রভুর পাদ-সম্বাহন-সেবা করিতেন এবং মহাপ্রভু নিজিত হইলে গোবিন্দ মহাপ্রভুর অবশেষ-** গ্রহণার্থ গমন করিতেন। সেইদিন মহাপ্রভু অত্যন্ত আন্ত হওয়ায় গন্তীরার সমস্ত দার ব্যাপিয়া শয়ন করিয়াছিলেন। স্বতরাং শ্রীগোবিন্দ ভিতরে প্রবেশ করিয়া প্রভুর পাদসেবন করিতে না পারায় প্রভুকে কিঞ্চিৎ পার্থ-পরিবর্ত্তন-পূর্বক গমনের স্থান প্রদান করিবার জন্ম প্রার্থনা জানাইলেন। মহাপ্রভু বলিলেন,—"আমি সরিতে পারিব না। তোমার যাহা ইচ্ছা কর ." তখন গোবিন্দ অগত্যা নিজের বহিবাসদারা মহাপ্রভুর শ্রীষক্ষ আচ্চাদন করিয়া মহাপ্রভুকে উন্নজ্জন করিয়াই ভিডরে প্রবেশ করিলেন এবং তাঁহার ঐপাদ-সম্বাহন-দেবা করিতে লাগিলেন। নিজাভঙ্গের পরে মহাপ্রভু গোবিন্দকে গৃহের অভ্যস্তরে দেখিয়া অত্যস্ত ভর্ণসনা করিলেন এবং এতক্ষণ অনাহারে তথায় বসিয়া থাকিবার কারণ জিজ্ঞাসা

[ি] চাতলি ৰাৰাগ্ৰনার প্র দালান, উহার ভিত্তবের কুছ গৃহকে 'গভীরা' কচে।


^{🕶 🖺} মহাপ্রভুর ভুক্তাবশিষ্ট প্রসাদ।

করিলেন। গোবিন্দ বলিলেন,—"আপনি দারে শয়ন করিয়া রহিয়াছেন, আমি কি করিয়া যাই ?" মহাপ্রভু বলিলেন,— "তুমি ঘেইভাবে ভিতরে আসিয়াছিলে, সেই ভাবেই বাহিরে গেলে না কেন ?"

শ্রীগোবিন্দ নিরুত্তর হইয়া মনে-মনে বিচার করিতে লাগিলেন,—

* শ আমার সেবা সে নিয়ম ।
 অপরাধ হউক, কিংবা নরকে গমন ।
 সেবা লাগি' কোটি 'অপরাধ' নাহি গণি।
 অ-নিমিত্ত 'অপরাধাভাসে' ভয় মানি ॥

— তে: তা বাং ১৭(৪৫-১৯)



পুৰীতে ঐকাশীদিশ্ৰের গৃহ-নামে প্রিচিত 'বস্তীরা' গৃহের দার

"সেবাই আমার মূল লক্ষ্য, সেবা করিতে গিয়া যদি আমার নরকে গমন হয়, ভাহাতেও আপত্তি নাই, কিন্তু আমার নিজের স্থাথর হেতৃ ভোজন করিবার জক্ম আমি অপরাধের আভাসনাত্রকেও ভয় করি। মহাপ্রভুর সেবার প্রয়োজনেই মহাপ্রভুকে উল্লেখন করিয়া ভিতরে প্রবেশ করিয়াছিলাম, এখন নিজের প্রয়োজনে কিছুতেই তাহা আর করিতে পারি না।"

পাঠক! শ্রীগোবিন্দের এই সেবার আদর্শে শুদ্ধভক্তির
রহস্য-বিজ্ঞান পরিক্ষৃট হইয়াছে। ভগবন্তক্ত কথনও নিজের
মুখ, শান্তি বা তৃপ্তির জন্ম সেবার ছলনা করেন না। যাহাতে
কোনপ্রকার আত্মেন্দ্রিয়ন্তখ-বাঞ্ছা, ভুক্তি-মুক্তি-কামনা লুক্তায়িত
থাকে, উহার বাফ আকার সেবার ছায় দৃষ্ট হইলেও, উহা
সেবা নহে, উহা সেবার নামে 'ভোগ' অথবা ভক্তির নামে
'ভুক্তি'।

ষড়শীতিত্য পরিচ্ছেদ

শ্রীচৈতগুদাসের নিমন্ত্রণ

শ্রীশিবানন্দ সেন তাঁহার জ্যৈষ্ঠ পুত্রকে সঙ্গে লইয়া একদিন মহাপ্রভুকে দর্শন করিতে আসিলেন। শ্রীকৃষ্ণচৈতক্ম শ্রীশিবানন্দের পুত্রের নাম জিজ্ঞাসা করিলে শ্রীশিবানন্দ জানাইলেন, বালকের নাম—'শ্রীচৈতক্মদাস'। শ্রীকৃষ্ণচৈতক্মদেব নিজের দাক্মস্টক নাম- শ্রুবণে আত্মগোপন করিবার ছলে শ্রীশিবানন্দকে বলিলেন,— "তুমি এ কি নাম রাখিয়াছ ় ইহা কিছুই বোঝা যায় না."

শ্রীশিবাদন বলিলেন,—"শ্রীকৃষ্ণ আমার চিন্তে যাহা কৃতি করাইয়াছেন, দেই নামই রাখিয়াছি।" ইহার পর উলে শিবাদনদ শ্রীমন্মহাপ্রভুকে ভিকা করাইবার জন্ম নিমন্ত্রণ করিলেন এবং শ্রীজগন্নাথের বহুমূল্য মহাপ্রসাদ আনাইয়া ভক্তগণের সহিত মহাপ্রভুকে ভিকা করাইলেন। জীশিবাদনের প্রতি গৌরববৃদ্ধিবশতঃ শ্রীমন্মহাপ্রভু প্রসাদ সন্মান করিলেন সত্য, কিন্তু ঐপ্রকার অতি গুকুজব্য-ভোজনে মহাপ্রভুর চিত্ত প্রসন্ধ হইল না!

শ্রীমন্মহাপ্রভুর অভিপ্রায় বৃঝিয়া আর একদিন ঐটেচজ্ঞাদাস
মহাপ্রভুকে অগ্নিমান্দ্য-নাশক দ্ধি, লেবু, আদা প্রভৃতি দ্রব্যের
দ্বারা সেবা করিলেন। এই সকল দ্রব্য দেখিয়া ঐমহাপ্রভু
বিশেষ আনন্দিত হইলেন এবং বলিলেন.—"এই বলেক আমার
অভিমত জানে। আমি ইহার নিমন্ত্রণ সন্তুই হইয়েছি " ইহা
বলিয়া শ্রীমহাপ্রভু দ্ধি-অন্ন ভোজন করিলেন এবং শ্রীচৈত্ত্যদাসকে নিজের উজ্জিই প্রদান করিলেন। পরব্ভিকালে
শ্রীচৈত্ত্যদাস অপ্রাকৃত কবি বলিয়া বিখ্যাত হন।

সপ্তাশীতিতম পরিক্রেদ ঠাকুর হরিদাসের নির্যাণ

শ্রীনামাচার্য শ্রীল ঠাকুর হরিদাস শ্রীগোরস্থনরের বাস-স্থানের নিকটে নির্জন পুপোড়ানে * বাস করিয়া নিরস্তর সংখ্যা রাখিয়া হরিনাম গ্রহণ করিতেন। একদিন শ্রীগোবিন্দ শ্রীহরিদাস ঠাকুরের নিকট শ্রীমহাপ্রসাদ লইয়া গিয়া দেখিলেন, ঠাকুর শয়ন করিয়া রহিয়াছেন এবং অতি ধীরে-ধীরে সংখ্যানাম সংকার্ত্তন করিতেছেন। শ্রীহরিদাস শ্রীমহাপ্রসাদের একটী কণামাত্র সন্মান করিলেন। আর একদিন শ্রীমনহাপ্রভু স্বয়ং আসিয়া শ্রীহরিদাসের কুশল জিজ্ঞাসা করিলেন। শ্রীহরিদাস বলিলেন,—

"শরীর স্বস্থ হয় মোর, অস্বস্থ বৃদ্ধি মন।"

—टेंड: **इ: ख:** ३३।३२

শ্রীমন্মহাপ্রভু বলিলেন,—"হরিদাস, ভোমার কি ব্যাধি
হইয়াছে ?" হরিদাস উত্তর করিলেন,—আমার সংখ্যা-নামকীর্ত্তন পূর্ণ হইতেছে না, ইহাই আমার ব্যাধি।" মহাপ্রভু
বলিলেন,—"ভোমার সিদ্ধদেহ, সুতরাং এরূপ সাধনাভিনয়ে
আগ্রহের কি প্রয়েজন ?"

হরিদাস মহাপ্রভুর নিকট অনেক দৈন্য করিলেন এবং তাঁহার একটা বিশেষ প্রার্থনা জানাইয়া বলিলেন যে, তাঁহার হৃদয়ের একাস্ত অভিলাষ তিনি মহাপ্রভুর শ্রীচরণযুগল হৃদয়ে ধারণ ও তাঁহার চন্দ্রবদন তুই নয়নে দর্শন করিয়া মুখে শ্রীকৃঞ্চৈত্ত্ব

अञ्चान 'मिछ-वक्ल'-नात्म अमिषि लाभ कतिवाद्य।



নাম উচ্চারণ করিতে করিতে অন্তর্হিত হন। কারণ, তিনি শ্রীমন্মহাপ্রভুর অপ্রকটলীলার পর আর পৃথিবীতে থাকিতে পারিবেন না।

মহাপ্রভু সেইদিন চলিয়া গেলেন এবং পরদিন প্রাতে শ্রীজগ-নাথ দর্শন করিবার পর ভক্তগণকে লইয়া পুনরায় শ্রীহরিদাসের নিকট আগমন করিলেন। ঐহিরিদাসের কুটীরের সম্মুখে মহা-সংকীর্তন আরম্ভ হইল—সকলে শ্রীহ রিদাসকে বেষ্টন করিয়া শ্রীনাম সংকীর্তন করিতে লাগিলেন। শ্রীমন্মহাপ্রভু তখন সকল বৈষ্ণবের নিকট শ্রীহরিদাসের গুণ বর্ণনা করিতে লাগিলেন। সমবেত বৈষ্ণবৰ্গণ শ্রীহরিদাসের চরণে প্রণত হইলেন। শ্রীল হরিদাস সম্মুথে মহাপ্রভুকে বসাইয়া প্রভুর গ্রীমুখচন্দ্র দর্শন করিতে লাগিলেন, মহাপ্রভুর চরণযুগল লইয়া নিজের হৃদয়ে স্থাপন করিলেন, সমস্ত ভক্তের পদরেণু মস্তকে ধারণ করিলেন এবং পুনঃ পুনঃ মুথে 'শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু,—এই নাম উচ্চারণ করিতে লাগিলেন। 'প্রীকৃষ্ণচৈতন্ত্র' নাম-উচ্চারণের সঙ্গে-সঙ্গে ভীব্মের নির্যাণের স্থায় ঠাকুর শ্রীহরিদাসের 'মহাপ্রয়াণ' হইল। সকলে 'হরি', 'কৃষ্ণ' শব্দ উচ্চারণ করিয়া মহাসংকীর্তন করিতে लांशिलन । श्रीमनाश्येषु त्थमानत्न वजीव विख्रल रहेतन ।

শ্রীমন্মহাপ্রভু শ্রীহরিদাস ঠাকুরকে বিমানে আরোহণ করাইয়া ভক্তগণের সহিত নৃত্য করিতে করিতে সমুদ্রভীরে লইয়া গেলেন। শ্রীহরিদাসের চিদানন্দ-দেহকে সমুদ্রজ্ঞলে স্থান করাইয়া মহাপ্রভু বলিলেন, "অত্য হইতে সমুদ্র মহাতীর্থ হইল।" মহা-



শ্রীনীল হবিদাস ঠাকুরের সমাধি। পুরী)

প্রভুর ভক্তগণ শ্রীহরিদাদের পদধোত জল পান করিলেন, শ্রীহরিদাদের অঙ্গে প্রসাদী চন্দন লেপন করিলেন এবং বস্ত্রাদির দ্বারা আছাদন করিয়া ঐ-দেহ বালুকার গর্তে শয়ন করাইলেন। মহাপ্রভু স্বয়ং 'হরি বল', 'হরি বল', বলিতে বলিতে নিজ-হস্তে শ্রীহরিদাদ ঠাকুরকে সমাধিস্থ করিলেন এবং তাঁহার উপরে বালি দিয়া তহুপরি সমাধিপীঠ নির্মাণ করাইয়া দিলেন। অকুক্ষণ ভক্তগণের সংকীর্তন ও নৃত্য হইতে লাগিল। শ্রীমন্মহাপ্রভু 'ঠাকুর শ্রীহরিদাদের সমাধিপীঠ' প্রদক্ষিণ করিলেন এবং হরি-সংকীর্তন করিতে করিতে সিংহদ্বারে আদিলেন। "হরিদাস ঠাকুরের মহোৎস্বের জন্ম আমাকে মহাপ্রসাদ ভিক্ষা দাও।"—এই বলিয়া মহাপ্রভু পসারিগণের নিকট হইতে স্বয়ং আঁচল পাতিয়া শ্রীমহাপ্রসাদ ভিক্ষা করিলেন।

প্রচ্ব মহাপ্রসাদ সংগৃহীত হইল; ঠাকুর হরিদাসের বিরহমহোৎসবে মহাপ্রভু স্বয়ং নিজ-হস্তে সকলকে প্রচ্র পরিমাণে
প্রসাদ পরিবেশন করিলেন; পরে পুরী, ভারতী-প্রভৃতি সন্ন্যাসিগণের সহিত নিজের প্রসাদ সম্মান করিলেন। ভক্তগণ আকণ্ঠ
প্রিয়া প্রসাদ ভোজন করিয়া হরিকীত ন করিতে লাগিলেন।
মহাপ্রভু ঠাকুর শ্রীহরিদাসের বিরহে পুনঃ পুনঃ বিলাপ করিয়া
বলিতে লাগিলেন,—

কুপা করি' কৃষ্ণ মোরে দিয়াছিলা সঙ্গ। স্বতন্ত্র ক্লফের ইচ্ছা,—কৈলা সঙ্গ-ভঙ্গ॥

—हेन्द्र हः व्यः ३३१३३

অপ্তাশীতিতম পরিচ্ছেদ

এপুরীদাস ও পরমেশ্বর মোদক

প্রতিবর্ষের ন্যায় এবর্ষেও গৌড়ীয়ভক্তগণ শ্রীক্ষেত্রে আগমন করিলেন। শ্রীশিবানন্দ সেনের তিন পুত্রও তাঁহার সঙ্গে আসিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভুর আজারুসারে শ্রীশিবানন্দ কর্নিষ্ঠ পুত্রের নাম 'শ্রীপরমানন্দ-পুরীদান' রাথিয়াছিলেন। যথন শ্রীশিবানন্দ বালক পরমানন্দকে মহাপ্রভুর নিকট উপস্থিত করিলেন, তথন শ্রীমন্মহাপ্রভু বালকের মুখে নিজের পদার্ম্ব্রু প্রদান করিলেন। বালক সেই অমুষ্ঠ চ্ষিতে লাগিল। এই পরমানন্দ-দাসই 'শ্রীক্তিন্যুচন্দ্রোদয়-নাটক' ও 'শ্রীগোরগণোদ্দেশ-দীপিকা'র প্রসিদ্ধ রচিত্র্যাচন্দ্রোন্দর্যাকর গোস্বামী'। ইহার রচিত আনন্দর্যভাবন-চম্প্, 'অলঙ্কার-কোস্তভ'-প্রভৃতি গ্রন্থও গৌড়ী-বৈষ্ণব-সাহিত্য ভাণ্ডারের মহামণি-স্বরূপ।

শ্রীধাম-নবদ্বীপে বাল্যলীলাকালে শ্রীগোরসুন্দর শ্রীমায়াপুরের পরমেশ্বর মোদক'-নামক শ্রুকজন মোদকের (ময়রার) গৃহে ছ্ম্ব-খণ্ডাদি মিষ্টান্নের জন্ম প্রায়ই গমন করিতেন। সেই ভাগ্যবান মোদক তাঁহার পত্নীর সহিত পুরীতে আসিয়া মহাপ্রভুর শ্রীচরণ দর্শন করিলেন। মোদক মহাপ্রভুর বাল্যলীলা স্মরণ করিয়া মহা প্রভুকে বলিলেন,—"আমার সঙ্গে মৃকুন্দের মাতাও (নিজ্পত্নীও) আসিয়াছে।" সন্ন্যাসীর আদর্শ-প্রদর্শনকারী লোকশিক্ষক মহা- প্রভু মুক্নের মাতার নাম গুনিয়া কিছু সমুচিত হইলেন, কিন্ত সরল গ্রাম্যস্বভাব মোদককে কিছু বলিলেন না; কিন্ত অন্তরে সুখী হইলেন।

0.750

উননবভিত্তম পরিচ্ছেদ

পণ্ডিত জ্রীজগদানন্দ

পণ্ডিত প্রীজগদানন্দ প্রীশিবানন্দ সেনের গৃহ হইতে এক কলসী স্থগন্ধি চন্দনাদি-তৈল বহু যত্নের সহিত আনয়ন করিয়া সহাপ্রভুর ব্যবহারের জন্ম প্রীগোবিন্দের হস্তে প্রদান করিলেন। লোকশিক্ষক প্রীমন্মহাপ্রভু সন্ন্যাসীর আচরণ শিক্ষা দিবার জন্ম প্রীগোবিন্দকে বলিলেন,—"একে ত' সন্ন্যাসীর কোনও তৈলেই অধিকার নাই, তাহাতে আবার স্থগন্ধি তৈল। এই তৈল প্রীজগ্রাথের সেবায় দাও, উহাতে তাঁহার প্রদীপ জ্লিবে, তোমাদের পরিশ্রম সফল হইবে।"

দশদিন পরে আবার গোবিন্দ বহাপ্রভুকে প্রীজগদানন্দের অহুরোধ জানাইলে মহাপ্রভু ক্রোধ-প্রকাশপূর্বক বলিলেন, "ধখন জগদানন্দ তৈল দিয়াছে, তখন একজন মর্দনিয়াও দরকার। এই স্থখের জন্মই ত' সন্ন্যাস করিয়াছি! আমার সর্বনাশ, আর তোমাদের পরিহাস! পথে চলিবার কালে যখন লোকে তৈলের গন্ধ পাইবে, তখন আমাকে 'দারিসন্যাসী' বলিয়া স্থির করিবে।"

পণ্ডিত প্রাজগদানন্দ প্রাগোবিন্দের মুখে প্রানমহাপ্রভুর এইসকল কথা গুনিয়া প্রনরাভিমান-রোষে প্রীনহাপ্রভুর সম্মুখেই
তৈল-ভাগুটী ভাঙ্গিয়া ফেলিলেন এবং নিজ-গৃহের দার রুদ্ধ
করিয়া অনাহারে শয়ন করিয়া রহিলেন। ভক্তপ্রেমবন্দ মহাপ্রভু
ভক্তের মানভঙ্গ করিবার জন্ম তৃতীয় দিবলে প্রীজগদানন্দের গৃহে
গোলেন এবং স্বয়ং উপযাচক হইয়া পণ্ডিতের দারা রন্ধন করাইয়া
ভিক্ষা গ্রহণ করিলেন এবং পণ্ডিতকে প্রসাদ সেবন করাইলেন।

এই লীলাদ্বারা মহাপ্রভু জানাইলেন যে, দর্বোংকৃষ্ট উপকরণের
দ্বারা একমাত্র পরমেশ্বরেরই স্বারদিকী দেবা
করিতে হইবে।

নাধক নিজের ইন্দ্রিয় সুখ ত্যাগ করিয়া আদর্শ জীবন যাপনপূর্বক হরিদেবা করিবেন। তিনি কখনও ভোগের বা মহাভাগবতের চেষ্টার অনুকরণ করিবেন না।

কৃষ্ণ-বিরহানলে মহাপ্রভুর দেহ সর্বদা তপ্ত থাকিত বলিয়।
তিনি কলার খোলে শয়ন করিতেন। মহাপ্রভুর এইরূপ বৈরাগ্যের
আচরণ দেখিয়া ভক্তগণের হৃদয়ে অত্যন্ত বাথা হইত। পণ্ডিত
শ্রীজগদানন্দ মহাপ্রভুর জন্ম গেরুয়া বর্ণের আচ্ছাদন দিয়া তোশক,
বালিশ তৈয়ার করাইলেন। শ্রীমহাপ্রভু কিন্ত তাহা অঙ্গীকার
করিলেন না। অবশেষে শ্রীস্বরূপ-গোস্বামিপ্রভু শুক কলার পাত
নথে চিরিরা চিরিয়া তাহা বহির্বাদের মধ্যে ভরিয়া তোশক, বালিশ

শারসিকী সেবা—ক নিজ, রসের অনুযারী সেবা: অর্থাং নিজের বে বে জবা
 ভোগ করিতে কৃতি হয়, সেই-সকল জ্ব্য নিজে ভোগ না করিয়া তাহা ভগ্রানের ভোগে
 নিকুক্ত করা।

করিয়া দিলেন। অনেক চেপ্তার পর শ্রীমন্মহাপ্রভু তাহা ব্যবহার করিতে স্বীকৃত হইলেন। এই লীলার-দ্বারাও মহাপ্রভু সাধক-সন্মাসিগণকে শ্রীকৃষ্ণ-প্রীতির জন্ম ভোগ-ত্যাগের আদর্শ শিক্ষা দিয়াছেন।

-- (00.3% 00)---

নবতিত্য পরিচ্ছেদ

দেবীদাসীর 'শ্রীগীভগোবিন্দ'-গান

একদিন মহাপ্রভু দ্র হইতে শ্রীজয়দেবের 'গীতগোবিন্দে'র একটা পদ-গান শুনিতে পাইলেন। স্ত্রী, কি পুরুষ— কে গান করিতেছে, তৎপ্রতি লক্ষ্য না করিয়া মহাপ্রভু প্রেমাবেশে আত্ম-হারা হইয়া অর্ধবাহাদশায় কণ্টকবনের মধ্য দিয়া গায়িকা দেব-দাসীর দিকে ধাবিত হইতেছিলেন। সেবক শ্রীগোবিন্দ শ্রীমন্মহা-প্রভুকে অবরোধ করিয়া উহা স্ত্রীলোকের সঙ্গীত বলিয়া জানাইলেন। 'স্ত্রী'-নাম শুনিবা-মাত্র মহাপ্রভু বাহাদশা-প্রাপ্ত হইয়া বলিলেন,—

* গাবিন্দ, আজ রাখিলা জীবন।
 স্বী-পরশ হৈলে আমার হইত মরণ॥
 এ-স্বণ শোধিতে আমি নারিমু তোমার।

-- (P: E: @: 70125-29

মহাপ্রভূ এই লীলাদ্বারা ঐক্তিফকীর্তন-প্রবণের ছলে রম^{নীর} মধুরকণ্ঠ ও রূপ উপভোগ করিবার প্রছন্ন-পিপাসা, যাহা ভবিযাতে সহজিয়া-সম্প্রদায়ে সংজ্ঞানক-ব্যাধি হইয়া দাড়াইবে, তাথা সর্বতোভাবে নিমেধ করিয়াছেন। শ্রীকৃষ্ণ-গান শ্রবণের ছলন। করিয়া মুমুক্ষু সন্যাদী বা সাধক-জাবের পক্ষে জ্রীলোকের গান শ্রবণ করা কর্তব্য নঙে। সাধক-জীব এই বিষয়ে সর্বক্ষণ সাবধান থাকিবেন।

একনবতিতম পরিচ্ছেদ ঞ্জিরযুনাথ ভট্ট

শ্রীল রঘুনাথ ভট্ট-গোস্বামী শ্রীকাশী হইতে ই পুরুষোত্তমে আসিবার সময় 'রামদাস বিধান'-নামক রামানলি-সম্প্রদায়ের জনৈক পণ্ডিতকে সঙ্গে লইয়া আসিয়াছিলেন। রামনাসের অন্তরে যুক্তির পিপাসা ও পাণ্ডিত্যের অহন্তার ছিল, তাই শ্রীসন্মহাপ্রভূ রামদাসের বাহ্য-দৈন্য ও বৈশ্বর সেবার অভিনয় দেখিয়াও তাঁহার প্রতি ওদাসীন্য প্রকাশ করিলেন। শ্রীমন্মহাপ্রভূ শ্রীরঘুনাথকে বিবাহ করিতে নিষেধ করিয়া মহাভাগবত শ্রীতপন নিশ্রের ও মিশ্রসহধমিশীর সেবা করিবার জন্ম পুনরায় কাশীতে পাঠাইয়া দিলেন। শ্রীরঘুনাথ দাসগোস্বামী প্রভূর হৃদ্ধ পিতা-মাতা পুত্রের পরমার্থে বাধা প্রদান করিয়াছিলেন বলিয়া মহাপ্রভু শ্রীরঘুনাথকে তাঁহাদের সঙ্গ হইতে অন্যক্র আনিয়াছিলেন; কিন্ত শ্রীরঘুনাথ ভট্টের বৃদ্ধ পিতা-মাতা ভগবানের একান্ত সেবক-সেবিকা ছিলেন

তাই মহাপ্রভু শ্রীরঘুনাথ ভট্টকে বৃদ্ধ পিতা-মাতার অন্তর্ধানের পর নীলাচলে আগমন করিবার আদেশ প্রদান করিয়া তাঁহাদের সেবার্থ গৃহে পাঠাইয়াছিলেন। শ্রীল রঘুনাথ ভট্ট পিতা-মাতার কৃষ্ণপ্রাপ্তির পর নীলাচলে মহাপ্রভুর নিকট চলিয়া আসিলেন। মহাপ্রভু শ্রীরঘুনাথ ভট্টকে নিজের নিকট অষ্ট-মাসকাল রাখিবার পর শ্রীবৃন্দাবনে শ্রীরূপ-সনাতনের নিকট পাঠাইয়া দিলেন এবং সর্বক্ষণ শ্রীমন্ত্রাগবত পাঠ ও শ্রীকৃঞ্চনাম করিতে আদেশ করিলেন।

মহাপ্রভু এই লীলায় একটা মহতী শিক্ষা আছে। যে ব্যক্তি
সংসারে প্রবিষ্ট হন নাই, অথচ ঘাঁহার হৃদয়ে অকপটে হরিভজন
করিবার প্রবৃত্তি আছে, তাঁহাকে বহিমুখি সংসারী হইবার প্ররোচনা
দিলে তাঁহার প্রতি হিংসাই করা হয়। আবার মহাপ্রভু বৈষ্ণব
পিতা-মাতার সেবার স্থাোগের ছলনায় নৃতন করিয়া সংসারপত্তন বা ভোগময় সংসারে প্রবেশের যে প্রচ্ছের ভোগবৃত্তি
মানবের হৃদয়ে আছে, তাহাও শ্রীল রঘুনাশ ভট্টকে বিবাহ
করিতে নিষেধ করিয়া নিবারণ করিয়াছেন।

দ্বিনবভিত্য পরিচ্ছেদ

উৎকলবাসিনী ভক্তমহিলা

মহাপ্রভু স্বয়ং শ্রীকৃষ্ণ হইয়াও কৃষ্ণভক্তের আদর্শ জগতের জীবকে শিক্ষা দান করিবার জন্ম শ্রীকৃষ্ণের সর্বশ্রেষ্ঠা আরাধিকা শ্রীরাধারাণীর ভাব ও কান্তি স্বীকার করিয়া অবতীর্ণ হইয়াছিলেন শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু বলিয়াছেন,—

কুফুৰাস্থা-পূতিরপ ধরে' আরাধনে। অতএব বাধিকা' নাম পুরাণে বাধানে॥

—চৈ: চ: আ: ৪৮৭

স্বরাট্ লীলা-পুরুষোত্তম জ্রাকৃষ্ণের অভিলাষ সর্বেজিয়ের সর্বতোভাবে সর্বৃক্ষণ পূর্ণ করিবার জন্মই যিনি জ্রীবিগ্রাহ ধারণ করিয়াছেন, তিনিই জ্রীরাধিকা। জ্রীকৃষ্ণের সর্বজ্রেষ্ঠ আরাধনাকারিণী বলিয়াই তাঁহার নাম 'জ্রীরাধা'। যিনি সর্বশ্রেষ্ঠ সেবক, তিনি কখনও সেব্যতত্ত্বের দ্বারা নিজের ভোগ সাধন করাইয়ালইবার জন্ম সচেষ্ঠ নহেন। তিনি সর্বক্ষণ সর্বেজিয়ের দ্বারা সর্বতোভাবে কি করিয়া জ্রীকৃষ্ণের সন্তোষ বিধান করিবেন তদ্মুস্কানের আবেশেই আবিষ্ট ও উন্মন্ত। এই আবেশের ও উন্মন্ততার পরাকাষ্ঠাই 'দিব্যোন্মাদ' বলিয়া ভক্তিশাস্ত্রের পরিভাষায় কথিত।

শ্রীমন্মহাপ্রভূ িজেকে শ্রীরাধারাণীর একজন দাসী অভিমান করিতেন। ইহার মধ্যেও তাঁহার একটা শিক্ষা আছে,—পাছে

ি দিনবভিভম-

নিজকে রাধা অভিমান করিলে লোকে 'আমি—রাধা' এই কল্পনা করিয়া 'অহংগ্রহোপাসনা'র * প্রশ্রর প্রদান করে, এই জন্ম মহা প্রভু আপনাকে শ্রীরাধারাণীর দাসী বলিয়া অভিমান করিতেন।

একদিন শ্রীনগহাপ্রভু স্বপ্নে দেখিতে পাইলেন, মুরলী বদন
শ্রীশ্যানস্থলর শ্রীরাধারাণীর সহিত গোপীমগুলীবদ্ধ হইয়া নৃত্য
করিতেছেন। এদিকে মহাপ্রভুর উঠিতে বিলম্ব হইতেছে দেখিয়া
গোবিন্দ মহাপ্রভুকে জাগাইবার চেষ্টা করিলেন। মহাপ্রভু
জাগরিত হইয়া অতিশয় ক্ষাবিরহ-বিধুর হইয়া পড়িলেন।
অভ্যাসবশে নিত্য-কৃত্য সম্পাদন করিয়া শ্রীশ্রীজগরাথদেবের
দর্শনার্থ শ্রীমন্দিরে গমন করিলেন।

শ্রীজগণ্ধাথদেবের নাট্য-মন্দিরে একটি 'গরুড়স্তস্ত' আছে।
উহা গর্জমন্দির হইতে বহুদ্রে অবস্থিত। মহাপ্রভু সেই গরুড়স্তম্ভের পশ্চাং হইতেই শ্রীজগন্নাথদেবকে দর্শন করিতেন। ইহার
দ্বারা মগপ্রভু শিক্ষা দিতেন যে, শ্রীগরুড় শ্রীনারায়ণের নিত্যপার্ষদ ভক্ত; তাঁহার পশ্চাতে থাকিয়াই অর্থাৎ ভগবানের শুদ্দ ভাক্তের অনুগত হইয়াই শ্রীভগবানের দর্শনের জন্য আতিবিশিষ্ট গুইলে ভগবান্ কুপাপুর্বক দর্শন দান করেন।

মহাপ্রভু গরুড়স্তম্ভ হইতে ভাবাবেশে শ্রীজগন্নাগদেবের দর্শন করিতেছিলেন, তাঁহার সম্মুখভাগ হইতেও লক্ষ লক্ষ লোক

 ^{&#}x27;অহংগ্রহোপাসনা' ছই প্রকার—(১) জীবের আপনাকে 'বিষয়বিগ্রহ' বিলয় অভিমান ও (২) আপনাকে 'মুল আজয়বিগ্রহ' বলিয়া অভিমান । শেষেত্র 'অহং-গ্রহোপাসনা' অধিকতর অপরাধময় ।

শ্রীজগুৱাথের দর্শন লাভ করিতেছিল ; এমন সময় একজন উৎকল-বাসিনী নারী অত্যন্ত ভাঁড়ের মধ্যে জ্রীজগরাথের দর্শন না পাইয়া মহাপ্রভুর স্কন্ধে পদার্পণপূর্বক গরুড়ের তত্তের উপর আরোহণ করিয়া শ্রীজগনাথ দর্শন করিতেছিলেন। ইহা দেখিয়া গোবিল অতিশয় ব্যস্ত হইয়া সেই স্ত্রীলোকটাকে নীচে নামাইয়া দিলেন। মহাপ্রভু গোবিন্দকে নিষেধ করিয়া বলিলেন,—"ইনি শ্রীজগন্নাথ-দেবের সেবা করিতেছেন, সুতরাং ইহার সেবায় বাধা দেওয়া উচিত নহে। ইনি ইচ্ছামত শ্রীজগন্নাথদেবের দর্শন লাভ করুন।" দ্রীলোকটা যথন বুঝিতে পারিলেন যে, তিনি জীমন্মহাপ্রভুর স্বন্ধে পদার্পণ করিয়াছেন, তথ্য অবিলয়ে অবতরণ করিয়া 🕮 মহাপ্রভুকে প্রণামপ্রক পুনঃ পুনঃ ক্ষম। প্রার্থনা করিলেন। মহাপ্রভু সেই মহিলার আতি-দর্শনে বলিতে লাগিলেন,—"অহে। ! জ্ঞীজগন্নাথের সেবায় আমার ত' এইরূপ আতিলাভ হয় নাই! ইহার দেহ-মন-প্রাণ সমস্তই জগলাথের পাদপদ্মে আবিষ্ঠ, তাই অপরের স্কন্ধে যে পদ স্থাপন করিয়াছেন, সেই বাহাজ্ঞানও ইহার নাই। এই মহিলা প্রমা ভাগ্যবতী, আমি ইহার কুপা প্রার্থনা করি; ইহার কৃপায় যদি আমার কোনও দিন ঐরপ আতির উদয় হয়।"

শীনন্মহাপ্রভু এই লীলার দ্বারা শিক্ষা দিলেন যে, একান্তিক কৃষ্ণ-সেবোপকরণকে ইন্দ্রিয়ঙ্গুজানে স্ত্রী-পুরুষাদি বাহা পরিচয়ে দর্শন করা উচিত নহে। যতক্ষণ আমাদের প্রকৃতিজ্ঞাত স্ত্রী, পুরুষ – এইরূপ অভিমান থাকে, ততক্ষণ শ্রীজগন্নাথের দর্শন

হয় না; তাঁহার সেবার জন্ম প্রকৃত আর্তিও হয় না। গাঁহার চিত্ত সর্বদা শ্রীকৃঞ্মুখান্সন্ধানে আবিষ্ট, তিনি সর্বত্র সর্বদা কৃষ্ণ-সেবার উপকরণসমূহ দর্শন করেন।

ত্রিনবভিতম পরিচ্ছেদ

দিব্যোন্সাদ

শ্রীগৌরস্থলরের বিপ্রলম্ভ (শ্রীকৃঞ্চবিরহ) ক্রমেই বাড়িতে লাগিল। রাত্রিতে তিনি শ্রীশ্রীস্বরূপ-রামানন্দের নিকট বিলাপ করিতে করিতে কত ভাবেই না শ্রীকৃঞ্চ-স্থাত্মসন্ধানের ব্যাকৃলতা জানাইতেন। একদিন রাত্রিতে শ্রীমন্মহাপ্রভু তাঁহার শয়নকক্ষের তিনটি ঘারই বন্ধ করিয়া শয়ন করিয়াছিলেন। গভীর রাত্রিতে প্রভুর কোন সাড়া-শব্দ না পাইয়া শ্রীগোবিন্দ ও শ্রীস্বরূপের সন্দেহ হইল। কোন-প্রকারে গৃহদ্বার খুলিয়া তাঁহারা দেখিতে পাইলেন—সমস্ত ঘরের দ্বার বন্ধ থাকা-সত্তেও মহাপ্রভু ঘরে নাই। শ্রীস্বরূপাদি ভক্তগণ অনুসন্ধান করিতে করিতে মহাপ্রভুকে শ্রীস্বরূপাদি ভক্তগণ কৃষ্ণনাম উচ্চারণ করিতে থাকিলে মহাপ্রভুর জ্ঞান হইল। ভক্তর্বন্দ প্রভুকে ঘরে লইয়া গেলেন।

একদিন মহাপ্রভু সমুদ্রে যাইতেছিলেন, অকস্মাং 'চটকপর্বত' अ
দর্শন করিয়া মহপ্রভুর গোবর্ধন-জ্ঞান হইল। মহাপ্রভু গোবর্ধনের
সম্বন্ধে শ্রীমন্তাগবতের একটা শ্লোক পাঠ করিতে করিতে বায়্বেগে
পর্বতের অভিমুখে ধাবিত হইলেন। তাঁহার দেহে অন্তুত সান্ত্বিক
বিকারসমূহ প্রকাশিত হইল, তিনি মৃছিত হইয়া ভূপতিত হইলেন।
মহাপ্রভু অর্ধবাহ্যদশায় শ্রীরাধার দাসী-অভিমানে নিজের ভাবাবস্থা-সমূহ বর্ণন করিতে লাগিলেন।

এইভাবে মহাপ্রভু রাত্রিদিন কৃষ্ণবিরহে প্রেমাবেশে আবিপ্ত থাকিতেন। তাঁহার কখনও অন্তর্দশা, কখনও অর্ধবাহ্য দশা, কখনও বা বাহাস্ফুর্তি। কেবল স্বভাব ও অভ্যাসক্রমে তিনি মান, দর্শন, ভোজন-প্রভৃতি কৃত্য করিতেন। তিনি মহাভাবে প্রীপ্রীম্বরূপ-রামানন্দের কণ্ঠ ধারণ করিয়া প্রীকৃষ্ণের জন্য বিলাপ করিতেন। আপনাকে 'গোপীর দাসী' অভিমান করিয়া ও পুস্পোভানসমূহকে প্রীকৃষ্ণাবনরূপে দর্শন করিয়া তথায় প্রবেশ করিতেন এবং তরু-লতা-গুল্ম-মৃগ-সমূহের নিকট শ্রীকৃষ্ণের সন্ধান জিল্ঞাসা করিতেন।

শ্রীমন্মহাপ্রভু শ্রীকৃষ্ণবিরহে বিহবল হইয়া শ্রীজগন্নাথ দর্শন করিবার সময় শ্রীজগন্নাথকে শ্রীশ্যামপুলর মুরলীবদনরূপে দর্শন করিতেন, কখনও বা মহাভাবাবেশে মন্দিরের দ্বাররক্ষকের হাত ধরিয়া বলিতেন,—"আমার প্রাণনাথ শ্রীকৃষ্ণকে দেখাও।"

^{*}শীগদাধর পণ্ডিত গোস্থামিপ্রভূব শীটোট-গোপীনাথের শীমন্দিরের শীমন্দিরের সন্মুখে বে বালির পর্যন্তের ভার উচ্চ ন্ত, প আছে, তাহা 'চটকপর্যত'-নানে প্রানিক এই স্থান শীশীমন্ততিদিকান্তসর্থতী গোলামিপাদ 'শীশুক্ষোত্তম মঠ' স্থাপন করিলাছেন।

একদিন পাণ্ডাগন মহাপ্রভুকে শ্রীজগনাথের বাল্যভোগ-মহা
প্রসাদ গ্রহণ করাইবার চেষ্টা করিলেন। শ্রীমহাপ্রভু তাহা হইতে
কিঞ্চিনাত্র গ্রহণ করিলেন; তৎক্ষণাৎ তাঁহার সর্বাঙ্গে পুলক হইল
এবং নয়নে অশ্রুধারা বহিতে থাকিল। ঐরূপ প্রসাদে শ্রীকৃঞ্বের
অধরামৃত সঞ্চারিত হইয়াছে—এই স্মৃতি হইতেই শ্রীমহাপ্রভু
প্রেমাবেশে শ্রীকৃঞ্বের অধরের বহু গুণ বর্ণন করিতে লাগিলেন।
শ্রীকৃষ্ণের অধরামৃত-পানের জন্ম শ্রীরাধা ও শ্রীগোপীগণের যে
সুতীর উৎকণ্ঠা, তাহা শ্রীমন্মহাপ্রভুতে প্রকাশিত হইল।

চতুর্নবতিতম পরিচ্ছেদ শ্রীকালিদাস ও শ্রীঝড়্ঠাকুর

শ্রীকালিদাস-নামে শ্রীলরঘুনাথ দাসগোস্বামীপ্রভুর এক জ্ঞাতিথুড়া ছিলেন। বৈষ্ণবের উচ্ছিষ্ট ভোজন করিয়া বৈষ্ণবের কৃপা
লাভ করাই তাঁহার জীবনব্যাপী সাধন ও সাধ্য ছিল। মহাপ্রভুর
দর্শনের জন্ম গৌড়দেশ হইতে যত বৈষ্ণব 'পুরী'তে আসিতেন'
শ্রীকালিদাস তাঁহাদের সকলেরই উচ্ছিষ্ট ভোজন করিতেন। বৈষ্ণব
দেখিলেই তিনি তাঁহার নিকট উত্তম উত্তম খান্তদ্রব্য 'ভেট' লইয়া
যাইতেন এবং তাঁহাদের ভোজনের অবশেষ চাহিয়া লইতেন।
"বৈষ্ণবে কোনরূপ জাতিবৃদ্ধি করিতে নাই।"—ইহার উজ্জ্লল
আদর্শ শ্রীকালিদাস স্বীয় জীবনে আচরণ করিয়া দেখাইয়াছেন

শ্রীমন্মহাপ্রভুর ভক্ত শ্রীঝড়ুঠাকুর ভূঁইমালী-কুলে আবিভূতি হুইয়াছিলেন। শ্রীকালিদাস একদিন কিছু মিষ্ট আম 'ভেট' লইয়া ঝড়ুঠাকুরের নিকট গেলেন এবং ঝড়ুঠাকুর ও তাঁহার সহধমিনীর চরণে দণ্ডবং প্রণাম করিলেন। শ্রীঝড়ুঠাকুর শ্রীকালিদাসকে অভ্যর্থনা করিয়া কোন ব্রাহ্মণের গৃহে তাঁহার আভিপ্যের ব্যবস্থা করিছে ইচ্ছা প্রকাশ করিলেন। শ্রীকালিদাস বৃঝিতে পারিলেন, শ্রীঝড়ুঠাকুর দৈত্য করিয়া ভাঁহাকে বক্ষনা করিবার চেষ্টা করিভেছেন। শ্রীকালিদাস শ্রীঝড়ুঠাকুরের পদপূলি প্রার্থনা করিলেন এবং ভাঁহার শ্রীচরণ নিজমস্তকে ধারণ করিতে ইচ্ছা প্রকাশ করিলেন।

কালিদাস ঝড় ঠাক্রের গৃহ হইতে চলিয়া যাইবার সময়
ঝড় ঠাকুর কিয়দ্র পর্যন্ত কালিদাসের অনুগমন করিলেন।
ঝড় ঠাকুর গৃহে ফিরিয়া গেলে কালিদাস পথের উপর ঝড় ঠাকুরের যেই চরণ-চিহ্ন পড়িয়াছিল, ভাহা হইতে ধূলি লইয়া
স্বাস্থ্যে মাখিলেন এবং জ্রীঝড় ঠাকুর যাহাতে দেখিতে না পা'ন
—এরপ একস্থানে লুকাইয়া রহিলেন ।

এদিকে ঝড়ুঠাকুর ভগবান্কে মনে-মনেই আমগুলি নিবেদন করিয়া সেই প্রসাদ গ্রহণ করিতে লাগিলেন। তংপরে তাঁহার সহধর্মিণী ঝড়ুঠাকুরের ভুক্তাবশেষ গ্রহণ করিয়া আমের খোসা ও চোষা আঠিগুলি বাহিরে আঁস্তাকুড়ে ফেলিয়া দিলেন।

কালিদাস এতক্ষণ লুকাইয়া ছিলেন ; তিনি উচ্ছিষ্টগর্ত হইতে সেই আমের খোসা ও চোষা আঠিগুলি সংগ্রহ করিয়া চৃষিতে চৃষিতে প্রেমে বিহবল হইসেন। মহাপ্রভু যথন মন্দিরে জ্রীজগন্নাথ-দর্শনে যাইতেন, তথন
সিংহ-দ্বারের নিকটে সিঁ ড়ির নীচে একটা গর্তমধ্যে পদ ধৌত
করিয়া মন্দিরে প্রবেশ করিতেন। তিনি জ্রীগোবিন্দকে বিশেষভাবে বলিয়া দিয়াছিলেন যে, কেহ যেন তাঁহার পদধৌত-জল
কোনরূপে গ্রহণ করিতে না পারে। তুই একজন অন্তরঙ্গ ভক্তব্যতীত সেই জল কেহই গ্রহণ করিতে পারিতেন না। একদিন
মহাপ্রভু পদ ধৌত করিতেছেন, এমন সময় জ্রীকালিদাস তিন
অঞ্জলি পাদোদক পান করিলেন। তিনি জ্রীগোবিন্দের নিকট
হইতে মহাপ্রভুর উচ্ছিষ্ট চাহিয়া লইয়া ভোজন করিতেন।

প্রীকৃষ্ণের উচ্ছিষ্টের নাম 'মহাপ্রসাদ', আর কোনও মহাতাগবত যখন মহাপ্রসাদ আস্বাদন করিয়া অবশেষ রাখেন, তখন তাহাকে 'মহামহাপ্রসাদ' বলে। মহাভাগবতের পদপুলি, মহাভাগবতের পদজল ও মহাভাগবতের ভুক্তাবশেষ —এই তিনটীই সাধবের বল। এই তিন বস্তুর সেবা হইতে প্রীকৃষ্ণপদে প্রেমলাভ হয়,—এই সিদ্ধান্তে দৃঢ়নিষ্ঠ প্রীকালিদাস এই তিন অপ্রাকৃত বস্তুর সেবাকেই সাধ্য ও সাধন-রূপে নিশ্চয় কবিয়াছিলেন।

পঞ্চনবতিত্য পরিচ্ছেদ

এপুরীদাসের কবিছ-ফ্রি

এক বংসর দ্রীল শিবানল সেন তাঁহার পত্নী ও শিশু-পুত্র এপুরীদাসকে সঙ্গে লইয়া নীলাচলে শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্মে উপনীত হন। গ্রীশিবানন্দ যখন পুরীদাদকে মহাপ্রভুর পাদপদ্মে প্রণত করাইলেন, তখন মহাপ্রভু বালককে পুনঃ পুনঃ 'কৃষ্ণ কহ, কৃষ্ণ কহ' বলিয়া শ্রীকৃষ্ণ-নাম উচ্চারণ করিবার জন্য প্ররোচনা প্রদান করিতে লাগিলেন, কিন্তু বালক কিছুতেই কৃষ্ণনাম উচ্চারণ করিল না, সম্পূর্ণ মৌনভাব অবলম্বন করিয়া থাকিল। শ্রীল শিবানন্দও বালককে কৃষ্ণনাম বলাইবার জন্ম বহু যতু করিলেন, কিন্তু পিতারও সমস্ত-চেষ্টা বার্থ হইল। তথন নহাপ্রভু অত্যন্ত বিস্ময়াভিভূত হইয়া বলিলেন,—"আমি স্থাবরকে পর্যন্ত কৃঞ্চনাম বলাইলাম, কিন্তু জগতের মধ্যে একমাত্র এই বালককেই কৃষ্ণনাম উচ্চারণ করাইতে পারিলাম না!"ইহা শুনিয়া শ্রীস্বরূপগোস্বামি-প্রভু বলিলেন,—"আমি অনুমান করিতেছি, আপনি জ্রীপুরী-দাসকে যে কৃষ্ণনাম-মন্ত্র উপদেশ করিয়াছেন, তাহা সে অত্য লোকের নিকট প্রকাশ করিতে ইচ্ছুক মহে। এই জন্মই মন্ত্রটী উচ্চারণ না করিয়া সে মনে-মনে তাহা জপ করিতেছে।"

আর একদিন ঐপুরীদাসকে শ্রীমন্মহাপ্রভু কিছু পাঠ করিতে বলিলে বালক এই শ্লোকটা রচনা করিয়া পাঠ করিল,— শ্রবসোঃ কুবলয়মক্ষো রঞ্জনমূরসো মহেত্রমণিদাম। কুন্দাবনয়মণীনাং মণ্ডনমধিলং হরিজয়তি॥

(গ্রীকবিকর্ণপুরকৃত 'আর্থাশতকে' ১ম লোক)

যিনি শ্রবণ-যুগলের নীলকমল, চক্ষুর অঞ্জন, বক্ষের ইন্দ্রনীল-মণিময় হার—শ্রীবৃন্দাবন-রমণীদিগের অথিলভূষণ-স্বরূপ সেই শ্রীহরি জয়যুক্ত হইতেছেন।

নাত বংসরের শিশু—যাহার অধ্যয়ন নাই, সে কি করিয়া ঐরপ শ্লোক রচনা করিতে পারে, ইহার কারণ নির্ণয় করিতে না পারিয়া সকলেই বিস্মিত হইলেন এবং একমাত্র মহাপ্রভুর কুপায়ই ইহা সম্ভব হইয়াছে, সকলে বিচার করিলেন। এই পুরীদাসই পরে গ্রীল কবিকর্ণপূর গোস্বামি-নামে খ্যাত হন। ইহার রচিত 'গ্রীচৈতক্যচন্দ্রোদয়-নাটক' শ্রীগোর-লীলার একটা প্রামাণিক গ্রন্থ। ইনি ১৪৪৮ শকান্দায় আবিভূতি হইয়া ১৪৯৮ শকান্দা পর্যন্ত গ্রন্থ রচনা করেন।

ষপ্পবতিতম পরিচ্ছেদ অপ্রাক্ত ভাবাবেশে কুর্যাকৃতি

শ্রীমন্মহাপ্রভু দিবারাত্র শ্রীকৃষ্ণের বিরহে উন্মন্ত হইয়া নানাপ্রকার উন্মাদের চেষ্টা ও প্রলাপ করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণের
সন্তোষ-সাধনার্থ ব্যাকৃলতার পরাকাষ্ঠা হৃদয়ে উদিত হইলে
এইরূপ অপ্রাকৃত ভাবের উদয় হয়।

এই সময় প্রীস্থরপদামোদর ও খ্রীরায়রামানন্দ খ্রীনন্মহাপ্রভুর সঙ্গে-সঙ্গে সর্বক্ষণ থাকিতেন। তাঁহারা প্রভুর ভাবোপযোগী বিভিন্ন সঙ্গীত প্রভুর প্রিয় গ্রন্থ হইতে পাঠ ও কীর্তন করিতেন। মধ্যে মধ্যে মহাপ্রভুও কোন কোন শ্লোক পাঠ করিয়া বিলাপ করিতে করিতে শ্লোকের তাৎপর্য ব্যাখ্যা করিতেন। একদিন এইরূপে প্রায় অর্ধরাত্র অতিবাহিত হইল। খ্রীস্বরূপদামোদর ও গ্রীরামানন্দ শ্রীমন্মহাপ্রভূকে শয়ন করাইয়। স্ব-স্ব বাসস্থানে গমন করিলেন; গন্তীরার দ্বারে এীগোবিল শয়ন করিয়া রহিলেন। অর্ধরাত্রকালে মহাপ্রভু উচ্চ-দংকীর্তন করিতে লাগিলেন। তিনটা দ্বারে কপাট বন্ধ ছিল; কিন্তু কি আশ্চর্য! দ্বার রুদ্ধ থাকা সত্ত্বেও মহাপ্রভু ভাবাবেশে তিনটা প্রাচীরই উল্লব্জন করিয়া বাহির হইয়া পড়িলেন। সিংহদারের দক্ষিণে যে-স্থানে 'তৈলঙ্কী'# গাভীগণ অবস্থান করে, তথায় গমন করিয়া মহাপ্রভু মুছিত হইয়া পড়িয়া রহিলেন। এদিকে শ্রীগোবিন্দ গম্ভীরায় মহাপ্রভুর কোন সাড়া-শব্দ না পাইয়া শ্রীস্বরূপ-গোস্বামিপাদকে ডাকাইলেন। শ্রীস্বরূপ-দামোদর প্রদীপ জ্বালিয়া ভক্তগণের সহিত প্রভুর অৱেষণ করিতে লাগিলেন। নানা-স্থানে অন্বেষণ করিতে করিতে সিংহদ্বারে আসিয়া দেখিলেন, গাভীগণের মধ্যে মহাপ্রভু কুর্মাকৃতি হইয়া পড়িয়া রহিয়াছেন! মহাপ্রভুর মুখে ফেন, ত্রীঅঙ্গে পুলক, নয়নে অশ্রুধারা, বাহিরে জড়িমা, অন্তরে আনন্দ ! চতুর্দিকে গাভীগণ

শ্রের পূর্বোভরন্থিত দেশকে 'তেলক-দেশ' বলে। এই স্থানের পাতীকে 'তৈলকী গাড়ী' বলে।

মহাপ্রভুর শ্রীঅঙ্গের ঘ্রাণ লইতেছে, দূরে সরাইয়া দিলেও উহারা প্রভুর অঞ্চ-ম্পর্শ পরিত্যাগ করিতেছে না !

ভক্তগণ মহাপ্রভুকে ঘরে লইরা আসিলেন এবং কর্ণে অনেক দণ উচ্চনাম-সংকীর্তন করিবার পর মহাপ্রভু অর্ধবাহাদশা লাভ করিলেন; তথন প্রভুর হস্ত-পদাদি বাহিরে আসিল। মহাপ্রভু শ্রীত্তরপের নিক্ট আবার বিরহের বিলাপ করিতে লাগিলেন।

সপ্তনবভিত্য পরিচ্ছেদ

সমুদ্র-বক্ষে

শরংকালের কোন জ্যোৎস্নান্মী রজনীতে মহাপ্রভু নিজ-ভক্তগণের সহিত রফবিরহে বিভাবিত হইয়া শ্রীমন্তাগবতের শ্লোক শ্রবণ, কীর্তন করিতে করিতে বিভিন্ন উদ্যানে ভ্রমণ করিতে ছিলেন। ভ্রমণ করিতে করিতে মহাপ্রভু 'আই-টোটা'-নামক স্থান হইতে অকস্মাৎ সমূদ্র দেখিতে পাইলেন। নীলাদুধির উচ্ছলিত তরঙ্গে চন্দ্রের জ্যোৎস্না পতিত হওয়ায় তাহা ঝল্মল্ করিতেছিল। ইহা দেখিয়া মহাপ্রভুর যমুনার স্মৃতি উদ্দীপ্ত হইল। মহাপ্রভু যমুনা-বিচারে অতিবেগে সমুদ্রের দিকে ধাবিত হইলেন এবং সকলের অলক্ষে সমুদ্রের জলে ঝম্প প্রদান করিলেন। সমুদ্রে পতিত হইয়াই প্রভু মুছিত হইয়া পড়িলেন। সমুদ্রের তরঙ্গ কখনও মহা-প্রভুকে ছুবাইয়া, কখনও ভাসাইয়া, কখনও তরঙ্গের সঙ্গে-সঙ্গে নাচাইয়া, কখনও বা তীরে বহিয়া আনিতে লাগিল। এইরপে মৃছিতাবস্থায় তরঙ্গের দ্বারা চালিত হইয়া মথাপ্রভু 'কোণার্কে'রঞ্চ দিকে গমন করিলেন। শ্রীমহাপ্রভু গোপীর দাসী অভিমান করিয়া যমুনাতে কৃষ্ণের জলকেলি-উৎসব-দর্শনের ভাবে মগু ছিলেন।



পুরী হইতে ১৯ মাইল উত্তরে সম্দ্র-হাট কৃষ্ণপ্রস্থেম প্রমানর অবস্থিত
বলিচা এয়ানকে 'কোণার্ক' বা 'অর্কতীর্থ' বলে। 'অর্ক'-শব্দের অর্থ-পুর। চলিত্রভাষায় এই স্থানকে 'কণার্ক'ও বলে।

'কোণাকে' বা 'কণার'ক' তথা হয়ননির

এদিকে ঞ্রীস্বরূপদামোদর-গ্রভৃতি ভক্তগণ মহাপ্রভূকে দেখিতে না পাইয়া মনে-মনে নানা বিতর্ক করিতে লাগিলেন এবং নানা-স্থানে অধেষণ করিলেন, কিন্তু কোথায়ও মহাপ্রভুকে দেখিতে পাইলেন না। এইরূপ ভাবে অন্নেষণ করিতে করিতে যখন রাত্রি প্রায় অবসান হইল, তখন সকলেই নিশ্চয় করিলেন যে, মহাপ্রভূ অন্তর্হিত হইয়াছেন। প্রভুর বিচ্ছেদে কাহারও দেহে আর প্রাণ রহিল না। বন্ধু-হৃদয়ের স্বভাবই এই যে, তাহা অনিষ্টের আশহা করে। তথাপি কেহই মহাপ্রভুকে পুনরায় দর্শনের আশা পরিত্যাগ করিতে পারিলেন না; আবার অন্নেষ্ণ করিতে লাগিলেন। এমন সময় শ্রীস্বরূপগোস্বামিপাদ দেখিতে পাইলেন, এক ধীবর নিজ-স্বন্ধে মৎস্য ধরিবার জাল স্থাপন করিয়া অন্তত ভাবাবেশে 'হরি হরি' বলিতে বলিতে আসিতেছে। ধীবরের এরূপ ভাবাবেশ দেখিয়া তাহাকে জ্রীস্বরূপগোস্বামী এরূপ ভাবাবেশের কারণ জিজ্ঞাসা করিলেন। ধীবর বলিল যে,—তাহার জালে একটী মৃত মহুস্ত উঠিয়াছে। সে একটা বৃহৎকায় মৎস্ত মনে করিয়া ঐ মৃত वाल्टिक नगरक छेठीरेग़ाहिल। जान रहेरू छेरारक वारित করিবার কালে যখন তাঁহার গাত্রস্পর্শ হইয়াছে, তখন তাহার হৃদয়ে এক ভূত প্রবেশ করিয়াছে এবং ভয়ে তাহার শরীরে পুলক, কম্প, অশ্রু ও গদ্গদ-স্বর প্রকাশিত হইয়াছে। তাঁহার দর্শন-মাত্রই মহুয়ের শরীরে যেন ভৌতিক ব্যাপারসমূহ প্রবিষ্ট হয়। ঐ ভূতটী মৃত মাহুষের রূপ ধারণ করিয়া কখনও 'গোঁ', 'গোঁ' শব্দ করে, কখনও বা অচেতন হইয়া পড়িয়া থাকে

ধীবর আরও বলিল,—''আমি মৃত্যুম্থে পতিত হইলে আমার স্থী-পুত্র কি করিয়া বাঁচিয়া থাকিবে ?—এই ভয়ে আমি ভ্ত ছাড়াইাবর জন্য ওঝার নিকট ঘাইতেছি। আমি প্রত্যহ রাত্রিতে একাকী নির্জনে মৎস ধরিয়া বেড়াই। শ্রীনৃসিংহদেবের নাম-শ্বরণে ভূত-প্রেত আমাকে কিছুই করিতে পারে না; কিন্তু কি আশ্চর্য ! 'নৃসিংহ'-নাম করিলেই এই ভূত আরও দ্বিগুণভাবে যেন ঘাড়ে চাপিয়া বসে! তোমরা তথায় কিছুতেই ঘাইও না, তথায় গেলে তোমাদেরও ভূতে ধরিবে।"

ধীবরের মুখে এইসকল কথা শুনিয়া শ্রীস্বরূপগোস্বামিপাদ প্রকৃত বিষয়টা বুঝিলেন এবং ধীবরকে আশ্বাস প্রদান করিয়া বলিলেন,—"আমি একজন বড় ওঝা, তিন চাপড়েই তোমার ভূত ছাড়াইতেছি, তোমার কোন ভয় নাই। তুমি যাহাকে ভূত মনে করিয়াছ, তিনি সাক্ষান্ভগবান্। প্রেমাবিষ্ট হইয়া তিনি সামুদ্রের জলে ঝাপ প্রদান করিয়াছিলেন; তুমি তাঁহাকে তোমার জালে উঠাইয়াছ। তাঁহার স্পর্ণমাত্র তোমার শ্রীকৃষ্ণপ্রেমের উদম হইয়াছে। তুমি তাঁহাকে কোথায় উঠাইয়া রাখিয়াছ, আমাকে সম্বর দেখাও।"

ধীবর ভক্তগণকে লইয়া শ্রীমহাপ্রভুকে প্রদর্শন করিলে শ্রীমরাপ্রভুকে সমুদ্রালুকায় মুছিতাবস্থায় শিথিলকায় দেখিয়া আর্দ্র কৌপীন দূর করিয়া শুস্কবন্দ্র পরিধান করাইলেন এবং সকলে মিলিয়া উচ্চঃস্বরে সংকীর্তন করিতেও মহাপ্রভুর কর্ণে কৃষ্ণ নাম বলিতে লাগিলেন।

কিছুক্ষণ পরে মহাপ্রভু অর্ধবাহাদশায় আগমন করিলেন এবং ভাবাবেশে বলিতে লাগিলেন,—"আমি শ্রীযমুনা দর্শন করিয়া শ্রীবৃন্দাবনে গিয়াছিলাম। দেখিলাম, তথায় শ্রীব্রজেন্দ্রন শ্রীব্রগাণীগণের সঙ্গে মহাজল-ক্রীড়া করিতেছেন। আমি তীরে থাকিয়া সখীগণের সঙ্গে শ্রীকৃষ্ণের সেই বিচিত্র-লীলা দর্শন করিতেছিলাম।"

যখন মহাপ্রভু অর্ধবাত্তদশায় আগমন করিলেন, তখন তিনি শ্রীস্বরূপগোস্বমিপাদকে জিজ্ঞানা করিলেন,—"তোমরা আমাকে লইয়া এই স্থানে অবস্থান করিতেছ কেন ?" শ্রীস্বরূপদামোদর আনুপ্রিক সমস্ত ঘটনা বলিলেন। মহাপ্রভুও ভাঁহার অবস্থা অন্তর্গু ভক্তগণের নিকট বর্ণন করিলেন।

অপ্টনবতিতম পরিচ্ছেদ লীলা-সঙ্গোপনের ইন্ধিড

ভগবান্ শ্রীগোরস্থলর প্রতিবংসর বাংসল্যরস-মৃতি প্রীশচীমাতাকে আখাস দিবার জন্ম শ্রীজগদানল পণ্ডিতকে শ্রীমায়াপুরে প্রাঠাইতেন। তাঁহার সঙ্গে শ্রীপরমানল-পুরীপাদের অনুরোধে শ্রীমন্মহাপ্রভু শ্রীশচীদেবীর জন্ম শ্রীনবদ্বীপে বস্ত্র ও মহাপ্রসাদ পাঠাইয়া দিতেন। তিনি পার্যদ ভক্তগণের জন্মও মহাপ্রসাদ প্রেরণ করিতেন।

একবার:শ্রীজগদানন্দ পণ্ডিত নবদ্বীপ ও শান্তিপুর হইয়া যখন পুরীতে আসিলেন, তখন শ্রীঅদ্বৈতপ্রভু শ্রীজগদানন্দের দ্বারা শ্রীমন্মহাপ্রভুর নিকট হেঁয়ালি-চ্ছলে এইরূপ কএকটি কথা বলিয়া পাঠাইলেন—

বাউলকে কহিছ,—লোক হইল বাউল

।
বাউলকে কহিছ,—হাটে না বিকায় চাউল ॥

বাউলকে কহিছ,—কাষে নাহিক আউল †।

বাউলকে কহিছ,—ইহা কহিয়াছে বাউল ॥

—हेट: ह: व्यः ३३(२००२३

অর্থাৎ প্রেমোন্মন্তকে (প্রীকৃষ্ণবিরহিণী গোপীর ভাবে বিভাবিত মহাপ্রভুকে) বলিও,—লোক প্রেমে উন্মন্ত হইয়াছে। প্রেমের হাটে প্রেমরূপ চাউল বিক্রয়ের আর স্থান নাই। অর্থাৎ, আর বছলোক এই প্রীগোপীপ্রেমের ভাৎপর্য উপলব্ধি করিতে পারিকে না। তাঁহাকে বলিও,—আউল অর্থাৎ প্রেমাতুর (অক্বৈতাচার্য) আর সাংসারিক কার্যে নাই। প্রেম-পাগলকে বলিও যে, প্রেম-পাগল বা প্রেমোন্মন্ত প্রীঅকৈত এইরূপ বলিয়াছে। অর্থাৎ মহাপ্রভুর আবির্ভাবের যে তাৎপর্য ছিল, তাহা সম্পূর্ণ হইয়াছে; এখন প্রভু যাহা ইচ্ছা, তাহাই করুন।

এই তর্জা শুনিয়া মহাপ্রভু ঈষং হাসিলেন, "আচার্যের যে আজ্ঞা" বলিয়া মৌন হইলেন। গ্রীস্বরূপগোস্বামিপাদ এই তর্জার অর্থ জিজ্ঞাসা করিলে মহাপ্রভু সঙ্কেতমাত্র করিয়া বলিলেন,—

^{*}ৰাউল—'বাতুন'-শন্তের অপনংশ। ধআউল —'আতুন' বা 'আতুর'-শন্তের অপনংশ।

শাচার্য হয় পৃত্বক প্রবল।
 আগম-শাস্তের বিধি-বিধানে কৃশল॥
 উপাসনা লাগি'দেবের করেন আবাহন।
 পৃত্বা লাগি'কত কাল করেন নিরোধন॥
 পৃত্বা নির্বাহণ হৈলে পাছে করেন বিসর্জন।

-- देहः हः छाः ३३।२४-५२

্ প্রামন্যপ্রত্ন ইঙ্গিতে জানালেন যে, শ্রীঅবৈতাচার্যপ্রত্নই শ্রীমায়াপুরের গঙ্গাতীরে গঙ্গাজল-তুলদীদ্বারা পূজা করিয়া মহা-প্রভুকে গোলোক হইতে আহ্বান করিয়া ভূলোকে আনিয়াছিলেন। পূজা নির্বাহ করিয়া পূজক যেরূপ দেবতা বিসর্জন করেন, বোধ হয়, শ্রীঅবৈতাচার্য এখন সেইরূপ ইচ্ছা জ্ঞাপন করিতেছেন।

আচার্যের এই হেঁয়ালি পাঠ করিবার পর হইতে মহাপ্রভুর কৃষ্ণবিরহদশা আরও বৃদ্ধি পাইতে লাগিল। বিরহোন্দাদে মহাপ্রভু রাত্রিতে গম্ভীরার ভিত্তিতে মুখ ঘর্ষণ করিতেন। শ্রীস্বরূপ ও শ্রী-রামরায় সময়োচিত গানের দ্বারা মহাপ্রভুকে সাম্বনা দিবার চেষ্টা করিতেন; কিন্তু প্রভুর কৃষ্ণবিরহ-সমুদ্র নানাভাবে উদ্বেলিত হইয়া উঠিত।

একদিন বৈশাখ-মাসের পূর্ণিমা-তিথিতে রাত্রিকালে মহাপ্রত্ন 'শ্রীজগন্নাথবল্লভ' * উত্যানে মহাভাবাবেশে দশ-প্রকার চিত্র-জল্লোক্তি প্রকাশ করিলেন। দৈন্ত, উদ্বেগ ও উৎকণ্ঠায় মহাপ্রত্ন কথনও কথনও শ্রীস্বরূপ-রামানদের সহিত তাঁহার স্ব-রচিত

 ^{&#}x27;য়য়গরাথবল্লভ'—'গুভিচা—বাড়া' ও মন্দিরের প্রায় মধ্যস্থলে শ্রীলগমাণবল্লভ'-নামক একটি উদ্ধান আছে।

শিক্ষান্তকে'র ৯ শ্লোক আস্বাদন করিতে করিতে রাত্রি যাপন করিতেন; কখনও বা 'গ্রীগীতগোবিন্দা, 'গ্রীকৃষ্ণকর্ণান্ত', 'গ্রী-জগনাথবল্ল ভ-নাটক' (গ্রীরামানন্দরায়ের কৃত্র), গ্রীচণ্ডীদাস-বিভাপতির পদাবলী কখনও বা গ্রীমদ্বাগবতের শ্লোক স্বাস্থাদন করিতে করিতে মহাপ্রভুর কৃষ্ণবিরহ-মহাভাবসাগর নবনবায়্মান-ভাবে উচ্ছলিত হইয়া উঠিত।

এইদকল অপ্রাক্ত মহাভাবের লক্ষণ প্রীকৃষ্ণের দর্বশ্রেষ্ঠা দেবিকা ও প্রিয়তমা একমাত্র শ্রীরাধারাণীতেই দম্পূর্ণভাবে প্রকাশিত হয়। যাঁহারা জগতের অভিনিবেশ বা শুক বৈরাগোর সামাত্য দম্বল লইয়া ব্যবসায় করেন, এইদকল উচ্চভাবের কথা তাঁহারা ধারণাই করিতে পারিবে না। এমন কি, যাঁহাদের চিও বৈকৃষ্ঠের ঐশ্বর্যে আকৃষ্ট, তাঁহারাও শ্রীরাধার প্রেমোন্মাদের কথা কিছুই বুঝিতে পারেন না। শ্রীরাধার শ্রীকৃষ্ণপ্রেম—সেবা-রাজ্যের চরম সীমা। সেই দেবার পরাকাষ্ঠাকে—প্রেমের পরাকাষ্ঠাকে এই প্রপঞ্চে রূপায়িত করিয়াছিলেন শ্রীচৈতত্যদেব।

পূর্ণতমভাবে সর্বাঙ্গদারা সর্বক্ষণ শ্রীকৃষ্ণের স্থুখের সন্থানন (আবেশের সহিত ধ্যান)করিয়াও 'কিছুই সেবা করিতে পারিতেছি না, কিরূপভাবে শ্রীকৃষ্ণের ইন্দ্রিয়তৃপ্তি করিব ?'—এজন্ত যে সর্বক্ষণ প্রবলাংকণ্ঠা, তাহাকেই 'বিপ্রলম্ভ' বা 'কৃষ্ণবিরহ' বলে। শ্রীমন্মহাপ্রভু এই অতি উচ্চতম ভজনের কথাই জগতে বিতরণ করিয়াছেন। ইহা পূর্বে আর কখনও কোথাও বিতরিত হয় নাই।

গ্রন্থের পরিশিষ্টে শীচে ভক্তদেবের রচিত 'শিক্ষাইক' স্ট্রবা।

এই প্রকারে শ্রীমহাপ্রভু প্রথম চর্বিন্দ বংসর গৃহস্থলীলাভিনয়, দ্বিতীয় চর্বিন্দ বংসরের মধ্যে প্রথম ছয় বংসর সন্মাসিশিরোমণি আচার্যের লীলায় সমগ্র ভারতে শুদ্ধ-ভক্তি-প্রচার,
শেষ আঠার বংসরের মধ্যে প্রথম ছয় বংসর ভক্ত-সঙ্গে বাস ও
পুরীতে আচার্য-লীলাভিনয় এবং সর্ব শেষ বার বংসর অন্তরঙ্গ
ভক্তগণের সহিত সর্বক্ষণ রসাস্বাদন-লীলা প্রকাশ করিয়া
আটচল্লিশ বংসর-কাল প্রকটলীলা করিয়াছিলেন। অতঃপর
ভক্তগণকে অধিকতর বিরহে ও শ্রীকৃষ্ণভজনে উন্মন্ত করিবার
দ্বন্য স্বীয় প্রকটলীলা সঙ্গোপন করিয়াছিলেন। তজ্জ্যই
শ্রীরূপগোস্বামীপাদ শ্রীচৈতন্যদেবের অপ্রকটের পর বিরহব্যথিত
হইয়া গাহিয়াছেন-

পয়োরাশেস্তীরে ক্রছপবনালীকলনয়া মুহুর্ন্দারণ্য-ম্বরণজনিত-প্রেমবিবশঃ। কচিৎ ক্ষাবৃত্তিপ্রচলরসনো ভক্তিরসিকঃ স চৈতন্তঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্ততি পদম্।।

—'खन्माना'. श्रीहिटशास्त्रद्व व्यथमाहेक

সমুক্ততারে উপবনসমূহ দর্শন করিয়া মুত্র মূ্ভঃ বৃন্দাবন-স্মৃতিতে যিনি প্রেমবিবশ হইতেন, কখনও বা অবিরাম ঐক্ফ্রনাম-কার্তনে যাঁহার রসনা চঞ্চল হইত, সেই ভক্তিরস-র্সিক ঐতিচতত্যদেব কি পুনরায় আমার নেত্রের গোচরীভূত হইবেন ?

একে নশততম পরিচ্ছেদ অপ্রকট-শীলা

অনেকে প্রীচৈতগুদেবের অপ্রকট-লীলাকে বাধারণ মনুষ্মের দেহত্যাগের গণ্ডীর অন্তর্ভুক্ত করিয়া দেখিতে চাহেন! যোগিগণেরও দেহ অলক্ষিতভাবে অদৃশ্য হইবার ভূরি ভূরি প্রনাণ ভক্তবর শ্রীঞ্বের দশরীরে নিতাধামে গমনের পাওয়া যায়। কথা * শ্রীমন্তাগবতে দৃষ্ট হয়। আর, যে শ্রীচৈতক্যদেব যোগেশ্বর-গণেরও প্রমেশ্বর, ভক্তিযোগিগণের নিত্য ধ্যানের বস্তু, তাঁহার সচিদানন্দ-তমু কি প্রকারে অস্তৃহিত হইয়াছিল, তাহা একটুকু সেবোন্মুখ-প্রকৃতিস্থ হইয়। বিচার করিলেই তাঁহার রূপায় বুঝিতে পারা যায়। মহাপ্রভু প্রকটলীলা-কালেও বহুবার বহুস্থান হইতে অন্তর্ধান-লীলা প্রদর্শন করিয়াছিলেন, ইহা অচিন্তাশক্তি ভগবানের পক্ষে কিছুমাত্র অসম্ভব ব্যাপার নহে। যিনি সপ্তকীর্তন-সম্প্রদায়ের প্রত্যেক সম্প্রদায়ে একই সময়ে নৃত্য-কার্ত্তন-শীলা প্রকাশ করিয়াছিলেন, যিনি শ্রীশ্রীবাস পণ্ডিতের মৃতপুত্রের মুখে তত্ত্বকথা বলাইয়াছিলেন, যিনি বিস্চিকা ব্যাধিতে মৃতপ্রায় অমোঘকে স্পর্শমাত্র রোগমুক্ত ও স্কুস্থ করিয়া সেই মুহূর্তেই কৃষ্ণনামে নৃত্য করাইয়াছিলেন, যিনি প্রবল তরঙ্গে আলোড়িত সমুক্রের মধ্যে মহাভাব-মূছায় সমস্তরাত্রি অবস্থান করিয়াছিলেন, যে কৃপালু ভগবান্ গলিতকুষ্ঠ বাস্থদেবকে আলিঙ্গন করিবামাত্র স্থপুরুষ ও

^{*}জাঃ ৪।১২।৩**০ লোক দ্র**ইবা।

কৃষ্ণপ্রেমিক করিয়াছিলেন, সেই অচিন্ত্য অতর্ক্য অনন্ত ঐশ্বর্যপ্রকটনকারী শ্রীভগবানের সশরীরে অন্তর্হিত হওয়া বা একই
সময়ে বহুস্থানে প্রকটিত থাকা কিছু অস্বাভাবিক ও অসম্ভব
ব্যাপার নহে। শ্রীরামচন্দ্রাদি ভগবদবতারগণেরও সশরীরে ও
দপার্ষদে বৈকুণ্ঠ-বিজ্ঞাের কথা ভারতবর্ষে শান্ত্র-প্রসিদ্ধ ব্যাপার।
স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের সশরীরে অপ্রকট-লালায় প্রবেশের কথা
শ্রীমন্তাগবতে দৃষ্ট হয়।

লোকাভিরামাং সতন্ত্রং ধারণাধ্যান-মঙ্গলম্। যোগধারণয়াগ্রেয়াাহদগ্ধ। ধামাবিশৎ স্বক্ম্॥

-জা: ১১/৩১/৬

অর্থাৎ একি ধান-ধারণার বিষয়ীভূত লোকাভিরাম এ বিগ্রহ আগ্রেয়ী যোগ-ধারণার দারা দগ্ধ না করিয়াই নিজধামে প্রবিষ্ট হইয়াছিলেন।

সচ্ছন্দমৃত্যু যোগিগণ নিজদেহকে আগ্নেয়ী যোগধারণা-দারা দম করিয়া লোকান্তরে প্রবেশ করেন। পরস্তু ভগবানের অন্তর্ধান সেরূপ নহে, ভগবান্ নিজ নিত্য সচ্চিদানন্দ-তমু দম না করিয়াই ঐশরীরের সহিতই বৈকুপ্তে প্রবেশ করেন। উহার কারণ এই মে, তাঁহার শ্রীঅঙ্গে লোকসমূহের অবস্থান; স্মৃতরাং দর্ব-জগতের আগ্রয়-স্বরূপ তাঁহার শরীরটী দম্ম হইলে জগতেরও দাহ-প্রসঙ্গ উপস্থিত হয়।

অজাতো জাতবদ্ বিষ্ণুৱসুতো মৃতবত্তথা। মায়য়া দৰ্শয়েলিত)মজানাং মোহনায় চ।। ভগবান্ বিষ্ণু অজ্ঞান ব্যক্তিগণের মোহনের নিমিত্ত মায়া-বলে অজ্ঞাত হইয়াও জাত জাবের লায় এবং অমৃত হইয়াও মৃত জীবের লায় আনপাকে প্রদর্শন করেন।

শততম পরিচ্ছেদ গ্রীচৈত্যুদেবের রচিত গ্রন্থ

শ্রীচৈতগ্যদেব শ্রীসনাতন ও শ্রীকপের দ্বারা ভক্তিশাস্ত্র রচনা করাইয়াছেন। যে-ষে ভক্তিগ্রন্থ লিখিতে হইবে, উহাদের সূত্র-সমূহ তিনি কাশীধামে অবস্থান-কালে শ্রীসনাতনকে বলিয়া দিয়াছিলেন। শ্রীদনাতনের রচিত 'শ্রীবৃহন্তাগবতামৃত,' 'শ্রীবৃহন্-বৈষ্ণবতোষণী,' 'শ্ৰীকৃষ্ণগীলান্তব' মহাপ্ৰভুৱই সিকান্তপূৰ্ণগ্ৰন্তৱাজ। শ্রীরপের রচিত 'শ্রীসংক্ষেপ-ভাগবতামৃত.' শ্রীভক্তিরসামৃতসিন্ধু, 'শ্রীউজ্জ্বনীলম্বি' গ্রন্থও তদ্রপ। মহাপ্রভ্ প্রয়ার ঔ-সকল প্রন্থের সূত্র শ্রীরূপকে বলিয়াছিলেন। শ্রীরূপের 'শ্রীললিতমাধব,' 'শ্রীবিদশ্বমাধব'-প্রভৃতি নাটক এবং শ্রীসনাতনের কতিপয় রচনা শ্রীমহাপ্রভু স্বয়ং দেখিয়া পূর্ণভাবে অনুমোদন করিয়াছিলেন। শ্রীল গোপাল ভট্টগোস্বামিপাদ, শ্রীল রঘুনাথ দাসগোসামিপাদ ও পরবর্তিকালে শ্রীল শ্রীজীবগোস্বামিপাদ যে-সকল গ্রন্থ রচনা করিয়াছিলেন, তাহাও মহাপ্রভুর প্রদত্ত প্ত সিদ্ধান্ত অবলম্বন করিয়াই রচিত হইয়াছে।

'কুমারহট্ট' বা 'হালিসহর'-নিবাসী শ্রীল শিবানন্দ সেন প্রতি-বৎসর বহু গৌড়ীয় ভক্তকে লইয়া শ্রীনীলাচলে শ্রীচৈতগুদেবের এ বিলাম্ভিকে গমন করিতেন। প্রীশিবানন্দের প্রোষ্ঠ পুত্র শ্রী-চৈত্তগুদাস ও ক্নিষ্ঠ পুত্র শ্রীপরমানন্দদাস ('কবিকর্ণপূর') ঞ্জী চৈতন্যদেবের দর্শন ও কুপা লাভ করিয়াছিলেন এবং স্বচকুতে শ্রীশ্রীগোরস্তন্দরের বিভিন্ন লীলা দর্শন করিয়াছিলেন। কেই কেই বলেন,—'শ্রীচৈতগুচরিত-মহাকাব্য' শ্রীশিবানন্দের কনিষ্ঠ পুত্র কবিকর্ণপুরের লিখিত বলিয়া উক্ত হইলেও * শ্রীল শিবানন্দের জোষ্ঠ পুত্র শ্রীচৈতত্মদাসই প্রকৃতপক্ষে উক্ত গ্রন্থ রচনা করিয়াছেন। ইহাতেও শ্রীচৈতম্যদেবের বিস্তৃত চরিত-কথা পাওয়া যায়। শ্রীল শিবান্যান্তর কনিষ্ঠ পুত্র—যিনি জ্রীপরমাননদদাস বা জ্রীপুরীদাস অথবা 'শ্রীকবিকর্ণপূর'-নামে বিখ্যাত, তাঁহারই মুখে শ্রীচৈতগুদেব নিজ পদাস্বষ্ঠ প্রদান করিয়াছিলেন। ইনিই 'গ্রীচৈতম্য-চন্দ্রোদয়-নাটকে' ও 'শ্রীগৌরগণোদ্দেশদীপিকা'য় শ্রীচৈতগুদেব ও তাঁহার পার্নদরন্দের চরিত বর্ণন করিয়াছেন। শ্রীল লোকনাথ গোস্বামি-প্রভু শ্রীগৌরস্থন্দরের প্রিয় পার্যদ ছিলেন ; তাঁহার শ্রীমূথে শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় শ্রীচৈতগুদেবের যে-সকল উপদেশ শ্রবণ করিয়াছিলেন, তাহাই সর্বসাধারণের জন্ম বক্ষভাষায় 'প্রার্থনা' ও 'প্রেমভক্তি-চম্দ্রিকা-এস্থে লিপিবদ্ধ করিয়াছেন।

শ্রীমুরারিগুপ্ত শ্রীমন্মহাপ্রভুর শ্রীনবদ্বীপ-লীলার সঙ্গী ছিলেন, আর শ্রীম্বরূপদামোদর 'পুরী'তে সর্বক্ষণ মহাপ্রভুর সঙ্গে থাকিয়া

শ্রীচৈতফচরিত-মহাকাবা ২•।৪৬

ষ্ঠাহার অন্যালীলা স্বচক্ষতে দর্শন করিয়াছেন। তাহারা উভয়েই শ্রীমন্মহাপ্রভুর লীলা, চরিত, শিক্ষা, ভঙ্গনাদর্শ, তর ও সিদ্ধান্ত লিপিবদ্ধ করিয়া রাখিয়াছেন। তাহা যথাক্রমে শ্রীমুরারিগুপ্তের কড়চা'ও 'শ্রীধরপদামোদরের কড়চা' নামে খ্যাত। শ্রীম্বরূপ-দামোদরের কড়চা-অবলম্বনে শ্রীল রবুনাথ দাসগোস্বামিপাদ শ্রী-চৈত্যদেবের লীলাত্মক কতিপয় স্তব ও প্রভুর দিন্ধান্তপূর্ণ গ্রন্থ রচনা করিয়াছেন। শ্রীল দাসগোস্বামিপাদের শ্রীমূধ হইতে শ্রবণ করিয়াই শ্রীল কৃঞ্ডদাস কবিরাজগোস্বামী শ্রীচৈত্যদেবের চরিত অর্থাৎ 'শ্রীচৈতগুচরিতামূত' গ্রন্থ রচনা করিয়াছেন। শ্রীমন্মহা-প্রভুর অভিন্নাত্মা শ্রীমন্নিত্যানন্দের সাক্ষাৎ শিশ্ব এবং খ্রীশ্রীবাস পণ্ডিতের দৌহিত্র (ভ্রাতৃত্বহিত্রাক্সজ) ছিলেন—শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর। তিনি শ্রীনিত্যানন্দপ্রভু, শ্রীঅবৈতাচার্যপ্রভু, শ্রীশ্রীবাস পণ্ডিত ও শ্রীগৌরভক্তগণের শ্রীমুখে শ্রীমহাপ্রভুর লীলা-কথা শ্রবণ করিয়া 'শ্রীচৈতগ্যভাগবত'-গ্রন্থ নিধিয়াছেন। শ্রীমুরারি গুপ্তের কড়চা অবলম্বন করিয়া শ্রীকুলাবনদাস ঠাকুর শ্রীচৈত্য-ভাগবতে শ্রীমন্মহাপ্রভুর লীলা ও শিক্ষা গুল্ফিত করিয়াছেন। এইসকল গ্রন্থই শ্রীমন্মহাপ্রভুর চরিত-সম্বন্ধে প্রামাণিক গ্রন্থ।

শ্রীচৈতত্যদেব স্বয়ং 'শিক্ষাফ্রক'- নামে খ্যাত আটটা শ্লোক রচনা করেন; তাহাতে তাঁহার শিক্ষার সার নিহিত রহিয়াছে। এতদ্-ব্যতীত শ্রীমহাপ্রভুর রচিত আরও কয়েকটা বিকিপ্ত শ্লোক পাওয়া বায়। তাহা শ্রীল রূপগোস্বামি-প্রভু "শ্রীপত্যাবলীতে' প্রকাশ করিয়াছেন। মহাপ্রভু দাক্ষিণাত্যের পয়স্বিনী-নদীর তীরত্ব 'আদি কেশব'-মন্দির হইতে 'শ্রীব্রহ্মসংহিতা'ও ক্ষেবেণ্বা'র তীর হইতে 'শ্রীকৃষ্ণকর্ণামূত'-নামক তুইটী গ্রন্থ আনয়ন করিয়া উহাতে যথা-ক্রমে তাঁহার প্রচার্য তত্ত্বসিদ্ধান্ত ও রসসিদ্ধান্তের বিচার জগতে প্রকাশ করিয়াছেন।

শুলিশ্রিসেন্দরের প্রকটকালীয় পার্ঘদগণের মধ্যে আরও অনেকে গৌডীয়ভাষায় ও সংস্কৃতভাষায় বহু পদাবলী ও সিদ্ধান্ত-গ্রন্থ রচনা করিয়াছেন। জ্রীশিবানন্দ সেন, জ্রীবাস্ত ঘোষ, শ্রীমাধব ঘোষ, শ্রীগোবিন্দ ঘোষ, শ্রীরামানন্দ রায়, শ্রীনরহরি সরকার ঠাকুর, শ্রীমুরারি গুপু, শ্রীরামানন্দ বস্তু, শ্রীবাস্থদের দত্ত ঠাকুর, শ্রীজগদানন্দ পণ্ডিত, শ্রীবংশীবদন, শ্রীমাধব দেবী প্রভৃতি শ্রীগৌর-পার্ষদগণ পদাবলী রচনা করিয়া শ্রীগৌরহরির বিভিন্ন-লীলা গ্রন্থন করিয়াছেন। খ্রীরঘুনাথ ভাগবতাচার্য সমগ্র শ্রীমন্তাগবতের পঞ্চালুবাদ করিয়াচেন। তাঁহার রচিত গ্রন্থের নাম —'শ্রীকৃষ্যপ্রেম-তর্গিণী'। পানিখাটি-নিবাসী শ্রীরাঘব পণ্ডিত-গোস্বামী 'শ্রীভক্তি-রব্মপ্রকাশ', শ্রীলোকনাথ গোসামিপাদ ও শ্রীশ্রীনাথ পণ্ডিত শ্রীমন্তাগবতীয় দশম স্বন্ধের টীকা, শ্রীল নরহরি সরকার ঠাকুর 'শ্রীকৃষণভজনামৃত', উৎকলনিবাসী শ্রীকানাই খুঁটিয়া 'মহাভাব-প্রকাশ', শ্রীপ্রবোধানন্দ সরস্বতীপাদ শ্রী'চৈতগ্য-চন্দ্রানত' ও 'শ্রীবৃন্দাবনশতক'-প্রভৃতি গ্রন্থ রচনা করিয়াছেন।

একাধিক শততম পরিচ্ছেদ শ্রীটেভন্যদেবের প্রচার ও সিদ্ধান্ত

শ্রীমন্মহাপ্রতু যে চরিবল বংসর গৃহস্থলীলা অভিনয় করিয়াজিলেন, তংকালে
শ্রীশ্রীবাস-অসনে, গঙ্গাতীরে: চতুপাঠীতে, পথে-পথে ও পরীর স্থার-স্থারে আপামরসাধারণের নিকট হরিনাম-মাহায়াও হরিকীর্ত্তনের কর্ত্তবাতা প্রচার করিয়াছিলেন ,
পরে সমাসে- অবলম্বন-পূর্বাক শ্রীপুক্ষরোত্তমান্ধতে শ্রীনার্কান্তীর ভটাচাব-প্রভূতিকে,
বিস্তানগরে শ্রীরায়রামানন্দকে, ক্লিণলেলে শ্রীবেক্টি ছটা- প্রভূতিকে, প্রয়াল শ্রীরাশ্রীকে এবং ভঙ্গীজনে শ্রীবৃশ্বিত ইপাবার ও শ্রীবৃদ্ধত উপাবার ও শ্রীবৃদ্ধত উপাবার ও শ্রীবৃদ্ধত করিকান্ধ্রীপতি শ্রীস্থানান্দ সর্বভটাতক বে-ব্রুব বারাশ্রীতে শ্রীস্থাতিকেন, তাহাতেই শ্রীমহাপ্রভূত শিক্ষা গোম্য লাভ করা বার। ১

লগজীবের প্রতি অপার দয় প্রকাশ করিয়া দ্বীনগুরাপ্রভূ দমন্ত ভারতে বিভন্ধ বৈশ্ববর্ধন প্রচার করিয়াছিলেন। কোন দেশে প্রধারকার করেন, কোন কোন নেশে প্রচারক পাঠাইল। এ কার্য দশর করেন। প্রচারকাশকে অসীমশন্তি-স্পীনপূর্বক দেশে দেশে পাঠাইলাছিলেন। প্রেমপুরে মলাপ্রভূব প্রচারকাশ কার্য করিতেন। তাহারা কোন দেতন বা পুরস্কার আশা কারেন নাই।"—"প্রীচেতন্ত্রশিক্ষামৃত্য", প্রীল ভক্তিবিনোল ঠাকুর।

শ্রীচৈত্যদেব শ্রীভাগবতধর্ম প্রচার করিয়াছেন। ভাগবতধর্মের সিন্ধান্ত-অনুসারে পরত্ব—অব্যক্তান বা অবিতীয়-তব।
তাঁহার ত্রিবিধ-প্রতীতি—(ক) 'ব্রহ্ম', (খ) 'পরমায়া' ও (গ)
'ভগবান্'। পরত্ব 'সনাতন' অর্থাং নিতা, পূর্ব' অর্থাং অর্থন্ত ও
'পরমানন্দ' অর্থাং সং, চিং ও আনন্দ-স্বরূপ। পরত্ত্বের আনন্দ হই প্রকার—(১) তাঁহার স্বরূপের আনন্দ ও (২) স্বরূপ- শক্ত্যানন। স্বরূপশক্তির আনন্দে অধিক বিলাস ও বিচিত্রতা আছে। বৈশিষ্টা বা ধর্ম যেখানে প্রকাশিত হয় না, তাহাই 'ব্রহ্ম'। रिश्टाल ७१, धर्म वा भक्ति वञ्चत शतिहरा मान करत ना ; जथह চেতন ও সন্তাময়, সেই চুর্নির্নেয় তত্ত্বই 'ব্রহ্ম'। তৎপরেই ঈশ্বর, পুরুষ, অন্তর্গামী বা পরমাত্রা। এই 'পরমাত্রা' সর্বব্যাপক ও সর্ব-নিয়ন্তা। তাঁহার সন্তায় সকলের সন্তা ; তাঁহার অসন্তায় অর্থাৎ মহাপ্রলয়ে নিজ্ঞিয়াবস্থায় সকলের অসন্তা। তিনি মায়া ও জীবকে প্রকট করিয়া নিয়মন করেন। প্রতিজীবের হাদয়পুরে তিনি অন্তর্যামী নিয়ামকরূপে অবস্থান করেন। আর 'শ্রীভগবান' এক-মাত্র স্বরূপশক্তির সহিত বিলাস করেন। ব্রহ্ম, প্র্যাগা, শ্রীনারায়ণ বা শ্রীকৃষ্ণ-একই তত্ত্ব। কেবল শক্তির প্রকাশ ও আবির্ভাবের তারতম্য আছে। প্রতত্ত্বের পূর্বতম আবির্ভাবই —<u>শ্রীরু</u>ষ্ণ । পরতত্ত্বের সর্ববৈশিষ্ট্যের মধ্যে শ্রেষ্ঠ বৈশিষ্ট্য এই যে,—তিনি ভালবাসেন এবং ভালবাসা স্বীকার করেন। তিনি সর্বাপেক্ষা ঘনিষ্ঠ ও প্রিয়তম। কেন তাঁহাকে ভালবাসা যায়, তাহার কোন কারণ নাই। কারণ, ভালবাসা ও ভালবাসা স্বীকার করা—তাঁহার স্বরূপেরই নিত্যসিদ্ধ-স্বভাব।

শ্রীভগবৎ-তত্ত্ব এক অদিতীয় হইয়াও শক্তির প্রকাশভেদে বিভিন্ন নিত্য নাম, নিত্য রূপ, নিত্য গুণ, নিত্য-লীলা ও নিত্য পরিকরে প্রকাশিত। শ্রীমৎস্য, শ্রীকৃর্ম, শ্রীবরাহ প্রভৃতি ভগবত্তবে আংশিক-শক্তির আংশিক প্রকাশ। ইহাদের অপেক্ষা প্রীনৃসিংই ও শ্রীরামচন্দ্রের মধ্যে অধিকশক্তির প্রকাশ। শ্রীকৃষ্ণে পরিপূর্ণ

শক্তির প্রকাশ। শ্রীকৃষ্ণস্বরূপের মধ্যে শ্রীবারকেশ 'পূর্ণ', শ্রীক্ষণুরেশ 'পূর্ণতর' ও শ্রীগোক্লেশ 'পূর্ণতন'। শ্রীগোক্লেশ শ্রীকৃষ্ণভিন্ন অন্ত ভগবদ্ধিরের ভক্ত তাঁহার উপাস্থাকে এত ভালবাদেন না , বা অন্ত ভগবদ্বিগ্রহও তাঁহার ভক্তকে এত ভালবাদেন না। স্বরং ভগবানের ভক্তবাৎসল্য এবং তদীয়-ভক্তের ভক্তি উভয়ই অস্মোধ্ব

অংশী ভগবতত্ত্বর যেরূপ সামর্থ্য, যেরূপ সরূপ, যেরূপ স্থিতি, স্বাংশেরও সেইরূপ। স্বাংশ ও অংশীর মধ্যে সামান্যও ভেদ নাই, তন্মধ্যে কেবল শক্তিপ্রকাশের তারতমা ও লালার বিচিত্রতা প্রকাশিত।

জীব ভগবানের 'বিভিন্নাংশ'—বিশেষরূপে ভিন্ন অংশ অর্থাৎ জীবশক্তি বিশিষ্ট শ্রীভগবানের অংশ, কিন্তু ক্ষাের শুক্ত অংশ বা লীলাবতারাদি স্বাংশের লায় শক্তিমান অংশ ব বিষ্কৃত্ত্ব নহে। শক্তিমানের স্বরূপসিন্ধা শক্তিরই বিবিধ বিক্রম—(১ 'চিৎ-শক্তি' বা স্বরূপশক্তি। ইনি শক্তিমানের সঙ্গে পাকেন, শক্তিমানকে স্বর্ধ দেন—আনন্দ দেন। যিনি ভগবান্কে আনন্দ দেন, তিনিই ভক্তকেও পুথা করেন। (২) 'অচিৎ-শক্তি' বা বিরূপশক্তি,ইহাকেই বলে 'মায়া'। ইহা জীবকে শক্তিমান্ হইতে ঢাকিয়া রাথে, তাঁহাকে দেখিতে দেয় না, ভোগা দেয়। (৩) এই তুই শক্তির মধাবর্তী স্থানে (তটে) অবস্থিতা তটস্তা 'জীবশক্তি'; ইহা অণুচেতন, অনস্ত ও নিতা। জীব—পরমাত্মার বৈভব; আর স্বরূপশক্তি—শ্রীভগবানের বৈভব।

মংস্থা, কুম, বরাহ-প্রভৃতি স্বাংশ ভগবত্ত্ত্বগণ—পরমেশ্বর।
তাহারা ভগবদংশ বলিয়া কথিত হইলেও বিভিন্নাংশ জীবের ছায়
নহেন। যেমন, তেজের অংশী সূত্য আর তেজের অংশ থছোত
উভয়েই অথও তেজের অংশ হইলেও সূর্য ও জোনাকি পোকা
এক নহে। মহাপ্রভাবশালী ঋষি, মন্ত্র, দেবতা, মনুপুত্র,
প্রজাপতি ইহারা—শ্রীহরির বিভৃতি। মহত্তম জীবে শ্রীভগবানের
অঙ্গশক্তি প্রকাশিত হইলে 'বিভৃতি' ও অধিকশক্তি প্রকাশিত
হইলে 'আবেশাবতার' বলা যায়। দেবতাগণ—তেজোময় শরীরবিশিষ্ট সন্তগুণ-যুক্ত, সচ্ছন্দগতি, মানবের পূজা, ভক্তের
অভিলষ্টিত-বর-দাতা স্বর্গলোকবাদী।

দেবতাগণের মধ্যে দেবরাজ ইন্দ্র শ্রেষ্ঠ। স্বর্গলোকে বামনরপী শ্রীউপেন্দ্র (ইন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা) পত্নী 'কীতি'র সহিত সর্বদা ইন্দ্রুকে বিপদ্ হইতে রক্ষা ও তাঁহার পূজা গ্রহণ করিতেছেন। এই ইন্দ্র হইতে রক্ষা শ্রেষ্ঠ । ব্রহ্মলোকে সহস্রশীর্যা যজ্ঞাধিষ্ঠাতা মহাপুরুব ভগবান্ শ্রীলক্ষ্মীদেবীর সহিত আবিভূতি হইয়া ব্রক্ষার প্রদত্ত যজ্ঞভাগ গ্রহণ করেন। শ্রীব্রহ্মা হইতে শ্রীমহাদেব শ্রেষ্ঠ । ইনি কৈলাস পর্বতে ঈশান কোণের পালকরূপে পরিবারবর্গবিষ্ঠিতা শ্রীউমাদেবীর সহিত শ্রীসঙ্কর্ষণ বিষ্ণুর সেবা করিতেছেন। শ্রীমহাদেব হইতে শ্রীপ্রস্থলাদ শ্রেষ্ঠ । ইনি ভগবন্ধক্রের আদর্শ ; ইনি স্কৃতলে ধ্যানযোগে শ্রীশ্রীনৃসিংহদেবের সেবা করিতেছেন। শ্রীপ্রস্থলাদ হইতে শ্রীরাম্চন্দ্রের নিত্য দাস্থ করিতেছেন। শ্রীহনুমান্ হইতে পাণ্ডবগণ

শ্রেষ্ঠ। ই হারা বন্ধু ও স্বজনের সহিত শ্রীকৃষ্ণের প্রেমপাত্র ও রূপা-পাতা। পাণ্ডবগণের জন্ম একুঞ্চ নিজপ্রতিজ্ঞা ভঙ্গ করিয়াছেন; ভাঁহাদের সার্থির কার্য, মদ্রিত্ব, দৌত্য, অনুগমন, স্তব ও নতি করিয়াছেন। পাণ্ডবগণ অপেক্ষাও যাদবগণ শ্রেষ্ঠ। শ্রীদারকা-পুরে যাদবগণ সাধারণ মনুষ্মের তায় দেহ-গেহ-কর্মে বাস্ত থাকিয়াও শ্রীকৃষ্ণে প্রেমবশতঃ নিজ-নিজ স্ত্রী-পুত্রাদিকেও বিস্মৃত হন। যাদবগণের মধ্যে আবার মহিবীগণ, তদপেকা এ। সম্বর্ধ ও প্রীপ্রহায় শ্রেষ্ঠ। ই হাদের অপেকাও শ্রীউন্ধর শ্রেষ্ঠ। দারকায় শ্রীকৃষ্ণের নিজমূতি অপেকাও শ্রীউদ্ধব শ্রীকৃষ্ণের অধিক প্রিয়। ত্রক্ষাদি শ্রীকৃষ্ণের পুত্রগণ, সম্বর্গণাদি প্রাতৃগণ, শিবাদি স্থাদ্গণ, রমাদি ভার্যাগণ, অথবা শ্রীক্ষের নিজমূর্তিও শ্রীক্ষবের ত্যায় একুদের প্রিয় নহে। * এউদ্ধর হইতেও এত্রজদেবীগণ শ্রেষ্ঠ। দুস্তাজা স্বজন ও বিধিপথ-পরিত্যাগকারিণী এক্রিঞ্গত-প্রাণা জীবজতুকরাগণের জীপাদপল্দের জীবুকাবনীয় গুলা, লতা ও ওষ্ধির মধ্যে জন্ম প্রাথনা করিয়া শ্রীউদ্ধব শ্রীবজদেবীর মাহাত্মা জ্ঞাপন করিয়াছেন। ক সেই ব্রজদেবীগবের মধ্যে আবার সমস্ত ইন্দ্রিয়ে সর্বতোভাবে, স্বদা, সর্বশ্রেষ্ঠ আরাধনাকারিণী শ্রীরাধিকা সর্বশ্রেষ্ঠা। উপাসকগণের মধ্যে তাঁহার তাম শ্রেষ্ঠ ও শ্রীভগবানের প্রেষ্ঠ আর কেহ নাই। শ্রীভগবানের প্রতি প্রীতির গাঢ়তার তারতমা হইতেই ভক্তের এইরূপ তারতমা সতঃই প্রকাশিত হইয়াছে।

^{+ 31 30 89143} * @1: >>|>8|>4

অনাদিকাল হইতে জীব পরতত্ত্বের উপাসনা ভূলিয়া গিয়া অপর দিকে মুখ ফিরাইয়া থাকায় সেই বিমুখতার ছিদ্র পাইয়া মায়া জীবের বন্ধনের কারণ—জীবের সকল ছুঃখের মূল যে জড়প্রধান, উহার সহিত আত্মবোধ করাইয়া ত্রিতাপ ছুঃখ দিতেছে। বর্তমানে জীবের প্রথম কার্য—পরতত্ত্বের দিকে অন্ততঃ ঘাড়ফিরান। নিজে প্রকৃত কর্তা না হইয়াও বদ্ধজীব কত্ত্বাভিমানে যে কার্য (কর্ম) করিতেছে, সেইটাই তাহার বদ্ধনের কারণ। যাহা কর্মা বন্ধনের কারণ, তাহাই কখনও মুক্তির কারণ হইতে পারে না। স্তত্তরাং নৈদ্ধর্ম্য আসাদরকার। ঘাড় ফিরানই হইল কর্মার্পণ;ফলটা আত্মসাৎ না করাই কর্মার্পণ। এই ফলকামনা ত্যাগ হইল—উপাসনার পুর্বাভাস।

পরতত্ত্ব—মায়ার প্রভু। যে ব্যক্তি পরতত্ত্বে বিমুখ, তাহার পরতত্ত্ব-বাতীত দিতীয় বস্তুতে আত্মবোধ ও তাহাতে অভিনিবেশ হয়। দিতীয়াভিনিবেশ হইতেই ভয় উপস্থিত হয়। যেখানে ভীতি, সেখানে ভগবৎগ্রীতি নাই। মায়ার ভজনের দারা মায়া হইতে উদ্ধার পাওয়া যায় না। য়াঁহার মায়া, যিনি মায়ার প্রভু, সেই মায়াবীর আশ্রয় গ্রহণ করিলেই মায়ার রহস্য উদ্ঘাটিত হয়। শ্রীগুরুদেবে ঈশর ও প্রেষ্ঠদৃষ্টি-যুক্ত হইয়া মায়াধীশের ভজনের আভাসেই মায়া হইতে উদ্ধার লাভ করা যায়। *

যাঁহার সহিত জীবের নিতা সম্বন্ধ আছে,সেই উপাস্থ বস্তুকেই 'সম্বন্ধি-তত্ত্ব' বলে। সেই সম্বন্ধী বস্তুর প্রাপ্তির উপায় বা তদ্বিধ্যে

^{*} जाः >>।२।७१।

কৃত্যই সাক্ষাং 'অভিধেয়'। কর্মাণ বা কর্মার্পণ গৌণ উপায়; জ্ঞান, যোগ ও সাক্ষাদ্ভল্টিই—াণ্য উপায়। জ্ঞান ও যোগকে 'বিচারপ্রধান পথ' এবং ভল্টিকে 'কচিপ্রধান পথ' বলা ইইয়াছে। অতনিরসনই জ্ঞানমার্গের প্রধান কৃত্য বা অভিধেয় এবং ক্রক্ষাযুজ্য ইহার প্রয়োজন। ইন্দ্রিয়াধিষ্ঠাতা পর্মান্থার প্রতি বিমুধ্ ইন্দ্রিগ্রামকে প্রত্যাহার পূর্বক একমুখী করাই—যোগমার্গের কৃত্য বা সাধন। পর্মান্থার উপাসনাটা ভল্টির আকাররূপ ধ্যান ও সমাধির অবীন না হইলে সকলা হয় না। যোগমার্গের প্রয়োজন ক্রমমুক্তি অর্থাৎ পর্মান্থায় সাযুজ্যাদি প্রাপ্তি। এই ক্রম্ব-সাযুজ্য ব্রক্ষ-সাযুজ্য অপেক্ষাও ঘৃণিত: কেন না, ইহাতে সাধনের প্রাথমিক অবস্থায় ভগ্বদ্বিগ্রন্থর স্থাকার ও তাহার আনুগত্যের অর্থাৎ ভল্টির ভাণ আছে।

বিমূখ জীবের উদ্মধ হওয়ের একমাত্র নিদান—সাধ্সক।
শাস্ত্রমূতি সাধু বা মহৎই জ্লাদিনীশক্তির দূত। সর্বক্রেপ্ঠ সাধু বা
মহৎই—শ্রীগুরুদেব। তিনি পরব্রেক্স প্রচুররূপে নিষ্ঠালাভ করিয়াছেন। নৈষ্ঠিকী ভক্তিহেতু তিনি ভগবানে পরমাবিষ্টতা-প্রাপ্ত।

অজাতরুচি ব্যক্তির পক্ষে বিচারপ্রধান মার্গ, আর জাতরুচি ব্যক্তির পক্ষে রুচিপ্রধান মার্গ। বিচারপ্রধান মার্গ মনীষা বা মস্তিকের পথ। স্বীয় অযোগ্যতার তীত্র অনুভূতি হইতে রুচির উদয় হয়। প্রীতির আধার হৃদয়ই এই রুচির আবির্ভাব-স্থান।

সকল অভিধেয় বা সাধনের মধ্যে ভক্তিই সর্বশ্রেষ্ঠ অভিধেয় ; কেন না, অস্থান্য সাধনের যাহা ফল, তৎসমস্তই ভক্তি নিরপেক্ষ- ভাবে অনায়াদে দান করিতে পারে; কিন্তু ভক্তির যে ফল, তাহার আভাগও অগ্রাগ্ত সাধনের দ্বারা পাওয়া যাইবে না। যদি ভগবানের স্থথের চিষ্টাযুক্ত-ভক্তি অনুষ্ঠিতা হয়, তাহা হইলে তাহা শীঘ্রই সাধ্যভক্তি প্রীতিতে পর্যবসিত হয়। শ্রীভগবানের স্থ্য-চিন্তাযুক্ত, নিরবহ্হিন্ন অমৃতধারাবৎ স্মৃতি-সংযুক্ত যে নববিধ ভক্ত্যন্ত—ইহাই কেবলা,অকিঞ্চনা বা সন্ত্ৰপসিদ্ধা ভক্তি। বৰ্ণা শ্ৰ<mark>ম-</mark> ধর্ম-পালনের দারা যে বিফুতোষণ, তাহা ভক্ত্যাভাসমাত্র। তাহার দারা চিওশুদ্ধি হয়,আত্মার প্রদন্ধতা বা মুক্তিলাভ হইতে পারে, কিন্তু শ্রীভগবানের প্রীতিলাভ হয় না। নিরন্তর আবেশ-ময়ী অকিঞ্চনা ভক্তিদারাই প্রীতি অর্থাৎ শ্রীকৃফের মাধুর্যের অনুভব ও লীলারসের আস্বাদন হয়। বর্ণাশ্রমধর্ম পরিত্যাগপূর্বক শাস্ত্রবিধি-অনুসারে ভজনই—'বৈধী সাধনভক্তি', ইহাকে 'অন্যা ভক্তি'ও বলা যায়। আর ছভিক্তি-সহকারে অভিমানযুক্ত হইয়া ভজনই 'রাগানুগা ভক্তি'; ইহার অপর নাম—'অনগা ভাবভক্তি। 'ভাবভক্তি' ও 'প্রেমভক্তি' উত্তরোক্তর গাঢ়। প্রেম-ভক্তি সর্বশ্রেষ্ঠ প্রয়োজন।

শ্রীকৃষ্ণতৈতগ্রদেব তাঁহার স্বর্তিত 'শিক্ষান্টকে' * নিম্নলিখিত উপদেশসমূহ প্রদান করিয়াছেন ঃ —

১। শ্রীকৃষ্ণ-সংকীর্তনই সর্বশ্রেষ্ঠ ভঙ্গন। শ্রীকৃষ্ণ-সংকীর্তনে চিত্তদর্শণ সমগ্রভাবে মার্জিত হয়, ভীষণ সংসার-দাবানল হেলায় সর্বতোভাবে নির্বাপিত হয়, সর্বশ্রেষ্ঠ আত্মমঙ্গল পূর্ণবিক্ষিত

^{*} পরিশিষ্টে 'শিক্ষান্তক' দ্রন্থবা।

হয়। শ্রীকৃষ্ণ-কীর্তন-পরবিদানে বা ভক্তির জীবনস্কুপ, শ্রীকৃষ্ণ-কীর্তন—প্রেমানন্দের সংবর্ধ নকারী, শ্রীক্ষ-কীর্তন-পদে-পদেই পরিপূর্ণ অমৃত আস্বাদন করাইয়া থাকে এবং শ্রীকুষ্ণ-কীর্তন-প্রভাবেই জীবগণ সুশীতল একিফ-পাদপদ্ম-সেবাসমুদ্রে অবগাহন করিতে পারে।

২। নাম ও নামীতে কোনও ভেদ নাই। নামী ভগবান্ তাঁর নিজনামে সর্বশক্তি অর্পণ করিয়া তাহা জগতে অবতার্প করাইয়াছেন: নামকীর্তনের কালাকাল, স্থানাস্থান বা পারা-পাত্রের বিচার নাই। কিন্তু তুর্দেব অর্থাৎ অপরাধ থাকি**লে** । **্রম** কৃচি হয় না। দেই অপরাধ দশ প্রকার, তন্মধ্যে মহতের নিন্দাই প্রথম অপরাধ।

ে। তৃণ হইতেও সুনীচ, তরু হইতেও সহিষ্ণু, নিজে অমানী ও অপরের প্রতি ম'নদানকারী হইয়া সর্বক্ষণ হরিনাম কীর্তন করিতে হইবে।

'তৃণাদপি সুনীচ'-বাকোর অর্থ এই যে, জীব এই জড়জগতের অন্তৰ্গত কোন বস্তু নহে: বস্তুতঃ ভীব—অপ্ৰাকৃত অণুচৈতন্য,

দশাপরাধ—(১) সাধুনিকা: (২) অন্তেবে কতত ঈবরবৃত্তি এবং কৃতের নাম, রূপ. গুণ ও লীলাকে কৃষ্ণ্ররূপ হইতে পৃথগ বুলি . (৩) নামত্রবিধ্ গুলুর প্রতি অবজা: (6) নামমহিমবাচক শাহের নিলা: (৫) শালে নামের যে মাহাল্মাও কল লিখিত আছে, তাহাতে অর্থবাদ করিছা কলনা মনে করা; (৬) নামবলে পাপবৃদ্ধি; (৭) শ্রন্ধাহীন বাজিকে নাম উপদেশ করা: (৮) অনা গুভকর্মের সহিত হরিনামকে সমান মনে করা; (৯) নামগ্রহণ-বিষয়ে অনবধান; (১٠) 'আমি ও আমার' আসন্তি-ংমে নামরমাহাক্স জানিয়াও তাহাতে জীতি না করা।

শ্রীহরি গুরু-বৈফ্রব-পাদপদ্মের নিত্যরেণু অর্থাৎ তাহাদের নিত্য দেবকানুসেবক।

- ८। औरतिकीर्जनकाती औरतिनात्मत निकरे थन, जन, স্তুন্দরী কামিনী, জাগতিক কবিস্ব বা বিদ্যা অর্থাৎ কনক-কামিনী-প্রতিষ্ঠা প্রার্থনা করিবেন না। অধিক কি, পুনর্জন্ম হইতেও নিক্ষৃতি বা মুক্তি,ত্রিতাপ-জ্বালার শান্তিও চাহিবেন না। প্রতিজ্ঞ্যে শ্রীকৃফ-পাদপদ্মে অহৈতুকী ভক্তি অর্থাৎ শ্রীকৃষ্ণের স্থানুসন্ধান-ব্যতীত অন্ত কামন। করিলে কখনও কৃষ্ণপ্রেম লাভ হইবে না।
- c। জীব নিজের স্বরূপকে এীকৃষ্ণ-পাদপদ্মের ধুলিকণা-সদৃশ জানিয়া সর্বদা উৎকণ্ঠার সহিত শ্রীকৃষ্ণের স্তথানুসন্ধান করিবে।
- ৬। নাম গ্রহণ করিতে করিতে সিদ্ধির বাহ্যলক্ষণে অফী সাত্ত্বিক বিকারসমূহ সতঃই অঙ্গে প্রকাশিত হইবে।
- ৭। সিদ্ধির অন্তর্ল ক্ষণে শ্রীকৃষ্ণসন্তোষ্চিন্তা-ব্যতীত নিমেষ-কালও যুগের খ্যায় মনে হইবে। অন্তরের অকৃত্রিম সেবা-ব্যাকুলতা জনিত অশ্রু বর্গাকালের বারিধারার ন্যায় প্রবাহিত হইবে, কুফু-বিরহ-ব্যাকুলতায় সমস্ত জগৎ শূন্যবোধ হইবে অর্থাৎ জগদ্-ভোগের পিপাসার পরিবর্তে সকলবস্তুর দ্বারা কেবল শ্রীকৃষ্ণ-সত্যেষ-বিধানার্থ আবেশময়ী ব্যাকুলতা হইবে।
- ৮। শ্রীকৃষ্ণ তাঁহার নিরস্কুশ ইচ্ছাবশতঃ যদি কুপাপুর্বক দর্শন मान करतन— छाल, जात यिन (मथा ना मिया प्रगाश्क करतन, তথাপি সেই স্বতম্ত্র পরমপুরুষের অব্যভিচারিণী সেবার আশাতেই পড়িয়া থাকিতে হইবে। একমাত্র শ্রীকৃষ্ণই মথাসর্বস্থ নিত্যপ্রভূ।

শ্রীচৈত্মদেব দশটি সিদ্ধান্ত জগতে জানাইয়াছেন ৷ এই-সকলই তাঁহার শিক্ষার মূলসূত্রঃ—

- (১) ''শব্দ' বা বেদ-বাকাই প্রধান প্রমাণ। শ্রীমন্তাগরত দেই বেদ-কল্পতক্ষর প্রপক্ষ কল এবং ব্রহ্মণ্ডরের অকৃত্রিম ভাল্য। বেদবীজ্পপ্রবই মহাবাকা।
 - (২) শ্রীকৃক্ই অদিতীয় পরমতয়।
 - তিনি সংশক্তিমান্—স্বরূপশক্তি, জীবশক্তি ও মায়াশক্তির আয়য়
 - (8) তিনি অখিল বদায়তের সমূদ্ররূপ।
 - জীবসকল জীবশলিষ্ক প্রমায়ার অণ্চিদংশ (বিভিন্নাংশ)
 নিত্য, বহু ও অনস্ত। নিতাবদ্ধ বা অনাদিবহিম্প এবং
 নিতাম্ক বা অনাদি-উল্প-তেদে হিবিধ জীব।
 - (৬) বৃহিম্'থতা-ছিদ্ৰনেষে জীব মালা*ক্তির বারা কবলিত ও আরুতজ্ঞান।
 - পরতত্ত্বের জ্ঞানাভাবময় বৈম্থা অনাদি হইলেও বিনায়।
 - (৮) শ্রীকৃষ্ণের স্বরূপশক্তি, তটস্থাশক্তি ও মায়াশক্তি এবং তত্তম-শক্তিপরিণত তত্তমমূহ শ্রীকৃষ্ণের অচিত্তাশক্তিকমে শ্রীকৃষ্ণ হইতে মৃগপং ভেদ ও অচেন (অচিত্ত্য-ভেনাটের ।।
 - (৯) বৈমুখ্যবিরোধি সাক্ষান্ভগবং-সামুধা-শ্রেষ্ঠ ভক্তিই প্রধান অভিধেয় বা সাধন।
 - (>॰) পরতত্তের অমুভব বিমৃত্তি বা বিজ্ঞানরূপ শ্রীক্লফপ্রেমই জীবের স্বশ্রেষ্ঠ প্রয়োজন বা সাধ্য।

দ্যাধিক-শততম পরিচ্ছেদ বেদান্তভাগ্য ও সম্প্রদায়

শ্রীকৃষ্ণতৈত্তদের বলিয়াছেন,—"শ্রীব্যাসমূত্রের অর্থ পরম গম্ভীর ;শ্রীব্যাস—ভগবান্। তাঁহার সূত্রের অর্থ জীবের অগো6র ; এইজন্ম তিনি স্বয়ংই নিজসূত্রের ব্যাখ্যা করিয়াছেন। সূত্রকর্তা যদি নিজে সূত্রের ব্যাখ্যা করেন, তবে সেই সূত্রের প্রকৃত অর্থ-বিষয়ে লোকের জ্ঞান হয়। প্রণবের যেই অর্থ, তাহা পাঃজ্রীতে প্রকাশিত আছে। চতুঃগ্লোকী শ্রীভাগবত সেই অর্থ বিস্তার করিয়াছেন। স্থান্তির আদিতে শ্রীনারায়ণ শ্রীব্রন্ধাকে যে চারিটী শ্রোক উপদেশ করেন, শ্রীব্রহ্মা তাহা শ্রীনারদকে বলেন, এবং শ্রীনারদ আবার তাহা শ্রীব্যাসদেবকে বলেন। শ্রীল ব্যাসদেব তাহা শুনিয়া, বিচার করিয়া দেখিলেন যে, তিনি যে-সকল সত্র করিয়াছেন, চতুঃশ্লোকী সেইসকল সূত্রেরই সংক্ষিপ্ত ভাষ্যস্বরূপ। তখন চতুঃশ্লোকীকে বিস্তৃত করিয়া তিনি সূত্রের ভাষ্যস্বরূপ শ্রী-ভাগবত রচনা করিতে সঙ্কল্প করিলেন এবং চারিবেদ ও উপনিষ্থ-সমূহের সার সমুদ্ধার করিলেন। সূত্রের আকরস্বরূপ শ্রুতিমন্ত্র-সমূহই শ্রীভাগবতে শ্লোকাকারে নিবদ্ধ হইল। অতএব শ্রীমণ্-ভাগবতই 'শ্রীব্যাসপূত্রে'র অফুত্রিম ভাষ্য। শ্রীভাগবতের শ্লোক আর উপনিষৎ একই সিদ্ধান্ত স্থাপন করিয়াছে !"

শ্রীগরুড়পুরাণেও উক্ত হইয়াছে,—

অর্থেহিয়া ব্রহ্মস্ত্রাণাং ভারতার্থ-বিনির্ণয়া। গায়ত্রীভাষ্মরূপোহসৌ বেদার্থ-পরিবৃংহিতঃ॥ এই শ্লোকের ব্যাখ্যা-প্রসঙ্গে শ্রীল শ্রীক্ষীব গোস্থামি-প্রভূপাদ 'তত্ত্বসন্দর্ভে * লিখিয়াছেন,—শ্রীভাগবতই ব্রহ্মসূত্রের অরুত্তিম ভাষ্যভূত, সতরাং এই হতঃসিদ্ধ ভাষ্যভূত শ্রীভাগবতের সমক্ষে অক্যান্য অর্বাচীন বা আধুনিক ভাষ্যসমূহ সম্বক্ষপোলকব্লিত-মাত্র, কিন্তু শ্রীমন্তাগবতের অনুগত ভাষ্য-মাত্রই আদরনীয়।

এই জন্মই শ্রীচৈতন্তদেবের পার্নদগণের কেই পৃথক 'বেদান্তসূত্রের' ভাষ্য প্রণয়ন করিবার প্রয়াস করেন নাই। শ্রীচৈতন্তদের
শ্রীকাশীধামে শ্রীপ্রকাশানন্দ সরস্বতীর নিকট ও শ্রীনীলাচলে
শ্রীসার্বভৌম ভট্টাচার্যের নিকট বেদান্তের অকৃত্রিম ভাষ্যভূত
শ্রীমন্তাগবতের সিন্ধান্ত-অবলম্বনেই ব্রহ্মনৃত্রের 'অচিন্ত্যভেদাভেদবাদ' প্রপঞ্চিত করিয়াছেন। সেই সিন্ধান্ত-অবলম্বনেই শ্রীসনাতন
গোস্বামিপাদ 'শ্রীবৃহদ্ভাগবতাসূতে', শ্রীরূপ গোস্বামিপাদ 'শ্রীসংক্ষেপ-ভাগবতামূতে' এবং শ্রীশ্রীক্রীর গোস্বামিপাদ 'ক্রমসন্দর্ভে',
'ষট্সন্দর্ভে' ও বিশেষভাবে 'সর্বসন্ধাদিনী'তে 'অচিন্ত্যভেদাভেদবাদ' স্থাপন করিয়াছেন।

"অপরে তু 'তর্কাপ্রতিষ্ঠানাং' (ব্রন্ধত্র ২) ১১) ভেদেংপাভেদেংপি
নির্মধাদদে। যসন্ততি-দর্শনেন ভিন্নত্র চিন্তবিত্নশক্ষতাদিভেদং সংব্যস্তত্বদভিন্নত্রাপি চিন্তবিত্নশক্ষতাদ্ ভেদ্মপি সংব্যস্তাই চিন্তবে ভালত্বদ

—পরমান্ত্র-সন্তীয়া 'সবস্থাবিনী' (বছাত-সাহিতাপ্রিবং সং ১৪৯ পৃঃ) ৷

এক সম্প্রদায়ী বৈদান্তিকগণ বলেন,—শ্রুতির প্রমাণানুসারে তর্কের দ্বারা পরম সত্য নির্ণীত হইতে পারে না বলিয়া ভেদেও এবং অভেদেও নিথিল-দোষশ্রেণী-দর্শনে জীব ও ব্রহ্মের সম্পূর্ণ ভিন্নতা চিন্তা করা অসম্ভব; এইজন্ম যেইরূপ 'ভেদ' সাধন করা ত্রুকর, সেইরূপ আবার অভিন্নভাব চিন্তা করিয়া 'অভেদ' সাধন করাও তুকর। এইরূপে 'ভেদাভেদ' উভয় সাধন করিতে গিয়া ইহারা অপ্রাকৃত তত্ত্বে ভেদাভেদ-সাধনে চিন্তার অসমর্থতার উপলব্ধিতে অচিন্ত্য ভেদাভেদবাদই স্বীকার করিয়াছেন। পরম্বত্ব 'অচিন্ত্য-শক্তি' বলিয়াগৌড়ীয়মতে 'অচিন্ত্য-ভেদাভেদবাদ'ই সিমান্তিত হইয়াছে।

কথিত হয়, জয়পুরে' 'গল্তা'র গদিতে রামানন্দি-সম্প্রদায়ের ব্যক্তিগণ জয়পুরের শ্রীশ্রীগোবিন্দজীউর তদানীন্তন দেবাইত গৌড়ীয়গণকে স্বীকৃত চারিপ্রকার সম্প্রদায়ের অর্থাৎ 'শ্রীরামানুজ', 'শ্রীবিফুস্বামী', 'শ্রীনিম্বার্ক' ও 'শ্রীমধ্ব'—সম্প্রদায়চতুইটয়ের 'কোন্ সম্প্রদায়ের অনুগত ?' বলিয়া প্রশ্ন করেন। শ্রীল বলদেব বিচ্চাভ্রম বিচারের দ্বারা প্রতিপক্ষগণকে পরাজিত করেন। প্রতিপক্ষ গণ সাম্প্রদায়িক বেদান্তভাষ্য দেখিতে চাহিলে, তিনি শ্রীগোবিন্দ্রজীউর স্বপ্রাদেশে 'গোবিন্দ্রভাষ্য'-নামক বেদান্ত-ভাষ্য নির্মাণ করেন। শ্রীবলদেব গৌড়ীয়-মতে প্রবেশ করিবার পূর্বে তত্ত্বাদী পণ্ডিত * ছিলেন। তিনি তাংকালিক প্রয়োজনানুসারে এবং

শুলি ক্রিনান-ঠাকুর-সংগাদিত 'সংজনতোধনী' পত্রিকা ১০০৪ বঙ্গাদি, মন
 শুলি নি ক্রিনান কর্মান করা। তিনি নি বিয়াজেন,—"তিনি (শ্রীবলবের) তর্গাদি-

কিছুটা তাহার পূর্বদিকান্তের সহিত সমন্বয়ার্থ গৌড়ীয়গণকে মাধ্বমতান্তর্গত বলিয়া প্রবর্গন করিয়াছেন। বস্তুতঃ, গৌড়ীয়গণের
শাস্ত্র, মন্ত্র, ঝিষ, উপান্ত, সাধন, ধাম ওপ্রয়োজন-বিচারে তাহানের
সম্প্রণায় সকল সম্প্রনারেরই আকর বা অংশ। গৌড়ীয়সণের
শাস্ত্র—শ্রীমন্তাগবত; তাহা সর্ববেশন্ত-লার সমন্ত-শাস্ত্রের
আকর। অন্ত সমস্ত শাস্ত্রই শ্রীমন্তাগবতের অংশ, বা স্থল-বিশোধে
সোপান বা বিকৃত প্রতিক্রনন; অথবা তাহার সহিত অভিন্ন
হইয়াও অন্তর্গলীকে আকরবন্তুকে প্রহান করিয়াছেন। গৌড়ীয়গণের শ্রীকোপাল'-মন্তের মধ্যে সমন্ত-মন্ত্র; উপান্তবিগ্রহ শ্রীক্রের মধ্যে ব্রদ্ধপর্যানি-আবিভিন্ন; ঝিষ শ্রীমান্ধর্যর মধ্যে
সমস্ত-উপাসক; সাধনভক্তির মধ্যে সমন্ত-সাবন এবং প্রয়োজন
শ্রীক্রমপ্রেয়র মধ্যে সমন্ত প্রয়োজন অন্তর্ভুক্ত আছে।

যেধানে জড়ীয় ভেদ,সেইধানেই মতবাদ উপন্থিত হইরাছে।
জীব —মায়াবণযোগ্য এবং পরতব্ — মায়াবাণ : স্বতরাং জীবের
ও পরতত্ত্বর মধ্যে ভেদ আছে। আবার, পরতব্ — শক্তিমান্; জীব
শক্তিমানেরই শক্তি। অগ্নিহইতে লাহিকা-শক্তি যেমন অভিন্ন,
তেমন শক্তিমান্ পরমেশ্বর হইতে জীবণক্তির অভিন্নতা আছে।
ইহারা অভিন্ন হইলেও ইহাদের মধ্যে পরিমাণ্যত ভেদ আছে।
পরমেশ্বর ও জীব উভরই—সক্তিদানন্দ। কিন্তু,পরমেশ্বর পূর্ণ সহ,
পূর্ণ চিৎ ও পূর্ণ আনন্দ। জীবের সত্তা, চেতনতা ও আনন্দময়তা

মঠে বিরাজনান হিলেন। এইমে শ্রে-ভ্রোটি পঠি করিবা শীবাস্বভার ভালরপে আব্যান করেব। তিনি তরবাদীদিগের শিবা হট্লা মাস্ত্রসম্প্রনার ভূত হন।"

সমস্তই পরতত্ত্বের অধীন ও অণুপরিমাণ। এই যে অচিন্ত্য-ভেদাভেদ' সিদ্ধান্ত, ইহা বাদ নহে, ইহাই সম্পূর্ণ নির্দোষ সিকান্ত।

ভক্তিকে জ্ঞান হইতে পুথক্ করিবার চেফ্টা করা হয় বলিয়াই নিবিশেষ জ্ঞানকে'মতবাদ'ৰলা হয়। কেবলাদৈতবাদিগণ মুক্তিকে প্রেমভক্তি হইতে পৃথক্ করিতে চেফ্টা করেন বলিয়াই মুক্তিকে 'কৈতৰ' বলিয়া গৰ্হণ করা হয়। <mark>আতুকূল্যময়ী গাঢ়তৃষ্ণার নাম</mark> 'ভক্তি'। তাঁহার দারা পরতত্তকে পাওয়া যায়। শ্রীকৃষ্ণ যথন <u>জ্বেদ-পরমাত্মার আশ্রয়, ডখন শ্রীকৃঞ্ভক্তিও জ্ঞান-কর্মযোগের</u> আশ্রয়। প্রকৃত যোগিত্ব ও ব্রাহ্মণত্ব ভক্তের মধ্যেই আছে। পূর্ণতম অংশিবস্তুর মধ্যেই সকল অংশ আছে। শ্রীকৃষ্ণ—পূর্ণতম অংশী পরাৎপর-তত্ত্ব। শ্রীচৈতগ্যদেব স্বয়ংকৃষ্ণ--পূর্ণতম তত্ত্ব। স্কুতরাং তাঁহার উপাসক গৌড়ীয়গণ—পূর্ণ সম্প্রদায়। তাঁহাদের অন্তর্গত অন্ত সমস্ত আংশিক সম্প্রদায়। শ্রীকৃষ্ণ বা শ্রীকৃষ্ণচৈতন্ত যদি অন্ততম অবতার-বিশেষ হন, তাহা হইলে গৌড়ীয়ং ৭ও একটা সম্প্রদায়-বিশেষ ; আর যদি শ্রীকৃষ্ণ আংশিক অবতার-বিশেষ না হইয়া অংশী হন, তাহা হইলে গোড়ীয়গণকেও 'পূৰ্ণ-সম্প্ৰদায়' বলিতে হইবে। অদ্বয়জ্ঞান পূৰ্ণবন্তকে অদ্বয়-জ্ঞানময় অংশ বলিলে তব্ৰিচারে দোষ না হইলেও রস্বিচারে দোষ হয়; স্কুতরাং গৌড়ীয়গণকে 'মাধ্ব' বলা ঠিক হয় না। মাধ্বমতে—শ্রীমহাভারত সর্বশ্রেষ্ঠ শাস্ত্র; শ্রীকৃষ্ণ পরশুরামের ত্যায়ই পূজ্য। এইমতে সাধন —বিফুর আজ্ঞা-পালনপূর্বক বিষ্ণুতে কর্মার্পণ ; প্রয়োভন—বায়ু বা ব্রন্ধার মধ্যদিয়া মৃক্তিনাভ; বায়ু বা ব্রন্ধা অভিন্ন, তাঁহার উপর লক্ষ্যী, তিনি বিক্তুর অধীনা, তাঁহার উপর পুরুষোত্তম । লক্ষ্যীর বণীভূত পুরুষোত্তমের বিচার মান্দ্রমতে নাই। বিদিক-শেখর প্রীকৃষ্ণ—পরমকারুণিক'—একথাও তাঁহারা বলেন না। প্রীতৈত্যদেব ও শ্রীমন্তাগবতের দিনান্তে—দেবতাগণ অধম অর্থাৎ সর্বনিম্ন উপাদক, আর গোপীগণ চরম অর্থাৎ দর্শশ্রেষ্ঠ উপাদক। কিন্তু মান্দ্রসিনান্ত ইহার বিপরীত। শ্রীমন্ত্রপ্রণীত 'ভাগবত-তাৎপর্বে' গোপীর চরম মাহাল্পান্ত্র "আনামহো" * শ্রোকের তাৎপর্ব নাই। এইজ্ঞু মড়গোস্থামিগণ কেইই শ্রীমন্মনাচার্যকে স্ব-সম্প্রান্থের গুরুরুপে স্বীকার করেন নাই।

শ্রীসনাতন গোপামিপাদ '্রীক্রন্ট্রক্রব্তাষনী'তে ও শ্রীশ্রীজীব গোসামিপাদ 'সংক্ষেপ বৈক্রতাষনী'তে, 'ষট্সন্দর্ভে' ও সর্ব-সম্বাদিনী'তে এবং শ্রীল বিশ্বনাথ চক্রবৃতি ঠাকুর (দশম ক্ষের) 'সারার্থদর্শিনীতে শ্রীমান্তমত থণ্ডন করিয়াছেন। শ

স্ব-সহস্রদশ্রনায়বিদেবতা শ্রীক্রাট্রতগ্যদেব য়াহাদিগকে আত্মসাৎ করিয়াছেন, তাঁহারাই গৌড়ার'। শ্রীশ্রীরাধামননমোহন, শ্রীগোবিন্দ ও শ্রীগোপীনাথের উপাসক গৌড়ার-সম্প্রনায় কোনও অংশ-শক্তিপ্রবর্তিত সম্প্রনায়ের অন্তত্ত্ ল নহেন। শ্রীশ্রীরূপ-গোস্বামিপাদ শ্রীবিদশ্বমাধব-নাটকে'র প্রাত্ত্ত্বে গৌড়ীয়পণকে

ভা: > । ৪৭। >> ; † এতংগৰকে বিখৃত আলোচনা গ্রন্থ কৈ বিশ্ব
ভেলাতেববার ও বৈশান্তিক মত্যাদ নামক বিশ্বত গ্রেষ্ট্রনা।

'রসিক-মশ্রদায়' বলিয়া অভিহিত করিয়াছেন। গৌড়ীয়গণের মূল-মহাজন— শ্রীশ্রিরপ্রপদামোদর গোস্বামিপাদ, তাঁহার অভিন্ন-হুদয় শ্রীশ্রীরপ্-সনাতন গোস্বামিপাদ, তাঁহাদের অনুগত চারি গোস্বামী।

ত্যৈধিক-শৃততম পরিচেছদ 'অচিন্তাভেদাভেদবাদ'

অচিন্তানন্ত-শক্তিশালী ("অতর্কাসহস্রশক্তিঃ"—ভাঃ ৩।৩৩৩)
পরতত্ত্বর শক্তিসমূহ ও শক্তি-পরিণত বন্তুসমূহের সহিত পরতত্ত্বে যে 'অচিন্তা' (অপৌরুষেয়-শন্দ-গম্য, কিন্তু পুরুষের অর্থাৎ
জীবের কুজচিন্তাশক্তি রা যুক্তি-তর্কের গম্য নহে), যুগপৎ
তেদ ও অভেদযুক্ত সহন্ধ, তাহাই 'অচিন্তাভেদাভেদবাদ'। ভেদ
ও অভেদের সহস্থিতি এবং উভয়ই সমভাবে সত্য ও নিত্য—ইহা
'অবোধা' বা 'অ'চন্তা' বলিয়া মানব-যুক্তি বা ধারণায় প্রতীয়মান
হইলেও' 'শাস্ত্রোপদিফ' বলিয়া অবশ্য স্বীকার্য। অপ্রাকৃত বিষয়ে
শাস্ত্রই একমাত্র অভ্রান্ত প্রমাণ। উপনিষদে, ভ্রহ্মমূত্তে ও তাহার
অকৃত্রিমভাগ্যভূত শ্রীমন্তাগবতে, শ্রীনীতা ও শ্রীবিষ্ণুপুরাণাদি শব্দপ্রমাণের মধ্যে এই 'অচিন্তাভেদাভেদবাদ'-রূপ 'সর্বভন্ত্র সিদ্ধান্ত'*

গ্রথিত আছে। তাহাই ঐচিত্ত্যদেবের প্রচারিত ও গৌড়ীয়-গোস্বামিগণের প্রপক্তি দার্শনিক সিকান্ত। এইচতত্যদেব শ্রীনীলাচলে শ্রীদার্বভৌম ভট্টাচার্বের নিকট শাহ্বর-ভাষ্য-শ্রবণ-লীলা-কালে, প্রীকাশীধামে কেবলাদৈতবাদী প্রীপ্রকাশানন্দ সরস্বতীর মতবাদ-খন্তনকালে ও গ্রীল সনাতন গোসামি প্রতু-পাদকে লক্ষ্য করিয়া লোকশিকা-প্রদান-কল্লে এই 'অচিন্তাভেদা-ভেদ-সিদ্ধান্ত' প্রকট করিয়াছিলেন। আদনাতনপাদ 'ত্রীগৃহস্তাগ-বতামূতে' ও 'ঐীবৈষ্ণব্যোষনী'তে, তহ্নিষ্ম শ্রীরূপশাদ শ্রীনংক্ষেপ-ভাগবতামূতে' ও জীসনাতন-রূপপারের শিষ্যবর্গ জীজীজীব-গোস্বামি-প্রভুপাদ বিস্তৃতভাবে 'ষ্ট্সন্দর্ভে' ও 'সর্বসন্থাদিনী'তে এই 'অচিন্তাভেদাভেদবাদ' প্রপঞ্চিত করিয়াছেন। এ এ জীব-গোস্বামিচরণ 'খ্রীভগবংসকটে' * খ্রীমন্তাগবতের (১।১৭৩৩) শ্লোক উদ্ধার করিয়াবলিতে,ছন,—সেই সমুন্নদ্ধ-(পর্বিত) বিরুদ্ধ শক্তিশালী, নিগ্রহ অনুগ্রের বিধাতা প্রমপুরুষকে প্রণাম করি। পরমেশরের বিরুদ্ধ শক্তিসমূহের অচিতার-প্রদর্শনার্থ বলিতেছেন, —'আপনি জীবসমূহের ঈশ্ব, আপনার শক্তিসন্হ ত্কর অতীত অ্থাৎ অচিন্তা ও অনন্ত। প্রত্ত্বের হ্গপ্থ শক্তিমন্ব ও শক্তির অচিত্যুর এক্ষাস্তের 'শ্রুতেপ্ত শব্দমূলহাও' (২০১২৭), 'আফুনি চৈবং বিচিত্রা*চ হি' (২০১/২৮) সূত্রে উক্ত হইয়াছে।

[&]quot;তলৈ সমূলজবিকাংশতাহ, নমা গ্ৰাম প্ৰবায় বেধান' (ছাঃ ৪০৭০০);

ভাসামচিন্তাবমাং— 'জাল্লেমাংতের সংস্কৃতিঃ' (ছাঃ ০০০০০) ৫ * * উন্তব্যাচিন্তাল

ত্ম্—'প্ৰচেত্ত শ্ৰুমুল্বাং' ইত্যাদৌ, 'জাল্লি হৈবং বিভিন্তাল হি' ইত্যাদৌ

ক্ম্—'প্ৰচেত্ত শ্ৰুমুল্বাং' ইত্যাদৌ, 'জাল্লি হৈবং বিভিন্তাল হি' ইত্যাদৌ

ক্ম্—'প্ৰচেত্ত শ্ৰুমুল্বাং' হত্যাদৌ, ১৪-১৫ জনু ।

(বা ক্ঃ ২০১২-২৮) ।" — ভবং মঃ, ১৪-১৫ জনু ।

কোন প্রমাণসিদ্ধ কার্যের অন্য কোনও প্রকারে উপপত্তি (সমাধান, সিদ্ধি) হয় না বলিয়া অগত্যা যে জ্ঞান হইয়া থাকে, সেই-প্রকার জ্ঞানের ঘাহা বিষয়, তাহাকেই 'অচিন্ত্য-জ্ঞানগোচর' বলা যায়; প্রত্যেক ভাব-বস্তুতে যে শক্তি আছে, তাহাই অচিন্ত্য জ্ঞানগোচর হইয়া থাকে; যেহেতু শক্তিমাত্রেরই এই প্রকার স্বভাব লোকসিদ্ধ। এই কারণে বন্ধে যে-সকল শক্তি আছে, তাহা সকলই অচিন্ত্য-জ্ঞানগোচর।

সমস্ত ভাব-বস্তুরই শক্তি-সমূহ অচিন্ত্য-জ্ঞানগোচর। 'জল', 'অগ্নি'-প্রস্থৃতি ভাব-বপ্ত ; কিন্তু জলে কেন অগ্নি নিবাইবার শক্তি আছে ? অগ্নিতে কেন পোড়াইবার শক্তি আছে ?—ইহা আধুনিক বিজ্ঞানও বলিতে পারে না। একভাগ 'অমুজান' ও 'চুইভাগ 'উদজান' মিলিয়া 'জল' ২য়, ইহা বিজ্ঞান বলিতে পারে; কিন্তু 'কেন হয় ?' তাহা বিজ্ঞান বলিতে পারে না। ধে জ্ঞান কোন যুক্তি-তর্কের দারা প্রতিষ্ঠিত হইতে পারে না, অথচ প্রত্যক্ষ সত্য বলিয়া যাহাকে স্বীকার না করিয়াও থাকিতে পারা যায় না, তাহাই 'অচিন্ত্য-জ্ঞান' বা 'অর্থাপত্তি-জ্ঞান'। 'দেবদত্ত' দিনে ভোজন করেন না; অথচ তাঁহার শরীরটী বেশ স্তস্থ, সবল, স্থূল ; স্কুতরাং কল্লনা করিয়া লইতে হয়, তিনি নিশ্চয়ই রাত্রিতে ভোজন করেন। এথানে দেবদত্তের যে দিনে 'অভোজন' ও 'স্থূলহ', তাহা প্রত্যক্ষ লৌকিক প্রমাণের দ্বারা সিদ্ধ, ইংাকে 'দৃফার্থাপত্তি' বলে ; আর যাহা প্রকৃতির অতীত প্রমাণ বা

স্বতঃপ্রমাণ 'বেদে'র দারা সিদ্ধ হয়, তাহাকে 'শ্রুতার্থাপত্তি' বলে। 'দেবদত্ত'-নামক কোন ব্যক্তি জীবিত আছেন, ইহা ধাঁহার নিশ্চিত, তিনি কোন আপ্ত (বিশ্বস্ত) ব্যক্তির নিকটে 'দেবলত গৃহে নাই'-এই কথা শুনিয়া সেই দেবদভের বহিঃসভার (বাহিরে স্থিতির) ক্লনা করেন; কারণ, জীবিত ব্যক্তির যে নিজ গৃহে অসতা (অস্তিরহীনতা), তাহা তাঁহার বহিঃসতা (বাহিরে স্থিতি) বাতাঁত উপপন্ন (দিন্ন) হয় না। তাতির প্রমাণবলে নিশ্চিত হইয়াছে, 'ব্ৰহ্ম ও জীবে, শক্তিমান্ ও শক্তিতে হাভেদ' ৷ আবার জাতির উপদেশ (আপ্রোপদেশ) শ্রবণ করিয়াই জানা গিয়াছে,—'রক্ষও জীবে ভেদ, শক্তিমান্ ও শক্তিতে ভেদ 🐪 সূতর'ং অব্ভিচারী প্রমাণের আপাতবিকর চুইটা উক্তির অর্থাং দেবদত আছেন ও नारे', 'मक्किमान् ७ मिल्टिंड यूगभर एउन ७ झाउन'- उरे मठा-ম্বয়ের কিভাবে সম্বতি হইতে পারে, তাহা অব্যভিচারী প্রমাণ-নূলক শ্রুতির অর্থের (তাৎপর্যের) আপতি-(কর্না) ধারাই নিধারণ করিতে হয়। এই কল্পনা শক্ষ-মূলক, শক্ষ-প্রমাণের ক্ষায় বাস্তব সত্য। আর শক-প্রমাণ (ব্রহাপুত ২ সংখ, শাঙ্করভাষা-সহিত; শ্রীমহাভারত, শ্রীবিফুপুরাণ, শ্রীমন্ভাগ্রত ইত্যাদি) যেখানে স্পাটভাষার শ্রুতির ঔরূপ সমকানীন ভেদ ও অভেদকে (শক্তিও শক্তিমানে) জাতার্থাপত্তি-জ্ঞানগোচর বা 'অচিম্বা-জ্ঞান-গোচর'বলিয়া জ্ঞাপন করিয়াছেন, তখন খার জাবের কুম-চিন্তা অথবা কোন ঋষি বা মহামান্ত্রে স্বক্পোল্-কল্লনার কোন অবকাশই থাকিল না। মহামনীধী আচার্য খ্রীশন্তর অভেদপর- শ্রুতিকে 'পারমার্থিক সতা' ও ভেদপর-শ্রুতিকে 'ব্যবহারিক বা মিখ্যা' বলিয়া স্বক্পোলক্ষ্ণনা করিয়াছেন ; মায়াকে 'অনির্বচনীয়া' বলিয়াছেন। শ্রুতিতে স্বাভাবিকী নিত্যসিদ্ধা পরা-শক্তি ও তাহার বহুৰ, চেতনের বহুত্ব, জীবের নিত্যুর ও বহুত্ব-প্রভৃতি সিদ্ধান্ত স্পাইভাষায় ব্যক্ত থাকা সত্ত্বেও ঐসকল শ্রুতিকে 'ব্যবহারিক' বলিয়া তিনি কল্পনা করিয়াছেন ৷ 'শ্রুতার্থাপত্তি'-প্রমাণ 'শব্দ-মূলক' বলিয়া উহাতে কোনরপ স্বক্ণোল-কল্পনার অবসর নাই। 'দুফার্থাপত্তি'-প্রমাণে কখনও বা ব্যভিচার সম্ভবপর হইতে পারে; কিন্তু 'শ্রুতার্থাপতি'তে তাহা কখনই সম্ভবপর নহে; কারণ, উহা সম্পূর্ণ শক্ষ্যলক বা 'শক্ষপ্রমাণে'রই পরিফুতি, বিবৃতি ও সঙ্গতি। এজন্য গৌডীয়বৈষ্ণৰ দার্শনিকগণ 'অতীন্দ্রিয় বস্তু'-সম্বন্ধে সিদ্ধান্ত 'শ্রতার্থাপত্তি'-প্রমাণবলেই স্থাপন ক্রিয়াছেন। ইহাই 'অচিন্তা-ভেদাভেদবাদে'র স্থদৃঢ় স্থদার্শ নিক ভিত্তি। এই জন্মই 'অচিন্তা-ভেগাভেদবাদ'—বেদান্তের 'সর্বতন্ত্র-সিদ্ধান্ত' ৷ শ্রুতিতে স্পর্ট-ভাষায় পরব্রন্সের শক্তি মায়ার তত্ত্ব-নিরূপণ থাকা সত্ত্বেও আচার্য শ্রীশঙ্কর মায়াকে 'অনির্বচনীয়া' বলিয়াছেন। গৌড়ীয়বৈফব-দার্শ নিকগণের 'অচিন্তা' শব্দ ও শঙ্করের 'অনির্বচনীয়'-শব্দ এক নহে। মায়াকে স্পটভাষায় 'ব্রহ্মশক্তি' বলিয়া স্বীকার করিলে 'অদৈতসিদ্ধি' হয় না, অথচ মায়াকে অস্বীকার করিলেও কার্য চুলে না, এজন্য যে 'অনির্বচনীয়'-শব্দের প্রয়োগ, 'অচিন্ত্য'-শব্দের প্রয়োগ সেই জাতীয় নহে। 'অচিন্ত্য'-শব্দের অর্থ চী—'শ্রুতেস্ত শব্দগূলবাৎ' (২।১।২৭) এই ব্রহ্মসূত্রের দ্বারা সম্থিত; ইহা আচার্য শক্ষরও ভাঁহার উক্ত স্তের ভাষ্যে স্থীকার করিয়াছেন।
'অচিন্তা'-শক্ষের অর্থ—'শক্ষ্যলক, শুভার্থাপত্তি-জ্ঞানগোচর';
ইহা সমস্থার কি শুভি, কি এলস্তা, কি মহাভাইত, কি গীতা,
কি বিষ্ণুবাণ, কি আচার্য শ্বর, কি শ্রীহর সামিপাদ এবং
সর্বোপরি হয়ংভগবান শ্রীকৃষ্ণচৈত্ত্বদেব কীর্তন করিয়াছেন।
শ্রীগৌড়ীয়-বৈফ্রসিদ্ধান্তে শ্রীল শ্রীহীব গোলামিপাদ এইরপ্
'শ্রুভার্থাপতিরেই অবভারণা করিয়াছেন।

পরতত্ত্ব 'স্বরূপশক্তি', তটভাখ্যা 'জীবশক্তি' ও বহিরুদ্ধা 'মায়াশক্তি' এবং হথাক্রমে এদকল শক্তির পরিণতি ভগবৎ-পরিকর', 'ভগবদ্ধাম', অনন্ত 'মুক্ত' ও 'বদ্ধ' জীব ও অনন্ত 'বন্ধা ওঁ' —এই সকল শক্তি ও শক্তিপরিণত বস্তুর সহিত পরতারের যে 'সকল', তাহা লট্যাই দাশ্নিক মতবাদস্যূহর উৎপত্তিহইয়াছে। কেহ বলেন.—"শক্তি ও শক্তিমানে আ হাল্ডিক ছেদ আছে।" এই মতবাদ শ্রীম**র ধ্বাচার্টের 'কেবলভেদবাদ'** প্রতিষ্ঠা করিয়াছে। আবার কেহ বলেন,—'ভেদাংশ' 'ব্যবহারিক' বা 'প্রাতীতিক' মাত্র : পরমার্থতঃ ত্রক্ষের কোন 'শক্তি'ই নাই। ত্রক্ষের শক্তি স্বীকার করিলে ব্রক্ষের অহিবিক্ত দিতীয় তত্ত্ব এবং শক্তিক্রিয়া হইতে উৎপন্ন 'ডেদ' স্বীকার করিতে হয়: ভ্রন্সা আর 'অদিতীয়া' থাকেন না। প্রতাশসূষ্ট ভেদসন্হ 'বাবহারিক' মাত্র। প্রমার্থতঃ ইংাদের ভেদ স্বীকার করা যায় নঃ "ইংাই প্রীশঙ্করাচার্কের 'কেবলাদৈতবাদ'। আবার কেহ শক্তি ও শক্তিমানের 'ভেদ' স্বীকার করিয়া 'শক্তি' স্বর্পেরই অন্তর্ভা, ইহা প্রতিপাদন করেন। ইহা হইতে শ্রীরামানুজাচার্টের 'বিশিপ্রাদৈতবাদ' প্রকাশিত। 'ভেদ' ও 'অভেদ' উভয়ই সমভাবে সতা, নিতা, স্বাভাবিক ও অবিক্লন্ধ বলিয়া খ্যাপন-পূৰ্বক শ্ৰীনিম্বাৰ্কাচাৰ্য স্বাভাবিক 'ভেদাভেদবাদ' স্থাপন করেন। আবার কেহ কেহ ত্রক্র দারা 'ভেদ'-বাদ বা 'অভেদ'-বাদ স্থাপন না করিয়া অথবা শক্তি ও শক্তিমানে 'ভেদ' ও 'অভেদ' উভয়ই স্বাভাবিক,—এই-রূপও কল্পনা না করিয়া 'শ্রুতার্থাপত্তি'-প্রমাণ বা শব্দ্লক-প্রমাণ-বলে শক্তিও শক্তিমানের 'অচিন্তাভেদাভেদ'-দ্বাপন-পূর্বক শ্রুতি-মন্ত্র ও বেদান্তস্ত্রসনূহের সমবয় বিধান করিয়াছেন। ইহাই গৌড়ীর-বৈষ্ণবের 'অচিন্তাভেদাভেদবাদ'। গৌড়ীয়-বৈফব দার্শনিকগণ কস্থরী ও উহার গন্ধ, অগ্নি ও দাহিকাশক্তি-প্রভৃতি দৃষ্টান্তবারা শক্তিমান্ ও শক্তির সম্বন্ধের কথা বুঝাইরাছেন। কস্ত্রীর গন্ধরপ শক্তিকে, আর অগ্নির দাহিকাশক্তিকে কস্ত্রী বা অগ্নি হইতে পৃথক্ বা বিচ্ছিন্ন অর্থাৎ ভিন্ন করা যায় না। এই দৃষ্টান্ত হইতে জানা যায়,—শক্তি শক্তিমান্ হইতে অভিন'। আবার অনেক সময় কস্থুরী ও অগ্নি লোকলোচনের বহিস্ত্ পাকিয়াও গন্ধ ও উত্তাপ প্রকাশ করে। 'নুগনাভি'র বহির্দেশেও যথন গন্ধের অনুভব হয়, অনৃশ্য অগ্নি হইতেও যধন কোন-কোন সময় উত্তাপ অনুভূত হইয়া থাকে, তখন প্রগ্রুক বস্তুর সহিত বস্তুশক্তি সম্পূর্ণ 'অভিন্ন', ইহাও বলা যায় না। আবার কস্থুরী ও উহার গদের মধ্যে অথবা অগ্নিও উহার দাহিকা-শক্তির মধ্যে সম্পূর্ণ 'ভেদ' আছে, ইহা কল্পনা করিলেও উভয়কে চুইটা বস্তু বলিয়া স্থাপন

করিতে হয়। জ্লের 'অয়জান' ও 'উদ্দানে'র মত ক্তৃরী ও উহার গন্ধকে চুইটা পৃথক্ উপাদান সিদ্ধান্ত করিলে, গন্ধ বাহির হইয়া গেলে কন্তুরীর ওজন কমিয়া যাইত। সূতরাং শক্তি ও শক্তিমানে 'কেবলভেদবাদ' স্থাপন করিতে গেলেও অনেক দৌষ উপস্থিত হয়। নিৰ্দোষভাবে 'কেবল্ডেদবাদ' স্থাপন করা যেমন তুকর, 'কেবল-অভেদবাদ' স্থাপন করা দেইরূপই ১ কর। এজন্ত কোন কোন বৈদান্তিক 'কেবলভেদ' বা 'কেবলাভেদ'-সাধনে মানবচিন্তার অসামর্থ্য উপলব্ধি করিয়া শক্ষপ্রমাণমূলক 'অচিন্তা-ভেদাভেদবাদ' স্বীকার করেন। স্বরূপ হইতে অভিন্নরূপ চিন্তা করা যায় না বলিয়া শক্তির ভেদপ্রতীতি, আবার ভিন্নরূপে চিন্তা করা যায় না বলিয়া অভেদপ্রতীতি হয়। অতএব শক্তি ও শক্তি-মানের মধ্যে 'ভেদ' ও 'অভেদ' এবং এই 'ভেদাছেদ' 'অচিন্ত্য'-অর্থাৎ 'প্রকৃতির অতীত বা তর্কের অগম্য ব্যাপার'—এই 'সিশ্ধান্ত' স্বীকার করিতে হয়। 'ভেদ' ও 'অভেদ' একই সঙ্গে কিরূপে 'সত্য'; 'হা' ও 'না', উষ্ণ ও শীতল একই সঞ্জে কিরূপে সম্ভব; ইহা কোন যুক্তি-তর্কের ছারা নির্ণয় করা যায় না। কিন্তু প্রকৃতির অতীত রাজ্যে একই সঙ্গে বিক্তন ব্যাপারের অপূর্ব সমহয় হয়; ইহা প্রতি, স্মৃতি, পুরাণ, পঞ্রাত্র সমস্থরে প্রতিপাদন করেন। অতএব শক্তি ও শক্তিমানের যুগপদ্বিকন্ধ সম্বন্ধটী শ্রুতার্থাপত্তি-জ্ঞানগোচর—শব্দপ্রমাণগমা, উহা কোন জীব-যুক্তিতর্কের দারা নির্ণয় করা যায় না। ইহাই 'অচিন্তাভেদাভেদবাদে'র সংক্ষিপ্ত মর্ম।

চতুরধিক-শততম পরিচ্ছেদ 'গৌড়ীয়দর্শনে'র মৌলিকতা ও সার্বভৌমিকতা

শ্রীকৃষ্ণতৈ চত্তদেবের প্রপাদিত 'গৌড়ীয়দর্শন' বা শ্রীভাগবতদর্শনে 'একমেবাদ্বিতীয়ন্' তত্ব স্বাকৃত হইয়াছে। তত্ব এক ব্যতীত
দুই নহে। সেই অবয় পরতত্ত্ব স্বাভাবিকী ত্রিবিধা শক্তি—(১)
স্বরূপশক্তি বা চিচ্ছক্তি, (২) তটন্থা শক্তি বা জীবশক্তি, (৩)
বহিরঙ্গা শক্তি বা মায়াশক্তি। শ্রীকৃষ্ণতৈ তত্তদেবের প্রপঞ্জিত
'অচিন্তাভেদাভেদবাদ' অদমতত্ত্বের স্বরূপানুবদ্ধি-শক্তিবৈচিত্রার
উপরই প্রতিষ্ঠিত। ইহা সম্পূর্ণ মৌলিক ও সার্বভৌম 'সর্বতন্ত্রদির্মান্ত'; অর্থাৎ কোন পূর্ববর্তী আচার্যের আনুকরণিক মতবাদ
নহে, পরস্ক বেদান্তের সার্বদেশিক সিদ্ধান্ত এবং বিভিন্ন ভাষ্যকার
আচার্যবন্দের সিদ্ধান্তসমূহের সম্পূর্ণতা ও স্থসমন্বয়-বিধানকারী।

'অচিন্তাভেদাভেদ-সিদ্ধান্তে' স্বাভাবিক ভেদাভেদবাদী শ্রীনিম্বার্কাচার্যের তায় 'সহস্ক' ও 'অস্বহন্ত' দুইটা ত'রের স্বাকৃতি
নাই। শ্রীনিম্বার্কের মতে ঈশর—স্বতন্ত্ব তয়, জীব ও প্রকৃতি—
অম্বতন্ত্ব তয়; কিন্তু অস্বতন্ত্ব তরের সত্তা স্বতম্ব তরের উপর
নির্ভরণীল। শ্রীনিম্বার্কের মতে শ্রীপুরুষোন্তমের সত্তা জীবের
ও প্রকৃতির সন্তা হইতে অতিরিক্তা। শ্রীনন্ধাচার্যও জীব ও
ব্রহ্মকে দুইটা পৃথক্ তয় বলিয়াছেন। শ্রীল শ্রীজীব গোম্বামিপাদ বলেন,—জীব ও প্রাকৃতিকে পৃথক্ তয় বলিলে অবয়তার

হানি হয়, কিন্তু উহাদিগকে শক্তিরূপে বিচার করিলে অন্বয়তবের সম্যক্ স্ফূতি ও প্রতিষ্ঠা হয়। শক্তি ও শক্তিমানের অবিচেছ্ততার উপরই'অচিন্ত্যভেদাভেদবাদ'প্রতিষ্ঠিত। শক্তিমান্ত্রতেশক্তিকে পৃথক করা যায় না বলিয়াই শক্তি ও শক্তিমান্ মিলিয়াই এক অবিতীয় বস্তু বা তত্ত্ব। বস্তু—'বিশেষা', আৰু বস্তুশক্তি—'বিশে-ষ্ণ'; 'বিশেষণ'যুক্ত বিশেষ্ট বস্ত।" প্রশ্ন ইইতে পারে—"বিশেষা ও বিশেষণ মিলিয়াই যদি বস্ত হয়, বিশেষণকে বিশেষ্য ইইতে, শক্তিকে শক্তিমান হইতে, যদি পৃথকই না করা যায়, তাহা হইলে পৃথগ্ ভাবে শক্তিকে স্বীকার করারই বা আবগুকতা কি ?' গ্রীকৃষ্ণ হৈততানুচর শ্রীজীবগোস্বামিপাদ বলেন,—"ইহাবেদান্তিগণেরমত নহে; কারণ, বস্তু থাকা সত্ত্বেও মন্ত্র-মহৌষধাদির প্রভাবে শক্তিকে মাত্র স্তস্তিত হইতে দেখা যায়; হাত না পুড়িলেও আগুন দেখা যার। স্তরাং অগ্নি ও উহার দাহিকা-শক্তিকে পৃথঙ্ নামে অভিহিত করাই যুক্তিসঞ্চ, যদিও তথায় বস্তু বা তর চুইটা ন্হে। স্বাভাবিকী শক্তির বিচিত্রতার হারা শক্তিমানের অবয়বের ব্যাঘাত হয় না। এজন্য স্বরূপ হইতে অভিন্নরূপে শক্তিকে চিন্তা করা যায় না বলিয়া উহার 'ভেদ', আবার ভিন্নরূপে চিন্তা করা যায় না বলিয়া 'অ'ভদ'। অতএব শক্তি ও শক্তিমানের 'ভেলাভেদ' স্বীকৃত এবং তাহা 'অচিন্তা' অর্থাৎ তর্কযুক্তির অগম্য হইলেও শাস্ত্রগম্য। 'অচিন্ত্যভেদাভেদ'-দর্শনে ব্যুক্তর কোনরূপেই ভেদ-স্বীকার নাই। বিশিষ্টাছৈ ত্বালী শ্রীরামানুজ চিদ্চিদ্বিশিষ্ট ব্রহ্মকে অন্বয়তত্ত্বলেন। তাঁহার মতে—ঈশরের সহিত জীব ও প্রাকৃতির ভেদ নাই, কিন্তু তত্ত্বী বিশেষণ-বিশিষ্ট ; চিৎ (জীব) ও অচিৎ (জভবর্গ) ব্রান্সের 'বিশেষণ'; অর্থাৎ শ্রীরামানুজের মতে কেবল জীব ও জগৎ ব্রন্সের বিশেষণ, কিন্তু গৌডীয়দর্শনে ব্রন্সের সমস্ত শক্তিই ব্রেল্যর বিশেষণ। খ্রীরামানুজাচার্য শক্তি ও শক্তিমানে ভেদ স্বীকার করেন, কিন্তু শ্রীজীবগোস্বামিপাদ শক্তি ও শক্তি-মানের 'কেবল-ভেদ' স্বীকার করেন নাই। শ্রীরামান্তজাচার্যের মতে চিৎ ও অচিদত্তক্ষের 'সগত-ভেদ'; কিন্তু শ্রীজীবগোসামি-পাদ ব্রন্সের কোনরূপই 'ভেদ' স্বীকার করেন না। অতএব কি বিশিষ্টাদৈতবাদী শ্রীরামানুজ, কি কেবলভেদবাদী শ্রীমধ্ব, কি স্বাভাবিক-ভেদাভেদবাদী শ্রীনিম্বার্ক-সকল বৈফ্যবাচার্যের মত হইতেই গৌড়ীয়দর্শনে ব্রন্মের অদ্বয়ত্ব স্থাপন ও তৎপ্রসঙ্গে শক্তি-বিচারের অসাধারণ বৈশিষ্ট্য ও মৌলিকত্ব আছে। শ্রীকৃঞ্চৈতত্ত-দেবের চরণানুচর শ্রীজীবপাদ শ্রীমধ্বের ত্যায় জীব ও ঈশবকে তুইটী 'নিত্যসিদ্ধ পৃথক্ তত্ত্ব' বলেন নাই। স্কুতরাং শ্রীমধ্ব যেভাবে ঈশর হইতে জীবের তত্তঃ 'অত্যন্ত ভেদ' স্বীকার করিয়াছেন; শ্রীজীবপাদ সেভাবে 'অত্যন্ত-ভেদ' স্বীকার করেন নাই। ব্রঙ্গোর স্বাভাবিকী স্বরূপশক্তি ও মায়াশক্তির ন্যায় জীবশক্তিও শক্তি-রূপেই পরমাত্মার অংশ—যথা অগ্নি ও ক্লুলিম্ব; অগ্নিবে উভয়েরই অভেদ, কিন্তু পরিমাণাদিতে উভয়ের ভেদ; তথাপি শক্তি ও শক্তিমানে অভেদ।

শ্রীমধ্বাচার্য তাঁহার 'ভাগবত-তাৎপর্য-নির্ণয়ে' (১১।৭।৫১) যে 'ব্রহ্মতর্কে'র বাক্য উদ্ধার করিয়াছেন, তদ্দুারা 'অচিন্তাভেদাভেদ- বাদে'র ইন্দিত পাওয়া গেলেও শ্রীমধ্বাচার্যকে 'অচিন্তাভেদাভেদ-বাদী' বলা যায় না ; কারণ শ্রীমধ্বাচার্য ভেদের নিতান্ধের স্থায় অভেদের নিত্যুত্ব স্বীকার করেন না। ভাস্করাচার্য অভেদের নিত্যুত্ব এবং ভেদের সাময়িক সভায় স্বীকার করেন। অপর পক্ষে, 🕮-মধ্বাচার্য ভেদের নিতার ও অভেদের একাংশে সতার স্বীকার করেন। আর শ্রীনিম্বার্ক ভেদ ও অভেদ উভয়েরই সমসভার, সম-নিতাৰ অৰ্থাৎ সৰ্বকালে স্বাৰস্থায় সমভাবে ভেদাভেদের নিতাৰ স্বীকার করেন। গৌডীয়-বৈঞ্চব-দর্শনে পরব্রহ্মকে স্বর্নপাখা- জীবাখ্য-মায়াখ্য-শক্তির আশ্রয় এক 'অদ্বিতীয় তরু' বলিয়া স্থাপন করায় তথায় একাধিক তত্ত্বের কোন প্রসঙ্গই উপস্থিত হন্ন না। এজন্য একাধিক তত্ত্বের সহিত অত্যস্ত ভেদ (ধাহা শ্রীমধ্বের সিদ্ধান্ত), অথবা কোন বাবহারিক বা প্রাতিভাসিক একাধিক ভরের সহিত পারমাথিক অতাম্ব অভেদ বা ব্যবহারিক ভেদাভেদ (যাহা 🚉-শঙ্করাচার্যের দিছাস্ত), কিংবা কারণরূপী বা কার্যরূপী ব্রন্মের ঘিরূপ বা একাধিক তত্ত্বের সহিত সাময়িক ভেদ ও নিতঃ অভেদ (যাহা শ্রীভান্ধঃ চার্যের সিদ্ধান্ত), অথবা স্বতন্ত্র ও অস্বতন্ত্র তব্বের সহিত সমভাবে স্বাভাবিক ভেদ ও স্বাভাবিক সভেদ (যাহা ঞ্ৰী-নিম্বার্কাচার্যের সিদ্ধান্ত), অথবা কারণ ও কার্যরূপ শুদ্ধ ব্রেম্বর মধ্যে যে অভেদ (যাহা ঐবল্লভাচার্যের মত)—কোনটারই অনু-করণ অচিস্কাভেদাভেদ-সিন্ধান্তে নাই। ভাস্করাচাধকে প্রকৃত প্রস্তাবে 'ভেদবাদী' বলা যায় না; তাঁহাকে 'অভেদবাদী' বলাই সঙ্গত। শ্রীমধ্বাচার্যকেও তত্ত্রপ 'ব্রহ্মতর্কে'র উদ্ভূত বাক্যের প্রমাণ

হষ্টতে 'ভেদাভেদবাদী' বলা যায় না ; তাঁহাকে 'কেবল-ভেদবাদী' বঙ্গাই সঙ্গত। শ্রীনিম্বার্কাচার্যের ভেদাভেদবাদে ভেদবাদ ও অভেদবাদ উভয়ই স্বাভাবিক হইলে জীবগত দোষ-সমূহ ত্রন্দের স্বাভাবিক হইয়া পড়ে; আবার ব্রন্মের সৃষ্টি-কর্তৃ হাদি-গুণসমূহ জীবের পক্ষে স্বাভাবিক হইয়া পড়ে। এীবল্লভাচার্য কেবলাঘ্রৈত-মতবাদোক্ত কার্যের (জীব-জগতের) মিথ্যায়ের আশ্রায়ে কার্য-কারণের (জীবজগৎ ও ত্রক্ষের) অভেদবাদ নিরসনপূর্বক কার্য-কারণরূপ শুদ্ধ (মায়াসংস্পর্শহীন) ব্রক্ষের অভেদ্র বা অন্বয়ন্থ স্থাপন করিয়া 'শুদ্ধাহৈতবাদ' প্রপঞ্চিত করিয়াছেন। তাঁহার মতে জীব—বহুভবনেচ্ছু সচিদানন্দ ব্রন্মের তিরোভূতানন্দাংশ চিদংশ। ব্রহ্মই জগৎকার্যরূপে অবিকৃত পরিণাম-প্রাপ্ত। গৌড়ীয়-দর্শনের শক্তিসিদ্ধান্তের স্থন্মতা ও শক্তিপরিণামবাদের স্বীকৃতি এই মতবাদে না থাকায় ইহাতে অসম্পূর্ণতা দৃষ্ট হয়। জীবশক্তি-যুক্ত অন্বয়জ্ঞান-তত্ত্বের শক্ত্যংশ জীব শক্তিমান্ স্বাংশতত্ত্ব হইতে জীবশক্তির বৈশিষ্ট্য প্রদর্শন করে। বহিরঙ্গা মায়াশক্তি ও তৎ-পরিণত জগৎ, অন্তরঙ্গা স্বরূপশক্তি ও তৎপরিণত ভগবদ্ধামাদি এবং স্বরূপশক্তির সন্ধিনী, সন্বিৎ ও ফ্লাদিনী-বৃত্তির প্রভাবের বিশ্লেষণ—গৌড়ীয়-দর্শনে শক্তিতত্ত্বের অপূর্ব বৈজ্ঞানিক সুস্ফা বিচার। অথচ সেইসকল শক্তি-বৈচিত্র্য অন্বয়জ্ঞানতত্ত্বের অন্বয়তার ব্যাঘাত না করিয়া তৎপরিপোষক। এী গ্রীধরস্বামিপাদের কথিত বস্তুর অংশ জীব, বস্তুর শক্তি মায়া, বস্তুর কার্য জগৎ, তাহা সকল^ই বস্তুই—এই 'অদয়বস্তবাদ' বা অদমতত্ত্বাদেও নিরংশবস্তুর অংশ,

অবিকৃত বস্তুর কার্য-(বিকার বা পরিণাম) প্রভৃতি উক্তি বস্তু-তত্ত্ববিজ্ঞানে অসম্পূর্ণতা আনয়ন করে; কিন্তু স্বরূপামুব্জিনী অর্থাৎ স্বাভাবিকী শক্তিনৈচিত্রী বস্তু বা তত্ত্বে অবওতা বা অন্ধ্য-তত্ত্ব পরিফুট করিয়া শক্তির কার্যদমূহ স্থদপদ্ধ করে। অন্যতত্ত্বের শক্তি স্বীকার করিলে (শ্রুতিপ্রমাণান্ত্রযায়ী) পরতত্ত্বের অন্বয়ন্ত্রের কোন-প্রকার হানি হয় না এবং জীব ৪ ব্রন্ধে নিতা ভেদ ও অভেদের স্বাভাবিকত্ব স্বীকার করায় যে-সকল দোষ-প্রসঙ্গ 'উপস্থিত হয়, অথবা অভাস্ত ভেদ স্বীকার করার শ্রুতি, বেদাস্থ ও তাহার অকৃত্রিম ভাষ্যভূত শ্রীমন্তাগবতের দিল্লান্তের দহিত যে বিরোধ উপস্থিত হয়, অথবা জীবকে 'শক্তি' না বলিয়া কেবল 'চিদংশ' বা 'বস্তংশ' বলায় যে নিরংশ অধ্য়ক্তত্ত্বের অংশ কল্লনা করিতে হয়, তাহাও স্বীকার করিতে হয় না এবং সমস্ত শব্দ-প্রমাণের সুসঙ্গতি ও মর্যাদা রক্ষিত হয় ৷ গৌড়ীয় দার্শনিকগণের 'গচিন্তাভেদাভেদ-সিদ্ধান্তে'র মংগ একাধারে শ্রুতি, বেলাস্ত ও স্থাতের যথার্থ ভাষ্ট্রের সিদ্ধান্তের সমবয় এবং সমগ্র আচার্যগণের শ্রোত-সিদ্ধান্তের সম্পূর্ণতা-সাধন হইয়াছে। কেবলাদ্বৈত-মত-প্রবর্তক শ্রীমৎ শঙ্করাচার্যের মতবাদের মধ্যেও যাহা শ্রুতির অবিরোধী, তাহা শ্রীসনাতন গোস্বামিপাদ শ্রীচৈতগুলেবের শিক্ষা অন্তুসরণ করিয়া 'শ্রীবৃহদ্বাগবতামূতে' এবং শ্রীদ্ধীব গোস্বামিপাদ 'সন্দর্ভে' আদর করিয়াছেন : ভক্তোকরক্ষক শ্রীশ্রীধরস্বামিপাদের ও শ্রীবিষ্ণুসামিপাদের শুদ্ধাবৈতপর সিদ্ধান্তের, তথা বিশিষ্টাবৈত-বাদাচার্য শ্রীরামানুদ্ধের ও তত্ত্বাদগুর শ্রীমধ্বের সিদ্ধান্তের সঙ্গতি,

সমবয় ও সম্পূর্ণতা অচিন্তাভেদাভেদ-সিদ্ধান্তের মধ্যে প্রদর্শন করিয়াছেন। অভএব, 'অচিন্তাভেদাভেদবাদ'ই সর্বশাস্ত্রসমবয়কারী মৌলিক সার্বভৌম সর্বতন্ত্র-সিদ্ধান্ত-সম্রাট।

পঞ্চাধিক_শততম পরিচ্ছেদ পরমপুরুষার্থ বা প্রয়োজন-তত্ত্ব

শ্রীচৈতত্তদেব বলেন.—"নিজের ইন্দ্রিয়-প্রীতিবাঞ্চার নামই— 'কাম' এবং ঐকুষ্ণের ইন্দ্রিয়-প্রীতির ইচ্ছাই—অপ্রাকৃত 'প্রেম'।" জীবের আত্মেন্দ্রিয়-প্রীতি-বাঞ্ছাই ধর্ম, অর্থ, কাম বা মোক্ষ-কামনা-রূপে চারি পুরুষার্থ (পুরুষ = জীব + অর্থ = প্রয়োজন বা কাম্য)। স্বর্গাদি-স্থ্র-কামনাকে 'ধর্ম-কামনা' বলে। অর্থলাভের উদ্দেশ্যে ভগবানের আরাধনার ছলনা, কিংবা যে-কোনও কামনাসিদ্ধির উদ্দেশ্যে কামদাত্রী দেবতার পূজা, অথবা সংসারের যন্ত্রণা হইতে শান্তি-লাভের ইচ্ছা-প্রভৃতি সমস্তই 'কাম'। সাধারণতঃ লোকে ধর্ম বা পুণা-কামনা-সিদ্ধির জন্ম ফুর্যদেবতার পূজা ও অর্থকামনা-পরিপৃরণের জন্ম সিদ্ধিদাতা গণেশ-দেবতার পৃঞ্জা; পুঞ্জ, রাজ্য, অভ্যাদয়-প্রভৃতি কামনা করিয়া শক্তির পূজা এবং মোক্ষ কামনা করিয়া ক্রন্তের পূজা করিয়া থাকেন। কেহ কেহ আবার বিফুকে কর্মাধীন ও কর্মফল-দাতা বিচার করিয়া বিফুর পূঞা (?) করেন:

কেহ বা তাঁহাকে দওমুও-বিধাতা পরম ঐবর্যশালী বিচারে পূজা করেন ; ইহাতেও উপাদ্যবস্তুতে প্রেমের অভাব লক্ষিত হয়।

ত্রুতি পরম ভত্তকে "রদো বৈ সং." "অয়মাত্রা সর্বেষাং ভূতানাং মধুং" প্রভৃতি মন্ত্রে নির্দেশ করিয়াছেন। ইহা ভূইতে জানা যায়, পরতত্ব ক্লাব ব্রহ্মমাত্র নহেন, কিংবা তিনি পুরুষ-ভোগা। প্রকৃতি বা শক্তিতত্ব নহেন, তিনি মায়া ও জীবশক্তির ইশ্বর প্রমাত্মমাত্র নহেন, তিনি পরিপূর্ণ-সর্বশক্তি-বিশিষ্ট, স্বরূপ-শক্তির সহিত লীলাময়, রসময়, মধুয়য় লীলাপুরুবোরম। তিনি পরিপূর্ণত্রমস্বরূপে চিদ্বিলাসী, সচ্চিদানন্দ-ভন্ম, অপ্রাকৃত কামদেব, স্বরাট্ ও অবিতীয় ভোক্তা।

তিনি ভালবাদেন, ভালবাদা চা'ন এবং ভালবাদার বশীভূত হন। তিনি সর্বাপেকা ঘনিষ্ঠতম ও প্রিয়তম। এরপ নয় বে, তিনি কেবলই সুদূরবতী; অথবা এরপণ্ড নহেন, য়খন উপাদক নিকটবতী হন, তখনও কেবল খুব বছ লোকের মত ঐশ্বর্যে পরিপূর্ণ হইয়া ভীতি ও সম্রুমের পাত্রবং অবস্থান করেন। সুর্যাকে আলোক হইতে পৃথক করা যায় না. যেহেতু উহা ভাহার স্বরূপেরই ধর্ম; সেইরপে রসময় পরতত্ত্বের ভালবাদা-বৃত্তিনী তাঁহা হইতে পৃথক করা য়য় না। কেন তাহাকে ভালবাদা য়য়, ভাহার কোন কারণ নাই; কারণ, এ প্রিয়বধর্ম দী তাহার স্বরূপায়ুবন্ধী গুণ। তিনি যে কেবল প্রীতিই স্থীকার করেন, তাহা নহে; তিনি প্রীতির বশীভূত হইয়া য়ান। এইটী তাহার স্বন্ধিয়া যায় না, বা

ঐ ছড়েন্দ্রিয়কেও তিনি ভালবাসেন না। এই ভালবাসা বদ্ধ বা তটস্থ-দশায় অবস্থিত অণচিত জীবের পক্ষে সম্ভব নহে, তথাপি তাঁহারই আনন্দদায়িনী স্বরূপশক্তি হলাদিনীর ক্বপাশক্তি যে ইন্দ্রিয়ে অবতরণ করিয়াছেন, সেই ইন্দ্রিয়ের দারাই পরতত্ত্বস্তর সাক্ষাৎকার-লাভ হয়। যেই শক্তির দ্বারা পরতত্ত্বক ভালবাসা যায় এবং তাঁহার দ্বারা আকৃষ্ট হওয়া যায়, ষেই শক্তি পরতত্ত্ ও জীব উভয়কে সুখা করেন, সেই শক্তির প্রধান ও প্রথম ধর্ম 'করুণা'। জীবের কোনও সাধ্য নাই, পরতত্ত্ব-বস্তুকে ধরা-ছোঁয়ার মধ্যে পায়; তথাপি সাধু বা মহতের আকারে সেই হ্লাদিনী-শক্তির প্রকাশ অবতীর্ণ হইয়া জীবকে পরতত্ত্বের সহিত যোগযুক্ত করেন। হলাদিনী-শক্তির রূপাক্রমে হ্লাদিনীর সঙ্গে তাদাস্যাপর ইন্দ্রিয় পরতত্ত্বকে সুখী করিতে পারে। হ্লাদিনী-শক্তির যে সেবা---পরতব জ্রীভগবানকে 'সুখী' দেখা, তাহা তখন সেই ইন্দ্রিয়ে নামিয়া আদে। সকল স্থানে, সকল কালে, সকল পাত্রে ও সকল অবস্থায় তিনিই ভালবাসার বস্ত।

কর্ম-জ্ঞান-যোগাদি সাধন 'উপায়'-মাত্র, 'উপেয়' নহে; অর্থাণ তাহাই জীবের চরম প্রয়োজন নহে ; কিন্তু 'প্রেমভক্তি' উপায় ও উপের; অর্থাৎ উহাই 'প্রয়োজন'। প্রেমভক্তিদ্বারা যাহা লভা হইবে, সেইটীও 'ভক্তি'ই, ভাহারই অপর নাম পরতত্ত্বে 'প্রীতি' । কর্ম-জ্ঞান যোগাদিরপথ সার্বজ্ঞনীন নহে, অর্থাৎ তাহাতে সকলের অধিকার নাই। বিকলেন্দ্রিয় বা অর্থহীন ব্যক্তি হজ্ঞাদি-কর্ম করিতে পারে না। মূর্থ, নীচ, পাপী, ভোগী ও রোগী বাজি জ্ঞান-যোগাদির অমুষ্ঠান করিতে পারে না; কিন্তু ভক্তি সকলেই অনুষ্ঠান করিতে পারেন।

ভক্তির আভাসেই অর্থাৎ ভুচ্ছফলরূপেই কর্ম-জ্ঞানাদির চরম প্রাপ্য সমস্ত প্রয়োজনই অনায়াদে লভ্য হয়। ভক্তি স্বতঃই সুখরপা, এজন্য 'অতৈতুকী'; কর্ম-জ্ঞানাদি ফলরূপে সুখের আকাজ্যা করে বলিয়া উহাদের অনুষ্ঠানে 'হেতু' থাকে। যেস্থানে স্বয়ং 'সুখ'ই সাধন ও সাধ্য, সেস্থানে আর আত্মুখামুসন্ধান-চেষ্টারূপ হেতৃ থাকিতে পারে না। ভক্তি করার মত এমন সু**থ** কিছুতে নাই, আর ভক্তি না করার মত এমন চুঃখণ্ড আর কিছুতে নাই। এজন্য ভক্তি '**অপ্রতিহতা**' অর্থাৎ কিছুতেই বাধাপ্রাপ্ত হয় না। বাধা পাইলে ইহার বেগ আরও বহুগুণে বাড়িয়া যায়।

ভক্তি—পরমধর্ম ; কারণ, ইহা 'পরত্ত্ত্ব'র একমাত্র সস্তোষের জ্ঞা কৃত হয়। নিবৃত্তিমাত্র-লক্ষণ ধর্মেও বিমুখতা থাকে, অর্থাৎ পরতত্ত্বের সস্তোষ-চিস্তা থাকে না, নিজের স্বার্থ-চিস্তাই অধিক পরিমাণে থাকে ।

ভক্তি—সর্বত্রই অনুষ্ঠিতা হয়। সর্বশাস্ত্র, সর্বকর্তা, সর্বদেশ, সর্বকরণ, সর্বজ্ঞবা, সর্বকার্য ও সর্বকালে ভক্তির অনুষ্ঠান হয়। সর্বদা ভক্তির অনুশীসন হয়; সৃষ্টিতে, চতুর্বিধ প্রালয়ে, চারিযুগে, সর্বাবস্থায় (মাতৃগর্ভে, বালো, ধৌবনে, বার্ধকো, মরণে, স্বর্গে ও নরকে) ভক্তির অধিষ্ঠান আছে।

ভক্তি-সর্বকামপ্রদা, অণ্ডভহারিণী, সর্ববিল্পবিনাশিনী, সর্ব-তাপ-ক্লেশ-নাশিনী, অপ্রারকহারিণী, পাপবাসনাহারিণী, অবিছা-বিনাশিনী, সর্বতোষণী, সর্বগুণদায়িনী, সর্বস্থুপ্রদায়িনী, অভক্তি-বিঘাতিনী, সভঃই নিগুণা, নিগুণতাবিধায়িনী, স্থাকাশ-স্বরূপা, পরমসুখ-স্বরূপা, রতিপ্রদা, প্রেমিক-সর্বস্থা, ভগবন্ধশ-কারিণী ও প্রয়োজন-পরাকার্চা-প্রদাযিনী।

কেবল তঃখনিবৃত্তি পুরুষার্থ নহে, প্রমানন্দ-প্রাপ্তিই যথার্থ বাস্তব পুরুষার্থ বা মুক্তি। 'মুক্তি'-শব্দে প্রকৃতপ্রস্তাবে প্রমানন্দ-প্রাপ্তিকেই লক্ষ্য করে। ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান—তিনটীর আবির্ভাবই আনন্দস্বরূপ ; ইহাদের প্রাপ্তি—মুক্তি। এই মুক্তি বা আনন্দপ্রাপ্তি সকলই পূর্ণ ; কারণ, পরতত্ত্বের সকল আবিভাবই পূর্ণ। ব্রক্ষে নিজ শক্তির বা ধর্মের প্রকাশ নাই বলিয়া ব্রহ্ম— নির্বিশেষ। পরমাত্মায় শক্তির বা ধর্মের আংশিক প্রকাশ আছে। পরমাত্মা হইত্তেও ভগবানে প্রিয়ত্বধর্ম-গুণটী সর্বতোভাবে অধিক আছে বলিয়া শ্রীভগবান গুণবিচারে সর্বশ্রেষ্ঠ তত্ত্ব। শ্রীভগবানের সবিশেষদের মধ্যে চমৎকারিতা বা আনন্দবৈচিত্রী আছে। ভগবান সর্বগুণসম্পন্ন হইয়াও নিরপেক্ষ নহেন। তিনি উপাসকের প্রীতি চাহেন এবং নিজেও প্রীতি করেন। শ্রীভগবান্কে সুখী করাই মূল প্রান্তের বটে; কিন্তু ইহার মধ্যেও বৈশিষ্ট্য এই যে, ভগবান্ ষেভাবে স্থা হইতে চাহেন, সেভাবে তাঁহাকে সুখা করিতে চেন্টা করাই 'প্রীতি'। যেইভাবে তাঁহাকে পাইলে—তাঁহাকে সেবা করিলে —ভালবাদিলে, তিনি সুখী হ'ন, তাঁহার ইচ্ছার বিরুদ্ধে বা নিজের স্থাকামনামূলে নহে; দেইভাবে ভাঁহাকে পাইবার ইচ্ছা প্রীতিকে বিস্তার করে। ইহাকে 'ফার্ফান্ড ভালবাদা' বলা হয়। নিজের ইন্দ্রিয়তৃত্তি-কামনা ইহার মধ্যে বিলুপ্ত হইরা যায়। স্থা—মারাশক্তির সন্ধ্রণের বৃত্তি; আর ভগবৎপ্রীতি—ফরপশক্তির বৃত্তি। প্রীতি নিতাদিক ভগবৎপরিকরগণে স্বতঃ-দিকরপে নিতা বর্তমান আছে। তাঁহাদের কপাপরম্পরাক্রমে যোগ্য নির্মল জীবান্মায় প্রীতির আবির্ভাব হয়। এই প্রীতিই সর্বোত্তম প্রমানন্দলাভের একমাত্র উপায় ও উপেয়।

প্রেম-সম্বন্ধে পৃথিবীতে বিকৃত ধারণার প্রচার হইয়াছে।
ভাই, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর গাহিয়াছেন,—

"কি আর বলিব তোরে মন!

মুখে বল' 'প্রেম, 'প্রেম,' বস্তুতঃ তাজিয়া কেম,

শুন্ত গ্ৰন্থি অঞ্চল বন্ধন ॥

অভ্যাদিয়া কম্পতি, লক্ষ্মপ্ ক্কথাৎ,

মছবিলায় পাকহ পড়িয়া।

এ লােক বঞ্চিতে রঙ্গ, প্রচারিয়া অস্থ-সৃষ্ণ,

কামিনী-কাঞ্ন লভ' গিয়া ॥

প্রেমের সাধন—'ভক্তি.' তঃ'তে নৈল অমুরক্তি,

ভূজপ্রেম কেমনে মিলিবে?

দশ-অপ্রাধ তাজি,' নিরস্তর নাম ভজি,'

তুপ। হ'লে সুপ্রেম পাইবে ॥

না মানিলে স্বভক্তন. সাধুস্কে সংকীর্তন,

না করিলে নির্জনে মরণ।

ना উठिया दुरकांभति, होनाहानि कल धति, তষ্টকল করিলে অর্জন॥ অকৈতৰ কৃষ্ণপ্ৰেম, যেন স্থ্ৰিমল হেম, धरे क्ल नुर्लाक पूर्लेख। কৈত্তবে বঞ্চনা-মাত্ত, হণ্ড আগে যোগা পাত্ত, তবে প্রেম হইবে সুলভ॥ কামে প্রেমে দেব ভাই, লক্ষণেতে ভেদু নাই, তবু 'কাম' 'প্রেম' নাহি হয়। ভূমি ত' বরিলে কাম, মিথ্যা তাহে 'প্রেম' নাম আরোপিলে, কিসে গুভ হয়?

শ্রনা হৈতে সাধুসঙ্গে, ভজনের ক্রিয়া-রঞ্জে, নিষ্ঠা-ক্ষচি-আসক্তি-উদয়। আসক্তি হইতে ভাব, তাহে প্রেম-প্রাত্ভাব, এই ক্রমে প্রেম উপজয়॥"

"বিশ্বপ্রেম অথবা মানুষে-মানুষে প্রেম কেবল 'আত্ম-প্রেমে'র: বিকার-মাত্র। আত্মা ও আত্মাতে যে প্রেম, তাহাই একমাত্র আত্ম-প্রেমের আদর্শ। প্রীতির স্বরূপ না ব্ঝিয়া ঘাঁহারা 'মনোবিজ্ঞান,' 'প্রীতিবিজ্ঞান' ইত্যাদি লিখিয়াছেন, তাঁহারা যতই যুক্তি যোগ করুন না কেন, কেবল ভম্মে ঘৃত ঢালিয়া বুথা শ্রম করিয়াছেন, দত্তে মন্ত হইয়া স্বীয়-স্বীয় প্রতিষ্ঠা সংগ্রহ করিয়াছেন মাত্র,— জগতের কোন উপকার করা দূরে থাকুক, বহুতর অমঙ্গলের সৃষ্টি

করিয়াছেন। ** একটা বিজ্লিক ষেরপ দাহা-বিষয় লাভ করিয়া ক্রমশঃ মহাগ্রির পরিচর দিরা জগৎকে দহন করিতে সমর্থ হয়, একটা জীবও তজ্ঞপ প্রেমের প্রকৃত বিষয় যে ইংকুফচন্দ্র, ভাঁহাকে লাভ করিয়া প্রেমের মহাবতা উদয় করিতে সমর্থ হয়।"

"পরমেশরের বিশুদ্ধ-গুণগণের কীর্তন ও তাঁহার প্রেমে সকলের ভ্রাতৃহ-স্থাপনই 'বিশুদ্ধ-ধর্ম'। ক্রমশং সংস্থাপিত ধর্ম-সকলের হেয়াংশ দূরীভূত হইলে সম্প্রদায়-বিশেষের ভজনভেদ ও সম্প্রদার-সম্প্রদায়ে বিবাদ থাকিতে পারে না। তখন সকল বর্ণ, সকল জাতি, সর্বদেশের মন্তুয় একত্রিত হইয়া পরস্পর আতৃহসহকারে পরমারাধা পরমেশ্বরের নাম-কীর্তন সহজেই করিয়া থাকিবেন। তখন কেহ কাহাকেও চণ্ডাল বলিয়া ঘৃণা করিবেন না এবং নিজের জাতাভিমানে মুদ্ধ হইয়া জীবসমূহে সাধারণ আতৃহ আর ভূলিতে পারিবেন না; তখন প্রীহরিদাস প্রেমরসের কলসং লইয়া প্রীশ্রীবাসের মুধ্ব চালিতে থাকিবেন এবং শ্রীশ্রীবাস হরিদাসের চরণরেণু স্বাক্তি মাবিয়া 'হা তৈতক্ত ! হা নিত্যানন্দ !' বলিয়া সহজেই নৃত্য করিবেন।"

and read

— ইল ঠাকুর ভক্তিবিনোদ '

যড়ধিক-শতত্ত্ব। পরিচ্ছেদ শ্রীচৈতন্মের শিক্ষা ও সার্বভৌম ধর্ম

পরমবিদ্বচ্ছিরোমণি শ্রীসার্বভৌম ভট্টাচার্য শ্রীকৃষ্ণচৈতস্থদেবের শিক্ষায় অনুপ্রাণিত হইবার পর তাঁহাকে স্তব করিয়া এইরূপ বিদয়াছিলেন,—

"বৈরাগ্য-বিস্থা-নিজভক্তিযোগ,-শিক্ষার্থনেকঃ পুরুষঃ পুরাণঃ। শ্রীকৃষ্ণনৈতন্ত্রশরীরধারী, কৃপাস্ধির্যস্তমহং প্রপত্তে॥"

যে এক করণাসাগর সনাতনপুরুষ বৈরাগ্য (বিপ্রলম্ভ), বিভা (পরবিভা ভক্তি) ও নিজভক্তিযোগ (উল্লভোজ্জলরসাবেশময়ী প্রেমভক্তি) শিক্ষা প্রদান করিবার জন্ম 'শ্রীকৃষ্ণচৈতন্সবিগ্রহ'-রূপে অবভীর্ন, আমি তাঁহাকে আশ্রায় করি।

শ্রীকৃষ্ণ চৈতন্তাদেবের 'আদি', 'মধা', ও 'অন্তা'—এই ত্রিবিধ প্রকটলীলার প্রত্যেকটা আচরণ সাধকের ও সিদ্ধের—বদ্ধ-মুমুক্দ্র আদর্শ-শিক্ষার প্রদর্শনীস্থরণ। শ্রীচৈতন্তচরিতে এক-দিকে যেরপ শক্ত্যাবেশাবতার হইতে সর্বাবতারী স্বয়ংভগবত্তবের লীলাপরাকান্তা পর্যন্ত প্রপঞ্জিত হইয়াছে, অপরদিকে সেরপ জীবের গৌণ সাম্মুখ্য বা সাম্মুখ্যের দ্বার (কর্মার্পণ) হইতে সাক্ষাৎ সাম্মুখ্য-পরাকান্তার (প্রেমভক্তির) এবং নিত্যমুক্তগণের সাধ্য-শিরোমণির (প্রেমবিলাসবিবর্তের) ভাবসম্পৎ পর্যন্ত মূর্ত হইয়া প্রকটিত হইয়াছে।

জন্মযাত্রাকালে চন্দ্র-গ্রহণের ছলে শ্রীমবরীপের আবাস-বৃদ্ধ-বনিতার জিহবা-মরু-প্রাঙ্গণে গ্রীহরিনামের অবতারণ এবং আন্তু-ষঙ্গিকভাবে অপক্ষাগতিতে সমসাময়িক পৃথিধীর বহিমুখ-অবস্থার অভূতপূর্ব যুগান্তর-সাধনলীলা শ্রীকৃঞ্চৈতক্স-রচিত 'ক্রীশিক্ষান্তকে'র "পরং বিজয়তে ঐকুঞ্সংকীর্তনম্" বাণীর বিজয়বৈজয়স্তী। শৈশবে প্রীহরিনাম-শ্রবণে ক্রন্দননিবৃত্তির সীলায় তাঁহার প্রীরুক্ষসংকীতন্-পিতৃত্ব এবং অল্পপ্রাশন-সংস্কারকালে স্বীয় ক্রচি-পরীক্ষার মধ্যে 'শ্রীমন্তাগবত'-আলিলনলীলায় 'বিভা ভাগবতাবধি'—এই শিক্ষা-সার আবিদ্ধৃত হইয়াছে। আবার সর্প-ধারণসীলা-প্রভৃতির দ্বারা শেষ-শ্য়ন-লীলা-প্ৰমুখ ভগবল্লীলাও প্ৰকটিত হইষাছে। বাল্যে চৌর্য ও পুরস্ত-লীলা; তৈথিক ত্রাহ্মণের নৈবেছ-ভোজনলীলা; একাদশীতে শ্রীজগদীশ-হিরণ্য পণ্ডিতের বিষ্ণু-নৈবেছ-ভক্ষণলীলা ; বর্জা ভাতের উপর উপবেশন-পূর্বক দ্তাতেয়াবেশে ও অক্স সময় কপিলের ভাবে শ্রীশচীমাতাকে উপদেশদান-লীলা; বিফু-খটার আরোহণলীলা; মহাপ্রকাশ-লীলা; কাজীলমন-লীলা; বড় ভুত্ত-প্রদর্শনলীলা-প্রভৃতির মধ্যে তাঁহার ভগবত। পরিবাক্ত ইইয়াছে। আবার, অপরদিকে অগ্রন্ধ শ্রীবিশ্বরূপ, শ্রীমহৈত, শ্রীশ্রীবাদাদি বৈঞ্চবলুন্দের প্রতি মর্যাদা-দানলীলা; গঙ্গার ঘাটে বৈঞ্চবলুন্দের বিভিন্ন পরিচর্যালীলা; যথাবিধি জ্রীবিষ্ণুপুরুা; জ্রীতৃলদী-দেবা; বিষ্ণুনৈবেজ-গ্রহণ ; শ্রীশচীমাতাকে শ্রীত্রকাদশীতে অন্ধ-গ্রহণে নিষেধ; স্বয়ং উর্ম্বপুণ্ড-ধারণ ও পড়ু মাগণকে উর্ম্বপুণ্ড-ধারণাদি সদাচার-শিক্ষাদান; অন্তর্যামি-দৃষ্টিতে দীন-দরিছের সংকার-

লীলা ; সপরিবারে অভিথিসেবা ; বৈঞ্চবসেবা ; সহধমিণী জ্রী-লক্ষ্মাদেবীর দ্বারা শ্রীবিফু-বৈষ্ণবের সেবার আদর্শ-প্রকটীকরণ: পরস্ত্রী-সম্ভাষণাদিতে সর্ববিধ সতর্কতাবলম্বন; পূর্ববঙ্গে বিজয়পূর্বক অধ্যাপনা; নিজের শুক্লবৃত্তিতে অর্থ-সংগ্রহলীলা; জ্রীতপনমিশ্র-প্রভৃতিকে সাধা-সাধন-তত্ত্বে উপদেশ; দিগ্নিজয়ি-জয়লীলার দারা প্রাকৃত বিভা ও প্রতিভার বার্থত্ব ও অমানি-মানদত্ব-শিক্ষা-দান ; শ্রীলক্ষ্মাদেবীর বৈকুণ্ঠবিজয়-বার্তা-শ্রবণে শরণাগত গৃহস্থের নিজকর্মানুরূপ ফল-স্বীকৃতি ও ভগবদমুকম্পাবোধে কায়মনো-বাক্য ভগবৎদেবায় নিয়োগ-শিক্ষাদানলীলা : দ্বিতীয়দার-পরিগ্রাহ-লীলার মধ্যে বৃদ্ধিমন্ত খাঁর ও শ্রীসনাতন মিশ্রের বৈফবগৃহস্থোচিত . আচারের আদর্শ-প্রকটন ; 'গয়াধামে' গমন-কালে বিপ্রপাদোদক-পানলীলা এবং শ্রীবিফুপাদপদ্মে পিতৃশ্রাদ্ধলীলা ও শ্রীঈশ্বর পুরীপাদের অর্থাৎ মহতের পাদাশ্রাফীলার মধ্যে বিফুতোষণপর কর্মার্পণকারী বৈষ্ণবগৃহস্থের আদর্শ, তথা মহতের কৃপায় আরোপসিদ্ধা ভক্তি হইতে স্বরূপসিদ্ধা ভক্তির উদয়রূপ ভাগবত-শিক্ষাসমূহ আবিষ্ঠার করিয়া জ্রীগৌরহরি নরজীলার সমবয় করিয়াছেন।

দিখিজয়ীর প্রতি তাঁহার উপদেশ—"সেই সে বিভার কল জানিহ নিশ্চয়। 'কৃষ্ণপাদপদ্মে যদি চিন্ত-বিন্ত রয়'।" (চৈঃ ভাঃ আঃ ১৩১৭৮)। ছাত্রগণের প্রতি তাঁহার শিক্ষা—"য়াবৎ আছয়ে প্রাণ, দেহে আছে শক্তি। তাঁবৎ করহ কৃষ্ণপাদপদ্মে ভক্তি॥
কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ প্রাণ-ধন। চরণে ধরিয়া বলি,—

পরিছেদ] শ্রীটেচতক্যের শিক্ষা ও সার্বভৌম ধর্ম 🕬

'কুফে দেহ' মন'॥" (চৈ: ডা: ম: ১।০৪২-০৪০); "যে পড়িলা, দেই ভাল, আর কার্য নাই। সবে মেলি' 'কুফ' বলিবাত এক ঠোই॥" (চৈ: ডা: ম: ১।০৯০)। ব্যাকরণের প্রত্যেক বর্ণ, ধাতু, সূত্র সমস্তই কুফনাম-পর—এই চরমশিক্ষাটী শ্রীগোরহরি তাহার অধ্যাপকবর্ধ-লীলার উপসংহারে জগভ্জীবকে প্রদান করিয়াছেন। ইহাই সর্ব-অধ্যাপকশিরোমণি জগদ্ওকর ছাত্রোপম সমগ্র জীবজগতের প্রতি তাহার শিক্ষাসার। শ্রীল প্রীজীব গোস্বামি-প্রভূপাদ জগদ্ওকর এই শিক্ষা অবলম্বন করিয়াই শ্রীহরিনামপর 'শ্রীহরিনামায়ত-ব্যাকরণ' গুক্তিত করিয়াছেন।

শ্রীনিত্যানন্দ ও শ্রহরিণাসের প্রতি শ্রীমহাপ্রভুর শ্রীনবদ্বীপের ঘারে ঘারে উপস্থিত হইয়া "বল'ক্ষা, ভঙ্গ ক্ষা, কর' রুফাশিকা" (চৈঃ জাঃ মঃ ১০৷৯) এই ভিক্ষা যাচ্ এনব এবং প্রভ্যুহ দিবাবসানে উহার কলাফল অর্থাৎ বহিমুখ জীবের কৃষ্ণ-সান্দ্রণার দিকে গতির হিসাব-নিকাশ-প্রদানের আদেশ-সর্বশিক্ষাণ্ডক খ্রীপৌর-সুন্দরের মহাবদান্তময়ী জীবশিক্ষার এক অভূতপূর্ব আদর্শ। এই কুপা-মহাবকার মহাবর্তে পড়িয়া মহাপাণী জগাই-মাধাইও 'মহাভাগবত' হইয়াছিলেন। জ্রীগোরহরি ক্ষমা ও কুপার ঘারা তাঁহার নিন্দকের প্রতিশোধ লইবার আদর্শ শিক্ষা দিয়াছেন। মায়াবাদী সন্ন্যাসী, অমোঘ, অভিশাপ-প্রদানকারী ব্রাহ্মণ-প্রভৃতির প্রতি তাঁহার ব্যবহারে এই শিক্ষা প্রকাশিত হইয়াছে। তিনি বহিমুখ-বাক্যে বধিরতা ও সহিষ্ণুতা শিক্ষা দিয়াছেন; কিন্তু যখন শ্রীহরিতোষণকারীর প্রতি জ্রোহ উপস্থিত হইয়াছে, তখন তিনি 'চক্র, চক্র' বলিয়া 'শ্রীস্থদর্শন'-চক্তের আহ্বানগীলা, কাজীদমন-লীলা, ভাগবতী দেবানন্দ-দণ্ড-লীলা, ঞ্রীশচীমাতার অপরাধ-(?) কালনলীলা, 'কাহাঁরে রাব্ণা' (চৈ: চ: ম: ১৫।৩৪) বলিয়া ক্রোধপ্রকাশ-লীলা, 'খড়-জাঠিয়া বেটা' (চৈঃ ভাঃ মঃ ১০।১৮৫) শ্রীমুকুন্দ দত্তের চিজ্জড়-সমবয়বাদে অসহিষ্ণৃতা-প্রকাশ-প্রভৃতি কুফতোষণপরা শুদ্ধভক্তির শিক্ষাপ্রচারে পশ্চাৎপদ হন নাই। শ্রীগৌরহরি শ্রীপুণ্ডরীক বিষ্ঠানিধি, শ্রীরায়রামানন্দ ও শ্রীখণ্ডের রাজবৈত্য শ্রীমুকুন্দ দাদের (চৈ: চঃ মঃ ১৫।১১৯-১২৭) আদর্শের দ্বারা বিষয়িপ্রায় থাকিয়া অন্তর্নিষ্ঠা ও বাহে লোকব্যবহারের সহিত হরিভদনই বহিমুখ-জগতে ভজন-চাতুর্য-এই শিক্ষা দিয়াছেন। সপরিকর শ্রীশ্রীবাস পণ্ডিতের দারা তিনি বৈফব-গৃহস্থের আদর্শ-শিক্ষা প্রকট করিয়াছেন। আবার হরিভজনের প্রাতিকৃলা-বর্জনের জন্ম সাধকদিগের নিকট নিত্যসিদ্ধ নিজছন ঞ্জী শ্রীরূপ-সনাতন-শ্রীরঘুনাথের সাধনস্গীলার শিক্ষা উদ্যাটন করিয়াছেন। তাঁহার আত্মদৈক্তময়ী সন্মাসলীলা উন্নূথের নিকট কৃষ্ণানুসন্ধান-শিক্ষা প্রচার করিয়াছে এবং বহিমুখের নিকট ঐশ্বর্য প্রকাশ করিয়া তাহাদিগকে মঙ্গলের পথে আকর্ষণ করিয়াছে। সম্মাদলীলার প্রাক্তালে সকলের প্রতি তাহার শিক্ষা —"যদি আমা' প্রতি স্নেহ থাকে স্বাকার। তবে কৃষ্ণ বাতিহিক্ত না গাইবে আর॥" (চৈ: ভা: ম: ২৮।২৭)।

শ্রীগৌরহরিই বঙ্গদেশে পারমার্থিক রঙ্গমঞ্চের এবং নগর-সংকীর্ভন ও হরিসংকীর্তনের আদিপ্রবর্তক। তাঁহার শ্রীচরণারবিন্দ মকরন্দ-লোভী ভূত্যবর্গ পারমাধিক মৌলিক গৌড়ান্থ-সাহিত্য ও বৈষ্ণব-পদাবলী-কীর্তনের আদিস্ত্রধার। ব্যাকরণ ('শ্রিছরি-নামাস্ত'), কাব্য, নাটক, অলঙ্কার, ছন্দঃ, দর্শন, স্মৃতি, ইতিহাস, পরমার্থনীতি, পারমাধিক বিজ্ঞান ('শ্রিহরিভক্তিবিলাস' দ্রুইব্য) —সর্ববিষয়েই তাঁহারা আদর্শ মৌলিক শিক্ষক। শ্রীগৌরহরি তৌর্যত্রিক অর্থাৎ নৃত্য, গীত ও বাহাকে ব্যসনপর হুড়বিলাস হুইতে সর্বোৎকুই শ্রীকৃষ্ণতোষণপর চিদ্বিলাসে পরিণত করিবার আদর্শ শিক্ষা প্রচার করিয়াছেন। অপর্বদিকে বঙ্গদেশী বিপ্র কবির দৃষ্টান্তের দারা (শ্রীচিঃ চঃ অঃ ৫।৯১-১৫৮) সিদ্ধান্ত-বিকৃদ্ধ, রসাভাসদৃষ্ট ও জড় প্রতিষ্ঠাশাপর গ্রাম্য কবিহ ও শ্রীকৃষ্ণ-তোষণপর অপ্রাকৃত কবিদের পার্থক্য শিক্ষা দিয়াছেন।

শ্রীল কবিরাজগোষামিপাদ লিখিয়াছেন,—'ভদ্ম-বাল্যাপৌগগু-কৈশোর-যুবাকালে। ছরিনাম লওয়াইলা প্রভু নানাছলে ॥ বাল্য-ভাবছলে প্রভু করেন ক্রন্দন। 'কৃষ্ণ', 'ছরি', নাম
গুনি' রহয়ে রোদন ॥ বিবাহ করিলে হৈল নবীন যৌবন। সর্বত্র
লওয়াইল প্রভু নাম-সংকীর্তন ॥ পোগগু-বয়সে পড়েন, পড়ান
শিষ্যগণে। সর্বত্র করেন কৃষ্ণনামের ব্যাখ্যানে ॥ স্কু-বৃত্তি-টাকায়
কৃষ্ণনামের তাৎপর্য। শিষ্যের প্রতীত হয়্ম.—সবার আশ্বর্ষ ॥
কৃষ্ণনামের তাৎপর্য। শিষ্যের প্রতীত হয়্ম.—সবার আশ্বর্ষ ॥
যা'রে দেখে, তা'রে কছে—কহ কৃষ্ণনাম। কৃষ্ণনামে ভাসাইলা
যা'রে দেখে, তা'বে কছে—কহ কৃষ্ণনাম। কৃষ্ণনামে ভাসাইলা
নবদ্বীপ-গ্রাম।। কিশোর-বয়সে আরম্ভিলা সংকীর্তন । রাত্রিদিনে
প্রোম নৃত্য, সঙ্গে ভক্তগণ ॥ নগরে নগরে প্রমে কীর্তন করিয়া।
ভাসাইলা ত্রিভূবন প্রেমভক্তি দিয়া।। চবিবশ বৎসর ঐছে নবভাসাইলা ত্রিভূবন প্রেমভক্তি দিয়া।। চবিবশ বৎসর ঐছে নব-

দ্বীপ-গ্রামে। লওয়াইলা সর্গলোকে কৃষ্ণপ্রেম-নামে। চিকিশ বৎসর ছিলা করিয়া সন্ন্যাস। ভক্তগণ লঞা কৈলা নীলাচলে বাস। তা'র মধ্যে নীলাচলে ছয় বৎসর। নৃত্য, গীত, প্রেমভক্তি -দান নিরন্তর । সেতৃবন্ধ, আর গৌড়ব্যাপি বৃন্দাবন। প্রেম-নাম প্রচারিয়া করিলা ভ্রমণ।। ঘাদশ-বৎসর-শেষ রহিলা নীলাচলে। প্রেমাবস্থা শিখাইলা আসাদন-ছলে॥" (ঐীচৈঃ চঃ আঃ ১০।২২-२७, २१-७७, ७२)।

শ্রীকৃষ্ণচৈতভাদের শ্রীকৃষ্ণতোষণপর স্তবৃহৎ পরিবার-পরিজন-পোষক(এ) চৈ: ভা: অঃ ৫।৪১) এ শ্রীবাস পণ্ডিতের নিরন্তর সপরি-করে শ্রীকৃষ্ণতোষণের আদর্শের দারা শ্রীকৃষ্ণ-সংসারের গৃহত্তের কোন অভাব থাকিতে পারে না, ইহা শিক্ষা দিয়াছেন। "প্রভু বলে,—'কি বলিলি পণ্ডিত শ্রীবাস! তোর কি অন্নের হইবে উপাস। যদি কদাচিৎ বা লক্ষ্মীও ভিক্ষা করে। তথাপিহ দারিদ্র্য নহিব তোর ঘরে।। আপনে যে গীতা-শাস্ত্রে বলিয়াছে । মুঞি। তাহো কি শ্রীবাস, এবে পাসরিলি তুঞি।। যে-যে জন চিন্তে মোরে অনশু হইয়া। তা'রে ভিক্ষা (ঙদ মুঞ্জি মাথায় বহিয়া। যেই মোরে চিস্তে, নাহি যায় কারো দারে। আপনে আসিয়া সর্বসিদ্ধি মিলে ভা'রে॥ ধর্ম, অর্থ, কাম, মোক্ষ—আপনে আইসে। তথাপিহ না চায়, না লয় মোর দাসে।। মোর স্থদর্শন -চক্রে রাখে মোর দাস। মহাপ্রলয়েও যা'র নাহিক বিনাশ। যে মোহার দাদেরেও করয়ে স্মরণ। তাহারেও করোঁ মুঞি পোষণ-পালন।। সেবকের দাস সে মোহার প্রিয় বড়।

অনায়াসে সেই সে মোহারে পায় দঢ়।। কোন্ চিন্তা মোর সেবকের ভক্ষ্য করি'। মুঞ্জি যা'র পোষ্টা আছেঁ। সবার উপরি।।" (শ্রীচিঃ ভাঃ ভাঃ বা৫৩-৬৩)।

প্রীকৃষ্ণতৈতন্যের চরিত ও শিক্ষা—মূর্ত 'শ্রীমন্তাগবত' ও 'ভাগবতধম'। একিঞ্চৈতহদেব সমস্ত শাস্ত্রে, সমস্ত কর্তায়, সমস্ত ক্রিয়ায়, সর্ব-স্থান-কাল-পাত্রে. সমস্ত ভূবনে ও করণে, সমস্ত কার্যে ও কারণে, সমস্ত সাধনে ও ফলে ভক্তির অধিষ্ঠান ও শিক্ষা প্রচার করিয়াছেন। ভক্তি সার্বতিক, সার্বকালিক, সার্বজনিক ও সার্বভৌম ধর্ম—এই শিক্ষা শ্রীচৈতল্যদেবের চরিতে দেদীপ্যমান। মাতৃগত্তে অবস্থানকালে খ্রীশিবানন্দ্রেনাগ্রন্ত 'শ্রীপুরীদাসে'র শ্রীগৌরকুপালাভ (শ্রীচৈ: চ: অ: ১২।৪৫-৫০) এবং বাল্যে সেই সপ্তম বর্ষীয় শিশুর অত্ত একুফতোষণপর ভক্তি ও কবিত্তের বিকাশ (খ্রীচৈ: চ: অ: ১৬,৭৩-৭৫), জীরঘুনার্থ ভট্ট, প্রীগোপাল ভট্ট, প্রীঅচ্যুতানন্দ, শ্রীরঘুনন্দন-প্রভৃতির বাল্যে শ্রীগৌরসেবা ; শ্রীশ্রীবাস-ভাতৃ-তুহিতা চারি বংসরের বালিকা শ্রীনারায়ণীর শ্রীগৌরকৃপায় কৃঞ্নামে ক্রন্দন ও প্রেমবিকার (জীচৈঃ ভাঃ মঃ ২।৩২৪) ; যৌবনে জীরঘুনাথ দাসাদির ইন্দ্রসম ঐশ্র্য, অপ্সরাসমা ভাষা ও স্থখময় গৃহ ত্যাগ করিয়া শ্রীগৌর-সেবার আত্মান্ততি-দান; প্রোচ়ে শ্রীশ্রীরপ-সনাতন-শ্রীরামরায়-শ্রীস্থবুদ্ধিরায়ের বিষয়-বৈভবত্যাগলীলা ও শ্রীগৌরহরির ভূত্যধ-লাভ; বার্ধ ক্যে খ্রীভবানন্দ রায়, শ্রীদার্বভৌম ভট্টাচার্য, শ্রীচন্দ্রশেখর আচার্য, শ্রীকাশী-মিশ্র-প্রভৃতির শ্রীগৌরকুপালাভ; নিার্যণকালে শ্রীল হরিদাস ঠাকুরের 'শ্রীকৃষ্ণচৈতন্ত্র'-নাম-উচ্চারণের সহিত প্রাণ-উৎক্রমণ ; আবার মুমূষ্র্ অবস্থায় বিস্টিকারোগগ্রস্ত 'অমোঘে'র ঐকৃঞ্চৈতক্তের উপদেশ, শিক্ষা ও কৃপালাভে দেহবোগ ও ভববোগ হইতে নিক্তি; গলিত-কুষ্ঠা বাস্থদেবের শ্রীগোরকূপায় ও ণিক্ষায় 'নউকুষ্ঠ, রূপপুষ্ট ও ভক্তিতৃষ্ট' হইয়া আচার্যহলাভ (শ্রীটেঃ চঃ মঃ ৭।১৪৮); মৃত্যুর পরে শ্রীশ্রীবাদের মৃতশিশু-পুত্রের শ্রীগৌরোপদেশ-শ্রবণ-ফলে দিবাজ্ঞানপ্রাপ্তি ও সপরিবার শ্রীশ্রীবাসের শোকশাতন; কারাগ্রে শ্রীদনাতনের ও শ্রীহরিদাসের শ্রীনামভজনলীলা; শ্রীভবানন্দ-পুত্রের প্রাণঘাতী **রাজদণ্ডভোগকালে** সংখ্যাযুক্ত শ্রীনামগ্রহণ ও শ্রীগৌরকুপালাভ (শ্রীচৈ: চ: আ: ১।৫৬), পন্মপানকারী সদাচারী ব্রহ্মচারীর, অপরপক্ষে জগাই-মাধাইর ক্যায় অতি **তুরাচারী মহাপাতকীর**, 'ললিতপুরে'র দাবি-সন্মাসীর ও চুরাচারী দানীর (শ্রীচৈঃভাঃ অঃ ২।১৮১), মগ্রপ যবন রাজার(শ্রীচৈ: চ: ম: ১৬/১৭৮-১৯৯) শুদ্ধভক্তিলাভ ; শ্রীশ্রীধরের ন্থায় ধোড়-কলা-মূলা-বিক্রেতা **নিঃস্ব ব্যক্তির** বা শ্রীশুক্লাম্বর ব্রন্দচারীর স্থায় ভিক্ষুকের, খেয়ারি মাঝির (শ্রীচৈ: চঃ মঃ ১৬। ২০২), অপরদিকে গভপতি শ্রীপ্রতাপরুদ্রের ন্যায় মহারাজ-চক্রবর্তীর প্রেমদপাত্তি-প্রাপ্তি; খ্রীশ্রীবাদ পণ্ডিতের গৃহের দাসী 'ছংখা'র দেবানিষ্ঠাফলে 'সুখী'-নাম-প্রাপ্তি; ঐ শ্রীশ্রীবাস-গৃহের **দাসদাসী, কুকুর-বিড়ালের** (খ্রীচেঃ ভাঃ মঃ ৮।২১) ^{পর্যন্ত} ভক্তিলাভ; এশিবানন্দ সেনের কুকুরের এটিচতন্য-প্রদত্ত ত্রন্তাদি দুল'ভ ভগবং-প্রসাদ-দেবন, নাম-প্রবণ-কীর্তন ও সিদ্ধদেহে বৈকুণ-প্রাপ্তি (ইটিচ: চ: অ: ১ ৩২); তথা 'কুলীন-গ্রামে'র ভক্তগণের সম্পর্কিত কুরুরাদির এবং সেই স্থানে শূকরচারণকারী ডোমের পর্মন্ত জ্রিক্ষণানে রভি (ক্রিচৈ: চঃ আঃ ১০৮৩) ; 'ঝারিখণ্ডে'র ব্যাঘ্র, ভন্নুক, বশুহস্তি-প্রভৃতি হিংস্র পশুগণের এটিচতন্ত-প্রীমুখে হরিনামশ্রবণে হিংদা ভূলিয়া মুগাদি পশুর সহিত প্রভুর অনুগমন(শ্রীচৈঃ চঃ মঃ ১৭।৩৭), কৃষ্ণ-কীর্তন-নৃত্যও পরস্পর আলিম্বন (ক্রি)চেঃ চঃ মঃ১৭।৪২), ময়ূরাদি পক্ষিগণেরও কৃষ্ণনামে নৃত্য, কৃষ্ণলতাদি যাবতীয় স্থাবর-জঙ্গমের প্রেমক্তি; শ্রীশ্রীবাদের বস্ত্রদীবনকারী <mark>যবন দজির</mark> বৈষ্ণবতা-লাভ ও কৃষ্প্রেম্বিকার (ত্রীচৈঃ চঃ আঃ ১৭।২৩২); হোসেন শাহের তার প্রবল-প্রতাপাহিত বিধ্যী পাৎসাহের, চাঁদকাজীর স্থায় পরাক্রান্ত প্র**দেশপালের**, বিছলী খানের স্থায় পাঠান রাজকুমারের (উট্টিচঃচঃমঃ ১৮/২০৭-২১২), রামদাদের (খ্রীচৈতন্মপ্রদত্ত নাম) ভার পাঠান পারের, দশিয় বৌদ্ধাচার্বের (শ্রীটেঃ চঃ মঃ ১।৪৭-৬২) ও যাবতীয় মতবাদিগণের শ্রীচৈতক্স-দেবের প্রতি ভগবদ্বুদ্ধি; এমন কি, কাহারও কাহারও ভাগবত-ধর্মে প্রবেশ ও মহাভাগবহ-প্রাপ্তি হইয়াছিল। ত্রীঅভিৱাম-ঠাকুর ও শ্রীকাশীশরের ন্যায় বলবান, রাজপুত শ্রীকৃঞ্চনাসের नाम ज्योग-मारमी (यामां कृष-मरस्रामार्थ वन ७ वौर्व निरमान করিয়া শ্রুতি-প্রতিপাত্ত ('মুড্ডক' এ২।৪) প্রকৃত বলের পরিচয় দিয়াছেন,। আবার ঐগোরগোপালের অলম্বার-অপহরণকারী

চৌর (শ্রীচৈ: ভা: আঃ ৪।১৩২), শ্রীনিত্যানন্দের অলক্ষার লুঠন-কামী দ্ম্যু-সেনাপতি ও দ্স্যুদল পর্যন্ত প্রেম-সম্পত্তির অধিকারী (ঐটেচঃ ভাঃ ভাঃ ৫।৫২৬) ইইয়াছিল। শ্রীসার্বভৌম ভটাচার্যের ন্যায় শ্রেষ্ঠ বৈদান্তিক ও স্মার্তপণ্ডিত, শ্রীপ্রকাশানন্দ সরস্বতীর ন্যায় কেবলাধৈতী সন্ন্যাসিগুরু, শ্রীপুরুষোত্তম ভট্টাচার্যের ন্যায় **সঙ্গীতাচার্য**, শ্রীবল্লভ ভট্টের নাায় কনকাভিষিক্ত দিথিজয়ী আচাৰ্য, কেশৰ কাশ্মিরী বা কেশব ভট্টের নাায় দিঘিজয়ী পণ্ডিত, শ্রীসনাতন-শ্রীরূপ-<u> এরায়-রামানন্দ-প্রীপ্রবৃদ্ধিরায়ের ন্যায় **রাজামাত্যবর্গ** এবং</u> শ্রীপ্রবোধানন্দ সরস্বতীপাদ, শ্রীরামরায়, শ্রীমুরারি গুপ্ত, শ্রীস্বরূপ-দামোদর, এী শ্রীসনাতন-রূপ, শ্রীল রঘুনাথ দাস, শ্রীগোপাল ভট্ট, শ্রীসভ্যরাজ থাঁ, শ্রীনরহরি সরকার ঠাকুর, শ্রীমাধব, শ্রীবাস্থদেব, শ্রীগোবিন্দ ঘোষ, শ্রীরগুনাথ ভাগবতাচার্য, শ্রীকবিকর্ণপূর-প্রভৃতি শতশত কবিকুল-শিরোমণিগণ অমর-মুখর ভাষায় শ্রীচৈতন্য-দেবের কুপা ও শিক্ষাবৈশিষ্ট্য প্রচার করিয়াছেন। শ্রীসার্বভৌম ভট্টাচার্য, গ্রীলোকনাথ গোস্বামী, প্রীপুরুষোত্তম ভট্টাচার্য, জ্রী পুণ্ডরীক বিচ্চানিধি, গ্রীগোপাল ভট্ট, শ্রীগদাধর পণ্ডিত প্রভৃতির ন্যায় শ্রেষ্ঠ কুলীন ব্রাহ্মণগণ শ্রীমহাপ্রভুর শিক্ষায় অনুপ্রাণিত হইয়া 'তৃণাদপি স্থনীচ' ধর্মের মূর্ত প্রতীক হইয়াছিলেন ; অপর দিকে ভুইমালী-কুলে উন্তুত ত্রীঝড়ু ঠাকুর, যবনকুলে উন্তুত শ্রীহরিদাস ঠাকুর, করণকুলে আবিভূতি শ্রীরামানন্দ রায়, বণিক্-কুলোছত শ্রীউদ্ধারণ দত্ত ঠাকুর, 'বঙ্গবাটী শ্রীচৈতন্যদাদ'(শ্রীচৈঃচঃ

আঃ ১২।৮৫) শ্রীগোর-নিতাইর কপালাভ করিয়ানিত্যসিদ্ধ পার্যদ মধ্যে পরিগণিত ছইয়াছিলেন। শ্রীনবদ্বীপের তন্ত্রবায়, গোয়ালা, শঙ্খবণিক, গদ্ধবণিক, মালাকার, তাম্বুলী, গণক (শ্রীটিঃ ভাঃ আঃ ১২।১০৮-১৭৭), মোদক, ভিক্কুক, কাসাল, চৌর, দম্যা, অভিধি, (শ্রীটিঃভাঃ আঃ ৪,৫) প্রভৃতি সকলেই শ্রীগ্রীগৌর-নিত্যানন্দের কুপালাভে ধন্য ইইয়াছেন।

ঘ্রনকুলে অবতার্ণ হরিদাস ঠাকুর ও ক্রেছ রাজদরবারের ভূতপূর্ব মন্ত্রী শ্রীরূপ-সনাতন প্রভুদ্যের বারা শ্রীগৌরস্কুন্দর নামমহিম-বিস্তার, এীমথুরা প্রদেশে ভক্তিসদাচার-প্রবর্তন, লুপ্ত তীর্থোদ্ধার, ভক্তিগ্রন্থ-প্রণয়ন এবং শূদ্র-বিবয়ী গৃহত্বের লীপা-ভিনয়কারী শ্রীরামরায়ের নিকট হইতে স্বয়ং শ্রীকৃঞ্জনীলা-প্রেম-রসতত্ত্ব শ্রবণ করিবার ও শ্রীমৎ প্রত্যুদ্ধ মিশ্রাদি ব্রাক্ষণকুলোছত বৈষ্ণবকে শ্রবণ করাইবার লীলা প্রদর্শন করাইয়াছেন। শ্রীগৌর-ছরি শ্রীবাস্থদেব দত্ত ঠ:কুরের দ্বারা জীবদু:খকাতরতা ও ঔনার্য, শ্রীরাঘব পণ্ডিতের দারা ভগবংসেবায় নিষ্ঠা ও প্রীতি, শ্রীহরিদাদ ঠাকুরের দারা সহিষ্ণুতা ও শ্রীনামভঙ্গনৈকনিষ্ঠা; শ্রীশ্রীরূপ-সনাতনাদির দারা দৈন্য ও অকিঞ্নতা : শ্রীশ্রীবাস পণ্ডিত, শ্রী-শ্রীধর প্রভৃতির দারা বহিমু খবাক্যের প্রতি বধিরতা; শ্রীপ্রতাশ-কৃত্ৰ, গ্ৰীশিবানন্দ সেন, জীবুদ্ধিমন্ত ধান, শ্ৰীকানাই খুঁটিয়া, শ্ৰী-জগন্নাথ মাহাতি প্রভৃতির দারা বিষ্ণু-বৈঞ্বদেবার ধননিছোগের আদর্শশিকা; ছোট হরিদাসের দওলীলার বারা মুমুকু সাধক-বৈরাগীর (শ্রীচৈঃচঃঅঃ২।১১৭-১১৮ ; শ্রীচৈঃচঃনাঃ৮।২৩) আচার-শিক্ষা; শ্রীদামোদর পণ্ডিত প্রভৃতির হারা নিরপেকতা; শ্রী- রামানন্দ রায়, শ্রীপুওরীক বিত্যানিধি, শ্রীনিত্যানন্দ প্রভু, শ্রী-রঘুনাথ পুরী প্রভৃতির দারা পরমহংস গুরুবৈঞ্বের সর্বতন্ত্র-স্বতন্ত্র আচার শিক্ষা দিয়াছেন। তিনি শ্রীব্রন্মানন্দ ভারতী, শ্রীরামদাস বিশাস প্রভৃতি মুমুকুর লীলাকারী ব্যক্তিগণের দারা মুমুকুরও শেদ্ধভাগবত-ধর্মাশ্রয়ের প্রয়োজনীয়তা এবং নিত্যমূক্ত ভগবৎ-পার্ষদ শ্রীপরমানন্দপুরী প্রভৃতি গুরুবর্গের দারাও ভাগবতধর্মের সৌন্দর্য প্রকট করিয়াছেন। শ্রীস্তবুদ্ধি রায়ের চরিতের দ্বারা শ্রী-মন্মহাপ্রভু কর্মাঞ্চড়মার্ড মতবাদের খণ্ডিত-প্রাকৃত বিচার ও শুদ্ধ ভক্তিসিদ্ধান্তের চমৎকারিতা ও সার্বভৌমত্ব প্রমাণিত করিয়াছেন। শ্রীবলভদ্র ভট্টাচার্য, কৃষ্ণদাস বিপ্র প্রভৃতির দারাও শ্রীগৌরহরি ব্যতিরেকভাবে জীবের স্বতন্তার কুফল শিক্ষা দিয়াছেন। রাম-চন্দ্রপুরী, রামচন্দ্র থাঁ, অমোঘ প্রভৃতির দ্বারা শ্রীহরিগুরুবৈঞ্চবে মর্ত্যবৃদ্ধির পরিণাম শিক্ষা দিয়াছেন। মহাপ্রভু ছোট হরিদাসের মাধবী মাতার নিকট হইতে নিজের সেবার্থ চাউল ভিক্ষার জন্ম দণ্ডদান-লীপা; অপরদিকে খ্রীদামোদর পণ্ডিতেরভাঁহাকে স্থন্দরী যুবতি বিধবার পুত্রের প্রতি আদর করিতে দেখিয়া সতকীকরণ জন্য দামোদরকে স্থানান্তরিতকরণ; গ্রীরামানন্দ রায়ের প্রতি শ্রী-প্রত্যুত্র মিশ্রের এবং শ্রীপুগুরীক বিচ্চানিধির প্রতি শ্রীগদাধর পণ্ডিতের সন্দেহ-লীলাদি-দারা সাধক ও সিদ্ধের, অণুচৈতন্য ও বিভুচৈতন্যের শিক্ষার আদর্শ বৈশিষ্ট্য জ্ঞাপন করিয়াছেন।

শ্রীঅবৈতাচার্ধ-গৃহিণী শ্রীগাতাদেবী, শ্রীনিত্যানন্দ-জননী শ্রীপালাবতী, শ্রীগাচীমাতা, শ্রীশ্রীবাদপত্নী শ্রীমালিনী, শ্রীরাঘবভগ্নী শ্রীদময়ন্ত্রী, শ্রীদার্বভৌম-গৃহিণী, আচার্যরত্ন শ্রীচক্রশেখরের পত্নী, আচার্য্যা এজাছ্নবা-বস্থধা-ঠাকুরাণী, এজিক্সীপ্রিয়া ও শ্রীবিফুপ্রিয়া ঠাকুরাণী, শ্রীশিবানন্দসেন-পদ্নী, শ্রীনন্দিনী-জঙ্গলী, শ্রীশিথি মাহাতির ভগ্নী বিহুষী শ্রীমাধবীমাতা প্রভৃতি বহু বৈষ্ণবী শক্তি, অপরদিকে জ্রীপরমেশ্রমোদক-পত্নী 'মৃকুন্দের মাতা' (জ্রীচৈ: চ: আ: ১২ ৫৯), 'আদিবস্থা' উড়িয়া স্ত্রীকোক (জ্রীচৈ: চঃ অ: ১৪/২৬), জ্রীবাস-পরিচারিকা 'ছঃবী' বা 'মুখী'; এমন কি, রামচন্দ্র থাঁর প্রেরিতা বারবনিতা, পরে ঠাকুর হরিদাসের কুপালকা পরমা বৈষ্ণবী মহান্তী, দেবদাসী প্রভৃতি শক্তিগণঙ ত্রীগৌর ও প্রাগৌরজন-কুপার আদর্শ-শিক্ষা-বৈশিষ্ট্য ও বৈচিত্র্য প্রচার করিয়াছেন। এই শ্রীশ্রাস শাগুড়ীর (ইটে: ভা: ম: ১৬১৭) দৃষ্টান্তে শ্রীগোরহরির নিরপেক্ষতা ও শ্রীকৃষ্ণসন্তোষ সাপেক্ষতার আদর্শ শিক্ষা প্রচারিতা হইয়াছে।

"যে দৈত্য-যবনে মোরে কভু নাছি মানে। এ যুগে তাহার। কান্দিবেক মোর নামে ॥ যতেক অস্পৃষ্ট দুষ্ট যবন চঙাল। ন্ত্রী-শূল-আদি যত অধম রাখাল।" (এইটিঃ ভাঃ আঃ ৪।১২১-১২২), "পাত্রাপাত্র-বিচার নাহি, নাহি স্থানাস্থান। যেই যাঁহা পায়, তাঁহা করে প্রেমদান। উছলিল প্রেমংস্থা চৌদিকে বেড়ায়। স্ত্রী-বৃদ্ধ-বালক-যুবা সকলই ডুবায় ।" (ক্রীটেঃ চঃ আঃ ৭।২৩, ২৫) "যা'রে দেখ, তা'রে কহ 'কুঞ্চ'-উপদেশ। আমার আজায় গুরু হঞা তা'র এই দেশ।" (এটিচ: চ: ম: ৭।১২৮) প্রভৃতি উক্তি জ্রীগোরহরি-প্রচারিত প্রেমভক্তিধর্মের সার্বজনিকতার অভূতপূর্ব ও অঞ্তপূর্ব দাক্ষ্যক্রণ রহিয়াছে।

"এই পঞ্চত্ত্বরূপে এরুফটেচতন্ত। কৃষ্ণ-নাম-প্রেম দিয়া বিশ্ব বৈলা ধন্য ॥ মথুরাতে পাঠাইলা রূপ-সনাতন। ছই সেনাপতি কৈলা ভক্তি-প্রচারণ ॥ নিত্যানন্দ গোসাঞে পাঠাইলা গোড়দেশে। ওঁহো ভক্তি প্রচারিলা অশেষ-বিশেষে ॥ আপনে দক্ষিণদেশে করিলা গমন। গ্রামে গ্রামে কৈলা কৃষ্ণনাম-প্রচারণ। সেতুবন্ধ পর্যান্ত কৈলা ভক্তির প্রচার। কৃষ্ণপ্রেম দিয়া কৈলা স্বার নিস্তার॥" (এইচঃ চঃ আঃ ৭।১৬৩-১৬৭); "পৃথিবী পর্যান্ত যত আছে দেশ-গ্রাম। সর্বত্র সঞ্চার ইইবেক মোর নাম।" (এইচঃ ভাঃ অঃ ৪।১২৬) প্রভৃতি উক্তিপঞ্চত্ত্বাত্মক ঞীগোরহরির প্রচারিত প্রেমধর্মের সার্ব্যক্রকা।

প্রীচৈতক্যদেব প্রত্যেক কার্য্যে স্বয়ং ও অমুচরগণের দ্বারা ভক্তির নিত্য অধিষ্ঠান শিক্ষা দিয়াছেন। প্রীল রঘুনাথ দাস গোস্বামীর জ্ঞাতিখুড়া মহাভাগবত প্রীল কালিদাসের দ্বারা ক্ষনাম-সঙ্কেতের সহিত সমস্ত ব্যবহারিক কার্য নির্ববাহ, এমন কি, কৌতুকে পাশাখেলার মধ্যে (ক্রাটে: চঃ অঃ ১৬।৫-৭) ভাগবতধর্মের অধিষ্ঠান প্রচার করিয়াছেন। "কি শয়নে, কি ভোজনে, কিবা জাগরণে। অহনিশ চিন্ত' কৃষ্ণ, বলহ বদনে।" (প্রীচৈঃ ভাঃ মঃ ২৮:২৮)—এই উজি প্রীগোরহরি-প্রচারিত শ্রীভাগবতধর্মের সার্বকালিকতা সুষ্ঠুভাবে প্রচার করিতেছে।

সপ্তাধিক-শততম পরিচ্ছেদ কলিযুগপাবনাবতারী গ্রীরুঞ্চৈত্য

কোটি-কোটি মহাভাগবত বহিঃদাক্ষাংকার ও অন্তঃদাক্ষাংকার-দারা যাঁহার ভগবতা স্থানিশ্চিত করিয়াছেন, ভগবতাই যাঁহার নিজস্বরূপ, যেই স্বয়ং ঐভিগবানের ঐচিরণকমল আশ্রয় করিয়া অন্যত্র তুর্লভ সহস্র-সহস্র প্রেম-পীযুষময়ী ভাগীরথী-ধারা ঘদীয় নিজাবভার-প্রকটনে প্রচারিত হইয়াছে, যিনি স্বীয় সহস্র-সহস্র-সম্প্রদায়ের অধিদেবতা, সেই 'ঐকুফটেভক্ত'-নামক ঐভিগবান্কেই ঐমিন্তাগবত-শাস্ত্র এই কলিযুগে বৈষ্ণবর্দ্দের 'সদোপাস্ত' বলিয়া নির্গয় করিয়াছেন এবং একটি পত্তে ভাহার স্তব গান করিয়াছেন। ঐমন্তাগবতের একাদশ স্কল্কে কলিযুগের উপাস্ত-প্রসঙ্গে এই পত্তের * অবভারণা দৃষ্ট হয়।

কান্তিতে যিনি 'অকৃষ্ণ' অর্থাৎ গৌরবর্ণ ; সর্বোৎকৃষ্ট বৃদ্ধিন মান্ জনগণ সংকীর্তনবহুল যজনারা কলিযুগে সেই এপিটার-স্থানেরই উপাসনা করেন। এই উপাস্থা বিপ্রহের গৌরছ-সম্বন্ধে প্রীমন্তাগবতেই প্রমাণ দৃষ্ট হয়। ** প্রীগর্গানের প্রা শ্রীনন্দমহারাজকে বলিতেছেন,—"যুগে যুগে তোমার প্রা

 [&]quot;কৃষ্ণবৰ্ণ বিবাহকুক্ষ সাংসাপালায়পাহনন্।

ইজ: সংকীর্ত্তনপ্রাহৈংজয়ি হি ব্যেশ্য: "

—লা: ১১।৫।০

 [&]quot;আসন্, বর্ণায়ায়া হল গৃহতোহয়ুবৃধা তকা।
 তকো বজল্পা পীত ইলানীং কুক্তাং গতঃ ।"
 —ভাঃ ১০।দা১৬

অবতীর্ণ হন; শুকু, রক্ত ও পীত-এই তিন বর্ণের তমু, গত তিন যুগে প্রকটিত হইয়াছে। অধুনা (দ্বাপরে) ইনি কৃষ্ণরূপে অবতীর্ণ হইয়াছেন। সত্যযুগে ই হার গুরুবর্ণ, ত্রেভায় রক্তবর্ণ দাপরে কৃফবর্ণ; অতএব পারিশেয় প্রমাণে কলিযুগে এই উপাস্তদেব যে পীতবর্ণ ধারণ করেন, তাহা প্রতিপন্ন হইল। কারণ, 'ইদানীং' এই পদদারা দাপরে কৃষ্ণ-অবভারের কথাই বলা হইয়াছে। সভাযুগের অবভার গুকুবর্ণ, ত্রেভাযুগের অবভার ব্লক্তবর্ণ—এ কথা শ্রীমন্তাগবতের একাদশ ক্ষন্ধে বর্ণিত হইয়াছে। 'আসন্' এই ক্রিয়া-পদ অভীতকালের নির্দেশ করে। এ-স্থলে অতীত-কালের ক্রিয়াদারা যে পীতবর্ণ সূচিত হইয়াছে, তাহাতে অতীত-কলিকালকেই লক্ষ্য করা হইয়াছে। একাদশ স্বন্ধে ত্যামত, মহারাজত ও বাস্ফুদেবাদি-চতু মৃতি ও ভদীয় আকার-প্রকার এবং পরিচয়-কথন-প্রসঙ্গে উক্ত হইয়াছে,—শ্রীকৃষ্ণই ছাপরে উপাস্তা।

কিন্ত 'জ্রীবিষ্ণুধর্মোত্তর'-নামক শাস্ত্রে যে যুগাবতারের বর্ণন আছে তাহা হইতে জানা যায়, দাপর্যুগের যুগাবতারের বর্ণ— শুক্লপক্ষ-(টিয়া পাখীর পাখার ক্যায়) বর্ণ এবং কলিযুগাবভারের বর্ণ—নীলঘন। যে দ্বাপরে ভগবান্ গ্রীকৃষ্ণ অবভীর্ণ না হন, সেই দাপর-অবতারের বর্ণসূচক প্রমাণ-বাক্য বলিয়াই ইহা জানিতে হইবে। আর যে দাপরে শ্রীক্লফ্ড অবতীর্ণ হন, উহার অব্য-বহিত পরের কলিযুগেই শ্রীগোরসুন্দর অবতীর্ণ হইয়া পাকেন। ইহা হইতে ইহাই জানা যায় যে, প্রীগৌরসুন্দর শীরফাবির্ভাব-বিশেষ। যে দাপরে শ্রীরফাবতার হন, উহার পরের কলিতেই শ্রীগোরাঙ্গ অবতার্ণ হন, এই নিয়নের ব্যতিক্রম হয় না। 'শ্রীবিঞ্ধর্মোন্তর'-প্রন্থে প্রতিকৃলবং প্রতীয়মান একটা বাক্য দেখিতে পাওয়া যায়,—"সত্য, ত্রেতা ও দাপর-যুগে হেরপ প্রত্যাক্ষরপধারী যুগাবতার প্রকটিত হ'ন, কলিতে শ্রীহরি সেরপ কোন প্রত্যাক্ষরপ ধারণ করিয়া অবতার্ণ হন না। এইজ্ম তিনি 'ত্রিযুগ' নামে অভিহিত হন। কলির অবসানে শ্রীবাম্মদেব প্রকালটা কন্ধিতে অনুপ্রবেশ করিয়া জগং রক্ষা করেন।" এ প্রমাণও অমান্য নহে। শ্রীকৃষ্ণের অনন্ত ও অসীম এবর্ষ-প্রভাবে সময়ে-সময়ে উক্ত শান্ত্র-প্রমাণের অভিক্রম দৃষ্ট হয়। কলিকালেও শ্রীভগবান্ আত্মদেহ প্রকট করিয়া অবতার্ণ হন। কলির প্রারম্ভেও শ্রীকৃষ্ণলীলার স্থিতি শান্তে দৃষ্ট হয়।

শ্রীমন্তাগবতে একাদশ ক্ষম্মে (৫)৩২) কলিকালে শ্রীগৌর-সুন্দরের আবিভাবের উল্লেখ একটি শ্লোকের বাক্য-বিশেষ-ঘারা অভিব্যক্ত ইইয়াছে,—

কৃষ্ণবৰ্ণ বিষাহকৃষ্ণং দাদোপাশাস্ত্ৰপাৰ্যনম্। যক্তৈ: দংকীৰ্ত্তন-প্ৰামেৰ্থকৃতি হি স্বমেধন:।

এই শ্লোকে 'কৃ-ফ' এই তৃইটি অক্ষর আছে। ইহার বিশেষ ভাৎপর্য এই যে, যাহার পূর্ণ নামে 'কৃ-ফ' এই তৃইটি বর্ণ (অক্ষর) আছে, তাহাকেই 'কৃষ্ণবর্ণ' বলা হইয়াছে। ফলিতার্থ এই, 'শ্রীকৃষ্ণতৈডক্ত'-নামে শ্রীকৃষ্ণই-অভিবাল্পক 'কৃষ্ণ'—এই বর্ণদ্বয় প্রযুক্ত হইয়াছে।

'কৃষ্ণবর্ণ'-পদের অপর অর্থও হইতে পারে,— যিনি ঞীকৃষ্ণকে বর্ণন করেন, অর্থাৎ ঞীকৃষ্ণের পরমানন্দ-বিলাস স্মরণ-জনিত উল্লাসবশতঃ যিনি স্বয়ং কৃষ্ণগুণোৎকীর্তন করেন এবং সর্বজীবের প্রতি পরমকরুণাবশতঃ সকললোকের প্রতিই ঞীকৃষ্ণের সম্বন্ধে উপদেশ প্রদান করেন, এমন যে অবতারী, তিনিই 'কৃষ্ণবর্ণ'।

অথবা স্বয়ং 'অকৃষ্ণ' অর্থাং গৌরকান্তি ধারণ করিয়া যিনি
কৃষ্ণ-সম্বন্ধে উপদেষ্টা এবং ঘাঁহাকে দর্শন করিয়া সকলের হৃদ্যে
শ্রীকৃষ্ণক্ষ্তি হয়, এমন যে বিগ্রাহ, তাঁহাকেই উক্ত পত্তে 'কৃষ্ণবর্ণং
বিষাহক্ষণ,' বলা হইয়াছে। কিংবা সাধারণের দৃষ্টিতে যিনি
অকৃষ্ণ অর্থাৎ গৌররূপে প্রতিভাত হন, ভক্ত-বিশেষের
দৃষ্টিতে তাঁহারই প্রকাশবিশেষক কান্তিতে যিনি 'কৃষ্ণবর্ণ' অর্থাৎ
শ্যামস্থলর বলিয়া প্রতীত হন, তিনিই 'কৃষ্ণবর্ণং বিষাহকৃষ্ণং'
পদে অভিহিত হইয়াছেন। অতএব তাঁহাতে নর্বব্রস্কারেই
শ্রীকৃষ্ণরূপের প্রকাশহেতু শ্রীকৃষ্ণচৈতন্ত —শ্রীকৃষ্ণেরই সাক্ষাৎ
আবির্ভাব-বিশেষ।

উক্ত ভাগবভীয় পছে তাঁহার ভগবত্তাও স্পষ্টরূপে সূচিত হইয়াছে। উক্ত পছে আর একটি পদ আছে, 'সাঙ্গোপাঙ্গান্ত্র-পার্ষদম্'। বহু-বহু মহামুভব বহুবার তাঁহার ভগবতাসূচক অঙ্গ-উপাঙ্গ-অন্ত্র-পার্ষদ-সমঘিতরূপে তাঁহাকে দর্শন করিয়া তাঁহাকে বয়ং ভগবান্ বলিয়াই অমুভব করিয়াছেন। গৌড়, ব্রেন্দ্র, বঙ্গ, সুক্ষা, * উৎক্লাদি-দেশবাসী মহামুভবগণের মধ্যে তাঁহার এই

 ^{&#}x27;হল'—গোড়ের পশ্চিম বীরভ্ষের পূর্ব ও দামোদরের উত্তরবতী ভূভাগ;
মহাভারত-টাকাকার 'নীলকঠে'র মতে হক্ষই 'রাচ্দেশ'।

ভগবতা মহা-প্রসিদ্ধ। প্রমননোহরছ-হেতৃ তাঁহার অসসমূহ এবং মহা-প্রভাবত্ব-হেতৃ তাঁহার উপাস অর্থাৎ ভূষণসমূহই তাঁহার অস্ত্র, তাঁহার অজ-উপাসসমূহ সর্বনা নিতারূপে তাঁহার সহিত বিজ্ঞান বলিয়া উহারাই তাঁহার পার্ষদরূপে গণ্য।

শ্রীমদদৈওটার্ঘ মহামুভবচরণ-প্রভৃতি শ্রীগৌরহরির অত্যন্ত প্রেমাম্পদ বলিয়া তাঁহারাও অফোপাসত্লা: স্বতরাং তাঁহারাই পার্যদ। ই হাদের সঙ্গে যিনি বর্তমান, এমন যে শ্রীকৃষ্ণতৈত্তে, সর্ব্বজ্ঞেষ্ঠ বৃদ্ধিমান্ জনগণ যজ্ঞসমূহ-দারা তাঁহার যজন করেন। 'যজ্ঞ'-শব্দের অর্থ—পূজার সন্তার। সংকীর্তনপ্রধান যজ্ঞই কলি-যুগে শ্রীজগবৎ-প্রান্তির উপায়। বহু সমচিত্তবৃত্তিবিশিষ্ট বাজি একত্র মিলিত হইয়া যে শ্রীকৃষ্ণস্থেতাংপর্য-পর শ্রীকৃষ্ণনাম-শুণ-প্রান্ত করেন, তাহাই সংকীর্ত্তন। শ্রীগৌরচরণাশ্রিত-দিগের মধ্যে সংকীর্তন-প্রধান উপাসনাই পরিদৃষ্ট হয়।*

শ্রীমন্তাগবতে শ্রীপ্রফ্লাদ শ্রীভগবানের অবতার-তত্ত্বালোচনপ্রসঙ্গে শ্রীনৃসিংহদেবকে স্তব** করিয়া বলিয়াছিলেন,—"আপনি
নর, তির্যক, শ্ববি, দেবতা, মংস্ক-প্রভৃতি অবতারসমূহের ছারা
ত্রিভূবন পালন করেন এং জগদ্দোহীদিগকে বিনাশ করিয়া
থাকেন। হে মহাপুরুষ! আপনি যুগক্রেমাগত ধর্মকে রক্ষা ও

শুরীভাব বোরামিপাবের 'সর্বদ্ধাবিনী'র সিল্লাক্সরবে লিবিত ।

ইথাং নৃতিবগৃবিদেবয়য়াবতারৈ,-লোঁকান্ বিভাবয়ি হাসি য়য়ঽপ্রতীপান্।
 ধর্ম মহাপ্রয়! পাসি বৃগায়ুরৢতাং, ছরঃ কলৌ য়য়ভবছিবুয়াছয় সাম্।

পালন করিয়া থাকেন। কলিযুগে প্রচ্ছন্নরপে অবতীর্ণ হন বলিয়া আপনি 'তিযুগ' নামে প্রসিদ্ধ।"

শ্রীমন্তাগবতের এই শ্লোকটির প্রসঙ্গ উত্থাপন করিয়া নীলা-চলে শ্রীসার্বভৌম ভট্টাচার্য শ্রীগোপীনাথ আচার্যকে বলেন,— শ্বীটিতক্সদেব—মহাভাগবত, কিন্তু ভগবদবতার নহেন; কারণ, কলিকালে বিফুর অবতার হয় না। এজন্ম তাঁহার একটি নাম 'তিযুগ'। চতুযুঁ গের মধ্যে তাঁহার তিন যুগে আবিভ1িব-হেতু তিনি 'ত্রিযুগ'! আর বাকী এক যুগে অর্থাৎ কলিযুগে তাঁহার অবতার নাই।"

ইহার উত্তরে শ্রীমদ্গোপীনাথ আচার্য শ্রৌতবিচার প্রদর্শন করিয়া বলেন,—"শ্রীমন্তাগবত ও গ্রীমন্মহাভারত এই ছইটি প্রধান শাস্ত্রের প্রমাণ হইতে জানা যায়, কলিতে স্বয়ংরূপে অবতারীর (অবতারের মূল পুরুষের) অবতার হয়। কলিযুগে নাম-প্রেম-প্রচারক পীতবর্ণ দ্বিভূজ স্বয়ং ভগবান্ই অবতীর্ণ হন। কলিতে লীলাবতার নাই বলিয়াই ভগবানের নাম 'ত্রিযুগ' হইয়াছে। তদ্_বারা যুগাবতার বা সর্বভন্ত্রস্বতন্ত্র অবভারীর অবভার নিষিদ্ধ হয় নাই ।" *

জ্রীমহাপ্রভুত স্বয়ং বলিয়াছেন,—

 —"অক্টাবভার শান্ত-ছারে জানি। কলিতে অবতার তৈছে শাস্ত্র-বাক্যে মানি। সর্বজ্ঞ মূনির বাক্য-শাস্ত্র-'প্রমাণ'। षामा-नता कीरतत हम भाषावाता 'कान'।

Mts: 5: 4: 6/28-> . .

অবতার নাহি কহে,—'আমি অবতার': মুনি-দ্ব জানি' করে' লক্ষণ বিচার॥ যুদ্রাবভার। জাগ্রমে শ্রীবিদ্শ্রীবিদ:। रेजरेखवजना जिनरेववें रेवर्तिश्चनकरेजः ।"

-- किः वः मः २०।७००-७०२ , वे २०।७०७ छ छ। ३०।००१२४

অপ্রাকৃত-শরীরী পরমেগ্রের অবতার-তত্ত জীবের পক্ষে তুরধিগম্য। অতুল, অতিশয় ও অলৌকিক বীর্য দারা আপনার অবতার-সমূহ কথকিং পরিজ্ঞাত হওয়া যায়।

শ্রীকৃষ্ণতৈতত্তদেবের কৃপায় উদ্তাসিত হইয়া প্রমবিন্নং-শিরোমণি শ্রীদার্বভৌম ভট্টাচর্যে ধখন প্রচ্ছরাবভারী শ্রী-গৌরহরিকে 'স্বয়ংভগবান্' বলিয়া অনুভব করিতে পারিয়াছিলেন, তখন তিনি তাঁহার হৃদ্যের উপল্কিও সাক্ষাৎ দর্শন নিম্নলিধিত গ্রোকদ্বরে ব্যক্ত করেন.—

देववांगा-विणा-निक्ष जिल्हांग,-निकार्यस्यकः भूकवः भूतांनः । শ্রীকৃষ্ণচৈত্ত শরীরধারী, কুপাখু ধির্যক্তমহৎ প্রপঞ্চে॥

যিনি কৃপাসাগর ও পুরাণপুরুষ, যিনি বৈরাগ্য, বিভা ও নিজভক্তিযোগ অর্থাৎ উন্নতোগ্দল-রসাবেশময়ী ভক্তির শিক্ষা-প্রদানার্থ শ্রীকৃষ্ণতৈত্তবিগ্রহ-রূপে জবতীর্ণ, আমি তাঁহার শরণাগত হই।

কালারটা ভবিধোগা নিজা যা প্রাহ্ছতু কৃষ্ণটেতস্তনামা। আবিভৃতিত্ত পানারবিদে, গাড়ং গাড়ং নীয়তাং চিত্রহৃদ্ধ।!

কালক্রমে নিজভক্তিযোগকে বিলুগু দেখিয়া ধে 'খ্রীকৃঞ্চ-চৈত্ত্ত'-নামক মহাপুরুষ, ভাষা পুনরায় প্রচার করিবার জ্ত \$-c

জগতে আবিভূতি হইয়াছেন, তাঁহার শ্রীপাদপদে আমার চিত্ত-ভ্রমর অতিশয় গাঢ়রূপে আসক্ত হউক।

'স্বরূপ' ও 'তটন্থ'—এই তুইটা লক্ষণের দারা বস্তর বিজ্ঞানলাভ হয়। * আকার ও স্বভাবগত লক্ষণই—'স্বরূপ-লক্ষণ' এবং
কার্যদারা যে লক্ষণের জ্ঞান হয়, তাহাই 'তটস্থ-লক্ষণ'—এইটাই
অসাধারণ লক্ষণ। শ্রীকৃষ্ণটৈতভাদেবের আকৃতি স্থবর্ণ-বর্ণ, হেমাস্প
বাজকৃষ্ণগৌর; তিনিসন্নাসচিক্ষে চিহ্নিত এবং তাঁহার প্রকৃতিতে
বা স্বভাবে উপরম-বিশিক্টতা, মহাভাব-পরায়ণতা, মহাবদাভতা
প্রভৃতি গুণ দৃষ্ট হয়। ইহা তাঁহার স্বরূপ-লক্ষণ। প্রেমদান,
সংকীর্তন-প্রচার ইত্যাদি তাঁহার কার্য। ইহাই তাঁহার তটস্থ-লক্ষণরূপ অসাধারণ লক্ষণ। শ্রীমহাভারতের সহস্রনামে' ণ তাঁহাকে
স্বর্ণবর্ণ, হেমান্স, বরান্স (সর্বস্থনর গঠন) ও 'চন্দনান্সদী' (চন্দনমালা-শোভিত) তাঁহার গৃহস্থ-লালার আকৃতি এবং 'সন্নাস-কৃথ'
(সন্ন্নাসাশ্রমের চিক্লে চিহ্নিত। সিন্নাসলীলার আকৃতি ইত্যাদি
আকারের কথা বলা হইয়াছে এবং শ্ব্য, শান্ত, নিষ্ঠা শান্তিপরাহণ

 [&]quot;শ্বরূপ লক্ষণ' আর 'তেইখু-লক্ষণ'। এই তুই লক্ষণে 'বপ্ত' জানে নু'নগণ ?
আকৃতি, প্রকৃতি, প্ররূপ,—প্রকৃত্-লক্ষণ। কার্যহারা জ্ঞানে,—এই তেইখু-লক্ষণ গ
অবতার-কালে হয় জগতের গোচর। এই তুই লক্ষণে কেহ ভানেন ঈখর ॥"
সনাতন কহে,—"ঘাতে ঈখর-লক্ষণ। শীতবর্গ, কার্য—প্রেমদান-সংকীত না।
কলিকালে সেই 'ক্ষাবতার' নিশ্চয়। স্পৃচ্ করিয়া কহ, ঘাউক সংশ্যা।"
—(চৈ: চঃ মঃ ২০)০৪শ-০৪৫, ৩৬১-০৪৩)

[†] मझामक्ष्यः नात्स्या निष्ठांनास्त्रिलनायगः"

⁽ ম: ভা: দানধর্মে ১৪৯ অঃ, জীবিকুসহস্রনাম ৭৫) ''ফবর্ণবর্গো হেমাফো বরাক্ষণস্কনাক্ষদী'' (ঐ—১২)

প্রভৃতি পদ তাঁহার প্রকৃতির নির্দেশ করিতেছে। এই আকৃতি-প্রকৃতি-গত লক্ষণই তাঁহার স্বরূপ-লক্ষ্ণ।

আর তটস্থ-লক্ষণ বা কার্য দারা লক্ষণ, যাহা একমাত্র শ্রীগৌরাবতারেই অসাধারণ বা অপূর্ব — তাহা অনপিত্চরী উন্নতউচ্ছল-রসময়ী স্বভক্তি আপামরে বিতরণ-রূপ কার্য-দারা
সম্প্রকাশিত হইয়াছে। * অতএব স্বরূপ ও ভটস্থ-লক্ষণ, এই
উভয় লক্ষণের দারা এবং শাস্ত্র-প্রমাণ ও সহস্র সহস্র বিদ্যান্ত্র দারা শ্রীকৃষণ্টেতক্রদেবকে 'কলিমুগপাবনাবতারী' বলিয়া
জানা যায়।

বঙ্গদেশের পক্ষে সর্বশ্রেষ্ঠ সৌভাগ্য ও গৌরবের বিষয় এই যে, এস্থানে প্রেমামর-কল্লক্র ব্যয়ংভগবান্ বান্ধালীর বেশে অবতীর্ণ হইয়া বন্ধভাষায় অপ্রাকৃত প্রেমের বানী আপামর সকলের নিকট প্রচার করিয়াছেন। কিন্তু, বঙ্গদেশে আবিভূতি এই সর্বপ্রথম স্বয়ংভগবানের অবতারের অবৈধ অনুকরণ করিয়া শ্রীচৈতন্তার অপ্রকটের অব্যবহিত পরেই অনেক কল্লিত অবতারে সংখ্যা আসিতেছে। বন্ধদেশে এইসকল নকল অবতারের সংখ্যা ক্রমশংই বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে। বন্ধদেশের আদিকবি, শ্রীনিত্যানন্দের শিষ্য শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর পূর্ববন্ধ ও রাত্বন্ধে নকল অবতারের প্রাভূভাবের কথা জানাইয়া অতিশয় তুঃখ প্রকাশ করিয়াছিলেন। প্র

মুগ্ধর্ম-প্রত্ন হর আংশ হৈতে । আমা বিনা অভো নারে ত্রজপ্রেম নিতে।।
 — কৈ: চঃ আই আই আই।

[†] সেই ভাগো অভাণিই সৰ্ব ৰজ্ঞান্য। ঐতিহন্ত ক্ত-সংকীৰ্তন কৰে' স্তী-পুৰুষে ।। মধ্যে মধ্যে মাত্ৰ কক্ত পাণিগণ গিয়া। লোক নই করে' আপনাতে লওয়াইখা।।

শ্রীমন্মহাপ্রভূর সন্নাস-গ্রহণের প্রাক্তালে কথিত, 'অচিরেই আমার আরও তুইটা অবতার হইবে।''—এই বাক্যের স্থযোগ লইয়া বন্ধদেশে অনেক নকল অবতারের ছড়াছড়িদেখা যাইতেছে। বসতঃ—

''কলিকালে নাম্রূপে ক্রফ্চ-মবতার।''

—हें हः योः ५१।२२

'নাম', 'বিগ্রহ', 'ফরপ'—তিন একরপ। তিনে 'ভেদ' নাহি,— তিন 'চিদানন্দ-রূপ'।।

-- হৈঃ চঃ মঃ ১৭।১৩১

শ্রীগৌরস্থদরের সন্ন্যাস-গ্রহণের অব্যবহিত পরেই শ্রীবিঞ্চুপ্রিয়া-মাতা ও ভক্তগণ শ্রীচৈতত্যের বিগ্রহ প্রকাশ এবং তাঁহার
'গৌরহরি' নামের আরাধনা আরম্ভ করিয়াছিলেন। ইহাতেই
অবিলম্বে 'চুই অবতারের আবির্ভাব' সম্বন্ধে ভবিষ্যদ্বাণী সার্থক
হইয়াছে। তিনিই (শ্রীচৈত্যাদেবই) গৌর-অর্চা ও গৌর-নামরূপে
অবতীর্ণ হইয়াছেন। সংকীর্তন-মুখেই অর্চা-মূর্তির অবতার হয়
এবং শ্রীনামও সংকীর্তনেই সুষ্ঠুরূপে অবতীর্ণ হন। এই সিদ্ধান্ত
না বুঝিয়া শ্রীচৈত্যাদেবের অপ্রকটের পরেই আরও কত নকল

উদর ভরণ লাগি' পাপিষ্ঠদকলে। 'য়মুনাগ' করি' আপনারে কেছ বলে'।।
কোন পাপিগণ ছাড়ি' কুঞ্-নংকীত ন। আপনারে গাওয়ায় বলিয়া 'নারায়ণ'॥
দেখিতেছি দিনে তিন অবল্ব যাহার। কোন্ লাজে আপনারে গাওয়ায় সে ছার?
রাচ্চে আর এক মহা—এক্ষদৈত্য আছে। অন্তরে রাক্ষদ, বিপ্রকাচ মাত্র কাচে॥
দে পাপিষ্ঠ আপনারে বোলায় 'গোপাল'। অত্তরব তা'রে সবে বলেন 'শিয়াল'।।

[—]চৈ: ভা: আ: ১৪I৮১-৮°

অবতারের সৃষ্টি হইয়াছিল, তাহা তদানীন্তন বৈষ্ণব-সাহিত্যে দেখিতে পাওয়া যায়। শ্রীল বিশ্বনাথ চক্রবর্তিঠাকুরের নামে আরোপিত 'গোরগণ-চন্দ্রিকা' নামী পুঁথি হইতে জানা যায়, এক দিজ বাস্তদেব আপনাকে 'গোপালদেব' বলিয়া প্রচার করিয়া ভাগবতের শৃগাল বাস্তদেবের তায় 'শৃগাল' সংজ্ঞা লাভ করিয়াছিল। পূর্ববঙ্গে 'বিফ দাস কবীন্দ্র'-নামক একব্যক্তি আপনাকে রঘুনাথের অবতার বলিয়া প্রচার করিয়াছিল। মাধব-নামক এক দেবল ব্রাহ্মণ চূড়াধারী হইয়া অবতার সাজিয়া বসিয়াছিল। *

উদ্ধারাথং ক্ষিতিনিবসতাং শীল-নারাগণোহহং
সংপ্রাণ্ডোহিন্স ব্রজবনভূবো মুর্থি চুড়াং নিধার ।
মন্দং ক্রাপ্লেটি চ কথ্যন্ ব্রাহ্মণো মাধবাথাকচু টাধারী বিভি জনসংশিঃ কীতাতে বহুলোলা।
ক্কিলীলাং প্রক্রাণাং কামুকঃ পৃহলাককঃ।
প্রেলোহসৌ পরিভাজনৈতভেদনতি বিশ্রতঃ।।
ভাতিভবালিয়োহপাতে পরিভাজান্ত বৈক্রৈঃ।
তেবাং সঙ্গোন কর্তবাং সঙ্গান্ধনো বিন্তাতি।।
আলাপান্গাত্রসংশ্লীলিংবাসাং সহভোজনাং।
সক্রন্তীহ পাণানি তেলবিক্রিবান্তিস।।

তৈতস্তানেরে এগদী-বৃদ্ধীন্, কেচিজনান্ বাদ্ধা চ রাচ্বলৈ ।
 বজেবরং পরিবোধয়ায়ে, ধ্রেশবেশ বাচরন্ বিম্চাং ।
 বেরার কনিষ্বিজবায়ায়েরে, গোপালানেবং পর্পালাজোহনন্ ।
 এবং হি বিধাপিছিছুং প্রনালী, শুগালসংজ্ঞাং সমবাপ রাচে ।
 জিবিজ্নাসো রব্নদ্নোহয়ং, বৈকুঠধায়ং সমিতঃ কণীলাং ।
 ভভা মনেতি চ্ছলনাপরাধা,-ভাতঃ কণীলোচি সমাবারাবিং ।

'শ্রীভক্তিরত্নাকরে'র লেখক শ্রীনরহরি চক্রবর্তিঠাকুরও (১৪শ তরক্নে) কতিপয় নকল অবতারের কথা জানাইয়াছেন। #

অফীধিক-শততম পরিচ্ছেদ গ্রীটেতন্যদেবের পার্যদরন্দ

কলিযুগপাবনাৰতারী শ্রীকৃষ্ণচৈতভাদেবের লীলার সহায়ক অগণিত পার্ষদর্দের মধ্যে কতিপয় পার্মদের অতি সংক্ষিপ্ত ও অসম্পূর্ণ পরিচয় নিম্নে প্রদত্ত হইল। গ

১। প্রীনিত্যানন্দপ্রভু:—রাঢ়দেশে 'একচাকা' গ্রামে মৈথিল-বিপ্রকুলোদ্ভ শ্রীহাড়াই পণ্ডিত বা শ্রীহাড়ো ওঝা ও তৎসহধর্মিণীশ্রীপলাবতীদেবীর গৃহে মাঘী শুক্লা ব্রয়োদশী-তিথিতে শ্রীনিত্যানন্দ অবতার্ণ হন। শ্রীনিত্যানন্দ যখন দ্বাদশ বৎসরের

কহ কহে,—''অহে। তাই বহিন্ধগণ। হইয়া পত্র, ধর্ম করয়ে লজ্মন গ্র বহিন্ধগণমধ্যে প্রধান তা'রে। 'রঘুনাগ' সাজাইয়া ভাঁজায় লোকেরে।। ক্ষত রচিয়া মে পাপিষ্ঠ ছরাচার। কহয়ে করীল্র বলদেশতে প্রচার ৪'' কেহ কহে,—''দেলিলাম, মহাপাপিগণ। আপনাকে গাওয়ায় ছাজি' প্রীকৃষ্ণ-কাঁত ন। কেহ কহে,—''রাচ্দেশে এক বিপ্রাধন। 'মল্লিক' পেয়াতি, মুই নাহি তা'র সম গ্র সে পাপিষ্ঠ আপনারে 'গোপাল' কহায়। প্র হাশি' রাক্ষসমায়া লোকেরে ভাঁজায়।।''
—ভঃ রঃ, ১৪শ তঃ

[†]তিগাঁরপার্ষ দিবৃন্দ ও বড়গোস্থামীর বিস্তৃত চরিতাবলী গ্রন্থকারের রচিত প্রস্থে ও তৎসম্পাদিত 'গোড়ীয়'-পত্যে স্কষ্টবা।

বালক, তখন এক পরিব্রাজক বৈঞ্ব-সন্নাদী অতিথিরপে আসিয়া শ্রীনিত্যানন্দকে তাঁহার মাতা-পিতার নিকট হইতে ভিক্ষা-স্বরূপ লইয়া যান। সেই সন্নাসীর সহিত জীনিতানেক ভারতের বহু ভীর্থ পর্যটন করেন। পশ্চিম ভারতে ভ্রমণকালে শ্রীমাধ্বেন্দ্র পুরীপাদেরসহিতঞ্জীনিত্যানন্দের সাক্ষাৎকার হয়। 🗟 নিত্যানন্দ ভাঁছার বিংশতি-বৎসর বয়স পর্যন্ত ঐকপে ভীর্য ভ্রমণ করিয়া. শ্রীগৌরস্তন্দর শ্রীনবদ্বীপে আরপ্রকাশ করিলে, তথায় আসিয়া তাঁহার সহিত মিলিত হন। ই নিতানন এই বাস-গৃহে বী-গৌরস্করকে শ্রীব্যাসরূপে পূজা এবং শ্রীগৌরহরির ষড়ভূজরূপ দর্শন করেন। শ্রীগৌরাঙ্গের আজ্ঞায় শ্রীনিত্যানন্দ ও শ্রীহ্রিদাস ঠাকুর নবদীপের দাবে দারে শ্রীকৃষ্ণভঙ্গনের কথা প্রচার করিবার কালে মগ্রপায়ী 'মাধাই' শ্রীনিত্যানন্দের মস্তকে আঘাত করে। শ্রীনিত্যানন্দ মাধাইর সকল পাপ ও অপরাধ অপনে দন कविषा 'जगारे-माधारे' इहे डाहेटक औरगोबयुन्नदाब कृशाय অভিষিক্ত করেন। শ্রীমন্মহাপ্রভু সন্নাস গ্রহণ করিয়া নীলা-চলাভিমুবে যাইবার সময় শ্রীনিত্যানক শ্রীকৈত্তার দওটা তিন খণ্ড করিয়া নদীর জলে ভাসাইয়া দিয়াছিলেন। কারণ, স্বয়ংভগবানের সাধক জীবের ন্যায় সন্ন্যাস বা দণ্ডগ্রহণের কোন আবশ্যকতা নাই। শ্রীগৌরস্করের আদেশে শ্রীনিত্যানক-প্রভূ গৌড়দেশে প্রেমভক্তি প্রচার করেন।

'বেনাপোলে'র রামচন্দ্র গানামক এক বৈষ্ণববিদ্বেষী পাষ্ডী জমিদার শ্রীনিত্যানন্দের চরণে অপরাধ করিয়া সপরিবারেবিনষ্ট হয়। 'পানিহাটি' গ্রামে গ্রীনিত্যানন্দ শ্রীল রঘুনাথ দাসের দ্বারা 'দধি-চিড়া-দণ্ডমহোৎসব' করাইয়াছিলেন। শ্রীনি ভাানন্দের কুপায় তাঁহার শ্রীঅঞ্চের বহুমূল্য অলঙ্কার-অপহরণকামী দস্তা-দলপতিরও চিত্তুদ্দি ও প্রেমভক্তিলাভ হইয়াছিল।

শ্রীনিত্যানন্দ 'অবধৃত' অর্থাৎ আশ্রমাতীত পরমহংসের লীলা করিয়াছেন। এজলীলায় যিনি শ্রীবলরাম, শ্রীগৌরাবভাবে তিনিই শ্রীনিভ্যানন্দণ শ্রীজাহ্নবা ও শ্রীবস্তধা এই চুইজন এীনিত্যানন্দ-শক্তি। এীনিত্যানন্দের আত্মজকপে এীবস্থধার গর্ভসিন্ধুতে শ্রীবীরভদ্র গোস্বামিপ্রভূ অবতীর্ণ হন। ইনি শ্রীজাহ্নবা ঠাকুরাণীর শিষ্য। প্রভু শ্রীবীরভদ্র 'ঝামটপুর' গ্রাম-নিবাসী শ্রীযতুনাথ আচার্যের ঔরসজাত-কন্মা শ্রীমতী ও পালিতা কন্মা শ্রীনারায়ণীকে বিবাহ করেন। তাঁহাদের কোন সন্তান হয় নাই। শ্রীবীরভদ্রপ্রভুর পালিত তিন পুত্রের মধ্যে কনিষ্ঠ শ্রীরামচন্দ্র 'বড়দহে', জ্যেষ্ঠ শ্রীগোপীঞ্চনবল্লভ বর্ধ মান জেলার 'লভা' গ্রামে ও মধ্যম শ্রীরামকৃষ্ণ মালদহের নিকট 'গয়েশপুরে' বাস করেন। এ নিত্যানন্দের পার্মদগণ ত্রজের স্থা 'দাদশ গোপাল' নামে খাত। শ্রীনিত্যানন্দের গণ অসংখ্য। শ্রীচৈত্য-ভাগবতকার ঠাকুর শ্রীকৃদাবন আপনাকে শ্রীনিত্যানন্দপ্রভুর 'সর্বশেষ ভৃত্য' বলিয়া পরিচয় দিয়াছেন।

২। **শ্রীঅদৈতাচার্য:**—শ্রীগোরহরির আবির্ভাবের পূর্বে শ্রীঅবৈতাচার্য শ্রীংট্ট হইতে শান্তিপুরে আসিয়া বাস করেন এবং শ্রীনবদ্বীপ-মায়াপুরে শ্রীবাস-অঙ্গনের অনতিদূরে একটি বৈঞ্ব-

সভা স্থাপন করেন। তাঁহার পূর্ব নাম 'শ্রীকনলাক্ষ' (চৈঃ চঃ আঃ ৬।৩০) ৷ তিনি স্বয়ং বিফুত্র; ঈশুরের সহিত অভিন ৰলিয়া তাঁহার নাম—'অদৈত'। 'মহাবিফুর অংশ—অদৈত গুণধাম। ঈশ্রে অভেন, তেঞি 'অছৈত' পূর্ণনাম॥ ভক্তি উপদেশ বিহু তা'র নাহি কার্য। অতএব নাম হৈল "অহৈত-আচার্য"॥ ৰৈফাবের গুরু তেঁহে। জগতের আর্ঘ। ছুই নাম-মিলনে হৈল অবৈত-আচার্য॥" (১৯ ১ আঃ ৬.২৫, ২৮-২৯)। মার্যা শুক্লা সপ্তমী শ্রীমন্তেতাচাথের আবিভাব-তিথি। শ্রীমন্তেতাচার্য শ্রী-भाधरवल श्रुतीरशास्त्राभिशास्त्र निर्युत नीना कतियाहितन। তদানীন্তন বহিমুখ জাঁবের কুমতি ও তুর্ণশা দেখিয়া তিনি নবদীপ মায়াপুরে-জনতুলসাভারা কলিবুগপাবনাবতারা শ্রীভগবান্ গৌর-সুন্দরের অবতারণের জন্ম আরাধনা করিতেন। জ্রীহরিদাস ঠাকুর শান্তিপুরের নিকটবতী 'ফুলিয়া' গ্রামে শ্রীঅবৈতাচার্যের সঙ্গ ও কুপা লাভ করিয়া ধন্য হইয়াছিলেন। জ্রীঅদ্বৈতাচার্য হরিদাসকে নিজ-পিতৃপুরুষের আদ্ধিপাত্র ভোজন করাইয়াছিলেন। খ্রী-গৌরহরি অবতীর্ণ হইয়া ও আত্মপ্রকাশ করিয়া শ্রীঅহৈতাচার্যের সহিত বিভিন্ন লীলাবিলাস এবং জগজ্জীবের প্রতি কুপা বিতরণ করিয়াছিলেন। জ্রীনবদ্বীপ-মায়াপুরে 'জ্রীচক্রশেখর-ভবনে' শ্রীগোরহরি শ্রীঅধৈতাচার্য, শ্রীমিতাামন্দ, শ্রীশ্রীবাস, শ্রীহরিদাস প্রভৃতি ভক্ত-বৃন্দের সহিত ব্রজ্লীলাভিনয় করিয়াছিলেন। ভাহাতে শ্রী সহৈতাচার্য মহাবিদ্যকের 'কাচ' বা বেশ গ্রহণ করেন। সন্ন্যাস-লীলার অব্যবহিত পরে খ্রীমন্মহাপ্রভু শান্তিপুরে

শ্রীঅবৈতনন্দিরে শ্রীশচীনাতার শ্রীহস্তপাচিত নৈবেছ ভোজন ও কার্তন-নর্তন-বিলাস করিয়াছিলেন। গ্রীঅদৈতনন্দন পঞ্চবর্যবয়স্ত শ্রী অচ্যতানন্দের প্রীচৈততাদেবে স্বাভাবিকী ভগবদ্বুদ্ধি ও ভগবদ ভক্তির কথা শুনিতে পাওয়া যায়। গ্রীঅদ্বৈতাচার্যের ছই পত্নী ও ছয় পুত্র ;শ্রীমচ;ভানন্দ, একুষ্ণ নিশ্র ও গ্রীগোপালদাস শ্রীসীতা দেবীর গর্ভসম্ভত; ইহারা শ্রীগৌরভক্ত ছিলেন। শ্রীঅবৈতাচার্ধের অন্য তিন পুত্রের নাম—বলরাম, স্বরূপ ও জগদীশ। জীঅহৈতা-চার্য প্রতিবংসর গৌড়ীয় ভক্তগণের সহিত ঐক্ফেত্রে গমন করিয়া শ্রীগোরস্বন্দরের সহিত রথযাত্রায় নর্তন, কীর্তন করিতেন। শ্রীল শ্রীবাস পণ্ডিত শ্রী মদৈতাচার্যকে শ্রীগুকদেব বা শ্রীপ্রহলাদের ভায় বৈষ্ণব বলায় শ্রীগৌরস্থুন্দর শ্রীঅদ্বৈতের মহিমা খ্যাপন করিয়া বলেন,—"শুক-মাদি করি' সব বালক উঁহার। নাড়ার (ঐত্রেরতের) পাছে সে জন্ম জানিহ স্বার ॥ অদ্বৈতের লাগি মোর এই অবতার। মোর কর্ণে বাজে আসি' নাড়ার হুদ্ধার॥ শয়নে আছিতু মুঞ্জি ক্ষীরোদ-সাগরে। জাগাই' আনিল মোরে নাড়ার হুল্কারে ॥" (চৈঃ ভাঃ অ: ৯।২৯৬-২৯৮)

৩। শ্রীগদাধর পণ্ডিতঃ—পঞ্চত্ত্বাত্মক শ্রীগোরহরির শক্তিঅবতার শ্রীগদাধর পণ্ডিতগোস্বামী। শ্রীলগদাধর—শ্রীমাধব
নিশ্রের পুত্র। ই হার মাতার নাম—শ্রীরত্বাবতী। শৈশবকাল
হইতেই শ্রীগদাধর বিষয়ে বিরক্ত ও শ্রীকৃষ্ণে রতিবিশিপ্ত ছিলেন।
শ্রীল ঈশ্বর পুরীপাদ শ্রীনবদ্বীপে শ্রীগদাধরকে 'শ্রীকৃষ্ণলীলামৃত'
গ্রন্থ পড়াইয়াছিলেন। নবদ্বীপে শ্রীনিমাই পণ্ডিতের সহিত ভায়ের

বিভিন্ন বিষয় লইয়া শ্রীগদাধর পণ্ডিতের প্রায়ই কোন্দল হইত। আজন্ম সংসারবিরক্ত গদাধরচট্টগ্রামবাসীমহাভাগবতশ্রীপুত্রীক বিজানিধিকে 'ভোগীর প্রায়' দেখিয়া প্রথমে তাঁহার বৈঞ্বতা-সম্বন্ধে কিছু সংশ্যের লীলা প্রকাশ করেন; কিন্তু, পরে বিহা निधित ज्यप्रं विअनस्य अमिकात- मर्गरम कीविनकार्थ सीय অপরাধকালনাভিপ্রায়ে জীপুওরীকের নিকট হইতে দীক্ষা-মন্ত্র প্রহণ করেন। আনন্দর প্র সন্ন্যাসলীলার পর জীগদাধর নীলাচলে 'যমেশ্র-টোটা'য় গিয়া স্থায়িভাবে বাস ও তথায় 'শ্রীগোপীনাথের সেবা' প্রকাশ করেন। 'শ্রীনরেল্র-সরোবরে'র ভীরে ত্রীল গদাধর পণ্ডিতসপার্ষদ ত্রীগোরস্পরের নিকট প্রভাহ শ্রীমন্তাগৰত ব্যাখ্যা করিতেন। শ্রীবন্নভ ভট্ট (পরে 'শ্রীবন্নভাচার্য নামে খ্যাত) পূর্বে বালগোপাল-মন্তে কৃষ্ণদেবা করিতেন। পরে তিনি শ্রীল গদাধর পণ্ডিতের নিকটে মন্ত্র গ্রহণ করিয়া শ্রীকিশোর গোপাল-উপাসনায় প্রবৃত হন। শ্রী মহৈতাচার্যের জ্যেষ্ঠাত্মজ শ্রীঅচ্যতানন্দ শ্রীগদাধর পণ্ডিতের প্রধান শিশ্ব ছিলেন। 'বরাহ-নগরে'র জীরবুনাথ ভাগবতাচার্যও জীগদাধর পণ্ডিতের অভ্যতম শিয়। শ্রীলোকনাথ গোবামী, শ্রীভূগর্ভ গোস্বামি-প্রভৃতি শ্রীল গদাধর পণ্ডিতের শিস্তা।

8। প্রীহরিদাস ঠাকুর: — প্রীচৈতক্তদেবের আবির্তাবের পূর্বের শ্রীহরিদাস ঠাকুর যশোহর জেলার অন্তর্গত 'ব্ঢ়ন' গ্রামে মুসলমান-কুলে আবির্ভূত হন। তিনি যবনকুলের সামাজিক রীতি নীতি পরিহার করিয়া শ্রীহরিনাম-গ্রহণে ব্রতী হন এবং

যুবকালেই 'বুচুন'-গ্রাম ত্যাগ করিয়া 'বেনাপোলে'র নিকটে একটী নির্জন বনে কুটীর বাঁধিয়া তুলসিসেবা ও দিবারাত্র তিন-লক নাম-এীসংকীর্তন ও বান্মণের গৃহে ভিক্ষা-নির্বাহ করেন। সেই দেশের জমিদার বৈঞ্ব-বিদ্বেষী পরশ্রীকাতর 'শ্রীরামচন্দ্র খা' শ্রীহরিদাসের চরিত্রে কলম্ব আরোপ করিবার জন্য ভাঁহার নিকট একটা স্থলরা যুবভী বেগ্রাকে প্রেরণ করে। বেশ্যা মহাভাগবত আঁংরিদাসের একান্তিক ভজন লক্ষ্য করিয়া ও তাঁহার সুখে অনর্গল জীহরিনাম-কার্তন প্রবণ করিয়া ঠাকুরের কুপায় নির্দেদ-প্রস্তা হইয়া পড়েন এবং চিরতরে পাপবৃত্তি-ভ্যাগপূর্বক বৈঞ্বধর্মে দীক্ষিতা হন। রামচন্দ্র খার মহতের চরণে অপরাধের ফলে ধনে, জনে, প্রাণে সর্বনাশ হয়। জ্রীহরিদাস ঠাকুর 'বেনাপোল' ত্যাগ করিয়া শান্তিপুরে আসিয়া গ্রীঅদ্বৈভাচার্বের সঙ্গ লাভ করেন এবং 'কুলিয়া'-নামক গ্রামে শ্রীনাম-ভজন করিতে থাকেন। কান্ধী 'অদুয়া' মূল্কের অধিপতির নিকটে গিয়া শ্রীহরিদাসের বিরুদ্ধে অভিযোগ করেন। মুলুকের অধিপতি শ্রীহরিদাস ঠাকুরকে কারারুদ্ধ করিবার আদেশ দেয়। ঠাকুর জীহরিদাসের দর্শন, বন্দন ও কৃপায় অক্যান্য অপরাধী বন্দিগণেরও মঙ্গলোদয় হয়।

